# নামভূমিকায়

গ্রীপান্থ

বাক্-সাহিত্য ৩০ কলেজ রো॥ কলিকাডা-৯ প্রথম প্রকাশ: আষাঢ়, ১৬৬৭

প্রকাশক:

**শ্রিবপনকুমার মূথোপাধ্যা**য়

বাক্-সাহিত্য

৩৩, কলেজ রো

ৰুলিকাতা-১

মুজক:

শ্রীবিভূতিভূষণ রায়

বিছাসাগর প্রিণ্টিং ওয়ার্কস

১৩৫এ, মুক্তারামবাবু খ্রীট

কলিকাতা-৭

श्राक्ष्मभागे:

श्रिक्षीत रेमज

STATE CENTRAL LIBRARY.

56A, B. T. Rd., Calcutta 50

س ورده

# শ্রীযুক্ত অশোককুমার সরকার করকমলেযু

# নামভূমিকার ভূমিকা

'নাম-ভূমিকায়', 'পাদপ্রদীপ', 'শিরোনাম'— এই নিয়ে কত নামকরণই যে হল! সংকলনে কিন্তু আদি নামটিই ফিরে এল।

সংবাদ যদি বেদাদির মত অপৌরুষেয় হত, তবে কথা ছিল না। কিন্তু সংবাদের পিছনে সচরাচর ছায়া থাকে—কোন না কোন পুরুষের। কর্তা ছাড়া কেবল কর্ম নয়, খবরও হয় না।

খবরের কাগজে, অতএব, শিরোনামায় নানা নাম উকি দেয়। চেনা, অচেনা হুই-ই থাকে। কেউ কেউ ঘুরে ঘুরে ফিরে আসেন, কেউ বা বারেক দেখা দিয়েই চির্দিনের মত নিশ্চিহ্ন। 'নাম-ভূমিকায়' এমনই অনেকের আলেখ্য-লহরী।

পাঠকদের এই ধরনের আলেখ্য-দর্শনের সুযোগ 'আনন্দবাজার পত্রিকা'ই যে প্রথম দিয়েছে তা নয়, তবে বাংলা সংবাদপত্রে নানা ব্যাপারের মত এ ব্যাপারেও তাকে অগ্রণী বলা চলে। কয়েক বছর আগে সংবাদ-পাঠকের একটি সমীচীন কৌতৃহল মেটাতে বিভাগটির যথন প্রবর্তন হয় তখন লেখার দায় গ্রহণ করেছিলেন ছদ্মনামী 'প্রীপান্ত'। ছদ্মতর 'সাংবাদিক' নামে।

কুশলী পটুয়া নিপুণ কিন্তু সংযত কয়েকটি টানে যে চরিত্র-চিত্রাবলী এঁকেছেন, তা ঠিক "হু'জ হু" নয়। অর্থাৎ জন্ম বিবাহ ইত্যাদি বিধাতার

খাসমহলভুক্ত বিষয়গুলির ফর্দ কিংবা সাল-সার বৃত্তাস্ত নয়। দরকারী খবর লেখক দিয়েছেন, কিন্তু শুধু তাই দিলে জিনিসটা চিত্র-পরিচিতি হত মাত্র, চিত্র বাদ যেত। তিনি তা হতে দেন নি। মামুষগুলিকেও এঁকেছেন, এবং এ কাজে প্রকাশ্য এবং নেপথ্য উভয়বিধ তথ্যই কাজে লেগেছে।

এই মান্থ্যের। হাদেন, কাঁদেন, ভালবাদেন।
স্বভাববশে কেউ কেউ হয়ত হাসানও। ফলে
যিনি বিরাট তাঁকে কখনও কখনও ছোট্ট
দেখিয়েছে, আবার আপাতবিচারে সামান্ত
অনেকের মাথা আকাশ ছুঁয়েছে। অন্তরঙ্গতাই
এই চরিতাবলীর বৈশিষ্ট্য। নখে-আঁকা মুখগুলি
জীবস্ত। আর, উপলক্ষ যেহেতু সংবাদ স্থতরাং
ছাঁচ গড়ায় সম-সময়ের ছাপ নিশ্চয় পড়েছে।
প্রতিটি রচনার নীচের তারিখে পাঠকেরা কে'র
সঙ্গে 'কবে' আর 'কেন'র জবাবও পাবেন।

সংগ্রহটি অনবত হয়েছে কি না সে-বিচার
পাঠকের। সূত্রধার হিসাবে আমি শুধু বলতে
পারি, স্বকাল সম্পর্কে উৎসাহী, উৎস্কক এবং
জিজ্ঞাস্থ মাত্রের পক্ষেই বইটি দরকারী।
রেফারেন্সের কাজে লাগবে। তবে গত কয়েক
বৎসরের নাম-ভূমিকায়' কম নায়ক তো অবতীর্ণ
হন নি, পাদপ্রদীপে অগণিত মুখ দেখা গিয়েছে।
'তারকা'-তালিকার কাকে ছেড়ে কাকে রাখি,
লেখকের পক্ষে এই বাছাইয়ের কাজ কঠিন ছিল।
গ্যালারিতে এমন অনেকের ছবি বিধৃত, যারা
বিগত। আবার সন্তা-আগত অনেককেও দেখা যাবে।

তা ছাড়াও কেউ কেউ আছেন, এক অর্থে যাঁরা অনাগত,—ইতিহাসের মঞ্চে চকিতে দেখা দিয়ে-ছিলেন বটে কিন্তু এখনও উইংস-এর আড়ালে। বস্তুত আলাদা-আলাদা করে ছবিগুলি দেখাই ভুল। বিভিন্ন ব্যক্তিত্ব এবং বিভিন্ন তাঁদের জীবনী, তবুও সব মিলিয়ে যোগফল একটি দশকের কথা ও কাহিনী। ভৌগোলিক ভাগাভাগিতে ভারত সভাবতই বেশি জায়গা নিয়েছে।

রচনা-সংগ্রহটি প্রকাশ করে বাক্-সাহিত্য পাঠককুলের ধন্থবাদার্হ হলেন।

আনন্দবাজার পত্রিকা

ক লিকাতা

সভোষকুমার ঘোষ

## 'আনন্দবাজার পত্রিকা'র সৌজত্তে

'আনন্দবাজার পত্রিকা'র বন্ধু ও সহকর্মীদের সহযোগিতা ছাড়াও এই বই প্রকাশে ধাঁর কাছ থেকে সবচেয়ে বেশি উৎসাহ পেয়েছি তিনি শ্রাজেয় শ্রীকানাইলাল সরকার। পাণ্ড্লিপি তৈরীতে সাহাষ্য করেছেন শ্রীজমলেন্দু চৌধুরী ও শ্রীমীরা সরকার। এঁদের কাছে আমি কৃতক্ত।

# সূচীপত্ৰ

	বিষয়		পৃষ্ঠ
व			
	আইরিন, রাজকুমারী ( হল্যাও )	•••	>
	আইকেডা, হোয়াতো ( জাপান )	•••	8
	শাইখম্যান, এডলফ ( জার্মানী )	•••	¢
	আইদেনহাওয়াব, ডুইট. ডি. ( মাঃ যুক্তরাষ্ট্র )	•••	9
	আউঙ সাঙ, মিসেন্ ( বার্মা )	•••	ь
	আও, ডঃ পি. শিলু ( ভারত )	•••	2
	আকিহিতো, যুবরাজ ( জাপান )	•••	>٠
	আগা থাঁ, করিম	•••	>8
	ষ্মাদৌলা, সিরিল ( কঙ্গো )	•••	50
	আদেস্থ্যর, কনরাড (প: জার্মানী)	•••	>•
	ষান্ত্রিক, ইভো ( যুগো#াভিয়া )	•••	39
	আবুবকর, তাফাওয়া বালেওয়া ( নাইজিরিয়া )	••	75
	আবহুলা, শেথ মহমদ ( ভারত )	•••	52
	আকাস, ফেরহাত ( আলজিরিয়া )	•••	₹8
	আমীর, ফিল্ড মার্শাল আবহুল হাকিম ( মিশর )	•••	२७
	আরলেণ্ডার, টেচ্চ ( স্থইডেন )	•••	२৮
	আরিফ, আবহল দালাম মহমদ ( ইরাক )	•••	२३
	আনভা, ভায়োনেট ( ভারত )	***	৩২
	স্বালি, মহম্মদ ( পাকিস্থান )	•••	৩৩
	আয়েক্সার, অনস্তশয়নম (ভারত)	•••	96
₹			
	ইঞ্জিনীয়ার, এম ( এয়ার মার্শাল ) ( ভারত )	•••	৩৭
	ইনহু, ইসমেত ( তুরস্ক )	•••	96
	ইবাহিম, হাফিজ মহমদ (ভারত)	•••	8 •
	ইন্লাম, কাজী নজ্জল (ভারত)	•••	88

	উইল্সন, জেমস হারন্ড (ব্রিটেন)	•••	80
	উদয় শব্ব ( ভাবত )	•••	8 <b>¢</b>
	উ থান্ট ( রাষ্ট্র সংঘ )	•••	84
	উ হু ( বার্মা )	•••	81-
	উলব্রিথট্, ওয়ান্টার ( পৃ: জার্মানী )	•••	۶۶
<b>a</b>			
	এটলী, ক্লিমেণ্ট রিচার্ড ( ব্রিটেন )	•••	¢ >
	এডওয়ার্ড, অষ্টম ( ডিউক অফ উইণ্ডদর )	•••	¢ 8
	এনকুমা, কোয়ামে ( ঘানা )	•••	44
	এমবয়া, টম ( কেনিয়া )	•••	4 9
	এলিজাবেণ, রানী ( ব্রিটেন )	•••	eb
છ			
	ওয়েলনন্ধি, স্থার রয় ( উ: রোডেশিয়া )	•••	৬৩
ক			
	করিম, বেল কাসেম ( আলজিবিয়া)	• • •	৬৫
	কাউণ্ডা, কেনেথ ( উ: রোডেসিয়া )	•••	৬৭
	কাটজু, কৈলাসনাথ ( ভারত )	•••	৬৯
	কাদার, জানস ( হাকেরী )	•••	9 0
	কান্থনগো, নিত্যানন্দ ( ভারত )	•••	93
	কাইরেঁা, দর্দার প্রভাপ সিং ( ভারত )	•••	18
	কামরাজ, কুমারস্বামী ( ভারত )	•••	94
	কাম্পমান, ওলফার্ট ভিগো ( ডেনমার্ক )	•••	96
	কার্দেলি, এডওয়ার্ড ( যুগোল্লাভিয়া )	•••	Ь
	কারিয়াপ্পা, কে. এম. ( ভারত )	•••	6.4
	কাসাভুবু, জোসেফ ( কঙ্গে )	•••	b-8
	কাদেম, আবহল করিম ( ইরাক )	•••	5
	কান্ধো, ফিডেল ( কিউবা )	•••	b-9
	কিং ( জুনিয়র ), মার্টিন লুথার ( মাঃ যুক্তরাষ্ট্র )	c • •	6.9
	কুজবারী, সাইদর ( সিরিয়া )	•••	25

	কৃঞ্চক, হৃদয়নাথ ( ভারত )	•••	ಎಂ
	কুয়াড্রাদ, জনিও ্ ব্রাজিল )	•••	24
	কেইটা, মোভিবো ( মালি )	•••	<i>હ</i>
	কেকোনেন, প্রেসিডেণ্ট ( ফিনল্যাণ্ড )		۶۹
	কেনডেথ, কে. পি. ( ভারত )		> • •
	কেনিয়াট্টা, জোমো ( কেনিয়া )	•••	>०२
	কেনেডি, জন. এফ. ( মাঃ যুক্তরাষ্ট্র )	•••	>∘€
	কেনেডি, জ্যাকুলিন ( মা: যুক্তরাষ্ট )	•••	222
	কৈরালা, বিশ্বেশ্বরপ্রসাদ ( নেপাল )	•••	>>0
	কোজলফ, এফ. আর. (রাশিয়া)	•••	>>8
	কোঠারি, ডি. এম. ( ভারত	•••	٩٧٧
	কোসিজিন, আলেক্সি ( রাশিয়া )	•••	774
	ক্লপালনী, আচার্য জে. বি. ( ভারত )		<b>&gt;</b> 2•
	রুপালনী, স্থচেতা ( ভারত )	•••	১২২
	রুঞ্মাচারী, টি. টি. ( ভারত )		>28
	কুপ, আলফ্রেড (পঃ জার্মানী)	•••	১২৬
	কুশ্চফ, নিকিভা ( রাশিয়া )		১২৮
	ক্লাৰ্ক, স্থার আর্থার সি. ( ব্রিটেন )		১৩১
	কিসিঙ্গার, ডঃ হেনরী আলফ্রেড ( মাঃ যুক্তরাষ্ট্র )	•••	১৩৩
খ			
	খান, আবহুল গফুর ( পাকিস্তান )	•••	>७¢
	থান, আয়ুব ( পাকিস্থান )	•••	১৩৭
	থান, ওস্তাদ আলাউদ্দীন ( ভারত )	•••	১৩৮
	খান, বেগম লিয়াকৎ আলি ( পাকিস্থান )	•••	78.
	থান, সর্দার মহম্মদ দাউদ ( আফগানিস্থান )		787
	থান, দদার মহমদ জাফরুলা (পাকিস্থান)	•••	788
	থোসলা, ডঃ অযোধ্যানাথ ( ভারত )		589
গ			
	গচ্চেন্দ্রগদকর, পি. বি. ( ভারত )		784
	গলবেথ, জন কেনেথ ( মাঃ যুক্তরাষ্ট্র )	•••	> 0 0

	গাগারিন, মেজর ( রাশিয়া )	•••	>65
	গান্ধী, ইন্দিরা ( ভারত )	•••	>68
	গায়ত্তীদেবী, মহারানী ( ভারত )	•••	264
	গি <b>দ্বেঙ্গা</b> , এণ্টনি ( কঙ্গো )	•••	>65
	গুপ্ত, চন্দ্রভামু ( ভারত )	•••	১৬১
	গুরসেল, জেনারেল ( তুরস্ক )	•••	১৬৩
	গেইটস্কেল, হিউ ( ব্রিটেন )	•••	>#8
	গ্রোমিকো, আর্দ্রেঁ ( রাশিয়া )	•••	১৬৬
ঘ			
	ঘোষ, অতুল্য ( ভারত )	•••	১৬৯
	খোষ, ডঃ প্রফুলচন্দ্র (ভারত )		390
	ঘোষ, শচীব্রমোহন (ভারত)		398
	ঘোষ, স্বেদ্রমোহন (ভারত)	***	398
	द्याप, ब्रेटमळाच्यारम ( जात्रज )		2 10
Б			
	চক্রবর্তী, অমিয় ( ভারত )	•••	590
	চক্রবর্তী, বি. এন. ( ভারত )	•••	299
	চন্দ, অশোককুমার (ভারত)	•••	196
	চন্দ্রশেথর; ডঃ এস্ ( ভারত )	•••	760
	চলিহা, বিমলা প্রসাদ ( ভারত )	•••	242
	চাগলা, এম. সি. ( ভারত )	•••	১৮২
	চার্চিল, স্থার উইনস্টন ( ব্রিটেন )	•••	728
	চিয়াং কাইশেক ( ফরমোস। )	•••	723
	চেন, ই ( চীন )	•••	750
	চ্যাপলিন, চার্লদ	• • •	797
	জগন, ডঃ ছেদি ( বৃটিশ গায়না )	•••	758
	জনসন, প্রেসিডেণ্ট ( মাং যুক্তরাষ্ট্র )		796
<b>G</b>			
	জাওয়াজকি, আলেকজাণ্ডার ( পোল্যাণ্ড	•••	796
	জিলাস, মিলোভান ( যুগোল্লাভিয়া )	•••	799
	জুলিয়ানা, বাণী ( হল্যাণ্ড )	•••	२०२

_		
<b>4</b>	•••	२०8
ঝা, বিনোদানন্দ ( ভারত )	•••	~~~
ট		200
টয়েনবি, আর্নন্ড ( ব্রিটেন )		₹ • €
টাটা, জে. আর. ডি. ( ভারত )	•••	209
টেবেসা, মাদার ( ভারত )	•••	₹ • ٢-
টেলার, জেনারেল ম্যাক্সওয়েল ডি. ( মাঃ যুক্তরাষ্ট্র )	•••	٤٥.
টিটো, মার্শাল ( যুগোপ্লাভিয়া )	•••	२ऽ७
ড		
ভন জুয়ান ( স্পেন )	•••	२५৫
ডিফেনবেকার, জন জর্জ ( কানাডা )	•••	२১७
ডেনিং, লর্ড ( ব্রিটেন )	•••	575
ত		
তাদেন্দেল, যুবঝাগিন ( মঙ্গোলিয়া )	•••	२२२
তায়াবজী, বদকদিন ( ভারত )	•••	२२৫
তুর, প্রেসিডেণ্ট সিকু ( গিনি )	•••	२ <b>२७</b>
তেরেস্কোভা, ভ্যালেস্কিনা ( বাশিষা	• • •	२२२
তোরে ( পেরু )	• • •	२७১
থ		
থর্নিক্রফ্ট, <del>জর্জ</del> এডওয়ার্ড পিটার ( ব্রিটেন )	•••	२७७
থিমায়া, কে. এদ. ( ভারত )	•••	२७8
<b>प</b>		
শ দন্ত, স্থবিমল ( ভারত )		২৩৮
দ্যাল, রাজেশ্ব ( ভারত )	•••	२७२
দান, ডঃ এম. ইউস্ফ ( দঃ আফ্রিকা )	•••	285
कार्य, ७३ वर्षः ५०० सम्बर्धाः हिरस्य, ८२१. हिन ( हः ভिरस्रकनाम )	•••	२৪२
দেশমুথ, সি. ডি. (ভারত)	•••	288
দেশাই, মোরারজী ( ভারত )	•••	₹8%
দেশাই, এম. জে. (ভারত )	•••	289
	•••	₹8৮
ত গল, চার্লদ ( ফ্রা <b>ন্দ</b> )		

ধ			
	ধর, ডঃ নীল্রতন ( ভারত )	•••	२৫०
ন			
	नन्म, श्वनकारीनान ( ভারত )	•••	<b>२१२</b>
	নাইডু, পদ্মজা ( ভারত )	•••	₹ € 8
	নারলিকার, ডঃ জয়স্ত বিষ্ণু ( ভারত )	•••	२৫१
	নারায়ন, জয়প্রকাশ ( ভারত )	•••	२७১
	নাদের, গামাল আবদেল (মিশর)	•••	২৬৩
	নায়ার, স্থীলা ( ভারত )	•••	২৬৬
	নায়ারেরে, জুলিয়াস ( টানজানিয়া )	•••	२७৮
	নিজাম, স্থার ওদমান আলি থান ( ভারত )	•	২৬৯
	নে উইন, জেনারেল ( বার্মা )	••	२१२
	নিক্সন, রিচার্ড এম ( মাঃ যুক্তরাষ্ট্র )	•••	२ 9 8
	নিজ্ঞিকাপ্পা, এম ( ভারত )	•••	२१¢
	নেহক, জওহরলাল ( ভারত )	•••	२११
	নেহরু, বি. কে. ( ভারত )	•••	२৮৯
	নেহরু, রামেশ্বী ( ভারত )	•••	२२১
	নোয়েল-বেকার, ফিলিপ জে. ( ব্রিটেন )	•••	२व्
প			
	পণ্ডিত, বিজয়লকী ( ভারত )	•••	२३८
	পট্টনায়ক, বিজু ( ভারত )	•••	२३१
	পহলেভী, রেজা মহম্মদ ( ইরান )	•••	٥٠٠
	পাতিল, এস. কে. ( ভারত )	• • •	৩৽১
	পাঞ্চেন লামা ( তিব্বত )	•••	৩৽৩
	পার্থসারথি, জি. ( ভারত )	•••	৩৽৪
	পাল, ডঃ রাধাবিনোদ ( ভারত )	•••	<b>೨</b> ∘€
	পিকাদো, পাবলো (ফ্রান্স )		৩৽৬
	পিল্লাই, পট্টম থাড় ( ভারত )	•••	৩০৮
	পিয়ারসন, লেষ্টার বোলস ( কানাডা )	•••	و و
	পোপ ষষ্ঠ পল ( ইটালী )		७ऽ२
	প্রফুমো, জন ডেনিস ( ব্রিটেন )	•••	৩১৬

ফ			
	ফানফেনি, আমিনভোর ( ইটালী )		७२১
	ফারা দিবা ( ইরান )		૭૨૨
	ফিসার, ড: জিওফ্রে ( বিটেন )	• • •	७२8
	ফিসার, লুই ( মাঃ যুক্তরাষ্ট্র )	•••	७२७
	ফুৎ সেবা, মাদাম ( রাশিয়া )	•••	৩২৮
	ক্রণ্ডিন্সি, আতু রো ( আর্জেন্টিনা )	••	७७०
	ক্রাঙ্কো, ক্রাঙ্গিস্কো ( শ্পেন )	•••	৩৩২
ব			
·	বন্দরনায়েক, ফেলিক্স ডিয়াস ( সিংহল )	•••	૭૯૯
	বন্দোদকার, দয়ানন্দ (ভারত)	•••	৩৩৬
	বস্থ, নন্দলাল ( ভারত )	•••	995
	বাক, পার্ল এম ( মাঃ যুক্তরাষ্ট্র )		980
	বাটলার, রিচার্ড অষ্টিন ( ব্রিটেন )	•••	७8२
	বার্নহাম, এল. এফ. এস. ( ব্রিটিশ গায়না )	• • •	<b>৩8</b> 8
	বান্দা, ড: হেষ্টিংস ( নিয়াসাল্যাণ্ড )	• • •	989
	বুথ, স্থার পল গোর ( বিটেন )	•••	৩৪৮
	বুস্তামান্ত, স্থার উইলিয়ম আলেকজাণ্ডার ( জামাইকা )	• • •	<b>96</b> 0
	বেডেন পাওয়েল, লেডি ( ব্রিটেন	•••	<b>662</b>
	বেন থেদা, ইউস্ক ( আলজিবিয়া )	•••	oto.
	বেন বেলা, মহমাদ ( আলজিরিয়া )	•••	<b>७</b> ¢8
	বোরগীবা, হবিব বিন আলি ( টিউনিসিয়া )	•••	<b>્દ</b> હ
	বোল্স, চেষ্টার ব্লিস ( মাঃ যুক্তবাষ্ট্র )	***	৩৫৮
	ব্রাণ্ডট, উইলি ( পঃ জার্মানী )	•••	৩৬৽
	ব্ল্যাক, ইউজিন রবার্ট ( মাঃ যুক্তরাষ্ট্র )	•••	৩৬৩
	ব্যানার্জি, পূর্ণেন্দুকুমার ( ভারত )	•••	৩৬৪
	ব্রেজনেভ, লিওনার্দ ( রাশিয়া )	•••	960
ভ			
	ভঞ্জদেও, প্রবীরচন্দ্র ( ভারত )	•••	৩৬৮
	ভঞ্জদেও, বিজয়চন্দ্ৰ ( ভারত )	•••	৩৬৯

	ভট্টাচার্য, পরেশচন্দ্র ( ভারত )	•••	615
	ভরোশিলুফ, মার্শাল ক্লিমেন্ডি ( রাশিয়া )	•••	७१२
	ভাবা, ড: এইচ. ঞ্চে. (ভারত)	•••	৩৭৪
	ভাবে, আচার্য বিনোবা ( ভারত )	•••	৩৭৫
	ভুট্টো, জুলফিকার আলি ( পাকিস্থান )	•••	৩৭৬
	ভেরউর্ড, ডঃ হেনড্রিক ফ্রেন্সক ( দঃ আফ্রিকা )		৩৭৮
	ভ্যালেরা, ডি. ( আয়ার )	•••	೨१৯
ম			
	মন্টগোমারী, ফিল্ড মার্শাল ( ব্রিটেন )		৩৮৩
	মন্রো, স্থার লেশ্লি নক্স ( মা: যুক্তরাষ্ট্র )		৩৮৪
	মলোটভ, ভি. ( রাশিয়া )	• • •	৩৮৬
	মহতাব, ডঃ হরেকৃষ্ণ ( ভারত )		৩৮ ৭
	মহম্মদ, বক্সী গোলাম (ভারত)	•••	८७७
	মহলানবাশ, প্ৰশাস্তচক ( ভারত )	•••	७३०
	মহেন্দ্র, রাজা (নেপাল)		৩৯২
	মহেন্দ্রপ্রতাপ, রাজা ( ভারত )	•••	७२८
	মাউণ্টব্যাটেন, লর্ড লুই ( ব্রিটেন )	•••	೨೯೮
	মাধোক, বলরাজ (ভারত)	***	<b>चह</b> ु
	মালিক, বিধুভূষন ( ভারত )	•••	660
	মাদানি, এম. আর. (ভারত)	•••	8 0 7
	মিকোয়ান, আনাস্তাস ( রাশিয়া )	•••	8 • ৩
	মিত্র, বীরেন ( ভারত )	•••	৪০৬
	ম্থার্জি, অজয় (ভারত)		806
	ম্থার্জি, স্থার বীরেন ( ভারত )	•••	835
	মেঞ্জিদ, স্থার রবার্ট গর্ডন ( অষ্ট্রেলিয়া )	•••	825
	মেটিওস, এডওয়ার্ড লোপেজ (মেক্সিকো)	•••	8 2 8
	মেধী, বিফুরাম ( ভারত )	•••	87¢
	মেনন, ভি. কে. কৃষ্ণ ( ভারত )	•••	819
	মেহতা, অশোক ( ভারত )	•••	ھد8
	ম্যাকডোনাল্ড, ম্যালকম ( ব্রিটেন )	•••	825

	ম্যাকমিলান, হারল্ড ( ব্রিটেন )	•••	<b>8</b> २७
	ম্যাকলিওড, আয়ান ( ব্রিটেন )		8 <b>२७</b>
	ম্যাকাপাগল, ডি. পি. ( ফিলিপাইন )	•••	829
	ম্যাকারিওস, আর্চবিশপ ( সাইপ্রাস )		823
	ম্যানেকশ, সাম ( লে: জেনারেল ) ( ভারত )	•••	८७३
র			
	রমন, স্থার সি. ভি. ( ভারত )	•••	800
	রহমান, টুঙ্কু আবহুল (মালয়েশিয়া)	•••	808
	রাজাগোপালাচারী, সি. (ভারত)	•••	৪৩৭
	রাধারুঞ্ন, ড: দর্বপল্লী ( ভারত )	•••	৪৩৮
	রাম, জগজীবন ( ভারত )	•••	88 •
	রামদে, আর্থার মাইকেল ( ব্রিটেন )	•••	883
	রাদেল, বাট্রণিণ্ড (বিটেন)	•••	880
	রাস্ক, ভীন ( মা: যুক্তরাট্র )	•••	888
	রায়, যামিনী ( ভারত )	•••	88%
	রায়, সত্যজিৎ (ভারত)	•••	889
	রামকিষণ ( ভারত )	•••	886
	বেড্ডি, কে. সি. ( ভারত )	•••	8¢>
	রেডিড, এন. <b>সঞ্জিব</b> ( <b>ভারত</b> )	•••	860
ল			
	লউ, এরিক হেনড্রিক ( দঃ আফ্রিকা )	•••	8 4 8
	লাল, পি. দি. ( এয়ার ভাইস-মার্শাল ) ( ভারত )		800
	লি, শাউ চি ( চীন )	•••	869
	লি, কুয়ান ইউ ( মালয়েশিয়া )	***	698
	नी, कः ( नाश्वम )	•••	865
	লুথুলি, এলবাট জন ( দঃ আফ্রিকা )		860
	লুম্খা, প্যাট্রি <b>স</b> ( ক <b>ঙ্গে</b> )	• • •	8७€
	লেমিনৎদার, এডমিরাল লিম্যান ( মা: যুক্তরাষ্ট্র )	•••	8 44
	লোহিয়া, ডঃ রামমনোহর ( ভারত )	•••	846
×			
	শঙ্কর, আর. ( ভারত )	•••	895
	শাস্ত্রী, লালবাহাত্র (ভারত)	•••	৪৭৩
	শাহ, মোহম্মদ জহির ( আফগানিস্তান )	•••	899
	শাহ, হৃষিকেশ ( নেপাল )	•••	892
	শীতলবাদ, এম. সি. ( ভারত )	•••	84.0
	শোম্বে, মোদে ( কঙ্গো )	•••	827
	শোলকফ, মিথাইল ( রাশিয়া )	•••	8 <b>5%</b>

হ

•		*	
	সাতো, ইসাকু ( জাপান )	•••	869
	সাদিক, গোলাম মহম্মদ ( ভারত )	•••	862
	সাবরী, আলী ( মিশর )	•••	8२२
	সামস্দিন, থাজা ( ভারত )		8 2 8
	সালাজার ( পতুর্গাল )		826
	সিহাস্থক, নরোদম ( কাম্বোভিয়া )		¢ • •
	সিং, এয়ার-মার্শাল অর্জন ( ভারত )		602
	সিং, মাষ্টার তারা (ভারত)	• • •	600
	সিং, যুবরাজ করন ( ভারত )	• • • •	000
	সিং, সম্ভ ফতে ( ভারত )	•••	609
	সিং, সর্দার স্বর্ণ ( ভারত )	•••	604
	সিংহ, শচীন্দ্রলাল ( ভারত )	• • •	670
	স্কর্ণ, ডঃ ( ইন্দোনেশিয়া )	•••	675
	স্থরাইয়া, রানী (ইরাণ)	•••	ese
	স্থরাবর্দী, হাসান সহীদ ( পাকিস্তান )	•••	639
	স্থলসভ, মিথাইল আন্দ্রেভিচ ( রাশিয়া )	•••	<b>@</b> २ •
	সেন, অশোক কুমার ( ভারত )	•••	<b>@</b> 22
	সেন, প্রফুল্লচন্দ্র (ভারত)	•••	<b>@ 2</b> 8
	দেন, বিনয়রঞ্ন ( ভারত )	•••	৫२७
	সেনানায়ক, ডাডলে সেলটন ( সিংহল )	•••	629
	সোমান, বি. এ. ( ভারত )	•••	৫२৮
	নৌভন্না, ফুমা প্রিন্স ( লাওস )	•••	600
	স্কট, বেঃ মাইকেল ( ব্রিটেন )	•••	<b>৫</b> ७२
	ষ্টিভেন্সন, এডলাই ( মাঃ যুক্তরাষ্ট্র )	•••	¢08
	স্থাণ্ডদ, ডানকান ( ব্রিটেন )	•••	৫৩৬
	হক, এ. কে. ফজলুল ( পাকিস্থান )	•••	604
	হলডেন, জে. বি. এস. ( ভারত )	•••	685
	হাইলে দেলাদি, সমাট ( ইথিয়োপিয়া )	•••	¢85
	হিউম, অ্যালেক-ডগলাদ ( ব্রিটেন	•••	@ 8 @
	হিলারী, স্থার এডমণ্ড ( নিউজিল্যাণ্ড )	•••	489
	হুসেন, রাজা ( জর্ডন )	•••	683
	হো-চি-মিন ( উ: ভিয়েতনাম )	•••	ce5
	হোজা, আনোয়ার ( আলবেনিয়া )	•••	<b>ee</b> 2
	হোদেন, ড: জাকির (ভারত)	•••	
	হ্যামারশিল্ড, দাগ ( রাষ্ট্রপংঘ )	•••	669

## আইরিণ, [রাজকুমারী]

निष्ट्रंत्र এপ্রिन !

বাড়িতে মৃথ দেখানোর উপায়
নেই। বাবার দক্ষে দেখা করতে হল
বাদেলদ্-এ,—এক বন্ধুর বাড়িতে।
মেয়ে বাবার পা জড়িয়ে ধরেছিল।
বলেছিল, মা যেন অস্তত একবার
আন্দেন। বাবা বললেন—দেটা অসম্ভব।

পাত্রীপক্ষে কেউ উপস্থিত ছিলেন না। তবুও বিয়ে হয়ে গেল। গতকাল রোমনগরীতে মালা-বদল সম্পূর্ণ।

শেও এক রাজ-কাহিনী। যুরোপীয় রাজতরঙ্গিণীতে এ কাহিনীর শিরোনামা—জনৈকা রাজকুমারীর মৃত্যু।

নায়িকা আইরিণ পৃথিবীর তাবং নায়িকাদের মত। তিনি রূপসী, বিছ্ষী, লজ্জাবতী, এবং তংসত্তেও যা না থাকলে সাচ্চা নায়িকা হওয়া সম্ভব নয় সেটিও তাঁর আছে,— অর্থাৎ তিনি হংসাহসিনীও বটে। চার বোনের মধ্যে স্বচেয়ে স্থল্মরী আইরিণ সাহসে, বলতে গেলে, মুরোপের রাজকুলে মিস মুরোপ।

মার্গারেট, আলেকজাক্রা প্রম্থারা তাঁর কাছে কোন তুলনাই নন। বস্তুত আইরিণের সাহসিকতাই এই রূপকথার প্রকৃত বনিয়াদ। বাকীটুকু প্রসঙ্গকথা মাত্র।

আইরিণের সব ছিল। ন'শ বছরের প্রাচীন বংশ, বার্ণার্ডের মত বাবা, রানী জুলিয়ানার মত মা এবং তত্ত্পরি হল্যাণ্ডের মত দেশ, এক কোটি কুড়িলক্ষ মাহুষের আহুগত্য। সত্য বটে মায়ের পরে সিংহাসনে বসবেন দিদি বিয়াত্রিয়, কিন্তু আইরিণও তালিকায় ছাদশ নন, তিনি ছিতীয়। তা সত্ত্বেও মেয়েটি যেভাবে কে. এল. এম-এর প্রেনটিতে চড়ে বসেছিল তা সত্যিই দেথবার মত।

\* \* \*

গত ফেব্রুরারী মাদের কথা।
সঙ্গে সাভাশটি স্থটকেস আর কিছু
স্থী'র সাজসরঞ্জাম। আইরিণ যেদিন
দেশ ছেড়ে বেড়াতে বের হন সেদিন
কাকপক্ষীটিও ঘুণাক্ষরে জানে না—
রাজকুমারী অভিসারে বের হচ্ছেন।
মা-বাবার তরফ থেকেও সতর্কভার
অস্ত ছিল না। মাদেক আগেই বাবা

#### আইরিগ

তৈরীতে নেমেছিলেন। সাংবাদিকদের কাছে থেদ করে তিনি বলেছিলেন, মেয়েরা যে কোন বাপ-মায়ের কাছেই সমস্থা,-এও এলাস, দেয়ার আর মোর ক্যাথলিক ভান প্রোটেস্টান্ট প্রিন্সেস ! যুরোপের অন্যতম বনেদীঘর হাউদ অব অরেঞ্জ-এর কুলপতি প্রিন্স বার্নার্ড যেন সেদিন বাংলা দেশের কোন মধ্যবিত্ত পিতা। উক্তিতে প্রজাদের রাজার পড়েছিল প্রাসাদে এথনও চার চারটি অবিবাহিত কন্সা এবং তাঁরা ধর্মত প্রোটেস্টান্ট। উডোজাহাজ রাজ-क्रभात्रीरक निष्य क्याथनिकरमत रमम স্পেনে নেমেছে শুনে স্বভাবতই তারা কৌতৃহলী হল। এ কৌতুহল সন্দেহে পরিণত হল, যথন শোনা গেল মাজিদের এক গীর্জায় প্রোটেস্টান্ট রাজকুমারী পিতৃধর্ম ত্যাগ ক্যাথলিক হয়েছেন। খবরটা গোপন রাথাই ছিল রাজবাড়ির বাদনা। কিজ দে চেষ্টা ব্যর্থ করে দিলেন একজন ফটোগ্রাফার। তিনি ঘটনাটা ক্যামেরায় ধরে ফেলেছিলেন। মাকে কৈফিয়ত দিতে নামতে হল। জ্লিয়ানা বললেন--আমার ভেবে-চিস্তেই এ কাজ করেছে। প্রজারা বলল-কেন ? তারা প্রকাশ্যে সম্ভাব্য ক্যাথলিক নায়কের থোঁচে বের হল।

\* \* \*

অবশেষে জল্পনা-কল্পনা শেষ হল। প্রজারা অবাক হয় দেখল চব্বিশ বছরের হু:সাহসী রাজকুমারী সঙ্গে নিয়ে ঘরে ফিরলেন তেত্রিশ বছরের সেই স্ফর্লন রাজ-কুমারটি ধর্মে ষে শুধু ক্যাথলিক তাই নয়—তিনি 'রাজনৈতিক রাজকুমার'ও বটে। স্পেনের সিংহাদনের তিনি একজন দাবিদার। অবশ্য ফ্রান্সে প্রবাদজাত রাজকুমার কার্লদ নানা গুণসম্পন্ন যুবক। অক্সফোর্ডে তিনি ভাল ছাত্র ছিলেন, ভাল পারেন, ভাল উড়োজাহাজ চালাতে পারেন এবং ইত্যাদি ইত্যাদি। বলা বাহুলা কার্লস-এর জীবনের এই সম্ভাবনাটুকুও আইরিণের বিপজ্জনক। কেননা, দেশে নিয়ম-বাইরের কোন 'রাজনৈতিক ব্যক্তির' সঙ্গে কোন ডাচ রাজকুমারীর বিয়ে চলবে না। কারণ, হল্যাণ্ডের রাজ-বংশ রাজনীতির অনেক ওপরে। তার চেয়েও শহার কথা---কাল'স শত্রুর দেশের রাজকুমার। একদা ষোড়শ হল্যাণ্ডের শতকে বৰ্ববোচিত আক্ৰমণ ठानिया हिन।

এই আইরিণেরই পূর্বপুরুষ, পিতৃভূমির গোরব উইলিয়াম দি সায়লেণ্ট
দেদিন স্প্যানিশ আততায়ীর হাতে
নিহত হয়েছিলেন। স্বতরাং—।
ভারপরও কি পালামেণ্টের তিন
ভাগের হই ভাগ সদস্ত এই বিয়েতে
মত দিতে পারবেন? সেটা অসম্ভব।
তবে কি দেশের শাসনতন্তের মর্যাদা
রক্ষা করে ফুটফুটে প্রাণচঞ্চল এই
মেয়েটিকে আইনত 'মৃত' বলেই
ঘোষণা করা হবে?

মন্ত্রিসভা সেদিন কার্যত তাই করেছিলেন। আইরিণও জানিয়ে-ছলেন সিংহাসনের ওপর দাবি তো বটেই, তিনি পিতৃভূমি পর্যস্ত ত্যাগ করতে রাজি! রানী জুলিয়ানা আবার ছুটে বেরিয়ে এসেছিলেন। মেয়েকে আড়াল করার জন্য মা, রাজকর্তব্য পর্যস্ত ভুলতে সম্মত হয়েছিলেন। সকলে আশা করেছিল মায়ের সেই মহান ভূমিকার পর বিয়েটা অস্তত ভালোয় ভালোয় সম্পন্ন হিবে, রাজোচিত হবে। কিন্তু সে আশা ধুলিদাৎ হয়ে গেছে হু'সপ্তাহ আগে। কারণ এবারও, আইরিণ। আইরিণ বলল—আমি চার্চে বিয়ে চাই এবং সে বিয়েতে তামাম ইউরোপকে নেমস্তর করতে চাই। ছেলেরও একই দাবি। মা বললেন—
প্রোটেস্টান্ট-এর দেশে সে কি করে
সম্ভব ? সঙ্গে সঙ্গে — ড্রাইভার গাড়ি
বের কর!— আইরিণ আবার উধাও।
এবার কার্লসকে নিয়ে সোজা রোম,
পোপের দরবার।

আবার 'স্থপ' ছবি, আবার মায়ের কান্নাকাটি। আইরিণ তবুও নাছোড়-বান্দা। কাল্স দাবি তুলেছে---তার ২৮৪ লক ডলার বরপণ চাই। ভত্নপরি স্পেনের সিংহাসনে দাবিকে সরকারীভাবে সমর্থন করতে হবে. তার ভবিষ্যৎ পত্নীকে রাজ-নীতিতে অধিকার দিতে হবে,— ইত্যাদি ইত্যাদি। আইরিণেরও তাই মত। জুলিয়ানা বাধ্য হয়েই আবার 'রানী' হলেন। তিনি বললেন—এ প্ৰজাৱাও দিক অসম্ভব ৷ করল। তারা বলল-এ ব্লাকমেল। মন্ত্রিসভা ঘোষণা করল—আইরিণ এবার থেকে আইরিণই: তিনি मत्रकाती गां ि भारतन ना, श्रु निम পাবেন না, তাঁর কথা কোন সরকারী মূল্য পাবে না।

রাজকুমারীর 'মৃত্যু' সম্পূর্ণ হল।
তারপরেই স্বদেশ থেকে দ্রে রোমের
গীর্জায় এই মালাবদল। রাজকুমারী

রণ যদি 'মরে' গিয়ে থাকেন.

## जारे क्ष

তবে গতকাল রোমের কোন এক
পীর্জায় আইরিণ নামে একটি মেয়ে
নতুন করে জন্মলাভও করেছেন বোধ
হয়!—নয় কি? ৩০.৪.৬৪

#### আইকেডা, হোয়াভো

ওঁর সারা গায়ে কি এক রোগ হল। চর্মরোগ। ডাক্তাররা বললেন— এ ব্যাধি আমাদের অবিদিত। মা বললেন—ওষ্ধটা আমার জানা। তুমি এক কাজ কর, একটু ধর্মকর্ম কর।

আইকেডা তীর্থভ্রমণে বের হলেন। সর্বাঙ্গে তাঁর नगन्दर्भ घा। नामी পোশাকের নীচে - ওয়ধমাথা ব্যাণ্ডেজ। ঘুরতে ঘুরতে হিরোশিমার মাত্র্য হাজির হলেন এসে ওসাকি बीत्। तोक मिन्द्र श्रेनाम जानात्न । কোথা থেকে কি হল, তুরারোগ্য ব্যাধি আরোগ্য হয়ে গেল। আইকেডা ভক্ত হয়ে ঘরে ফিরলেন। সে তিরিশ বছর আগের কথা। আইকেডার বয়স তথন তিরিশ। এখন ষাট। সেই থেকে এখনও তিনি দিনে ত্বার স্পান করেন, নিরামিষ থান এবং নিয়মিতভাবে প্রার্থনা করেন।

নিষ্ঠাবান মাহ্য । লোকে বলে— শক্তও। জাপানের নবনির্বাচিত প্রধানমন্ত্রী হোয়াতো আইকেডা তথন (¢১) যোশিদা মন্ত্রিসভার অর্থমন্ত্রী। মন্ত্রণায় ভেতো-জাপানীদের षमक हे रन। षा हे कि जा वन तन-कन, वार्लि निर्देशिया १ शत्र वहत আইকেডা কালোবাজারে বাড়ালেন। সমস্ত ব্যবসায়ী আপত্তি আইকেডা বললেন,— জানালেন। আমার আচরণ দেখে যদি কোন ব্যবসায়ী আত্মহত্যা তবে আমি সে পাতকের ভাগী হতে বাজী।

দেবার মার্কিন প্রেসিডেন্ট
আইসেনহাওয়ারের জাপান সফরের
কথা। সমগ্র দেশে মার্কিন বিরোধী
আন্দোলন। কিসির মন্ত্রিসভায় চৌদ্দজন মন্ত্রী। সকলে সমস্বরে বললেন—
আইক-এর পক্ষে এবার না আসাটাই
সঙ্গত হবে। একজন বললেন—না,
সেইটাই হবে জাপানের পক্ষে সবচেয়ে
অসঙ্গত কাজ। এই লোকটি আর
কেউ নন, বাণিজ্যমন্ত্রী আইকেডা।

আইকেডা এখন জাপানের
নির্বাচিত প্রধানমন্ত্রী। লোকে বলে
লোকটি আইকেডা বলেই ইলেকশনটা
জিততে পারলেন। কেননা চারশ
ছিয়ানব্ধ,ইয়ের মধ্যে তিনশ হুই পেতে
কমপক্ষে তাঁর খরচা হয়েছে—আটাশ

লক্ষ ভলার! নিন্দুকের রটনা নয়।
জাপানের লিবারেল ভেমোক্রাটিক
পার্টিতে এগুলো আজ হামেশাই
ঘটনা।

দেই কুবের-পার্টিতে ভেমোক্র্যাট
আইকেডা অক্সতম বিত্তবান পুরুষ।
ছ'পুরুষ ধ'রে তাঁদের মস্ত ব্যবসা।
মদের কারবার। আইকেডা মদ খান
না। তিনি গলফ থেলেন, আর
গেইসার হাতে চা খান। প্রতিজ্ঞা
নিয়েছেন এবার থেকে তাও করবেন
না। কারণ, দেশের সাধারণ লোক
তা করতে পারে না। তারা গলফও
থেলতে পারে না, গেইসাও পুষ্তে

আইকেডা অনেককাল ট্যাক্স
ডিপাটমেন্টে কাজ করেছেন, হ'
হ'বার দেশের অর্থমন্ত্রী হয়েছেন।
স্থতরাং, দেশের সাধারণ মান্থ্যের
ঘরের থবর তার অজানা নয়। তবে
তরুণ জাপানের মনের থবরটা তার
সঠিক জানা আছে কি না সেটা অবশ্য
আগামী দিনই বলতে পারে।

2b. 9. 60.

# আইখম্যান, এডলফ

'এবার আমি হাসতে হাসতে কবরে লাফিয়ে পড়তে পারি। কেননা এখন আমি তৃপ্ত পুরুষ। পঞ্চাশ লক্ষ মান্তবের আত্মা আমার তহবিলে।

তব্ও প্রতিশোধ ষথন মৃত্যুর সমন
হাতে বের হল আইথম্যান তথন
এগিয়ে এদে ধরা দিতে সাহস পেল
না। সে প্রাণের মায়ায় পড়ল।
জাল কেটে পালাল। পথে মার্কিন
দৈল্পরা ওত পেতে ছিল। '৪৫ সনে
অন্তিয়ায় তাদের হাতে ধরা পড়ল
আইথম্যান। কিন্তু এবারও হাত
ফল্পে পালিয়ে গেল সে। স্কুতরাং,
হুরেমবার্গ আদালতে আর তাকে দাড়
করান গেল না। এদিকে স্বয়ংমুতের
ভীড়েও খুঁজে পাওয়া গেল না ওকে।
নিশ্চিন্ত ইউরোপ স্বাভাবিক সিদ্ধান্তে
এল: আইথম্যান মৃত।

পনের বছর পরের কথা। গেল
মাদের তেরই। মাঝরাত্তিরে
ইসরাইলের পককেশ প্রধানমন্ত্রীর
টেবিলে এসে আছড়ে পড়ল এক
টুকরো কাগজ। একটা কোডমেসেজ। তাতে একটি মাত্র ছত্তঃ
দিবিস্ট ইজ ইন্ চেইন।

ক'দিন পরেই শোনা গেল বেনগুইরণ তাঁর দেশবাসীকে সগর্বে
জানাচ্ছেন, খুনী আইথম্যান এখন
খাস ইত্দিভূমিতে। অচিরেই তার
বিচার হবে।

#### আইখন্যান

घटनाटा नाटकीय। मून नाटकटा আরও। আজকের পঞ্চান্ন বছরের লোলচর্ম এডলফ আইথম্যান তথন নবীন 'আর্য' সন্তান। জন্ম কর-এ। স্কুতরা জীবনটা স্থক হল ইঞ্জিনিয়ারীং मिराहे। किन्न नाश्मी आहेशमान লাইন পান্টালেন। তিনি গেন্টাপো সাজলেন। জমে, তাদের ইছদি বিভাগের কর্তা। দেদিনের আইথম্যান মানব ইতিহাদের বীভংদতম জ্লাদ। কি করে কম সময়ে, কম প্রমে এবং কম থরচে বেশী ইহুদি নিধন করা যায়, এছাড়া দ্বিতীয় কোন চিম্ভা ছিল না তাঁর মাথায়। তবে নিজের প্রাণের চিস্তাটা ছিল। স্থতরাণ, যুদ্ধ যেদিন 'বিপক্ষে রায় দিয়ে ক্ষান্ত হল আইখ-মাান দেদিন দপ্তর ছেডে পালাল।

অক্টিয়া থেকে প্রথমে উত্তর
জার্মানী। খুনী আইথম্যান দেখানে
ফরেস্টার সাজল। কিন্তু বেশীদিন
বনবাস সম্ভব হল না। মৃত্যুভয় তাকে
তাড়িয়ে নিয়ে গেল মাতৃভূমি থেকে
আরও দূরে। প্রথমে স্পেনে এবং
অবশেষে থং সনে আর্জেনিনায়।

ভূমা নামে ইতালীয় রেডক্রসের একথানা রিফিউজি কার্ড জোগাড় করে আইথম্যান আর্জেন্টিনায় নামল। কিছুদিন কাটল একটা ইঞ্জিনিয়ারীং ফার্মে। কিছুদিন কাটান গেল ব্রেজিল,
প্যারাগুরে এবং বলিভিয়ায় ঘুরে।
শেষে একদিন তিনটে ছেলেমেয়ে সহ
স্বী এসে হাজির। বাধ্য হয়েই এবার
সংসারী হতে হয়। আইখম্যান
বুয়েনাস আইরেস-এ সংসার পাতল।
ছদ্মনামী খুনীর সংসার। কিন্তু স্থের
সংসার। কর্তা কাজ করেন একটা
মোটর ফার্মে। মাইনে ভাল, বাড়িটাও
ভাল। এয়ার পোর্টের কাছে।

সেদিন তেরই মে। বেন-গুইরণ যথন মেসেজটা পড়ছেন তার কয়েক মিনিট আগের কথা। আপিদ থেকে বাড়ি ফিরছিল আইখম্যান। এমন সময় হঠাৎ একটা মোটর এসে ছোঁ মেরে তুলে নিয়ে গেল ওকে। মাঝ-রাত্তির অবধি স্ত্রী এথানে ওথানে টেলিফোন করল। হাসপাতালে থোঁজ নিল। কোথাও যথন কোন সন্ধানই পাওয়া গেল না তখন ছেলে-মেয়েদের নিয়ে দেও নিখোঁজ হয়ে গেল। কেননা, গেস্টাপো-প্রধানের ঘরের বৌ হিদাবে তার জানতে বাকী নেই আইখম্যান কোথায় গেছে। নিয়তি যে নাৎসীকেও ছাড়ে না!

আর্জেণ্টিনা আইথম্যানকে নিয়ে বিতর্কে নেমেছে। তেল আভিভ-এও জোর বিতর্ক চলছে। একদল বলছে

#### আইসেনহাওয়ার

শয়তানকে ফাঁসি দেওয়া হক ! অফ্রাদল বলছে না, ফাঁসি নয়। সে ত সাধারণ আভাবিক মৃত্যু। ওকে ঠিক সেভাবেই মারা হক—পঞ্চাশ লক্ষ মাহ্মকে সে তিলে তিলে যে ভাবে মেরেছে, ঠিক সেইভাবে। মরবার আগে ও জেনে যাক মৃত্যু কাকে বলে। দশ লক্ষ জীবস্ত ইছদি নারী পুরুষের বদলে দশ হাজার ট্রাক সাবান আর চা কিনতে চেয়েছিল একদিন আইখম্যান। কিন্তু হায়, আজ যেন এক ফোঁটা চোথের জলেও কেউ কিনতে চায় না ওকে!

\$5.6.6·

ি দীর্ঘ বিচার শেষে আইথম্যান-এর ফাঁসি হয় ১৯৬২ সালের ১লা জন।

#### আইসেনহাওয়ার, ডুইট, ডি,

দাত বছর আগে ছিল একটু হলদেটে। এখন ধবধবে দাদা। মাথায় বেশমের মত চিকণ দামান্ত ক'টি দাদা চূল—হাদলে টোল পড়ে মুখে। না হাদলে—গভীর কয়টি রেখা। গেল অক্টোবরে উনসন্তরে পড়েছেন —আইদেনহাওয়ার। এখনও কিছ নিউইয়র্কের অষ্টাদশী মার্কিন তরুণী বলে—'আই লাইক আইক!' কুড়ি বছর পরে বিপারিকান দলের সমর্থনে আইকের নাম-লেথা জামা পরেছে তারা। কানে পরেছে, 'আই লাইক আইক' ডিজাইনের কানবালা।

মার্কিন ত্ব' ত্ব'বার দেশের প্রেসিডেন্টের সম্মান লাভ করেছেন আইক। পুরো নাম তার ডুইট ডেভিড আইসেনহাওয়ার। ১৮৯০ সনের ১৪ই অক্টোবর। জন্মস্থান —ডেসিন, টেক্সাস। লেথাপড়া— ওয়েন্টপয়েন্ট-এর মিলিটারী একাডেমি এবং ক্যানসাসের জেনারেল স্টাফ স্কুল। সেথানকার স্নাতক আইদেন-হাওয়ার ১৯২৭ সন থেকে সৈনিক। ১৯৪১ সনের ৭ই ডিসেম্বরে পার্ল-হারবারে যথন বোমা পডে তিনি তথন ওয়াশিংটনের অপারেশন ডিভিসনে একজন ডিভিসনাল চীফ অব স্টাফ। তারপর তিনি উত্তর আফ্রিকার মিত্রশক্তি বাহিনীর প্রধান, কথনও ইউরোপের স্বাধিনায়ক, কখনও 'নাটো'র। আইক দামরিক জীবন থেকে অবদর গ্রহণ করেন ১৯৫২ সনে। সে বছরেই তিনি প্রেসিডেন্ট পদে আসীন হন।

ক্ষজভেন্টের পরে আইদেনহাওয়ার সবচেয়ে জনপ্রিয় মার্কিন প্রেসিডেন্ট। ভোট গুনলে হয়ত "এফ আর ডি"-ও জনপ্রিয়তায় তাঁর পিছনে। শুধু

#### উআঙ সাঙ

আমেরিকায় নয়, ইউরোপেও রীতিমত
জনপ্রিয় জেনারেল আইনেনহাওয়ার।
লর্ড এলেনক্রক অবগ্র লিথেছেন—
আইসেনহাওয়ার স্ত্র্যাটেজি বৃঝতেন
না। তিনি লড়াই জানতেন। ইউরোপ
জানে, সে 'ক্রুসেডের' খবর। মন্টি
চিনতেন—সেদিনকার জেনারেলটিকে।
ভাল করেই জানতেন—রাশিয়ার
জুকভ। আজহয়ত—কিঞ্চিৎ জেনেছেন
ক্রুশেভও। স্ত্র্যাটেজিস্ট 'হাওয়ারের
নিময়ণ এসেছে তার দেশ থেকে।

আমেরিকানরা বলেন—আইসেন-হাওয়ার একমাত্র মার্কিন প্রেসিডেণ্ট যিনি এ বয়সেও সমসাময়িক দৃষ্টিতে বৃদ্ধ অপবাদ থেকে সম্পূর্ণ মুক্ত। আইদেনহাওয়ার আজও তরুণের মত হাঁটেন, দৈনিকের মত কাজ করেন। তিনি ছবি আঁকেন, বই লেথেন, মাছ ধরেন, গলফ থেলেন। জর্জ ওয়া শিং-টনকে অবশ্য বছরে সাতাশটা আইন পাশ করলেই চলত। কিন্তু আজকের মার্কিন প্রেসিডেণ্টকে কমপক্ষে ৭৫০টি বিল পাশ করতে হয়, কংগ্রেসে চল্লিশ হাজার প্রমোশনের দরখাস্ত পাঠাতে হয় এবং তত্বপরি উপস্থিত করতে হয় গড়ে এগারশ' পাতার বাজেট। তৎসহ: স্থানীয় এবং আন্তর্জাতিক বহুবিধ দায়িত।

প্রেসিডেন্ট রুজ্ঞভেন্ট একদিন
পরাধীন ভারতবর্ষকে দৃত পাঠিয়ে
সমর্থন জানিয়েছিলেন—প্রেসিডেন্ট
আইসেনহাওয়ার নিজেই এলেন আজ
স্বাধীন ভারতকে মৃক্ত-ত্নিয়ার সহযোগিতার সংবাদ জানাতে। কুড়ি
হাজার মাইল আকাশ ডিভিয়ে মার্কিন
প্রেসিডেন্টের এই প্রথম ভারত
আগমন নিঃসন্দেহে তাই ঐতিহাসিক
ঘটনা। ১০.১১.৫৯

থাইসেনহাওয়ার ১৯৬১ সনের জান্বয়ারী পর্যন্ত প্রেসিডেন্টের আসনে ছিলেন। সেবারকার নির্বাচনে তিনি প্রার্থী ছিলেন না। তাঁর পরবর্তী প্রেসিডেন্ট—জন কেনেডি।

#### আউঙ সাঙ ( মিসেস্ )

বৃদ্ধিদীপ্ত চোথ। লাবণ্যাজ্জল
স্থঠাম চেহারা। প্রতিবেশী ব্রহ্মদেশ
থেকে যে মেয়েটি ভারতে রাষ্ট্রদৃত হয়ে
এলেন, নাম বললে তাঁকে চিনবেন না।
মস্ত নাম: মাহা থিরি থুঢ়ামা দাউ
ঘিনকিয়ি।

কিন্তু যদি বলি ইনিই মিদেস আউঙ সাঙ তবে নিশ্চয় চিনতে পারবেন ওঁকে। কেননা ব্রহ্মদেশকে বাঁরা জানেন, তরুণ জেনারেল আউঙ সানকেও তাঁরা চেনেন। সেদিন ১৯শে জুলাই, ১৯৪৭ সন।
বেঞ্চনে ব্রন্ধের স্বাধীন মন্ত্রীসভার বৈঠক
চলছে। এমন সময় সহসা মৃত্যু এসে
হানা দিল ঘরে। তিনটে স্টেনগান
রাশি রাশি গুলী ছড়িয়ে যথন চলে
গেল তথন দেখা গেল ব্রন্ধের
ইতিহাসটা যেন চলতে চলতে সহসা
ম্থ থ্বড়ে পড়ে গেল। একই
মৃত্যুশ্যায় পাশাপাশি পড়ে আছেন
সাতজন মন্ত্রী। তাদের মধ্যে একব্রিশ
বছরের আউঙ সাঙ্ও।

দেশে অপ্রণীয় ক্ষতি, ঘরে অফুরস্ত শোক। কোলে একটিমাত্র শিশু কল্পা। ওকে জড়িয়ে ধরেই অনেক কাঁদলেন মিসেদ আউঙ দাঙ। তিনি রাজনীতির মাহ্মষ নন। তরুণ আউঙ দাঙ-এর দঙ্গে তাঁর যথন প্রথম দেখা তথন তিনি প্রাণচঞ্চলা একটি তরুণী। হাসপাতালে নার্দের কাজ করেন। আউঙ দাঙকে দেখে ভাল লেগেছিল ওঁর। তরুণ জেনারেলও ভাল বেদে-ছিল্লেন এই মেয়েটিকে। তাই এই সংসার। নিষ্ঠুর রাজনীতি এবার তা ভেঙে চুরে একাকার করে দিয়ে গেল। বিধবা আউঙ দাঙ-পত্নী শ্বির

বিধবা অভিঙ দাঙ-পত্নী স্থির করলেন তিনি স্বামী-ত্রত উৎযাপন করবেন, রাজনীতিতে নামবেন। দেখতে দেখতে ব্রহ্মদেশে নানা প্রতিষ্ঠান এবং পদের সঙ্গে জড়িয়ে গেল তার নাম। মাদাম আউঙ সান ব্রহ্মের গণপরিষদের সদস্যা নির্বাচিত হলেন, এবং অবশেষে মনোনীত হলেন ভারতে ব্রহ্মের রাষ্ট্রদ্ত। বহির্বিশে তিনিই ব্রহ্মের প্রথম মহিলা রাষ্ট্র প্রতিনিধি। ১১. ৬. ৬০

#### আও ডঃ পি. শিলু

আঙ্গামীদের নেতা ফিজো একবার ওঁকে ডেকেছিলেন। সে '৪৬ সনের কথা। নিজে আও-দের ঘরের ছেলে। তবুও বিনা দিধায় পাশে গিয়ে বসে-ছিলেন। কারণ, প্রস্তাবটা সত্যিই আনন্দের। নাগাদের জাতীয় পরিষদ গঠিত হচ্ছে।

কিন্তু এক বছরের বেশী পাশাপাশি থাকা গেল না। কেননা, পর্বত কলরে বসে রচিত সেই পৃথিবীর চেহারাটা সত্যিই অত্যস্ত ছোট। অনেকটা আঙ্গামী বা আও-দের গাঁয়ের মত। তেমনি বড়যন্ত্রপূর্ণ। অথচ, পৃথিবী ত ক্রমেই আরও বড় হওয়ার কথা।

স্তরাং আরও আনেকের মত আপেক্ষা করতে হ'ল তাঁকেও। তবে পি, শিলু আও-এর সেই প্রতীক্ষা নেহাৎ কালহরণ নয়, অভিজ্ঞতা সঞ্যু।

#### আকিহিতো

মিশনারীদের বদান্যতায় বি. এ
পাশ করেছিলেন। স্কতরাং, ফিজোকে
হারিয়ে অরণ্যে হাতড়ে বেড়াতে হল
না। আসাম সরকার ডেকে ঘরে
জায়গা দিল। আও তাদের অতিরিক্ত
সহকারী কমিশনার নিযুক্ত হলেন।
বিরাট চাকরী, কঠিন দায়িও।

তের বছর একটানা দে আদনে প্রতীক্ষা, দিনে দিনে ভবিয়তের শিক্ষা। অভিজ্ঞতা অনেক হল, কিন্তু স্থযোগ তবুও আদে না। আসামের সমতলে দাঁড়ালে এখনও যেন কানে আদে বেআইনী রাইফেলের আওয়াজ, কখনও কখনও চোখে ভাসে কুয়াশার মত ধোঁয়া। কে জানে, গৃহযুদ্দে কোন গাঁ হয়ত পুড়ছে। —হয়ত, আও-দেবই কোন পরী।

অবশেষে ধোঁয়া কাটল। এবং ডাক এল। দক্ষিণ-পূর্ব দীমান্তকে দিল্লী ডাকছে।

এর জন্মেই প্রতীক্ষা। স্ক্তরাং
সঙ্গে সঙ্গে সাড়া দিলেন আও-নায়ক
পি. শিল্ আও। নতুন ভারতের সঙ্গে
এক টেবিলে বসে আলাপ হল,
আলোচনা হল, দিদ্ধান্ত গৃহীত হল।
ভারতের নবীনতম রাজ্য নাগাভূমির
নাম ম্যাপে উঠল। সঙ্গে সঙ্গে
ইতিহাসে উঠল পি. শিলু আও নামক

তেতাল্লিশ বছর বয়স্ক আও নায়কের নামটিও। তিনি নাগাভূমির অন্তর্বর্তি-কালীন "মন্ত্রিসভা", তথা এক্সিকিউটিভ কাউন্সিলের পঞ্চ সদস্থের একজন,—প্রধানতম সদস্থ। তিন বছর পরেও ফদি থেকে যান তবে আমরা তাঁকে বলব—মুখ্যমন্ত্রী। ৬.8.৬১

[১৯৬৩ সনের ১লা ডিসেম্বর ভারতের নতুন অঙ্গরাজ্য হিসাবে নাগাভূমির উদ্বোধন হয়। শিলু আও সেরাজ্যের প্রথম মুখ্যমন্ত্রী।]

#### আকিহিতো [জাপানের যুবরাজ]

জালের এদিকে হ'জন, ওদিকে হ'জন। কিন্তু আসলে এদিকে একজন। থেলা শেষ হল। আকিহিতো হেরে গেলেন। রেজান্ট সিক্স টু ওয়ান! তা হ'ক। জাল ডিঙিয়ে এপারে চলে এলেন রাজকুমার। বললেন— ওয়াগুরফুল।

মিচিকো মাথা নোয়ালেন।
লক্ষ্যায় একটু হাসলেনও। রাজকুমার
বললেন—দাঁড়াও ক্যামেরাটা নিয়ে
আসি। ক্লিক!—ক্লিক! পর পর ছবি
উঠল কয়থানা। জনৈকা জাপ তকণী
মিচিকো সোডা'র ছবি। তুললেন,
জাপানের যুবরাজ আকিহিতো।

#### আকিহিভো

যুবরাজের বয়দ পঁচিশ, মেয়েটির— চবিবশ।

ষ্থাসময়ে সোডা'র নামে থাম
এল একথানা। মিচিকো ত্রন্ত হাতে
এনভেলাপটা খুললেন। কিন্তু ভেতরে
চিঠি নেই, ছবি। তাঁর নিজের ফটোগ্রাফ। পাঠিয়েছেন—আকিহিতো।
ছোট্ট নোটটি পড়ে জানা গেল,
প্রাপাদের বার্ষিক প্রদর্শনীতেও এই
ছবিটিই ঝুলছে। মিচিকো হাসলেন।
নিজের ফুটফুটে ছবিটা দেখে, না
ছবিতে ফটোগ্রাফারের মনটা দেখে,
বোঝা গেল না।

যাওয়ার কথাও নয়। ছ' বছর
আগে কানের কাছে আকিহিতোর
নামটা শুনে সোভা হেসে বলেছিলেন
—ভালবাসতে হয়ত পারতাম, রাজকুমার যদি আর এক আধ ইঞ্চি উচু
হতেন। সোভা নিজে পাঁচ ফুট সাড়ে
তিন ইঞ্চি, আকিহিতো পাঁচ ফুট পাঁচ
ইঞ্চি।

রাজপ্রাসাদের ঘটকেরাও সেই
লম্বা ফর্দটি থেকে কেটে বাদ দিয়েছিলেন মিচিকোর নামটি। তবে সে
অন্ত কারণে। সোডা স্থন্দরী,
স্থলক্ষণা, স্থশিক্ষিতা। সে টোকিও'র
বিখ্যাত 'সেক্রেড হার্ট 'স্থুলের ছাত্রী।
সেথানে মেয়েদের নাম ডাকতে গেলে

জাপানের সমৃদয় শিল্পপতিদের নাম
মৃথে আনতে হয়। বিখ্যাত ধনপতির
কল্যা সোডা সেখানে পড়ে।
মাস্টাররা বলেন—মেয়েটার একমাত্র
ক্রেটি, ওর কোন ক্রটি নেই। কুলজীকাররা বললেন—ওর আসল ক্রটি
ওর পিতৃকুলে 'কাজকু' রক্ত নেই।
অর্থাৎ, ওরা কুলীন নয়।

এগলো নেপথোর ঘটনা। টেনিস কোর্ট-এর ঘটনা একটু অন্ত রকম। পরের বছর (১৯৫৮) গরমের ছুটিতে কারুইজাউয়া বেড়াতে আবার এদেছেন মিচিকো। ক'দিন বাদে সপারিষদ আকিহিতোও। দেই টেনিস কোর্ট, আবার **সেই** থেলা। তবে এবারে আর হু' জন জালের ছদিকে নয়। ওঁরা একদিকে, অক্তদিকে যে খুশি! খেলার আগে আকিহিতোর র্যাকেটখানা বয়ে নিয়ে এলেন মিচিকো, খেলার শেষে তিনি তোয়ালে দিয়ে যুবরাজের ঘাম মৃছিয়ে (प्रम ।

বিদায় নেওয়ার আগে যুবরাজ নিমন্ত্রণ পাঠালেন মিচিকোর বাড়ি। পার্টি শেষ হল। আকিহিতো ইসারা করলেন। পার্যচর ঘর থেকে বেরিয়ে গোলেন। ওরা ছ'জনে নাচলেন। নাচের শেষে গান। মিচিকো সেদিন

#### আকিহিতো

রাত এগারোটা অবধি যুবরাজের অতিথি।

স্তরাঁং, যা হওয়ার তাই হল।
রাজপুত্রের হৃদয় হারাবার কথাটা
দিকে দিকে রাষ্ট্র হয়ে গেল। দেশে
ঝড় উঠল। পক্ষে—তুম্ল, বিপক্ষেও
মন্দ না। মিচিকো পালাতে চাইলেন।
তিনি দেশ ভ্রমণে বের হলেন।
যুবরাজের চিঠি তাঁর পেছনে পেছনে
দেশে দেশে ছুটতে লাগল।

সোডা ফিরে এলেন। মেলব্যাগ ভারী হয়ে উঠল। তৎসহ, প্রত্যহ টেলি-ফোন কল। অবশেষে তারেই সম্মতি জানাতে হল। ওরা নভেম্বর, ১৯৫৮। তারের একপ্রাস্ত থেকে 'সাধারণ মেয়ে' মিচিকো সোডা বিশ্বের অক্সতম অসাধারণ রাজবংশের উত্তরাধিকারীকে জানালেন—'যুবরাজ যদি আমার পাণিপীড়নে আগ্রহী হয়ে থাকেন তবে এ অধীনার তাতে আপত্তি নেই।'

১০ই এপ্রিল ১৯৫৯। রাজপ্রাসাদের একটি নির্জন ঘরে সেই
'অসম্ভব' সাধিত হল। জাপ সম্রাট
হিরোহিতোর পুত্র ভবিশ্বতের মিকাডো
আকিহিতো জনৈকা মিচিকো
দোডাকে ধর্মপত্মী হিসাবে গ্রহণ
করলেন। বৃদ্ধ সম্রাট তাঁদের আশীবাদ

জানালেন, প্রজারা—অভিনন্দন।
কিন্তু ঐতিহ্য মনে মনে আফশোষ
করল, এবং নিঃশন্দে দীর্ঘখাস ফেলল
ইতিহাস। কেননা, ঘটনাটা সত্যিই
তার বাঁধা সড়কটার বাইরে পড়ে।

পৃথিবীতে যত রাজবংশ আছে জাপান তাদের মধ্যে সবচেয়ে ষে এই পুরনো। এত পুরনো বংশের আদি কে কেউ তা জানে না। সমাটেরা বলতেন আদি---ঈশ্ব। তাঁরা বলতেন ঈশ্বর যা জাপ সমাটও তাই। স্বতরাং, প্রজারা তাদের দেখা পেত না। যদি কারও সে সোভাগ্য (!) হ'ত তবে তৎক্ষণাৎ আত্মহত্যা করত। সে কেননা. সাক্ষাৎ ভগবানকে যে দেখেছে তার আর বেঁচে থাকার দরকার কি ?

ইতিহাস এই অবিশ্বাস্থা ঐতিহ্য
নিয়েই খৃষ্টপূর্ব ৬৬০ অন্ধ থেকে ১৯৪৬
সন অবধি চলছিল। '৪৫-এর আগস্টে
হিরোসিমায় বোমা পড়ল। '৪৬-এ
হিরোহিতো বললেন—আমি ভগবান
নই, মান্ত্রয়। এতদিন ভুল হয়ে গেছে
আমার! সমাট পথে বের হলেন।
কিন্তু কেউ তাকাতে চায় না তাঁর
ম্থের দিকে। ঘুণায় নয়—ভয়ে।
ভগবান কি কথনও নিজে বলেন তিনি

ভগবান ?—অথচ, হিরোহিতো কি করে প্রমাণ করেন তিনি মাহুষ!

স্থলে স্থলে সমাটের প্রতিক্তি।
ছেলেমেয়েরা তা দেখতে পায় না।
ছবিগুলো কালো কাপড়ে ঢাকা।
তারা তাঁর সামনেই সোজা হয়ে
দাড়ায়, মাথা ছইয়ে প্রণাম করে।
মিচিকো যথন এগার বছরের কিশোরী
তথন সেও তাই করত!

আগামী শীতে আমাদের মান্ত অতিথি আকিহিতো দেই দেশের যুবরাজ! স্থতরাং তাঁর পকে 'সাধারণ মেয়ের' ছবি দিয়ে টেবিল সাজানটাও জাপানের ইতিহাসে সহজ ঘটনা নয় বৈকি।

এত বড় একটা ঘটনা যে কারণে সম্ভব হল সেটা যদি শুধু মাত্র 
যুবরাজের তরুণ হাদয়টিই হত তাহলে
—আকিহিতো হয়ত আজ গোরবটা পেতেন ঠিকই, কিন্তু মর্যাদাটা হারাতেন। কিন্তু তা হয়নি—বিবিধ কারণে। প্রথমত সেটা ছিল ১৯৫৯ সন। অর্থাৎ ম্যাকআর্থার রচিত শাসনতন্ত্র চালু হওয়ার একু য়্গ পরের ঘটনা। বিতীয়ত, এ-য়্গে স্মাটের চেয়ে 'স্মাট' নামীয় প্রাসাদবাসী বিজ্ঞা বা ভদ্রজনদের যে বেশি জনপ্রিয়তা দে-কথা তাঁকে নিজে শিধিয়েছেন

সমাট হিরোহিতো। তৃতীয়ত, আকিহিতো জীবনে এমন একজন শিক্ষক
পেয়েছিলেন ষিনি থেলায় হেরে গেলে
ষেমন ছাত্রকে মৃত্ ভং সনা করেন,
তেমনি প্রতিপক্ষে মেয়েটি ষে সত্যই
ক্রিণীলা সে-কণা বলতে ভোলেন না।

আকিহিতো ছেলেট কেমন সে সম্পর্কে তাঁর মতামত শোনা যাক। জাপানের যুবরাজ ভাল ঘোড়ায় চড়তে পারেন, ভাল সাঁতার কাটতে পারেন, ভাল টেবিল টেনিস এবং ভালো (?) লন টেনিস খেলতে পারেন। তিনি ধুমপান করেন। তবে, খুব না। থান। কিন্ত-নাম মাতা। চেয়েও বড় সংবাদ—তিনি ইতিহাস পুড়তে ভাল বাদেন। কিন্তু জাপ-সমাটদের চেয়ে ইংরেজ রাজদের বেশী. যুদ্ধের চেয়ে রাজ-রাজড়ার টুকিটাকি থবর অধিকতর। বিশেষ---নেই জায়গাটা, পঞ্ম জর্জের জীবনী যেখানে লিখেছে:

'King George preferred a quiet evening at home when he could read aloud to the queen.'

তবে ইদানিং সময় পেলে যুবরাণীর ছোট্ট ছেলেটিকে আদর করাও তাঁর নেশা।

## আগা খাঁ

ছেলেরা ওর নামে গান গায়।
মেরেরা ওর নামে টাকা পাঠায়।
ছেলে-মেরেরা একসঙ্গে ওঁর নামে
'জিন্দাবাদ' তুলে দল বেঁধে কোটে
যায়। থেলনাওয়ালা ওর নামে
পিস্তল বেচে, কাগজওয়ালা বাড়তি
বিশ কপি। ১৫.৯.৬০

### আগা খাঁ, করিম

আমাদের 'কে'র কথা বলছ!
—কেমন ছেলে বলব? —এক
কথায় অভাবিত। ওঁর পোশাক কী
ছিল জান? বুকথোলা একটা সাট,
একটা বাদামী রঙের চামড়ার
জ্যাকেট, ইল্লিহীন প্যাণ্ট, আর
জ্তো? বোধহয় কোনদিন পালিশ
পড়ত না ওতে। তাই ত বলছি
অভাবিত, একদম ডাঁট নেই!—
সাক্ষী দিয়েছিল হাভার্ড-এর রুম-মেট
জন,—স্থীভেনসনের ছোট ছেলে।

ষ্বচক্ষে দেখবার পর কলকাতারও সাক্ষ্য তাই,—একদম দেমাক নেই। অথচ অনায়াদে তা থাকতে পারত। কারণ, 'কে' মানে ক্রুশ্চফ নয়,— কেনেডি নয়, করিম। হিজ হাইনেস করিম অল হুদানী শাহ, যিনি হজরত মোহম্মদের কন্তা ফতিমাবিবির সাক্ষাৎ উনপঞ্চাশত্তম পুরুষ, বিখ্যাত আগা থাঁ যাঁর দাছ, আলী থাঁ পিতা এবং
নিজেও যিনি আগা থাঁ,—ইসমাইলীদের পয়গম্বর চতুর্থ আগা থাঁ। তাঁর
অহুরাগী সংখ্যা কম করে ছই কোটি,
টাকা কোটি কোটি; পারিবারিক
ঐতিহ্ রহস্তরোমাঞ্চ উপস্থাসোপম
এবং তার চেয়েও বড় তথ্য, করিম
শাহ'র বয়স মাত্র পঁচিশ বছর!

জন্ম—জেনেভায়। দেশ কোথায়
সেভাবে বলা শক্ত। পারস্তের শাহ'র
সঙ্গে ঝগড়া করে দ্বিতীয় আগা থা
একদিন চলে এলেছিলেন ভারতে।
তৃতীয় প্রধানত ভারতীয় হিদেবেই
রাজনৈতিক জীবন যাপন করলেও
ঠিকানা ছিল তার স্বইজারল্যাও;
বাবা আলি থান শেষ জীবনে ছিলেন
পাকিস্তানী চাকুরে। পিতামহের
তিরোভাবের পর চতুর্থ আগা থা
করিমের অভিষেক হয়েছিল দার-এসসালামে [১৯৫৭]। তারপর একই
অক্ষান নানা দেশে। স্ক্তরাং,
পরিচয়টা অক্তভাবেই দেওয়া ভাল।

করিমের মা ছিলেন—বিখ্যাত ইংরেজ ব্যারণ চার্সটন ছহিতা জন বারবারা গিইনেস। তের বছর পরে আলি খাঁর সঙ্গে বিবাহবিচ্ছেদের সময় আদালত স্থির করেছিল তাঁর ছেলে ছটি বাবার হেফাঞ্চতেইথাকবে।

# আদোলা, সিরিল

করিম তবুও মাকে ছাড়েন নি।
প্রতিটি ছুটি তাঁর লগুনের ইটন
স্কোয়ারে মায়ের কাছেই কেটেছে।
এখনও লগুনই তাঁর স্বায়ী ঠিকানা।

যেমন মাতৃভক্ত, তেমনি নিজ সম্প্রদায়ের অমুরক্ত। গরীব ইসমাই-লীদের সাহায্যে আসতে পারেন এই ভাবনায় হার্ডার্ডে ইঞ্জিনীয়ারিং পড়তে চেয়েছিলেন। কেমেষ্ট্রিতে ফেল করায় তা আর হয়নি, প্রাচ্য ইতিহাসেই ডিগ্রি নিয়েছেন। কিন্তু তরুণ আগা থার আদল খ্যাতির হেতু তাঁর मात्रला। इ' ফूট উ हु, ऋन्द्रत टिश्वी. প্রথর তরুণ। কিন্তু পাঁচিশ বছরের এই ধর্মনায়ক আজও হেডলাইনের ধরা-ছোঁয়ার বাইরে। তিনি মদ খান না, সিগারেট খান না; -- কিন্তু বৈঠকে তবুও হারেন না। কেননা, যে দেশের যা বুলি দব তাঁর মৃথস্ত। —মায় উদু পর্যন্ত। 8.**১०.७**२

## অদৌলা, সিরিল

নাটক এখন শেষ অকে।
দেশ রক্তাক্ত, মৃম্র্', অঞ্রাগী
আত্মীয়রা ক্লাস্ত, বিদেশী দর্শকেরা
বিরক্ত। [অবশ্য সকলে নহে!]

শেষ অক্ষে কঙ্গোর রঙ্গমঞ্চে নতুন নায়ক এদেছেন। —িএদেছেন কিংবা আনা হয়েছে?] তিনি—
লাফান না, ঝাঁপান না, মদ খান না,
হাসেন না। স্বভাবতই, তাঁকে
ঘিরে কঙ্গোর অনেক প্রত্যাশা। অন্ত
কথায়, কঙ্গোর তিনিই শেষ ভরমা।

নাম—সিরিল আদোলা। বয়স
—উনচল্লিশ। পরিচয়—এককালে
নুম্মার সহচর। তবে আপাতত
প্রেসিডেন্ট কাসাভূবুর দোসর।
আদোলা তাঁরই চেষ্টায় কঙ্গোয়
সর্বশেষ প্রধান মন্ত্রী।

নতুন প্রধান মন্ত্রী বটে, কিন্তু পুরনো রাজকর্মচারী। এককালে আদোলা ছিলেন ব্যাঙ্ক কর্মচারী। ফলে, লোকে বলে, বক্তৃতাটা কম জানলেও তিনি থাতা পত্রটা বোঝেন। তাছাড়া, ধর্মে রোমান ক্যাথলিক বলেই আফ্রিকান গোষ্ঠীতন্ত্র কি বস্তু তাও তিনি কিছু কিছু জানেন। স্থতরাং সকলের আশা, শাসকহীন দেশে, জাতি এবং গোষ্ঠী ছন্দের রাজ্যে—এই ছোটখাট মাত্ব্বটি সত্যিই এক ভরসা।

ভরসার কথা আদৌলাও শুনিয়েছেন। কিন্তু প্রশ্ন: সকলে কি তাঁকে মেনে নিয়েছেন ?

সাকুল্যে একচল্লিশজন মন্ত্রী নতুন মন্ত্রী সভায়। তাঁদের সকলের মনের

#### আদেহ্যুর, কনরাড

থবর কেউ বলতে পারে না। কেউ সঠিক জানেনা ঠিক এই মূহূর্তে কি ভাবছেন—মবুটু কিংবা গিজেঙ্গা? আর চোছে?

বলা বাহুল্য, ষতক্ষণ তাঁদের
সকলের শেষ সিদ্ধান্তের কথা জানা
না ষাচ্ছে, ততক্ষণ কেউ বলতে পারেন
না—শেষ অন্ধ এথানেই শেষ কিনা!
১৭.১.৬১

#### আদেশ্যর, কনরাড

বন্ধসে চার্চিলের চেয়ে ছ'বছরের ছোট। হয়ত বা ব্যক্তিত্বের মাপে এবং জগতের পরিধিতেও। কিন্তু একালের শ্রেষ্ঠ অ্যংলো-স্থাক্সন চার্চিল বলেন— আদেস্থার এ যুগের শ্রেষ্ঠ জার্মান। তিনি বিতীয় বিসমার্ক।

তারও বেশী। বিদমার্ক তব্ও

একটি দেশ হাতে পেয়েছিলেন।

তহবিলে তাঁর একটি জাতি ছিল।

কিন্তু চৌদ্দ বছর আগে ১৯৪৯ সনের

শরতে 'গ্রাণ্ড ওল্ড ম্যান অব দি রাইন',

রাইনের-ব্ড়ো আদেয়্যর যে জার্মানীকে

নিয়ে পৃথিবীতে অবতীর্ণ হয়েছিলেন,

কী ছিল তার ? সতের বছরের তরুণী

তথন ট্রেনে দেশ ছেড়ে পালাতেচাইছে,

—ইউরোপের পথে পিতৃহারা জার্মান

তরুণ আগ্রয়ের সন্ধানে ঘুরেবেড়াছে,

—মাহ্ব দেখলে ছ'হাতে ম্থ ঢেকে
টেচিয়ে উঠছে—না, আমি জার্মান
নই। পরাজিত, লাঞ্চিত, অপমানিত,
বিধ্বস্ত জার্মানী সেদিন শুধু দেহে নয়.
মনেও রিক্ত! তার সামনেই এসে
দাঁড়িয়েছিলেন দেই 'ডার আলটে'—
বৃদ্ধ। কোলন-এর এক কেরানী
তনয়। নগরের ভৃতপূর্ব মেয়র।
জার্মানী সবিশ্বয়ে তাঁর স্বেহাতুর চোথ
ছটোর দিকে তাকিয়েছিল।

চৌদ্দ বছর পরে আজ সেই একই বিশ্বয় বিশ্বের চোথে। বুদ্ধ যেন যাত্রকর। তাঁর হাতের ছোয়ায় জার্মানী বিশ্বমানচিত্রে আজ শুধু আবার একটি ভৌগোলিক অস্তিত্বই নয়,—দেখানে পূর্ণ গণতন্ত্র, পার্লামেন্টারী শাসন,— পরিপূর্ণ যৌবন, জীবন। মৃত জার্মানী শিল্পে আজ বিখে তৃতীয়, বাণিজ্যে প্রবল। তত্বপরি ফরাসী দেশ এবং পশ্চিমের সঙ্গে তার আন্তরিক বন্ধু । ৩ লক্ষ ৮৫ হাজারের বাহিনী নিয়ে পশ্চিম জার্মানী আজ 'নাটো'র অন্তম বল। যে কোন জার্মান জানে. এ অবিশ্বাস্য যিনি সম্ভব করেছেন তিনি সেই বুদ্ধ, নাম যাঁর কনরাড আদেম্ব্যর। চার্চিলের মত আজকের জার্মানীতে একমাত্র তিনিই বলতে পারেন—'নেভার হাজ সো

# আন্ত্রিক, ইভো

বিন ও'ড টু, বাই সো মেনি, টু সো ফিউ!' জার্মানীতে সে 'কভিপয়' একমাত্র তিনিই।

স্বভাবেও যেন দ্বিতীয় চার্চিল। করতেন ঝগড়া চার্চিল क्रमाद्रनात्र मान्यः , ह्यात्मनात्र देशर्य-হীন তাঁর দল এবং মন্ত্রীদের প্রসঙ্গে। মন্ত্রীরা তাঁর কাছে যেন স্কুলের বালক। আদেম্যার বলেন—কী করব, ঈশবের দোষ। ... তিনি আমার মাথা নানা বদ-আইডিয়ায় ভরে দিয়েছেন! চার্চিলের মতই হাসতে জানেন আদেস্থার। জনৈক সাংবাদিকের একটি প্রশ্ন শুনে তিনি উত্তরে বলেছিলেন—তুমি যদি ডিপ্লোমেটিক সার্ভিদে কাজ করতে তা হলে এতক্ষণে তোমার চাকরী থেয়ে দিতাম আমি।

এবার সেই তুর্ধর্ব চ্যান্সেলার নিজেই কর্মহারা। নিজের ইচ্ছার বিরুদ্ধেই রাজনীতি থেকে বিদায় নিচ্ছেন তিনি। কিন্তু বলা নিস্প্রয়োজন, জার্মানীর ইতিহাস থেকে নয়। আদেস্থ্যর সেথানে অনিবার্যভাবেই চিরকাল একটি বিশেষ 'যুগ।'

জাতি বাঁর কর্মশালা, অবদরে কী করে সময় কাটাবেন সেই বিশ্বকর্মা? আদেস্থার সেথানেও বিতীয় চার্চিল। হিটলারের আমলে হবার কারাগারে গিয়ে সময় কাটিয়েছিলেন তিনি।
তারপরও যে সময়৾ঢ়ুকু হাতে ছিল তা
কাটিয়েছিলেন ডিটেকটিভ বই আর
কবিতা পড়ে, ক্লাসিক্যাল গান ভনে,
নয়ত বাগান করে। সে পুরনো
অভ্যেস এথনও কিছু রয়ে গেছে।
বিদায়ী রাজনীতিক এবার তা-ই
করবেন। চার্চিল যদি ছবি কিছু
আঁকেন, তবে তিনি কবিতা পড়বেন,
—গোলাপ বাগান করবেন।

১০. ৫. ৬৩

# আন্ত্রিক, ইভো

বৃদ্ধ অব্রিয়ান অধ্যাপক। বিস্তব পড়ান্তনা করেছেন, অনেক জ্ঞানগর্ভ বইও লিথেছেন। দেবার স্ত্রীকে নিয়ে মুগোস্লাভিয়ায় এদেছেন তিনি ছুটি কাটাতে।

দক্ষিণ যুগোস্লাভিয়ার সম্দ্রসৈকত। সীমাহীন তরঙ্গায়িত তরল,
দক্ষিণী সূর্য,—জরাগ্রস্ত জ্ঞানী বৃদ্ধ।

ক্রেটাং একটা সাম্দ্রিক পাথির
ডাকে ঘুম ভেঙে গেল তাঁর। চমকে
অধ্যাপক উঠে দাঁড়ালেন। শরীরের
ভন্ততে তন্ততে যেখানে যতটুকু প্রাণবিন্দু অবশিষ্ট ছিল তাঁর সব যেন এক
সঙ্গে জমায়েত হল,—শাস্ত মাহুবটা
কড়ের সমুক্ত হয়ে গেলেন। তিনি

## আন্ত্ৰিক, ইভো

হারিয়ে গেলেন। চিরকালের মত উধাও হয়ে গেলেন!

আর দেই ভৌতিক পাথিটা ?—
কি নাম ছিল তার ? লেথক বলেন
—বার্ড অব জয়—আনন্দের পাথি!

কিংবা, আর একটা:

এক ছিলেন কেরানী। জীবনে তাঁর শুধু অপমান আর অপমান। কোথাও একবারের জন্মেও মান্থবের মর্যাদা পেলেন না তিনি!

কিন্তু একদিন পেলেন। কেরানী দেদিন সমাট হয়ে উঠলেন। তিনি হো হো হাসছেন, ওপরওয়ালাদের যাচ্ছেতাই গালমন্দ দিচ্ছেন, নির্ভীকের মত তাঁদের নির্বোধ বলছেন,—শাস্তি দিচ্ছেন।

দে কবে জানেন ? বছরের একটি
বিশেষ দিনে, তাঁর জন্মদিনে।
কেরানী সেদিন ইচ্ছেমত মদ থাওয়ার
স্থাোগ পান! ফলে, প্রতি বছর এই
একটি দিনেই তিনি নিজের ভেতরে
যে মর্যাদাবান মাম্বটি, তার দেখা
পান!

সে যেন সম্পূর্ণ অন্ত জগং, অন্ত কলম, অন্ত ধ্যান। লেথক বলেন— এ গল্প ছটো তাঁর অন্ততম নিকৃষ্ট গল। কিন্তু যুগোল্লাভিয়ার পাঠকেরা চোথ বুঁদ্ধে বলে দিতে পারেন—এ তাঁদের আন্তিকের ওঁরা গৱা। বলেন. আদ্রিক আমাদের আর কারও মত নয়। **যিদ্ধের পরে গেল পনের বছর** এক নাগাড়ে তিনি যুগোল্লাভিয়ায় 'বেস্ট সেলার' । সমালোচকেরা বলেন—আন্ত্রিক মহয় স্বপ্নের নিপুৰ বাস্থকার, তিনি দ্রষ্টা কবির মত। ি সমানে—তিনি যুগোলাভিয়ায় শোল-কফ-এর মত। তিনি যুগোল্লাভ রাইটার্স ইউনিয়নের সভাপতি ] স্থইডিদ একাডেমি বলেন—আব্রিকের উপন্তাস মহাকাব্যের মত !

তাঁর 'বীজ অন দি জিনা'ই নোবেল পুরস্কার বিজয়ী।]

বয়স উনসত্তরে পড়েছে। কিন্তু তবুও পূব ইউরোপের সেই ছেনিতে-কাটা দেহ, খাড়া নাক, জলপাইয়ের মত মস্থণ চামড়া, দীঘল জা, কালো গভীর ছটো চোখ। নাম—ইভো আক্রিক।

আন্দ্রিক পেশাদার লেখক ছিলেননা। পরবর্তীকালে তাঁর যেমন পরিচয়
দাঁড়ায় কূটনীতিক, তেমনি কলম
হাতে নেওয়ার সময় লোকেরা জানত
তিনি রাজনীতিক। সে তিরিশের
যুগের কথা। আদ্রিক তথন জেলে।

বাবা দরিত্র কারুজীবী ছিলেন। তাছাড়া আন্দ্রিক ভূমিষ্ঠ হওয়ার পর মাত্র হ' বছর তিনি বেঁচে ছিলেন।
তবুও ছেলেটির পড়াগুনা আটকায়নি,
কারণ মা উত্যোগী ছিলেন। তিনিই
ভক্তে অস্ট্রিয়ার বিশ্ববিভালয়ে ইতিহাস
আর দর্শন পড়িয়েছিলেন। [ভঁর
দর্শনের ভক্তরেটটা প্রাগ বিশ্ববিভালয়ের] দেখানেই রাজনীতির সংক্রমণ,
—সক্রিয় যুব আন্দোলন এবং অবশেষে
কারাবাস।

জেলেই লেথার হাতেখড়ি। বিষয়
—জেল জীবন। 'লিথতাম ছাপার
জত্তে নয়, সময় কাটানোর জত্তে।'

ছাপাবার যথন সময় হল
আব্দ্রিকের তথন লেথার বিশেষ সময়
নেই। তিনি পররাষ্ট্র দপ্তরে কাজ
করেন। কর্মস্থল—হিটলারের বার্লিন।
আব্দ্রিক সেথানে যুগোস্লাভিয়ার
রাজদত।

নিক্ষল দৌত্যে মাঝপথে বিরাম
দিয়ে রাজদৃত যথন স্থদেশে ফিরলেন,
বৃদাপেন্টে তথন ঝুর ঝুর করে বোমা
পড়ছে; কোথায় ফরেন আপিস,
কোথায় কে? আদ্রিক কলম হাতে
দরজায় থিল দিলেন। সকালের মধ্যে
শহরতলীর সেই ঘরে লিথতে হল
বিজয়ী উপত্যাস—'দি ব্রীজ অন দি
দ্রিনা।' তারপর দেখতে দেখতে এল
'বসনিয়ান ন্টোরি', 'দি প্পীন্টার'

বা 'মিদ' এবং 'es দনে—'দি কাদ'ভ্
কোটইয়ার্ড'। যুগোল্লাভিয়া একবাক্যে স্বীকার করল—আন্দ্রিক
আমাদের শ্রেষ্ঠ লেথক! ইউরোপ
বলল—আন্দ্রিক যুদ্ধপর ইউরোপের
অন্যতম শ্রেষ্ঠ লেথক। স্বইদ একাডেমি
ওঁকে দাহিত্যে নোবেল পুরস্কার দিয়ে
জানালেন—আন্দ্রিক অতঃপর অমর
লেথকও।

আন্ত্রিক এখন আর 'রাজনীতি' করেন না। যদিচ পালামেণ্টে তিনি নিজের এলাকার প্রতিনিধি তবুও তাঁর একমাত্র পরিচয় এখন—লেখক। যুগোস্লাভিয়ার দেরা লেখক। তাঁর শেষ বই বেরিয়েছে গেল মোদে। বইটির নাম—'ক্যারেকটারদ।' দমালোচকেরা বলেন—'তুলনায় এটি একটু নিরুষ্ট।' কিন্তু পাঠকেরা কিনে কিনে জানিয়েছেন—'নুড়ো আন্ত্রিকই এখনও বেন্ট দেলার!'

2.55.65

# আবুবকর, ভাফাওয়া বালেওয়া

রাজত বিদেশীর। দেশ আমীর আর সর্দারদের। বাবা গরিব 'তালা কাওরা'। অর্থাৎ সাধারণ মান্ত্র। স্তরাং জীবনে সম্ভাবনা বলতে যা ছিল তা থেতথামারে কাজ—কিংবা

#### আবুবকর

কোন থনিতে। তবুও তাফাওয়া-বালেওয়া গাঁয়ের কালো কুচকুচে হাডিড়িসার ছেলেটির নামের আগে যে একটা 'শুর' এবং পরে একটা কে.বি. ই' জুটে গেল সে শুধু আব্বকরের বরাত!

আবৃবকরের বরাত ভাল যে সে ইস্থলে গিয়েছিল। মাথাটা ভাল ছিল। স্থতরাং কলেজে যাওয়ারও স্থযোগ মিলল। গাঁ থেকে বহুদ্রে উত্তর অঞ্চলে একমাত্র কলেজ। আবৃবকর সেথানে ভর্তি হল। সেথান থেকে চলে গেল বিলাতে। আবৃবকর লগুন বিশ্ব-বিভালয়ের টিচার ট্রেনিং ইনষ্টিটিউটের পাশ করা ছাত্র।

কিন্ত নাইজেরিয়ায় আলহাজী 
স্তার আবুবকর তাফাওয়া বালেওয়া
কে.বি.ই. আজ স্কুল-টিচার নন, তিনি
নাইজেরিয়ার প্রধানমন্ত্রী। নাইজেরিয়া
পশ্চিম আফ্রিকার মন্ত দেশ। পাঁচটা
রাজ্য, প্রচুর লোক, অনেক জাত,
অনেক ভাষা সেখানে। [লোকসংখ্যা
সাড়ে তিন কোটি, জাতি সংখ্যা
২৫০, ভাষা-৪০০] আবুবকর সেই
দেশের প্রধান মন্ত্রী। সেও যেন
বরাত!

রাজনীতিতে আব্বকর হাল আমলের মাহয়। বয়দ তাঁর মোটে সাতচল্লিশ। প্রতিশ্বনীরা কিন্তু ধ্যান ধারণায় তু'শ সাতচল্লিশ। রাজনীতিতে নামবার আগে আব্বকর 'হাজী' হয়েছেন। তার চেয়েও আশ্চৰ্য কথা, 'স্বাধীন হতে চাই না' স্লোগান নিয়ে তিনি জনতার আসরে নেমেছেন। আবুবকর বলতেন--ইংরেজ যদি চলে যায় তবে দেশ দেখবে কে ? দক্ষিণ পশ্চিমে না হয় লোক আছে, কিন্তু আমার উত্তর এলাকায় মাতুষ কৈ? স্থভরাং ইংরেজের চলে যাওয়াটা ঠিক হবে না। যদি তারা যেতেই চান, তবে জেহাদ ঘোষণা করব আমি!

তব্ও ইংরেজরা চলে গেলেন।
জেহাদ হল না এবং স্বাধীন নাইজেরিয়ার প্রথম প্রধানমন্ত্রী হলেন আবুবকর নিজেই। ইংরেজরা কেন গেল দে
অন্ত কথা। স্তর আবুবকর কিভাবে
প্রধান মন্ত্রী হলেন দে কথাই বলি।
এককথায় তার উত্তর—সংখ্যার বলে।
আবুবকর উত্তর অঞ্চলের মান্ত্র।
এলাকাটা পঞ্চরাজ্যের ফেডারেশনে
সবচেয়ে বড়, লোকও দেখানে সবচেয়ে
বেশী। জাতিতে তারা ম্সলমান
এবং আবুবকর তাদের কাছে য়্গপৎ
স্তর এবং হাজী। ফলে ১৮৪টি
আসনের মধ্যে ৮২টি তার দখলে।

নিষ্ঠাবান হাজী হলেও আবুবকর একেবারে একালের স্পর্শরহিত মাছ্র নন। অস্তত লাগস-এর প্রধান মন্ত্রী-ভবনটি ঘুরে এসে লোকে তাই বলে। সাজানো হারেম। পর পর চারটে ঘর। কিন্তু তিনটি শ্রা। '৩৪ সন থেকে আবুবকর একটি মাত্র পত্নীকে নিয়েই ঘর করেন। ৬.১০.৬০

#### আবতুলা, শেখ মোহম্মদ

কথনও সংশয়, কথনও শকা; কথনও উদ্দীপনা, কথনও আশা। একটি মাস্থকে উপলক্ষ্য করে কোটি কোটি মাহুষের মনে নানা বিপরীত চিন্তা।--কোনটি সত্য হবে ?--কোন পরিচয়ে এবার সামনে এসে দাড়াবেন তিনি নাটক এথন চুড়ান্ত মুহূর্তে। ডুপ সিন উঠেছে। গতকাল বিকেলে জম্মর সেই স্থন্দর বাড়িটা থেকে বাইরে এসে দাঁড়িয়েছেন একালের যথার্থ রীতিমত-নাটকের নায়ক, মুথে বিজয়ীর প্রসন্ন হাসি। ছ'ফুট চার ইঞ্চি উচু সেই বিশাল দেহী মাত্রষটির পেছনে বন্দী শিবিরের বন্ধ ফটক, সামনে ডাইনে বাঁয়ে একাধিক পথ। কোন দিকে পা বাড়াবেন তিনি ?—কোন পথে ?

নাম শেথ মোহম্মদ আবছ্লা। ভ্রা বলেন,—শের-ই-কাম্মীর, কাম্মীরের বাঘ। কোন কোন বিদেশী রহস্ত (!) করে বলতেন—'কিং আবছ্লা'; অর্থাং 'কাম্মীর রাজ'। 'রাজা'না হলেও রাজ-তরঙ্গিণীর দেশে কাম্মীরে আবছ্লা এক বিম্ময়কর ব্যক্তিম,—ভোগরারাজের আমল থেকেই তিনি অধিকাংশ কাম্মীরীর হৃদয়ের রাজা।

জন্ম-১৯০৫ সনের ডিসেম্বরে। শ্রীনগর থেকে সামাত্ত দূরে সৌরা নামে এক গাঁয়ে। সাধারণ মধ্যবিত্ত ঘরের সস্তান। বাপ-ঠাকুদার পেশা ছিল শালের কারবার। আবহুলা বাবাকে দেখেননি। তাঁর জন্মের আগেই কারিগর লোকাস্তরিত হয়েছেন। ছেলের হাতে সুঁচ তুলে না দিয়ে মা ইচ্ছে করেই এই সন্তানটিকে স্থলে পাঠালেন। বাড়িতে আরও পাঁচ ভাই ছিলেন। তাঁরা থরচপত্রের ব্যবস্থা করলেন। উভাম বিফল হল না। শ্রীনগর থেকে তরুণ আবচন্না যথা সময়ে এনটান্স পাশ করলেন। ওঁরা তাঁকে এবার জন্মুর প্রিন্স অব ওয়েলস কলেজে পাঠালেন। আবছুলা সেখান থেকে আই-এ পাশ করলেন। তারপর লাহোর কলেজ থেকে বি-এ। সে

#### আবস্থুৱা

১৯২৭ সনের কথা। শেথের বয়স তথন মাত্র বাইশ বছর। ম্বতরাং পডতে আপত্তি নেই। আরও লাহোরের ডিগ্রী নিয়ে আবছলা চলে গেলেন আলিগড় মুসলিম বিশ্ব-বিছালয়ে। দেখান থেকে তু'বছর পরে শেখ যথন শ্রীনগরে ফিরে এসেছেন তথন তিনি শুধু এম এস সি ডিগ্রীটাই সঙ্গে নিয়ে আসেননি. রাজনীতিতেও মোটামৃটি পোক্ত হয়ে এসেছেন।

অবশ্য শেথ আবদ্ধার রাজনৈতিক জীবনের স্থচনা বলতে গেলে লাহোরেই। ছাত্রাবস্থায়ই **५**३२१ সনে সেখানে তিনি কাশীরী মোটবাহী শ্রমিকদের নিয়ে একটি ইউনিয়ন গডে ছিলেন। উদ্দেশ্য ছিল: স্ব-রাজ্যের প্রবাসী শ্রমিকদের জীবনভার লাঘব করা। আলিগড়ে এসে ক্ষেত্র আরও ব্যাপক হল। আবছলা এখানে এদে মহাত্মা গান্ধী, মোহমদ আলি, সওকৎ আলি, কিচলু প্রভৃতি দেশবরেণ্য মান্থবের প্রভাবে পড়লেন। কলেজ ইউনিয়নের স্থযোগে বক্তৃতা মঞ্চের সঙ্গেও পরিচয় ঘটল। স্থতরাং পুরোপুরি রাজনৈতিক মাহ্য শ্রীনগরে তাঁর হিদেবেই এবার আবিৰ্ভাব ঘটল।

আবছলা তখন 'মাস্টার আবছলা'। তিনি শ্রীনগরের গভর্নমেণ্ট হাইস্কুলে বিজ্ঞান পড়ান। অবসবে সহকর্মী তরুণ মুসলিম শিক্ষকদের নিয়ে দল পাকান। ওঁরা তার উৎসাহে 'ফতে কাদাল' নামে একটি বিডিং করলেন, তারপর লাহোর থেকে হুট কাগজ প্রকাশের ব্যবস্থা করলেন এবং অবশেষে প্রকাশভাবেই আন্দোলনের পথে পা বাড়ালেন। সেই আন্দোলনে শেথের অন্ততম সহযোগী ছিলেন তাঁর স্বী, বেগম আবহুলা। রক্তে তিনি আধা কাশ্মিরী, আধা বুটিশ। বাবা তাঁর শ্রীনগরের এক ইংরেঙ্গ হোটেল মালিক, মা কাশ্মিরী গুজুর হুহিতা। **দে**ই আন্দোলনের স্থত্র ধরেই ১৯৩২ সনে প্রতিষ্ঠিত হল মুসলিম কনফারেন্স বা কাশ্মীরের মুসলিম লীগ। শেথ আবহুলা ভুধু তার প্রেরণা নন, তিনিই তথন এই প্রতিষ্ঠানের অদ্বিতীয় নায়ক।

লীগপন্থী হিসেবে জীবন শুরু করলেও মুসলিম লীগের আদর্শ শেথ আবচ্বরার মনে যে কোন স্থায়ী প্রভাব বিস্তার করতে পারেনি সেটা বোঝা গেল ক'বছর পরে, ১৯৬৮ সনে। শেথের উলোগেই মুসলিম কনফারেক্স

দে বছর নাম নিল ভাশভাল কন-ফারেন্স। সেখানে হিন্দু মুসলিম নির্বিশেষে সকলের অবারিত দার। এবং শেথ আবত্নলা সেই থেকেই ভধ কাশীরে নয়, ভারতেও অন্যতম জনপ্রিয় নায়ক। মহাত্মা তাঁকে স্নেছ করেন, নেহক তাঁর জ্ঞে আইন অমাত্য করে শ্রীনগর অবধি ছুটে আদেন। এই বন্ধত্ব যে মিথ্যা ভিত্তির ওপর প্রতিষ্ঠিত নয় সেটা আরও প্রমাণ হল ১৯৪৫ সনে। সেবার জিলা গিয়েছিলেন কাশ্মীর ভ্রমণে। তাঁর সম্বর্ধনায় আবহুল্লাও যোগ দিয়েছিলেন। কিন্তু ভাষণ দিতে উঠে নির্দ্ধিগয় তিনি ঘোষণা করেন— আপনাকে আমি অভার্থনা জানাচ্চি বিখ্যাত একজন ভারতীয় নায়ক হিদেবে, মুদলিম নেতা হিদেবে নয়। জিল্লা ক্রন্ধ কঠে উত্তর দিয়েছিলেন---আমার যদি কোন পরিচয় থাকে তবে সেটা এই যে আমি মুসলিম লীগের প্রেসিডেণ্ট ।

সৈদিনই বোঝা গিয়েছিল আবতুলা জিলাকে সম্পূর্ণ নিরাশ করেছেন। জিলা সেই আশাভক্ষের উত্তর দিয়েছিলেন ত্'বছর পরে, ১৯৪৭ সনের অক্টোবরে কাশ্মীরে হানাদার ছেড়ে দিয়ে আর সেই ঐতিহাসিক

লড়াইয়ে অবিশ্বাস্ত মেরুদণ্ডের প্রিচয় দিয়েই 'শের-ই-কাশ্মীর' হয়েছিলেন আবহুলা। সেদিন উন্নত পাকিস্তানী রাইফেলের সামনে দাঁড় করিয়েও বন্দী কাশ্মিরী তরুপের মুথ দিয়ে বের করা যায় নি পাকিস্তান জিন্দাবাদ!

স্বাধীনতার পরেও আবহুলা 'শের-ই-কাশ্মীর'। তিনি নির্মম রাজতন্ত্রের স্বাধীনতা হাত থেকে কেডে এনেছেন। নানা আন্দোলনে তিনি মোট সাত দফায় ন' বছর জেলে কাটিয়েছেন। কাশ্মীরকে তিনি বর্বর পাকিস্তানী আক্রমণের মুখে নিভীক मिय्राट्य । গোপালস্বামী নেতত্ত্ব আয়েঙ্গারের পাশে দাঁড়িয়ে লেকসাক-সেসে মার্চ, ১৯৪৮ ] তিনি নির্দ্বিধায় ভারতভুক্তির স্বপক্ষে সওয়াল করেছেন. কাশ্মীরের সংবিধান থেকে শুরু করে 'নিউ কাশ্মীর' পরিকল্পনা তথা রাজ্যের ব্যাপক আর্থিক সংস্কার সর্বত্র তিনি স্পষ্ট আদর্শবাদী নায়ক। কিন্তু হায়, তারপরেই সহসা কুস্থমিত উপত্যকায় विष्ट्राप्त की हे मक्षात । '८० मत কাশ্মীর গণপরিষদের উদ্বোধনী ভাষণে শেখ সাহেব কাশ্মীরের ভবিয়াৎ সম্পর্কে ব্যাপক আলোচনার পর ঘোষণা করেছিলেন ভারতের সঙ্গে কাশ্মীরের

#### আববাস

অন্তভূ ক্রিই একমাত্র পথ। '৫২ সনে ' শোনা গেল তিনি অন্ত পথও বিবেচনা করছেন। '৫৩ সনে সে বাসনা আর গোপন করা সম্ভব হল না। আগস্টে অবধারিত সিদ্ধান্ত গৃহীত হল, নবজনোর পর থেকে রাজ্যের প্রধানমন্ত্রী কারারুদ্ধ হলেন। সাত বছর পরে '৫৯ সনে জামুয়ারীতে মুক্তি পেয়ে শেখ জানালেন তিনি এখনও তাঁর দেই পুরনো স্থ-স্বপ্নে মগ্ন। ফলে এপ্রিলে আবার কারাগার। বহু দিন পরে গতকাল শেখজী সেথান থেকে উন্মুক্ত অঙ্গনে এসে দাঁড়িয়েছেন।—এখনও কি মনে মনে তিনি তথাকথিত 'স্বাধীন কাশ্মীরের' স্থপ্ন দেখেন ?—চেনারের বনে এখনও কি তিনি স্তীভেনসন—ট্যালবটের ফিস ফিস প্রেমসঙ্গীত শুনতে পান ?

ইতিমধ্যে বিলামের বুক বেয়ে আনেক জল বয়ে গেছে। গেল ছটি মাদ বাদ দিলে আবছলা-হীন কাশ্মীর দীর্ঘ দশ বছরের প্রতিটি রাত্রি নিশ্চিস্ত মনে ঘুমিয়েছে। বনে বনে এবং শালের কোণে তেমনি ফুল ফুটেছে, ক্ষেতে ক্ষেতে তেমনি রাশি রাশি জাফ্রান। সন্দেহ নেই 'শেরে'রও বয়স হয়েছে। তীক্ষ তলোয়ারের মৃত সেই তরুণটি এখন পরিণত বয়স্ক। তিনটি পুত্র এবং

ত্রটি কন্মার জনক আজ কারও পিতা-মহ, কারও মাতামহ। ৯.৪.৬৪

#### আব্বাস, ফেরহাত

অভূত গল্প।

গল্পটার নাম দেওয়া যেতে পারে

—'একটি মান্থবের জন্ম।'

ঠাকুদা মস্ত ভূসামী ছিলেন।

জাতিতে তিনি কি ছিলেন, আরব

অথবা স্থানীয় আদিবাসী, নাতি তা
বলতে পারবে না। সে শুনেছে
১৮৭১ সনে খুব বড় রকমের একটা
বিদ্রোহ হয় তাদের এলাকায়।
ফরাসীদের বিরুদ্ধে দেশীয়দের বিদ্রোহ।
সে অবাধ্যতার জরিমানাস্থরপ ঠাকুদার
সম্পত্তি থোয়া গেল এবং ক বছর
পরে [১৮৯৯] ক্ষতিপ্রণ স্থরপ একটি
ফুটফুটে নাতি ঘরে এল। আদর
করে তার নাম রাথা হল আব্বাস।
ফেরহাত আব্বাস।

দশ বছরের ছেলে আবাস
সারাদিন গরীব মেষ পালকদের সঙ্গে ঘোরে, কিন্তু যথন ঘরে ফেরে, তথন সে পাকা সাহেব। ফরাসীদের সঙ্গে বাবার খ্ব দোস্তি কিনা তাই। বাবা মস্ত রাজ-কর্মচারী। স্বতরাং, ছেলেও পড়তে চলল সেরা সরকারী স্থলে। সে স্থলের ভাষা ফরাসী, আদ্বকায়দা ফরাসী এবং অধিকাংশ ছাত্রও
ফরাসীদের ছেলে। তাদের সঙ্গে
গলা মিলিয়ে মুসলমানের বাচ্চা স্থক
করল ইতিহাস পড়া—'আওয়ার
এ্যানসেন্টারস, দি গল'স্'—

স্থলের পড়া শেষ হল। আকাস এবার কলেজে চললেন। তারপর বিশ্ববিদ্যালয়ে। তিনি চিকিৎসা বিভার ছাত্র। যথাসময়ে এ বিভা আয়তে এল। मक्त्र मक्त्र भूत्राना শিক্ষাটাও এবার জোরাল আলজিরিয়ার একটা মফ:স্বল শহরের নবীন ডাক্তার আব্বাস অনেক ভেবে এলেন---আলজিরিয়াকে সিদ্ধান্তে ভালবাদা তাঁর কর্তব্য নয়।

'But would not die for an Algerian fatherland, because that fatherland does not exist.'

প্যারীর কাফেতে বসে আফ্রিকার অফান্ত তরুণ নায়কদের সঙ্গে তর্ক করেন আলজিরিয়ার ছাত্রনেতা আব্বাস। তাঁর বক্তব্য আলজিরিয়ান জাতি বলে পৃথিবীতে কিছু নেই। স্বতরাং, ইউ ক্যানট বিল্ড সামথিং অন দি উইও! অন্তরাও নাছোড়-বাদ্দা। স্বতরাং অবশেষে রফা হল। আব্বাস ঘোষণা করলেন; আল- জিরিয়াকে আর উপনিবেশ করে
রাথা চলবে না। আমরা তাকে
ফ্রান্সের প্রদেশ হিসেবে দেখতে চাই।
এল দ্বিতীয় মহাযুদ্ধ। আব্বাস
সৈন্ত বাহিনীতে নাম লেখালেন।
বিদায় বাণীতে বললেন—'ফ্রান্সের জয়
হক, আলজিরিয়ার জয় হক।'

যুদ্ধ শেষ হল। ফ্রান্স অবাক হয়ে শুনল আব্বাদের মুখে এক নতুন বাণী। তিনি বলছেন, আলজিরিয়ার মুসলমান আলজিরিয়ার মৃসলমান থাকতে চায়। আজ থেকে আলজিরিয়ার তাই দাবী। এল এন' আন্দোলনের मण्य रिमिकत्मत्र मारी এই। স্থতরাং মধ্যপন্থার পথিক আব্বাস ধীরে ধীরে তাঁদের দিকে এগিয়ে ১৯৫৪ সনে এরা ফরাসী সামাজ্যের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করল। '৫৬ অবধি উদভাস্তের মত হুই পক্ষের রক্ষারক্ষি দেখলেন আব্বাস। আপোষ মীমাংসার চেষ্টাও করলেন অনেক। किन्छ वृथा। भाविम स्वन क्रायह আরও বেপরোয়া হয়ে উঠল। স্থতরাং, অগতা৷ আব্বাদকেও তাই করতে হল। তিনি তার দল ভেঙে দিলেন, দেশ ছাডলেন. তারপর 'এফ এল এন'-এর বক্তমাথা পতাকাটাই হাতে তুলে निलिन ।

## আশীর

আবাদ এখন বিলোহী। আলজিবিয়ার দশস্থ বিলোহের নায়ক।
তিনি অস্থায়ী আলজিরিয়া গণতন্ত্রের
প্রধানমন্ত্রীও বটে। তার রাজ্য গোটা
আলজিরিয়া। রাজধানী কায়রোর
একটা ছ'তলা বাড়ীর একখানা ফ্লাট।
এখান থেকেই ফরাদী দান্রাজ্যবাদের
দক্ষে মরণ-পণ লড়াই চালিয়ে চলেছেন
আলজিরীয় মৃক্তি-যুদ্ধের নায়কেরা।
আব্বাস তাঁদেরও নায়ক।

'এফ এল এন' মন্ত্রিসভা স্থির করেছেন তাঁরা জেনারেল ভা গল-এর নিমন্ত্রণ রক্ষা করবেন। তাঁদের হয়ে আব্বাস তার সঙ্গে যুদ্ধ-বিরতির সর্ত আলোচনা করবেন। সংবাদটা স্থসংবাদ। ছয় বছরের বিরামহীন লড়াইয়ে আলজিরিয়া আজ ক্লাস্ত। ক্লান্ত তার নায়কেরাও। বিশেষ করে আব্বাস। ফেরহাত আব্বাস গেরিলা যুদ্ধের মাহুষ নন। বন্ধুরা বলেন তিনি ঘুমের মান্তব। আব্বাদের नवरहरत्र वर् विनाम नाकि घूम। তবে শক্ররাও স্বীকার করেন—দে ঘুমেও আব্বাস আলজিরিয়া ছাড়া আর কিছু স্বপ্ন দেখেন না।

2.9.60

# আমীর, ফিল্ড মার্শাল আবতুল হাকিম

জীবনটা যদি অগ্ররকম হত তাহলে বলার কিছু ছিল না।

সামালাউট জেলার আস্তাল গাঁ
নিবাদী বাবা ছিলেন একজন সম্পন্ন
চাষী। এক ভাই আইন পড়তেন।
আর এক ভাই পড়তেন কায়রো
বিশ্ববিগ্যালয়ের কলা বিভাগে। বাবার
ইচ্ছে ছিল—ছোটটি ডাক্তারি পড়ে।
কিন্তু মেডিকেল কলেজে ভর্তি করান
গেল না। স্থতরাং দিয়ে দেওয়া হল
কৃষিবিগ্যার কলেজেই। '—চাষীই
যদি হয় তবে হাল আমলের চাষীই
হ'ক!'

দেখানেই পড়তেন। হঠাৎ লেবরেটারীতে বন্ধু আন্দুল কাদের বলল—'জানিস, আমি কলেজ ছেড়ে দিচ্ছি।'

'—কেন ?'

'—আমি মিলিটারিতে ধাচ্ছি।'

'—তবে আমিও যাব।'

দেটাই ছিল দরথাস্তের শেষ তারিথ। তা হক। দেদিনই দরথাস্ত পড়ল। দরথাস্ত মঞ্চুর হল এবং কোন-মতে মেডিকেল পরীক্ষার ঝামেলাটাও

## আবত্তল হাকিম

ভালোয় ভালোয় চুকে গেল। ব্যস, সঙ্গে সঙ্গে চাধীর ছেলে আব্দূল হাকিম আমীর 'শিক্ষিত চাধী' হতে হতে হঠাৎ মিলিটারী হয়ে গেল।

সেই ছেলেটিই এখন মিশরের বিখ্যাত সেনাপতি ফিল্ড মার্শাল আমীর। ফিল্ড মার্শাল আমীর এখন শুধু সংযুক্ত আরব সাধারণতদ্বের প্রধান সেনাপতি নন, ঐ নামের রাষ্ট্রটির তিনিই উপরাষ্ট্রপতি।

ষেমন নাসের, তেমনি আমীর।
গোড়া থেকে সৈল্যদের প্রিয়
সেনাপতি। মিলিটারী একাডেমীতে
নবীন শিক্ষার্থী আমীর ছিলেন
সকলের প্রিয় 'কর্পোরাল আমীর'।
তিনি কখনও চড়াগলায় কথা বলেন
না, কখনও জ্ব কৃঞ্চিত করেন না,
কখনও রুটিন নিয়ে অত্যধিক
ঘাটাঘাটি করেন না।

আঠার মাস পরে ১৯৩৯ সনে—
কমিশনত হওয়ার পর বাতানার
পদাতিক বাহিনী তাঁদের তরুণ
অফিসারের [জন্ম—১৯১৯ সনের
ডিসেম্বর] নাম দিল—'কমাণ্ডার
রুশো'। কেননা, সদাচারী সদালাপী,
নিয়মনিষ্ঠ আদর্শবাদী আমীর তথন
রীতিমত রুশো ভক্ত। কথায় কথায়
তিনি রুশো'কোট্'করেন।

'রুশো'র সঙ্গে সেথানেই একদিন আকস্মিকভাবে পরিচয় হয়ে গেল নাদেরের। দেদিন সন্ধ্যায় জনৈক অফিসারের বাড়ি বেড়াতে গিয়েছেন আমীর। তাঁর বাড়িতেও এমনি অনেকে আসেন। কিন্তু এবার ঘটনাটা একটু অন্থরকম হয়ে গেল। আদর্শবাদী নাদেরকে আমীরের ভাল লেগে গেল। এবং আমীরকে নাদেরের। ওঁরা দেদিনই বন্ধু হয়ে গেলন।

তারপর অনেকবার দেখা হয়েছে

ছই বন্ধুর। স্থানে, খার্ট্নে,
কায়রোতে,—প্যালেন্টাইনের রণক্ষেত্রে। নাদের তীক্ষ চোথে
ছেলেটিকে পর্যবেক্ষণ করে গেছেন

সর্বত্র। স্থান উধ্বতিন কর্তৃপক্ষের

সঙ্গে রাগারাগি করে একবার কাজে

ইস্তফা দিয়ে দিয়েছিলেন আমীর কিন্তু

নাদের বললেন—'না, এখনও সময়

হয়নি, তুমি বরং ট্যাক্ষফার নাও!'

বন্ধুত্ব, উৎসাহ, পরামর্শ সব দিয়েছিলেন সেদিন ওঁকে নাসের কিন্তু
তবুও তিনি আমীরকে তাঁর ফ্রি
আফিসারস অর্গেনাইজেশনের থবর
দেন নি। আমীর সেটি পেয়েছিলেন
মাত্র প্যালেস্টাইন যুদ্ধের পরে। কিন্তু
থবরটা কানে আসামাত্র নাসেরকে

#### আরুলেগুর

তিনি জড়িয়ে ধরেছিলেন। তারপর ১৯৫২ সনের সেই স্মরণীয় ২৩শে জুলাই স্মরধি প্রতি পদক্ষেপে তিনি নাসেরের সঙ্গী। আজও তিনি তাই আছেন।

'৫৩ সনের মার্চে মিশর প্রজাতন্ত্র ঘোষিত হল। সঙ্গে সঙ্গে আমীরের নাম ঘোষিত হল নবীন প্রজাতন্ত্রের প্রথম প্রধান সেনাপতি হিসাবে। '৫৬ সনে স্থয়েজ যুদ্ধে তিনি ছিলেন মিশর, সিরিয়া, সৌদি আরব এবং ইয়েমেনের সন্মিলিত বাহিনীর প্রধান সেনাপতি। '৫৯ সনের মার্চ থেকে তিনি সংযুক্ত আরব সাধারণতন্ত্রের উপরাষ্টপতি।

উপরাষ্ট্রপতি আমীর দশ দিনের জন্মে ভারতে এসেছেন। এবার প্রজাতন্ত্র দিবসে বন্ধুর দেশ মিশর থেকে তিনি আমাদের অতিথি। তাঁকে স্থাগত।

উপসংহারে ফিল্ড মাশাল আমীরের আর একটু পরিচয়। দেনানায়ক হলেও আমীর একজন হর্লভ শ্রেণীর পাঠক এবং যুগপৎ একজন বিশিষ্ট খেলোয়াড়ও। তিনি চমৎকার দাবা খেলেন। তবে তার চেয়েও ভাল খেলতেন ফুটবল। উপরাষ্ট্রপতি এখনও তাঁর নিজের দেশের ফুটবল এসোসিয়েশনের সভাপতি।

૨**૯.** ૪. **૭**૨

## আরলেণ্ডার, টেব্রু

স্কর্ণের জন্মের বছরই মি: আরলেণ্ডার-এর জন্ম (১৯০১)। বাবাও ছিলেন স্থল শিক্ষক। কিন্তু স্থইডেনের প্রধানমন্ত্রী আরলেগুার হলেন শিক্ষামন্ত্রী। ১৯৪৫ সাল থেকে স্থইডেনে লেবার মন্ত্রিসভা। সে বছর থেকেই প্রকৃতি-বিজ্ঞান এবং সমাজ-বিজ্ঞানের কৃতি ছাত্র আরলেণ্ডার স্থইডেনের শিক্ষামন্ত্রী। এই দপ্তরে তাঁর শ্রেষ্ঠ ক্রতিত্ব: স্বইডেনে বাধ্যতা-মূলক ইংরাজী শিক্ষার প্রবর্তন। আরলেণ্ডারের বিধানে — স্থ ই ডি স ছেলেমেয়েরা আজ নয় বছর বাধ্যতা-মূলক স্কুলে পড়ে। পাঁচ বছর ইংরেজী भए ।

'৪৫ সালে মন্ত্রী মনোনীত হলেও টেজ' আরলেণ্ডার তাঁর ছাত্র জীবন থেকেই রাজনৈতিক। ১৯৩২ সালে শ্রমিক দলের সদস্য হিসাবে প্রথম পালামেন্টে আসেন তিনি। তারপর থেকে আজ অবধিও অনড় আছে তাঁর আসন।

স্ইডেনে নানা সমাজ সংস্কারক বিধি বিধানের সঙ্গে আরলেণ্ডার-এর নাম আজ অচ্ছেছা। পপুলেশন কমিশনের চেয়ারম্যান হিসাবে '৪১

#### আবতুল সালাম মহম্মদ

সালে তিনিই প্রথম সন্ধান করেছিলেন একটি ছেলে বা মেয়ের ভরণপোষণে কত থরচ পড়ে তার মা বাবার! এবং সেদিন থেকেই আইন হয়েছে ওদেশে যে, মা বাবার আয়ে আর সন্তানদের পিছে ব্যয়ে যা ব্যবধান তা পূরণ করবে সরকার!

স্থী, সমৃদ্ধ, শান্তিপূর্ণ গণতান্ত্রিক রাষ্ট্র স্থইডেন আজ আরপ্ত স্থথী। কারন, ১৯৪৬ সাল থেকে সোম্মালিষ্ট আরলেণ্ডার তার প্রধানমন্ত্রী। তিনি তার দেশের মাত্বকে জানেন। তাঁর দেশপ্ত দীর্ঘকালের পরিচয়ে তাঁকে জানে। আলভিকের একটা তিন-কামরার ফ্লাটে স্থইডেনের প্রধানমন্ত্রী স্থী আর ঘটি ছোট ছেলেকে নিয়ে বাস করেন। সকালে স্বামী পার্লা-মেন্টের পথে বেরিয়ে যান। তাঁর পেছনে পেছনেই বের হন আইনা। তাঁরপ্ত স্থল আছে। স্থইডেনের প্রধানমন্ত্রীর স্ত্রী স্টকহলমে মেয়েদের স্থলে কেমেন্ত্রি পড়ান। ২৪.১২.৫৯

## আরিফ, আবতুল সালাম মহম্মদ

হাতটা চেপে ধরলেন কাদেম,—
একী, কী মতলব তোমার দালাম ?
তুমি কী আমাকে খুন করবে ?

হাতের পিন্তল হাতেই রইল।

ভুকরে কেঁদে উঠলেন আরিফ,—না, না, আমি কাউকে খুন করব না,— আমি নিজেকে খুন করতে চাই!— আমি আত্মহত্যা করতে চাই!

—এবারও আমি তোমাকে ক্ষমা
করলাম আরিফ, দলিশ্ব কাদেম
আরিফের ম্থের দিকে তাকিয়ে
হাতটা ছেড়ে দিলেন।—কিন্তু আমার
কণা রাথতেই হবে তোমাকে,—
বাইরে যেতেই হবে। তোমার জন্তে
আজ আমাদের দেশ ছভাগ হতে
চলেছে,—আই ওয়ান্ট টু কীপ ইউ
এওয়ে ক্রম ইভিল পিপল। নিজে
গিয়ে এক মাদ ছধ নিয়ে এলেন
কাদেম,—নাও, থাও। তারপর ঠাওা
মাথায় বল—রাজী γ

রাজী হয়েছিলেন আরিফ। মাঝ রাতে সহকর্মীকে বিদায় জানিয়ে নিশ্চিন্ত হয়ে শোবার ঘরে চুকেছিলেন কাসেম। পরদিন সত্যিসত্যিই দেশের সহকারী প্রধানমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর পদ ছেড়ে রাষ্ট্রদূতের পরিচয়পত্র নিয়ে পশ্চিম জার্মানী যাত্রা করেছিলেন আরিফ। দে'৫৮ সনের অক্টোবরের কথা। অর্থাৎ, 'বিপ্লবের' মাত্র চার মাস পরের।

তিন সপ্তাহও কাটল না। হঠাৎ বিনা থবরে বন থেকে বোগদাদে ফিরে

#### আরিফ

এলেন আরিফ। এবার আর ক্ষমা
নয়। পার্শ্বচরদের পরামর্শে সঙ্গে সঙ্গে
তাকে গ্রেপ্তার করলেন কাসেম।
কমিউনিস্টদের তৎপরতায় সামরিক
আদালত সেজেগুজে বসেই ছিল।
ভিসেম্বরে 'বিপ্লবের ত্রমনের' বিচার
হয়ে গেল। রায়: প্রাণদণ্ড। কায়ারিং
স্কোয়াড নিশানা তাক করে দাঁড়াল।
কী ভাবলেন কাসেম, বললেন—সবুর।
ওরা আবার ব্যারাকে ফিরে গেল,
আরিফ নিক্ষিপ্ত হলেন কারাগারে।

পুরো ১৯৫৯ গেল, '৬০ গেল। আরিফের মৃত্যুদণ্ড আর কার্যকর হল না। অধৈর্ঘ কমিউনিস্টরা ঘুরে ঘুরেই আসে, চরম আদেশ চায়। কিন্তু কাদেম তবুও মনস্থির করতে পারেন না। কে শক্র, কে মিত্র এখনও যেন তিনি ঠাহর করে উঠতে পারছেন না। যথনই আরিফ সম্পর্কে কথা ওঠে তখনই তাঁর এক কথা,—সবুর ! '৬১ সনের জুলাইতে আরও যেন নরম হয়ে গেলেন কাসেম, বিপ্লবের তৃতীয় বার্ষিকী উপলক্ষে আরিফকে তিনি ছেড়ে দিলেন। হতবাক কমিউনিস্টরা প্রমাদ গুনলেন, বলে কয়ে তারা আরিফকে যাতে অস্তত আরও কিছু দিন অন্তরীণ রাখা হয় তার ব্যবস্থা করলেন।

সেই ব্যবস্থাতেই ছিলেন আরিফ।
বোগদাদের উপকণ্ঠে একটি বাড়িতে
নিঃসঙ্গ বন্দীজীবন যাপন করছিলেন।
গেল বছর মে মাসে—একবার শুধু
মকা গিয়েছিলেন তীর্থ করতে। নয়ত
সেই বন্দীশালাই ছিল—'৫৮ সনের
ঐতিহাসিক বিপ্লবের পরে তাঁর একমাত্র প্রাপ্য, একমাত্র শ্বায়ী পুরস্কার।

কিন্তু হারুনল রুশীদের দেশে কোন কিছুই বোধহয় স্থায়ী নয়। আরব্য রজনীর শেষ কাহিনীটাই শেষ নয়। বন্দীশালা থেকে আবার দিনের আলোয় ফিরে এদেছেন ইদানীং অশ্রতপ্রায় ইরাকী নায়ক কর্নেল আবহল সালাম মহমদ আরিফ। সংবাদ, নব নেবুচাদনাজার কাসেমের শূলে ঝুলন্ত উভানের কবরের ওপর বোগদাদে প্রতিষ্ঠিত হয়েছে যে নব গণতন্ত্রের সৌধ, কর্নেল আরিফ নির্বাচিত হয়েছেন তার প্রধান। বন্দীশালা থেকে পরিত্যক্ত যোদ্ধা আবার ফিরে এসেছেন তাঁর প্রাপ্য আসনে। এ বিপ্লবের কৃতিত্ব অবশ্রই টাইগ্রিস-ইউফ্রেটিস তীরের গণতন্ত্রী মাহুষের চেতনা, কিন্তু ইরাকবাদী জানেন-এই আনন্দক্ষণে আরিফকে যে তারা দঙ্গে পেলেন—সে শুধু কাসেমের জন্মে।

কাদেম বলতেন—আমার পুত্র,
আমার ছাত্র,—আমার ভাই ! আরিফ
আমার সব ! কাসেমের কথা বলতে
গেলেই চোথে জল আসত আরিফের।
তিনি বলতেন—কাসেম আমার বাপ।

সেই ঐতিহাসিক দিনে জুলাইয়ের তারিখে জর্ডানের বোগদাদের বাদশাহের প্রাসাদের দিকে যাত্রা করেছিল যে বাহিনীটি সেটি এই আরিফেরই ২০নং ব্রিগেড। সবচেয়ে নির্ভরযোগ্য শিশ্য আরিফের ওপরই প্রাসাদ আক্রমণের দায়িত্ব দিয়েছিলেন কাসেম। সে দায়িত্ব যে তরুণ দৈনিক নিষ্ঠাভরে পালন করে-ছিলেন—তার প্রমাণ হাসেমাইট বংশের কবর। পরদিন কাসেম এসে জড়িয়ে ধরেছিলেন আরিফকে, বলে-ছিলেন, সাবাস ! এবার থেকে আমরা मरशान्त्र। कारमय প্রধানমন্ত্রী হলেন. আরিফ মনোনীত হলেন সহকারী প্রধানমন্ত্রী।

কিন্তু সেই সহোদরী আবহাওয়া অচিরেই সাহার। হয়ে গেল। বিপ্লবের অব্যবহিত পরে দামাস্কাসে নাসেরের সঙ্গে দেখা করতে গিয়ে আরিফ নাসেরী হাওয়া নিয়ে দেশে ফিরলেন। ভবিশ্বৎ সম্পর্কে পরিকল্পনাহীন যোদ্ধা কাসেম থেন ভূত দেখলেন। তিনি কী চান ডা তিনি এখনও জানেন না বটে, কিন্তু তাই বলে কী নাসের? আরিফকে তিনি হুঁসিয়ার করে দিলেন।

পারদের মত স্পর্শকাতর আরিফ উষ্ণ হয়ে উঠলেন। বোগদাদের পথে পথে তিনি তপ্ত হ্রাওয়া ছড়িয়ে বেড়াতে লাগলেন। কেনই বা নয় ? তেল-জল সব আছে ইরাকের, কিন্তু তবুও আদি মান্ত্ষের প্রথম পতনক্ষেত্র বাইবেলের ইডেন ইরাক এখনও শাশান,—দলীয় লালসায়—দেশের যত রদ দব থেজুর গাছের মত উপরতলায়. বিশেষ মহলায়। এক নিৰ্দোষ জনতার খুন ঝরছে, বসরার গোলাপ আরও লাল হচ্ছে,—কমিউনিস্ট্রা বাহার দেখাবার মতল্ব করছে। শক্ষিত কাদেম নিষ্কৃতির পথ খুঁজলেন। 'সহোদরের' শৃত্যস্থান পূরণ করেছিল যারা, সেই কমিউনিষ্টরা পথ দেখাল-দেশাস্তরী কর, বাইরে পাঠাও। সেই প্রস্তাব ভনেই কোমর থেকে পিস্তল টেনে নিয়েছিলেন—আরিফ। অবখ্য ঘরে ফিরেছিলেন—চোখে জল নিয়ে।

আজ 'পিতার' আদনে ফিরে আদার ক্ষণেও চোথে তাঁর মমতার জলবিন্দু দেখা যাচ্ছে কিনা আমরা জানিনা। না দেখা গেলেও বিশ্বয়ের

### আলভা, ভায়োলেট

কিছু নেই। কেন না, মধ্যপ্রাচা, বিশেষত ইরাকে দেটাই দেশাচার। ১৯৩৩ সন থেকে ১৯৫৮ সন অবধি কমপক্ষে তিন জন 'আবুহোসেন' খুন হয়েছেন সেখানে। এবং কেউ 'পরের' হাতে নয়। মনে রাথতে হবে নারীর বেশে পালাতে চেয়েছিলেন প্রধানমন্ত্রী নৃরি-এস-সৈদ, কিন্তু কাসেম তাঁকে ক্ষমা করেন নি; এবং যে ফয়জলের রক্তমাথা দেহ ছিল নয়া জমানার অভিষেক-প্রতীক, কাসেম ছিলেন সেই ফয়জলের বিশ্বস্ত সেনাপতি!

১৪. ২. ৬৩

## আলভা, ভায়োলেট

কাগজটার নাম—'ফোরাম।' প্রবন্ধটার নাম ছিল—'সেটলিং অ্যাকাউ**ন্টদ।'** অর্থাৎ, ইংরেজের সঙ্গে শেষ হিসাব-নিকাশ। আজকের মত তথনও 'ফোরাম'-এর সম্পাদক শ্রীজোয়াকিম আলভা। স্বতরাং. যদিও তিনি তথন নিয়মিত লেখিকা তা হলেও রাজদ্রোহমূলক এই বিখ্যাত নিবন্ধটি (১৯৪৩) তারই লেখা কিনা বলা শক্ত। তবে সেই অকুতোভয় সম্পাদকেরই স্ত্রী। স্থতরাং, লেথার চেয়েও কঠিন কাঙ্গে যে তাঁর অভ্যেস ছিল সেটা জানা গিয়েছিল সে বছরই। পাঁচ মাসের শিশু সস্তানকে কোলে নিয়ে ভায়লেট সেদিন সানন্দে জেলে ছটেছিলেন।

অনেক উপলক্ষ্যেই অনকা। কখনও দক্ষিণের ইতিহাসে, কথনও নিজের এলাকা তথা আঞ্চলিক ভগোল ছাপিয়ে গোটা ভারতে। নাম ছিল-ভায়লেট হারি। ভূমিষ্ঠ হয়েছিলেন (১৯০৮) দক্ষিণের সাধারণ একটি ঞ্জীষ্টান পরিবারে। কিন্তু বোম্বাইয়ের দেউ জেভিয়ার্স কলেজে এবং পরে ল' কলেজে তিনি এক অসাধারণ মেয়ে। প্রতিটি পরীকায় সংবাদ। সে সংবাদ শিরোনামা হল. ষেদিন এম এ এবং এল এল বি উত্তীৰ্ণা ভায়লেট কালো গাউন চাপিয়ে বোমাই হাইকোর্টে সওয়াল করতে অবতীর্ণা হলেন। কেননা, সেথানে তিনিই প্রথম মহিলা অ্যাডভোকেট।

আইন ব্যবসা, সাংবাদিকতা,---জেলে যাওয়া-আসা ভায়লেট আলভা পশ্চিম এবং দক্ষিণ ভারতে তথন থেকেই স্থপরিচিত নাম। '৪৬ সনে বিনা প্রতিম্বন্দিতায় বোম্বাই কর্পো-কাউন্সিলারের বেশনে আসনে বসেছেন, '৪৭ সনে বোম্বাই বিধান পরিষদে সদস্যা হয়েছেন, '৫২ সনে নিখিল ভারত সংবাদপত্র সম্মেলনে প্রথম মহিলা হিসাবে **ন্ট্যাত্তিং** 

## আলি, মোহাস্মদ

কমিটিতে স্থান পেয়েছেন এবং কোথায় नग्र ? कः ध्यम भाना स्मिका है । কেন্দ্রীয় ফিল্ম দেন্দার বোর্ড, পাবলিক একাউণ্টস কমিটি, '৫২ সন থেকে নয়াদিল্লীতেও ভায়লেট আলভা একটি বিশিষ্ট নাম। '৫০ সনে প্রথম মহিলা প্রতিনিধি হিসাবে তাঁকে সংবাদপত্র-দেবীদের দল নিয়ে মিশরে পাঠান হয়েছে, '৫৪ সনে ভারতীয় সাংস্কৃতিক প্রতিনিধিদের নেত্রী হিসেবে তিনি রাশিয়া সফর করেছেন, 'য়ুনো'র দেমিনারে যোগ দিয়েছেন, সিংহল সফর করেছেন এবং ইত্যাদি ইত্যাদি। স্থতরাং শ্রীমতী আলভা আন্তর্জাতিক মহিলা আইনবিদ্দের সংস্থার সভা-নেত্রী নির্বাচিত হয়েছেন ভনে আজ তাঁকে নিয়ে লিখতে বসেছি বটে, কিন্তু বলা নিম্প্রয়োজন, সেটা উপলক্ষ্য মাত। বিশেষ করে মনে রাথতে হবে ১৯৫৭ সনের এপ্রিল থেকে তিনি কেন্দ্রীয় মন্ত্রিসভার স্বরাষ্ট্র দপ্তরে ডেপুটি মন্ত্রী ছিলেন এবং এবছর এপ্রিল থেকে তিনি রাজ্যসভার সহকারী চেয়ার্ম্যান शिरमाय काक ठानारका ।

স্থতরাং, নতুন করে আর কাজের কথা না বলে উপসংহারে আজকের ভারতীয় রাজনীতিতে অন্ততমা এই মহিলাটির হুটো ঘরের থবরই বলি।

ব্যক্তিগত জীবনে রাজাসভার ডেপুটি চেয়ারম্যান এবং নানা সভার সভানেত্রী, সহ-সভানেত্রী আলভা এক সংসারের কর্নী। জোয়াকিম আলভা বোম্বাইয়ের বিখ্যাত এবং জনপ্রিয় কংগ্রেস-নায়ক, এ্যাডভোকেট, সম্পাদক, লেখক এবং পার্লামেণ্টের সদস্ত। একদা সহপাঠী ভায়লেটের সঙ্গে বিয়ে হয় তাঁর ১৯৩৭ বয়দে এক বছরের ছোট হলেও, লেখাপড়ায় ভায়লেট ছিলেন তার ওপরে। বি এ পড়েই লিখিয়েছিলেন কলেজে নাম জোয়াকিম। ভায়লেট এল এল বি হয়েছিলেন এম এ পাশ করে !—

ওঁরা হটি পুত্র ও এক কন্সার পিতামাতা।

## আলি, মোহাম্মদ

ছাত্রজীবন কেটেছে এই কলকাতা শহরেই। প্রথমে আলিপুরের হেক্টিংস-হাউসে, তারপর ওয়েলেসলির মাদ্রাসায়, তারপর ইসলামিয়া কলেজে এবং অবশেষে প্রেসিডেন্সীতে। উনি কলকাতারই বি. এ., বি. এল।

যৌবনেও আনেকদিন কল-কাতাতেই ছিলেন। তুপুরে রাইটার্স বিক্রিংস, বিকেলে ফুটবল, হকি

#### আলি, মোহাস্কদ

কিংবা টেনিস মাঠ, সন্ধ্যায় কলকাতার প্রথম শ্রেণীর ক্লাবের মন্ধলিস,—ওঁর মত প্রাণোচ্ছল যুবা কলকাতায় তথন মাত্র কয়েকজন। প্রাণ-খোলা হাসি, থৈ-ফোটা কথা, স্পীডওয়ালা গাড়ি— দেখে কে বলবে মুখ্যমন্ত্রীর এই পার্লা-মেন্টারী সেক্রেটারীটি মফ:স্বলের ছেলে।

অবশ্য এ থবরটা জানাজানি হয়ে
গিয়েছিল ক'দিনের মধ্যেই। বিশেষ
করে পরের বছর (১৯৪৬) তিনি যথন
পার্লামেন্টারী সেক্রেটারী থেকে
বাংলার অর্থমন্ত্রী হয়ে গেলেন তথন
কারও জানকে বাকী রইল না যে
স্থরাবদী সাহেবের এই প্রিয় দোসরটির
নাম মোহাম্মদ আলি এবং বাড়ী তাঁর
বগুড়ার ধানবাড়ী।

বগুড়ার ওঁরা দেকালেও বিখ্যাত পরিবার। ঠাকুদা নবাব বাহাত্তর দৈয়দ নবাব আলী ছিলেন বাংলার প্রথম ম্সলিম মন্ত্রী। তত্ম পুত্র নবাব আলতাফ আলির সাত সস্তানের একটি এই মোহাম্মদ আলি। কলকাতায় তিনি যথন সবে খ্যাতির মুথে, ঐ তক্ষণ বয়দে বগুড়ায় কিন্তু ইতিমধ্যেই স্প্রতিষ্ঠিত ব্যক্তি। মিউনিসিপ্যালিটি, জেলা কো-অপারেটিভ, ডিব্রিক্ট ব্যার্ড ডিব্রিক্ট ব্যার্ড—জেলা ম্সলীমলীগ সব হয়ে গেছে তাঁর। বাকী

ষা ছিল কিছু তার পূর্ণ হল কলকাতার এবং অবশিষ্ট করাচীতে।

'মোহাম্মদ আলি অব বগুড়া' পাকিস্তানের ष्ट्रगामिन থেকেই করাচীতে স্থপরিচিত ব্যক্তিও। স্থগঠিত দেহ। উচ্চতা—পাঁচ ফুট আট ইঞ্চি, ওজন—একশ' পঁচাত্তর পাউও। বয়স তথন চল্লিশও হয়নি। ( এখন তিপ্পান্ন ) স্থতরাং গণপরিষদের এই উজ্জন সদস্যটি প্রথমে ('৪৮) প্রেরিত হলেন ব্রহ্মদেশে পাক-রাষ্ট্রদৃত হিসেবে। তারপর তিন বছরের জন্মে কানাডায় এবং অবশেষে '৫২ সনে থাস আমেরিকায়। মোহাম্মদ আলি সে সময়েই কিছুদিনের জন্মে পাকি-স্তানের প্রধানমন্ত্রীও হয়েছিলেন ৷ স্থতরাং এটা বোধহয় মোটেই বিস্ময়-কর নয় যে, দীর্ঘকাল রাজনৈতিক জীবনের অধিকার থেকে বঞ্চিত এই প্রাণোচ্ছল রাজনীতিকটি স্থযোগ পাওয়া মাত্র আইনের শাসনের প্রশ্ন তুলবেন। সংবাদ: মোহাম্মদ আলি তাই করেছেন। জাতীয় পরিষদের প্রথম অধিবেশনেই তিনি আয়ুবী শাসনতন্ত্রের কঠোর সমালোচনা করেছেন, তিনি জানতে চেয়েছেন— আইনের অধিকার লজ্যিত হচ্ছে নাকি?

উল্লেখযোগ্য, ছ' বছর আগে এই অধিকারের প্রশ্নেই একদিন জনমতের কাঠগড়ায় দাঁড়াতে হয়েছিল পাকি-স্তানের তৎকালীন প্রধানমন্ত্রী 'বগুড়ার মোহাম্মদ আলিকে'।

প্রশ্নটা বেগম হামিদা বাস্থ বা তাঁর ছই পুত্র হাম্মাদ এবং হামদে তোলেন নি। তুলেছিলেন—করাচীর কুড়ি হাজার মহিলা। তাঁরা প্রশ্ন করেছিলেন—কাজটা কি ঠিক হল ? স্ত্রী হামিদা বাস্থ বেঁচে থাকতেই প্রধানমন্ত্রীর পক্ষে এভাবে একাস্ত সচিবকে বিয়ে করা কি সঙ্গত হল ? স্ত্রী হিসেবে মেয়েদের কি কোন অধিকারই নেই ?

উত্তরে: পাকিস্তান সরকার সেদিন একটা কমিশন বসিয়েছিলেন। তাঁরা দেশবাসীর কাছে যথারীতি প্রশ্ন-পত্রও পাঠিয়েছিলেন। উত্তরে প্রতি ছ'জনের পাঁচজনই জানিয়েছিলেন— না, এতে কোন দোষ নেই। ইসলামে চারটে বিয়েও অনায়াসে চলতে পারে।

কমিশন দিদ্ধান্ত করেছিলেন—
তবে আজকের দিনে হুটো চলাই
সঙ্গত !

ভূতপূর্ব প্রধানমন্ত্রীর জানা উচিত তাঁর দেই কমিশনে যাঁরা ছিলেন তাঁরাই আজ আয়ুবের শাসনতন্ত্র রচয়িতা,—বিশেষজ্ঞ!

#### আয়েকার, অনন্ত শয়নম্

সাব, আই বেগ টুম্ভলীভ টু ইনটডিউস দিবিল⋯

—মোশান মৃভভ: দ্যাট লীভ বি গ্রানটেড টু ইনট্ডিউস দি বিল…

একের পর এক বিল উঠছে লোকসভায়, পাঁচ বছরে তিনশ। প্রত্যেকটি তার গুরুত্বপূর্ণ, কোন কোনটা যুগাস্তকারী। প্রতিবারই উঠে দাঁড়িয়েছেন সেই প্রবীণ মাহ্নষটি। তিনি সম্মতি দিলে তবে আলোচনা। প্রতিটি বিলের প্রথম পাতায় তাঁর স্বাক্ষর। তাঁর সই না পেলে কোন বিল—আইন হওয়ার দাবী তুলতে পারে না। লোকসভার সম্মতি পেলেও না।

শুধু বিল নয়, সংশোধনী, মূলতুবী প্রস্তাব, প্রশ্ন; লোকসভা পরিচালনা থেকে সদস্তদের নিরাপত্তা, তাঁদের চা থাওয়ার ব্যবস্থা সব তাঁর দায়িত্ব। অধিবেশনে যোগ দেওয়ার পথে কোন সদস্ত রাস্তায় 'বাধা' পেলেন—তবে তিনিই দায়ী হবেন। কেননা, লোকসভার পথঘাট নিঝ ক্লাট রাথাও তাঁরই কর্তব্য।

আশ্চর্য এই, ১৯৫৬ দনের ৮ই মার্চ থেকে ১৯৬২ দনের ৩০শে মার্চ পর্যস্ত

#### चारग्रजात, जनसमग्रमग्

ষিনি সগৌরবে এই বিচিত্র কর্তব্য ক্রটিহীনভাবে সম্পন্ন করলেন—তিনি একান্তর বছরের বুদ্ধ। এক**জ**ন ঐতিহাসিক ছিতীয ভারতের লোকসভার ততোধিক ঐতিহাসিক বিলগুলোর পাতায় অথ প্রথম **সংক্রান্ত হলে শেষ পাতায়ও** ] চির-কালের জন্ম লিখিত রয়ে গেল সেই ঐতিহাসিক পুরুষের স্বাক্ষর: অনন্তশয়নম আয়েকার।

জন্ম—১৮>১ সন। জন্মখান—
চিত্ত্র জেলার হিরুচাল্র। লেথাপড়া
—মান্তাজ।

মাজাজের বি-এ, বি-এল প্রীআয়েঙ্গার এক সময়ে পেশায় ছিলেন অ্যাভভোকেট। স্বভাবতই আইনের শাসনের সঙ্গে পরিচয় ছিল তার। কিন্তু তবুও স্বীকার না করে উপায় নেই লোকসভার শীকার হিসাবে যে যোগ্যতা তিনি দেখালেন, তার পেছনে বেআইনী জীবন।

জেলা কংগ্রেস থেকে শুরু করে অন্ধ্র প্রাদেশিক কংগ্রেস, নিথিল ভারত কংগ্রেস কমিটি, হরিজন সেবক সংজ্য ইত্যাদির সঙ্গে জড়িত প্রী আয়েক্লার পুরনো স্বদেশী! ফলে, বছকাল কেটেছে তাঁর জেলে।

তবুও আইন অমাশ্যকারী শ্রী

আয়েঙ্গোর পরবর্তীকালে বিখ্যাত 'কমিটিম্যান' হতে পেরেছিলেন, তার কারণ তিনি আমাদের চরম লক্ষাটার কথা জানতেন। জানতেন-মেনং হ আর টু লিভ টুগেদার পীসফুলি মাস্ট বি এবল টু আগু টুগোদার পীসফুলি। কেন্দ্রীয় শিক্ষা উপদেষ্টা বোর্ড. ক্রিমিক্সাল ট্রাইবস এনকোয়ারী কমিটি. এষ্টিমেট কমিটি, বার এসোসিয়েশন, গণপরিষদ, কমন ওয়েলথ পার্লামেন্টারী কনফারেন্স ইত্যাদি বহুতর কমিটি এবং কনফারেন্স-অভিজ্ঞ শ্রী আয়েক্লার তাই যেদিন প্রথম লোকসভায় ডেপুট স্পীকারের পদে বদেছিলেন, দেদিন তার যোগাতা সম্পর্কে কোন মহলেই কোন প্রশ্ন ওঠেনি। '৫৬ সনে মবলন্ধরের আকস্মিক তিরোভাবের পরে যথন স্পীকারের আসনটি বাডিয়ে দেওয়া হল তথনও না। উল্লেখযোগ্য. যদিও চল্লিশ বছর ধরে একটানা ভোটে নিৰ্বাচিত জীবন গডে তুলেছিলেন এ আয়েঙ্গার, স্পীকার নির্বাচনের দিনে তাঁর কোন প্রতিযোগী ছিল না।

এবার আর তার সম্ভাবনাটুকুও রইল না। কেননা, আয়েঙ্গার এবার অবসর নিলেন। জনতায় নিমজ্জিত জীবনের পথে সেটা নিঃসন্দেহে আনন্দের ঘটনা নয়। শ্রীআয়েক্সার হাসতে পারেননি। চশমার পুরু কাঁচও শেষ দিন গোপন রাথতে পারেনি তাঁর চোথের জল কিন্তু সগোরব বিরভিও বোধহয় তেমনি গর্বের। বিশেষ, এই বয়সে। ততুপরি, শ্রী আয়েক্সার সেথানে অবসরেও কর্তব্য গ্রহণ করছেন! সংবাদ, তিনি বিহারের রাজ্যপাল হচ্ছেন।

আমরা আশা রাথি, আইনসভায়
বিঠলভাই প্যাটেল, মবলঙ্কর প্রভৃতি
স্বনামধন্য স্পীকারদের যে ঐতিহ্য তিনি
রক্ষা করেছেন, বিহারের নতুন
রাজ্যপাল তাঁর নতুন আসনেও তেমনি
ঐতিহ্য গড়ে তুলবেন।

# ইঞ্জিনীয়ার, এম. [ এয়ার মার্শাল ]

একত্রিশ বছর আগেকার কথা।
আমরা উড়তে শিখেছি মোটে
পঞ্চাশ বছর। স্বভাবতই, আজকের
মত আকাশে তথন এমন ভীড় ছিল
না। রাশি রাশি রকমারী উড়োজাহাজ
ছিল না, মাটি ছেড়ে শ্রে পা বাড়াবার
মত হাজার হাজার তৈরী জোয়ান
ছিল না, দেদিনের কাহিনী।

ছোট্ট একটি দাধারণ 'জিপদি' বিমান। সতের বছরের এক তরুণ বৈমানিক। একা এই বিমানে সে ইংলগু যেতে চায়। বন্ধুরা জয়ধ্বনি দিলেন। আত্মীয়রা ছক ছক বক্ষে ফেরার পথ চেয়ে বদে রইলেন।

ষ্থাসময়ে ফিরে এল সেই
'জিপসী'। ককপিট থেকে হাসতে
হাসতে নেমে এলেন তরুণ ভারত
সন্তান। নির্বিদ্ধে তিনি ইংল্যাও
থেকে ঘূরে এসেছেন নিজের দেশে।
দেশ সাগ্রহে অভিনন্দন জানাল
তাঁকে। 'আগা থা' পুরস্কার পেলেন
তিনি। ভারতীয় আকাশ যাত্রার
ইতিহাসে দে ঘটনা আজও কাহিনী।

নাম—আম্পি মেরোয়ান ইঞ্জিনীয়ার। জন্মস্থান—বোদাই। ভারতের
অক্ততম প্রধান বৈমানিক
শ্রী ইঞ্জিনীয়ারের বয়স এখন মোটে
আটচল্লিশ।

নাতিদীর্ঘ জীবন। কিন্তু দীর্ঘ সার্ভিদ-বুক। প্রথমে পাঁচগনি, তারপর করাচীর ডি জে দিন্ধ, কলেজ, রাইট প্রাত্ত্যুগলের সংফল্য ইঞ্জিনীয়ারের ছাত্রজীবনের ঘটনা। উচ্চাকাজ্জী ইঞ্জিনীয়ার মনে মনে দক্ষর করলেন, তিনিও উড্বেন।

করাচী থেকে বিদেশে।
কর্ণওয়ালের বিমান বিভালয় থেকে
বৈমানিক হয়ে দেশে ফিরলেন ভরুণ

## हेमचू हेजदब्

ইঞ্জিনীয়ার। সন্থ বিমানবহর গঠিত হয়েছে দেশে। আই এ এফ এর ১নং স্কোয়াডুনে যোগ দিলেন তিনি। কর্মস্থল—গুয়াজিবিস্থান।

উত্তর-পশ্চিম সীমান্ত, কাশ্মীর, हेक्षिनीयात्र यथात्नहे—मार्ভिम तुक গোরবাম্বিত করে পরবর্তী ষ্টেশনে ফিরেছেন। '৪২ সনে তিনি ছিলেন উত্তর-পশ্চিম সীমাস্তে। সেবার মিলল 'ডি এফ সি' [ডিক্টিংগুইশড ফ্লাইং ক্ৰু । '৪৫ সনে ছিলেন কোহাটে। সেবার পর পর হ'বার পদোন্নতি। প্রথমে—গ্রুপ ক্যাপ্টেন, পরে—এয়ার কমোভোর। '৪৮ সনে কাশীরে হানাদার। ইঞ্জিনীয়ার তথন বিমান বাহিনীর সদর দপ্তরে এয়ার অফিসার-ইনচার্জ। দেপ্টেম্বরে ফ্রন্টে ডাক পডল তাঁর। 'অপারেশনাল গ্রুপের' অধি-নায়কত্ব গ্রহণ করলেন তিনি। ফলে— জিজিলা গিরিপথকে দরজা খুলতে হল। কারগিল থেকে পিছু হটতে হল হানাদারদের এবং কাশীরের রঙ্গমঞ্চ নতুন পটভূমিতে স্থাপিত হল। সামরিক বিশেষজ্ঞদের মতে তার অনেকথানি কৃতিত্ব ইঞ্জিনীয়ারের।

কাশ্মীরের পর কিছুকাল কাটল ইম্পিরিয়াল ডিফেন্স কলেজে, তারপর বিমান বাহিনীর সদর দপ্তরে বিভিন্ন কাজে। '৫২ সনে তিনি নিযুক্ত হলেন ভারতীয় বিমানবহরের সহকারী অধ্যক্ষ এবং ক'বছর পরে '৫৮ সনের মে মাস থেকে বাঙ্গালোর বিমান কারখানার স্বাধ্যক্ষ—ম্যানেজিং ভিরেক্টর।

ভারতীয় সেনাবাহিনীর প্রবীণতম অফিসার এয়ার মার্শাল ইঞ্জিনীয়ার আজ থেকে ভারতীয় বিমান বাহিনীর অধ্যক্ষ। এয়ার মার্শাল স্থত্তত মুথার্জির শৃত্ত আসনে বসছেন মুথার্জির অন্ততম সহযোগী। স্বভাবতই আশা করি, চিরকালের মত এবারও তাঁর হাতে আমাদের আকাশ নিরাপদ।

# ইনসু, ইসমেভ

আতাতুর্কের নাম যাঁরা জানেন, তাঁরা ওঁকেও চেনেন। কেন না, কামালের সহযোজা—কামাল পাশার পরেই তুরক্ষে তাঁর নাম। বাইরেও।

কামালের সহপাঠি, কামালের ব্যক্তিগত বন্ধু,—কিন্তু চরিত্রে ঠিক তাঁর উন্টো। ইসমেত ইনমু সেদিনও শাস্ত, সমাহিত অধ্যয়নশীল বিবেচনা-শীল,—বহু ধার্মিক মুসলমান। অর্থাৎ কামাল যা ছিলেন না তিনি ছিলেন তাই। হ'জনের মিল ছিল শুধু এক জায়গায়, হজনেই হুধর্ষ। বিশেষত শক্রুর সঙ্গে মোকাবেলায়।

# हेनमू हेजरबड

ইনমু ওঁর নাম নয়, পদবী।
কামাল বললেন—নামের পর
সকলকে উপাধি নিতে হবে একটা।
দেশের সবাইকে।

ইনত্ন বললেন—আমাকেও ? '—হাা।'

'—তবে আমি উপাধি নিলাম ইনসু '

ইনম্থ একটা গাঁরের নাম। এখানেই কামালের হুর্ধর্ব সেনাপতি ইসমেতের কাছে হু'হুবারই পরাজ্বয় স্বীকার করেছিল গ্রীকরা। এ নাম সেই হুরস্ক দিনেরই স্মারক। যৌবনের স্মতি।

বাবা রসিদ বিচারপতি ছিলেন।
ছেলে বারো বছর বয়সে প্রেরিত
হয়েছিলেন ইস্তাম্ব্লে গোলন্দাজদের
স্কলে। সেথান থেকে তেহরাণে
জেনারেল স্টাফ-এর কলেজে। আতাতৃ র্কও তথন সেথানে। ইসমেতের চেয়ে
তিনি মাত্র ত্'বছরের সিনিয়র। তা
হক, তবুও তু'জনের বয়ুত্ব হয়ে গেল।

ফলে কলেজ থেকে স্নাতক হয়ে
বের হওয়া মাত্র ইসমেতের কাজ জুটে
গেল। তিনি 'ক্যাপ্টেন' নিযুক্ত
হলেন। তারপর ক্রমগত পদোয়তি।
ইসমেতের বয়স যথন মাত্র একত্রিশ
তথন তিনি—কর্ণেল।

প্রথম মহাযুদ্ধে সেনাপতি ইসমেত বীরত্ব সহকারে প্যালেন্টাইনে লড়াই করলেন ইংরেজদের সঙ্গে, পরে আতাতৃর্কের প্রধান সেনাপতি হিসাবে কশদের সঙ্গে। কামালের পাশে এই ছোট্টথাট চেহারার সেনাপতিটি তথন অক্ততম বল।

'২৩ সনে কামাল পাশার মুখে ঘোষিত হল--গণতন্ত্রের জন্মদংবাদ। সেনাপতি ইনমু নিযুক্ত হলেন এবার গণতন্ত্রের প্রধানমন্ত্রী। এখন তিনি আর যোদ্ধা নন, কুটনীতিক। জন গান্থারের ভাষায় 'একালের অন্যতম শ্রেষ্ঠ কুটনীতিবিদ।' তাঁরই নির্দিষ্ট পথে চলে তুরস্ক একদিকে যেমন বাহিরের শত্রুতা থেকে মুক্ত হল, অন্যদিকে তাঁরই যত্নে 'ইউরোপের রুগ্ন মানব' নামে কথিত দেশটি দেখতে দেখতে প্রাচ্যের মধ্যযুগীয় পোশাক পাল্টে আধুনিককালের ইউরোপে পরিণত হল। লোকে বলে, এ পরিবর্তনের পেছনে কামালের চেয়েও বেশী দান-ইনমুর।

চৌদ্দ বছর একটানা প্রধান
মন্ত্রীত্বের পরে সহসা '৩৭ সনে পদত্যাগ
করলেন ইনম। ইচ্ছে ছিল—আর
কোনদিন ফিরবেন না। কিন্তু পরের
বছর মারা গেলেন—কামাল।

## हेलाहिम हाक्षिण महत्रप

লোকেরা আবার ধরে এনে বদাল তাঁকে। এবার স্বয়ং কামালের জায়গায়। তুরস্ক একবাক্যে জানাল —আগামী চার বছরের জন্মে ইনমুই কামালের উত্তরাধিকারী!

চার দশ পেরিয়ে গিয়েছিল। '৫০
সন অবধি তুরস্কের রাষ্ট্রপতির আসনে
আসীন ছিলেন প্রবীণ রাজনীতিক
ইনস্থা তারপর দীর্ঘ বিরতি অস্তে
অবশেষে আবার ফিরে এলেন এবার,
১৯৬১ সনে। গুরুসেল-এর আহ্বানে
পিপলস রিপাবলিকান পার্টির নায়ক
ইনস্থই এবার গঠন করছেন তুরস্কের
সর্বশেষ মন্ত্রীসভা।

বয়স—সাতাত্তরে [জন্ম — ১৮৮৪]
পৌছেছে। সাদা চুলগুলো বিরল্ভর
হয়ে এসেছে। এমন সময়ে এই অস্থির
দেশের রাজনীতিতে কেন আবার
ফিরলেন ইনস্থ। সম্ভবতঃ—দেশের
অস্থিরতাই তার পেছনের কারণ।
কেননা, ইনস্থ চিরদিন স্থাপ্তির হিসেবে
খ্যাত রাজনীতিক। এবং শৌথিন
হিসেবে।

তিনি ঘোড়া পছন্দ করেন, তিনি ব্রিহ্ম, বিলিয়ার্ড এবং দাবা থেলেন, তিনি অর্কেট্রা শোনেন এবং যুদ্ধ বিগ্রহের চেয়ে শাস্তিপূর্ণ গৃহস্থের সংসারই বেশী ভালবাসেন। উল্লেখ- যোগ্য বছ বিবাহে মত থাকলেও ইনমু নিজে বিয়ে করেছেন একটিই। এবং স্থীকে তিনি ভালবাসেন। ছেলে [২], মেয়ে [১]।

## ইত্রাহিম, হাফিজ মহন্মদ

১৯৫৮ সনে কেন্দ্রীয় মান্ত্রসভায় মৌলানা আজাদের শৃত্ত আসনটি উপলক্ষে যথন নামটা প্রথম ঘোষিত হয় তথন কোথাও কোন চমকের চেউ জাগেনি। কেননা, মাপে মৌলানার সমান না হলেও – নামটা অজানা ছিল না। অনেকের কাছেই অজানা ছিল যে তথ্যটা সেটা হচ্ছে ১৮৮৯ সনে এলাহাবাদে আনন্দভবনে বিখ্যাত দেশনায়ক পণ্ডিত মতিলাল নেহরুর যথন জওহরলাল নামক পুত্র সম্ভানটি ভূমিষ্ঠ হন, সে বছরই উত্তর-প্রদেশের বিজগর জেলায় নাজিনা নামক একটা গাঁয়ে জনৈক অভিজাত মুসলিমের ঘরে ভূমিষ্ঠ হয়েছিলেন তিনি। এবং তার চেয়েও উল্লেখযোগ্য থবর স্বরাজা-দলের নায়ক নিজপুত্রকে দলে টানতে বার্থ বিফল-মনোরথ, তথন এই উত্তর-ভারতে তার মান রাথতে এগিয়ে এসেছিলেন পুত্রের বয়সী সেই অজ্ঞাত ভরুণটিই। আলিগড-এলাহাবাদ থেকে আইনের

## ইত্ৰাহিষ, হাফিজ মহন্দৰ

ভিত্তি নিয়ে হাফিজ মহম্মদ ইবাহিম তথন মোরাদাবাদে এক অথ্যাত তরুণ উকিল।

বাইশ বছর আইনব্যবদা করেছেন।
কিন্তু হাফিজ মহম্মদের খ্যাতি দে
কারণে নয়, তিনি ১৯২৬ দন থেকে
উত্তরপ্রদেশে নিষ্ঠাবান রাজনীতিক।
'২৬ থেকে '৫৮—একনাগড়ে বত্রিশ
বছর তিনি দেখানে আইনসভায় দদশ্য
—জনতার প্রতিনিধি।

'২৬ সনে স্বরাজ্য-দলের কর্মী হাফিজ মহম্মদ রাজ্য আইনসভায় এসেছিলেন নির্দলীয় প্রার্থী হিসেবে। পরবতী দশ বছরব্যাপী পরিচয় ছিল ভার—বিরোধী দলের প্রাণ-পুরুষ।

'৩৬ দনে তৎকালীন জাতীয়তাবাদী মুদলিম প্রার্থীদের নিয়মে তিনিও
নতুন করে বিধান সভায় এদেছিলেন
মুদলিম লীগের টিকিট হাতে নিয়ে।
কিন্তু তবু ও প্রথম পন্থ-মন্ত্রিসভায়
স্থানাভাব হয়নি তাঁর। হাফিজ
মহম্মদ সে সম্মানের জ্বাব দিয়েছিলেন
ইস্তফা দিয়ে নতুন করে কংগ্রেস
টিকিটে আবার নির্বাচন লড়ে।
তারপর থেকে বরাবরই তিনি লড়িয়ে
কংগ্রেসকর্মী।

'৬৯ সনে দলের সঙ্গে পদত্যাগ, '৪০-'৪১সনে সত্যাগ্রহ এবং কারাবরণ:

'৪২ সনে আবার বন্দী-জীবন। বলা निष्धायाजन, কংগ্ৰেস ওয়ার্কিং কমিটি, কেন্দ্রীয় পার্লামেন্টারি বোর্ড বা কেন্দ্রীয় মন্ত্রিসভা হাফিজ মহম্মদের আজকের প্রতিটি পদ স্বোপার্জিত। '৩৬ সন থেকে '৫৮ সন অবধি উত্তরপ্রদেশে এমন কোন মন্ত্রিসভা ছিল না যেখানে তিনি ছিলেন না, এমন কোন আন্দোলন-উত্তেজনা ছিল না--যেখানে তিনি সরিক চিলেন তবে উত্তরপ্রদেশে হাফিজ মহমদের সবচেয়ে অবিমারণীয় কীর্তি যদি হয়.—ওয়াকফ আইন, তাহলে স্ব-ভারতীয় রাজনীতিতে নি:সন্দেহে তাঁর সবচেয়ে বড অবদান-- মুদলিম ১৯৪৪ সনে প্রতিষ্ঠিত মজলিদ। জাতীয়তাবাদী মুদলিমদের এই স্ব-ভারতীয় প্রতিষ্ঠানটির তিনিই প্রথম উজোকা।

শোনা যাচছে, কেন্দ্রীয় সেচ এবং
বিহাৎমন্ত্রী হাফিজ মহমদ ইত্রাহিম
হয়ত কোন রাজ্যের রাজ্যপাল হচ্ছেন।
থবরটায় বলা নিশুয়োজন, গুজবের
প্রবণতাই বেশী। কেন না, সব দিক
বিবেচনা করলে কেন্দ্রীয় মন্ত্রিসভা
সত্যিই হাফিজ মহমদের এই মূহুর্তে
'অপচয়' করতে পারেন না। তবুপ্ত
যদি তিনি রাজ্যানী থেকে বিদায়

# ইস্লাম, কাজী নজকুল

নেন, তবে জানবেন কারণ তাঁর কর্ণফুলি বাঁধ নয়, বাংসরিক বক্সা নয়, দিল্লির 'পাওয়ার-ফেলিওর' নয়— একমাত্র সম্ভাব্য কারণ হতে পারে তাঁর তিয়াত্তর বচরের বার্ধক্য।

२৮, ७. ७२

[কেন্দ্রীয় সেচ ও বিচ্যুৎমন্ত্রী হাফিজ মহম্মদ ইব্রাহিম ১৯৬৩ সনের মে মাসে উত্তর প্রদেশের আমরোহা কেন্দ্রে এক উপ-নির্বাচনে পরাজিত হন। ফলে কেন্দ্রীয় মন্ত্রীসভা থেকে তাঁকে পদত্যাগ করতে হয়। ১৯৬৪ ফেব্রুয়ারী মাস থেকে তিনি পাঞ্জাবের রাজ্যপাল।]

# ইস্লাম, কাজী নজরুল

বাংলা সাহিত্যের আসরে নজরুলের আবির্ভাব এবং তিরোভাব হুই-ই সমান আকস্মিক, সমান অপ্রত্যাশিত। বর্ধমানের অথ্যাত চুরুলিয়া গ্রামের ততোধিক অজ্ঞাত ফকির আমেদ সাহেবের এই ত্রস্ত ছেলেটি যে বাংলা সাহিত্যে স্বপ্রতিষ্ঠিত সাম্রাজ্যে বিদ্রোহ আনবে তা কেউ ভাবতে পারেননি কোনদিন।

আট বছর বয়সে বাবা মারা গেলেন। নজৰুল স্বাধীন হলেন। সেই তাঁর জীবনে যদচ্ছতার দীক্ষা। মক্তব পাশ করে হাই স্কুলে ঢুকেছিলেন বটে, কিন্তু পড়ার চেয়ে বেশী মন ছিল গানে; স্কুলের চেয়ে যাত্রার আসরে। স্বতরাং পরীক্ষার বদলে সৈত্যবাহিনীই ঠেকল তাঁর কাছে। লোভনীয বর্ধমানের গাঁয়ের ছেলে নজকল ১৯১৬ সনে ভারতের সীমানা ছাড়িয়ে দুর দেশে লডিয়ে সৈনিক। ক 'বছরের বাঙ্গালী পলটনের মধ্যে ৪৯নং হাবিলদার।

'২১ সনে আবার নিজের দেশে ফিরলেন তিনি। এবারও তিনি দৈনিক। তবে হাতে তাঁর তলোয়ার। কবিতা লিখে জেল খাটলেন, অনশন ধর্মঘট করলেন। অবশেষে খ্যাতির শীর্ষে উঠে গৃহস্থও হলেন। '২৫ সনে বিয়ে করলেন তিনি। কিছ '৩৭ সন থেকেই আশালতা দেবী (সেনগুণ্ডা) অস্কুষ্টা। আর '৪২ সন থেকে কিৰ

## উইলসন, জেমস হেরান্ড

'অগ্নিবীণা'র কবি নজকলের আসন বাংলা দেশের হৃদয়জোড়া। বাংলা সাহিত্যের ইতিহাসেও তার স্থান নির্দিষ্ট। এবার গোটা ভারত সরকারীভাবে সম্মান জানাল তাঁকে। অত্যন্ত আনন্দের সংবাদ সাধারণ-তন্ত্রী ভারতের রাষ্ট্রীয় সম্মান তালিকায় এবার লিথিত হয়েছে তার নাম।

'নজরুল ইসলাম নিজে জানেননি যে তিনি নতুন যুগ এগিয়ে আনছেন'
—মস্তব্য করেছিলেন একজন তীক্ষধী
সমালোচক। তুর্ভাগ্য আমাদের,
কলকাতার মন্মথ দত্ত রোড নিবাদী
দত্তর বছরের বৃদ্ধ কবি—এবারও
জানলেন না বাংলা দেশকে এগিয়ে
নিয়ে কোথায় তিনি তুল্লেন।

বিষের আগে নজকল ইসলামের স্ত্রীর নাম এবং পদবী কি ছিল ?— ছলী। সেন। পরে প্রমীলা ইসলাম। জেলা এবং গ্রামের নামই বা কি ?— কান্দিরপাড়, কুমিলা। ৩০, ১.৬০

## উইলসন, জেমস হারল্ড

'ম্যাক মানে কী ?

শুনতে শুনতে আজ কান ঝালা-পালা বলেই সবাই জানেন—ম্যাক-মিলান; ইংল্যাণ্ডের প্রধানমন্ত্রী। কিন্তু অনেকেই জানেন না হ্যারল্ড ম্যাক- মিলানকে এই নামটি যিনি দিয়েছিলেন তিনি কোন 'মেল', 'হারল্ড' বা ট্রিবিউনের কোন কিপ্টে বার্তা-সম্পাদক নন,—আর এক হারল্ড— বিধি বাম না হলে, অথবা আরও বাম হলে আগামীতে যিনি নির্ঘাৎ এই হারল্ডকে গদীচ্যুত করছেন!

বলম বল, তথা আসল অবশ্যই — मन । मा-भन-(भानातिम-स्राहे (वान्<mark>र</mark>े সব মিলিয়ে মাাকমিলানের দলের পডেছে---মাথায এখন বাজ শ্রমিকদল 'ফাইট এণ্ড ফাইট' 'এণ্ড ফাইট' আওয়াজ নিয়ে শনৈ: শনৈ: করে ১০নং ডাউনিং স্তীটের দিকে এগিয়ে যাচ্ছে; এমতাস্থায় যেকোন জেনারেল লড়তে পারতেন। তবুও 'যে 'এস্টাব্লি**সমেণ্টের' আপন** হ্যারল্ড বিরুদ্ধ শ্রমিক দল ইয়র্কশায়ারের হ্যারন্ডের কাঁধেই নিজেদের পতাকাটি তুলে দিলেন তার কারণ দল পরিচয় ছাডাও সন্থ নিৰ্বাচিত শ্ৰমিক দলপতি জেমদ হ্যারল্ড উইলদনের কিছু ব্যক্তিগত বল আছে, এবং দেগুলো আজকের ইংল্যাণ্ডে থুব স্থলভ নয়।

যথা, প্রথমত—জ্ঞানগরিমা। ইয়র্ক
শায়ারের জনৈক কেমিষ্ট তনয় উইলসন
যে শুধু অক্সফোর্ড থেকে রাজনীতি
অর্ধনীতি এবং দর্শনে ফার্ফ কান

## উইলসন, জেমস হেরাল্ড

জনার্দ আদায় করেছেন তাই নয়, গাঁয়ের পাঠশালা থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত এই দীর্ঘ পথটা শুধু হিচহাইক করে পাডি নিয়েছেন, অর্থাৎ প্রতিটি পরীক্ষায় তিনি প্রথম হয়েছেন এবং বৃত্তির টাকায় পরবর্তীটির জন্মে বই কিনে আবার পড়তে বসেছেন। মধ্যবিত্ত ভোটারের কাছে বিলেতেও নাকি এহেন মেধাবীদের থাতির যথেই। উইলসনের থাতির আরও বেশী, কারণ মাত্র একুশ বছর বয়সে তিনি অক্সফোর্ডের 'ভীন'-এর আসনে বসেছেন, নিউ কলেজে ইকনমিক্স পড়িয়েছেন—যা কদাচ শোনা যায়নি।

ষিতীয়ত, উইলসনের অভিজ্ঞতা।
১৯৪০ সন থেকে ডাউনিং ষ্ট্রীটে তাঁর
গতায়াত। প্রথমে 'ওয়ার ক্যাবিনেট'
একজন অ্যাসিন্টেট হিসেবে, তারপর
'৪৫ সনে নির্বাচনের পর সোজা এটলী
ক্যাবিনেটে। উইলসন মন্ত্রী হয়েছিলেন
মাত্র একত্রিশ বছর বয়সে। উইলিয়াম
পিটের পর একশ প্রষটি বছরে
ইংল্যাণ্ডে তাঁর মত কম বয়সে কেউ
কোন দিন মন্ত্রী হতে পারেন নি।
শুধু চেয়ারে বসা নয়—ইতিপূর্বেই
ক্যাণ্ডার-ইন-চীক স্ট্যাফোর্ড ক্রীপসএর 'ফিল্ড জেনারেল' হিসেবে থ্যাত
দন সেদিন চমৎকার শাসক.—

চাঞ্চল্যকর মন্ত্রী। তিনি ঐ বয়সে (এখন বয়স সাতচল্লিশ) বোর্ড অব ট্রেডের চেয়ার-ম্যানের পদে বসেছেন, মস্কোয় বসে ঝাছ ব্যবসায়ীদের সঙ্গেদর ক্যাক্ষি করেছেন, কয়লা নীতি সম্পর্কে এমন একখানা চটি পুঁথি লিখেছেন যা তৎকালে লেবার দলে নাকি 'বাইবেল' বিশেষ! স্থতরাং ট্রাডিশনের দেশ বিলেতে এই অতীতের কিছু মূল্য আছে বৈ কি!

পালামেণ্ট-গত-প্রাণ ইংরেজ কাচে সন্তানদের তার চেয়েও অমূল্য উইল্সনের বাগ্মিতা, তাঁর ক্ষুরধার রসনা। '--ইট হ্যাজ বীন কোয়াইট এ উইক স্যার রয় হ্যাজ কাম এণ্ড গন-জ্বল উইণ্ড এণ্ড নো চেঞ্চ। (—তবে না মহোদয়গণ আফ্রিকায় 'উইণ্ড অব চেঞ্জ' বইছে ?) —তীক্ষ ব্যঙ্গ, প্রয়োজন মত রসিকতা, নিভূল তথ্য-হাউস অব কমনস-এ উইলসনের বক্তৃতা শুধু শোনবার মত নয়, অন্ততম দ্রপ্তব্য। টোরী সহেবেরাও স্বীকার করেন—মেকলের পর ওঁর মত স্থৃতিশক্তি বুটিশ পার্লামেন্টে কেউ কখনও দেখেনি; শুধু পৃষ্ঠান্ধ নয়, কখনও প্যারা, কখনও হু-বুছ বাক্যটি কথনও তারিখ,---'৪০ সন থেকে ঘোরতর সংসারী তুই পুত্রের জনক

উইলসন এখনও সকালে বা সন্ধ্যায় শীতে বা বসস্তে সমান নিভূলি।

তত্পরি মুথে তাঁর দব দময়
পাইপ এবং (ধোঁয়া নয়) আগ্রেয়
মতাবলী। তিনি কমন মার্কেটের
ধার ধারেন না, কিউবা প্রদক্ষে
কেনেভিকে দমালোচনা করতে
ছাড়েননা এবং স্কাই বোল্ট-পোলোরিদ
তর্কেও কোন চেনা স্থরে কথা বলেন
না। দন্দেহ কী অর্থে বিত্তে প্রতাপেপ্রতিপত্তিতে জরাগ্রস্ত রটানিয়ার
কাছে এই হ্যারল্ডই মনের মাত্রস্ব

উইলসনের সম্ভাবনা আরও বেশী কারণ তাঁকে অনেকে 'লিটল হ্যারল্ড'ও বলে থাকেন। কেননা, বাঁয়ের লোক হ্যারল্ড দরকার হলে দক্ষিণেও ঘেঁষতে পারেন। ভবিয়তে ইংল্যাণ্ডের প্রধানমন্ত্রী হবেন ধিনি, বলা নিম্প্রয়োজন—এক্ষতা তাঁর পক্ষে অপরিহার্য। শুধু বিজোহী নয়,—গেরস্থ বৃদ্ধিসম্পন্ন অধিনায়কই বোধহয় অদ্যকার ইংল্যাণ্ডে আবশ্যক! ২১.২.৬৩

#### উদয় শঙ্কর

পিকাসো যদি গান গাইতেন কিংবা বিটোফেন যদি নৃত্যশিল্পী হতেন, তবে কিছুই করণীয় ছিল না আমাদের।

স্থতরাং বেনারস এবং বোম্বাই আর্ট কলেজের ছাত্র ছবি আঁাকায় হাত পাকাতে লগুনে এসে যে নৃত্যবিদ্যায় উৎসাহী হয়ে উঠলেন—তাও আকস্মিক ঘটনা। তবে আমাদের স্বপকে। কেননা, উদয়শঙ্করকে না পেলে—বোধ হয় ভারতের নাচের ঐতিহ্য বলতে অজস্তার গুহাচিত্র এবং ওখানে কিছু প্রস্তরীতৃত দেবদাসীর পায়ের ভঙ্গীকেই দেদিন আমাদের ক্রমাগত ভাঙ্গাতে হত। বিশ্ববিশ্রত মাদাম পাবলোভার প্রিয় ছাত্র শক্ষর দেদিক থেকে এ-কালের ভারতের সংস্কৃতি-বাণিজ্যে অন্তত্ম ্সম্পদই নন, —তাঁর পায়ে করে বিদেশের বহু বরণীয় বছাও আজ আমাদের ঘরে স্থপরিচিত। তাই মনে হয়, শঙ্করের সাম্প্রতিক রাষ্ট্রীয় সম্মানলাভ কিঞ্চিৎ পিছিয়ে-পড়া ঘটনা। এর আগে পশ্চিমবঙ্গ সরকার তাঁকে সম্মানিত করার চেষ্টা করেছেন বটে, কিছ উদয়শঙ্করের স্থায়ী সম্মানে সেও নিতান্ত অকিঞ্চিৎকর। অন্তত শহর বলা মাত্র যাঁকে দেশবিদেশে লক তাঁদের পক্ষে তিনি লোক চেনে সরকারী কোন সংস্কৃতি বিভাগের কোন শাখার কর্তা তা মনে আনা

## উ থাণ্ট

সত্যিই কন্তকর। তবুও শহরের এই সম্মানে আমরা আনন্দিত। কারণ, প্রাপ্য মিটাবার উদ্যোগটুকু অবশ্যই এতে বিদামান।

উদয়শঙ্কর বাংলার ঘরের ছেলে। আদি নিবাস তাঁদের যশোরের কালিয়া গ্রামে। অবশ্য শঙ্করের জন্ম-বাবার কর্মস্থলে,—উদয়পুরে। সংস্কৃতির নানা শাথায় এই পরিবার শকর ছাডাও একাধিক উল্লেখযোগ্য অধিকারী। যথা: দেবেন্দ্রশঙ্কর, त्रविभक्षत्र। पञ्जी এवः महत्यांशी मिल्ली অমলাশকর তাতে নতুন যোজনা। ১৯৪২ সন থেকে তিনি শঙ্করের সহধর্মিণী। ছইটি সস্তানের পিতা উদয়শহরের বয়স এখন ষাট। কিন্তু এখনও তিনি যথন আসরে আবিভূতি হন—লোকে বলে—তিরিশ বছর আগেকার শঙ্কর যেন এলেন। শঙ্কর এথনও তেমনি প্রাণচঞ্চল বটে, তবে স্বভাবতই আরও প্রাঞ্জল। ১. ৪. ৬০

### উ থাণ্ট

স্থান মাহাত্মা!

ও বাড়ীতে ভোর দেখে যেমন দিনের থবর বলা ধায় না, তেমনি মুথ দেখে মনের থবরও না। অস্তত বাদের সেথানে নিয়মিত আনাগোনা তাঁদের যেন তা-ই ধারনা। কিন্তু
কথনও কথনও এমন মাকুষও মিলে

যায় ক্লাবে, করিডরে, এমনকি

তর্কাতর্কির আসরে যারা কথায় বার্তায়

চালচলনে তৎক্ষণাৎ জানিয়ে দেন

যে,—এ সব ধারণা আসলে

ভিপ্লোম্যাটদের শুচিবাই!

"—কাকে চাই ? —আমাকে ? —আহ্বন, বহুন!"

''—কি চাই ? —এক্সকু, সিভ ইন্টারভিউ ?—কাইণ্ডলি কাল ভোরে একবার আস্কন।''

"— কি হে 'হাঙ্গেরী'— সভায়
মন বসছে না ষে! — 'হাঙ্গেরী' বুঝি ?
চল ষাই, বাইরে থেকে একটু ঘুরে
আসি!" অথচ সবাই জানে, আর
ক'ঘণ্টা পরেই হাঙ্গেরী নিয়ে তর্ক
হবে এসেম্বলিতে।

তা হক! তাতে কিছু আদে

যায় না। উ থান্ট ত, ভয় নেই,

কেউ কিছু ভাববে না। না আফ্রো—

এশিয়া না পশ্চিম-পূর্ব। কেননা,

সবাই জানে তিনি এ ধরনেরই মাহুষ।

কাঁচের মাহুষ। কাঁচের মত ঠুনকো

নয়—স্বচ্ছ। স্বচ্ছ এবং পরিচ্ছন।

পরিচ্ছন্ন মুথে তথাগত স্থলভ হাসিটি লেগেই আছে। পাশে কালো কুচকুচে একটা ছোট চুকট! বলে দিতে হয় না, দিতীয় বার তাকান মাত্রই জানা যায়—এ মাহুষ এনেছেন বার্মা থেকে।

'—ইয়েদ বার্মা! — চুরুটটাও
বার্মিজ। —ভয় নেই, দেখতে য়ত
ভয়য়য় আদলে তত কড়া নয়!
—হ্যাভ এক্সপিরিয়েন্দ! ওঁয় হাতে
বার্মিজ চুরুটের স্বাদ না চেথেছেন
এমন মাহুম 'উনো'তে একজনও নেই!
স্বদেশে বিথ্যাত বন্ধুবৎসল।

স্বদেশে বিখ্যাত বন্ধুবংসল।
তবে তার চেন্নেও বেশী খ্যাতি যোগ্য
এবং বিশ্বস্ত কর্মী হিসেবেই।

ধর্মনিষ্ঠ বৌদ্ধ পরিবারের সম্ভান।
জন্ম—আজ থেকে বাহান্ন বছর আগে।
লেথাপড়া—প্রথমে ব্রন্ধের বিখ্যাত
পানতানাউ স্ক্লে—তারপর রেঙ্গ্ন বিশ্ববিভালয়ে। উ থাত ত্'জায়গায়ই
সমান ক্রতী ছাত্র।

এখনও পড়াগুনার মাহ্য। স্থােগ পেলেই বই নিয়ে বদেন। ফাঁকে ফাঁকে লেখেনও। ইতি-মধ্যেই অনেক বই লিখে ফেলেছেন। তার কয়েকটি 'ডেমােক্রাসি ইন এড়কেশন', 'টুওয়ার্ড এ নিউ এড়কেশন,' 'দি লীগ অব নেশানস', এবং 'সিটিজ এও দেয়ার স্টোরিজ'!

বইয়ের নামগুলি থেকে যা মনে হয়—ঠিক তাই। শিক্ষা বিষয়ে উৎসাহী মাহুষ। কর্ম জীবনও স্থক করেছিলেন—শিক্ষা দপ্তরেই।

প্রথম ছিলেন—শিক্ষক, নিজের ছেলে বেলার সেই স্থলটিতেই—
সিনিয়ার টিচার। '৪২ সনে ব্রন্ধে যথন শিক্ষা-পুনর্গঠন কমিটি বসল তথন তাঁকে নিযুক্ত করা হল—সেক্রেটারী। সাময়িক কাজ। পরের বছরই আবার স্থলে ফিরে এলেন তিনি। এবার—হেডমান্টার। '৪৭ সন অবধি সে পদেই বহাল ছিলেন উ থান্ট।

'৪৭ সনে 'এণ্টি ফ্যাসিন্ট পিপলস ফ্রীডম লীগ'-এর সঙ্গে আলাপ পরিচয় নিবিড় হল। ওঁরা তাঁকে দলে ডাকলেন। উথান্ট স্কুল ছেড়ে লীগে যোগ দিলেন। শিক্ষক সেই থেকে রাজনীতিক। তিনি লীগের প্রচার সচিব।

এল স্বাধীনতা। প্রধানমন্ত্রী উ স্থ আবাল্য বান্ধব, পাশাপাশি গ্রামের ছেলে, একই স্থলের ভৃতপূর্ব ছাত্র এবং শিক্ষক—দলের বিচক্ষণ প্রচার সচিব নিযুক্ত হলেন—সরকারী প্রেশভাইরেক্টার। ক্রমে সেথান থেকে ডাইরেক্টার অব ব্রভকাঙ্কিং এবং অবশেষে সেকেটারী অব দি মিনিস্ক্রী অব ইনফরমেশন। তারপর, ১৯৫৭

দন থেকে উ থাণ্ট 'রুনো'র বার্মার স্থায়ী প্রতিনিধি, এবং প্রতিনিধি দলের প্রধান।

শোনা যাচ্ছে, বার্মার প্রতিনিধি প্রধান একার বছর বয়র প্রবীন কুটনীতিক উ থানট হয়ত এবার বিষের সেরা দিভিল দার্ভেণ্টের পদ (বার্ষিক মাইনে—সাড়ে তিন লাথ টাকা। এবং কোন ট্যাক্স নেই) রাষ্ট্রসংঘের সেক্রেটারী জেনারেলের আসনে বসছেন। যদি হন তবে থবরটা নিশ্চয় আনন্দের। আর যদি না হন? উ থানট কিন্তু তবুও হাসবেন। কেননা, বরুরা বলেন— 'মাহুষটার ধর্নই এ।'

[১৯৬১ সনের সেপ্টেম্বরে তৎ-কালীন পেক্রেটারী জেনারেল দাগ ছামারশীল্ড রহস্যজনকভাবে উত্তর রোডেসিয়ায় এক বিমান হুর্ঘটনায় নিহত হন। উ থান্ট তার স্থলাভিষিক্ত হন নভেম্বরে। সেক্রেটারী জেনারেলের কার্যকালের মেয়াদ পাঁচ বছর। সেই হিসাবে তাঁকে অবসর নিতে হবে ১৯৬৬ সনের নভেম্বরে।] ১২.১০.৬১

#### উ সু

ধুনিভারসিটিতে দর্শনের ছাত্র কবিতা লিথতেন। প্রধানত, প্রতিষোগী ফুটবল টীমের জন্মে ব্যঙ্গসঙ্গীত। পাশ করে স্থল শিক্ষকের
চাকরী নিলেন। এবার শুরু হল
নাটক লেখা। মনস্তাত্ত্বিক নাটক।
ফ্রান্ডেয়ান থীম্। আর চলল সনেটএর পর সনেট। তার লক্ষ্য এবং
উপলক্ষ্য ছই-ই যে স্থলবোর্ড
চেয়ারম্যানের রূপবতী কল্যাটি তা
যখন বোঝা গেল উ হু তথন মিয়া
ই-কে সঙ্গে নিয়ে পালিয়ে গিয়েছেন।

স্থ ছিল বার্নার্ড শ হবেন। দক্ষিণপূর্ব এশিয়ার শ'। কিন্তু আইন পড়তে
দ্বিতীয়বারের মত য়ুনিভারসিটিতে
এসে হয়ে গেলেন—'থাকিন'।
'থাকিন' মানে মাষ্টার, প্রভূ। 'আমরা
ব্রহ্মসন্তানেরা'—প্রতিষ্ঠানের সদস্তরা
প্রভূ বলে স্বীকার করতেন না
ইংরেজদের। তাঁরা নিজেরাই
নিজেদের থাকিন।

বিতীয় মহাযুদ্ধে অন্তান্ত থাকিনদের মত থাকিন স্থও স্বাগত জানালেন
জপানীদের। ফল—কারাবাস।
জাপানীরা এসে জেলখানা থেকে মুক্ত
করল তাঁকে। থাকিন হু মনোনীত
হলেন—ব্রন্ধের প্ররাষ্ট্রমন্ত্রী। কিন্তু
কপালে চড়চড় করতে লাগল 'মেড
ইন জাপান' ছাপটা। ফলে '৪৪ সনে
জাপ বিরোধী বিস্তোহ হল এবং সেই

# উলব্রিখ্টু, ওয়ান্টার

দক্ষে ব্রক্ষের পুন্মৃ ক্তি। '৪৬ সনে
তর্গনায়ক আউক্ষ সাঙ-এর নেতৃত্বে
গঠিত হল স্বাধীন ব্রক্ষের প্রথম
মন্ত্রিসভা। পরের বছর স্পীকার
থাকিন হু ছাড়া আততায়ীর ষড়যন্ত্র
একসক্ষে কেড়ে নিয়ে গেল আউক্ষ
সাঙ এবং তাঁর ছয়জন সহ-কর্মীকে।
বাধা হয়েই হাতের কলমটি নামিয়ে
রেথে এগিয়ে আসত হল ভবিয়তের
বার্নার্ড শ'কে। তখনও নাটক লেথাই
তার পছন্দ; আইন লিথতে তাঁর
মাথা ধরে।

উ হু নিষ্ঠাবান বৌদ্ধ। তেতাল্লিশ বছর বয়স থেকে তিনি ব্রহ্মচারী। তার বয়স তিপার। প্রতিদিন তিনি ধান করেন। মাঝে মাঝে ভিক্তুও শাজেন। রাজনীতির চেয়ে এখনও তার বেশী আকর্ষণ ধর্মে সাহিত্যে। হালে লিথিত তাঁর নাটক —'ম্যান, দি উলফ অব ম্যান' এবং আরও একটি বই বীতিমত জনপ্রিয় ব্রহ্মদেশে। কিন্তু ব্রহ্মবাদীরা জানে নাটক লিখলেও উন্মু আইনের মাহুষ। সাদা-পতাকা আর লাল-পতাকা—তুই বর্ণের কমিউনিস্ট, জাতীয়তাবাদী চীনা সৈত্য, বাহিনী-गिगी तिनी लिखिय এवर शृहीन ারেণ বিদ্রোহী—যুগপৎ পঞ্চশক্তির

আক্রমণের মুখে আইনের মর্যাদাকে রক্ষা করেছেন উ হু। এবং সমাজ-তাম্ব্রিক উ মু তা করেছেন—কোন শিবিরে নাম না লিথিয়েই। '৪৮ দন থেকে উ হু ব্রহ্মের প্রধানমন্ত্রী। '৫৬ সনে কিছুদিনের জন্মে তিনি নেমে এদেছিলেন। কারণ, পার্টিকে বলবান করার জন্ম তা দরকার ছিল। '৫৮ সনের অক্টোবরে আবার দেশকে দৈনাবাহিনীর হাতে গুঁজে দিয়ে সরে দাঁড়িয়ে ছিলেন তিনি। কেননা. ব্রন্মে তা অপরিহার্য ছিল। এবার আবার ফিরে এসেছেন তিনি। জনপ্রিরতার উ মু এখনও ব্রহ্মদেশের নায়ক। প্রসঙ্গত একমাত্র দরকার নাট্যকার উ মু ডেলকার্নেগির 'হাউ টু উইন ফ্রেণ্ডদ এণ্ড ইনফ্রাফ্রেন্স পিপল' বইটিরও অমুবাদক।

[ দ্রপ্তবা : উইন, নে ] ১৩.২.৬০

## উলবিখ্ট, ওয়াল্টার

অনেক নাম।

এই শতকের দ্বিতীয় দশকে পার্টির বৃদ্ধিজীবিরা নাম দিয়েছিলেন ওঁকে—'কমরেড দেল।' কেননা, মন্ধোর নির্দেশে পার্টি ঝাড়াই বাছাই করে তিনিই বার্লিনে 'সেল' গড়ার দায়িত্বটা হাতে নিয়েছিলেন।

# উলব্রিখ্ট, ওয়াণ্টার

তিরিশের যুগে পশ্চিম ইউরোপের কমিউনিষ্ট মহলে কানাকানিতে নাম ছিল তাঁর 'দ্বিতীয় স্ট্যালিন'। কেননা, নাংসী জার্মানী থেকে পালিয়ে ষাওয়ার পর,—প্রাগ, প্যারিস এবং মাজিদে স্ট্যালিনের হয়ে তিনিই নেমেছিলেন টুটস্কি অফ্চরদের খুঁজে বের করতে।

এক ফোঁটা দয়া নেই, মায়া নেই।

য়ুদ্ধের দিনে মস্কোর হোটেল-লাক্সে

তিনি যথন বাদ্ধবী লোটি কুহ্ন
(Lotte Kuhn) সহ স্ট্যালিনদের
প্রিয় অতিথি, শত শত জার্মান
কমিউনিষ্ট নাকি তথন আদর্শগত
বিচ্যুতির জন্তে শিবিরে শিবিরে
শ্রমিক। বয়ুরা তাই সেদিন হুংথে
নাম দিয়েছিলেন ওঁকে 'কমরেড উডেন
হেড'। বিখ্যাত জার্মান কমিউনিষ্ট
নেত্রী ক্লারা জেটকিন লিখেছিলেন—
'মে এ বেনভলেন্ট ফেট প্রিভেন্ট দিস

ম্যান ক্রম এভার রাইজিং টু দি টপ
অব দি কমিউনিষ্ট পার্টি!'

কিন্তু উলব্রিথ ট্রেক তবুও ঠেকান যায় নি। সকল কাঁটা তুচ্ছ করেই দরজীর ছেলে (এবং নিজেও একদা ছুতোর মিস্ত্রী!) ওয়ান্টার উলব্রিথ ট্ আট্রাট্ট বছর বয়নে আজ শুধু পার্টির প্রধান নন, একটা 'দেশের'ও অক্তম ভাগ্য বিধাতায় পরিণত হয়েছেন।

'হই জার্মানীর' একটি তাঁর হাতে।

—হাঁা, কাঁটা তারের বেড়া থেকে শুরু
করে স্যোসালিস্টিক বিবাহ-বিদি,
স্যোসালিস্টিক অন্নপ্রাশন, নাম-করণ,
কৃষি এবং শিল্প সংগঠন—জার্মান
ডেমোক্রেটিক রিপাবলিকের ভালমন্দের অনেক খানিই তাঁর হাতে।

২২ তম কংগ্রেদের পর এখানেও নাকি প্রতিধানি শোনা যাচ্ছে: এ হাত পরিবর্তন আবশুক। কেননা মৃত স্ট্যালিনকে যদি ক্ষমা করতে না পারা যায় তবে পূর্ব জার্মানীর এই স্ট্যালিনটিকেই বা কেন দেওয়া হবে এই অবাধ রাজত্বের ছাড়পত্র গ প্রশ্বটা সঙ্গত। কারণ, উলব্রিখ্টু খে স্ট্যালিনের বিশেষ বন্ধুজন সে কথা স্বখ্যাত। এমন কি এককালের বান্ধবী এবং বর্তমানে (বিয়ে হয় ওঁদের ১৯৫১ সনে) মিদেস উলব্রিথ টু লোটিও যে কুশ্চফ পন্থী নন তার প্রমাণঙ অফুরস্ত। ( প্রদঙ্গত উল্লেখযোগ্য, এই মাহিলাটি কমিউনিস্ট শাল্তে 'প্রাকটি-সিজম' নামে একটি বিশেষ ধরণের পাপ বা अन्तत्व আবিষ্কারক।)

তব্ও বিশেষজ্ঞরা বিশাস করেন,
—উলব্রিথ্ট্-এর পতন অবধারিত
নয়। কেননা, পূর্ব জার্মানী নামে

# विनी, क्रियण तिहार्ड

আঙ্গ যে দেশটি, উলব্রিথ্ট্কে বাদ দিয়ে দ্যালিন বা জুকফের পক্ষেতা কোন কালে সম্ভব ছিল না! পার্টিকে দিয়ে দিনে আঠার ঘণ্টা বিরামহীন কাজ করিয়ে তবে এই রাজ্য গড়ে তুলেছিলেন সেদিন হুর্বর্ধ উলব্রিথ্ট্। অথচ, বহু বছর ক্ষণদেশে প্রবাস জীবনের পর দেশে তথন তিনি সম্পূর্ণ নবাগত। তবুও দেখতে দেখতে কমীরা যে হাকে ঘিরে চার পাশে এসে দাড়াল সে শুরু উলব্রিথ্ট্-এর শ্বৃতি শক্তির টানে। প্রায় কুড়ি বছর পরেও তার মনে ছিল কোন্ গলিতে কোন্ কমরেড বাস করেন, কি তার ঠিকানা এবং কে কোন্ কাজ ভাল জানেন।

তাছাড়া আরও একটা মস্ত গুণ আছে কমরেড উলব্রিথ ট্-এর। তিনি হাওয়া চেনেন। ২০তম কংগ্রেসে ন্টালিনের নতুন পরিচয় গুনে তিনিও কুশ্চফের সঙ্গে মাথা নেড়েছিলেন। ইউরোপ অবাক হয়ে সেদিন গুনেছিল ন্ট্যালিন-বন্ধু উলব্রিথ টু বলছেন—'ওয়ানক্যান-নট রেকন ন্ট্যালিন আ্যামঙ্গ দি ক্লাসিক মার্শ্মিন্ট্য।'

٥٠. ১১. ৬১

# এটनी, क्रिटमण्डे तिहार्ड

'দরজায় এসে থামল একটা থালি দামী গাড়ি;—কিন্তু এ কি!—ভেতর থেকে বেরিয়ে এলেন মহামান্ত এটলী।'

প্রধানমন্ত্রীকে নিয়ে রুটেনে তথন
রকমারী রিদিকতা। ছোটখাট মান্ত্রষ
(লম্বায়—পাচ ফুট দাড়ে দাত ইঞ্চি,
ওজন—একশ' চল্লিশ পাউগু),—
'ঠাকুদার মত' চেহারা। চোথভরা
লজ্জা, মাথা ভরা টাক। তত্তপরি
কথা বলেন—গুনে গুনে, কানে
কানে। স্বতরাং, দহদা ঘেন চোথেই
পড়ে না। ককটেল পার্টিতে মাত্র
হ'পজ দূরে বলাবলি করে মেয়েরা—
গুহ, রুড়ো এটলী আজ যদি থাকত!

কেউ বলে—এটলী মরিদনের মন্ত
বিচক্ষণ নন। কেউ বলে এটলী
বিভানের মত বক্তা নন। কারও মতে
ব্যক্তিত্বে আরও উজ্জ্বল ক্রীপদ, কারও
রায়—নেতৃত্বে আরও মজবুত ছিলেন
—আর্নেট বিভান। এটলীকে ঘিরে
নানা জনের নানা মত। এবং সম্ভবত
একারণেই এই একটি মাতৃষ দম্পকে
ইংল্যাও একমত। তার দিলান্তঃ
এটলী এটলী-ই। তিনি কারও মত
নন; দম্পূর্ণত তার নিজের মত,—
এটলী ক্রিমেন্ট রিচার্ড এটলীর মত।

পার্লামেন্ট মথিত করে বক্তৃত। হচ্ছে। কিন্তু সরকারী বেঞ্চের প্রথর আক্রমণের সামনে চুপচাপ বদে

### এটলী, ক্লিমেণ্ট রিচার্ড

আছেন নির্বিকল্প শ্রমিক নেতা। বক্ততা যতই এগুচ্ছে যতই উত্তেজিত হয়ে উঠছে সভাকক, ততই যেন নীচের দিকে ঝুঁকে পড়ছে তাঁর মাথাটা। ক্রমে, সভা যথন উত্তেজনার শীর্ষে তথন দেখা গেল টেবিলের ওপর জেগে আছে ভগ্ একটি কেশশুন্ত মাথা। আদনে হারিয়ে আছেন বিরোধী দলের নেতা।—এটলী কি ঘুমোচ্ছেন ?—না। ডেস্কে তাঁর হাতের আঙ্গুলগুলোর চলাফেরা যারা লক্ষ্য করছেন তাঁরা জানেন—এটলী তাঁর উত্তরের জন্ম তৈরী হচ্ছেন। উত্তরে এমনও হতে পারে যে টোরীরা একটা নির্বাচনে হেরে থেতে পারে। যেমন গিয়েছিল '৪৫ সনে ।

দশ নম্বর ডাউনিং স্থীটে তুম্ল কর্মব্যস্ততা। মন্ত্রিসভার বৈঠক। কে একজন কমবয়েনী মন্ত্রী হাত পা ছুঁড়ে কি একটা বোঝাতে চাইছেন প্রধানমন্ত্রীকে। অন্ত মন্ত্রীরা অবাক হয়ে দেখছেন—এটলী আপন মনে সামনের সালা কাগজটায় আঁকি-বৃকি কাটছেন। তিনি ছবি আঁকছেন। তাই বলে কি সহ-কর্মীর কোন কথাই শুনেননি তিনি ? প্রমাণ পাওয়া গেল মিনিট কয় পরেই, প্রধানমন্ত্রী যথন জানালেন প্রস্তাবটি তিনি সমর্থন করছেন, তবে এই এই সংশোধনী সহ—। হিসেব নিয়ে দেখা গেছে— যুদ্ধের সময়কার কোয়ালিশান মন্ত্রি-সভায় ষেদিন সভাপতিত্ব করতেন প্রধানমন্ত্রী চার্চিল সেদিন সময় লাগত বেশী, কাজ হত কম। আর যেদিন দায়িত্ব নিতেন তাঁর ডেপুটি এটলী সেদিন ঠিক তার উল্টো। কাজ হত বেশী, সময় লাগত কম। এইজন্তেই এটলী,—এটলী।

মধ্যবিত ঘরের সস্তান। বাব ছিলেন আইন ব্যবসায়ী। থাকতেনও পুটনি এলাকায়। ন' বছর অবধি লেথাপড়া বাড়ীতেই। প্রথমে মায়ের কাছে, তারপর জনৈকা মিদ হাচিন্দনের কাছে। হাচিনসন বলতেন—এছেলে ত রীতিমত ঠাণ্ডা। আমা: আর একটি ছাত্র যা ছিল! কে দে প্রজানতে চাইতেন বালক এটলী। গৃহ শিক্ষিকা হেদে বলতেন—তুমি চিন্তে না বাপ, তার নাম—চার্চিল।

বাভী থেকে স্কুল। স্কুল থেকে 
অক্সফোর্ড। এটলী 'মডার্ন হিস্টরী'র 
ছাত্র। বেপরোয়া এবং শক্ত রাজান 
বাদশাদের বড্ড ভাল লাগে তার। 
কিন্তু নিজে তিনি নরমের নরম।

কলেজের পড়া শেষ হল আইনে উপাধি নিয়ে বাবার ব্যবসায়ে যোগ

# এটলী, ক্লিমেন্ট রিচার্ড

দিলেন তরুণ এটলী। কিন্তু দে মাত্র কিছুদিনের জন্মে। একদিন এক বন্ধু এদে ডেকে নিয়ে গেলেন লাইমহাউস এলাকায়, হাইলেবারি হাউদে। সেই যে গেলেন—ও এলাকা থেকে আর ফেরা হল না তার। হ'দিনেই লাইম হাউস-এর দারিন্দ্র সোম্পালিস্ট বানিয়ে দিল তাকে। ১৯০৭ সন থেকে এটলী পাকা সোম্পালিস্ট। তিনি কেবিয়ান সোমাইটির অন্যতম কর্মী, ইনডিপ্রেণ্ট পার্টির অন্যতম সদস্য।

এটলী এখন দিনে অক্সফোর্ডে টেড ইউনিয়ান আইন প্ডান, রাতে ফেবিয়ানদের সঙ্গে আড্ডা দেন। অক্রফোর্ড থেকে লণ্ডন স্বল ইকনমিকস। সেথানে তিনি সমাজবিজ্ঞানের কিন্ত শিক্ষক। আসলে তিনি সমাজদেবক। স্বলের চেয়ে অনেক বেশী আকর্ষণ তার লাইমহাউদ পাডায়। পার্টির জন্মে ওপাড়ায় এক বছরে একশ পনেরটা বক্তৃতা দিয়েছিলেন দেদিন লাজুক এটলী । একটি কাঠের বাক্স পিঠে করে তিনি ঘুরে বেড়াতেন গলিতে। লোকজন দেখা মাত্র তার কাজ হত বাক্সটা মাটিতে পেতে তার উপর দাভিয়ে যাওয়া।

এল প্রথম মহাযুদ্ধ। বকুতা

থামিয়ে স্বেচ্ছাসেবক হিসেবে সৈগুবাহিনীতে যোগ দিলেন এটলী। লাইমহাউস থেকে মেসোপটেমিয়া, ফ্রান্স,—নিজের হাতে লড়াই। চার বছর পরে যথন লাইমহাউসে ফিরে এলেন এটলী তথন তিনি একজন মেজর, তার দেহের তুই জায়গায় যুদ্ধের স্থারক,—গভীর ক্ষত।

'২২ সনে লাইমহাউদ পালামেণ্টে পাঠাল তাঁদের মেজর সাহেবকে। সেই থেকে '৫৫ সনে অবদর গ্রহণ অবধি—এটলী বরাবর লাইমহাউদের প্রতিনিধি। পালামেণ্টে ১৯৩৫ সন থেকে '৫৫ অবধি লেবার পার্টির নায়ক ক্লিমেণ্ট এটলী ঘে যে সরকারী পদ অলংক্লত করেছেন তার মধ্যে উল্লেথযোগ্য: আণ্ডার দেক্রেটারী অব স্টেট ফর ওয়ার (১৯২৪), পোস্টমান্টার জেনারেল (১৯৩১), সহকারী প্রধানমন্ত্রী (১৯৪৫—৫১)।

প্রধানমন্ত্রী হিসেবে এটলীর রাজত্বকে কেউ বলেন—'সোস্থালিক্ষম', কেউ কেউ—'কেয়ার শেয়ারস কর অল'। চার্চিল বলতেন—
'কিউটাপয়া (Queuetapia)!
কেননা, তাঁর মতে এটলীর অন্যতম কৃতিত্ব দেশময়—'কিউ! তবে বিপক্ষে

# এডওয়ার্ড, অপ্টম

ভোট দিলেও ইংরেজরা স্বীকার করেন—দেই 'কিউ'-এর মৃথ 'ওয়েলেফেয়ার স্টেট'-এর জানালার এবং এই জানালাটা খুলেছেন যাঁরা তাঁদের অন্যতম,—সেই মাত্রটিই। আটাত্তর বছরের বুদ্ধ সমাজতন্ত্রী আর্ল এটলী আমাদের দেশে এদেছেন আজাদ-বক্ততা দিতে। অবশ্য, এদেশে তিনি এই প্রথম নয়। '২৭ সনে 'সাইমন ফিরে যাও' বলে বাঁদের মুখের ওপর কালো নিশান উড়িয়েছিলাম আমরা, মনে করলে দেখা যাবে সেই দলে ছিল আজকের বুদ্ধেরই তরুণ মুখটি। এটলীকে সেদিন আমরা চিনতাম না। আজ চিনি। শুধু আমরা নয়, সমগ্র বিশ্ব চেনে।

२७. २. ७১

# এডওয়ার্ড, অপ্টম ( ডিউক অফ উইগুসর )

'আমিহ:থিত।—আপনি আমাকে হতাশ করলেন স্থার !'

'—কেমন করে ?' চোথে চোথ রেথে জানতে চাইলেন যুবরাজ। ভদ্র-মহিলাকে আজই তিনি প্রথম দেথলেন কিনা।

'—আমেরিকা থেকে যে মেয়েই আদে দ্বাইকে এই একই কথা বলে থাকেন আপনারা!—আই হাড হোপড ফর সামথিং মোর অরিজিক্সান ক্রম দি প্রিক্স অব ওয়েলস।'—চোথ ছটো তেমনি না নাড়িয়ে উত্তর দিলেন মিসেস সিম্পাসন।

কে জানত এই একটি বাকাই চিরকালের মত কেডে নিয়ে যাবে. রাজ্য, রাজত্ব, **সিংহাসন, 'সম্ভ**ম'। নিতান্তই ঘটনাচক্রে দেখা। সে ১৯৩১ সনের শীতের সময়ের কথা। দক্ষিণ আমেরিকা থেকে ফিরে ভব্যুরে যুবরাজ ভাই জর্জকে নিয়ে শিকারে গিয়েছেন গ্রামাঞ্জে। দেখানেই মেন্টন মাউত্তের বাডিতে আলাপ স্বামীর সঙ্গে মিসেস সিম্পসনও ছিলেন ভোজের টেবিলে। যুবরাজকেই প্রথমে কথা বলতে হয়। স্থতরাং প্রিন্স বললেন—আমেরিকা থেকে এসেছেন ঘরে উত্ন রাথা আপনাদের স্বভাব, निक्ष जापनात्त्व जञ्जविद्ध इत्व। তারই উত্তর—'আপনি আমাকে হতাশ করলেন স্থার! প্রিন্স অং ওয়েল্স-এর কাছ থেকে নতুন কিং আশা করেছিলাম ।'

'ডেভিড' তাঁর প্রিয় 'ওয়ালি' সেই আশা আজও পূর্ণ করেচলেছেন রাজ্য-রাজত্ব-সিংহাসন—সব ছে ইংলণ্ডেশ্বর অষ্টম এডওয়ার্ড আ দেশত্যাগী প্রেমিক ডিউক মাত্র।
মিসেস সিম্পানন তাঁর স্থী—ডাচেস
অব উইগুসর। তাঁদের প্রণয় কাহিনী
আজ জগৎ বিখ্যাত। কিন্তু জগৎ
জানে না পাঁচ বছর পরে মাত্র দশমাস
রাজত্ব শেষে দেই ঝড়ের দিনগুলোতে
উইগুসর আর বাকিংহাম প্রাসাদে কি
অসহ্ব যন্ত্রণায় ইংলপ্রেশ্বকে প্রতিটি
মহর্ত অতিবাহিত করতে হয়েছে। মা,
প্রধানমন্ত্রী বলডুইন, বিশপ ডঃ রাণ্ট,
এবা পার্লামেন্টের কথা বাদই দেওয়া
গেল। বিশের সংবাদপত্র, বিশেষ
করে দেদিনের ক্লিট স্ত্রীট যে নিগ্রহে
নিক্ষেপ করেছিলেন ওঁকে সেও কি
কম গু ওঁর নিজের জবানীতেই বলিঃ

বিকেলে মাক্স বিভারক্রককে
টেলিফোন করলাম বাকিংহাম
পালেদে। 'জেণ্টলমাানস এগ্রিমেণ্ট'
ভেক্সে পড়ার লক্ষণ স্পষ্ট হয়ে উঠেছে।
ফ্রিট স্ত্রীট মন্ত্রিসভার সিদ্ধান্ত এতক্ষণে
নিশ্চয় জেনে গেছে।……মাক্সকে
জিজ্ঞেস করলাম—'হোয়াট ডুয়ু
ইনটেণ্ড টুডুইন দি এক্সপ্রেস ?'

উত্তর হল—'স্থার, দি এক্সপ্রেস, উইল—রিপোর্ট দি ফাক্টস। ইট ইজ আওয়ার ডিউটি টু ডু সো।'

কিংবা--

খবরের কাগজ সরিয়ে দিয়ে আমি

আমার বেতার বক্তা লিখতে বদেছি। ডুমিং রুমে ওয়ালি এদে হাজির। তাঁর হাতে লগুনের একটা দচিত্র কাগজ। '—তুমি কি এটা দেখেছ?' ওয়ালি আমাকে জিজ্ঞেদ করল। 'হাা……অত্যন্ত বাজে!'—আমি উত্তর দিলাম। কাগজ্ঞটায় ওঁর মুখটাই মস্ত করে ছাপা ছিল।

অ্যাটলান্টিকের হুই তীরে তথন---চাঞ্চাকর সংবাদ ওঁরা। স্থতরাং. আরও চাঞ্চা খুঁজে বেড়ান ছাড়া আর বিশেষ কিছু কাজ ছিল না সেদিনের সাংবাদিকদের। সমাট তাই শ্রণাপন্ন হয়েছিলেন লগুনের একটি ছোট্র সাপ্তাহিকের।— 'নিউ স্টেটসম্যান এণ্ড নেশন'-এর সম্পাদক কিংসলে মার্টিনের কাছে অন্তুরোধ পাঠিয়েছিলেন বিষয়টা একটু গভীর ভাবে ভাবতে।-বহুদিন পরে মার্টিন সে গোপন অন্থরোধটা এবার জগংকে জানিয়েছেন। ভিস্তিওয়ালা আর বাদশার মতই থবরটা বোধহয় রোমাঞ্চকর। কেননা, 'ফোর্থ এস্টেট' নামে হলেও স্বয়ং সমাটের এতথানি ম্বাদাদানের থবর বৃটিশ-প্রেসে অনেক নেই। তারপরেও কি ডাচেদ বলতে পারেন—ডিউক তাঁকে হতাশ করেছেন! ৩১. ৫. ৬২

# এনজুমা, ডঃ কোয়ামে

## এনকুমা, ডঃ কোয়ামে

'গভন'র তাঁর হাতটা বাড়িয়ে দিলেন আমার দিকে। তারপর বললেন—প্রধানমন্ত্রী, আজকের দিনটা তোমার কাছে নিশ্চয় একটা দিনের মত দিন। কেননা, যে দিনটির জল্যে তোমার এতদিনের সংগ্রাম আজ সেই দিন।

'আমার নয়, আমাদের সংগ্রাম বল্ন শুর চার্লস,—আমি শুধরে দিলাম তাঁকে।'

ষিনি শুধরে দিলেন তাঁর নাম ডঃ
কোরামে এনকুমা। এবং ভুলটা বার
হয়েছিল তাঁর নাম স্তার চার্লদ আর্ডেনক্লার্ক। স্বভাবতই, হজনের পক্ষে দেই
উল্লেখযোগ্য দিনটা ১৯৫৭ সনের ৬ই
মার্চ। অর্থাৎ গোল্ড কোই বা ঘানার
জন্মদিন।

ঘানার জন্ম আর তার আজকের প্রধানমন্ত্রী এনক্রুমার জীবন প্রায় আছেছ। এনক্রুমা তাই তার আত্ম-জীবনীটির নাম দিয়েছেন 'ঘানা'।

স্থল পেরিয়ে কলেজে এসে হাদয়বান শিক্ষকের মৃথে এনকুমা শুনলেন
— 'হারমোনিয়াম নামক বাভষন্ধটিতে
— সাদা এবং কাল ছই বংয়ের 'কী'
দেখেছ? বাজাতে চাইলে ছটোই

বাজে। কিন্তু যাকে বলে স্থরসঙ্গত তা পেতে হলে হটোই একদঙ্গে বাজান চাই।' কথাটা এনক্রুমার মনে লাগল। কিন্তু চোথের সামনে থেকে সমস্থাটা দূর হল না। কলেজ থেকে বের হয়ে স্থলে শিক্ষকতা স্থক করলেন। দেশের সমস্যাটা স্পষ্টতর হল। বাবা ধনবান ছিলেন না। কাকা ছিলেন সচ্ছল। তিনি টাকা দিলেন। এনক্রমা চলে এলেন আমেরিকায়। নিগ্রোদের বিশ্ব-বিভালয় বিখ্যাত লিঙ্কন য়ুনিভারসিটিতে ভর্তি হলেন। সে '৩৭ সনের কথা। সঙ্গে চলল-নিগ্রো রাজনীতি। এটা '৩৭ সনের কথা। দ্বিতীয় মহাযুদ্ধের পর ('৪৫) এনক্রুমা দ্বিতীয়-বারের মত বিভার্থে বিদেশ যাত্রা করলেন। এবার লওন। বাডীওয়ালী চেহারাটা দেখবা মাত্র দরজা বন্ধ করে দেয় বটে. কিন্তু ল্যান্থি ঘণ্টার পর ঘণ্টা রাজনীতি বুঝান। স্থতরাং বদেই এনকুমা বের করলেন তার বিখ্যাত কাগজ—'নিউ আফ্রিকান।' গোল্ড-কোষ্ট-এ সে কাগজ নিষিদ্ধ।

দেশে আসা মাত্র এবার স্থক হল রাজনীতি। '৪৯ সনে প্রতিষ্ঠিত হল তার নিজস্ব প্রতিষ্ঠান 'কনভেনশান পিপলস পার্টি'। এই দলের নায়ক হিসাবেই '৫১ সনে এনকুমার ভাগো দেদিন জুটেছিল কারাবাদ এবং আজ এল প্রধানমন্তিত্ব।

ক্মন ওয়েলথ পরিবারের সন্তান ঘানা। তার নায়ক একার বছর বয়ঞ্চ এনক্রমা স্বভাবতই রাজনীতিতে চরম-পন্তী নন। মার্কস--একেলস--লেনিন থেকে স্থক করে ভারতের গাদ্দী, আমেরিকার মার্কাস গার্ভে অনেকের মত এবং পথের সঙ্গে পরিচিত এনক্রমা মধ্যপন্থারই পথিক। তবে লোকে বলে সম্প্রতি যে পথ ধরেছেন তিনি তার পরিণতি যেন একনাগ্রু-তন্ত্রের দিকে। আগামী মাসে দেশ-বাদীর কাছে এনজুমা পেশ করছেন ভার অনুমতিপত্তের প্রার্থনা। ঘানার নতন শাসনতন্ত্রকে তথন গণভোটে দেবেন তিনি। যদি সে পরীক্ষায়, তিনি উত্তীৰ্ণ হন তবে ঘানা যে শুধু প্ৰজাতন্ত্ৰ হবে তাই নয়, সকলের প্রত্যাশা কোয়ামে এনক্রমাই হবেন তার সেই ক্ষমতাবান প্রথম রাষ্ট্রপতি।

22. 3. 30

#### এমবয়া, টম

'Our friends in Algeria and South Africa are not interested in Philosophy. They want to know what are you going to do for them.'

সভাস্থল ছিল আক্রা। স্বাধীন আফ্রিকার সভা। উন্তোক্তাদের নাম—পজিটিভ এ্যাকশান কমিটি। বক্তার নাম টম এমবয়া। স্বদেশ— আফ্রিকা। অবশিষ্ট, আফ্রিকার হয়ে টম আফ্রিকাকে ভেকেছেন—পনরই এপ্রিল গোটা মহাদেশে 'স্বাধীনতা দিবস' পালন করা চাই।

কেনিয়াটা খীন কেনিয়ার নায়ক টম এমবয়া আজ আফ্রিকার অন্যতম জননেতা। আজ এই উনত্রিশ বছরের কাল ছেলেটি যথন স্নান করেন, বুটিশ দান্রাজ্যের কলোনিয়াল দেকেটারী তখন তার বৈঠকথানায় অপেক্ষা করেন। ক'বছর আগেও লওনের গুটিকয় শ্রমিক নেতা ছাড়া কেউ না তাঁর। কিন্ত জানত এমবয়া আজ সকলের চেনা কালো-আফ্রিকার মুথপাত্র। বাবা ছিলেন---শিশল ক্ষেতের শ্রমিক। ছেলেরও তাই হওয়ার কথা। কিন্তু বাবা স্থলে ভর্তি করে মিশনারীদের দিলেন ওকে। সে স্থলে ব্লাকবোর্ড নেই, এমবয়ার শ্লেটও নেই। ফলে বালিতে অঙ্গুলে এবি সি ডি লিখে বিভারম্ভ হল। সেথান থেকে হাইস্থল

### এলিজাবেথ, রাণী

ভাল করে ধরতে না ধরতেই কানে এল জমো কেনিয়াট্রার ডাক। এমরয়া তথন পয়সার অভাবে স্কল ছেডে হেলথ ট্রেনিং-এ ঢুকেছেন। তিনি ভনলেন, সব বৃঝলেন—কিন্তু থাতায় নাম লেখালেন না। তাঁকে আগে বাঁচতে হবে। দেনিটারী ইনসপেকার-এর চাকরী মিলল। মাসে মাইনে দেডশত টাকা। ভাল মাইনে। কিন্তু একই কাজে সাহেবেরা পান---সাতশ কুড়ি টাকা। ওঁরা আপিদের মোটরে ঘুরেন। তাঁকে চলতে হয় সাইকেলে। তরুণ এমবয়া বিদ্রোহী হয়ে উঠলেন। ধীরে ধীরে আরও বিদ্রোহীদের সঙ্গে যোগাযোগ হল তাঁর। তিনি শ্রমিক ইউনিয়নের নেতৃত্ব বরণ করলেন। একদিকে জমো কেনিয়াটা আর মাউ মাউ আন্দোলন. অন্তদিকে এমবয়ার মজবৃত শ্রমিক কেনিয়া তথন স্বাস্থাবান সভা। সংগ্রামী। কিন্তু সহসা একদিন ওরা কেডে নিয়ে গেল কেনিয়াট্রাকে। এমবয়া কেনিয়াটাব আফ্রিকান ইউনিয়নের শৃক্ত স্থানটি পূর্ণ করতে নির্ভয়ে এগিয়ে গেলেন। '৫৫ সালে আফ্রিকান ইউনিয়ন বে-আইনি হয়ে অত:পর এমবয়াকে তাঁর গেল। শ্রমিক ফেডারেশনাটকেই আরও প্রদারিত করতে হল। আজ কেনিয়ার তা বৃহত্তম রাজনৈতিক সংস্থা। এবং এই প্রতিষ্ঠানের নায়ক হিসাবেই টম এমবয়া আজ কেনিয়ার সবচেয়ে গুরুত্বপূর্ণ মারুষ।

ক'বছর আগে ('৫৪) এমব্য়া কলকাতা ঘুরে গেছেন। আন্তর্জাতিক ট্রেড ইউনিয়ন সম্মেলনে যোগ দিতে এসেছিলেন তিনি। অনেকেই সে থবর জানেন না। আজ তাঁর লওন ভ্রমণ বিশ্বে প্রথম পাতার সংবাদ। লণ্ডন গোলটেবিলে কেনিয়া মোটামুটি পথ খুঁজে পেয়েছে। আপসের বিজয়ীর পূর্বে মাতৃভূমিতে ফিরেছেন— এমবয়া। কিন্তু জমো কেনিয়াটা যতক্ষণ কারাগারে, দক্ষিণ আফ্রিকায় যতক্ষণ—'অনুক্ষণ মানবতা মরে, ততক্ষণ আফ্রিকা কি স্বাধীন দ— অবশুই না। এমবয়া ঘোষণা করেছেন-পনরই আফ্রিকার 'স্বাধীনতা দিবস।' 14. 8. 40

# এলিজাবেথ, রাণী

বানী আসছেন।

আমাদের নয়, ভিন দেশের বানী। রানী এলিজাবেথ। 'হার মোষ্ট এক-দেলেন্ট ম্যাজেষ্টি এলিজাবেথ দি দেকেণ্ড বাই দি গ্রেস অব গড়, অব দি

# **अमिकाद्यभ, तानी**

ইউনাইটেড কিংডম অব গ্রেট বুটেন আাণ্ড নর্দার্ন আয়র্ল্যাণ্ড এও অব হার আদার রেলমদ এও টেরিটোরিদ, কুইন, হেড অব দি কমনওয়েলথ, ডিফেণ্ডার অব দি ফেইথ,—রাজেশ্বরী। ক'টা বছর আগে হলেই বলতে হত রাজবাজেশ্বরী,—ভারতেশ্বরী।

ভারতেখরী হতে পারতেন যিনি, প্রথম ভারতেখরী যার দাক্ষাৎ ঠাকু'মার ঠাকুর্মা দেই ইংলণ্ডেখরী আসছেন। সঙ্গে আসছেন রানীর একত্রিশ সহচরী, আর একশ তিন বছরের স্থতি।

অবশ্য ইংলণ্ডেশ্বরীর বয়স এথনও চল্লিশও ছোয়নি। বয়স মোটে প্রতিশ। দেখায়—আরও কম।

মন্থণ চামড়া। গায়ের রং, প্রজারা বলে—'স্প্রীং ইন ইংল্যাণ্ড!' ঢেউ থেলান বাদামী চুল, সোনালী রং, নীল চোথ। পাঁচ ফুট তিন ইঞ্চি উচু এলিজাবেথ যদি অহুচ্চ জুতো পরে টুইডের গাউন চাপিয়ে পথে হাটেন তবে কে বলবে—এলিজাবেথ রানী।

অথচ থবরের কাগজের আধাকলমে প্রোফাইলটা দেথে ছনিয়া তাই
বলে। বলে—এই মেয়েটি ইংল্যাণ্ডের
রানী।—কটি ছেলেপুলে জানি ওঁর ?
এলিজাবেথ রানী হয়েছেন

সম্প্রতি। মাত্র ১৯৫৩ সনে। কিন্তু সংবাদ হয়েছেন তার বহু আগে। '৪৭ সনের জুলাইয়েরও আগে।

কত বয়েদ হবে তথন আর তাঁর ?
বাধ হয় তের। সতের বছরের
প্রবাদী গ্রীক রাজকুমারকে ঘিরে তথন
থেকেই রাজকন্তা দেশ আলোড়নকারী
সংবাদ।

'ফিলিপ দি গ্রীক' ওরফে নাবিক তথা প্রিষ্ণ ফিলিপ সতের থেকে পচিশে পৌছালেন, রাজকুমারী তের থেকে কুড়িতে। রাজকুমারীর টেবিলে নাবিকের বেশে ভিনদেশী রাজকুমারের ছবি। থিল বন্ধ স্থানের ঘরে ফিলিপের হাতে ভবিশ্বৎ ইংলওেশ্বরীর চিঠি, থবরের কাগজে হেড লাইন—'ছ আসক্ত ভ্ম ?'

ষষ্ঠ জর্জ বাদ সাধলেন। বললেন—
আমার মত নেই। এলিজাবেথ
কাঁদলেন। স্থপক্ষে রাজার কাছে
দরবার করলেন মা এবং বৃদ্ধা ঠাকুরমা।
রাজা মাউন্টব্যাটেনকে তলব করলেন।
বললেন—তোমবা বোঝ। ফিলিপ
ওঁদের আত্মীয়, তহুপরি মাউন্টব্যাটেন
ভান বাঁয়ের মতিগতির সন্ধান জানেন।
একটা কাগজ ভোটাভূটি করে
ফেলল। তারা বলল—স্বপক্ষে শতকরা
চৌষ্টি!

#### এলিজাবেথ, রাণী

স্কুতরাং, বিয়ে হয়ে গেল। সে ১৯৪৭ সনের জুলাইয়ের কথা।

বিয়ের পর মান্টায় নাবিকের বৌ হিসেবে গৃহস্থের সংসার। নাচের আসর, ছেলেমেয়ে ইত্যাদি এবং অবশেষে '৫৬তে এসে সিংহাসনে স্থিতি।

সিংহাদনে বদা এলিজাবেথকে দেখে সকলে একবাক্যে স্বীকার করলেন—এ মেয়ে জুগ্যি বটে ! মেরী, স্মানি, এলিজাবেথ, ভিক্টোরিয়া—ইংল্যাণ্ডের ইতিহাদে যে ক'জন রানী সিংহাদনে বদেছেন—এলিজাবেথ দিতীয় তাদের কারও চেয়ে অল্প-লক্ষণা নয়।

গেল ক' বছরে বোধ হয় সত্য প্রমাণিত হয়েছে কথাটা। এলিজাবেথ চিরকাল জনতা দেখেছেন জানালা দিয়ে উকি দিয়ে, কিন্তু গেল ক' বছরে ('৫৩-'৫৯) এত মান্ত্র্য দেখেছেন তিনি যা সম্ভবত পৃথিবীর কোন রাজা কোন দিন দেখেননি। এশিয়া, আফ্রিকা, আমেরিকা, অট্রেলিয়া—ক' বছরে আশি হাজার মাইলের বেশী ঘ্রেছেন তিনি। অসংখ্য দেশ দেখেছেন,— অগণিত মান্ত্র্য।

ঘরে যথন থাকেন এলিজাবেথ তথন স্থী গৃহস্থ। রাজ্য পরিচালনার জন্ম হার ম্যাজেষ্টির মন্ত্রীরা রয়েছেন। পার্লিয়ামেন্ট রয়েছে। স্বয়ং রানীর কৃত্যগুলো কথঞ্চিৎ লাঘ্ব করার জন্মে রয়েছেন—প্রিন্স ফিলিপ।

এলিজাবেথ তাই এগার বছরের ছেলে প্রিষ্ণ চার্লদ আর ন' বছরের মেয়ে প্রিষ্ণেদ আ্যানির মধ্যে বাইদিকল-পলো থেলা দেথেন ( অবশ্র ছুটির সময়ে).—কিংবা প্রিষ্ণ এণ্ড র হাত-পা হোড়া!

তাঁর অন্য নেশা—ঘোড়দৌড় এবং টেলিভিসন। তবে সবচেয়ে ভাল লাগে যেটা সে সব সময় রানীভাবে থাকতে হয়।

একদিন প্রাসাদের এক কর্মচারী এলিজাবেথের সামনে একটা কিসে একটু হেলান দিয়ে দাঁড়িয়েছেন, 'হার ম্যাজেষ্টি' সঙ্গে সঙ্গে জানতে চাইলেন —'আপনি কি ক্লাস্ত''

—'না ম্যাভাম, কেন বলুন ত ?'

ইংলণ্ডের রানী দ্বিতীয় এলিজাবেথ উত্তর দিলেন—'বিকজ আই থিক ইউ স্থাড প্র্যাণ্ড আপ ষ্ট্রেইট হোয়েন ইউ আর টকিং টু দি কুইন!'

মাত্র্যটি তৎক্ষণাৎ আনত মস্তকে সোজা হয়ে দাড়িয়েছিলেন।

२२.२.७०

[ আবার অক্তরকম হয়। অবশ্য প্রত্যহ নয়, কখনও কখনও।]

ইংল্যাণ্ডের ইতিহাদে শ্বরণীয় কণ অনেক। সে মাল্যে বিন্দুর মত আরও একটি মুহুর্ত যুক্ত হল। গৌরবের দাত-নরী হারে অকিঞ্চিংকর সেই মুহুর্ত ক'টি তবুও যে এত দূব থেকে চোথে পড়ছে তার একমাত্র কারণ বিন্দুটি কৃষ্ণবর্ণের। রুটেন শ্বরণকালে নাকি এমন ঘোরকৃষ্ণ ক্ষণ চোথে দেখেনি।

স্থান ছিল লণ্ডনের বিখ্যাত অক্টেউইচ থিয়েটার। কাল—১০ই জুলাই, বুধবার। ইংলণ্ডেশ্বরী রানী দিতীয় এলিজাবেথ দে রাত্তিরে থিয়েটার দেখতে গিয়েছিলেন। সঙ্গে ছিলেন তাঁর প্রিন্স ফিলিপ, গ্রীকরাজ পল এবং তদীয় পত্নী রানী ফেডারিকা। ফেরার পথে আলোকের সেই ঝরণা ধারা হঠাৎ থমকে দাভিয়েছিল। মহামান্যা ইংলণ্ডেশ্বরী অবাক হয়ে ভনছিলেন তাঁরই প্রজাবর্গ তাঁকে টিটকারি দিছে। এ অন্ধকাব এলিজাবেথ ইতিপূর্বে দেখেননি। তিনি রাগেকাপতে লাগলেন।

তারপর কাউকে কিছুনা বলে সোজা নিজের গাড়ীতে গিয়ে বদলেন। পরদিন সকালে প্রভাতী কাগজে

ঘটনার বিবরণ পড়ে বুটিশ দ্বীপপুঞ্জ স্তম্ভিত। এমন কি. আমাদের মত দূরবতী শ্রোতারা পর্যস্ত। কেননা, রানী দ্বিতীয় এলিজাবেথ ইংল্যাণ্ডের রানী যার সম্পর্কে মিশর-রাজ একদা বলেছিলেন—ভায়মতঃ. হাটস, স্পেড এবং ক্লাব-এর পর যদি কোথাও রাজ-মর্যাদা থাকে তবে দে বুটেন! শুধু তাই নয়, এলিজাবেথ দেই বুটেনের বানী যেখানে বানীর পুত্রলাভের আনন্দে সাধারণ কারথানা শ্রমিক পর্যন্ত 'পাবে' বাডতি শিলিং-গুলো উডিয়ে দেয়। থবরের কাগজে চিঠি আদে রাজপুত্রের এমন নাম রাথা চাই যাতে 'একটা অর্ডিনারী মিরাকল অব এ রয়াল বার্থ' যেন নামের কারণে চাপা না পডে যায় ৷

বিশেষত রানী দ্বিতীয় এলিজাবেথকে তাঁর রাজত্বের স্চনা দিন
থেকেই (১৯৫২) প্রজারা অন্তরাগ
দেখিয়েছিল কারন ষষ্ঠ জর্জ জনপ্রিয়
রাজা ছিলেন। এবং তিনি নাকি
মৃত্যু শ্যা থেকে বলেছিলেন—আমার
এই মেয়েটি অনাথাই রয়ে গেল।—দি
উইল বি লোনলি অল হার লাইফ।
প্রজারা হর্ষধ্বনিতে সে ভবিস্তৎবাণীকে
বিফল করতে চেয়েছিল। মনে আছে,
সেদিন তারা সগৌরবে রানী প্রথম

#### এলিজাবেথ, রাণী

এলিজাবেথকে উল্লেখ করেছিল। গুণে
গুণে হিদেব করেছিল—প্রথম এলিজাবেথও দিংহাসনে বসেছিলেন পঁচিশ
বছর বয়সে। সেদিনটিতেও ইংল্যাণ্ডের
ভাগ্যাকাশ ঘিরে এমনি নানা ছুর্যোগের লক্ষণ ছিল। তারই মধ্যে
শেক্সপীয়র, বেন জনসন, যুদ্ধ,—তিরিশ
বছরের টানা শান্তি! এ এলিজাবেথ
আরও স্থলক্ষণা, সিংহাসনে বসার
আবেই তিনি মা হয়েছেন। স্থতরাং,
সেদিন জয়ধ্বনি উঠেছিল—লং লিভ
দি কুইন!

আজ এগার বছর পরে কেউ কি বলতে পারে এলিজাবেথ ব্যর্থ রানী? অবশু নয়। রানী বিশ্ব ভ্রমণ করেছেন। রানীর আমল এভারেষ্ট জ্বয় করেছে। রানী টেলিভিসনে দর্শকদের মনোজ্বয় করেছেন। এবং কি নয়? কথা আছে তিনি 'সৈন্যবাহিনী ভেঙ্গে দিতে পারেন, অফিসাবদের চাকরী থতম করে দিতে পারেন, শ্ব জাহাজ বেচে দিতে পারেন, শ্ব জাহাজ বেচে দিতে পারেন, শবত স্পীডে খুশী মোটর চালাতে পারেন,' এবং আরও অনেক কিছু। কিন্তু দেগুলো কথার কথা। বেগহট (Bagehot) যিনি নিয়মতান্ত্রিক রাজতন্ত্রের এই অধিকারগুলো তালিকাব্দ করেছিলেন, ভিক্টোরিয়া তাঁকে

বলতেন—'হাট্টু' ('হোয়াট এ উইকেড
মান টুরাইট সাচ এ স্টোরি!')
কার্যত যা করা সম্ভব ছিল এলিজাবেথ
সম্ভবত সবই করেছেন। এমন কি
ফিলিপের পরামর্শ মত তিনি নাকি
মদ, আলু এবং মিষ্টি ছেড়ে দিয়েছেন।
কেননা, নয়ত এই সাঁই ত্রিশ বছর বয়সে
প্রজারঞ্জক অবয়ব রাখা যায় না।
তাহলেও দিতীয় এলিজাবেথকে ১০ই
রাত্রে পথের মান্থ কালো ম্থ দেখাল
কেন ?

#### প্রশ্নটা গুরুতর।

কেননা, সেদিন সাক্ষাং নিজের কর্ণে শুনলেও এলিজাবেথ জানেন তার জীবনে এই প্রথম টিটকারি নয়। পাশে তবুও সেদিন ফ্রেডারিকা ছিলেন, কারণটা তাই অজ্ঞাত ছিলনা। কিন্তু সেই লিথিত টিটকারিগুলো?

যতদ্র মনে পড়ছে ইটক খণ্ডের চেয়েও প্রবল প্রথম টিটকারিটি নিক্ষেপ করেছিলেন তরুণ লর্ড অ্যালটিক্ষহাম। তিনি লিথেছিলেন (ফ্রাশনাল এণ্ড ইংলিশ রিভিউ, ১৯৫০) রানীকে দেখলে মনে হয় তিনি যেন 'এ প্রিগিশ, স্থল গার্ল, 'ক্যাপটেন অব দি হকিটিম্'…ইত্যাদি। তার কথা বলার ভঙ্গী ধেন 'গলায় কোন ব্যথা সঞ্জাত'।

### ওয়েলনন্ধি, স্থার রয়

তিনি মনে করিয়ে দিয়েছিলেন— রানীর বয়স হচ্ছে, প্রজার ভালবাসা পেতে হলে তাঁকে এখন এমন কিছু বলতে হবে যা তারা মনে রাখতে পারে, এমন কিছু করতে হবে যা দেখে তারা নড়েচড়ে বসতে পারে ! দ্বিতীয় অবাধা প্রজা ম্যালকম ম্যাগারেজ। তিনি লিখেছিলেন (স্থাটারডে ইভিনিং পোষ্ট, ১৯৫৮) রাজতন্ত্রের মহিমা আমার কাছে 'একান্তভাবেই র্মাত্মক।' টেলিভিসনের রানীকে তিনি নাম দিয়েছিলেন—'ফিলিম স্টার'। তৃতীয় সমালোচক দল-রাগী-ছোকরারা। তাঁদের লিখিয়ে মুখপাত্র জন অসবর্ণের ভাষায় ইংল্যাণ্ডের রাজতন্ত্র হচ্ছে—'দি গোল্ড ফিলিং ইন এ মাউথ ফুল অব ডিকে।' সবশেষ প্রশ্ন তুলেচেন কিংসলে মার্টিন ('দি ক্রাউন এণ্ড দি এন্টাব্লিদমেন্ট') 'টেলিভিশনী রাজতন্ত্র' বিষয়ে মার্টিনের তত আপত্তি নেই, আপত্তি তার খরচ নিয়ে। রানীর সংসারে পাঁচশ দাস দাসী, ৪ লক্ষ্ ৭৫ হাজার পাউও তার বার্ষিক খরচ। তার উপর 'রানীর স্বামী'কে দিতে হয় বছরে ৪০ হাজার পাউত্ত, ছেলে-মেয়েদের ভবিষ্যৎ বাবদে দিতে হয় ১ লক্ষ পাউত্ত। তারপরও মার্গারেটের সংসার

আছে, অন্তরা আছেন।—এগুলো কি বাড়াবাডি নয় গ

ইংলণ্ডেশ্বরী নিশ্চিম্ব errate পারেন তার এধরনের খুঁত-ধরা প্রজাদের শায়েস্তা করার জন্যে শুধু 'এস্টাব্লিসমেণ্ট' নয়, প্রজারাও তাঁর আছেন। আলিটিকহাম সম্পকে রায় দিয়েছিলেন আর্গিল-এর ডিউক 'ওকে ফাঁদী দেওয়া আবশ্যক।' ম্যাগারিজের কাহিনী স্থবিদিত, তার বাড়ীতে পর্যন্ত হামলা হয়েছিল। অন্যরাও গালমন্দ লাঞ্জনা ভোগ করেছেন ক্ম নয়। তাচাড়া. মহামালা ইংলণ্ডেশ্বরী নিশ্চয় জানেন— প্রকৃত গৌরবের পক্ষে ঢিল পাটকেলটি আবশ্যক। তার আগে যে পাচজন বানী ইংলাণ্ডের সিংহাসনে বসেছেন তারা প্রত্যেকেই কখনও না কখনও কম বেশী তা ভোগ করেছেন। এমন যে রানী ভিক্টোরিয়া তাঁকে স্বকর্ণে একাধিকবার শুনতে হয়েছে প্রজারা গলা ফাটিয়ে চেঁচাচ্ছে—'মিদেস মেলবোর্ণ !-- মিসেস মেলবোর্ণ।'

১৮. ৭. ৬৩

### ওয়েলনন্ধি, স্থার রয়

বক্সিং। দিন রাত শুধু বক্সিং আর

#### ওয়েলনন্ধি, জার রয়

বক্সিং। তথন তিনি একজন মস্ত বক্সিং লড়িয়ে। দেশের-হেভিওয়েট চ্যাম্পিয়ান।

কেরানী, কশাই, রুটি কারিগ:1—
বিক্রিং থেলা—কি কাজ না করেছেন
তিনি ? ছই দশক আগেও যদি কেউ
উত্তর রোডেসিয়ায় যেতেন তবে হয়ত
দেখতেন সেই শ্রেতাঙ্গ তরুণটি এঞ্জিন
চালাচ্ছেন। তথন যে তিনি রেলশ্রমিক!

শ্রমিক থেকে শ্রমিক নেতা।
তারপর দেখতে দেখতে ক্রমে
'দেশনায়ক'। রোডেসিয়া এবং
নিয়াসাল্যাণ্ড ফেডারেশনের প্রধানমন্ত্রী
রয় ওয়েলনস্কির উত্থান-কাহিনী সত্যিই
ধেন এক রহস্ত-কাহিনী।

বাবা ছিলেন রুশ আর পোলিশ
মিলিয়ে একধরনের ইউরোপীয়
ইছদি। বাস করতেন—আমেরিকায়।
কার-এ কারবার। কারবারে মন্দা
দেখে তরুণ ইছদি আমেরিকা ছেড়ে
চলে গেলেন আফ্রিকার দক্ষিণ দিকে।
কেননা, তিনি শুনেছেন ওখানেই
হীরে পাওয়া যায় বেশী! রোনাল্ড
যথন ভূমিষ্ঠ হলেন নানা অঞ্চল ঘুরে
তিনি তথন রিক্ত হস্তে রোভেসিয়ায়।

আধা আফ্রিকান, আধা ইউরোপীয় স্ত্রী আর ছেলেকে নিয়ে দক্ষিণ রোডেসিয়ার সেলিসবারীতে ভার গরীবের সংসার।

ছেলে বাবার চেয়েও তুর্ধ। জ্ঞান হওয়া মাত্র সে 'রোনাল্ড' ছেঁটে 'রয়' হল। তারপর চৌদ্দ বছর বয়সে স্থল ছেডে বের হল দিখিজয়ে।

প্রথমে এ-কাজ, সে-কাজ। তারপর ---রেল। ১৯২৩ সনের কথা। রোডে-দিয়ায় রেল-শ্রমিক হলেন ওয়েলেনস্থি। দশ বছর কাজ করে এলেন শ্রমিক ইউনিয়নের কেন্দ্রীয় পরিষদে। তারপর সনে উত্তর বোডেসিয়ার আইন পরিষদে। পরিষদে মনের মত করে নিজের একথান: দল গড়লেন ওয়েলেনস্কি। লেবার পার্টি। বাইরের লোক পরিচয় নিতে গিয়ে বুঝলেন—দে যতথানি শ্রমিকদের তার চেয়েও বেশী যেন একজনের জন্মে। তিনি রয় ওয়েলেনস্কি। আফ্রি-কানরা যাঁকে তথনও নিজেদের লোক ভেবে ডাকত—'ওম রয়।'

উত্তর আর দক্ষিণ রোডেসিয়া।
তৎসহ নিয়াসাল্যাও। ওম রয় স্থির
করলেন—তিনে মিলে এক রাজ্যের
আমীর কিংবা ওমরাহ হতে পারলে
তবেই না কর্তৃত্ব! যুদ্ধের সময়
চমংকার কাজ করেছেন 'জনশক্তি'র

#### করিম, বেল কাসেম

ভহবিলদার বা ম্যানপাওয়ার 
চাইরেক্টার হিসাবে। স্থতরাং 
দরকারী মহলে জনপ্রিয়তা ছিল। 
তারই স্থযোগে '৪৮ সনে ফেডারেশনের 
প্রত্তাব যে শুধু গৃহীত হল তাই 
নয, ওয়েলেনস্কি 'স্তার' হলেন এবং 
দেই সঙ্গে রাজ্যের যোগাযোগ ও 
পরিবহণ মন্ত্রী। '৫৬ সন থেকে 
দেই ক্থ্যাত ফেডারেশনের তিনি 
প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রী ওয়েলেনদ্বিকে নিয়ে ইউরোপে আজ তুম্ল তর্ক। ঘরেও চারপাশ ঘিরে বিজোহের ধ্মায়িত আগুন। কেননা, ওয়েলেনস্কির শাসন আসলে সেই থারিজ করে দেওয়া খেতাক্স শাসন। অথচ দেশ কৃষ্ণাক্ষের।

'২৫ সন থেকে '২৮ সন পর পর দেশের হেভিওয়েট চ্যাম্পিয়ান ছিলেন রয়। আশা ছিল চতুর্থবারও হবেন। কিয় অসংখ্যা দর্শককে হাসিয়ে দেধার জনৈক আফ্রিকান খেলা জমতে না জমতেই নক-আউট করেছিল তাঁকে। জানি না, রোডেসিয়ার ইতিহাসে এটা কোন রাউও চলছে!

2. 0. 65

# ক

#### করিম, বেল কাসেম

ইতিহাসে নাম যার 'শতনর্গবাপী মৃদ্ধ' তারও অভিজ্ঞতা ছিল ফরাদী দেশের। কিন্তু মাত্র সাড়ে সাত বছরে আফ্রিকার এক নগণ্য অঞ্চলে যে মৃদ্ধ তাদের দেখাল 'দৌখিন' মৃদলিম লড়িয়েরা, ইতিহাসে সত্যিই তার তুলনা নেই।

সাড়ে সাত বছরে কুড়ি হাজার ফরাসী সৈত্ত প্রাণ দিয়েছে স্বদূর আলজেরিয়ার মাটিতে। সাম্রাজ্যবাদ
বদলী নিয়েছে সাড়ে তিন লক্ষ
ম্পলমান ম্ব্রুিমোদ্ধাকে হত্যা করে।
কিন্তু তবুও স্তব্ধ করা সম্ভব হয়নি
সেই ভয়য়য়য় রণধ্বনি,—'য়ৄ!য়ৄ!য়ৄ!'
য়থনই ফরাসীয়া জয়ধ্বনি তুলেছে—
'আল-জেরি ফ্রান-সাইজ',—তথনই
পাহাড়ে পাহাড়ে উত্তর প্রতিধ্বনিত
হয়েছে—'য়ৄ!য়ৄ!', মৌন
সাহারা সায় দিয়েছে—'য়ৄ!য়ৄ!য়ু!'
ভধু রক্ত নয়, হদপিগু পর্যস্ত।

#### করিম, বেল কাসেম

ত্ই তুইবার খাদ ফরাসী সৈতাদলে বিলোহের কারণ হয়েছে এই যুদ্ধ, এই যুদ্ধ পতন ঘটিয়েছে ইউরোপের সেই বিখ্যাত রাজশক্তিকে, নাম ছিল ষার ফোর্থ রিপাবলিক। ছা গল যে এলেন—তার অহাতম কারণ আলজেরিয়া। থেকে থেকে তাঁর পঞ্চম রিপাবলিক যে কেঁপে কেঁপে উঠছে তারও কারণ এই আলজেরিয়া। হতরাং, রিপাবলিকের নামেই আদেশ দিলেন জেনারেল—হেলিকপ্টার পাঠাও।

পঞ্চম রিপাবলিকের হেলিকপ্টার
থেকে যে দীর্ঘকায় মাস্থাটি হাতে
একখানা পোর্টফোলিও নিয়ে ধীরে
ধীরে নেমে এসেছিলেন এভিয়ানে
তিনি যে রিপাবলিকের একজন ঘোরতর শক্র সে থবরটা প্রহরারত প্রত্যেকটি ফরাসী সৈক্তই নিশ্চয়
জানতেন। কিন্তু তারা জানতেন না
এই মাস্থাটিও একদিন তাদের মত
ফরাসী সৈক্তদলেই ছিলেন। সেদিন
পরিচয় ছিল তার ফরাসী পদাতিক
বাহিনীর একজন কর্পোর্যাল।

ত গল-এর আলজেরিয়া বিভাগের মন্ত্রী মঁলুই জোদ এগিয়ে এদে মাননীয় শক্রর সঙ্গে করমর্দন করলেন। কিন্তু তিনি কি জানতেন—যে মাহুষটির সঙ্গে তিনি শাস্তি আলোচনা করতে চলেছেন—তিনি বহুকাল আগেই '
মৃত ? একবার নয়, আলজেরিয়ার
আদালত পাঁচ-পাঁচবার মৃত্যুদণ্ড
দিয়েছে করিমকে। কিন্তু আসামীকে
একবারও হাতে পাওয়া যায়নি।
এবং সম্ভবত তা পাওয়া যায়নি বলেই
এভিয়ানে এই শান্তি আলোচনা সম্ভব
হল। কারণ, যোদ্ধা হলেও করিম
যুদ্ধের লক্ষ্য কি তা জানেন। শোনা
যায় শান্তির প্রশ্নে এফ-এল-এন-দলে
তিনি আগাগোড়াই মডারেট ছিলেন।

পুরা নাম-বেল কাসেম করিম। চল্লিশ। বয়স—মাত্র জন্ম---আলজেরিয়ার একগ্রামে। গ্রামের জনৈক চৌকিদার-এর পুত্র যৌবনেই দেশকে ভালবেদেছিলেন। তারপর তার পিতৃভূমির কোন শ্বরণীয় ইতিহাস ति छत निष्कृष्टे अकिनन बाहेरकन হাতে বেরিয়ে পডেচিলেন তা গডে তুলবেন বলে। ফরাসী সৈত্যবাহিনী তাাগী করিম তথন দ্রা-এল-মিজেন-এর মিউনিসিপাাল কাউন্সিলের সেক্রেটারী। এখন তিনি অস্থায়ী আলজিরীয় সরকারের সহ-সভাপতি এবং পররাষ্ট্র দপ্তরের মন্ত্রী। বলা নিপ্পয়োজন, এই পদোন্নতি একদিনে সম্ভব হয়নি।

১৯৫৪ সনে যে নয়জন **মাহুষ** ফরামী সরকারের বিরুদ্ধে যুক্তের শেশার গ্রহণ করেছিলেন দ্রা-এল-মিজেন-এর মৃক্তিখোদ্ধা করিম ছিলেন টাদের একজন। এবং যুদ্ধ স্থক চওয়ার পর তিনিই নিযুক্ত হয়েছিলেন কাবিলিতে কমাগুার।

১৯৫৭ সনে যে পাচজনের কমিটি
মৃক্তি যুদ্ধের পরিচালনা গ্রহণ করেন
এই করিম ছিলেন তাঁদের অস্ততম।
চান, উত্তর কোরিয়া, ভিয়েৎনামে
তিনিই সেদিন সাহায্যের সন্ধানে
বেরিয়েছিলেন। আলজিরিয়ায় সেবার
যথন সাধারণ ধর্মঘট তথন তিনিই
একমাত্র এফ-এল-এন নায়ক যিনি
হয়ং সেথানে উপস্থিত ছিলেন!
ভারই পুরস্কার হিসেবে '৫৮ সনে
কায়রোতে তাঁকে বরণ করা হয় যুদ্ধমন্ত্রীর পদে।

তবে এই সাড়ে সাত বছরের যুদ্ধে করিমের সবচেয়ে বড় ক্রতিত্ব একবারও তিনি কোথাও ধরা পড়েননি! এবার এভিয়ানে বারোদিনব্যাপী আলোচনায় বেল কাসেম করিম আরও একটা ক্তিত্বের পরিচয় দিলেন। অবশেষে ভ গল-এর সঙ্গে সদ্ধি করে তিনি বোধ হয় জানালেন—যুদ্ধটা সত্যিই তিনি বোঝন!

२७. ७. ७२.

### কাউণ্ডা, কেনেথ

গলায় ঝোলান তকমাটাতে স্পষ্ট লেথা আছে—'খেতাঙ্গের কুকুর', তবুও মেয়েটি বলল,—'সাবধান, এ কুকুর কিন্তু সাদাদেরও কামড়ায়!'

'—কেন ?' মালিকের সঙ্গে দেখা হওয়ামাত্র জানতে চাইলেন খেতাঙ্গ আগন্তক।

'—কারণ, এই ভয়ক্ষব দেশে তা ছাড়া উপায় নেই !'

রুষণাঙ্গরাও তাই বলেন। তারা বলেন—অস্তত পঞ্চাশজন কালো মানুষের রক্ত ভিন্ন উত্তর রোডেসিয়ার মুখ্যি নেই!

আশ্চৰ্য, কাউণ্ডা তবুও বলেন 'শাস্ত হও, শাস্ত হও।—মৃক্তি প্ৰেম ভিন্ন সম্ভব নয়!'

নাম—কেনেথ কাউ গু। (Kenneth Kaunda)। জাতি—আফ্রিকান। স্থান্মবান ইংরেজরা বলেন তিনি লিভিং-দেটান,—ইউরোপীয়ান। আফ্রিকানরা বলেন—তিনি গান্ধী,—ইণ্ডিয়ান।

ইণ্ডিয়ান নন বটে, তবে সত্যিই
তিনি গান্ধী। আফ্রিকান গান্ধী।
কাউণ্ডা মদ থান না, মাংস থান না।
প্রতিজ্ঞা করেছেন দেশ যতদিন স্বাধীন
না হচ্ছে, ততদিন চা থাবেন না, কফি

### কাউণ্ডা, কেনেথ

ছোঁবেন না। তবে তার চেয়েও কঠিন সংকল্প তাঁর—তিনি কিছুতেই हिः मात्र পথে পা বাড়াবেন না। কেননা, তিনি খ্রীষ্টানের ঘরে জন্মছেন এবং গান্ধীজীর লেখা পড়েছেন। পরে কাউ গু জেনেছেন—ম্যাকলিওড. ওয়েলেনস্কির হাদয়েও ঈশ্বর আছেন। কিন্তু এখনও তিনি আছেন কি গ যদি থাকতেন তবে উত্তর রোডেসিয়ার নামে আজ তিনি নিশ্চয় ভাবিত হতেন। কেননা, সংবাদ--- আফ্রিকার গান্ধী তাঁর সরকারী পরিচয় পত্রথানা পুড়িয়ে ফেলেছেন এবং বলেছেন-'আমার অভিধানে অতঃপর ধৈর্য বলে আর কোন কথা রইল না।' সংবাদটা সকলের পক্ষে চিস্তার কারণ। কারণ অনেকের অহুমান এটা গান্ধীজীর 'করেঙ্কেইয়ে মরেঙ্কের'-ই পূবলক্ষণ।

ছুৰ্গভ ব্যক্তিত্ব। অস্বাভাবিক ধৈৰ্য।
কাউণ্ডার গান্ধী-লক্ষণ গান্ধীজীর কথা
ভাল করে বুঝবার আগেই। বালো।
বাবা ছিলেন নিয়াসাল্যাণ্ডের
জনৈক আফ্রিকান মিশনারী। ধর্ম
প্রচারার্থ একদিন তিনি পা বাড়িয়ে
ছিলেন এদিকে, রোডেসিয়ায়।
সেখানেই লুবওয়ার মিশন বাড়িতে
একদিন ভূমিষ্ঠ হয়েছিল কেনেথ। সে
১৯২৪ সনের কথা।

আট বছর বয়সে বাবা চলে গেলেন। অনাথ বালক সেই তমসাচ্ছন্ন জগতে যেন পুন্বার জন্মগ্রহণ করলেন। তিনি সাদা এবং কালোর পার্থক্য বুঝলেন।

মিশন স্থলে পড়া শেষ করে তিনি
শিক্ষকতায় ট্রেনিং নিলেন। তারপব
কাজ নিলেন একটা স্থলে। হেডমাস্টারের কাজ। এ কাজে অভিজ্ঞত:
আরও বাড়ল এবং অবশেষে তা সম্পূর্ণ
হল একবার দক্ষিণ রোডেসিয়ায়
বেড়াতে গিয়ে। কাউণ্ডা জানলেন—
রাজনৈতিক মৃক্তি ছাড়া রুফাঙ্গের
কোন ভবিয়াৎ নেই।

'৪৮ সন। শিক্ষক কাউণ্ডা রাজনৈতিক কমী হলেন। তিনি এব তার বন্ধুরা মিলে 'আফ্রিকান জাতীয় কংগ্রেস' গড়লেন। কাউণ্ডা তার অক্তম প্রতিষ্ঠাতা, নেতা।

'৫৩ সনে ওঁরা কেভারেশন তৈরী করলেন। '৫৮ সনে কাউণ্ডা প্রতিষ্ঠা করলেন তার স্বতম্থ দল। সে দলের নাম—জাম্বিয়া আফ্রিকান ন্যাশন্যাল কংগ্রেদ। পূর্বতন কংগ্রেদের চেয়ে তারা আরও প্রগতিবাদী। অগৌণে তারা স্বদেশের শাসন ব্যাপারে যোগা প্রতিনিধিত্ব চান। (৭০ হাজার ইউরোপীয়ানের জন্তে দেখানে আইন

# কাটজু, কৈলাসনাথ

নভায় আসন আছে ১৪টি, কিন্তু
২৫ লক্ষ আফ্রিকানের জন্তে মাত্র ৮টি!)
প্রস্তাবটা ফেডারেশনের প্রভুদের
কাছে আপত্তিজনক। ফলে, নতুন
কংগ্রেস বে-আইনী ঘোষিত হল।
এবং তার নায়ক কারাগারে প্রেরিত
চলেন।

কেউ কেউ ওঁকে জেলে পাঠাতে আপত্তি করেছিলেন। কিন্তু কর্তৃপক্ষ লেলেন—না, তা হয় না। কারন, লোকটি—গান্ধী।

সে বছর যে শুধু গান্ধীজীর দেশ ভারতই ঘুরে এসেছেন কাউণ্ডা তাই নয়, পুলিস তাঁর ঘরে এমন বই প্রেছিল—যা অহিংসা বিষয়ক। এবং দেগুলোর লেথক—গান্ধীজী স্বয়ং।

28,6.63.

# কাটজু, কৈলাসনাথ

অবশ্য বই আছে কয়েকটা। কিন্দু পেশাদার লেথক নন। পেশা— গভর্বশিপ।

লাটদাহেব হাতের কাগজগুলো মান্দোলিত করে বললেন—লেথা মাছে কয়েকটা, ছাপবেন কেউ ?

একসঙ্গে অনেকে হাত বাড়ালেন। লেথক বললেন—তাঁকেই দেব <sup>দ্বচেয়ে</sup> বেশী দাম দিতে পারবেন যিনি। লেখার নীলাম ?—ই্যা, তাই।
হয়েছিল এই কলকাতায়ই। নীলামকারী ছিলেন—পশ্চিমবঙ্গের রাজ্যপাল
স্বয়ং। ক্রেতা—কলকাতায়ই কয়েকটি
কাগজ। হাজার টাকা করে দক্ষিণা
দিয়েই দেদিন তারা লাটবাহাছরের
কয়েকটি রচনা কিনেছিলেন। কেননা,
দেগুলো ডঃ কৈলাশ নাথ কাটজুর
রচনা। এবং রাজ্যপাল বলেছেন—এ
টাকা যাচ্ছে ফ্র্মারোগীদের সাহায্যার্থে।

লেখায় ড: কৈলাশনাথ কাটজুর পরিচয়—তিনি স্থলেখক, স্থাসক এবং আইনজঃ। কিন্তু বলাবাহল্য, ড: কাটজুর তা সম্পূর্ণ পরিচয় নয়।

্জন্ম কোথায় বাইরের লোক অনেকেরই তা জানবার উপায় নেই। জানা গেল দেদিন (১৯৫৭) কাটজু যেদিন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী নির্বাচিত হলেন। সাধারণে দেদিনই প্রথম জানল, আজীবন ইউ পি-বাসী কাটজু আসলে উত্তরপ্রদেশে প্রবাসী।

জন্মের পর থেকেই প্রবাসীর
জীবন।মধ্যপ্রদেশের স্থলেই বাল্যাশিকা
হয়েছিল বটে, কিন্তু কলেজের থোঁজে
আসতে হল প্রথমে লাহোরে এবং
অবশেষে এলাহাবাদে। কাটজু
এলাহাবাদ বিশ্ববিভালয়ের এম.এ.,এল.
এল. ডি, ডি. লিট। ডক্টরেট থিসিসটি

### কাদার, জানস

অবশ্র এম. সি দাসের সহযোগে লেখা।

জীবন স্থক হয়েছিল আইন ব্যবসা
নিয়ে। কিন্তু বে-আইনী কাজেও
দীক্ষা হল। ফলে, কানপুরের প্রসিদ্ধ
উকিল এবং এলাহাবাদের প্রতিষ্ঠিত
এ্যাডভোকেট ড: কৈলাশনাথ কাটজু
যথাসময়ে জেলে গেলেন। ইতিমধ্যে
এলাহাবাদে তিনি প্রতিষ্ঠিত ব্যক্তি।
মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান,
প্রয়াগ মহিলাবিভাপীঠের চ্যান্সেলার,
এলাহাবাদ জিলা কৃষক সমিতির
সভাপতি এবং ইত্যাদি ইত্যাদি।

ফলে, ছাড়া পেয়ে কাটজু মন্ত্রি-সভায় এলেন। প্রথম দফা শেষ হল '৩৯ সনে। দ্বিতীয় দফা—'৪৬ থেকে '৪৭ সন। তুইবারই কাটজু ছিলেন ইউ পি'র আইন এবং শিল্পমন্ত্রী।

আইন এবং শিল্প খ্ব কাছাকাছি বিষয় নয় বটে, কিন্তু কাটজুর জীবনে ধেন কোন বিষয়ই দ্রবতী নয়। '৪৭ সনে তিনি গভর্নর নিযুক্ত হলেন ওড়িষায়।'৪৮ সনে এলেন পশ্চিমবঙ্গে। '৫১ সনে তাঁর দিল্লিতে ডাক পড়ল। ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী নিযুক্ত হলেন কাটজু। তৎসহ আইনমন্ত্রী!

পরীক্ষার ষেন আরও বাকী ছিল।
'৫৫ সনে ড: কাটজু নিযুক্ত হলেন

ভারতের দেশরক্ষামন্ত্রী। এবং অবশেষে

'৭৭ সনে আবার সেই মধ্যপ্রদেশ।
কাটজু এখন তাঁর বহুকাল ছেড়ে আদ
আপন ঘরের মুখ্যমন্ত্রী। এখন তাঁ?
বয়দ—ভিয়াত্তর।

তিয়াত্তর বছরের জীবনে কোননি কোন কাজেই নিজেকে অযোগ প্রমাণ করার স্থযোগ দেননি কাটজ গেল ক'বছরের মধ্যপ্রদেশ বলে— একাজেও নয়। স্থতরাং, এবার যদি সভিটে পদত্যাগ করেন তিনি, তথে আর যার যাই হ'ক, মধ্যপ্রদেশ নামক প্রদেশটির বোধহয় দেটা মন্দভাগ্যই হবে।

#### কাদার, জানস

"আবশ্যক। হাঙ্গেরীর জন্তে
অগোণে একজন প্রধানমন্ত্রী আবশ্যক
যোগ্যতাবলী: (১) নিজস্ব কোন
আদর্শ থাকা চলিবে না, (২) মেরুদণ্ড
থাকা চলিবে না, (৩) লিখিতে
বা পড়িতে না পারিলেও চলিবে বটে,
কিন্তু অন্যের রচিত দলিল দন্তাবে
সহি করিবার ক্ষমতা থাকা চাই।
ইত্যাদি। দরথান্ত পাঠাইবার ঠিকান
মেসার্গ ব্লগানিন-ক্রুন্টফ এণ্ড কো
মস্কো।"

রহস্ত নয়, সত্য ঘটনা। '৫৬

সনের নভেম্বরে নাগিকে বাভিল করে কাদার যথন বদলেন এদে প্রধানমন্ত্রীর আসনে তথন নাকি সত্যি সত্যিষ্ট বৃদাপেস্টের দেওয়ালে দেওয়ালে দেথা গিয়েছিল—এই বিচিত্র পোস্টারখানা। বহিন্দান সেই শহরে যদি কেউ জানতে চান—'কাদার ক্ষমতায় এলো কি করে ?' সঙ্গে সঙ্গে নাকি উত্তর দেয় অন্তরা—'সোবিয়েত ট্যাকে চডে।'

হয়ত কার্য-কারণে সেই বিশেষ দিনে এইটেই ছিল ঘটনা, কিন্তু চিরকাল তা নয়। কেননা, তাব ক'বছর আগেও ('৫১ সনে) যদি কেউ হাঙ্গেরী নেমে জানতে চাইতেন---'কাদার কোথায়' তা হলে কি উত্তর হত জানেন ? 'তিনি জেলে আছেন।' কোন জেলে কেউ জানে না। কারণ, দেশের স্তালিনপন্থী শাসকেরা তথন ওঁকে নিত্য জেল-ফিরি করে বেড়াচ্ছেন। — অপরাধ? পাতক, ঘাতক कामात्र हिटिंगभन्नी, कामात्र अक्षठत्र... ইত্যাদি ইত্যাদি। তাই বলছিলাম —দোবিয়েত ট্যান্ধ অনেক পরের কথা, চিরকাল কাদার নিজ বলেই হাঙ্গেরীতে-মহাশয়।

জন্মছিলেন—যুগোশ্লাভ দীমাস্তে এক গরীব চাষীর ঘরে (১৯১২ দনে)। নাম ছিল তাঁর তথন 'কাদার' নয়,— সারমান্ক। 'কাদার'টা আসলে ছদ্মনাম,—আনেক পরে নেওয়া।

বাবার পয়সা ছিল নাঁ। স্থতরাং
পডাণ্ডনা করার স্থয়োগ পাননি।
কিশোর এবং যৌবনের প্রথম দিককার
দিনগুলো কেটেছে তাঁর নানাবিধ
কাজে। কিছুদিন ছিলেন এক
কারিগরের কাছে শিক্ষানবীশ,
কিছুদিন—তালা-সারাইওয়ালা। এমন
কি, কিছুদিন তিনি বুদাপেন্টে বাসকণ্ডাক্টারের কাজপু করেছেন।

পেশায় শ্রমিক ছিলেন। স্বতরাং প্রথম মহাযুদ্ধ অস্তে দেখা গেল, বাস-কগুকীর ট্রেড ইউনিয়ন আন্দোলন পরিচালনা করছেন। শোনা গেল,— তিনি গোপনে বে-আইনী কমিউনিফ যুব সংঘেও নাম লিথিয়েছেন। ..... ৰিতীয় মহাযুদ্ধে রাকোসি, গেরো সহ হাঙ্গেরীর পঞ্চ-বুহৎ কমিউনিস্ট নায়কের পাঁচজনই যথন মস্কো থেকে দেশের অবস্থা পর্যবেক্ষণ করছেন. কাদার তথন টিটোর মত মরিয়া হয়ে স্বদেশের মাটিতে নাৎসীদের সঙ্গে লডাই করছেন! গেস্টাপোরা অবশ্য একবার ধরেও ফেলেছিল ওঁকে। কিন্তু রাথতে পারেনি। সকলের চোথে ধুলো দিয়ে পালিয়ে গিয়েছিলেন সেদিন তুর্ধর্ব কাদার। (এ থবরটা জানতেন

# কামুনগো, নিত্যানন্দ

বলেই রাকোসি এত জেল বদল করাতেন।)

যুদ্ধের পর দেশে ফিরে এলেন দেশনায়কেরা। তাঁদের সামনে এসে দাঁড়ালেন অথ্যাত যোদ্ধা কাদার। সব শুনে একবাকো তাঁরা ওঁকে 'সাবাস' দিলেন। কাদার পার্টির অন্দরমহলে ছাডপত্র পেলেন। তিনি পলিট ব্যুরোর মেম্বার হলেন,—তৎসহ সহকারী পুলিস প্রধান। ক্রমে আভ্যন্তরীণ বিভাগের মন্ত্রী, পার্টির ভেপুটি সেক্রেটারী, এবং পুলিস বিভাগের সর্বেস্বা।

'৫১ সনে হঠাৎ ছর্বিপাক। কাদার কারাক্সন্ধ হলেন। ছাড়া পেলেন— '৫৩ সনে। সেই থেকে শুরু হল তার ক্রম উত্থান। সেই বিচিত্র কাহিনীতে সবচেয়ে উল্লেখযোগ্য '৫৬ সনের সেই ঝড়ের দিনে 'সোবিয়েত ট্যাক্ষে চডে' তার প্রধানমন্ত্রিত।

দেশে শান্তি স্থাপিত হওয়ামাত্র সে আসন থেকে নেমে এসেছিলেন কাদার। আনেকেই ভেবেছিলেন আতঃপর তিনি নীচেই থাকবেন। কেননা শক্রমুক্ত, অন্তর্বিরোধহীন পার্টির প্রধান হিসেবে তিনি নিশ্চয় জানেন যে, আসলে তিনি উপরেই আছেন। কিন্তু সংবাদঃ মুনিঘকে সরিয়ে আবার নিজেই প্রধান মন্ত্রীর আসনে বসেছেন জানস কাদার! কেন, একমাত্র কাদারই তা জানেন। এমন কি, (পশ্চিমীদের মতে) সম্ভবত তাঁর ঘরের মাকুষ্টিও না। কেননা, যদিও সবাই জানেন কাদার বিবাহিত, সাংবাদিকেরা থেদ করে বলেন,—'আজ অবধি মিসেদ কাদারের একখানা ফটো পর্যন্ত আমরা দেখতে পেলাম না!' ২১.৯.৬১.

#### কান্ত্ৰনগো, নিত্যানন্দ

যদি আদি পরিচয় জানতে চান, তাহলে বলতে হয়—চাষী। বাবা গৃহস্থ চিলেন। নিজেও। সম্ভবত বর্ণাশ্রম অন্তথায়ীও তাই হওয়ার কথা।

যদি পেশাগত পরিচয় জানতে চান, তাহলে বলতে হয়—আইনবিদ। অবশ্য নামে মাত্র। র্যাভেনশ কলেজে ভাল ছাত্র ছিলেন। স্থতরাং বি. এ পাশ করেই কলকাতায় চলে এলেন। এবং যথাসময়ে উকিল হয়ে ঘরে ফিরলেন।

ঘরে তথনই সংসার। বিয়ে করেছিলেন মাত্র বাইশ বছর বয়সে। স্থতরাং স্ত্রী শৈলবালা ছাড়াও গৃহস্থের ঘরে তথন একাধিক নতুন মুখ। নিতা নব নব দায়িত।

# কানুনগো, নিজ্যানন্দ

কিন্ত আশ্চর্য এই, নিত্যানন্দকে তবুও ঘরে রাখা গেল না। গান্ধীর ডাকে চার ছেলে তুই মেয়ের বাপ পথে নামলেন।

সাংগঠনিক কাজ। মহাত্মার
আঠার দকা কার্যক্রম। দিনরাত শ্রম।
সে পরিশ্রম আরও বেড়ে গেল
'৩৭ সনে। কেননা, কংগ্রেস স্থির
করেছে ভারা ভেতর থেকে ভাঙরে,
মন্ত্রিস্বভ করবে। স্বভাবতই
নিত্যানন্দেরও মন্ত্রী হতে হবে।
কারণ, তাঁকে বাদ দিলে ওডিষায়
তথন মন্ত্রিস্বভা গড়া যায় বটে, কিছ
তা সম্পূর্ণ বস্তু হয়না।

পুরো নাম—নিত্যানন্দ কান্তনগো।
জন্ম—১৯০০ সন। প্রথম মন্ত্রীত্ব—
১৯৩৭। নিত্যানন্দ সেই থেকে মন্ত্রী।
হয় কটকে কিংবা দিলিতে।

ওড়িষার প্রথম পর্যার শেষ হয়েছিল '৩৯ সনে। দ্বিতীয় পর্যায়—
'৪৬ থেকে '৫২। মাঝে ত্ব'বছর রাজধানীর বিবিধ কাজ। এবং তারপর '৫৪ সনে আবার সেই মন্ত্রিত্ব। এবার অবশ্য কেলে।

ভূমি, রাজস্ব, কবি, শিল্প, পূর্ত—
ইত্যাদি নানা সময়ে ওড়িবার নানা
বিভাগের মন্ত্রী শ্রীনিত্যানন্দ কাননগো।
কেন্দ্রীয় মন্ত্রিসভায় যোগ দিয়েভিলেন

শিল্প এবং বাণিজ্য দপ্তরে সহকারী
মন্ত্রী হিসেবে। এরপর অনেকবার
কোলিও বদল করে তিনি এখন
('৫৭ সনের এপ্রিল থেকে) ভারতের
বাণিজ্য মন্ত্রী। শুধু দপ্তর গৌরবে
নয়, ক্রমবর্ধমান ক্রতিখেও শ্রীকাত্মনগো
এখন ভারতীয় মন্ত্রিসভার একজন
বিশিপ্ত সদস্য।

এবার কাস্থনগো আরও থ্যাতিমান হলেন। সংবাদ: জাতিসংঘের এশিয়া ও দূর প্রাচ্যের অর্থনৈতিক কমিশন তাঁকে সভাপতি নির্বাচন করেছেন।

আন্তর্জাতিক সভায় নিত্যানন্দ নতুন নন। দক্ষিণ-পূর্ব এশিয়া, ইউবাপে ও আমেরিকায় নানা সভায় নানা সময়ে তিনি স্বদেশের প্রতিনিধিত্ব করেছেন। এবার ক্ষেত্রটা আরভ বাড়ল মাত্র। এবং সেই সঙ্গে সমস্যার পরিমাণও। কিন্তু যাঁরা ওঁকে জানেন তারা বলেন—নিত্যানন্দ থে শুধু সমস্যাই ভালবাদেন তাই নয়, ওড়িষার সন্তান হিসেবে সম্দ্রেও সাঁতরাতে জানেন।

তাছাড়া, আরও একটি পরিচয় আছে তাঁর। ব্যবসা-বাণিজ্য সমস্থা হলেও নিত্যানন্দ একজন কলারসিক। তিনি যে শুধু সেকালে ওয়ার্ধার লোক-নৃত্য পরিষদের কর্তা ছিলেন

### कार्टेंग्रन, मर्गात्र खेंडाश मिः

তাই নয়, এখনও তিনি সঙ্গীত নাটক একাদেমীর কার্যকরী পরিষদের একজন সক্রিয় সদস্য। ২৩.৩.৬১.

### কাইরণ, সর্দার প্রভাপ সিং

লোহার-মাত্রষণ্ড ভাঙ্গে। এবং পর্দার প্রতাপ সিং কাইরনণ্ড পদত্যাগ করেন।

মনে হয়েছিল সেটা কোনদিন হবার নয়। কেননা, পঞ্চনদীর তীরে এই একটি মান্তবকে ঘিরে 'বিদ্রোহ' যেমন গতকালের ব্যাপার নয়, তেমনি আক্রমণকারীদের ব্যুহে 'মেমোরিয়া-লিফ' তথা আর্জিকারীরাই একক हिल्न ना। जाश्नक्न, विद्याशीक्न, রাজ্যপাল, স্পীকার, সেক্রেটারিয়েট, গৃহস্থার মিলে কার্যত সে এক দুর্দ্ধর্য চতুরঙ্গ-বাহিনী। কিন্ত তাহলেও আঘাত বার বার প্রত্যাঘাত হয়েই ফিরে এসেছে—কাইরন নামধের সেই হর্ভেদ্য হর্গটিতে ক্ষণেকের জন্মেও কোন চিড়ের লক্ষণ দেখা যায়নি, যন্তর মস্তরের মন্ত্রণা, কামরাজি-দাওয়াই কিছুই তাঁকে স্পর্শ করতে পারেনি। কাইরন তবুও কাইরন—তেমনই 'ইনভেক্টাক্টেবল', তেমনই বেপরোয়া। অবশেষে দাশ-কমিশন সে অসাধ্য

সম্ভব করলেন। তাঁর রিপোর্ট হাতে

পৌছাতে না পৌছাতে চণ্ডীগড়ের সেই "লোহ স্তস্ত্র" ধুলায় ল্টিয়ে পড়েছেন; কাইরন পদত্যাগ করেছেন।

লোহার-মাত্রমণ্ড ভাঙ্গে। কেননা, বলা বাহুলা, কথনও কথনও লোহায়ও থাদ থাকে।

থাদের কথাটা পরে, আগে লোহার পরিমাণটাই শোনা যাক।

জন্ম—১৯০১ সনে। জন্মস্থান
অমৃতসরের কাইরন নামেই নাম যার
এমন একটি গাঁ। লেখাপড়া—অমৃতসরের থাল্যা কলেজে এবং প্রবর্তীকালে স্থদ্ব আমেরিকায়।

পাঞ্চাবের সন্তান কাইরণ আমে-রিকায় এসেছিলেন ভাগাাগেষণে। জীবনে উচ্চাকাজ্ফা ছিল। রুজি-রোজগারের ফাঁকে ফাঁকে তাই পডা-ভুনাতেও কামাই ছিলু না। অমৃতস্থের গ্রাাজুয়েট তথন এ বেলা ফোর্ডের মোটর কারথানায় কাজ করেন, মিচিগান বিশ্ববিভালয়ে ওবেলা রাষ্ট্রবিতা পড়েন। তথু পড়ায় মন ভবে না। চঞ্চল তরুণ তৎসহ প্রত্যক্ষ রাজনীতিতেও দীক্ষা नित्तन । আমেরিকায় তৎকালে প্রবাসী বিখ্যাত গদর-পার্টিতে তিনি একজন সক্রিয় এবং বিশিষ্ট কর্মী হলেন।

# कार्रेत्रण, मर्भात्र প্রভাপ সিং

আদিতে এ লোহা, বলা নিম্প্রয়োজন, অতএব, নকল ছিল না।

বিদেশ থেকে এম. এ পাশ করে ঘরে ফিরেছিলেন কাইরন। কিন্ত রাজনীতি ছাড়া অন্তকিছু করার চিস্তা একবারও তার মনে উদিত হয়নি। ১৯২৯ সন থেকে তিনি কংগ্রেসে আছেন। আইসভায় আছেন—'৩৬ সন থেকে। মন্ত্রিসভায় '৪৭ সন থেকে। এবং মুখ্যমন্ত্রীর আদনে আছেন ১৯৫৬ সনের জান্তয়ারী থেকে। কংগ্রেসেও তিনি পাঞ্চাবের অন্যতম পুরানো নাম। ১৯৩৯ থেকে '৪৬ সন পর্যন্ত এক-নাগাডে সাত বছর রাজা কংগ্রেসের সম্পাদক ছিলেন; ৫০ থেকে '৫৯ সন পর্যস্ত টানা ন'বছর ছিলেন প্রদেশ সভাপতি। তত্বপরি কংগ্রে**সে**র ওয়ার্কিং কমিটির অন্ততম পুরানো সদস্য, পাঞ্জাবের বিখ্যাত কিষ্ণনায়ক কাইরন বছবার জেল থেটেছেন, বছ বিরুদ্ধতার সঙ্গে লড়াই করে রাজ্যে কংগ্রেসের ইজ্জত রক্ষা করেছেন। স্থতরাং, স্থদূর আমেরিকায় কোন এক মোটর কারথানা থেকে কেবলমাত্র তিনি ভাগাবলে পাঞ্চাবের ভাগাবিধাতায় পরিণত হয়েছিলেন এমন অপবাদও বোধ হয় দেওয়া চলে না।—লোহায় তথনও জং ধরেনি।

ক্ষয়ের লক্ষণ দেখা দেয় চণ্ডীগড়ে সিংহাসনে অধিষ্ঠিত হওয়ার পরে। মৃথামন্ত্রী হিসাবে কাইরন বিফলমন্ত্রী এমন অপবাদ তাঁর শক্তরাও দেন না। বিভক্ত পাঞ্জাবকে শুধু স্থিতি এবং সংহতি নয়, আর্থিক স্বাচ্চ*ন*ন্য. সাম্প্রদায়িক শাস্তি এবং আর**ও কিছু** কিছু আকাজিফত জিনিষ তিনি দিয়েছেন। অকালীদল তারই বিরাম-হীন আক্রমণে আজ বছলাংশে অবশ. ---পঞ্জারী-স্থবা আন্দোলনও কৌশলেই প্রায়-জব্দ। তাছাড়া চীনা আক্রমণের মুথে তাঁর নেতৃত্বে পাঞ্চাব যেভাবে সাডা দিয়েছিল সেটাও স্মরণীয়: চোথের নিমেষে ৩ মণ ২৪ সোনা নিয়ে দিল্লি হাজির হয়েছিলেন কাইরন। ভতুপরি এক মাদের মধ্যেই ৫ কোটি ৬৭ হাজার টাকার প্রতিরক্ষা তহবিল, ১০ লক টাকার কম্বল, ১ লক্ষ টাকার শীতবস্ত্র, ২০ লক্ষ নতুন জওয়ান দানের প্রতিশ্রুতি, এবং আরও কত কি ! কাইরন বরাবরের মত সেদিনও অবিশ্বাল্য। তিনি চোথের নিমেষে পাস্তাবের \$ 12800 পঞ্চায়েতের প্রত্যেকটিতে দেশরক্ষী দল গড়ে रफलएइन, निर्मग्र शास्त्र একত্রিশ পুত্লের মন্ত্রিসভাকে ছেঁটে 'নব-রত্নে'

### কামরাজ, কুমারস্বামী

পরিণত করছেন। তার ওপর তাঁর আরও নানা অভিনব পরিকল্পনা।

তবুও এ কাজের মান্ত্রটিকে যে শেষ পর্যস্ত সিংহাসন ছেড়ে নেমে আসতে হল, তার কারণ তাঁর হাতে অকাজের তালিকাটিও সম্পাদিত রীতিমত দীর্ঘ। অভিযোগ ছিল অবশ্য মাত্র বত্তিশ দকা, কিন্তু সেগুলোই শেষ বক্রবা নয়। কাইরনের পাঞ্চাবে আইন নেই, মুখ্যমন্ত্রী ষেন দ্বিতীয় রণজিৎ সিং —তাঁর ইচ্ছাই সব। যাঁরা তাঁর ইচ্ছার বিক্রছে—সমস্ত রীতিনিয়ম ভঙ্গ কবে তিনি যেমন তাঁদের বিনাশে মত্ত হন. তেমনি যারা তার অমুগৃহীত তাদের কাছে তিনি কল্পতক সাজেন। আপন আত্মীয়-পরিজন থেকে স্থক করে এ মহলে কাইরন যেন এক উদার সমাট। বলাবাহুল্য, গণতম্বে ٩ জাতীয় দাক্ষিণ্য এখনও ঠিক প্রকাশে 'চল নয়।

তবুও বছরের পর বছর ধরে এ ব্যাপার দিল্লির অদ্বে চলেছিল। কারণ সম্ভবত আমরা ভূলে গিয়েছিলাম লোহায়ও জং ধরতে পারে—'পাওয়ার করাপ্টস, অ্যাও অ্যাবসলিউট পাওয়ার । ।'

3b. S. S8

# কামরাজ, কুমারস্বামী

আবার দেই প্রবাদ-প্রায় বাকা: পাকালাম।—আচ্ছা দেখা যাবে। প্রতি হু'মিনিট অস্তর একজন করে দর্শনার্থী। প্রত্যেকের হৃদয় ভারাক্রান্ত, প্রত্যেকেই উত্তেজিত। তাঁরা কংগ্রেস সভাপতিকে আপন অভিমত জানাতে এসেছেন। কেউ বলে গেলেন ইংরেজীতে. কেউ হিন্দিতে. কেউ দক্ষিণ ভারতীয় ভাষার কোন একটিতে। দঙ্গে কোন দোভাষী নেই, হাতে কোন থাতা পেন্সিল নেই। কামরাজ কান পাতছেন, পরক্ষণেই বিদায় জানাচ্ছেন,—পাকালাম।— আচ্ছা, দেখা যাবে। ঘরে ততক্ষণে আবার নতুন <mark>আগন্তুক। এসেই</mark> তিনি বললেন—আমি অন্ততপক্ষে প্রের মিনিট সময় চাই ! এবারও সেই এক উত্তর-পাকালাম!-আছা যাবে! নব্দুই সেকেণ্ড পরেই দেখা গেল পনের মিনিটের দাবিদার বেরিয়ে আস্চেন। কেননা '--বলার আর কিছুই ছিল না!

হাতে সময় ছিল সাকুল্যে ছত্রিশ ঘণ্টা। কিন্তু তাও লাগল না। তারই মধ্যে প্রায় আড়াইশ'কংগ্রেস এম-পি, রাজ্যসমূহের মুখ্যমন্ত্রীগণ এবং শ্রবণ-

# কামরাজ, কুমারস্বামী

যোগ্য সকলের মতামত শোনার কাজ সমাপ্ত। সভাপতি শুধু যে আপন ঘরে বসেই হাওয়ার গতি নিরূপণ করেছেন তাই নয়,—স্থানবিশেষে নিজেও ঘর ছেড়ে, বাইরে ছুটেছেন—কেউ যেন না ভাবেন তাঁকে অবহেলা করা হল। ফাক নেই, ফাঁকি নেই—৩০শে ওয়ার্কি কমিটির ম্থ' থেকে দায়িত্ব গ্রহণ, ৩১শে যাচাই,—১লা রাঘ। মোরারজী উৎকন্তিত ভারতকে জানালেন—বেশী কথা বলেন না উনি, শুধু বল্লেন—লালবাহাত্ব শাস্ত্রী!

ভারত ইতিহাদে নি:সন্দেহে এ এক শ্বরণীয় ঘটনা। সাতদিনও লাগল না; বিশ্বের উৎকণ্ঠা শেষ, জাতির শ্বুন, তুশিন্তা, উধাও—জওহরলালের প্রত্যাশা পূর্ণ, ভারত তার উত্তরাধিকারী বেছে নিল। আনায়াস ভঙ্গীতে, অতি স্বচ্ছন্দে এ তুরুহ কর্তব্য ধে সম্পাদিত হল তার কারণ দেই রহস্থান্য পুরুষ, নাম যাঁর—কামরাজ।

চিরকাল সেই এক কথা—
পাকালাম!—আচ্ছা, দেখা যাবে!
বৈঠকখানার দরজা খোলাই থাকত।
লোকেরা আদত। আগে পেকে বলে
করে আদার প্রয়োজন নেই। কেননা,
দেকেটারী আর্দালীর ঝামেলা
নেই। লোকেরা আসছে, নিজেদের

ছ:থের কথা পেশ করছে। দীর্ঘকায় মান্ত্র্যটি একমনে তাদের কথা শুনছেন। বক্তব্য শেষে পিঠে হাত রেথে বলছেন, পাকালাম!—আচ্ছা, দেখা যাবে!

ছোট্ট একটি শন। কিন্তু এই তামিল বাকাটি যদি শুধু কথার কথা হত তা হলে মাদ্রাজের ভৃতপুর্ব মুখ্যমন্ত্রী কামরাজ বোধ হয় আজ সমগ্র ভারতের চোথের সামনে এভাবে অবলীলাক্রমে গৌরবের চূড়ান্ত শিখরে পৌছাতে পারতেন না। থানার দরবার সাঞ্চ হওয়া মাত্র দেখা যেত ঘাড়ে থাদির 'অঙ্গবস্তম'টি ফেলে চপ্লল পায়ে মুখ্যমন্ত্রী সেক্রেটারিয়েটের দিকে ছুটছেন। দেখানে পৌছেই প্রথম কাজ সকালে শোনা <u>তার</u> খতিয়ে অভিযোগেগুলো দরকার হয় মধ্যরাত্রি অবধি কাজ করবেন তিনি, কিন্তু পরের দিনের জন্মে কিছুই তবু ফেলে রাথা চলবে না। भाजारजत रमटे भूथामञ्जीहे কংগ্রেদ সভাপতি।

সকলে দ্বিতীয় সদার প্যাটেল।
অনেকটা চেহারায়ও। তবে গরমিলও
কম নয়। দক্ষিণী নাডার ঘরের সস্তান
কামরাজ জন্মে এবং শিক্ষায় মৃত্তিকার
আরও কাছাকাছি। বাবা সাধারণ
একজন গ্রাম্য ব্যবসায়ী ছিলেন।

# কাম্পমান, ওলফার্ট ভিগো

মা এখনও বেঁচে আছেন,—এখনও তিনি স্নাত্ন গ্রামাজননী। কামরাজ কৈশোর থেকেই 'মদেশী'। স্বতরাং চলতি অর্থে 'লেখাপডা' বলতে যা তার স্থযোগ জীবনে তাঁর আদেনি। চেহারায়ও সদারের সঙ্গে মিল তার কম। কামরাজ আরও দীর্ঘদেহী আরও বিশালকায়। বয়স বাষ্টিতে পড়েছে। কিন্ত এখনও চোখে তাঁর তরুণের চাঞ্চল্য,—উজ্জ্বল মুথে প্রাণখোলা হাসিতে গ্রামীণ উদামতা। কামরাজ তবুও দক্ষিণে দ্বিতীয় সর্দার প্যাটেল ছিলেন। কেননা, শ্রীনিবাস আয়েঙ্গার. রামস্বামী আয়েঙ্গার, মত্যমৃতি, রাজাজী ---মান্তাজের এই সব স্বনামধন্য নামের মধ্যে লোহদঢ ব্যক্তিত্বে তিনিই ছিলেন যথার্থ 'সর্দার'। তাঁর বিচক্ষণতায় তৎকালের মাদ্রাজ যেমন দলাদলি মুক্ত, তেমনি তাঁর নায়কত্বই ছিল সেদিন কংগ্রেসের কাছে স্বচেয়ে মুল্যবান ঐশ্ব। সম্ভবত কামরাজই একমাত্র মুখ্যমন্ত্রী যিনি আপন রাজ্যের প্রতিটি তালুক, প্রত্যেকটি গ্রাম নিজের চোথে দেখেছেন। মাটির সঙ্গে এই (यारगंत करनरे कामताक मिन 'मर्नात्र'।

'দর্দার' অতঃপর তিনি ভূ-ভারতেও। গত বছর আগুফে হঠাং যথন ভারতীয় রাজনৈতিক মঞ্চে তাঁর আবির্ভাব ঘটে—তথন হয়ত অনেকের মনে সংশয় ছিল। ভ্বনেশ্বরের কংগ্রেস সভাপতি কামরাজও হয়ত সে সংশয় সম্পূর্ণ দূর করতে পারেন নি। কিন্ধ নেহক-পর ভারতের জীবনে আজ তিনি আপন মহিমায় স্থপ্রতিষ্ঠিত। তাঁর হলভ অধিনায়কত্ম ছিল বলেই যে একটি হক্ত জাতীয় সমস্তার সহজ মীমাংসা সম্বর হল শুধু তাই নয়,— যন্তর্বা আবার যথাস্থানে প্রতিষ্ঠিত হল। এ কৃতিত্ব অবশ্রহ ঐতিহাসিক।

# কাম্পমান, ওলফার্ট ভিগো

তিন বছর আগেও ভদ্রলোক প্রতি সন্ধ্যায় বাড়ী ফিরতেন। স্ত্রী ইভা অপেক্ষা করে থাকতেন। ডোরিট, উলা, ইডা—মেয়ে তিনটি অপেক্ষা করত। তিনি আসতেন, বিশ্রাম করতেন, তারপর সাতাশ ভল্যুমের সেই বইটা থেকে একটা টেনে নিতেন। তিনি পড়তেন, ওঁরা স্বাই শুনতেন।

বইটা ছিল জুলে রোমানিদ-এর লেখা। নাম 'হোমেদতে বন ভলাস্তে'। মানে—'দি মেন অব গুডউইল'। দিনের পর দিন বাডীর কর্তা উচৈচস্বরে

# কাম্পমান, ওলফার্ট ভিগো

দে বই পড়েন, গোটা সংদার গালে 
হাত দিয়ে তা-ই শোনে। ওঁরা তথন
দত্যিই স্থী গৃহস্থ। স্বী কাজ করেন
একটা বিজ্ঞাপনের কোম্পানিতে।
দেখানে তিনি কপি লেখেন। স্বামী
কাজ করেন সরকারী আপিদে।

#### --আর আজ ?

মাত্র ছ' দিন আগে ওঁরা কলকাতা গরে গেলেন। কিন্ধ কেউ কি ঘণাক্ষরেও সেকথা ভারতে পেরে-ছিলেন ? ভাবতে পেরেছিলেন যে বাহার ্ডরের এই প্রবীণ মান্ত্র্যটি রাজনীতিতে নেমেছেন মাত্র তিপান্ন সনে এবং তার ঐ সদাহাস্থোজ্জল গৃহিণীটি কাজ <u>ঙেড়েছেন মাত্র গেল বছর।</u> ভাবা যায় না। কারণ, ভারতে এব পরিচয় ছিল কলকাতায় ওঁদের –ডেনমার্কের প্রধানমন্ত্রী ও ভিস্তা পতী।

নাম ওলফাট ভিগো কাম্পমান (Olfert Viggo Kampmann)। বাবা ছিলেন দৈনিক। পুত্ৰ বরাবরই মর্থনীতিবিদ।

বি.এ পাস করার আগেই সরকারী পরিসংখ্যান বিভাগে কাজ নিয়েছিলেন কাম্পমান। '৩৫ সনে পরীক্ষার ফল বের হওয়া মাত্র চলে গেলেন একটা ইনস্থারেন্স কোম্পানিতে। সেথানেই কেটেছে তার কর্মজীবনের দীর্ঘতম অংশ,—একটানা এগার বছর।

তারপর '৪৭ সন থেকে '৫৩ সন
পর্যন্ত কেটেছে তাঁর অর্থ সংক্রান্ত নানা
সরকারী কাজে। কথনও দেশের
ট্যাক্স কমিশনে, কথনও অর্থদপ্তরে,
কথনও বা রাজকীয় ব্যাহ্ণের
ডিরেক্টারের পদে। '৫০ সনে একবার
দেশের অর্থমন্ত্রীও নিযুক্ত হয়েছিলেন
তিনি। কিন্তু সে মাত্র দিন কয়েকের
জন্তো।

'৫০ সনে সোম্খাল ডেমোক্র্যাটরা ধরে পড়ল। কারণ রাজকর্মচারী হলেও অর্থ বিষয়ে দেশে কাম্পমানের অসাধারণ থ্যাতি। কাম্পমান রাজী হলেন। ফলে—নিবাচনে নামতে হল। দেই প্রথম রাজনীতি।

নির্বাচনে দোদ্যাল ডেমোজ্যাটরা জিতলেন। বিজয়ী হলেন কাম্পানাও। ওঁরা তাঁকেই অর্থমন্ত্রী করলেন। আটমিক এনার্জি, গ্রাশনাল পেনদান অ্যাক্ট, ইত্যাদি কয়টি চমৎকারী বিধি-ব্যবস্থার মাধ্যমে দঙ্গে সঙ্গে তিনি জনচিত্তেও প্রতিষ্ঠিত হয়ে গেলেন। তারপর থেকে ডেনমার্কের রাজনীতিতে কাম্পানা আজও অকম্পিত ব্যক্তিত্ব। একাধিক প্রধানমন্ত্রীর অধীনে তিনি অর্থমন্ত্রীর কাজ করেছেন, একবার

# कार्पनि, এডওয়ার্ড

অস্থায়ীভাবে দেশের পররাষ্ট্রমন্ত্রীর কাজ চালিয়েছেন এবং বার-ছই প্রধানমন্ত্রীর কাজও।

'৫৯ সনে সোস্থাল ডেমোক্র্যাট নেতা হানসেন-এর মৃত্যু হল। সঙ্গে সঙ্গে কাম্পমান-এর ওপর অনিবার্য-ভাবেই স্থস্ত হল দলের দায়িত্ব। আপাত-অনভিজ্ঞ হলেও সে দায়িত্ব তিনি মাথা পেতে গ্রহণ করলেন। ইউরোপের পর্যবেক্ষকরা সেদিন মন্তব্য করেছিলেন—'অবশেষে ডেনমার্কের রাজনীতিতে সত্যিই একজন লেথাপড়া জানা লোকের আবির্ভাব ঘটল।'

অনেকে ভেবেছিলেন শ্রমিকের
সঙ্গে সংশ্রবহীন এই মাসুষ্টিকে হয়ত
ডেনমার্ক বরদান্ত করবে না। কিন্ত
'৬০ সনের ফেব্রুয়ারীতে প্রধানমন্ত্রীর
আসনে বসেই নভেম্বরে আবার
নির্বাচনে পরীক্ষা দিতে রাজী হয়ে
গেলেন কাম্পমান। ফল বের হলে
দেখা গেল—তিনিই বিজয়ী।
কাম্পমানই সকলের পছন্দের
প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রী কাম্পমান সন্ত্রীক ভারত পরিদর্শন করে গেলেন। তার ফলে তুই দেশের অর্থনৈতিক সহযোগিতাই ভধু বৃদ্ধি পাবে না, সম্ভবত উভয় দেশে আনাগোণাটাও এবার থেকে আরও বাড়বে। কারণ, কাস্প্রমান শুধু অর্থ-নীতিবিদ নন, তিনি দেশের ট্যারিস্ট আাসোসিয়েশনেরও সভাপতি।

১. ২. ৬২

# কার্দেলি, এডওয়ার্ড

'অতএব নিঃসন্দেহে বলা যায় যে যুদ্ধ সমাজবাদী প্রগতির সহায়ক ত নয়ই, পরস্ত প্রতিক্রিয়াশীল শক্তিই তার ফলে লাভবান হয়। ... স্থতরা একমাত্র আক্রমণের আতারক্ষা প্রয়াসী যুদ্ধ ছাড়া অত্য কোন যুদ্ধকেই ত্যায়-যুদ্ধ বলা যায় না।…'প্ৰায় আডাই'শ পাতা জুড়ে 'যুদ্ধ ও সমাজতন্ত্রের' চুল-চেরা বিচারের পর যে মাতুষটি এই সিদ্ধান্ত টেনে মাওকে আজ চীনেমাটির বাঘের মত ভেঙ্গে খান খান করে দিয়ে সহাবস্থানের নীতিকে আবার নতুন করে প্রতিষ্ঠা দিয়েছেন ইউরোপে চীনের সেই 'এক নম্বর শক্র' যুগোখাভিয়ার ভাইদ-প্রেসিডেণ্ট এডোয়ার্ড কার্দেলি আমাদের অতিথি হিসেবে এখন সন্ত্রীক নয়া-দিলিতে আছেন। বলা নিপ্সয়োজন, চীন জঙ্গীবাদের নগ্নতম অধ্যায়ে প্রেসিডেন্ট টিটোর রুশ সফরের মতই ভাইন প্রেসিডেণ্ট কার্দেলির এই ভারত সকর অত্যন্ত তাৎপর্বপূর্ণ। বিশেষ.

### কার্দেলি, এডওয়ার্ড

কার্দেলিই চীনা জঙ্গীবাদের বিরুদ্ধে ধুগোল্লাভিয়ার প্রধান মুখপাত্র, মাও-লি
শাউ-চি'র আসল প্রতিপক্ষ।

শুধু হালের চীন-বিরোধী তাত্ত্বিক লড়াইয়ে নয় বাহান্ন বছরের প্রবীণ সংগ্রামী কার্দেলি তার তরুণ বয়স থেকেই যুগোল্লাভিয়ার অন্ততম নায়ক, মার্শাল টিটোর প্রধান সহচর।

জন্মেছিলেন স্লোভানিয়ার এক অখ্যাত শহরে, জনৈক রেলকমীর লেথাপডা শিথেছিলেন— ঘরে ৷ ভবিয়তে শিক্ষক হবেন এই বাসনায়। '২৮ সনে মাত্র আঠার বছর বয়সে রাজনীতি এবং অর্থনীতিতে তাঁর যোগ্যতাও অর্জন করেছিলেন কার্দেলি, কিন্ধ শিক্ষকতা করতে পারেননি তালিকায় কোনদিন। বেকারের নাম লিখিয়ে ছ'বছর বদে থাকার পর কাজ পাওয়ার সময় যথন এল তথন দেখা গেল কার্দেলি তার যোগাতা খুইয়ে বদে আছেন, তিনি কম্যানিস্ট গেছেন। স্থতরাং নিয়োগ পত্তের বদলে এল পুলিশের লোক। ওরা তাঁকে ধরে নিয়ে গেল।

'৩৪ সনে ছাড়া পাওয়া মাত্র কার্দেলি পালিয়ে গেলেন চেকোখ্লো-ভাকিয়ায়। ভারপর সেথান থেকে গোটা ইউরোপ ঘুরে গলিপথেরাশিয়া,
—মস্কো। কার্দেলি সেদিন রাশিয়া
এবং ইউরোপে এক তুধর্ষ কর্মী এবং
মার্কসবাদের পক্ষে অক্সতম শক্তিমান
লেথক। (বই: যুদ্ধ ও সমাজতন্ত্র,
ডেভালপমেন্ট অব দি স্নোভানিয়ান
ত্যাশনাল প্রোব্রেম, দি রোড টু নিউ
যুগোল্লাভিয়া, ইত্যাদি।) 'ম্পিরেনস'
নামের আড়ালে বদে এক চেকোল্লোভাকিয়াতেই তিনি নাকি ইস্তাহার
লিথেছেন প্রায় সাত হাজার!

এ থবরগুলো পিকিং-এর অজানা থাকতে পারে কিন্তু দ্বিতীয় মহাযুদ্ধে এবং তার আগে পরে কার্দেলি ষে সাহসিকতার পরিচয় দিয়েছেন তা ষে কোন ক্ম্যানিস্টের গ্র্ব হওয়ার মত। কার্দেলি আজও খুঁড়িয়ে হাঁটেন। কারণ যুদ্ধপূর্ব পাঁচ বছরের কারাজীবনে রাজকীয় পুলিশ পায়ের গোড়ালি হুটো ভেঙ্গে দিয়েছিল তাঁর। যুদ্ধের সময় সেই ভাঙ্গা পা নিয়েই কার্দেলি তবুও গেরিলা নায়ক-টিটোর প্রধান সহচর। ইউরোপের সাম্যবাদীবা সেদিন টিটোর মত তার প্রশংশায়ও মুথর। রাথতে হবে, কার্দেলি সেই স্বন্ন সংখ্যক বিদেশী কমরেডের অন্যতম যিনি মস্কো থেকে সেদিন 'অডার অব লেনিন' পেয়েছিলেন। তাছাড়া পোল্যাও

### কারিয়াপ্পা, কে. এম.

এবং আলবেনিয়া থেকে আরও বছতর থেজাব।

তবুও '৪৮ সনে তাঁকেই দেখা গিয়েছিল রাশিয়া এবং কমিনটানের বিরুদ্ধে কথে দাঁডাতে। ঘটনাটা সে-मिन व्यानक्वित्र कार्ष्ट् वित्रायकत्र ठिरक-ছিল, কারণ যাকে বলে 'মস্কোত্রীড' কার্দেলি পুরোপুরি তাই। তাছাড়া, তার মাত্র এক বছর আগে ওয়ারশ'তে তিনিই মার্শাল প্ল্যানের 'চক্রান্ডের' বিরুদ্ধে সোবিয়েত প্রস্তৃতিকে সমর্থন জানিয়েছিলেন। বেলগ্রেড তথন কমিনটানের প্রধান কার্যালয়। এবং কার্দেলি তথন আদি যুগোলাভ সরকারের ভাইস-প্রেসিডেন্টের পদ থেকে লালফৌজ সহায়তায় প্রতিষ্ঠিত নয়া সরকারের উপ-প্রধানমন্ত্রী। তবুও সেদিন তিনি তাঁর দেশকে নিয়ে স্তালিনের বিরুদ্ধে উঠে দাঁডাতে বিধা করেননি, কারণ মাস্কোর মতলব তাঁর কাছে ধরা পড়ে গিয়েছিল। তিনি দেখছিলেন—তথাকথিত সহায্যের বিনিময়ে দেশের আসল প্রভূত চলে যাচ্ছে অগু হাতে। হক না সে হাত সাম্যবাদী, কার্দেলি নির্দ্ধিধায় তা তিনি আগে চেপে ধরলেন: দেশপ্রেমিক জাতীয়তাবাদী, তারপর কম্যনিস্ট কিংবা অন্ত কিছু। ২০.১২.৬২

### কারিয়াপ্পা, কে. এম.

'—প্রথম কর্তব্য হওয়া উচিত নিজেদের বেদখলী জমিটাকে দখল করা।'

একটি মাত্র কথা। কিন্তু মৃথ থেকে বের হওয়া মাত্র চতু দিকে হটুগোল। কেননা, সাবধানীরা ভেবে দেখেছেন তার পরেও অনেক কথা আসে।

অবশ্যই সত্য এবং সঙ্গত ভাবনা।
কিছু ভেবে দেখা হল না এ কথার
পরে যেমন অনেক কথা আসে তেমনি
আগেও অনেক কথা থেকে যায়।
এবং সে গুলো সবই অভিজ্ঞতার কথা।
কিছু বাক্তিগত, কিছু ইতিহাসের।

মন্টি-আইক-জুকভ, এলেনক্রক-ইসমে-ওয়াভেল,—এক ছই কথার ইতিহাস নড়চড় করার নজীর বাদই দিচ্ছি। শুধু মাহুষ্টির ব্যক্তিগত অভিজ্ঞতার কথাই বলছি।

নাম—কোডেন্দ্র মা ডা প্লা কারিয়াপ্লা। দেখতে যেমন অনেকটা আইদেনহাওয়ারের মত, কথাবার্তায়ও আইক-এর দঙ্গে অভুত মিল তাঁর। অদেশেও যদি কেউ ভারতের ভৃতপৃব প্রধান দেনাপতিকে জিজেন করেন— 'আপনার বাড়ী কোথায়?' মুখে বালকের মত সেই হাসিটি বজার রেথেই তিনি তৎক্ষণাৎ উত্তর দেন— 'ভারত!' তারচেয়ে ছোট কোন এলাকা কথনই নয়।

জন্ম—১৯০০ সনে। সেনাবাহিনীর সঙ্গে পরিচয়—উনিশ বছর বয়সে। সে পরিচয় '৫৩ সন অবধি একটানা।

অফিসার হিসাবেই যোগ দিয়ে ছিলেন। স্থতরাং, তথনই পদোন্ধতির প্রশ্ন ওঠে না। তরুণ সৈনিকের মনে প্রশ্ন যেটা ছিল সে— যুদ্ধ কোনদিন দেখতে পাব, অথবা পাব না! প্রথম মহাযুদ্ধ শেষ হয়ে গেছে। স্থতরাং সৈতদের মনেও আপাতত নতুন লড়াইয়ের কোন ভাবনা নেই।

কিন্তু কারিয়াপ্পাকে তাই ভাবতে হল। পরের বছরই আরব বিদ্রোহ! ইংরেজের হয়ে কারিয়াপ্পাকে ছুটতে হল—ইরাকে।

ইরাকেই হাতেখড়ি। তারপর প্রায় পঁচিশ বছর ছোটখাট অনেক ইরাক নিয়ে তুর্ধ সৈনিকের সংসার। কারিয়াপ্লা তখন সতত বিদ্রোহী উত্তর-পশ্চিম দীমান্তে সাম্রাজ্যের রক্ষক।

ভারপর এল দিক্চক্রবাল আচ্ছন্ন করে একদিন মহাযুদ্ধ। সীমাস্ত প্রহরীকে ঘাঁটি ছেড়ে বের হতে হল। একবার সেই ইরাক, মেসোপোটা- মিয়া, সিরিয়া, ওয়াজিরিস্তান, আর একবার ব্রহ্মদেশ,—পূর্বরণাঙ্গন।

পূর্ব পশ্চিম ত্বই মাঠেই যে বিশ্বর
লড়েছেন কারিয়াপ্পা নামক দৈনিক দে
থবর জানা গেল ইম্পিরিয়াল ভিফেন্স
কলেজে বিদেশী নামের তালিকাটি
দেখে। '৪৬ দনে ওথানে স্বাগত
জানান হল এই ভারতীয় দৈনিককে।
পরের বছর ইষ্টার্ণ কমাণ্ডের কতৃত্ব দহ
তাঁকে নিযুক্ত করা হল ভারতীয় স্থল
বাহিনীর অধ্যক্ষ। তার পরের বছরটাও
কাটল ওয়েস্টার্ণ কমাণ্ডের প্রধান
হিদেবে। কিন্তু '৪৮ সন দার্ভিস বুক
ঘোষণা করল দেই চরমতম সন্মান,
দি-ইন-সি। আটচল্লিশ বছরের প্রবীণ
যোদ্ধা মনোনীত হলেন ভারতের
প্রধান সেনাপতি।

'৫০ সন অবধি প্রভৃত ক্তিত্ব এবং জনপ্রিয়তা সহ এই পদ থেকে যখন অবসর গ্রহন করলেন জেনারেল কারিয়াপ্পা তখন আনিবার্য ভাবেই এই অভিজ্ঞ এবং সমর্থ মাসুষ্টিকে স্থায়ীভাবে অবসর প্রদানের কথা ভাবা গেল না। জেনারেল কারিয়াপ্পাকে সে বছরই নিযুক্ত করা হল অস্ট্রেলিয়ায় ভারতের রাষ্ট্র প্রতিনিধি। দে পদে তাঁর ক্তিত্ব কতদ্র পৌছেছিল তা অস্থমান করা ষায়

# কাসাভুবু, জোসেফ

সেই সংবাদ অথবা গুজবটি থেকেই। শোনা যাচ্ছেঃ অস্ট্রেলিয়ানদের ইচ্ছে কারিয়াপ্লা তাঁদের গভর্নর জেনারেল হন।

শেষ পর্যন্ত কি হবেন জানিনা,
কিন্তু ইভিমধ্যেই ভারতের এই
জেনারেলটি ষে কর্মে ও কথায় অন্তত
কিছু মাসুষের হৃদয়ে যে এর চেয়েও
সম্মানের পদে অধিষ্ঠিত হয়ে আছেন
তা জানি।

কেননা, চৌরঙ্গীর সেই লোহার বেলিংটিতে নিজের চোথে দেখেছি কারিয়াপ্লার ছবি ঝুলানো একথানা। সেই বিচিত্র দেওয়ালপঞ্জীর ভীড়ে তৎকালে সেটিই একমাত্র ভারতীয় জেনারেলের ছবি। ২৩.৩.৬১

### কাসাভুবু, জোসেফ

পশ্চিমী ভন্ততা।

পুরানো পৈতৃক রাজস্টা প্রজাদের হাতে তুলে দেওয়ার আগে তরুণ বেলজিয়ানরাজ বেড়াতে এসেছেন লিওপোল্ডভিল-এ। রাজা-প্রজার মিলিত দরবারের আয়োজন হল রাজ-ধানীতে। সভা বসল। রাজা এলেন। বেলজিয়ান পারিষদেরা জয়ধ্বনি দিলেন—'ভাইভ লী রয়!' অর্থাৎ— রাজাবাহাত্ব দীর্ঘজীবী হউন!' —'ভাইভ, কাসাভুবু!' সমস্বরে প্রতিধানি পাঠাল প্রজাবর্গ। অপমানিত এবং বিরক্ত বেলজিয়ানরাজ জানতে চাইলেন—কে এই কাসাভুবু! উপদেষ্টারা কানে কানে বললেন—কঙ্গোর ভবিশ্যতের রাজা—ফিউচার পি. এম!

বেলাজিয়ামের আশা ছিল— কাসাভুবুই কঙ্গোর প্রধানমন্ত্রী হবেন। হলে তাঁদের কিঞ্চিং বাঁচোয়া। কেননা লোকটা আগুনে বটে, কিন্তু যারপর-নাই লিবারেল। অর্থাৎ তিনি তার অংশটুকু পেলেই খুশী। কাসাভুবু দেড়শ' উপজাতির অন্যতম বাকোঞ্চাদের নায়ক। ওদের বাস প্রধানত কঙ্গোর দক্ষিণ-পশ্চিমে। স্থতরাং, কাসাভুবুর যত চিন্তা নিম্ন-কঙ্গো নিয়ে। কাতাঙ্গা নিয়ে তার বিন্দুমাত্র ভাবনা নেই। ভাবনা নেই ব্যাঙ্কটা বা খনিটা কে চালাল তা নিয়েও। স্থতরাং বেলজিয়াম বলল-কাসাভুবুই কঙ্গোর ভবিশ্বত প্রধনামন্ত্রী ।

কিন্তু ৩ ংশ জুন দেখা গেল
নবজাত কলোর সভাপতির আসনে
বসে আছেন কাসাভুবু। প্রধানমন্ত্রীর
আসনে—অন্য মাহুষ;—লুম্ম্বা!
মৃথ দেখে বোঝা গেল কাসাভুবু
মনক্ষা। জন্যমনস্কও যেন। বেল-

# কাসাভুবু, জোসেক

জিয়ান পারিষদ বললেন--হাতুড়িটা এনেছেন ত ভার ?

ইাা !—গম্ভীরভাবে উত্তর দিলেন কাসাভুবু।

ক'টা মাসও একসঙ্গে কাটান গেলনা। পেছন থেকে কঙ্গোর অন্তির মাথায় হাতৃড়ি হেনেছেন জোসেফ কাসাভুবু। তিনি লুমুম্বাকে বাতিল করে দিয়েছেন। লুমুম্বা বলছেন—বাতিল হয়ে গিয়েছেন কাসাভুবু নিজেই।

তর্কটা মুহুর্তে মীমাংশা করার মত
নয়। কেননা, জোদেফ কাসাভুবুর
তেতাল্লিশ বছরের জীবনটা বরাবরই
নাধাধরা মীমাংশার বাইরে। বাবা
মিশনারীদের স্কুলে পাঠিয়েছিলেন
ছেলেকে যাজক বানাতে। পাঁচ বছরে
দেখান থেকে পুরো 'সাহেব' বনে
বেরিয়ে এলেন কাসাভুবু। একটা
কাঠ-গোলায় কেরানীর কাজ নিলেন।
কিছুদিন পর পদোল্লতি হল। কাসাভুব্
সরকারী কেরানী হলেন। তারপর
কমে কলোনিয়াল অফিদে অফিসার।

ইতিমধ্যে লিওপোল্ড ভিল-এ বোকাঙ্গোরা জমাট বেঁধে উঠেছে।
আবাকো পার্টি মনের মত নায়ক

শুঁজছে। কাসাভূবু ইসারাটা বুঝলেন।
চাকরী ইস্তাফা দিয়ে তিনি পলিটি-

সিয়ান হলেন। তাঁর দাবি স্বাধীন হলে নিম্ন-কক্ষো আলাদা ঘর করবে। ফরাসী কক্ষোর সঙ্গে মিলে মিশে থাকবে।

সেটা যথন তিনি ছাক্তে রাজী হলেন তথন তাঁর মুখে নতুন দাবি শোনা গেল। যথা: কলে। একটা দেশ নয়, কয়েকটা 'প্রদেশ' বা 'দেশ' মিলে একটা দেশ! ভার একটা সম্পূর্ণত কাসাভুবুর নিজের।

সত্য বটে, লিওপোল্ডভিল-এর বাইরে কাসাভ্রর ভেমন জনপ্রিয়তা নেই এবং কঙ্গোর জাতীয় পরিবদের ১৩৭টি আসনের মধ্যে মাত্র ১২টি তাঁর হাতে। কিছু বাদবাকী সব কয়টিও লুমুমার হাতে নয়। সেথানে ৬৫টি দল। তার চেয়েও বড় কথা, দেশটায় ১৫০টি উপজাতি এবং জানেন, তাদের মধ্যে এই মান্ত্রটির স্থা অনেক। স্থতরাং কাসাভূবু সিংহাসনটা দখল করতে না পারলেও দেশটাকে যে অনায়াদেই পোড়াতে পারেন সে বিষয়ে সন্দেহ নেই। বিশেষ '৫৯ সনের সেই ৰিখ্যাভ দাঙ্গাটা তাঁরই কীর্তি।

b. 2. 40

## কালেম, আবছল করিম

### কাসেম, আৰত্নল করিম

ইরাকে দেদিন উৎসব ছবে। লোকেরা বিনে-থরচায় দিনেমা দেখবে, হাফ-ভাড়ায় রেলে চড়বে একং এবস্থিধ।

এই কর্মস্চীটি ইরাকের দ্বিতীয় বিশ্বব-বার্ষিকী দিনের জন্যে নয়, কাসেম থেদিন হাসপাতাল থেকে ছাড়া পাবেন সেদিনের জন্য। ইরাকে দেদিন অফিসিয়াল উৎসবের দিন।

অক্টোবরের প্রথম সপ্তাহ থেকে ইরাকের প্রধানমন্ত্রী — তার নিজের ভাষায় 'সোল লীভার অব ইরাক'— আবদেল করিম কাসেম হাসপাতালে। ষড়ষক্রকারীরা ব্যর্থ হয়েছে। আত-তামীর গুলী হত্যা করতে পারেনি তাঁকে। 'আল্লা' তাঁকে বাঁচিয়েছেন।

— 'আলা মহান্!—কাসেম
পাগল!'—বাগদাদের পথে আততায়ী
নামবার মাত্র ক' দপ্তাহ আগে রাজধানীর পথে চেঁচিয়ে বলেছে ইরাকের
নরনারী। ঘুণায় রেষ্ট্রনেন্টর চেয়ারে
পা তুলে বসেছে ইরাকী জোয়ানেরা।
গাড়ী থেকে কাসেম যদি কখনও
ওদের পারের তলা দেখতে পান তবে
অপমান হবে তাঁর। হওরা উচিত।
কাসেমের 'পিপলস কোর্ট' খুনীদের

আদালত। কাদেম খুনী। তাঁর হাতে এককালের সহযোগীদের তাজা রক্ত। গায়ে বক্তমাথা উর্দি। কাসেম যথন হাসপাতালে এলেন তথন ইরাকী জনতার কাছে আৰার তিনি সেই পুরানো বীর। আবার তাঁর জয়ধ্বনি উঠল আকাশে। বোগশ্যায় থেকেও কালেমের কান এডাল না তাদের সেই 'জিন্দাবাদ'। স্থতরাং, মৃথ পুললেন। কাগছে কাগজে ইতিমধ্যে অনেক 'এক্সকু, সিভ ইন্টারভিউ' বেরিয়েছে তার। অনেক বীরত্বের কথা বলেছেন রুগ্নকাসেম। বথা: সিরিয়া, জর্ডন এবং ইরাক নিয়ে একটা সামাজা গড়ার চিন্তা সেকালে 'সাত্রাজাবাদী' ছিল বটে. আছ আৰু কেননা, আজকের ইরাক সাম্রাজ্যবাদী নয়, বিপ্লবী। তিনি আরও বলেছেন নাসের ভীরু। পোর্ট সৈয়দ থেকে পালিয়ে গিয়েছিল তাঁর সৈক্সরা. ইসরাইল যদি আমার প্রতিবেশী হড়ে ভবে ক'ঘণ্টার মধ্যেই মুদলমানদের হাতে আমি তুলে দিতাম আমাদেব भारतिष्टारेन। **এ**वः रेजािन रेजािन। নাদের বলেন-কাসেম উন্মাদ। সিরিয়াবাসী পলাভক ইরাকী জেনা-রেলেরা কিছু বলেন না। তাঁরা নাকি প্ল্যান করছেন। ততুপরি আছেন জর্জানের তরুণ রাজা হোসেন। আত্মীয়-বিয়োগ ভূলেননি তিনি। এমন কি নিশ্চিস্ত নয় সৌদি আরব পর্যস্ত। কেননা, কাসেম নাসেরকে এডাতে গিয়ে কমিউনিস্টদের হাতে ধরা দিয়েছেন। অথচ কমিউনিজম ইদলামে হারাম।

এমন অবস্থায় হাসপাতালের বাইরের ইরাকও কি কাদেমের পক্ষে আর একটি রোগশম্যা নয় 
? ৩.১২.৫৯ [ দ্রষ্টব্য : আরিফ ]

#### কাজো, ফিডেল

আমেরিকানরা বলে—'ও, হি ইজ
দি বেলকনিম্যান!' কেউ কেউ বলেন
—'ছেলেটা আসলে একটা শো-বয়।'
কয়েক শ' মাইল দূর থেকে,
নিশ্চিন্ত প্রাদাদের স্থসজ্জিতবেলকনিছে
দাড়িয়ে দেখলে অবশ্য তাই মনে হয়।
শাই স্পেনিস রক্ত। স্থলর স্বাস্থ্যোজ্জল
চেহারা। কিন্ত পোষাক পরিচ্ছদ
নিতান্তই অগোছাল এবং অপরিচ্ছদ
নিতান্তই অগোছাল এবং অগ্রামিন্তান্তই
সাল্যান্তর স্থানিন্তান্তর স্থানিন্তান
মধ্য আমেরিকার একটা গুরুত্বপূর্ণ

রাষ্ট্রের প্রধান, কিংবা ষাট লক্ষ নরনারীর তিনি নির্ভর-স্থান। যেন কোন
তরুণ স্পেনিয়ার্ড মেটাডোর, এই
মাত্র সে ষাড়ের সঙ্গে লড়াই করে ঘরে
ফিরেছে।

বয়স মোটে চৌত্রিশ। মাথায়
চেউ থেলান কালো চুল। গালে চাপবাঁধা অবিন্যস্ত দাড়ি। মুথে—হ্যাভানা
চুরুট। সেই চুরুটের একথানার বান্ধার
দর—৫০ সেট। আমাদের প্রসায়
আড়াই টাকা। কাল্পো শো-বয় বৈ
কি।

বৃদ্ধ কিউবার বাল-নায়ক একটানা পাঁচ ঘণ্টা বক্তৃতা করেন, (তিন ঘণ্টার কমে নাকি জাঁর ফুসফুস রাজীই হয় না), রাইফেল ঘাড়ে ফেলে কুড়িদিন হাঁটতে পারেন, পরশু খেরেছিলেন কিনা মনে করজে পারেন না, গেল তিন দিনে ক'ঘণ্টা ঘুমিয়েছিলেন জানেন না এবং প্রতিবেশী দানবের সঙ্গে পাঞ্জা লড়তে ইতঃস্তত করেননা। স্থতরাং, কিউবার চাষী বলে, 'ফিভেল আমাদের বাঘ।'

অনেকে কাস্ত্রো সম্বন্ধে অনেক কিছু বলেছেন। কিন্তুকেউবলেননি— কাস্ত্রো 'কাগজের বাঘ।' কেননা, ঝাহু ডিরেক্টার বাটিস্তার হাত থেকে এই কিউবা নামে শ্বীপটিকে কেডে নিতে

### কান্তো, কিডেল

কান্ত্রোর সময় লেগেছে মাত্র পাঁচ বছর, লোক খরচ হয়েছে মাত্র— আড়াই শ! নিউইয়র্কে প্রতি হপ্তার ছুটির দিনে গাড়ী চাপায়ও এর চেয়ে বেশী লোক প্রাণ দেয়।

লোকে বলে—সেটা বাটন্তার ছতাগ্য, আর কাস্তোর ভাগ্য। কিন্তু কাস্তো বলেন—সে তাঁর স্বপ্ন। বন্ধুরা বলেন—সে তাঁর সাহস।

ফিডেল কাস্তোর বোধ হয় সব কটাই ছিল এবং বোধ হয় সব কটাই এখনও আছে। বাবা যখন স্পেন থেকে ক্যারেবিয়ান সাগরের এই দ্বীপটিছে পা দেন তথন তথন তাঁর পকেটে একটি পয়সাও ছিল না। কান্তো যখন জনালেন তথন তার প্রচুর প্যুদা, বিস্তর আথি-জমি। স্থতরাং, বড়-ঘরের ছেলে ফুলে গেল। সেথান থেকে কলেজে। সৌথিন শিকারী হিসেবে ধনীর তুলাল বন্দুকটা আপেই চিনেছিল, এবার তার পকেটে পিস্কল উঠল। কান্ত্রো পড়তে পড়তেই রাজনৈতিক হয়ে গেলেন। '৪৭ সনে ক্যারিবিয়ান বিপ্লবীরা যেদিন কিউবার উপকুল থেকে ভোমিনিকান বিপাব-লিকের উদ্দেশ্তে জাহাজ ভাসাল তরুণ কান্ত্রো দেদিন জাহাজে অন্ততম্যাত্রী। পথে কিউবার প্রহরীরা যথন সে জাহাজ আটকাতে চাইলেন তথন আনেকে জীবন হারালেন। কিছু ভাসতে ভাসতে নতুন জীবনে এসে ঠেকলেন কাস্তো। তিনি হ্যাভানায় সংসারী সেজেছেন। বিয়ে করেছেন, বাবা হয়েছেন,—আইন পড়ছেন। সে পড়া কতদ্ব এগিয়েছে তা জানা গেল এক বছর পরে।

১৯৫৩ সনের ২৬শে জুলাই।
ৰাটিস্তা'র ঘুমস্ত সৈত্যবাহিনীর উপর
সহসা এসে ঝাঁপিয়ে পডল তেরখানা
গাড়ী বোঝাই এক অজ্ঞাত বাহিনী।
সৈত্যরা অবাক হয়ে দেখল সে
বাহিনীর পুরো ভাগে কাস্তো। তাঁর
বন্ধস মাত্র ছাবিশা।

বাটিস্তা ওকে জেল দিলেন। স্থী মার্থা তাঁকে ডিভোস করলেন। কাস্থো হেরে গিয়েছেন। এথন তিনি জেলথানায় বসেবসে ইংরাজী-অভিধান পড়ে সময় কাটান। কিন্তু স্বপ্নের মায় কাটাতে পারেন না। ২৬শে জুলাই তারিথটাকে ডিনি বাঁচাতে চান বাটিস্তাই তার ব্যবস্থা করলেন কাস্তোকে ভিনি ছেড়ে দিলেন।

২৬শে জুলাইয়ের প্রভিজ্ঞা নিজে সেই যে কান্ধ্রো বনবাসী হলেন, আ তাঁকে খুঁজে পাওয়া গেলনা, আ তাঁকে ধরা গেলনা। হাজানা

# কিং, মার্টিন লুথার

উৎফুল্লিত জনতা আবার ষেদিন দেখল তাদের ফিডেলকে কাল্গ্রো সেদিন বাটিস্তাকে খুঁজছেন। কিউবা সেদিন তাঁর অধীন।

কিউবার তরুণ অধিনায়ক আজ আর এক নবীন স্থাবে ঘোরে পড়েছেন। তিনি প্রবল প্রতাপারিত মার্কিন দেশের সঙ্গে পাঞ্জা লভছেন। এই যুদ্ধের ফলাফলটা এই মুহুর্তেই বলা যেত। কিন্ত স্থানগত কালগত কারণে তা বলা মৃষ্কিল। কেননা, সাত্র ছেচল্লিশ হাজার বর্গ-মাইলের দ্বীপ হলেও কিউবা লাতিন আমেরিকাবাদী দেশ। দে যেমন চিনি বেচে খায়, তেমনি তাকে সেধে খাওয়াবার লোকও ছনিয়ায় অনেক। ভাছাডা, মার্কিনীরাই বলেন---ও দেশের কাস্তো নামক ছেলেটা 'সত্যিই লাকি চ্যাপ !' ১৪. ৭. ৬০

# কিং (জুনিয়র), মার্টিন লুথার

এ 'গান্ধী' আবিভূতি হয়েছিলেন একটি ক্লান্ত মায়ের অবশ পা হু' থানার দিকে তাকাতে গিয়ে।

সেদিন ১লা ভিসেম্বর, বুহম্পভি-বার; ১৯৫৫ প্রীষ্টাব্দ। সবে সকাল হয়েছে। কোর্ট স্কোয়ার ছেড়ে সিটি লাইক্ষ-এর একটি বাস গর্জন করতে করতে সামনের দিকে এগিয়ে চলেছে।
অদ্রেই মন্টগোমারীর এম্পায়ার
থিয়েটার। বাদের ভেতরে ছত্তিশঙ্কন
যাত্রী। তাদের মধ্যে চকিশঙ্কন
কৃষ্ণকায়, বারোজন খেতাঙ্গ। কৃষ্ণাঙ্গরা
সবাই পেছন থেকে সামনের দিকে
সার করে বসে,—খেতাঙ্গরা সামনে
থেকে পেছনের দিকে। মার্কিন দেশের
দক্ষিণাঞ্চলে, বিশেষত আলবামায়
তাই নিয়ম।

এম্পায়ার থিয়েটারে এসে গাডি থামল। ছ'জন নতুন যাত্রী উঠলেন এই স্টপে। প্রত্যেকেই তাঁরা শ্বেতাঙ্গ। ভাইভার মথারীতি রুফাঙ্গ যাত্রীদের দিলেন আসন আদেশ দিতে। কেননা, এই রাজ্যে সরকারী আইন—শ্বেতাঞ্চদের বসবার পরআসন থালি থাকলে তবেই দেটা কুফাঙ্গের প্রাপ্য। স্থতরাং, বিনাবাক্যব্যয়ে তিনজন নিগ্রো উঠে দাঁডালেন। কিন্তু আশ্চর্য, একটি ক্লফাঙ্গ রমণী তথনও বসে। তিনি বললেন—আমি উঠব না। তঃসাহসী সেই মেয়েটির নাম-মিদেস রোজা পার্কস। তিনি দরজির কাছ করেন।

ওঁরা রোজাকে ধরে থানায় নিয়ে গেলেন। বিচারে দশ ডলার জরিমানা হল ভাঁর। কিন্তু পরের সোমবার

# किः, यार्डि न खूथात

ষা হল মার্কিন দেশের ইতিহাসে তা অভতপূর্ব। মন্টগোমারীর কোন নিগ্রো সেদিন বাসে চড়লেন না। তার পরের দিনও না। দিনের পর দিন. ৩৮১ দিন ওঁরা হাটলেন, ঘোডায় চাপলেন, গাড়ি ধার করে কর্মীদের কাজে পাঠালেন, কিন্তু ভবুও বাসে চড়লেন না। সে এক অবিশ্বাস্থ ঘটনা। রোজার থোঁডা পায়ে ভর করে বিল্লব এদেছে আল্বামার শহর মণ্টগোমারীতে। রোম চেডে স্পার্টাকাস যেন আমেরিকার দক্ষিণে। —তবে সম্পূর্ণ অন্ত বেশে। সমগ্র দেশ স্তম্ভিত, বিশ্ব চমকিত। এমন আশ্চর্য লডাই কি করে আমেরিকার হিংস্ৰ দক্ষিণে সম্ভব প সেদিনই পৃথিবীর কানে প্রথম গুঞ্জরিত হয়েছিল সেই যাত্করের নাম,-মার্চিন লুথার কিং (জুনিয়ার),—বোজার অবশ পায়ের সমর্থনে দ্রোয়মান লক কৃষ্ণাঙ্গের পেছনে তিনিই—'গান্ধী'।

জর্জিয়ার এক যাজকের ঘরের দস্তান। জন্মের পর বাবা নিজের নামে নাম রেথেছিলেন—মাইকেল কিং। ছেলে বখন ছ'বছরে পড়েছে দৃষ্টিবান পিতা বললেন—এবার আমরা নাম পান্টাতে চাই,—আজ খেকে আমি এবং তুমি ছ'জনেই—মার্টিন

লুথার কিং। রিফর্মেশনের সেই ঐতিহাসিক প্রটেষ্ট্যান্ট নায়ককে পুত্রের জীবনে নতুন করে প্রত্যক্ষ করতে চাইলেন তিনি। কিশোর তথনও অস্থিরমতি কিং বালক মাত্র। অ্যাটলান্টার মোর হাউদ কলেজে সমাজবিছা পডতে পডতে তথনও তিনি ভাবছেন—দমকলে কাজ নেবেন, আগুন নিভাবেন; কখনও বা ভাবছেন ছাক্তার হবেন, কথনও বা উকিল। কেননা,-প্রতিবেশী নিগ্রোদের জীবনে অনেক ব্যাধি, অনেক বে-আইনী আদেশ নির্দেশ। এখনও মনে পডে—দোকানে একজন খেতাঙ্গ মহিলার দাড়িয়েছিলেন বলে তিনিও একদিন চড় থেয়েছিলেন। তবুও ধ্রুবতারা খুঁজে পাওয়া গেল আরও কিছুদিন পরে, ক্রোজার-এর ধর্মীয় বিত্যালয়ে এদে। গান্ধীর দেশ ভারতে এদেছেন অনেক পরে, কিং দেখানেই খুঁজে পেরেছিলেন ভারতের গান্ধীকে।

ভারপর হার্ভার্ড এবং অবশেষে
মন্টগোমারীর এই প্রীর্জা—গান্ধী সেই
থেকে দূর বিদেশের ক্রফাঙ্গ ষাজকের
জীবনে প্রভাহের নক্ষত্র। মার্টিন
লুথার কিং বলেন—নাজারেথের প্রীষ্ট
আার ভারতের গান্ধী আমার সর্বস্থা—

# কিং, মার্টিন কুথার

প্রীষ্ট পথ দেখিয়েছেন, গান্ধী প্রমাণ করেছেন দে পথ এখনও বাস্তব।—দি শিরিট অব প্যাসিভ রেসিস্ট্যান্স কেম টুমি ক্রম দি বাইবেল, দি টেকনিক আাণ্ড এক্সিকিউশান কেম ক্রম গান্ধী!

জীবনাচারেও কিং দ্বিতীর গান্ধী। वश्रम भाद को खिन ( जना ১৯২৮)। '৫৩ সনে করেতা স্কট নামে একটি মেয়েকে বিয়ে করছেন। য়লান্দা নামে ছোট্ট একটি মেয়েও আছে ওঁদের। কিন্তু গৃহী হয়েও বাপটিস্ট কিং এক বিরাগী যাজক। পোষাকে তাঁর মন নেই। বলেন—আমি আগুার-টেকার সেজে থাকতে চাই না বটে. পোষাক নিয়ে মাতামাতিও ভালবাসি না। যে কোন পুরানো ধাঁচের স্টুট আমার পক্ষে যথেষ্ট। পাঁচ ফুট সাত ইঞ্চি উচু চমৎকার শরীর, ওজন প্রায় ১৭০ পাউও। কিন্তু কিং থেলাধুলায় বরাবর গরহাজির। বেসবল, সাঁভার এবং টেনিস দেখতে ভালবাদেন ভিনি. কিন্তু খেলতে নয়। তবে গান্ধীজীর সঙ্গে ভাগল মিল তাঁর যেখানে সে ভয়লেশহীন চিত্তের বলে। অনেকবার বোমা ফেটেছে তাঁর ঘরে, কানের কাছে; কিন্তু বন্ধদের পরামর্শ মেনে কিং ভবুও কোনদিন আত্মরকার্থে হাতে কোন অস্ত্র তুলে নেননি।
আমেরিকার গান্ধী উত্তেজনার চরম
মূহুর্তগুলোতেও স্থির কণ্ঠে বলভে
পারেন—ডু নট গো গেট ইওর
ওরেপনস!…দি স্ত্রংম্যান ইজ দি ম্যান
হ ক্যান স্ট্যাও আপ ফর হিজ রাইটস
আগ্র নট হিট ব্যাক!

একটি জনপ্রিয় মার্কিন সাপ্তাহিক তাদের এই "গাদ্দী"কে গত বছরের দেরা বাক্তিত্ব বলে চিহ্নিত করেছেন। হুই লক্ষ দশ হাজার কুফাঙ্গের ওয়াশিংটন অভিযান এবং তার পরেই ডালাদের দেই কৃফবর্ণ শুক্রবার মদি যুক্তরাষ্ট্রের জীবনে বছরের স্বচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হয় তবে এ সম্মান 'অবশ্রুই কিং-এর প্রাপ্য। কেননা, মার্টিন লুথার কিং-ই সেই মাতুষ যাঁর আমেরিকা যাত্তশর্শে কৃষ্ণ মনে পডছে মেমোরিয়ালের নীচে দাড়িয়ে ভিনি বলছিলেন—'আমি স্বপ্ন দেখছি…!' ওঁরা লক্ষ কঠে উত্তর দিয়েছিলেন— 'ড্রিম অন।' কিং-ই তাঁদের এই স্বপ্ন দেখতে শিথিরেছেন। মনে পড়ছে তিনি বলেছিলেন—উই উইল টান আমেরিকা আপ সাইড ডাউন ইন অর্ডার ভাট ইট টান বাইটসাইড আপ। একথা বোধ হয় একমাত

# কুজবারী, সাইদর

তিনিই বলতে পারেন যিনি গান্ধী, অথবা গান্ধীর মতন। ২.১.৬৪

# কুজবারী, সাইদর (কর্নেল)

ছবছ ঠিক 'একদিনকা স্থলতান'
নয়,—ছ' দিনকা। হাঁ, মাত্র আটচল্লিশ ঘণ্টার জন্তেই '৫৪ সনে একবার
তিনি বসেছিলেন বটে সিরিয়ার
সিংহাসনে। প্রেসিডেণ্টের আসনে।
কিন্তু আজকের মন্ত সৈক্সরা তাঁর
'পেছনে' ছিল না। ছিল—সামনে।
ফলে, প্রভূ তথা মিত্র শিশাক্লির মতই
জনতার পায়ে কুর্নিশ জানিয়ে তথং-এ
ভাউস থেকে নেমে এসেছিলেন
ছ'দিনকা স্থলতান। তারপর, দীর্ঘ
সাত বছর পরে এই প্রত্যাবর্ত্তন।
—ডঃ কুজবারী কি সত্যিই সেই 'সহস্র
এবং এক রজনী'র দেশের মান্ত্র্য
নন ?

থানদানী ঘরের সস্তান। গোটা
মধ্যপ্রাচ্যে এমন কোন বড় ঘর নেই
দামাস্কাসের কুজবারীদের বারা চেনেননা। কর্নেল সাইদর,—এবারকার
নাসের তথা ইউনিয়নের বিকুদ্ধে
অগ্রতম বিলোহী যিনি তিনিও
কুজবারী। করেল সাইদর কুজবারীর
স্বারও একটা পরিচয় আচে

সিরিয়ায়। দামাস্কাদের বিখ্যাত ব্যবসায়ী থোমোসিয়া তাঁর শ্বশুর-মশাই।

পারিবারিক এই পরিস্থিতির সঙ্গে
যুক্ত হয়েছিল আইনজীবী হিসেবে
ড: কুজবারীর প্রতিষ্ঠা। দামাস্কাস ও
বেইকট বিশ্ববিদ্যালয়ের প্রথর আইনের
ছাত্র ড: কুজবারী দামাস্কাসে অক্তম
পসারওয়ালা আইনজীবী। তা ছাড়া
ফরামী এবং আরবী ভাষায় ডিনি
বিস্তর আইন-পুস্তকের লেথক এবং
দামাস্কাস বিশ্ববিদ্যালয়ের খ্যাভিমান
আইনের অধ্যাপক। স্কতরাং বয়স
মদিও এথন মোটে সাতচল্লিশ—
সিরিয়ার লোকেরা নাম জানে তাঁর
সাঁইত্রিশ থেকেই।

'৪৮ সনে আইনবিশারদ ছঃ কুজবারী ছিলেন সরকারের অক্সতম
আইন উপদেষ্টা। '৫৩ সনে জেনারেল
শিশাকৃলি বললেন—'তোমার পরামর্শ
দপ্তরের বাইরেও প্রয়োজন। আমি
ডোমাকে আমার পার্লামেন্টের স্পীকার
করতে চাই।' কুজবারী বললেন—'যে
আজ্ঞে।' ব্যাদ্রের সেই প্রথম রক্ত
আস্থাদন।

স্পীকার থেকে ভাইস-প্রেসিডেন্ট। ভারপর শিশাকালির পতন দিনে হু'দিনের জন্তে সাক্ষাৎ প্রেসিডেন্ট। বাঘ তথন বন্ধু চেনে না, সে বক্ত পাগল।

বন্ধু শিশাক্লিকে পরামর্শ দিলেন ড: কুজবারী—'সে-ই ভাল, তুমি বরং পালিয়ে যাও। দেখি, কি করতে পারি।'

তেমতাবস্থায় রফা ভিন্ন উপায় ছিল না। নয়াজমানার সঙ্গে আপোস করলেন ড: কুজবারী। ফলে, পাকা চার বছর মন্ত্রিত্ব করা গেল নির্বিবাদে। '৫৮ সন অবধি ড: কুজবারী কথনও সিরিয়ার শিক্ষামন্ত্রী, কথনও আইন-মন্ত্রী, কথনও বা শ্রমমন্ত্রী।

এল—'৫৮ সন, নাসের এবং ইউনিয়ন। আরব লিবারেশন পার্টির
নায়ক ডঃ কুন্ধবারী মনে মনে এ
মিলকে মন্দ বললেন। ওঁরা গন্ধ
পেলেন। ফলে,—পদ গেল, পার্টি
গেল,—এমনকি এতদিনের পুরানো
মান্থটির জন্মে স্থানীয় কাউন্সিলেও
একটা চেয়ার বরাদ্দ করা হল না!

বাধ্য হয়েই ডঃ কুজবারী ফিরে
এলেন তাঁর সাবেক রাজত্ব। আবার
সেই আইনের জগৎ। বিশ্ববিভালয়,
আদালত। এবং সেখান থেকেই গত
বৃহস্পতিবারের বারবেলায় হঠাৎ—

সন্দেহ নেই, সিরিয়ার সভমনোনীত
প্রধানমন্ত্রী দক্ষিণপন্থী এবং পশ্চিমী

ঘেঁষা। কিন্তু আর কেউ না জানে নাসের জানেন—শেষ পর্যস্ত যদি ঐ আসনে এই মাহ্যটিই থেকে যান তা হলে খুব বড় রকমের কোন বিপদ নেই। কেননা '৫৫ সনে নাসেরের সঙ্গে ওদিক থেকে যারা উৎসাহভরে বান্দ্থ এসেছিলেন ড: কুজবারী ছিলেন তাদের অন্ততম। তাছাড়া আজও ড: কুজবারীর কাছে মেডেল আছে একটা। পদকটার নাম—'অর্ডার অব দি রিপাবলিক'! দিয়ে ছিলেন যিনি তিনি—রিপাবলিকের প্রেসিডেন্ট—নাসের স্বয়ং!

a. > 0. 55

### কুঞ্জরু, হৃদয়নাথ

যৌবন থেকেই 'কমিটি-ম্যান'। এবং যথনই কমিটি, প্রায়শই সেথানে তিনি চেয়ারমাান।

স্থা হয়েছিল বিতীয় কমনওয়েলথ সম্মেলনে ভারতীয় প্রতিনিধি
দলের চেয়ারম্যানের আসন নিয়ে।
তারপর প্রধান হিসেবে যে সব আসনে
তিনি বসেছেন তার মধ্যে আছে—
রেলওয়ে তুর্নীতি তদস্ত কমিটি, ইউ পি
যুনিভারসিটি গ্রান্টস কমিটি, ইতিয়ান
স্থল অব ইন্টার আশনাল স্টাভিজ,
ইতিয়ান কাউন্সিল অব ওয়ান্ডর্

### কুঞ্জক, হৃদয়নাথ

একেয়ার্স, চিলড্রেন ফিল্ম সোদাইটি এবং ইত্যাদি ইত্যাদি।

ষে সব কমিটিতে তিনি ছিলেন বা আছেন তার মধ্যে আছে—ক্টেট রিঅর্গেনাইজেশন কমিশন, য়ুনিভারসিটি গ্রাণ্টস কমিশন, এবং ইত্যাদি ইত্যাদি।

স্থতরাং, বলা নিপ্রয়োজন একালের ভারতের সঙ্গে মামুষ্টির অচ্ছেছ সম্পর্ক। অচ্ছেছ সম্পর্ক আমাদের নামটির সঙ্গেও। কেননা, পণ্ডিড হৃদয়নাথ কুঞ্জকর নাম শোনেননি এমন ভারত সস্তান ভারতে আজ বোধহয় একজনও নেই।

গোথেল-তিলকের আমলের মান্থব।
এবং সেই একই ধাতৃতে গড়া।
দার্ভেন্টস অব ইণ্ডিয়া সোদাইটিতে
নাম লিথিয়েছিলেন সেই ১৯০৯ দনে।
সেই থেকে পঁচাত্তর বছর বয়সে
আজন্ত মাতৃভ্মির সেবকই আছেন।

দেশ—কাশ্মীর, জন্মস্থান—ইউ. পি।
লেথাপড়া কিছু এলাহাবাদে, কিছু
লণ্ডনে। পণ্ডিত কুঞ্জক এলাহাবাদের
বি. এ, লণ্ডন স্থল অব ইকনমিকস-এর
বি. এদ-দি। অবশ্য তার পরেও
(আক্ষরিক অর্থেও) তিনি এল.
এল. ভি।

স্বদেশী জীবনে 'সার্ভেণ্টস অব

ইণ্ডিয়া সোদাইটি'র নায়ক পণ্ডিত কুঞ্জক একাধিক বিশিষ্ট জাতীয় প্রতিষ্ঠানের জনক। ইউ. পি আইন-দভা, কেন্দ্রীয় আইনদভা, গণপরিষদ, রাজ্য দভা ইত্যাদির দদত্য পণ্ডিত হৃদয়নাথ—এককালে বিখ্যাত 'গ্রাশ-নাল লিবারেল ফেডারেশনে'র জনক। এছাড়া পূর্ব-আফ্রিকার জাতীয় কংগ্রেদ থেকে শুরু করে জাপানের প্যাদিফিক রিলেশনদ কনফারেন্দ্র, বছ প্রতিষ্ঠানের তিনি একদা প্রধান কিংবা পথপ্রদর্শক।

পথপ্রদর্শক রাজ্যসভায়ও। পণ্ডিত
কুঞ্জয়ই দেখানেই আজও একমাত্র
সদস্য, যিনি কথা বললে বিরোধী পক্ষ,
সরকারী পক্ষনির্বিশেষে গোটা
সভাটা কান পেতে শোনে। কেননা
কুঞ্জয় শুধু যে ভাল বলতেই পারেন
তা নয়,—এদেশে 'কমিটি' নামক
আধুনিক পঞ্চায়েতের জন্মকাল থেকে
তার মধ্যে বাস করার ফলে পার্লামেন্টের আদর্শ ভাষাটাও তিনি
জানেন।

সংবাদ: স্থির, ধীর এবং বিচক্ষণ এই প্রবীণকে সম্ভগঠিত রেল-ত্র্থটনা তদস্ত কমিটির চেয়ারম্যানের আসনে বসান হয়েছে। খবরটা অনিবার্থভাবেই শ্রীজগজীবন রামের পক্ষে হু:সংবাদ। কেননা, লোকে বলে—পণ্ডিত স্থান্ধনাথ কুঞ্জক সভ্য ছাড়া আর কিছুই
চোথে দেখেন না। তবে রেল
দপ্তরের পক্ষে আশার কথা এই—
চোথের সামনে সভ্য-নির্ণয়ে বিদ্ন
দেখলে পণ্ডিত হৃদয়নাথ সেথানে
থাকেন না। মনে আছে বোধ হয়—
রেলের হুনীতি সন্ধান কমিটিতে
কুঞ্জক শেষ পর্যন্ত ছিলেন না।

**>>.>. >. ७**२

# কুয়াড্রাস, জনিও

'দাস্তা মেরিয়া'র বেতার ঘর থেকে
প্রথম বাণীটি ঘোষিত হয়েছিল ওঁর
নামে। ষদিও দেই মুহুর্তে মান্ত্র্যটির
হাতে কিছুই ক্ষমতা ছিল না তবুও
অক্ল দাগরে ভাসতে ভাসতে ওঁর
নামটিই শ্বরণ করেছিলেন বিদ্রোহী
গ্যালভাও। কেননা, নামটি সতাই
নির্ভর-যোগ্য। ওধু রক্তসম্পর্কের
বিদ্রোহীদের পক্ষে নয়, ছ' কোটি
তিরিশ লক্ষ মান্ত্রের প্রায় প্রত্যেকের
পক্ষে।

'প্রায়' বলতে হল এজন্তে, কারণ ওঁর বিপক্ষেও প্রার্থী ছিল, দল ছিল কিছু। স্বভাবতই ছিল কিছু বিরুদ্ধাচারীও। কিন্তু দে নগণ্য। বিশেষ, সেই মাছুষের পক্ষে বার নিজের কোন দল নেই। অস্তত রাজনৈতিক দল বলতে ব্রেজিলে যা বোঝায়— তার কোনটিতে তাঁর নাম নেই।

দলের নাম—দোস্থাল থ্রীশ্চিয়ান।
সে দল সামাজিক প্রতিষ্ঠান বিশেষ।
নিজের নাম—জনিও কুরাড্রাস।
লাতিন আমেরিকার বৃহত্তম দেশ
ব্রাজিলে স্মরণীয় নাম বিশেষ।

পেশায় কুয়াড্রাস ছিলেন এককালে আইনজীবী। এবং কথনও
কথনও অর্থ পণ্ডিত। তবুও যেন মনে
হয় অক্ত কোন পরিচয় আছে লোকটির।
কেননা, চ্হোরাটা আইনজীবীর মত
নয়, কথাগুলোও পেশাদার ইকনমিষ্ট-

অবশেষে দে পরিচয়ও পাওয়া
গেল একদিন। কুয়াড্রাস সেদিন নিজ
রাজ্যের রাজধানী শহর সাও পাউলোর
(Sao Paulo) বিখ্যাত মেয়র।
এ শহর আজ ইউরোপ আমেরিকায়
এক আশ্চর্য স্থলর এবং স্থপরিচালিত
শহর। এবং সকলে জানে—তার
একমাত্র রুতিত্ব খার তিনি সাও
পাউলোর সেই কর্মঠ মেয়র। কুয়াড্রাস
'৪৯ সন থেকে এ শহরের মেয়র এবং
যুগপৎ সাও পাউলো রাজ্যের গভর্মর।

জনপ্রিয় মাহুৰ, জনপ্রিয় নাম। স্বতরাং, টিকিট হাতে স্বনেকে

# কেইটা, মোডিবো

ঘোরাফেরা করেন। কিন্তু কুরাড্রাসের
এক কথা—নো! প্রেসিডেন্ট হতে
চাই না আমি! '৫৬ সনের নির্বাচন
চলে গেল। চোথের সামনে এল আরও
অব্যবস্থা,—কুশাসন। স্কতরাং '৬১
সনে আর অমত করতে পারলেন না
দেশপ্রিয় মেয়র তথা প্রাদেশিক
গ্রবর্ণর। বিশেষ, ইতিমধ্যে ত্'টি দেশ
দেখে এসেছেন তিনি। ব্রেজিলের
চেয়ে সত্যিই রাশিয়া বা কিউবা
স্বতন্ত্র দেশ!

স্থতরাং, কুয়াড্রাস প্রার্থী হলেন।
হাতে তাঁর স্থপষ্ট কর্মস্টী। দলসম্হের প্রতি একমাত্র বক্তব্য—যারা
এই কর্মস্টী মান, তারা আমাকে
সমর্থন কর। কনজারভেটিভরা (আসলে
নাকি তার প্রগতিশীল) প্রকাশত সমর্থন জানালেন। এলেন সোশ্রালিন্টারাও। যাঁরা এলেন না, তাঁরা লোক দাঁড় করালেন, কিন্তু প্রকাশে বিক্লদাচারণ করতে পারলেন না।
কেননা, লোকটি রাজনৈতিক বর্ণবিহীন হলেও জনতার চোথে
কর্মস্টীটি যারপর নাই রঙ্গীন।

স্থতরাং, ষথাসময়ে বিপুল ভোটাধিক্যে নির্বাচিত হয়ে গেলেন কুয়াড্রাস। ফলে ক্যাপ্টেন গ্যালভাওই যে আশ্রয় পেলেন তাই নয়, লোকে বলে—ব্ৰেজিল নামক দেশটাও অবশেষে রক্ষা পেল। ১.২.৬১

# কেইটা, মোডিবো

দীর্ঘ, স্থগঠিত, স্বাস্থ্যোজ্জ্বল পুরুষ। বয়স—পঞ্চাশ। কিন্তু দেখলে মনে হয় মোডিবো কেইটা (Modibo Keita) যেন এখনও তিরিশের ঘরে।

দেহে যেমন আদিম স্বাস্থ্য, মুথে তেমনি প্রাণথোলা আদিম হাদি।
কেইটা আফ্রিকার নবীন সন্তান।
জন্ম গরীব বাদারাদের ঘরে, ফরাসী
স্থলনের রাজধানী বামাকো শহরে।
মোডিবোর বাড়ীতে যদি কুলপঞ্জী
থাকত তাহলে দেখা থেত আজ যিনি
নবজাত মালি ফেডারেশানের প্রধানমন্ত্রী, একদিন তাঁর পূর্বপুরুষেরাই
ছিলেন প্রাচীন মালি রাজ্যের রাজা
এবং মন্ত্রী।

কেইটা কোনদিন সে দাবি তুলেননি। তিনি ফরাসীদের প্রজা হয়ে
জন্মেছিলেন, জীবনও শুরু করলেন
বাধ্য প্রজা হিদেবেই। প্রাইমারী
স্থলে পড়া শেষ হল। আফ্রিকান
ম্সলমানের ঘরের ছেলে কেইটা
পশ্চিমী কায়দায় সেকেগুারি স্থলে ভর্তি
হলেন। সেথান থেকে সসন্মানে পাশ
হয়ে বেরুবার সঙ্গে সঙ্গে কাজ জুটে

# কেকোনেন, প্রেসিডেন্ট

গেল একটা। ভদ্র কাজ। স্কুল মাস্টারি। ১৯৩৫ সনে কেইটা গাঁয়ের মাস্টার হলেন।

দশ বছর এ কাজেই কেটে গেল।
'৪৫ সনে স্থদানের ছেলেরা ধরে পড়ল।
তারা কেইটাকে ফরাদী গণপরিষদে
প্রতিনিধি করে পাঠাতে চায়। কেইটা
গররাজী হতে পারলেন না। সেই দিন
থেকেই তিনি রাজনীতিক।

আফ্রিকার নবীন রাজনীতিক কেইটার জীবনের পরবর্তী বছরগুলো তার দেশের সঙ্গে আটেপ্রে জড়ান। তাঁকে কমিউনিস্ট আখ্যা দিয়ে এক-দিকে যেমন জেল থাটান হয়েছে. অক্তদিকে তেমনি শাসন পরিষদের নানা উচ্চতর পদেও বদান হয়েছে। ষ্মবশ্য, দ্বিতীয়টির জত্যে দায়ী তাঁর দেশের লোক। এবার তাঁরা এবং প্রতিবেশী দেনেগল-এর মাতুষেরা মিলে তাঁদের নতুন দেশ মালি ফেডারেশনের প্রধানমন্ত্রী মনোনীত করলেন তাঁকে। কেইটা তাঁর নিজ হাতে গড়া ফেডারেশনের স্বাধীন মন্ত্রিসভার প্রথম প্রধানমন্ত্রী।

হুটো দেশ, কিন্তু রাজ্যটা তবু মস্ত হল না। সেনেগল আর স্থলানে মিলে জমি ৬ লক্ষ ৬• হাজার একর, মাহুষ —৬০ লক্ষ। আকারে মালি কলোর চেয়েও ছোট, লোকসংখ্যায় নাই-জেরিয়া, ইথিওপিয়া, কিখা ঘানাও তার চেয়ে বড়। তত্পরি মালির জমিতে চীনে বাদাম ছাড়া ফদল নেই, জমির নীচে কেনা বেচা করে তুটো প্রসা পাওয়া যায় এমন কোন খনিজ নেই। কিন্তু তব্ও লোকে বলে মালির ভবিয়ৎ আছে। কেননা, দেশটাতে কেইটার মত স্থির বৃদ্ধির স্থির মাথার নেতা আছেন।

b. 9. 90

## কেক্কোনেন, প্রেসিডেণ্ট

গ্রোমিকো যথন আঙ্গুল নেড়ে ওঁর
পররাষ্ট্রমন্ত্রীকে ফিনল্যাণ্ডের বিপদের
কথা বোঝাচ্ছিলেন উনি তথন
হাওয়াই খীপের সম্ভাসকতে ভয়ে
ভয়ে বোদ পোহাচ্ছিলেন। থবরটা
ভবে—গামছা নিয়ে জলে নামলেন।

অগাধ দাগবের মান্ত্র। নাম—
কালেভ যুরহো কেকোনেন। পরিচয়
—সহদা আবার থবরের কাগজের
প্রথম পৃষ্ঠায় উত্থাপিত ফিনল্যাণ্ডের
প্রেদিডেণ্ট,—যিনি দল নিজের হাতে
দেশের পার্লামেণ্টটি ভেঙেছেন এবং
অচিরেই রাশিয়া যাচছেন। উদ্দেশ্তঃ
ফিনল্যাণ্ডের বিপদটা ঠিক কোথায়
একটু থোজ থবর করবেন।

## কেকোনেন, প্রেসিডেন্ট

এক কথায়—**দ**টিল রাজনীতিক। অথচ—রাজনীতিতে যে এলেন দে শুধু যোগাযোগের কারণে।

খ্যাতনামা আইনের ছাত্র।
আইনের সব কটি পরীক্ষা পাশ
করে একটি 'ডক্টরেট' পদবী নিয়ে
ছেলিসেন্ধিতে ওকালতি করতেন।
দেওয়ানি মামলার উকিল। মকেলদের
অধিকাংশই চাষী। সেই স্তেই
আলাপ হল ওঁদের দল এগ্রেরিয়ান
পার্টির সঙ্গে। আলাপে আলাপে
উকিল ক্রমে পার্টির বৈঠকখানায়
ঢোকবার ছাড়পত্র পেলেন,—তারপর
দেখান থেকে ক্রমে অন্দর মহলে।
এসব ১৯৩৬ সনের কথা। কেকোনেনের বয়দ তথন ছত্রিশ বছর।

দে বছরেই প্রথম পার্লামেণ্টে।
তারপর একাদিক্রমে আজও দেখানেই
আছেন এগ্রেরিয়ান পার্টির নায়ক
কেকোনেন। ইতিমধ্যে নানা দলের,
নানা জনের সরকারে তিনি যেসব
পদ অলক্ষত করেছেন তার মধ্যে
বিশেষভাবে উল্লেথযোগ্য—মন্ত্রিজ,
স্পীকারসিপ, উদ্বাস্ত বিভাগের প্রধান,
ব্যাহ্ব অব ফিনল্যাণ্ডের অক্তমে পরিচালক ও প্রধানমন্ত্রিজ।

কেকোনেন ফিনল্যাণ্ডের প্রধান-মন্ত্রী নির্বাচিত হন ১৯৫০ সনে। তারপর কথনও দলের সঙ্গে তিনি উঠেছেন, কথনও পড়েছেন, কিন্তু রাজনীতি তাঁর অব্যাহত আছে আজ অবধি। এমনকি প্রেসিডেন্টের আসনে বসেও।

অদ্ধৃত রাজনীতিক কেকোনেন।
হাওয়া যথন যেদিকে, তিনি দেদিকে।
কথনও তিনি কমিউনিস্টদের সঙ্গে,
কথনও বিপরীতপদ্মীদের সঙ্গে। তবে
মন তাঁর প্রধানত বা কৃল ঘেঁষেই
চলতে ফ্রিণ্ড পায় বেশী। যথা:

প্রেসিডেণ্ট রিসটো রাইতি যথন জার্মানীর পক্ষে, কেন্ধোনেনের গোপন সাধনা তথন রাশিয়ার স্বপক্ষে। যদিচ, তার এক বছর আগে মাত্র (১৯৩৯) রুশ আক্রমণ ঘটেছিল তার মাতৃ-ভমিতে।

'৪৮ সনে সোম্থাল ভেমোক্র্যাট-দের বিরুদ্ধে তাঁর প্রধান মিত্র ছিলেন কমিউনিন্টরা। এখনও পশ্চাদ্ভূমিতে শক্তি নাকি তারাই।

ঘরোয়া রাজনীতিতে কমিউনিস্ট বান্ধব কেকোনেন আন্তর্জাতিক রাজ-নীতিতে 'নিরপেক্ষ' হয়েও সোবিয়েত বান্ধব। '৪৮ সনে মস্কোয় বসে তিনিই মিত্রতার চুক্তি করেছিলেন রাশিয়ার সঙ্গে। '৫০ সনে দ্বিতীয় ধাত্রায় স্বয়ং স্ট্যালিন দেখা করেছিলেন তাঁর সঙ্গে।

### কেকোনেন, প্রেসিডেন্ট

কেকোনেনের হাতেই সেদিন নিম্পন্ন হয়েছিল ক্লশ-ফিনল্যাণ্ড বাণিজ্য চ্ক্তি। 'ফিনল্যাণ্ডের ইতিহাসে চ্ক্তিপূর্বে অভ্তপূর্ব' নামে কথিত সেই চ্ক্তিপত্রথানা নিয়ে সগর্বে কেকোনেন সেদিন ঘোষণা করেছিলেন—ফিনল্যাণ্ডের জমিতে দাঁড়িয়ে যদি কেউ বাশিয়া আক্রমণ করতে চায় তবে আমি লড়াই করব তাদের সঙ্গে!

আরও উল্লেখযোগ্য, রুশ-মিত্র কেকোনেন স্বদেশে 'ফিনল্যাও-গোবিয়েত ইউনিয়ন' নামক একটি বেসরকারী সংস্থার অন্ততম পৃষ্ঠপোষক

ফকহলমে অফুটিত 'শাস্তি দমেলনে'র তিনিই ছিলেন শ্রেষ্ঠতম দরকারী সমর্থক। শাস্তি দমেলনের ইস্তাহারে দেদিন স্বাক্ষর ছিল তাঁর।

চ'টি ছেলেমেয়ের পিতা কেকোনেন ক্ষটিতেও প্রবল বক্তা,—মনোযোগী শাতা; রাষ্ট্রনীতিবিদদের তালিকায় তিনি বিশিষ্ট হাস্তরসিক এবং স্বদেশের লাকেদের কাছে অন্ততম ক্রীড়াবিদ। ক্রিল্যাণ্ডে যত ক্রীড়া, সংস্থা আছে তার সব ক'টিতেই কোন না কোন দদে তার নাম পাওয়া যায়, যেমন গেওয়া যায়—'৩০-এর পর থেকে ক্নল্যাণ্ডের যাবতীয় রাজনৈতিক লীডায়ও। এমন থেলোয়াড় মামুষটি আদলে কারও ক্রীড়ণক কিনা, সে থবর পেতে হলে ছনিয়াকে অবশুই আরও ক'টা দিন ধৈর্য ধরতে হবে !

२७, ১১, ৬১

# [ পরের বছর ফেব্রুয়ারীতে ]

১৯৩৯ সনের ৩০শে নভেম্ব।
ফিনলাণ্ডের জলে স্থলে আকাশে
সেদিন নির্লজ্জ শক্রুর হানা। বিশ্ব
চিস্তিত, স্বাধীনতার স্বপক্ষের মাসুষেরা
আহত, কুদ্ধ।

ন্তালিন ভেবেছিলেন—দে আর
কতক্ষণের জন্তে! এতটুকু দেশ, সন্দেহ
নেই লালফৌজ মাটিতে পা দেওয়া
মাত্র ফিনল্যাণ্ড রাশিয়ার পায়ে এসে
ল্টিয়ে পড়বে! কিন্তু চমকিত বিশ্ব
সেদিন অবাক হয়ে দেখেছিল ফিনল্যাণ্ড তা করে নি। রুশ সৈত্তের
কাছে আত্মসমর্পন করার আগে তারা
ষোল সপ্তাহ ধরে বরফের ওপরে
রক্তের অক্ষরে স্বাধীনতার সন্ধ্র
জানিয়েছিল।—সে-দেশেরই মাক্ষা!
স্বতরাং—

স্তরাং, গেল নভেম্বে সে থবর

যথন এল তথন বিন্দুমাত্র চিস্তার ছাপ

দেখা গেল না ওঁর একষ্ট বছরের
প্রবীণ মুখে, বিন্দুমাত্র ছশ্চিস্তা দেখা
গেল না চশমার আড়ালে ওঁব ছোট

#### কেনডেথ, কে. পি.

ছোট গভীর চোখ ছটিতে। অথচ, পরিন্ধিতিটা তথন ভাববার মত।

উনি তথন মার্কিন দেশের অতিথি। হাওয়াইয়ের সমৃত সৈকতে রোদ পোহাচ্ছেন। থবর এল কিছুক্ষণ আগে মস্কোয় দোবিয়েত পররাষ্ট্র-সচিব গ্রোমিকো ওঁর দ্তের হাতে একটা কাগজ দিয়েছেন। তাতে আড়াই হাজার শব্দ আছে এবং প্রত্যেকটি তার ভাববার মত! কেননা, রাশিয়া বলেছে ফিনল্যাণ্ড নাকি বিপদে পড়েছে, তার উচিত অগোণে রাশিয়ার সঙ্গে বসে সলা করা এবং ইত্যাদি ইত্যাদি।

থবরটা ভনে উনি ধীরে ধীরে বালির উপর বসেছিলেন। তারপর দাঁড়িয়েছিলেন এবং তারপর চশমাটা চোথে ঠিকমত বসিয়ে একটু হেসে-ছিলেন। কেননা, অগ্ররা না জানলেও তিনি জানেন, সতের বছর ধরে ফিন-ল্যাওকে রাশিয়ার হাতে ছেড়ে না দিয়েও তিনি কি করে 'নিরপেক্ষ' রেথে চলেছেন।

পরের মাসে মোটরে ট্রেন প্রেনে ২৩৮০ মাইল রাস্তা পার হয়ে সাইবেরিয়ার থামারে গিয়ে ক্রুশ্চফের সামনে দাঁড়িয়েছিলেন কেকোনেন। বলেছিলেন—বল, কি তোমার দাবি? কুশ্চফ উত্তরে প্রকারাস্থরে যা বলেছিলেন, তার মানে দাঁড়ায়,—িকছু নয়। তিনি শুধু এইটুকু শুনতে চেয়ে-ছিলেন, কেকোনেনকে কথা দিছেন যে, ভবিয়তেও ফিনল্যাও রাশিয়ার বন্ধু থাকছে! কেননা, সামনে নির্বাচন হেতু নিকিতা কিঞ্চিৎ চিন্তিত আছেন।

এবার সে চিন্তার অবসান হল।
সংবাদ: আগামী ছ'বছরের জন্তে
কেকোনেনই ফিনল্যাণ্ডের প্রেসিডেন্ট
আছেন। তিনি নির্বাচনে জিতেছেন।

উল্লেখ্য, '৫৬ সনে জিতবার আগে
'৫০ সনে একবার এই পদে তিনি
হেরেছিলেন। কারণ, ইলেকশানেব
দিনে ফিনল্যাণ্ডে সেবার ভীষণ বরক
পড়েছিল।

এবার জিতলেন। কারণ, লোকে বলে,—রাশিয়ায় এখন বরফ গলছে কিনাতাই! ২২.২.৬২

#### কেনডেথ, কে. পি.

'এই মৃহ্রে আমি, মেজর জেনারের কে পি কেনডেথ···ভারতস্থ প্রাক্তন পতু সীজ উপনিবেশগুলির দাহিছ গ্রহণ করিলাম।'···

তামপত্রে লিখিত পঞ্চদশ শতকে<sup>র</sup> কোন আলমিডা-আলবুকর্কের ঘোষণা পত্র নয়, ১৯৬১ সনের ২০শে ভিসেম্বর থাস পাঞ্চিমের মাটিতে দাঁড়িয়ে বিনি এই নাতিদীর্ঘ ঐতিহাসিক ঘোষণাটি পাঠ করছিলেন, পদবীটা তাঁর বাঙালী কানে কিঞ্চিৎ অপরিচিত ঠেকলেও নিশ্চিত জানবেন, তিনি ভারতীয়। ঐ দিনে, ঐ সময়ে, ষে কোন ভারতীয়ের চেয়ে অধিকতর ভারতীয়।

সতের নম্বর ডিভিসন নামে যে বাহিনীটিকে নিয়ে তিনি সাড়ে চারশ' বছরের প্রাচীন দস্থ্যর আড্ডায় হানা দিয়েছিলেন সেটি বেমন আসলে মারাঠা বাহিনী, তেমনি তাঁদের প্ৰিচালক কে. পি কেন্ডেথ নামক দেনানায়কটিও তুর্ধ্য দক্ষিণী,—দেই বিষ্যাচলের ওপারের দেশের মান্ত্র ষাধীনতার নামে লড়াইয়ের অভ্যাস যাদের আর্য থেকে ইংরেজ পর্যস্ত— চিরকালের। ইতিহাসেরও এমনি মতি পতু গীজের পীঠে শেষ অর্ধচন্দ্রটিও প্ডল সকলের হয়ে তাদেরই একজনের হাত দিয়ে।

গোঁফ দেখেই চেনা যায় মান্তবটি
'শিকারী'। তারপরও পরিচয় বলতে
যা বাকী থাকে তা সম্পূর্ণ হয়ে যায়
একবার শুধু চোথ আর চোয়াল
জোডাটার দিকে তাকালে। প্রতালিশ

বছরের জওয়ান কেনভেথ সত্যিই পাকা লড়িয়ে। পাঞ্জিমের পর নয়,— আগে থেকেই।

'কমিশনড' হয়েছেন ১৯৩৭ সনে। স্বতরাং, বলা নিপ্রয়োজন দ্বিতীয় মহাযুদ্ধটা থাঁদের হস্তক্ষেপের মহাযুদ্ধ তিনিও ছিলেন একজন। ব্রিগেডিয়ার কেন্ডেথ তথন একটা আন্ত গোলন্দাজ বাহিনী চালাতেন। তৎসহ একটা পদাতিক বাহিনী। তারপর অনেক কেটেছে তাঁর সেনাবাহিনীর কেন্দ্রীয় দপ্তরে। কেনডেথ সেথানে ছিলেন আস্ত একটা বিভাগের কর্তা,—আর্টিলারী বিভাগের ডাইরেক্টার।—আর এখন ? পৃথিবীতে আজ, এই তারিথে এমন লোক বোধ হয় খুব কমই আছে যারা জানেনা ভারতীয় সেনাপতি মেজর-জেনারেল কে. পি কেনডেথ আজ ভারতবর্ষে শেষ ইউরোপীয় সাম্রাজ্যটির প্রথম ভারতীয় সামরিক শাসনকর্তা। যদি জিজ্ঞোস করেন এ পদে বসবার আগে জঙ্গীলাট লড়েছেন কেমন? তবে বৃটিশ জনৈক সাংবাদিককেই माकी माँ कताव, वनव,—'এমন क्रीन অপারেশন আর হয় না।'

२२<sub>.</sub> ১२**. ७**১

# কেনিয়াট্টা, জোমো

# (कनियाद्वी, (काटमा

'আমাদের নেতার যারা বিচার করেছে আমরা তাদের হত্যা করব। তাদের নিজেদের হাড় থেকে মাংস-পেশী ছিঁড়ে নিয়ে আমরা তাদের বাঁধব। খেতাঙ্গদের যারা সাহায্য করেছে আমরা তাদেরও ছাড়ব না। আমরা তাদের চোথ তুলে নেব। সাতদিন সেভাবে রেথে দিয়ে তারপর আমরা তাদের ম্ওচ্ছেদ করব। দেথব, খেতাঙ্গরা তাদের জীবন ফিরিয়ে দিতে পারে কিনা।'

কেনিয়ার 'জলস্ত-বর্শা' জোমো কেনিয়াট্রার বিচারের দিনে প্রতিজ্ঞা নিয়েছিল হুর্ধর্ম মাউ মাউরা। দে প্রতিজ্ঞারক্ষাও করেছে তারা। একজন হুজন নয়,—ছত্রিশজন রাজসাক্ষী সেদিন অদৃশ্য হয়ে গিয়েছিল কাঠগড়ায় দাঁডাবার আগে।

জোমো কেনিয়াট্টা কেনিয়ার
মৃক্টহীন রাজা, সংগ্রাথিত আফ্রিকার
মনের সমাট। '৫৩ দাল থেকে তিনি
ইংরেজের কারাগারে। সন্ত্রাসবাদী
মাউ মাউদের দাহায্যের অপরাধে দাত
বছর সঞ্জম কারাদণ্ড হয়েছে তাঁর।
ভারপর, নিষিদ্ধ দলের দদ্য হিদাবে
চলবে আরও তিন বছর। অবশ্য

কারাগারে 'সদাচারের' জন্ম এক বছর পাণেই ছাড়া পাবেন তিনি! দে ভবিষ্যতের কথা। উপস্থিত, কেনিয়ার শার্ছল, তেষটি বছরের বীর সংগ্রামী জোমো কেনিয়াট্টা জেলখানার পাচক। অন্যান্ম মাউ বন্দীদের রেঁনে খাওয়ন ভাঁর কাজ।

আগাগোড়া রহস্তময় পুক্ষ। কি
নাম কেউ দঠিক জানে না। কেউ
বলেন—'জনস্টন', কেউ বলেন—'জন',
কেউ কেউ 'জোমো'। তবে
আফ্রিকানরা এক নামেই চেনেন
তাঁকে। সেই নাম—জোমো
কেনিয়ায়া। মানে,—'জলস্ত বর্শা'।

'বর্শা নয়, ঘাড়ে এক গাদা বিষ-মাথা তীর আর হাতে একটা ধছক নিয়ে বনে বনে ঘুরে বেড়াতাম আমি। ঠাকুদার গরু ভেড়া ছিল অনেক। বাঘ সিংহ তাড়িয়ে দেগুলো নিয়ে দিন রাত্তির মাঠে মাঠে ঘুরতাম।'

কোথায় জন্ম, কিংবা কবে তাও সঠিক কেউ জানে না। কেউ বলেন, জন্মেছিলেন উনি নাইরোবির কাছাকাছি কোন কিকুউ গ্রামে। এবং সম্ভবত ১৮৯৩ সনে।

ঠাকুদ। 'যাত্মকর' ছিলেন। কিকুউ-দের মধ্যে বিস্তর প্রভাব ছিল তাঁর বাবার ছিল প্রতিপত্তি। স্বতরাং দ'

# কেনিয়াট্টা, জোমো

বছর বয়সে ছেলেটি সাহেবদের চোথে পড়ে গেল। তারা ওঁকে স্কুলে ডাকলেন।

নাইরোবির একটা স্কটিশ মিশনারী
স্কুলে ভর্তি হলেন কেনিয়াট্টা। দেখান
থেকে পাশ করে চাকরী নিলেন এক
সাহেব কুঠিতে। 'বয়'-এর কাজ।
কিন্তু সৌভাগ্যবশত সেই শ্বেতাঙ্গ
স্কুদয়বান ছিলেন। ছেলেটি তাঁর মন
জয় করে নেওয়া মাত্র তিনি তাঁকে
স্থানাস্তরিত করে দিলেন। এবার
কর্মস্থল নাইরোবি মিউনিসিপ্যালিটি।
জোমো কেনিয়াট্টা তথন দেখানে
কেরানীর কাজ করেন। বাইরের
জগৎ তথা অক্সবিধ জীবনের সঙ্গে সেই
তাঁব প্রথম পরিচয়।

সেই পরিচয় ঘনিষ্ঠ হওয়া মাত্র দেখা গেল কেনিয়াট্টা সহাগঠিত কিকুউ সেন্ট্রাল এসোসিয়েশন-এর অন্যতম নেতা নির্বাচিত হয়ে গেছেন। তারপর থেকে ক্রমেই তিনি কেনিয়ায় অধিকতর জনপ্রিয় নায়ক।

'২৯ সনে সেই অধিকারবলেই
লগুনে এলেন তিনি। উদ্দেশ্য—
কেনিয়ার বিবিধ সমস্তা সম্পর্কে
আলোচনা করা। আলোচনা হল।
একবার নয়, অনেকবার। কিন্তু আর
দেশে ফেরা হল না। লগুন থেকে চলে

গেলেন তিনি মস্কো। সেখানে মস্কো বিশ্ববিদ্যালয়ে ছাত্র হিসেবে হ' বছর কাটিয়ে ফিরে এলেন আবার লগুন। এখানে তাঁর অনেক কাজ।

কিছুদিন তিনি একটি স্থানীয় কোয়েকার স্থলে পড়েছেন, কিছুদিন লগুন স্থল অব ইকনমিকস-এ। আবার কিছুদিন কেটেছে তাঁর বিখ্যাত নৃ-তান্তিক ডঃ মিলনোস্কির শিশু হিসেবে। সেই কালেই রচিত কেনিয়াট্টার বিখ্যাত বই—'ফেসিং মাউণ্ট কেনিয়া।'

পড়ান্তনা ছাড়াও তাঁর দীর্ঘ লণ্ডন
দীবনে আরও অনেক কিছু করেছেন
কেনিয়াট্রা। তিনি এনজুমা প্রভৃতির
সহযোগিতায় প্যান-আফ্রিকান কংগ্রেস
সংগঠন করেছেন, আফ্রিকার দাবির
সমর্থনে আন্দোলন করছেন এবং
তঃসাহদীর মত সাদেক্স-এর মাঠে
শ্রমিকের কান্ধ করে নিজের প্রবাদ
দ্বীবন চালিয়েছেন। ওথানেই জনৈকা
ইংরেজ স্থল শিক্ষিকার সঙ্গে বিয়ে হয়
তাঁর। স্থী দম্পতি কেনিয়াট্রারা
একটি পুত্র সস্তানের পিতা এবং
মাতা।

দীর্ঘ সতের বছর পরে ১৯৪৬ সনের সেপ্টেম্বরেসপরিবারে মাতৃভূমিতে ফিরে এলেন আফ্রিকার জোমো।

# কেনিয়াট্রা, জোমো

কিস্ত দে যেন মাত্র কয়েকটি বছরের জ্বন্যে।

দেশের মাটিতে পা দেওয়ার পরের বছরই গঠিত হল কেনিয়া আফ্রিকান ইউনিয়ান। তার পরের বছর 'মাউ মাউ' আন্দোলন। স্থতরাং, 'জ্বলম্ভ বর্শা' কয়েদ হলেন। ওঁরা তাঁর বিচার করলেন। প্রিট-এর ভাষায় 'বিচারের প্রহদন করলেন!' দাত বছর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হলেন কেনিয়াট্টা। বিচারকাল ধরলে আজ প্রায় দশ বছর হতে চলেছে জোমো আজও কারাগারে। আফ্রিকারা বলেন—আমাদের আফ্রিকা আজও পিয়রবদ্ধ।'

রাজনৈতিক নেতা হিসাবে আফ্রিকান ইউনিয়নের সভাপতি জোমো কেনিয়াট্টার দেদিন দাবি ছিল সামান্ত। (১) আইন পরিষদে কালোদের সঙ্গত প্রতিনিধিত্ব চাই (কেনিয়ার আইনসভায় আফ্রিকান এবং ইউরোপীয়ানদের জন্ত চৌদ্দটি করে আদনের ব্যবস্থা আছে। দেশে আফ্রিকানদের সংখ্যা ষাট লক্ষ্ক, শেতাঙ্গদের সংখ্যা ষাট হাজার!) (২) বর্ণবৈষ্মা দ্র করতে হবে (৩) ভূমি ব্যবস্থার সংস্কার করতে হবে

এবং ইত্যাদি।

ইংরেজেরা এই স্থায়সঙ্গত দাবী-গুলোর জবাব দিয়েছে তাঁকে কারগারে বন্ধ করে। '৫২ দন থেকেই 'জরুরী অবস্থার' নাম করে ব্যাপক দমননীতি চলেছে তাদের। দশ হাজার মাউ মাউ জীবন দিয়েছে এই ক'বছরে। কিন্তু জোমো, কেনিয়াট্টাকে কি ভুলেছে তারা?

ইংরেজরা জানে. আফ্রিকা কোনদিন ভুলবে না তাঁকে। গেল বছর মার্চ মানে সাক্ষী হিসাবে আদালতে ডাক পড়েছিল কেনিয়াট্টার। নাইরোবিতে কোর্ট বসাতে সাহস পাননি বিচারকেরা। ছ'শ মাইল দুরে কিটেল-এ বিচার সভা বসিয়ে-ছিলেন তারা। কেনিয়া পড়েছিল সেদিন সেই ছোট্ট শহরটিতে। শান্তিভঙ্গের আশহায় চৌত্রিশজন জাতীয়তাবাদী নেতাকে আটক করা হয়েছিল দেদিন, মুখ বন্ধ করে দেওয়া रम्बिन प्रहेषि প্রভাবশালী দৈনিক কাগজের। একটি তার শ্বেতাঙ্গদের কাগজ।

কাঠগড়ায় দাঁড়িয়ে কেনিয়াট্টা বললেন—সম্ভাসবাদ উচ্ছেদের জন্তে আমার যা করণীয় আমি তা করেছি।

—I told my people to let the Mau Mau disappear

### কেনেডি, জন. এফ

like the roots of a fig tree!

কর্তৃপক্ষ ধাঁধায় পড়লেন। কি বলতে চান কেনিয়াট্রা ? অতি সাবধানীরা হাঁদিয়ার করে দিলেন কেনিয়াট্রা বলতে চান—মাউ মাউরা আরও আত্মগোপন করে থাকুক। ভূম্রের শিকড় দেখা যায় না, কারণ তা গভীরে থাকে। কেনিয়াট্রা আরও গভীরে পালিয়ে যেতে বলেছেন টার অফুচরদের।

আজ মনে হয় ভুল বুঝেছেন বুটিশ কর্তৃপক্ষ। জোমো কেনিয়াট্টাকে কারাগারে রেথে তাদের কেনিয়ায় শান্তি স্থাপনের চেষ্টাটি দেখে মনে হয়, তারাই যেন পালিয়ে যেতে চাইছেন কেনিয়ার সমস্যা থেকে। কেননা, জোমো কেনিয়াট্টা যতক্ষণ কারাগারে কেনিয়ার শান্তি ততক্ষণ আরও দরে।

শোনা যাচ্ছে, কয়েক সপ্তাহের
মধ্যেই ছাড়া পাবেন জোমো
কেনিয়াট্রা। কিস্ত দশ বছর আগে
যে মান্ত্রটি বিদায় নিতে বাধ্য
হয়েছিলেন তিনিই কি ফিরে আসবেন
আবার ?

বয়স এতদিনে সত্তরে পৌছে গেছে বটে, কিন্তু বন্ধুরা বলেন, ফিরে আসছে যে জোমো সে আরও ধারাল বর্শা।

29. 9. 65

[১৯৬১ সনের ১৪ই আগষ্ট জোমো কোনিয়াটা মৃক্তিলাভ করেন, এবং ১৯৬৩ সনের ১১ই ভিসেম্বর মধারাত্রিতে কেনিয়া স্বাধীন রাষ্ট্র হিসেবে জন্মলাভ করে। কেনিয়াটা তার প্রথম প্রধানমন্ত্রী]।

## কেনেডি, জন. এফ

—ওহ্ নো! স্বামীর মাথাটা কোলে টেনে নিতে নিতে আর্তনাদ করে উঠেছিলেন মিসেস কেনেডি।

তবৃত্ত শতাকীর মহত্তম, নিষ্ঠুরতম ট্রাজেডিকে ঠেকান গেল না। ২২শে নভেম্বর, ১৯৬৩। সেদিন মানব ইতিহাসে আর এক শুক্রবার। আবার পর পর তিনটি গুলী। ভালাসের রাজপথে আবার সেই ঘুণ্য, লজ্জাকর, — মান্তথের আলোকাভিসারের পথে হীন অন্ধকারের কাহিনী। শিকার এবার: একালের অন্ততম শ্রেষ্ঠ মার্কিন সন্তান জন কেনেডি, ৩৫তম মার্কিন প্রেসিডেন্ট।

কজতেন্টের মত স্থক, লিন্ধনের মত শেষ। কেনেডির নাতিদীর্ঘ জীবন যেন একালের এক সেরা কাব্য। তেমনি উজ্জল, তেমনি মহৎ, তেমনি নিষ্ঠুর, তেমনি তাৎপর্যপূর্ণ।

'--- যা না করে আমি পারব না,

### কেনেডি, জন. এক

তা আমি করবই; বাধা আদবে, বিপদ আসবে, চাপ আসবে, হয়ত নিজের জীবনেও তার ফলাফল স্থথকর হবে না. কিন্তু তাহলেও মানুষের সমগ্র নীতিবোধের ভিত্তি দেখানেই'— লিথেছিলেন কেনেডি। তাঁর সমগ্র কর্মজীবন যেন এই বাক্যটি ঘিরেই। আজ তার নাতিদীর্ঘ জীবনের যে গৌরবময় উপসংহার ঘটল তাও যেন বাকাটিতে ঘোষিত জীবনের সতাকে প্রতিষ্ঠিত করেই। ৩৫তম মার্কিণ প্রেসিডেণ্ট জন ফিটজারেল্ড কেনেডি আপন আদর্শ নিয়েই ছেচল্লিশ বছর বেঁচেছিলেন, আপন আদর্শ নিয়েই তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করলেন। এ মৃত্যু একমাত্র লিম্বন বা গান্ধীন্দীর আত্মত্যাগের সঙ্গেই তুল্য।

ম্যাসাচুসেটস-এর কেনেভি পরি-বারের সস্তান জন কেনেভি বিখ্যাত জোসেফ. পি কেনেভির তনয়। কেনেভি পরিবারের আদি নিবাস ছিল আয়র্ল্যাণ্ড। ১৮৪৭ সনের আলু-ছর্ভিক্ষের দিনে তাঁর পূর্বপুরুষ পিতৃভূমি ত্যাগ করে ম্যাসাচুসেটস-এর ক্রুকলিনে নতুন করে বসতি স্থাপন করেন। ঠার্কুদা এবং দাদামশাই ছ্জ্লনেই রাজনীতিক ছিলেন। বাবা জ্যোসেফ ব্যবসায়ে বিস্তর অর্থশালী হলেও রাজনীতির নেশা ছাড়তে পারেননি। কজভেন্ট তাঁকে বটেনে মার্কিন রাষ্ট্রদ্ত করে পাঠিয়েছিলেন। জন সেই পিতারই নয়টি ছেলেমেয়ের একজন,—দ্বিতীয়। তার জন্ম তারিয়

—২৯শে মে, ১৯১৭ দন।

পরিবারের টাকার অভাব ছিল না। বাবা জোসেফ ১৭৫০ লক্ষ ডলার সঞ্চয় করেছিলেন। তাছাডা ছেলেদের সম্পর্কে তাঁর উচ্চাশা ছিল। স্থতরাং জন-এর লেখাপডার আয়োজনে কোন ক্রটি ছিল না। বোস্টনে স্কুলের পড়া শেষ হওয়া মাত্র পুত্রকে তিনি বিখ্যাত লণ্ডন স্থল অব ইকনমিদ-এ পাঠালেন। কেনেডির জীবনে এই বিত্যালয়টি, বিশেষ করে দেখানকার বিখ্যাত রাজনৈতিক তাত্তিক অধ্যাপক লাক্ষির প্রভাব অসামান্ত। গেলে আধুনিক পৃথিবীর বৈপরীত্য এখানেই প্রথম তাঁর চোথে পড়ে। ক'বছর পরে ১৯৩৫ সনে মাত্র ১৮ বছর বয়দে তিনি যথন হাভার্ড থেকে স্নাতক হয়ে হয়েছেন বলা চলে কেনেডি তথন থেকেই—'নিউফ্রণ্টিয়ার্সম্যান।

বিশ্ববিদ্যালয়ে এই কৃশকায় তরুণটি থেলার মাঠে এবং সাঁতারের পুকুরেও আপন দলের গর্ব ছিলেন। কর্মজীবনে সহপাঠীদের এই গর্বকে কেনেডি জাতীয় গৌরবে পরিণত করলেন। ১৯৪১ সনে তিনি স্বেচ্ছায় নৌ-বাহিনীতে যোগ দিলেন। ত'বছর পরে ১৯৪৩ সনে তরুণ লেফটেকাণ্ট যথন একটি পি-টি বোট-এর অধিনায়কত করেছেন তথন সোলমন দ্বীপের কাছে হঠাৎ ত্ব'টি জাপানী ডেষ্ট্রয়ার তাঁকে আক্রমণ করে। কেনেডি পিঠে গুরুতর আঘাত পান। কিন্তু তা' সত্তেও ন'দিন ধরে তিনি দশজন আহত দৈনিকের দায়িত্ব নিয়ে বেপরোয়া লডাই করে নিরাপদ এলাকায় পৌছেন। নৌ-বিভাগ জানত—তিনি নিহত হয়েছেন। বাবা জোদেক কেনেডির কাছে সেই মর্মে একটি সরকারী তারও পাঠান হয়েছিল। ফিরে আসার পর অসীম বীরতের মেদিন তাঁকে নৌ-বহুরের সম্মান পদকে সম্মানিত করা হয়।

এরপর যুদ্ধ ক্ষেত্র প্রত্যাগত দৈনিক সাংবাদিকভাকে পেশা হিসেবে গ্রহণ করেন। বিখ্যাত ভিনটি নইয়ের ('হোয়াই ইংল্যাণ্ড স্লেপট','প্রোকাইলস ইন কারেজ', 'টুেটেজি অব পিস') লেথক কেনেডি ছাত্র জীবন থেকেই কলমের বলে অসাধারণ। প্রথম বইটি ভাঁর ছাত্রাবস্থায় লেখা। প্রতিপাল্ড

বিষয়: ইংরেজের যুদ্ধ প্রস্তুতিহীনতার কারণ কী ? হার্ডার্ডে একটি থিসিস হিদেবে বইটি লিখিত হয়। সাংবাদিক কেনেডির কৰ্মজীবন স্থুক শিকাগোর 'হেরল্ড আমেরিকান' কাগজে রিপোর্টার হিসেবে.—শেষ একটি সংবাদ সরবরাহ প্রতিষ্ঠানে। '৪৬ সনে এ জীবনে ছেদ টেনে দিয়ে বাজনীতিতে নামলেন কেনেডি। কেননা পরিবারের গৌরবময় ঐতিহ্য দেদিকেই। বড ভাই জোদেফ কেনেডিও রাজনীতি করতে চেয়ে-ছিলেন। কিন্তু তিনি দ্বিতীয় মহায**দ্ধে** নিহত হন। 'ছোট ভাই সংকল্পকে নিজের জীবনে পূর্ণ করতে চাইলেন।

'৪৬ সনেই ম্যাসাচুদেটস-এর
হাউস অব রিপ্রেজেনটিভ-এ তরুণ
রাজনীতিক আসন নিলেন। তিনি
একটানা ছ'বছর সেথানে ছিলেন।
তারপর ১৯৫২ সনে সেনেটে পদপ্রার্থী
হলেন। তাঁর বিরুদ্ধে রিপাবলিকান
প্রার্থী ছিলেন হেনরী ক্যাবট লজ।
তিনিও বিখ্যাত রাজনৈতিক পরিবারের
সম্ভান। কিন্তু তব্ও তাঁকে পরাজয়
মানতে হল। এই নির্বাচন লড়তে
গিয়েই জন কেনেভি বিশেষভাবে
জাতির নজর আরুষ্ট করলেন। পরের

## কেনেডি, জন. এফ

বছর ১৯৫৩ সনে তিনি জ্যাকলিন বোঁভার সঙ্গে পরিণয় স্থতে আবদ্ধ হন। মিসেদ কেনেডি একটি কলা (ক্যারোলিন, ৬) এবং একটি পুত্র (জন, ৩) সম্ভানের জননী। ১৯৫৬ সনে তিনি ডেমক্রাটক প্রার্থী হিসেবে উপ-রাষ্ট্রপতির পদ প্ৰাৰ্থী কিন্তু দলের মনোনয়ন লাভ করতে পারেননি। সিনেটার কেফাভের-এর কাছে অল্লের জন্ম তাঁকে পরাজয় ষীকার করতে হয়। ১৯৫৮ সনে আবার তিনি সেনেটে আসেন, এবং চু'বছর পরে লস-এঞ্জেলস কনভেন-শান-এ ডেমোক্র্যাটিক দল তাঁকে প্রেসিডেণ্ট পদপ্রার্থী হিসেবে গ্রহণ করেন। সম্মেলনে তাঁর প্রতিষ্করী প্রার্থী ছিলেন লিঙ্কেন জনসন। নির্বাচনে তাঁর বিকল্পে রিপাবলিকান প্রার্থী ছিলেন তৎকালীন ভাইস-প্রেসিডেণ্ট নিকান। একে তরুণ বয়স. তত্বপরি ধর্মে ক্যাথলিক, অনেকে ভেবেছিলেন কেনেডি হয়ত প্রবল জন-প্রিয়তা সত্ত্বেও শেষ পর্যস্ত বিজয়ী না। কিন্ত হতে পারবেন এবারও অসাধ্য সাধন করলেন। ১৯৬০ সনের ৮ই নভেম্বর মার্কিণ জাতি সগর্বে রায় দিল কেনেডিই প্রেসিডেণ্ট। আমাদের ৩৫ তম

কেনেভির বয়স তখন মাত্র ৪০ বছর।
মার্কিণ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের দীর্ঘ
তালিতায় তিনি কনিষ্ঠতম। তাছাড়া
তিনিই প্রথম রোমান ক্যাথলিক
প্রেসিডেন্ট। তিনি সরকারীভাবে
হোয়াইট হাউসে কর্মভার গ্রহণ করেন
—২০শে জান্ত্রারী, ১৯৬১। কেনেডি
সেদিন তাঁর অরণীয় উদ্বোধনী ভাষণে
বলেছিলেন—আমার সংগ্রাম মানব
জাতির সাধারণ শক্র দারিদ্রা, উৎপীড়ন
এবং যুদ্ধের বিক্লেদ্ধ।

৩৫তম মার্কিণ প্রেসিডেণ্ট তরুণ রাষ্ট্রনায়ক কেনেডি শুধু অক্তম শ্রেষ্ঠ মার্কিণ রাষ্ট্রপতি নন,—একালের পৃথিবীতে তিনি আজ ঐতিহাসিক পুরুষ। টানা আট বছর আইজেন-হাওয়ার শাসনের পরে এই সাহসী প্রেসিডেণ্ট যে হোয়াইট হাউদেই পরিবর্তনের হাওয়া এনেছিলেন তাই নয়, তাঁর নাতিদীর্ঘ শাসনকাল ছনিয়ার কাছেও পরিবর্তনের যুগ। স্বদেশে তিনি যে ব্যাপক পরিবর্তনের স্টুচনা করেছিলেন তার মধ্যে বিশেষ-ভাবে উল্লেখযোগ্য তাঁর কর-হাস সংক্রান্ত প্রস্তাব; আমেরিকার অমুন্নত এলাকাগুলোতে, বিশেষত শিল্প ব্যবস্থার পরিবর্তনের কারণে যেখানে আর্থিক অস্বাচ্ছন্য দেখা দিয়েছে সেথানে

ঢালাও আর্থিক সাহায্য দান সংক্রাম্ভ ব্যবস্থা, ব্যাপক হারে গ্ৰহ-নিৰ্মাণ পরিকল্পনা, বার্ধক্যে চিকিৎসাদান ব্যবস্থা এবং দেহ-বর্ণ নির্বিশেষে সকল মার্কিণ নাগরিকের জন্যে সমানাধিকার প্রেসিডেণ্ট আদায়। শেষো ক্রটি কেনেডির রাজনৈতিক কর্মসূচীতে বুহত্তর,—মহত্তম সংকল্প। তাঁর বিখ্যাত 'সিভিল লিবারটিজ' বিল এখনও কংগ্রেসের সামনে সিদ্ধান্<u>ে</u>য়র অপেক্ষায়।

আন্তর্জাতিক ক্ষেত্রেও কেনেডি 'নিউ ফ্রন্টিয়াস' মাান'। তিনি বার্লিনে পক্ষপাতী উত্তেজনা হাস করার লাও্দ-কে তিনি নিরপেক্ষ ছিলেন। রাষ্ট্র হিসেবে বাঁচিয়ে রাথতে চেয়ে-ছিলেন। দক্ষিণ ভিয়েৎনামে তিনি দিয়েম-এর অগণতান্ত্রিক এবং বৌদ্ধ নিগ্রহের নীতির বিরুদ্ধে ছিলেন। লাতিন আমেরিকা সম্বন্ধেও তার দৃষ্টিভঙ্গী ছিল ভিন্ন ধরনের। উক্তথ্যে সম্মেলনে তিনি দক্ষিণ আমেরিকার সামাজিক এবং আর্থিক পুনর্গঠনে আমেরিকার বিশেষ দায়িতের কথা বলেন। এই অঞ্লে ব্যাপক আর্থিক এবং কারিগরী সাহায্য পরিকল্পনা তারই স্ষ্টে। প্রবল সমালোচনার মুথে প্রেসিডেণ্ট কেনেডি যেমন কিউবার হামলায় সরকারী দায়িত অস্বীকার করেননি, তেমনি কিউবা যেদিন মার্কিন যুক্তরাষ্ট্রের পক্ষে প্রত্যক্ষ পরিণত হয়--সাহসী সমপ্রায় প্রেসিডেন্ট সেদিনও কর্তব্য পালনে পিছপা হননি। তার কিউবা অবরোধ এবং তার দাবী অমুযায়ী ক্রুশ্চফ কর্তৃক কিউবা থেকে দোবিয়েত রকেট অপদারণ একালের স্মরণীয় ঘটনা। শুধু কিউবা নয়, কৈনেডির প্রেসিডেণ্ট শাসনকাল বার্লিনে যেমন (मग्रांन र्फे देश তেমনি রাশিয়ায় দেখেছে. গলতেও দেখেছে। কেনেডি-ক্রেশ্চফের মিলিত উভোগে নিপান পারমাণবিক পরীক্ষা বন্ধ (জলে, স্থলে এবং আকাশে) নিরস্ত্রীকরণের পথে এক ঐতিহাসিক প্রেসিডেণ্ট রাষ্টনায়কদের ব্যক্তিগত আলাপ-আলোচনার প্রয়ো-জনীয়তায় বিখাদী ছিলেন। ভগু পশ্চিমী রাষ্ট্রনায়কগণ নয়, তিনি ক্রশ্চফের সঙ্গেও দেখা করেছেন। হোয়াইট হাউদ এবং ক্রেমলিনের মধ্যে সরাসরি যোগাযোগ ব্যবস্থা বিখ্যাত 'হট লাইন' তাঁরই কীর্তি। তাঁর আর ত্ৰ'টি কীৰ্তি-সনেশে মহাকাশ জয় এবং বিদেশে শাস্থিসেনা, 'পীস-কোর' প্রেরণ।

#### কেনেডি. জন. এফ

আন্তর্জাতিক ক্ষেত্রে সহযোগিতায় বিশাদী ৩৫তম মার্কিণ প্রেসিডেণ্টের কাছে এশিয়া আফ্রিকার অগ্রসরমান দেশগুলোর ঋণও কম নয়। বিশেষত ভারত তাঁর আন্তরিকতা এবং উল্নের কাছে চিরকাল ঋণী থাকবে। গত বছর অক্টোবরে চীনা আক্রমণের পরক্ষণে বিনাদর্ভে যিনি অরিৎগতিতে সামরিক সাহায্য নিয়ে ভারতের পাশে এসে দাডিয়েছিলেন তিনি প্রেসিডেণ্ট কেনেডি। তিনিই সেদিন তার বিশেষ দৃত হিদেবে হারিম্যানকে এদেশে পাঠিয়েছিলেন। পরবর্তী মার্কিণ সাহায্যের প্রতিশ্রুতির<sup>ু</sup> পেছনেও তিনিই ছিলেন অন্যতম প্রেরণা। তাঁর একাধিক বক্তৃতায় প্রেসিডেন্ট বার বার প্রমাণ করেছেন তিনি— ভারত-বান্ধব। ভারতের পরিকল্পনায় অকাতর আর্থিক সাহায্য-দানের জন্মে তাঁর আকুতি থেকে স্থক করে ভারতে রাষ্ট্রদৃত নিয়োগ, সর্বত্র তাঁর ব্যক্তিগত উত্তম আজ প্রায় প্রবাদে পরিণত। ১৯৬১ সনের নভেম্বরে প্রধানমন্ত্রী নেহরুকে ওয়া শিংটনে সম্বর্ধনা জানাতে গিয়ে তিনি বলে-চিলেন-মার্কিণ দেশ আজ আদর্শের প্রতিভূ, আপনি আপনার দেশ ভারত সেই আদর্শের জীবন্ত ইতিহাদ: আমি আপনাকে শ্রদাবণতচিত্তে গ্রহণ করি। পরের বছর ১৯৬২ সনের মার্চ মাসে প্রেসিডেণ্টের শুভেচ্ছার দৃত হয়ে ভারতে এসে-ছিলেন—ফাষ্ট'লেডি মিসেদ কেনেডি। তারপর এ বছর জুন মাদে ভারতের রাষ্ট্রপতি ডঃ রাধাক্ষ্ণনের মার্কিণ দেশ সফর। ছুই দেশের বন্ধুত্ব প্রতিদিন বেড়েই চলেছিল। আশা ছিল, প্রেসি-ডেন্ট কেনেডির ভারত আগমনে সেই বন্ধুত্ব পূর্ণতা লাভ করবে। প্রেসিডেন্ট গেল জনে ভারতের আমন্ত্রণ গ্রহণও করেছিলেন। কিন্তু আমাদের হুর্ভাগ্য, সে আশা পূর্ণ হল না। তার আগেই ভারত-বন্ধ বিদায় নিলেন। পড়ভে ডঃ রাধারুফনকে সম্বর্ধনা জানাতে গিয়ে কেনেডি বলেছিলেন---আমরা হয়ত সব সময় ঘটনাকে নিয়ন্ত্রণ করতে পারি না নিজেদের আদর্শকে নিশ্চয়ই রক্ষা করতে পারি।

৩৫তম মার্কিণ প্রেসিডেণ্ট জন ফিটজেরল্ড কেনেভির ছেচল্লিশ বছরের জীবন তারই মহৎ কাহিনী।

२८. ১১. ७७

## কেনেডি, জ্যাকলিন

## কেনেডি, জ্যাকলিন

'This year, for the first time since our predecessor selected Brenda Frazier as the Queen of Glamour, we are ready to name the No. 1 Deb of the year...Queen Deb of the year is Jacqueline Bouvier...'

ষে মেয়েটিকে নিয়ে আমেরিকার ফ্যাদান-সমালোচকেরা দেদিন এমন দরগরম নিউ-পোর্টের কামরেক ক্লাবে, দেই নবাগতা অষ্টাদশী আজ হ'টি দত্তানের জননী। তার বয়্ন এখন ববিশ এবং তিনি মার্কিণ প্রেসিডেন্টের গৃহিণী। 'ফাস্ট' লেডি' জ্যাকলিন তব্ও যেন চলনে বলনে, ভাবে ভঙ্গীতে ফ্যানানের বানী।

ত্'বছর আগে জেনারেল ছ গল
এগেছিলেন একবার হোয়াইট হাউদে।
যাওয়ার সময় জাঁদরেল জেনারেলের
ম্থে শোনা গিয়েছিল ফরাসীস্থলভ
রিসকতা: আমেরিকা থেকে কোন
বস্তু আজ আমি নিজের দেশে নিয়ে
যেতে পারলে যদি সত্যিই সুখী হতাম
পে একমাত্র—জাাকলিন।

পরের বছর জুলাইয়ে 'জ্যাকি'

প্যারিদে আদছেন শুনে ফরাসী দেশ

যা করেছিল স্বয়ং জেসোফিনও নিশ্চয়
কোনদিন তা আশা করেননি। বাধ্য

হয়েই মার্কিন প্রেসিডেন্টকে সেদিন
নিজের পরিচয় দিতে হয়েছিল—'আই
এম দি ম্যান হু একম্পেনিড জ্যাকলিন
কেনেডি টু প্যারিদ!' অর্থাৎ,
'জ্যাকলিন কেনেডির সঙ্গে যে ভত্তলোকটি প্যারিদে এদেছেন আমিই
তিনি!' ফ্যাসানের রানী বহুকালের
রানী-হীন দেশে সেদিন যেন
মহারাণী, সম্রাজ্ঞী।

সমাজী ভূমিষ্ঠ হওয়ার পরক্ষণ থেকেই। কেননা, লং-আয়ল্যাভের যে সমাজে যে ঘরে ওঁর জন্ম সেখানে মানবশিশু অতথা জন্মগ্রহণ করে না। প্রচুর অর্থ। অভিজাত 'ফরাসী' বংশ।

কমদে কম 'জ্যাকি'র চলিশ জন
পূর্বপুরুষ আটলান্টিক পার হয়ে এপারে
এদে লড়াই করে গিয়েছেন আমেরিকার
স্বাধীনতার জন্তে। একে একে স্বাই
তারা ফিরেও গিয়েছেন নিজেদের
দেশে। কিন্তু একজন ফেরেন নি।
সেই ঘর ছাড়া জনৈক মাইকেল
ব্যুভেয়ারের বংশের মেয়ে। ঠাকুদা
ছিলেন মস্তু রিপাবলিকান। বাবা—
ততেধিক মস্তু দকৈ ব্যোকার।

### কেনেডি, জ্যাকলিন

স্থতরাং, ছ'বছর বয়সেও নিজস্ব ঘোড়া পেয়েছিলেন জ্যাকি, বারো বছর বয়সে—নিজস্ব আস্তাবল। ই্যা, জ্যান্ত ঘোড়ার আস্তাবল! তা ছাড়া, জলে প্রমোদতরী, ডাঙ্গায় টেনিস।

বয়স যথন তাঁর আঠার মিদ পোর্টারের স্থলের ছাত্রী, 'লেডিজ ভিলেজ ইমপ্রভমেণ্ট দোসাইটির' বাৎসরিক ফ্যাসান শো'র অগ্যতম ধাত্রী এবং ভাসার কলেজের বড় পড়্যা জ্যাকি তথন ক্লাবে ক্লাবে স্থপরিচিত 'চিনেমাটির রূপসী।' সমালোচকেরা বলেন—'মেয়েটিক্ল্যাসি-কেল গডনসম্পন্না।'

কিন্তু এত স্থতির পরেও 'ফ্যাদান-রানী'র মৃথে হাদি নেই। প্রথম কারণ, নিঃদন্দেহে পারিবারিক তথা বাবা মা'র বিচ্ছেদ। কিন্তু দিতীয় কারণ ? ক্লাবের কেউ এই আপাত শান্তশিষ্ট মেয়েটির ভেতরের থবর নিতে পারলে নিশ্চয় একটি থবরই পেতেন দেদিন। জানতে পারতেন—এ মেয়েটি ক্লাবে আদে যায় বটে, কিন্তু ক্লাবের জীবনকে ঘরে তুলতে তার বিন্মাত্র ইচ্ছে নেই!

তা ছিল না বলেই, প্রথম ্পরিচয়েই প্রস্তাব উঠল। সে ১৯৫১ সনের কথা। সর্বন-ফেরত 'জ্যাকি' তথন জর্জ ওয়াশিংটন কলেজের একজন গ্রাজুয়েট। তিনি 'ওয়াশিংটন টাইমদ, এবং 'হেরল্ডে'র হয়ে ছবি তোলেন, রিপোর্ট লেখেন। তিনি-রিপোর্টার ৷ কেনেডি গ আর ম্যাসাচ্দেট্স থেকে তিনি সেনেটে বিখ্যাত ডেমোক্র্যাট প্রার্থী। সেই উপলক্ষেই পলিটিসিয়ান আর তরুণী রিপোর্টারের প্রথম সাক্ষাৎকার! তারপর অনেক রেস্তোর্গ, অনেক উপহার (বই), অনেক সিনেমা, এবং একটিমাত্র পোস্টকার্ড শেষে অবশেষে '৫৩ দনের সেপ্টেম্বরে চার্চ ! চার্চেই সেই বিখ্যাত তুই ছত্তের পোস্টকার্ডখানা द्रिश्याक्रिलन—क्यांकि। व्यविक्रिलन — তু'বছরে জ্যাকের একমাত্র চিঠি!

তারপর আরও কয়েকট। বছর কেটে গেছে। হোয়াইট হাউদের গৃহিণী এখন দেশে দেশান্তরে রূপকথার রানী। যেথানে তিনি সেথানেই হাসি। আশা ছিল এবার আমরার সে হাসিতে যোগ দিতে পারব কেননা, উপযুপরি খবর ছিল শ্রীমতী কেনেডি ভারতে আসছেন এবং এ মাসেই। কিন্তু 'পুনক্ট' হিসেবে এবার শোনা গেল তিনি অচিরে আসছেন না। মার্চ তক ষাত্রা স্থগিত।—কেন? কারণ স্বরূপ বলা হয়েছে

# কৈরালা, বিখেশরপ্রসাদ

ধন্তরের অস্থ। লোকেরা বলছে— গ্যা, সে জ্বকেই বলে 'পলিটিক্যাল ফিভার'। আদল কারণ নির্যাৎ— গোয়া!

তর্ব অনাবশুক। অবাস্তরও।
তব্ব নেহাৎ হাসিটা মার গেল বলেই
সেই বাক্যটি শোনাচ্ছি 'জ্যাক'
প্রেসিডেন্ট হওয়ার দিনে হাসতে
হাসতে, কাঁদতে কাঁদতে জ্যাকি
জগতকে যা শুনিয়েছিলেন। মার্কিণ
প্রেসিডেন্টের পত্নী সেদিন বলেছিলেন
'—মাই ফিল এজ দো আই হাড
জান্ট টার্নড ইনটু এ পিস অব
পাবলিক প্রপার্টি।'

'জ্যাকি'র প্রতি আমাদের আন্তরিক দহামুভৃতি।

8. ১. ৬২

## কৈরালা, বিশ্বেশ্বরপ্রসাদ

বিচিত্র দেশ নেপাল। শাসনভারিকপ্রধান সেথানে রাজা। কিন্তু
এট সেদিন ('৫১) অবধিও হিমালয়ের
কোলে ঐ ছোট্ট দেশটিকে (৫৪ হাজার
বর্গমাইল) যিনি শাসন করতেন তিনি
রাজা নন,—রাণা;—রাজ্যের বংশায়ুক্রমিক প্রধান মন্ত্রী। রাজা ত্রিত্বন
নিজে বিজ্ঞোহ করে প্রথমবারের মত
নেপালকে আধুনিক যুগের আহ্বান

ন্তনিয়েছিলেন। সে নাটকীয় কাহিনী আজ ইতিহাস।

নেপাল আজ আধুনিক দেশ। ত্রিভুবন সেদিন স্বদেশ ছেড়েছিলেন ভারতীয় বিমানে। নেপালের প্রধান-মন্ত্রী কৈরালা ভারতে এলেন তাঁর নিজের দেশের বিমানে। ভারতের সঙ্গে যোগাযোগকারী আশী মাইল দীর্ঘ পথটি আজ সম্পূর্ণ। উপত্যকা পরিকল্পনার কাজ স্থক হচ্ছে. গ্রামে গ্রামে স্থল বসছে। নেপাল এখন আধুনিকভার পথে। ক'বছর আগেও ইনকামট্যাক্স সম্পর্কে কোন কথা জানতেন না ওখানকার অর্থবান ভূষামীরা। নির্বাচন, আইন, আইনের শাসন-ইত্যাদিও ছিল তাদের কাছে অজ্ঞাত জিনিস। আজ নেপালে তার সবই আছে। নিজেদের ব্যাহ্ব, নিজেদের মূলা, করনীতি…। সবচেয়ে বড জিনিস গণতান্ত্রিক শাসন।

নেপালের লোকসংখ্যা মোটে এক কোটি। কিন্তু উনত্রিশটি রাজনৈতিক দল দেখানে। দল আর দলাদলিতে ক'বছর অনিবার্যভাবেই অন্থির শাসন চলল দেখানে। অবশেষে এল '৫৯ সনের ফ্রেব্রুয়ারীতে বহু অভিপ্রেত নির্বাচন। এবং দেই সঙ্গে রাজনৈতিক স্থিতিও।

## কোজলফ, ফ্রল রোমানিভিচ

নেপালের এই রাজনৈতিক ভাগ্য
পরিবর্তনে ভারতের প্রভাব কতথানি
সে হয়ত গবেষণার বিষয়, কিন্তু তরুণ
নেপাল যে ভারতের হাতে গড়া তার
উদাহরণ আজকের নেপালের প্রধানমন্ত্রী স্বয়ং। কে. আই সিংয়ের যেমন
অনেক আত্মীয়বর্ এখনও পাটনায়
রয়েছেন, কৈরালা ভাত্বয়ের বন্ধুরাও
তেমনি ছড়িয়ে আছেন গোটা উত্তর
এবং পূর্ব ভারতে। বিশেষ করে,
প্রধানমন্ত্রী বিশেষর প্রসাদের সঙ্গে
একসঙ্গে বিশ্ববিভালয়ে ক্লাস করেছেন,
কলেজ স্থাটে চা থেয়েছেন এমন মামুষ
কলকাতায় অনেক।

ছাত্রজীবনে কৈরালা ছিলেন ভারতের তৎকালীন তরুণদের মতই জাতীয়তাবাদী। তবে তাঁর মনের মিল বেশী পেতেন তিনি সোম্মালিন্ট-দের আন্ডায়। '৪২ সালে কংগ্রেম এবং সোম্মালিন্টদের সঙ্গে একযোগে 'ভারত ছাড়' আন্দোলন করেছেন মাতৃকাপ্রসাদ এবং তাঁর ছোটভাই বিশেশরপ্রসাদ। ছই ভাই এক সঙ্গে প্রপ্র দেখেছেন কবে ভারত স্বাধীন হবে; কবে নেপাল মুক্ত হবে।

ত্রিভ্বন ভারতে আশ্রয়প্রার্থী হয়েছিলেন সেই মৃক্তির দৃত হয়ে। হুদেশ থেকে নির্বাসিত মাতৃকাপ্রসাদ কৈরালা অতঃপর নিযুক্ত হয়েছিলেন রাজ্যের প্রধানমন্ত্রী। এবার ছোটভাই বিশ্বেশ্বরপ্রসাদ হলেন নেপালের প্রথম নির্বাচিত প্রধানমন্ত্রী।

তরুণ বিশেশরপ্রসাদের সংক্ষ প্রতিবেশী ভারতের যেমন অনেকদিনের আত্মীয়তা—প্রবীণ হিমালক ছহিতা নেপালের সঙ্গেও তেমনি। নতুন যুগের পটভূমিকায় কৈরালা যদি এই বন্ধনকে আরও দৃঢ়তর করে তুলতে পারেনতবে দে-ই হবে ইতিহাসের নিয়ম পালন। [দ্রষ্টব্য: মহেক্স, রাজা] ২৩.১.৬০

#### কোজলফ, ফ্রল রোমানিভিচ

বছর কয় আগে হারিম্যানকে
নাকি কুশ্চক নিজেই বলেছিলেন
কথাটা। আলাপ করিয়ে দিয়ে কানে
কানে বলেছিলেন—আমার উত্তরাধিকারী। ক'মাস পরে, ১৯৫৯ সনের
জুনে নিউইয়র্কে চেপে ধরেছিলেন
সাংবাদিকেরা,—ভবিশ্বতে আপনিই
নাকি কুশ্চফের আসনে বসছেন ?

—দে কি কথা! চমকে উঠেছিলেন ক্রেমলিনের দ্বিতীয় পুরুষ।

কমরেড ক্রুশ্চফকে আমি ভাল
করেই জানি। তাঁর চমৎকার শরীর,—
তিনি অনেক, অনেক দিন বাঁচবেন।

বাঁচবেন হয়ত। বুলগানিন-ভরো-

### কোজলফ, ফ্রল রোমানিভিচ

শিলফ, জুকফ-ম্যালেনকফ অনেকেরই তবিয়ত অস্তত এখনও বহাল। কেননা. সাম্যবাদ সাবালক হয়েছে, ওদেশে গোরে পাঠাবার রীতিও ক্রমশ বদলাচ্ছে। কিন্তু যাকে বলে রাজনৈতিক মরণ? শোনা যাচ্ছে সেই অবসান আজ कुम्हकरक धीरत धीरत घिरत रक्तिहर, ক্রেমলিনে আবার কানাকানি স্থক হয়েছে। পূর্বাভাস-নায়কের আয়ু আর বেশী অবশিষ্ট নেই। এবং এবার তাঁকে যিনি গদীচ্যত করতে চলেছেন তিনি 'কবর' থেকে উঠে আসা জঙ্গী জুকফ নন,—কটুর সংহিতাকার স্থ্যলফও নন,—তিনি সেই প্রিয় স্থা একদা ক্রুশ্চফ নিজেই যাঁকে গোকুল থেকে মথুরায় ডেকে এনেছিলেন।

নাম—কোজলফ। পুরো নাম—
ফল রোমানিভিচ কোজলফ। বয়দ
—পঞ্চায়। উচ্চতা—পাঁচ ফুট আট
ইঞ্চি। ওজন—১৭৬ পাউগু। ক্রেমলিনে স্বচেয়ে স্থদর্শন পুরুষ।
পোশাকে-আশাকেও স্বচেয়ে ফিটফাট, চালচলনে স্বচেয়ে কেতাছরস্ত।
ভাল জামাকাপড় ভালবাদেন। সোনা
দিয়ে দাঁত বাঁধিয়েছেন। 'টাই'-এ
জডোয়া পিন পরেন। শক্ত কথাও
হাসি মাথিয়ে বলতে পারেন। দেথে
একজন মার্কিন সেনেটর বলেছিলেন—

এ কাইও অব বুর্জোয়া বলশেভিক!
সানফ্রান্সিদকোর এক কারবারী
বলেছিলেন—চমৎকার সেলসম্যান।
—আহা, ভদ্রলোক যদি আমার
ফার্মে কাজ করতেন।

কথাটা অসত্য নয়। কোজলফ কাজের মাহুষ। কিন্তু এ খবরটা আবিষ্ণৃত হয়েছে মাত্র সেদিন,--১৯৫৭ সনের জুন মাসে। তার আগে কোজলফ রাশিয়ার বাইরে ত বটেই স্বদেশেও খুব স্থপরিচিত মাহুষ নন। জন—মস্বো থেকে দেড়শ' মাইল দুরে এক গাঁয়ে। বাবা চাষী ছিলেন। ন'টি ভাই বোনের মধ্যে পাচটি মারা গেছে অকালে—না থেতে পেয়ে। চুটি युष्त । সবেধন নীলমণি এই ছেলেটি বেঁচে ছিল ( আর বেঁচে আছেন এক বোন )-কারণ পনের বছর বয়সে সে কারথানায় ঢুকেছিল। সেইথানেই পার্টিতন্ত্রে দীক্ষা এবং লেখাপড়া.— শিক্ষা। পার্টি থেকেই ওঁরা ওঁকে লেনিনগ্রাদ পাঠিয়েছিলেন ইঞ্জিনীয়ারিং পড়েছেনও। কোজলফ পড়তে। যন্ত্রবিজ্ঞানের একজন সম্পূর্ণ ইঞ্জি-নীয়ার। যুদ্ধের সময় ইস্পাত কার-থানায় কাজ করতেন। পার্টিতে তথন খ্যাতি তাঁর প্রধানত লেনিনগ্রাদের কর্মী হিদেবেই। সেখানে

### কোজনফ, ফ্রল রোমানিভিচ

হয়েছেন তিনি কুখ্যাত 'লেনিনগ্রাদ-কেন'-এর ('৪৮-'৪৯) পরে,—ঝানফ-এর বিচার শেষে। '৫৩ সনের মার্চে স্তালিন মারা গেলেন। সেপ্টেম্বরে ক্র-চফ পার্টিতে গদীয়ান হলেন. নভেম্বরে কোজলফ মনোনীত হলেন— লেনিনগ্রাদ-প্রধান। কোজলফ দেই থেকেই ক্রুশ্চফের অন্তরঙ্গ সহচর। এ বন্ধত্বারও ঘন হল—'৫৭ সনের 'অ্যান্টি পার্টি ষড়যন্ত্র' দিনে। ক্রু\*চফের সমর্থনে কোজলফই ছিলেন সেদিন অক্তম বল। বিরোধীদের নাম দিয়ে-ছিলেন তিনি--'টালমুডিস্ট'---গোড়ার দল। লোকে বলে এ সমর্থনের পেছনে ছু'টি কারণ ছিল। প্রথম কারণ,— স্তালিনের আমলে নিজেও কিছুদিন বন্দীশিবিরে কাটিয়েছিলেন তরুণ বলশেভিক কোজলফ। দ্বিতীয় কারণ —কারখানা থেকে ইঞ্জিনীয়ারকে অনেকদিন থামারে দ্বীপান্তরী করে রেখেছিলেন ম্যালেনকফ। তাঁকে উদ্ধার করেছেন। তিনি তাঁকে শুধু থামার থেকে প্রেসিডিয়ামেই তুলে আনেননি, দেশের ফার্ন্ট ভেপুট প্রিমিয়ারের ক্ষমতা দিয়েছেন। এ পদে ত্ব'জন আছেন। একজন মিকোয়ান, আর একজন কোজলফ। সরকারী কাগজপত্রে দ্বিতীয়জনই প্রথম। ক্ষমতায়ও। হালে যত কিছু গুরুত্বপূর্ণ নিয়োগ-বদলী আদল-বদল— সবই করছেন নাকি কোজলফ।

চিরকালের দরবারী নিয়ম। অব-শেষে প্রভুর পালা। ক্রেমলিনের নিয়োগ-বদলীর কর্তা নাকি এবার নিজেই প্রভু হতে চলেছেন। খবরটা হয়ত সত্য, হয়ত অসত্য। কিন্তু অভা-বিত নয়। কেননা, সেদিন অবধি অজ্ঞাত থাকলেও কোজলফ আজ আর স্বদেশে অথ্যাত মাতৃষ নন। রাজো রাজ্যে পার্টিতে পার্টিতে তার আজ বহু অমুচর। তাঁরা ক্রুশ্চফের সব কিছুর বিরুদ্ধে নন। বিশেষ করে চীন প্রদঙ্গে নাকি তারা স্বাই দলপতির সঙ্গে একমত। কিন্তু দেশের ভেতরে বরফ গালাবার কাজে নয়। কোজলফ সেক্ষেত্রে গোঁড়াদের মুখপাত্র। ক্র**\***চফের চেয়ে তিনি দজ্জাল সংস্কৃতি-মন্ত্ৰী মাদাম ফুং সৈবার অধিকতর ভক্ত।

বিতর্কটা প্রকাশ্য হয়েছিল মাস কয় আগে। হাতে একটা পাণ্ডুলিপি নিয়ে ক্রুশ্চফ ঘোষণা করলেন—কম-রেডস, এটি আলেকজান্দার সোল-জেনিৎসিন-এর লেখা সেই বইটি। আমি এটি ছাপতে দিতে চাই।

বইটির কথা সবাই শুনেছেন। নাম—'ওয়ান ডে ইন দি লাইফ অব আইভান দেনিসোভিচ'। বিষয়:
ন্তালিন আমলের বন্দীজীবন। প্রেদিডিয়ামের সবাই মৃথ চাওয়াচাওয়ি স্থক
করলেন। কোজলফ উঠে দাঁড়ালেন—
এতটা কি ঠিক হবে? রেগে আগুন
হয়ে উঠলেন ক্রুন্চফ,—-বর্ধুগণ,
স্তালিনের কথা উঠলেই আমরা এমন
মিইয়ে যাই, কারণ, আমাদের সকলের
মধ্যেই এখনও কিছু না কিছু স্তালিনের
ভগ্নাংশ রয়ে গেছে।—কমরেডস,
আমার কাছে এই পাণ্ডুলিপিটির
কুড়িটি কপি আছে, আপনারা পড়ে
দেখুন।

ওঁরা পড়েছিলেন। এবং পড়া শেষে ক্রশ্চফকে সমর্থনও করেছিলেন। কিন্তু কোজলফ খুশী হতে পারেন নি। বিশেষ করে প্রায় সঙ্গে সঙ্গে 'কিউবা' এল, এবং সেই ছন্চিস্তাক্ষণেই এই বইটি উপলক্ষ্য করে রাশিয়ার শিল্পী-দাহিত্যিক মহলে দেখা দিল—'নব-জীবনের জোয়ার।' স্থতরাং, প্রভুকে শিক্ষা দিতে মনস্ত করলেন তাঁর প্রিয় অমুচর। তিনি একটি চিত্র প্রদর্শনীর আয়োজন করলেন। এবং ক্রেশ্চফকে আমন্ত্রণ করলেন দেখানে পদ্ধলি দিতে। ফলাফল আজ সর্বজনবিদিত। কুশ্চফ একটি ছবির দিকে তাকিয়ে বলেছিলেন—যেন গাধার লেজে আঁকা! পাশে দাঁড়িয়ে তথন মনে মনে হাসছিলেন কোজলফ।

আপাতত এভাবেই লড়াই চলছে।
বলা ষায়না অদ্র ভবিশ্বতে এ লড়াই
কি চেহারা নেবে। কেননা, পর্যবেক্ষকেরা বলেন শুধু ক্রুক্ষফের মত
উদর নয়, ওঁর পেটে উচ্চাকাঙ্খাও
আছে। অবশ্য, শরীরটা যদি শেষ
পর্যন্ত ভাল থাকে। উল্লেখ্যাগ্য '৬১
সনে একবার 'স্ট্রোক' হয়ে গেছে
ওঁর। ২৫. ৪. ৬৩

## কোঠারি, ডঃ দৌলভ সিং

পডেছেন অনেক জায়গায়।

জন্মস্থান উদয়পুরে, ইন্দোরে, এলাহাবাদে। এমন কি কেম্ব্রিজে পর্যন্ত। কিন্তু তবুও নিজে বললেন— 'আমি ডঃ মেঘনাদ সাহার ছাত্র।'

কেননা, দৌলত সিং কোঠারির খ্যাতি যা সে পদার্থবিজ্ঞানী হিসাবেই। এবং বিজ্ঞানের এই বিশেষ শাখায় তাঁর আকর্ষণের কারণ যিনি তিনি এলাহা-বাদের তৎকালীন ফিজিক্স টীচার,— ভঃ মেঘনাদ সাহা।

মাত্র বাইশ বছর বয়স তথন।
এলাহাবাদের ক্নতী ছাত্র দৌলত সিং
পাশ করে বের হতে না হতেই বিশ্ববিদ্যালয় কাক্স দিয়ে দিল তাঁকে।

## কোসিগিন, আলেফি

কেননা, এই ছেলেটিকে হাতছাড়া করা ঠিক নয়!

'৩৪ সনে এলাহাবাদ থেকে দিল্লি চলে এলেন কোঠারি। তারপর 's৮ সনে এলেন দেশরকা দপ্তরে। অবশ্য পূর্বপদ না ছেড়েই। দিল্লি বিশ্ব-বিতালয়ের পদার্থবিতার অধ্যাপক ড: কোঠারি তথন আন্তর্জাতিক থ্যাতিসম্পন্ন বৈজ্ঞানিক। পদার্থ-বিজ্ঞানে তিনি কেম্বিজ থেকে 'ডক্টরেট' পেয়েছেন এবং নানা দেশে স্থির প্রতিষ্ঠা। কারণ, কোঠারিই প্রথম বৈজ্ঞানিক যিনি প্রমাণ করেছেন—'অণু'কে কেবলমাত্র চাপ সাহায্যেও ভাঙা সম্ব ! এ তত্ত্ব ছাডাও সংশ্লিষ্ট নানা বিষয়ে তার অনেক উল্লেখযোগ্য দান। স্থতরাং, দেশ স্বাধীন হওয়ামাত্র কোঠারি নিযুক্ত হলেন ভারত সরকারের অন্যতম বৈজ্ঞানিক উপদেষ্টা। প্রসঙ্গত উল্লেখ-যোগ্য, ভারত সরকার প্রকাশিত 'নিউক্লিয়ার এক্সপ্লোসান' নামক বিশ্ব-খ্যাত বইটির তিনিই লেখক।

এবার ভারতের দেই বিশিষ্ট বৈজ্ঞানিক নিযুক্ত হলেন 'ইউনি-ভারসিটি গ্রাণ্ট কমিশনের' সভাপতি। এ সংবাদ শিক্ষা সংশ্লিষ্ট সকলের পক্ষেই আনন্দের। বিশেষত ডঃ কোঠারিই এই আসনটিতে প্রথম ব্যক্তি ধিনি
সরাসরি বিশ্ববিভালয়ের লোক।
দ্বিতীয়ত, আরও উল্লেখযোগ্য, এবারও
ন্তন দায়ির গ্রহণ করছেন তিনি
পুরানোটি বহাল রেখেই। স্থতরাং
আপাতত অস্তত আমাদের সেই
নিরলস গবেষকটিকে হারাবার
সন্তাবনা নেই। 

১.৩.৬১

ি ১৯৬৪ সনের ১৬ই জুলাই তারিথে ভারত সরকার একটি জাতীর শিক্ষা কমিশন গঠন করেন। ডঃ কোঠারি সেই কমিশনের চেয়ার-ম্যান নিযুক্ত হয়েছেন। কমিশনে মোট সদস্ম আছেন ১৫ জন। সরকার সমীপে তাঁদের বক্তব্য পেশ করার শেষ তারিথ নির্দিষ্ট হয়েছে ১৯৬৬ সনের ৩১ শে মার্চ।

#### কোসিগিন, আলেন্ধি

হেডলাইনটা এখনও স্পষ্ট মনে
আছে। ছাপা হয়েছিল রাশিয়ার
উল্ভোগে প্রকাশিত একটি বাংলা
সাময়িকীতে। সম্ভবত বুল্গানিনকুশ্চভের ভারত সফরের সময়ে।
ওঁবা সেদিন লিখেছিলেন—এই হই
মহান দেশের 'বরুত্ব গড়িয়া ক্রমে
ক্রমে বাডিয়া উঠিতেছে…'

যদিচ পোষাক পরিবর্তনের ফলে

# কোসিগিন, আলেক্ষ

কিঞ্চিৎ কিস্কৃত, তবুও এই 'ক্রমে ক্রমে' কথাটা সেদিন বড্ড ভাল লেগে-ছিল। বন্ধুড়েও 'ক্রমশ' আছে বৈ কি।

এবার তা নিশ্চয় সম্পূর্ণ হল।
অস্তত পক্ষে, নিশ্চয় আরও বাড়ল।
কেননা, এবার আরও একটা গাঁট
পডল। যিনি পরালেন তার নাম—
আলেক্সি নিকোলায়েভিচ কোসিগিন।
সংক্ষেপে—কমরেড কোসিগিন।

বলা যেতে পারে জাত কমিউনিষ্ট।
কারণ, তাঁর জন্মের বছরই রাশিয়ায়
প্রথম বিপ্লব। অবশ্য মহাবিপ্লবেরও
সেটা শৈশব মাত্র। অবশেষে '১৭
সনের নভেম্বরে যথন শুরু হল সেই
তুম্ল ঝড়—কোসিসিন তথনও
কিশোর। তাঁর বয়স তথন মাত্র বার।

বার যথন বাইশে পৌছাল তথন কোসিগিন পাকাপোক্ত পার্টিম্যান। তবে সরকারী থাতায় এথনও নাম ওঠেনি তাঁর। সে যথন উঠল তথন যুদ্ধ শেষ হয়ে গেছে।

১৯৪৩ সন। রাশিয়ান সোবিয়েত
কেডারেল রিপাবলিক তথা পনেরটি
রিপাবলিকের বৃহত্তমটির অন্ততম বিশিষ্ট
ডেপুটি কমিশনার কোসিগিন নির্বাচিত
হলেন তাঁর নিজ রাজ্যের ভাইসচেয়ারমাান।

তারপর থেকে কেন্দ্রে এবং ক্রমাগত উপরের দিকে। সোবিয়েত দেশের উপ-প্রধানমন্ত্রীদের বৰ্তমান পহেলা নম্বর, কমরেড কোসিগিন ইতিমধ্যে যে সব পদ অলম্বত করেছেন তার মধ্যে উল্লেখযোগা: বস্ত্র-শিল্পের কমিশার, সোবিয়েত অর্থনৈতিক পরিষদের ভোগাপণা বিভাগের চেয়ারম্যান, এবং কেন্দ্রীয় মন্ত্রি-পরিষদে ডেপুটি মন্ত্রিত। কোসিগিন ১৯৪৬ সন থেকে মন্ত্রিপবিষদের একজন চেয়ারম্যান বা ভেপুটি প্রধানমন্ত্রী। '৫৩ সনের ডিসেম্বর অবধি তাঁর দপ্তর ছিল --খাত এবং লঘুশিল্প। তারপর থেকে তিনি আরও গুরুতর মান্তব। কোসিগিন এখন সোবিয়েত দেশের প্রথম উপ-প্রধানমন্ত্রী। ততুপরি, তিনি পলিটব্যুরোর একজন বিশিষ্ট अक्ष्या ।

ক্রশ নায়ক সন্ত্রীক কলকাত। ঘুরে
গেলেন। এবার ওঁর। সঙ্গে এনেছিলেন
নতুন ছয় দফা চুক্তি, আরও ধাট
কোটি টাকা! আর এনেছিলেন—
অপরিমিত হাসি, ভাঙ্গা ভাঙ্গা
হিন্দীতে—'হিন্দী-ক্রশী ভাই ভাই!'
দে ভাষা শুনলে মনে হয়, এ বন্ধুর
সত্যিই বোধ হয় কোনদিন ভাঙবার
নয়।
২. ৩. ৬১

# कुशाननी, व्याठार्य (क. वि.

'আই চার্জ হিম উইদ্ ওয়েঞ্চিং দি মানি অব এ পুওর ফার্ভিং নেশন, আই চার্জ হিম উইদ্ দি নেগলেক্ট অব দি ভিফেন্স অব দি কানট্রি…, আই চার্জ হিম উইদ্ হাভিং লেন্ট হিজ সাপোট টুটোটালিটেরিয়ান রেজিম্স্ এগেনস্ট দি উইল অব দি পিপল, আই চার্জ হিম…!'

লক্ষ মান্তবের ম্থের সামনে তর্জনী তুলে যে দীর্ঘকায় মান্তয়টি কথাগুলো বলেছিলেন তিনি কোন 'বাক' নন। কিন্ত বার্ক-শেরিডনের অশরীরী আত্মা যেন সেদিন তাঁর কঠে, ক্লশ দেহে, কালো কালো গভীর হুটি চোথে। কিন্তু তব্ও তদানীস্তন হেক্টিংসকে রোথা যায়নি। কেননা, চৌপট্টির অদ্রেই ছিল গোয়া। এবার বোধ হয় প্রমাণ হয়ে গেল একটি রোহিলা যুদ্ধই সব নয়। বিশেষ, অভিযোগগুলো যদি সত্য হয়, এবং অভিযোগকারী যদি বার্ক হন;—কিংবা আচার্য ক্লপালনী।

ভাল বক্তা। বার্ক না হলেও
পার্লামেন্টে স্বীকৃত ব্যাদ্ধ, ধারে এবং
ভারে দোসর পাওয়া ভার। ভাল
কলম। একগাদা সারবান বইয়ের
লেথক,—তার প্রত্যেকটি যে কোন

গান্ধীবাদী বা গণতন্ত্রীর অবশ্য পাঠা।
তার চেয়েও বড় কথা—ব্যক্তিত্ব।
পঁচাত্তর গ্রীমের দহন পোহান এই
জ্ঞানবান মাহ্যটি নিষ্ঠায় এবং স্পইতার
অদ্বিতীয়। আপস কাকে বলে আচার্য
কুপালনী অস্তুত তা জানেন না।

বাঘের পিঠে চড়েছেন বলতে গেলে কণ বিপ্লবের আগে। রাশিয়ায় যথন বিপ্লব হচ্ছে কপালনী তথন চম্পারণে সভ্যাগ্রহ করছেন। ওঁদের লড়াই যথন অর্কশতক পূর্ণ করতে চলেছে কপালনী তথনও লড়িয়ে,—তার এথনও বিরাম নেই।

প্রথাত ছাত্র। তুটো বিষয়ে—এম.

বৈ। ইতিহাস এবং ইকনমিকস-এ।
কাজ করতেন কলকাতা বিশ্ববিভালয়ে। অর্থাৎ বিহারের কোন
কলেজে। পাঁচটা বছরও স্থন্থিরভাবে
কাটান গেল না। সতের সাল এসে
কলেজের দরজায় হানা দিল।
চম্পারণ, মহাত্মা গান্ধী। রুপালনী
গান্ধীজীর সঙ্গ নিলেন। বিহার থেকে
সোজা গুজরাট। তুরে ফিরে—
বেনারস।

তরুণ রুপালনী পণ্ডিত মদনমোহন মালব্যের একাস্ত-সচিব ('১৮)। পরের বছর মালব্য বললেন—তোমাকে আমার এখানে পড়াতে হবে! রুপালনী বললেন—আচ্ছা, তাই হবে। বেনারস বিশ্ববিভালয়ে তিনি পলিটিকস পভানোর কাজে লেগে গেলেন।

কিন্তু রাজনীতিতে যিনি একবার চিন্তার স্থাদ পেয়েছেন বইয়ের পাতায় তাঁর আর মন বদবার কথা নয়। কুপালনীও যথারীতি উড়ো-উড়ো হয়ে উঠলেন। ছেলে পড়ানো ছেডে তিনি স্থতো কাটা ধরলেন। বোঝা গেল, চম্পারণের দেই ফকির তার মন কেড়ে নিয়ে গেছেন।

কিন্ত গান্ধীজী বললেন—গুধু
প্রামোন্তোগ নয়, তোমাকে পড়াতেও
হবে জগৎরাম। রূপালনী আবার
অধ্যাপনায় লাগলেন। এবার তিনি
আচার্য।গুজুরাট বিভাপীঠের অধ্যক।

পাঁচ বছর ছিলেন একাজে ('২২-'২৭)। তারপর অসহযোগ আন্দোলন, কংগ্রেস, কারাবাস। নবম-বারের মত '৪২ সনে জেলে চললেন কুপালনী। নিখিল ভারত কংগ্রেসের তথন তিনি সম্পাদক ('৩৪-'৪৬)।

'৪৫ সনে ছাড়া পাওয়া গেল। পরের বছর মীরাটে কংগ্রেস। সাচার্য জগংরাম ভগংকিশোর কুপালনী নির্বাচিত হলেন সভাপতি।

বিরোধের ইঙ্গিত সভাপতির ভাষণেই ছিল। ক' মাদের মধ্যেই তর্কটা প্রবল হল। অক্টোবরে আসনে
বসেছিলেন। পরের বছর নভেম্বরেই
পদত্যাগ করলেন কণালনী। তাঁর মতে
কংগ্রেস পার্টি এবং কংগ্রেস
গভর্নমেন্ট সেই পার্টি নিয়ন্ত্রিত একটি
যন্ত্র,—ইনষ্ট্রুমেন্ট মাত্র! কংগ্রেস
সরকার তত্ত্বটা মানলেন, কিন্তু মন্ত্রীরা
গদীহীন নেতাদের যথন তথন মানতে
রাজী হলেন না।

স্তরাং, আচার্য রূপালনী প্রথমে সেই দাবীতে 'দলের ভেতরে দল গড়লেন। '৫১ দনে গঠিত হল তার ডেমক্রিটিক ফ্রন্ট।আগের বছর বেরিয়ে গেছে ফ্রন্টের বাহন।—'ভিজিল।'

কিন্দু সংস্কার ধেন তব্ও অসম্ভব।
কুপালনী দলত্যাগ করলেন। নতুন দল
গড়ে উঠল দেশে। নাম—কুষাণ মজহুর
প্রজা পার্টি। উদ্দেশ—সমাজতন্ত্র,
শ্রেণাহীন সমাজ। সমাজতন্ত্রীরা বললেন
আমরাও দলে আছি। দল নাম
পান্টাল। এবার থেকে তারা প্রজা
সোগালিষ্ট পার্টি। '৫৪ অবধি আচার্য
কুপালনী ছিলেন পার্টির চেয়ারম্যান।

কিন্ত শেষ পর্যন্ত সে বন্ধনও
কাটাতে হল। কেননা—আদর্শ প্রশ্ন।
এবং সে প্রশ্নে আচার্য চিরকালের মত
এখনও আপসহীন। তিনি দল ছাড়তে
রাজী, কিন্তু মত ছাড়তে কভি নেহী।

#### কুপালনী, স্থচেতা

বোধ হয় আমরোহার মাঠে আবার প্রমাণ হল দলহীন হয়েও আচার্য নি:সঙ্গ পথিক নন। ক'মাস বাইরে থেকে আবার তিনি পার্লামেণ্টে ফিরে এলেন। এ প্রত্যাবর্তন ঐতিহাসিক। শুধু দেশের পক্ষে নয়, আমাদের পার্লামেন্টের জীবনেও। কেননা, গণপরিষদের আমল থেকে তিনি শুধু সেখানে মূল্যবান ব্যক্তিত্ব নন, আচার্য কুপালনীই একমাত্র ता क्रि যিনি প্রয়োজন হলে বলতে পারেন-ক্ষেত্রবিশেষে স্ত্রী স্বাধীনতা বিপজ্জনক। প্রমাণ-আমার দ্রী।

२२.२.७७

## কুপালনী, সুচেতা

"Courageous as a lioness, she made herself feared and respected.....even by the toughs of the locality."

শ্রীপ্যারেলাল-এর কথা। কথাটা অক্ষরে অক্ষরে সতা।

শ্বী নোয়াথালি যাত্রার আগে শামীর কাছ থেকে উপহার পেয়ে-ছিলেন একটি বিষের কোটো। আচার্য বলে দিয়েছিলেন—দরকার হলে ব্যবহার করো। তার দরকার হয়নি। কিন্তু হতে পারতো— থবরটা জানালেন আচার্য কুপালনী। সাংবাদিকদের কাছে তিনি জানালেন নোয়াথালি থেকে তিনি স্থচেতার লেথা একটা চিঠি পেয়েছেন। তাতে তিনি জানিয়েছেন দত্তপাড়ার কাছাকাছি কোন গ্রামে থাকাকালে গুণ্ডারা তাঁকে অপহরণ করার ষড়যত্ত করেছিল। কিন্তু তা কার্যকর করা সম্ভব হয়নি। কেননা, স্থচেতা জানিয়েছেন, তার আগেই একজন দল-ভঙ্গ দিয়েছে। সে স্ব

দাঙ্গায় নোয়াথালিতে গান্ধীজির পরেই দিতীয় থবর—শ্রীমতী স্থচেতা কপালনী। গান্ধীজি তথনও নোয়া-থালি যাননি। স্থচেতা তথন একাকী নোয়াথালি এবং ত্রিপুরায়। তাঁর ম্থের কথা তথন নোয়াথালির এক-মাত্র নিভ্রেরেযাগ্য সংবাদ। কেননা অন্তদের কাছে যা অন্তমান, তাঁর কাছে তা অন্তভব। কংগ্রেস সভাপতি ব্যাপক ধর্মান্তকরণের এবং নারী নিগ্রহের সংবাদ সমর্থন করেন। কারণ, কুপালনী বলেন—সে থবর স্থচেতার দেওয়া। মেয়েরা নিজের ম্থে মিসেস কুপালনীকে তা বলেছে।

স্থচেতা 'কুপালনী' হয়েছে ১৯৩৭ সনে। তার আগে ছিলেন তিনি— ক্লচেতা মজুমদার। বাবা ডা: স্থরেন্দ্র-নাথ মজুমদার ছিলেন বহিবকৈ খ্যাত-নামা বাঙ্গালী চিকিৎদক। তাঁদের আদি ভদ্রাসন ছিল নদীয়ায়। স্থচেতার এক ভাই খ্রী এস. এন. মজুমদার বিখ্যাত আই.সি.এস.। আর এক ভাই প্রখ্যাত গান্ধী-শিগ্য শ্রীধীরেন মজুমদার এথন সর্বোদয় নায়ক। বাবা প্রবাসী, স্থতরাং, মেয়েকে ভর্তি করতে হল প্রথমে লাহোরে, তারপর দিল্লিতে। স্থচেতা বি. এ. পরীক্ষায় পাঞ্জাব বিশ্ববিভালয়ে প্রথম হয়েছিলেন. এম-এতেও (ইতিহাসে) প্রথম হলেন —দিল্লিতে। স্থতরাং, বেনারস হিন্দু বিভালয় সাগ্রহে ডেকে নিল তাঁকে। '৩১ সনে মাত্র ঊনত্রিশ বছর বয়সে (জন্ম ১৯০৮) স্থচেতা লেকচারার নিযুক্ত হলেন বেনারসে। বিখ্যাত গান্ধীপন্থী সিদ্ধি অধ্যাপক কুপালনীও তথন দেখানে। ত্র'জনের বয়দের ব্যবধান প্রায় কুড়ি বছর। তবুও দৃষ্টিভঙ্গীর মিল ছু'টি মান্তথকে অচিরেই কাছাকাছি করন। রূপালনী স্বেচ্ছায় বিয়েটা দেড বছর পিছিয়ে দিয়েছিলেন। কারণ তাঁর জওহরলাল তথন কারাগারে। ( আচার্য তাঁকে চিঠিতে লিখছেন— 'যেক্ষেত্রে এই অন্নন্তানে আর কেউই

উপস্থিত থাক বলে আমি চাইনি, দেক্ষেত্রে আমি চেয়ে ছিলাম তৃমি উপস্থিত থাকবে। আমার বমদের কথা ভেবে স্বভাবতই স্থচেতা যদিও আর অপেক্ষা করতে চাইছিল না, তবুও দে আমার মনোভাব ব্ঝেছিল ও মেনে নিয়েছিল।')

'৩৯ সনে অধ্যাপনায় ইতি পড়ল। স্বচেতা রাজনীতিতে এলেন। অন্যতম প্রেরণা পরিবার এবং জে. বি. সন্দেহ নেই—কিন্তু তার চেয়েও বড় প্রেরণা-

স্থানেতা কুপালনীর দেশপ্রেম আজ বত্ত পরীক্ষায় প্রতিষ্ঠিত। '৩৯ সনেই তিনি কংগ্রেসের বৈদেশিক দপ্রবের সম্পাদিকা নিযুক্ত হলেন। পরের বছর কারাগমন। তিন বছর ছেদ দিয়ে আবার। অন্তর্বর্তী সময়টুকু তিনি ছিলেন কংগ্রেসের মহিলা দপ্তবের সম্পাদিকা।

'৪৫ সনে ছাড়া পেলেন স্থচেডা। '৪৭ সনে অন্তরা সকলে। '৪৮ থেকে '৫১ সন অবধি একটানা ওয়ার্কিং কমিটির সদস্থ পদে। '৫২ সনে এলেন লোকসভায়। ফাঁকে ফাঁকে কথনও 'য়ুনো', কথনও গণপরিষদ, কথনও কস্তরবা মেমোরিয়াল ট্রাফাঁ। তবে সব সময় কংগ্রেমী হিসেবে নন।

# कृष्णगाठात्री, छि. छि.

আচার্য রূপালনী তথন কংগ্রেস ত্যাপ করেছেন। সঙ্গে স্থচেতাও। তথন তিনি রুষক মজত্বর প্রজা পার্টি, এবং পরে প্রজা সোসালিস্ট পার্টির নেত্রী। রুপালনী আর ফিরলেন না। কিন্তু '৫৭ সনে কংগ্রেস আবার ফিরে পেল স্থচেতাকে। তিনি কেন্দ্রীয় কংগ্রেসের বিশিষ্ট নেত্রী। ওয়ার্কিং কমিটির সদস্যা এবং নিথিল ভারত কংগ্রেস কমিটির সম্পাদিকা। লোকসভায়ও তিনি কংগ্রেসের প্রতিনিধি।

তবে রাজধানীর বাইরে পরিচয়
তার তার চেয়েও বড়। বাংলার
মেয়ে স্থচেতা ভারতের সাধারণ
মান্থবের কাছে—ক্যায়বতী নেত্রী।
সাহস এবং সততায় তিনি সিংহী।

১৯৬০ সনে দিলি ছেড়ে লক্ষ্ণে ঠিকানা করেছিলেন খ্রীমতী কুপালনী। তথন তিনি উত্তর প্রদেশ মন্ত্রিসভায় অগ্রতম বিশিষ্ট মন্ত্রী,—খ্রমদপ্তর তাঁর হাতে। এথন তিনি ভারতের এই বৃহত্তম রাজ্যটির মুখ্যমন্ত্রী।

२७. २. ७५

# কুষ্ণমাচারী, টি. টি.

'টি. টি. কে. নামে এক ছেলে, চড়তো ঘোড়া, চলতো অবহেলে। ঘোড়া বলে আর পারিনে

একটুকরো থড় ফেল

টি. টি. কে বলে চল বেটাছেলে!'
পছা হিসেবে উদ্ভট হলেও লক্ষ্যটি
স্বস্পাই,—স্থনির্দিষ্ট। এটি শোনা গিয়েছিল কোন নির্বাচনী সভায় নয়,
ভাঃতীয় লোকসভায়। এবং শোনা
গিয়েছিল ঠিক এমনি সময়ে,
দ্বিতীয় সাধারণ নির্বাচনের আগে
আগে। পাঠক ছিলেন—শ্রীনির্মলচন্দ্র
চট্টোপাধ্যায়। লেথক—শ্রীহীরেন্দ্রনাথ
ম্থোপাধ্যায়। তাঁরা হ'জনেই সেদিন
আশহা করেছিলেন—ভারতীয় অর্থমন্ত্রীর ঘোড়াটি এবার নিশ্চয়ই চলতে
নারাজ হবে; সে নির্ঘাৎ পিঠঝাড়া
দেবে।

কিন্তু দেয়নি। শক্রপক্ষের সব আশাকে চুর্গ করে, ছই ছইজন প্রতিদ্বন্থীকে হারিয়ে নিজের বাক্সে দশ হাজার ভোট বেশা নিয়ে আবার লোকসভায় ফিরে এসেছিলেন কৃষ্ণমাচারী। এবার বিনে মহড়ায় অর্থমন্ত্রীর আসনে।

তবুও পরের বছর নি:শব্দে যেদিন
দিল্লি থেকে মান্তাজের উদ্দেশ্যে প্লেনে
চড়েন তিনি সেদিন কেউ ছিল না
বিমানঘাটিতে তাঁকে ক্রমাল উড়িয়ে
বিদায় সম্ভাষণ জানাবার জতা।

# ক্লফ্ডমাচারী টি. টি.

প্রধানমন্ত্রীর হৃদয়ে এবং মৃথে অবশ্য 
যথেষ্ট সমবেদনা ছিল, ফিরোজ গান্ধীরও 
বন থেকে গাছটাকে আলাদা করার 
জন্যে চেষ্টার ক্রটি ছিল না। কিন্তু 
হায়, তব্ও ক্রফমাচারীর নিজের মাত্র্য 
কাউকে পাওয়া যায়নি সেদিন। 
কেননা, বিচারপতি চাগলার মন্তব্য 
করণার লেশমাত্র ছিল না। কেউ 
সথেদে, কেউ সানন্দে,—স্বভাবতই 
সকলে আশা করেছিলেন অবশেষে 
কৃষ্ণমাচারী বোধ হয় অগস্ত্যধাত্রাই 
করলেন।

বলতে বাধা নেই, বন্ধুরা সেদিন রীতিমত ভাবিত তাঁর ভবিশ্বৎ নিয়ে।
কি করবেন এই সঙ্গীহীন বিপত্নীক 

সংসার নিয়ে সময় কাটানোর প্রশ্ন ওঠে না। কারণ, চার ছেলের প্রত্যেকেই 
সাংসারিক গৃহস্থ।—বাগান করবেন 

তা হয়ত। বাগানের সথ ওঁর বরাবরই।
কিন্তু তাই বলে কি ফুলের বাগিচায় বানপ্রস্থা 
দেশেক কক্ষনো হয় না।

অনেকে ভেবেছিলেন দক্ষিণা নৃত্যকলার স্মন্ততম সমঝদার প্রক্রিক্ষমাচারী
হয়ত এবার রাজনৈতিকের বদলে
সাংস্কৃতিক জীবন যাপন করবেন।
হয়ত তিনি পড়বেন, লিখবেন, আনন্দ করবেন,—বিত্তবানের অবসর যাপন
করবেন। তা ছাডা বন্ধ মহলে শ্রীকৃষ্ণমাচারীর সেদিকে ঝোঁকের কথাও স্থবিদিত। মাজাজে তাঁর ব্যক্তিগত লাইবেরী গোটা ভারতে এক বিশিষ্ট ব্যক্তিগত সংগ্রহ। আরও বিশিষ্ট একারনে যে, সেসব বইয়ের একটা উল্লেখযোগ্য অংশই আবার মার্কসবাদী সাহিত্য। শ্রীকৃষ্ণমাচারী এক সময় বলতেন তিনি 'মৌলিক মার্কসবাদী'। মার্কসবাদীরা সে কথা স্থভাবতই বিশাস করতে নারাজ, কারণ লোকসভায় তাঁদের সম্পর্কে এমন কথাও নাকি তিনি কথনও কথনও বলেছেন যা সরকারের পক্ষেছাপ। সম্ভব হয়নি!

স্থতরাং, এহেন টি. টি. কে'র পুনরভাদেরে কেউ কেউ যে চিন্তিত হবেন তা বিচিত্র নয়। বিশায়কর বরং বোষাই-শেয়ার মার্কেটের মতিগতি। কেননা, শত্রুপক্ষ এতকাল টি. টি. কে'কে তাঁদের মিত্র বলেই পরিচিত্ত করে আসছেন। কিন্তু সে পরিচয় কি সত্য ? শেয়ার মার্কেট পরিত্রাহি স্বরে বলবে না,—তা নয়, তা নয়। ওঁদের ভাষায় টি. টি. কে মানে থিকভলের থাট্টায়িল কৃষ্ণমাচারী নয়,—'ট্যাক্সেশন অ্যাও ট্যাক্সেশন'!

স্থতরাং, যদি বলেন তবুও উনি কি করে বিনা প্রতিদ্দিতায় লোকসভায়

### ক্রুপ, আলফ্রেড

চলে এলেন তবে উত্তর দেব সে শুধু ফেব্রুয়ারীর মাহাত্মো। আজে হ্যা,— ফেব্রুয়ারীর।

কার ভাগ্যে অইগ্রহের কি যোগজ ফল লেথে জানিনা, কিন্তু টি. টি. রুফ্যাচীর জীবনে ফেব্রুয়ারী যে চিরকালই কিছু না কিছু অভাবিত বলে এ বিষয়ে তিনি নিজেও নিঃসন্দেহ।

মান্রাজ বিশ্ববিভালয়ে গ্র্যাজুয়েট টি. টি. রঙ্গাচারীর পুত্র (জন্ম-১৮৯৯) মালাজের উদীয়মান ব্যবসায়ী টি. টি কম্ভমাচারী ১৯৪১ সনের ফেব্রুয়ারীতে লোভনীয় প্রতিষ্ঠা অবহেলায় ছেড়ে ছিলেন রাজনীতি করবেন বলে। তার আগে '৩৭ সনে বণিক প্রতিনিধি হিসেবে যেবার তিনি প্রথম মান্তাজ আইনসভায় নিৰ্বাচিত হন ফেব্রুয়ারীতে। তার পর '৪২ সনে আইন পরিষদে কেন্দ্রীয় গণপরিষদে এবং '৫২ সনে মন্ত্রিসভায়। যতবার শ্রীকৃষ্ণমাচারীর জীবনে যা হয়েছে সব ফেব্রুয়ারীতে। এমন কি '৫৮ সনে যথন তিনি 'চির-কালের মত' দিল্লি ছেডে যান দেও ফেব্রুয়ারীতে। ফেব্রুয়ারী মাসের ১৩ তারিথে। এবার শেষ প্রতিদ্বন্দীট নাম প্রত্যাহার করলেন অবশ্য জাতুয়ারীর

শেষ সপ্তাহে। কিন্তু ফল পাচ্ছেন শ্রীরুক্তমাচারী সেই ফেব্রুয়ারীতেই।

স্থতরাং, মিছেই রাজাজী রাগ করেন! ১.২.৬২

কামরাজ পরিকল্পনা অম্থায়ী ১৯৬৩ সনের শেষভাগে নেহেরুজী যথন তাঁর মন্ত্রিসভা পুনর্গঠন করেন তথন শ্রীকৃষ্ণমাচারী নিযুক্ত হন ভারতের অর্থমন্ত্রী। জুনে (১৯৬৪) পুনর্গঠিত শাস্ত্রী-মন্ত্রিসভায় তাঁর স্থান নির্দিষ্ট হয়েছে—তৃতীয়।

### কুপ, আলফ্রেড

সেকালে ওঁদের নাম ছিল 'কামানের রাজা'। প্রথম মহাযুদ্ধেরও অনেক আগে, ১৮৮৭ সনে একুশটি দেশে প্রায় পঁচিশ হাজার কামান বিক্রিকরেছিলেন জার্মানীর বিখ্যাত ক্রুপ পরিবারের প্রতিষ্ঠাতা ক্রেডারিক ক্রেমির পুত্র আলক্রেড ক্রেপ। তার তৈরী কামানেই প্রশিয়া দেদিন পরাজিত করেছিল অস্ট্রিয়া এবং ক্রান্সকে। লোকে তাই আলক্রেডের নাম দিয়েছিল—'আলক্রেড দি গ্রেট।'

তৃই পুরুষ পরে,—আজ যিনি জার্মানীর শিল্প-সমাট তাঁর নামও আলফ্রেড। আলফ্রেড ক্রুপ। প্রথম মহাযুদ্ধে যে বিরাট কামানটি জার্মানীকে পথ করে এগিয়ে নিয়ে গিয়েছিল বেলজিয়াম এবং ফ্রান্সের দিকে—তার নাম ছিল—'বিগ বার্থা'। বার্থা আলফ্রেডের মায়ের নাম। দ্বিতীয় মহায়্দের আগে বাবা গুস্তাভ ছিলেন হিটলারের অত্যতম বন্ধু এবং সহায়। ফর-এর এক ধারে তার দেড়লক্ষ্রেমিকের বিরাট কারথানাটি ছিল হিটলারের সবচেয়ে বড় বল। এ কারথানার বিখ্যাত 'বিগ গুস্তাভ' কামানেই সেদিন তিনি গুলী চালিয়ে ছিলেন সেভাস্তপোল এবং ভার্মাইল-এ।

১৯৪৫ সনে বিজয়ী মিত্রশক্তি যথন বিধবস্ত এসেন-এ গুস্তাভের বিরাট প্রাসাদটির সামনে এসে দাড়াল— তথন সিঁড়ি বেয়ে নেমে এলেন— আলফ্রেড, তার পুত্র। গুস্তাভ অবদর নিয়েছেন। এখন তিনিই ক্রুপ-ঐশ্বর্যের মালিক। আলফ্রেড বললেন—আমি যোদ্ধা নই, ব্যবসায়ী।

তব্ও গুস্তাভ এবং ক্র্প-এর
আরও এগারজন ডাইরেক্টারের সঙ্গে
যুদ্ধ অপরাধী হিদাবে বিচার হল—
আলফ্রেড ক্র্প-এর। বিচারে তাঁর
বার বছর জেল হল। জার্মানীর সবচেয়েধনী লোকটি এবার এলেন—
ল্যাগুসবার্গ-এর কারাগারে। নিজের

হাতে কাপড় কাচেন, থালা মাজেন। স্থাোগ পেলে জেলের কামারথানায় কাজ করেন। দশ বছর বয়স থেকেই কুপ কারথানাব মাস্ত্র।

অবশেষে ছ'বছর কারাবাদের পরই ছেড়ে দেওয়া হল তাঁকে। দেটা ১৯৫১ দালের কথা। আগের বছর গুস্তাভ মারা গেছেন। ক্রুপ কারথানা যুদ্ধে সম্পূর্ণ বিধ্বস্ত। দেশে দেশে চালান হয়ে গেছে ক'পুরুষের যত্তে গড়ে তোলা কারথানার যন্ত্রপাতি। তবুও বংশাহ্ন-ক্রমিক ব্যবদা থেকে পশ্চাদপদর্ব করলেন না আলফ্রেড। দ্বাই এক-বাক্যে খীকার করছে তিনি বিজয়ী।

এদেন-এর শিল্পপতি তিপ্লাল্ল বছর
বয়স্থ আলফ্রেড ক্রুপ এখন অনেকের
মতে পৃথিবীর সবচেয়ে ধনবান লোক।
পশ্চিম জার্মানীর আর্থিক স্বাস্থ্য
অনেকাংশে তাঁরই কীর্তি। আজ তাঁর
হাতে খনি নেই। কিন্তু কর-এর তীরে
ক্রুপ নগরীতে উনসন্তরটি কারখানার
মালিক তিনি। সেখানে রেল ইঞ্জিন,
এরোপ্লেন, জাহাজ থেকে স্কুল করে
নকল দাঁত—সব তৈরীহয়। প্রতাল্লিশটি
কোম্পানী তাঁর দেলস ডিপার্টমেন্ট।
ক্রুপ ভারতে এদেছেন। বাইরের
আর্থিক ছনিয়ায় তিনিই এখন জার্মানী।
রৌরকেলার ইম্পাত কারখানাটি

# ক্রুশ্চফ, নিকিডা

জার্মানীর নামে তাঁর সহযোগিতায়ই তৈরী। শুধু ভারতে নয়, এশিয়া, আমেরিকা, আফ্রিকা এবং ইউরোপে এমনি অনেক দায়িত্ব গ্রহণ করেছেন ক্রুপ জার্মানীর হয়ে। এমনকি রাশিয়ায়ও। কর্মক্ষেত্রের পরিধিতে তিনি এখন যোগ্যার্থেই শিল্প জগতের 'আলফ্রেড দি গ্রেট।' ১.১.৬০

# ক্রুশ্চফ, নিকিভা

'একটা গল্প বলি শুমুন। কোন এক সময়ে কোন এক কয়েদখানায় তিনজন বন্দী ছিল। তাদের একজন এনার্কিষ্ট, একজন সোস্থাল ডেমক্র্যাট, —আর ততীয়জন এক গোবেচারা ইছদি। নাম তার পিনিয়া। পিনিয়া যেমন দেখতে ছোটখাট, তেমনি লেখাপডায়ও থাট। যা হক, আদেশ হল-খাওয়াদাওয়া বিলিবন্দোবস্তের জন্মে কয়েদীদের একজন নেতা নির্বাচন করতে হবে। থবর শুনে এনার্কিষ্ট মহোদয় চটে আপ্রন। তিনি বিপ্লবী,—এদৰ নিয়মতান্ত্ৰিক ব্যাপারে যদি তিনি নেই।—তা, একাস্তই কাউকে নেতা বানাতেই হয়. তবে দাও ঐ পিনিয়া ব্যাটাকে লীডার করে। তাই হল। দেখা পিনিয়া কাজকৰ্ম ভালই গেল.

চালাচ্ছে। ..... দিন যায়। অবশেষে এনার্কিষ্ট আর সোস্থালিষ্ট বৃদ্ধি করলেন —্যে করে হক, জেল থেকে পালাতে হবে। সোম্খাল ডেমক্র্যাট খুব পণ্ডিত লোক। তিনি পরিকল্পনা রচনা করলেন। এনার্কিষ্ট স্বভাবতই যথেষ্ট সাহসী। তিনি স্বডঙ্গ কাটলেন। পালাবার সময় এল।-কিন্ত স্বডঙ্গে আগে মাথা গলাবে কে? আগে যে যাবে প্রহরীদের সঙ্গে তার প্রথম মোলাকাত হওয়ার সন্তাবনা ৷ স্বতরাং সোস্থাল ডেমক্র্যাট চপ করে রইলেন। ভয়ে কাপতে লাগলেন— এনাকিষ্ট। ওদের কাণ্ড দেখে ধীরে ধীরে এগিয়ে এল ছোট্ট পিনিয়া। সে বলল,—বন্ধরা, তোমরা পেছনে পেছনে এস। — আমি আগে নামছি স্বডঙ্গে।'

গল্প শেষ হল। ঘর ভর্তি
সাংবাদিকদের দিকে সহাস্থবদনে
তাকালেন ক্রুশ্চফ। '—ভুসমহোদ্যাগণ, এই বেচারা পিনিয়াট কে
জানেন ?' ক্রুশ্চফ আবার হাসলেন।
—'তার নাম নিকিতা ক্রুশ্চফ।'—

পৃথিবীতে বহু পিনিয়া অসম্ভবকে
সম্ভব করেছে, অনেক পিনিয়া ছোট থেকে বড়, মস্ত বড়ও হয়েছে। কিন্তু দেশ ও কালের বিচারে চৌষ্টি বছরের নিকিতা কুশ্চফ ষেন তাদের সকলের পুরোভাগে। স্তালিন তাকে একদিন 'গোপাক' নাচ দেখাতে আদেশ করেছিলেন! বাঙ্গ করে বেরিয়া একদিন এই গোলগাল মাহ্রষটিকে বলেছিলেন—'আওয়ার পটেটো পলিটিদিয়ান।' কথনও বা বলতেন—'আওয়ার বিলাভেড্ চিকেন পলিটিদিয়ান!'

আজ বেরিয়া নেই। সে আজ এমন মৃত যে কশিয়া তার নাম মনে করতেও ঘুণা বোধ করে। যাকে নিয়ে তারা গর্ব করতে পারত 'পটেটো পলিটিসিয়ান' ক্রুশ্চফ সেই 'মহান স্তালিনকে'-ও টেনে এনে এমন এক জায়গায় নামিয়েছেন—বেখানে তিনি 'খুনী' বা 'উন্মাদ' না হলেও, ক্মপক্ষে এক**জন সাধারণ কমরেড মাত্র।** '৫৬ সনের ফেব্রুয়ারীতে সেই বিখ্যাত ২০তম কংগ্রেসে সেদিন যা সম্ভব করেছেন ক্রুশ্চফ, তার তুলনায় মেলেনকভ-কাগানেভিচ-মলোটভ পর্ব বোধহয় তার পক্ষে অনেক সহজ কাজ। বুলগানিন বা জুকভ অধ্যায়টি এর চেয়ে একটু কঠিন ছিল বটে,— কিন্তু অসম্ভবকে সম্ভব করাই যে ছোট্ট পিনিয়ার ধর্ম। স্থতরাং, স্তালিনোত্র রাশিয়ায় দেখতে দেখতে অধীশ্বর হয়ে বসলেন পিনিয়া ক্রন্ফ। **স্তা**লিন

রচিত উত্তরাধিকারীদের ফর্দে তাঁর নাম ছিল না। স্তালিন-মুক্ত বহিবিখে নাম ছিল তাঁর মাঝারিদের তালিকায়। কিন্তু আজ ? রাশিয়ার নতুন-করে-লেখা ইতিহাদে লেনিনের পরেই কুশ্চফের মৃতি। আজ কমহ্রেড বাইরের ছুনিয়ায়ও আজ আর কেউ 'মিডিওকার' বলেন ना বললেও অন্তরা মানে না। কেননা, ক্রুশ্চফ নতুন চাঁদ ছেড়েছেন। তাঁর রাজত্ব পুরানো টাদে—মাহুষের পতাকা পৌছে দিয়েছে। নিকিতা কুশ্চফ এ যুগের আলেকজাণ্ডার।

কিন্ত আলেকজাণ্ডারের কুশ্চফ রাজকুমার নন। বাবা ছিলেন —ইউক্রেন সীমান্তে প্<sub>নী</sub>বাসী এক দরিত্র থনিশ্রমিক। ছোটবেলায় মাঠে মাঠে মেষ চরিয়ে বেডাভেন নিকিতা। কৈশোরে প্রমোশন হল। মেষপালক থেকে থনিশ্রমিক। ক্রমে কারথানা-শ্রমিক। স্থক হল উত্থান। যৌবনে অক্ষরজ্ঞানহান নিকিতা ভর্তি হলেন সৈগ্যবাহিনীতে। গৃহগুদ্ধে দিক বদল करत हरन अरनन विखाशीरमत मरन। কেননা—কুশ্চফ গরীবের জানেন। ছোটবেলায় তাঁকে চাবুক থেতে হয়েছিল একবার। জমিদারদের জলে না বলে মাছ ধরার

# ক্রুশ্চফ, নিকিভা

হিসাবে। সে জালা তথনও ক্র\*চফের মনে।

যা হক, মুদ্ধের পরে লালফৌজ তাদের লডিয়েটিকে পাঠাল শ্রমিকদের ম্বলে। ক্রশ্চফ তথনও থনিতে কাজ করেন। অবদরে স্থল করেন। জীবনে সেই তাঁর প্রথম ফলে যাওয়া। পরবতীকালে আরও বছর ছই তিনি পড়ে ছলেন বটে মস্কোর ইণ্ডাসটিয়াল একাডেমিতে, কিন্তু থিওরিটিক্যাল মার্কসবাদী বলতে যা তা কোনদিনই হতে পারেননি। এখনও ক্রন্ডফের মুথে মার্কদ-লেলিনের মুখন্ত করা ছত্র ন্তনেনা কেউ। ইউক্রেনের মাটি-মাথা গেঁয়ো প্রবাদ তার মাক্ষ ভায়োর নিজম্ব টীকা। ক্রন্ডক এখনও নাকি সময় সময় এমন ভাষায় কথা বলেন— যা কোন মতে কানে আঙ্গুল দিয়ে শোনা গেলেও কিছতেই কাগজে ছাপা যায় না। বিনুমাত্র লজ্জিত নন কুশ্চফ তার জন্স। বলেন-- 'একট আগটু মদলা দিলে মার্কসবাদ আরও ভালই হবে। ---নয় কি ?'

কমিউনিজমের গুরুপাক ব্যবস্থায় এই মসলা ছিটান কুশ্চফের অক্ততম কুতিত্ব। তার বিখাসে রাশিয়ান মাহুর আজ অনেক মুক্ত। পাস্তারনাক বা ম্যালেনকভ এখনও জীবিত। রাশিয়ানরা এখন 'প্রাভ্ দা'তে পিকটরিয়াল ছবি দেখতে পায়, ছেলেমেয়েরা নতুন গড়া 'বিয়েবাড়ীতে' গিয়ে ছটো কমেডি ভনতে পায়।

আন্তর্জাতিক রাজনীতিতেও বরফভাঙ্গার দায়িত্ব নিয়েছেন ক্রুশ্চন।
'কোল্ড-ওয়ার' স্থকর সময় তার শেষ
আছে বলে জানত না কেউ। আন্ধ্র যেন দেখা যাচ্ছে তারও অন্ত আছে।
ক্রুশ্চফের বেপরোয়া আচার-আচরন
নিঃসন্দেহে তার একটি কারণ।

নিকিতা কুশ্চল চারদিন পরেই
ভারতে আসংছন। এই তাব দ্বিতীয়বার
ভারতদর্শন। ইতিমধ্যে ভারতের ধেমন
আর একটু বয়স হয়েছে, এশিরা
সম্পর্কে কুশ্চন্দের অভিজ্ঞতার ও তাই।
নতুন পারিপাশ্বিকে তার এই
শুভাগমন সেদিক থেকে গেলবারের
মতই সমান গুরুত্বপূর্ণ ঘটনা। চীনের
পর ভারতের পক্ষে ত বটেই, আইজেনহাওয়ার-এর পর বোধহয় রাশিয়ার
পক্ষেও। কেননা, কুশ্চক বলেন—ইফ
ইউ ক্যানট ক্যাচ দি বার্ড অব
প্যারাডাইস, বেটার টেক এ
ডয়েট হেন।

**6.2.8**°

#### ক্লার্ক, স্থার আর্থার, সি.

# ু ক্রার্ক, স্থার আর্থার, সি.

Telstar, as it orbits by
Up above the earth so high,
Twinkles almost puckishly;
"Oh what fools these mortals
be."

কবিভাটা ছাপা হয়েছিল একটা ই রেজী কাগজে, গেল ১১ই বুধবার। এবং ছাপা হয়েছিল এজন্যে নয় যে. ার আগের দিন কেপ কার্নিভেলে : 'कि नौदा में दाल आहान-श्रहात्वत লেত্রে বিশ্বে নতুন যুগের সংবাদ গ্রেপ্রশে ছেডেছে, তাদের বিশায়কর টেলিফোন আর টেলিভিসন কেল স্টার' পথিবীর 'টেল ওপর দিয়া ঘণ্টায় যোল হাজার মাইল বেগে ছবি আর থবর ছিটাতে ছি<sup>ট</sup>়তে ঘুরে বেড়াচ্ছে,— সেদিন क'त्र हें लागित সতিটে বাকা বনে গিয়েছে ৷ টেলিভিসন লৈ 'টেল ফারে'-এর সঙ্গে চেনা-পরিচয় গ্রতে গিয়ে বি. বি. সি-র দর্শকেরা বাক হয়ে আবিদ্ধার করলেন সেখানে ্কটি চেনা-চেনা মুখ ় চোখ বুজতেই ন পড়ল মুখটি ফরাসী ভাক বিভাগের शैभटशानस्यत् । তিনি বলছেনঃ 'প্রারা এখন প্যারিদে আছেন. স্তরাং, আস্থন, আমার সঙ্গে কল্লেকটা মিনিট আনন্দের মধ্যে কাটিয়ে যান !···'

আনন্দই বটে। পদায় আবিত্তি হল স্থদশনা একটি তরুণী। মুখে তার আনন্দের গান! সঙ্গে সঙ্গে বোতাম টিপল গোটা ইংল্যাও।—কি ? ব্যাপার কি ?—এমন ত কথা ছিল না!

সত্যিই কথা ছিল না। 'টেল ফার' বিষয়ে যারা চুক্তিবদ্ধ দ্রাসীরাও তার একজন বটে, কিন্তু কথা ছিল— আর সকলের মত ২৩শে জুলাইয়ের আগে তারাও সেথানে 'টেফ কার্ড' ছাড়া—নাচ গান বা 'প্রাণবান' কিছু পাঠাবে না। স্থতরাং, ইংলিশ চ্যানেলের ওপারে প্রদিন ভোরে কাগজে কাগজে ছাপা হল সথেদ গর্জন: 'পাইরেটদ ইন স্পেদ।… স্থান্দ জিল্ম টি. ভি স্পেদ শো…,—ও হোয়াট ফুল্ম দিজ মটেল্ম বি।'

কিন্তু তথনকার মত 'বোক)' বনে গেলেও ইংরেজেরা যে দত্যিই নির্বোধ নয়, দে থবরটাও অবশেষে জানা গেল 'টেল স্টার'-এর নেপথ্য কাহিনী প্রকাশিত হওয়ার পর।

আমেরিকা সানন্দে জানিয়েছে, 'টেল দ্টার' তাদের কীর্তি হলেও তার

## ক্লার্ক, স্থার আর্থার, সি.

স্মাসল জনক খিনি তিনি একজন ইংরেজ বিজ্ঞানী।

নাম—'আর্থার দি. ক্লার্ক। বয়স চয়াল্লিশ। পরিচয়—লেথক।

হ্যা, লেথক চৌরঙ্গীর পেপার ব্যাক-এর দোকানগুলোতে জিগোস করবেন, দেখবেন প্রত্যেকে চেনে ওঁকে। ক্লাক কমদে কম আটাশথানা বই লিখেছেন। এবং অধিকাংশই ভার কল্পনা আর বিজ্ঞানের যোগে থাকে বলে সায়েন্স-ফিকশান তাই। ফলে ক্লাক শুধ েবংক নন, জনপ্রিয় লেখক ও বটে। ইতিমধ্যেই পনেরটি ভাষাৰ কমপকে কড়ি লক্ষ কপি বিক্ৰি হয়ে গেছে তাঁর বই। তোর কয়েকটি: দি একাথোরেশন অব স্পেদ, ভয়েস আ্যাক্রস দি সী. আপার সাইড অব দি প্লাই, এ ফল অব মূন ডাস্ট ইত্যাদি) তার কমেক হাজার অন্তত এই কলকাতাতেই।

দতের বছর আগে এমনি লেখার ছলেই লিখেছিলেন—প্রবন্ধটা। প্রবন্ধ
নয়,—তার সঙ্গে তেল জল মিশিয়ে
আজকের সংবাদ সাহিত্যে যাকে বলে
'ফিচার' তাই। ক্লার্ক তথন রয়াল
এয়ার ফোসে একজন ফ্লাইট লেফটেনেন্ট। উড়তে উড়তেই প্রশ্ন তুলেছিলেন তিনি—'…ক্যান রকেট

কেশন গিভ ওয়ান্ড-ওয়াইড রেডিও কভারেজ ?'লেখাটা ছাপা হয়েছিল ১৯৪৫ সনের অক্টোবরে একটা বেতার বিষয়ক কাগজে। কেপ ক্যানাভেরল সেথান থেকেই নাকি ইসপ্রেড পেয়েছিলেন।

ক্লার্ক এখনও লেখেন। কংত্র মহাকাশ নিয়ে, কখনও মহাকাশের নিয়ে। আকাশের মত সম্ভেত বার প্রগাচ অন্থারগ,—নেশা। অস্ট্রেলিফ এবং সিংহলের সমুদ্রতলে কাচেরফ নিয়ে বিস্তর সময় কাটিয়েছেন তিনি তবে ক্লাক আর এখন লেখক নন,—বৈজ্ঞানিক। একদা বুটিশ ইন্টাবেপ্রানেটারি সোসাইটির সভাপতি ক্লা এখন সিংহলে থাকেন এবং সিলেফ আ্যান্টোননিক্যাল সোসাইটির সভাপতি ক্লা এখন সিংহলে থাকেন এবং সিলেফ আ্যান্টোননিক্যাল সোসাইটির সভাপতি ক্লা এবার 'টেল স্টারে'র সাফলোর প্রিজ্ঞানী স্কভ্মিতেই বোধ হয় প্রতিদিই হলেন।

গবের থবর এই 'টেল ফার' ফার'
মার্কিনী কীর্তি এবং যদিও তার জর
দাতা ক্লাক ইংরেজ বিজ্ঞানী তব্ও এ
উপলক্ষে আমাদেরও কিছু পার্জা
আছে। কেননা, ভারত গুরুক্তর
এর গল্পের বইগুলোর পাঠক নয়—উপ
বিখ্যাত কলিক্ষ পুরস্কারটাও ট

নিয়েছে ক্লার্ক সাহেবেরই হাতে।— কে:খায় তথন 'টেল স্টার', কোথায় খববের কাগজে ক্লার্ক!

**১৯. ٩. ७**२

#### কিসিক্সার, ডঃ হেনরা আলফ্রেড

প্রধান দেনানায়ক আইদেনহাপ্তবাব হয় তথন মার্কিন দেশের কর্ণব। কৌটিলাপ্রতিম কৃটনীতিক
নালেদ তার দহযোগী। ততপরি
বক্ষারী উপদেষ্টা। হোয়াইট হাউদ
ব্যন পণ্ডিতে-প্রধানে গিস্গিস্। কিন্ধ
বাচার কানমন্ত্রী দিলেন যিনি তিনি
ব্যন মোটে এক তক্ষণ। বয়দ তার
ব্যন মোটে একতিশ।

গ্দর চোগ, বাদামী চুল।
দোহারা চেহারা, লম্বায় পাঁচ ফুট এক
ই'কি, ওন্ধনে একশ' পাঁচাত্তর পাউও।
ভার্ড থেকে সন্থ 'ডক্টরেট'-এ ভূমিত
তর্পাটি দেদিন ভালেদ তথা গোটা হোযাইট হাউদকে চমকে দিয়ে
বলেছিলেন—হাতিয়ার আর কুটনীতি
যদি এক তালে না চলে তবে
মামেরিকার অবস্থা হবে ভায়নোদারের
মত। দব থাকা দত্তেও পৃথিবী থেকে
নিশ্চিক হয়ে যাবে দে।

—তবে উপায় ?

#### কিসিলার, ডঃ হেনরী আলফ্রেড

উত্তর হয়েছিল—উপায় যুদ্ধ। আঞ্চলিক তথা আঃশিক যুদ্ধ। দরকার হয়—আণবিক খণ্ডযুদ্ধ।

শুনে ভালেদ পুলকিত বোধ করেছিলেন। কিন্তু 'দি নেদেসিটি ফর
চয়েদ: প্রস্পেইন অন আমেরিকান
পলিসি' নমেক উলিথিত বক্তব্যের
মৃত্রিত ভাষ্যটা পড়ে তক্ত্ব দেনেটার
জন কেনেতি নাকি মন্ত্রা ক্রেভিলেন
'ইলিউশান '

এদৰ ১৯৫৪ সনের কথা। '৬১
সনের থবর—হাজাড-এব দেই তরুব
রাষ্ট্রনীতির অংশপকটিই এথন
কেনেডির অভাতম শক্ষর। তিনি
প্ররাষ্ট্রবিধ্যে ম'কিন প্রেসিডেন্টের
একজন প্রাম্পনিত:।

নাম—ডক্টর থেনর আলফেড কিসিঙ্গার। ব্যস্থ আটজিশ। পরিচয় লেথক, অধ্যাপক, রাজনৈতিক তাত্ত্বিক, গ্রেষক এক বিশেষ বিশেষ ক্ষেত্রে মার্কিন সরকারের বিশিপ্ন রান্ধর। যথাঃ '৫০ সনে তিনি ছিলেন অপারেশন রিমার্চ অফিদের কন্সালটেন্ট, '৫২ সনে—কন্সালটেন্ট টু দি ভাইরেক্টর অব সাইকোলজিক্ ক্যাল স্ত্রাটেজি ব্যেড, '৫৬ সনে কন্সালটেন্ট টু দি ও্যেপন সিস্টেম ইভোলিউশান বোড এক ইত্যাদি

#### কিসিন্তার, ডঃ ছেনরী আলফ্রেড

ইত্যাদি। এখন—কনসালটেণ্ট টু দি প্রেসিডেণ্ট, ইউ. এস. এ।

ত্ব'জনে চেনা হয়েছিল অবশ্য পরস্পর বিরোধিতার মধ্যে। কিন্তু কিসিঙ্গার আর কেনেডিব মধ্যে আজ রাতিমত সোহার্দ্য। এজন্যে নয় যে হঙ্গনে প্রায় সমবয়দী, কিংবা ত'জনেই লেথক। আসল কারণ, কিসিঙ্গারের কলম।

'৫৭ সনে হাভাড থেকে তিনি
নিক্ষেপ করলেন তার দিতীয় রকেট—
'নিউক্লিয়ার ওয়েপনস আগও ফরেনপলিসি।' সঙ্গে সঙ্গে উড়ো উইলসন
প্রাইজ এবং বকমারী প্রবন্ধার। মায়া
কেটে গেল। কেনেডি সহ আমেরিকা
একথাকো স্বীকার করল 'সমরবিছায়
এতদিনে আমাদেব হাতে একটি
ক্লাসিক সাহিতা এল।' কেননা,
গইটিতে রকেটের আদল ভিতের
কথা ছিল। রাজনৈতিক ভিত্তির
কথা।

তার পরও বিস্তর লিথেছেন ড:
কিসিঙ্গার। তা ছাড়া 'কনফুয়ে<del>ডা</del>' নামে তিনি একথানা কাগজও চালান। তাঁর লেখার বিষয় সব সময়— রাজনৈতিক।

রাজনীতি বিষয়েই বক্তৃতা দিক্তি ভারতে এদেছেন হার্ভার্ড-এর বিশ্বথাক্তরাষ্ট্রনীতির অধ্যাপক। সঙ্গে এদেছেন, স্ত্রী—আন ফ্লিমথার (Ann Fleis cher) ওরা এখন কলকাতায় আছেন ইতিমধ্যেই তার খোলাখুলি কথা ক্রনে দিকে দিকে বক্তৃতা, বিবৃতি শুক্ত হক্তেগছে। সম্ভবত আরও হবে। কেনন্দ, শুধু পরিচ্ছন্ন মাথা নয়, ডক্টবেব খ্যাতির আর একটি কারণ তার স্পষ্ট ভাষাও।

কিন্তু সমরবিছার এই স্পষ্ট ভাষা কোথার পেলেন তিনি ? সে কি তুর বই থেকে ? ডক্টর হেসে বলবেন অবশুই। কিন্তু যাঁরা ওঁকে পুরে চেনেন তারা বলেন—কিছু পেয়েছেন উনি মাঠ থেকেও।

অনেকেই জানেন না ডর্টর কিসিক্সার ১৯২১ সন অবধিও জাতিতে ছিলেন জার্মান। এবং অনেকেই জানেন না—১৯৪৩ সন থেকে '৪৬ সন্ কেটেছে তার হার্ভার্ডে নয়,—মার্কিন সমর-বাহিনীতে। ১৮.১.৬১

# খান, আৰু ল গফুর

পরাতাররা এল পায়ে বেড়ি পরাতে। রাজনৈতিক কমী বটে, কিন্তু জেলার-এর কডা নির্দেশ—সাবধানে রাণা চাই। কেননা, স্থানটি পেশোয়ার এবং সময়টা ১৯১৯ সন। বাপ বেটা ড'জনেই মেলে ধরলেন নিজ নিজ পা। কিন্তু বেডি তাতে কিছুতেই ঠিক হয়ে লাগে না। জেলে মত বেডি ছিল, একে একে সব ক'টি চেষ্টা করা হল। কিন্তু রুণা। এ পাঠানের পা কোন বেড়িতেই বেড পায় না। পাবে কি করে? জেলার রিপোট লিখলেন, ছোকরাটার বয়স তিরিশও হয়ত হবে না, কিন্তু দেহের ওজন ২২০ পাউও।

ত্ব'শ কুড়ি পাউণ্ড ওজন, সাডে ছ'
ফটের ওপর লম্বা, থড়েগর মত নাক,
গোলাপের রং। এণ্ড,জ সাহেব আন্দুল
গজরকে দেখে লিথেছিলেন—'এ
কিং এমাং মেন বাই ফেটার অ্যাণ্ড
ডিগনিট অব বিয়ারিং।' সীমান্তের
লক্ষ লক্ষ তুর্ধর্ম মান্তবন্ত ভাই বলে।
গজুর খান তাদের কাছে—বাদশা
খান। তিনি তাদের বাদশা।

থাস বাদশার ঘরে জন্ম না হলেও 'ফকির' হওয়ার কথা ছিল না আব্দুল গফুরের। বাবা বেহরাম উৎমানজাই গাঁয়ের জনপ্রিয় স্দার। পেশোয়ারের চারসাদ। ওহনীলে তাঁর মত অভিজাত ও সম্পন্ন চ'জন আছেন কিনা সন্দেহ। স্বত্যাং দাদা গেলেন বিলাতে। ডাক্তারি প্রতে। গফুর চললেন মিশনারী ऋतन মাটি কুলেট হতে। পরীক্ষাটা পাশ করা গেল না যথন, গফুর তথন ঠিক করলেন—মিলিটারী হবেন। এক দোস্ত বলল, সেথানে বহুৎ বে-ইজ্ঞতি। সাহেবরা যাচ্ছেতাই ব্যবহার করে। স্বতরাং মিলিটারী দাজা আর হল না. গফুর এবার আলিগডে। মুদলমানি লেখাপডাই ভাল। এক বছর কাটতে না কাটতে বাবা ডেকে পাঠালেন। তোমাকেও বিলেত যেতে হবে। তুমি ইঞ্জিনীয়ারিং পড তাই আমার ইচ্ছে। ব্যস। দিন ক্ষণ স্থির হয়ে গেল। ভাহাভের টিকিট কেনা পর্যস্ত। কিন্ত গোল বাঁধল যাওয়ার দিনে। মা কেঁদে কেটে পড়লেন: বড়টিও বাহার মৃল্পুক,

### খান, আব্দুল গফুর

এটিও যদি যায় তবে আমার কোল থালি। আদুল গফুরের চওড়া নুকটার নীচে মনটা ছিল মায়ের চেয়েও নরম। তিনি সাজগোজ ফেলে মায়ের কোলে বদে পড়লেন। সেই থেকেই তিনি সীমান্ত প্রদেশের কোলে।

'দীমান্ত গান্ধী' বাদশা থান গান্ধী হয়েছিলেন গান্ধীজীকে দেখনার বহু আগে। ছই গান্ধীতে প্রথম দেখা ১৯৩১ সনে। অথচ আব্দুল গফুরের পরিবার ১৯১৯ সন থেকে গান্ধীবাদী। আজ গান্ধীজী নেই। কিন্তু দীমান্তের গান্ধী আজও আছেন। তাঁর চোথের শামনে অনেক ভূমিকম্প ঘটে গেছে, মনের ওপর দিয়ে বয়ে গেছে অনেক ঝড়, কিন্তু থোদাই থিদমদ্যার আৰু ল গফুর একটও টলেননি তাতে। পাকিস্তানের আদালত একবার ডু' টাকা জরিমানা করেছিল তাঁকে। বিচারক হুকুম দিলেন অনাদায়ে এক-দিন কারাদও। গফুর থাঁ বললেন, দ্বিতীয়টিই আমার পছন। জিল্প একবার ডেকে পাঠিয়েছিলেন ওঁকে। আদ ল গফুর বেরিয়ে এসে বলেছিলেন—'জিল্লা সাহেবকে লাট করেছে সাহেবরা। যিনি অন্সের হকুমে লাট, তাঁর হুকুমে চলবে কে ?' এবার আয়ুব থার হুকুম জারী হয়েছে সত্তর বছরের বৃদ্ধ গাফুর থাঁর ওপর। তাকে ছ' বছরের জন্মে রাজনীতিতে ইন্ফা **मिर्ट १रव। नयुष्ट-। प्रामान्टरक** ভয় পাওয়ার মত মানুষ আৰুল গফুর কেন, পাঠানমূল্লকেও কম। কিন্তু দেটা প্রশ্ন নয়। আযুব থাঁ একট্ লক্ষ্য করলেই দেখতে পেতেন, এই পাঠানশ্রেষ্ঠ বাজনীতি থেকে অবসর নিয়ে আছেন আজ এক যুগ। '৪৭ সনে বিহারেই গান্ধীজীর পাশে দাঁছিয়ে তিনি বলে গেছেন সে কথা। দ্বিতীয়ত, চলতি অর্থে যাকে রাজনীতি বলে—গফ্কর খাঁ যদি কোন দিন গা করতেনই, তবে সীমান্ত প্রদেশের ইতিহাসটা অস্তত একট অক্সরকম হত। জাবনে কোনদিন ইলেকশানে দাঁড়াননি সীমান্তের গান্ধী। তার র ছ-নৈতিক জীবন খোদার থিদমদ মতে। সেটাকে বে-আইনি ঘোষণা কলার শক্তি বোধ হয় কারও নেই। কারণ আৰুল গফুরের বাবা স্বীকার করেছেন তারও নেই। বুড়ো বেহরাম ছেলেকে ডেকে বললেন—'আৰু ব তোমার সদেশী বন্ধ কর।' আৰুল বললেন—'বাপজান আমি কি নমাজ পড়া বন্ধ করতে পারি ?' বাবা বল্লেন — 'সাচ বাৎ।' বাপ-বেটা ত্ৰ'জনে একসঙ্গে চললেন জেলে।

#### খান, আয়ুব

"These illiterate peasants certainly know less about running a country than I do!"

—গণতন্ত্রকে হত্যা করাব স্থপক্ষে কৈ দিয়ত দিখেছিলেন পাকিস্তানের বাইপতি মেজর জেনারেল ইপান্দর মীজা। কয়দিন পরে প্রায় একই কৈ ফিয়তে তাঁর হাত থেকে ক্ষমতা কেছে নিষেছিলেন তাঁর নবনিযুক্ত প্রধানমধী। প্রেসিডেন্ট মীজাকে জাের করে দেশত্যাগী করাব সময়ে জেনারেল আয়ুব থান কৈ ফিয়ত দিয়েভিনে— দৈল্যবাহিনী এমন লােককে রাজতক্তে দেখতে চায়, যাার ওপরে তাাদের আস্থা আছে।

সেনাদলের আস্থাভাজন জেনারেল আয়ুব থান নিজেই বদলেন পাকিস্তানের দি:হাসনে। ছ'ফুট ছ'ইঞ্চি উচ্, ছই শ'দশ পাউগু ওজন। উত্তর পশ্চিম শীমান্তের ছুর্ধর পাঠানদের ছরের স্থান, ইংল্ডে স্থাগুহাস্ট কলেজের ছাত্র, রুটিশ বাহিনীর পুরানো সেবক একাল বছরের তরুণ আয়ুবকে দেখে মিত্ররা হুন্ট হলেন, প্রতিবেশীরা শ্বিত।

গেল এক বছরে আয়ুব থার বে-পরোয়া শাদন এবং চালচলনে প্রতি-বেশীদের শঙ্কা কমলেও, এই জেনা-রেলটি সম্পকে তাদের সন্দেহ বোধহয় কমেনি। বিশেষ করে ভারতের। ভারত-সম্পরেক এক বছরে আয়ুব যা করেছেন ভার মধ্যে উল্লেখযোগ্য (১) প্রদীমান্তের হাসামা (২) খালের জলের পুরানো বিরোধের অপেকারত ক্রত সমাধানের চেষ্টা. (৩) নেহজর সঙ্গে সাক্ষাৎকার এবং (৪) পাকিস্তানী কাগজে 'ভারতেব' বদলে 'ইণ্ডিয়া'র প্রবতন। অদর-ভবিয়াতে এই প্রতিবেশীটি সম্পর্কে আয়ুব যা করতে চান বলে প্রকাশ তার মধ্যে আছে (১) পশ্চিম-দীমান্তের পাকা মীমাংসা, (২) তই দেশের প্রতিরক্ষা ব্যবস্থা এবং (৩) কাশ্মীর উদ্ধার।

সম্প্রতি এই শেষোক্ত কর্ত্বাটি
নিয়েই পাকিস্তানে আবার পুরানো
জিগির তুলেছেন আয়ুব। কথনও
বলছেন—কাশ্মীর পাকিস্তানের প্রাণ,
তাকে আমাদের চাই। কথনও
বলছেন— কাশ্মীরের মৃক্তি কাশ্মীরের
জনগণের স্বাধীনতার নামেই
প্রয়োজন।

বলা বাহুলা, আয়ুব খাঁ এবং জন-

#### भान, ওস্তাদ আলাউদ্দীন

গণের স্বাধীনতা সম্পূর্ণ হুই জিনিস।
গেল এক বছরে আয়ুব নিজে দেশদেবার পুরস্কার হিসাবে জেনারেল
থেকে মেজর জেনারেল হয়েছেন।
কিন্তু এখনও শত শত দেশপ্রেমিক
তার কারাগারে। পাকিস্তানের
অগ্রতম দৈনিক কাগজ 'পাকিস্তান
টাইমস্' তার আদেশে কণ্ঠকন্ধ।
আধুনিক পাকিস্তানের শ্রেষ্ঠ কবি
কৈজ আমেদ কারাক্দ। আর
জনগণ প্ আয়ুব বলেন—

"Lots of people are bloody fools!" > . . . %

#### খান, ওস্তাদ আলাউদ্দীন

"রোজ একবেলা গঙ্গাজল থাই,—
সাধু বলে দিয়েছেন। আর একবেলা
লঙ্গরথানায়,—আর ঐ কেদার
ভাক্তারের বারান্দায় শুই। একদিন
জিজ্ঞেদ করলেন কেদার ভাক্তার—
'এই ছোকরা কে রে তুই ?'

'—আমি বাড়ী থেকে পালিয়ে এসেছি। ত্রিপুরায় বাড়ী। গান বাজনা শিথতে চাই।'…

'—কী, গান বাজনা!…চুরিটুরি করবে না ত থ'

'—আজে,—কোন ওস্তাদ জানা থাকলে—' 'ওস্তাদ ?—জুতো মারব ?— বেরো ৩— ৷'…"

তবৃত্ত ওস্তাদ পাওয়া গেল।
কোনা, ওঁর মত বয়স, আটটা মাত্র
টাকা সম্বল করে স্কদূর ত্রিপুরার গ্
থেকে যাঁরা কলকাতা অবধি আসেন—
চিরকাল তারা ওস্তাদ পান।

প্রথমে লুলু গোপাল। যতীক্র
মোহনের কোর্টের গাইরে! তারপর
স্বামী বিবেকানন্দের ভাই হারু দত্ত।
ঐ স্ত্রেই মিনাভায় চাকরী। মাসে
মাইনে এক টাকা। "গিরিশ ঘোষ
বললেন—'নেড়েটা ত বেশ বাজায়।'
— এই নেডে তুই কি আমাদের
কাছেও নেডেই থাকবি ?"…পিঠে
থাবডা দিয়ে বললেন—'এই ভোর
নাম হল প্রসন্ধ বিশাস!'

অবিশ্বাস্থ কাহিনী। কিন্তু প্রতিটি ঘটনা সতা। ওস্তাদ আলাউদ্দীন থার জীবনকথা সেদিক থেকে আলাদীনের রূপকথার চেয়েও রোমাঞ্চকর।

মিনার্ভায় থাকতে থাকতেই
গোয়ানীজ লোবো সাহেবের ভায়োলিন
শেথা হয়ে গেল। তার এক শিয়ের
কাছে শিথলেন—কর্নেট। তারপর
মেছো-বাজারের হাজারী ওস্তাদের
কাছে—শানাই, নাকাড়া, টিকারা।
সাত সাতটা বছর কেটে গেল।

#### খান. ওস্তাদ আলাউদ্দীন

কিন্তু বিষ্যা যে এখনও অ-আ-ক-থ ধাপে সেটা জানা গেল মৃক্তাগাছা গিয়ে। আচার্য জগং-কিশোরকে দেখে আবার উন্মাদ হলেন আলাউদ্দীন। অবাধ এবং উন্মাদ।

তবে সাস্থনা এই সদগুরু পাওয়া গেল। রামপুরের ওস্তাদ আহামদ আলী তথন মৃক্তাগাছায়। যোল মতের বছরের ছেলের কান্না দেখে তিনি সাকরেদ করে নিলেন তাকে।

আলাউদীন এখন আহমদ আলীর
সাকরেদ। তার সঙ্গে সঙ্গে ঘোবেন।
খানা পাকান। রান্না ঘরে বসে
গোপনে গুরুর বিছা চুরি করেন।
কথনও কথনও গুরুর বাড়ীতে
মজুরের কাজও করেন। কিছ মনে
এক বিন্দু ছঃখ নেই।

তৃংথ হল দেদিন গুরুমাতা থেদিন বললেন, আলাউদ্দীন এবার তৃমি অক্স ডাক্তার দেখ। মনের তৃংথে আলাউদ্দীন তার সর্বস্থ দিয়ে তৃ তোলা আফিং কিনলেন। কিন্তু মরলেন না। কারণ, যাঁরা এমন কারণে মরতে চান তারা বোধ হয় এভাবে মরতে পাবেন না। কালিদাসও পাবেননি।

স্থতরাং, মদজিদে মরতে গিয়ে পরিবর্তে অন্থ আশ্রয় পেলেন। এবার গুরু রামপুরের নবাব দরবারের বিখ্যাত ওস্তাদ স্বয়ং উজীর থা। নবাব বললেন, জাতে বাঙ্গালী, বোমা মারবে নাত!

'—আজেনা, তবে যদি শেখান, তবে স্ববের বোমা মারতে পারি!' উজীর থা এই শিশ্বকে হাতছাড়া করতে রাজী হলেন না।

বছরের পর বছর চলে গেল এই ভাবে। তারপর হঠাৎ একদিন চারদিকে জানাজানি হয়ে গেল— ত্রিপুরার সেই দিরাজু ডাকাতের নাতিটি সত্যি সত্যিই ডাকাত হয়েছে। স্থারের ডাকাত। নাম তাঁর—ওস্তাদ আলাউদ্দীন।

অনেক শিরোপা। মাইহার,—
ভারতবর্ষ, ইউরোপ, শাস্থিনিকেতন।
'আবিসিনিয়ায় তথন যুদ্ধ ছিল
ইউরোপ যাব, তার আগেই এথানে

#### খান, বেগম লিয়াকৎ আলি

(শান্তিনিকেতনে) ছিলাম। যথন
যাব তথন গুকুজী বলেন—'নন্দলাল
জালাউদ্দীনের মাথাটা রেথে দাও!
নন্দবারুর এক ছাত্র আমার মাথাটা
রেথে দিল মূর্তিতে! বছকাল পরে
গুকুদেবহীন বিশ্বভারতী আবার সন্মান
জানাল হাঁকে। গুন্তাদ আলাউদ্দীনকে
এবার "দেশিকোত্তম" উপাধিতে ভূষিত
করলেন ভাঁৱা।

উপাধি দিয়ে যেমন সঠিক পরিমাপ করা যায় না, কথা দিয়েও তেমনি মান্থাটকে বোঝান যায় না। আশী পেরিয়ে গেছেন। বয়সের কোন হিসেব নেই। যেন নুগযুগান্ত ধরে সাধনা করে চলেছেন। এমনকি আজ্ঞ।

তার চেয়েও আশ্চর্য সেই সাধকের ভঙ্গীটি। খ্যাতি, মান ঐশ্বর্য সব পেয়েছেন এই মান্ত্রটি। কিন্দ্র কথায়-বার্তায় পোশাকে যেন চিরকালের বাউল।

সাদাসিধে পোশাক। সেই 'কথামৃতে'র বাতভঙ্গী। 'রুটি পাওয়া ধাবে
ত ? আমি দিনে বাঙালী, রাতে
পশ্চিমা!' আর জীবনে ?—জীবনে
তিনি মৃতিমান সঙ্গীত, স্বর! অনেকেই
বোধহয় জানেন না ওস্তাদ আলাউদ্দীনের ঘরে তাঁকে বাদ দিলে আর

মূর্তি আছে হুটো। একটি সরস্বতীর, অন্তটি বিটোফেনের! ৬.৪.৬১

#### খান, বেগম লিয়াকত আলি

কলকাতারই একটা কলেজে
ট্রেনিং পড়তেন। স্থতরাং, বয়স,
ঐশ্ব্য, খ্যাতি ইত্যাদির রকমারি
প্রলেপের পরেও হয়ত মুখটা অনেকের
চেনা চেনা।

পাশ করার পর প্রথম ছ'মাদ কলকাতারই একটা মেয়ে স্থলে মাদটারী করছিলেন, স্থতরাং দহপাঠী দহপাঠিনী ছাড়া ছাত্রীদেরও কারও কারও হয়ত মনে আছে অজানা বস্তুতে রঞ্জিত (দেকালে এ দব বস্তু প্রায় অজ্ঞাতই ছিল) পাতলা ঠোট ছটির কথা, যত্র করে ছাটা একমাথা কোঁকড়ান চুলের কথা।—কিন্তু নামটি?

মনে থাকলেও দে নাম আজ
আর চেনা থাবে না। আলমোড়ার
সেই মেয়েটিকে। কেননা, সেদিন
যিনি কুমারী রাণা, আজ তিনি বেগম
লিয়াকত আলি থান।

মা বাবার পছন্দ নয়।'—আই
হার্ড মি: আলি থান উইল গিভ এ
ন্দীচ ইন দি এসেম্বলি,—এগু ছাট গট
মি' সগর্বে আজও বেগম সাহেবা

### খান, সর্দার মহম্মদ দাউদ

গড় গড় ইংরেজীতে বলতে পারেন দেকথা।

সে '২৬ সনের কথা। আলমোড়ার মেয়ে তথন নৈনিতালের
ওয়েলেসলি কলেজের পাঠ সাঙ্গ করে
লক্ষ্ণের ইসাবেলা কলেজ ধরেছে।
স্থাপাশ করা অল্পনোর্ডের গ্রাজুরেট
লিয়াকত আলি সবে এসেছেন ইউ
পি'র ব্যবস্থাপক সভায়।

বিয়ে হয়েছে অবশ্য তার অনেক
পরে, ১৯৩৩ সনে। এম-এ ক্লাসে
লক্ষ্ণী বিশ্ববিদ্যালয়ের একমাত্র ছাত্রী
রূপনী রাণা তথন ইকন্মিকস-এর
ফাস্ট'র্লাস এম-এ, এবং কলকাতার
জি-টি। তিনি দিল্লির একটা কলেজে
অধ্যাপনা করেন, ইকন্মিকস
প্ডান।

বিয়ের পর থেকে বেগম লিয়াকত
আলি—মুসলিম নাহানে তারকা
বিশেষ। তিনি পদা মানেন না,
অধিকন্ত টাইপ জানেন। তত্পরি
তিনি রাজনীতিও বোকেন।

স্তরাং, সগবে পাকিস্তানীরা বললেন—বেগম আমাদের বিজয়লক্ষী। মাকিন দেশে মুসলিম মহিলাকে রাষ্ট্রদূতের বেশে দেখে জানালেন— 'বেগম পূর্ব দেশের এলিনর ক্সভেন্ট।' '—বাট আই এম এফরেড আই

এম নট হাফ বিলিয়াণ্ট এজ সি ইছা!'

—ব্রিমতীর মত উত্তর দিলেন

মিদেস লিয়াকত আলি। সঙ্গে সঙ্গে
রটে গেল—'ভগু স্থলরী নয়, বেগম
কথা বলতেও জানেন,—তিনি
উইটিও।'

আকবর আর আসরফ— তুই ছেলেব জননী বেগম লিয়াকত আলি আরও বিবিধ গুল ধরেন। এই বাধকোও তিনি গান গাইতে পারেন, পিয়ানো বাজাতে পারেন। স্থতরাং, সন্দেহ কি মানব জাতিব মধ্যে সৌহাদা স্থায়ির জলো 'গোম্বেল ইন্টার ল্যাম্নাল' নামক ইতালীয়ান পুরস্বারটি তিনিই পারেন।

উল্লেখযোগ্য, বেগম সাহেবা ইতালীতেই পাকিস্তানের রা<u>ই</u>দূত।

১%. ১১. ৬১

### খান, সর্দার মহম্মদ দাউদ

যাকে বলে 'বড় খবর'— খবরটা
ঠিক তা ছিল না। গেল ১০ই মার্চ
তারিথে কাবুল থেকে প্রচারিত ছোট্ট
সেই সংবাদটিতে শুদু এটুকুই বলা
হয়েছিল— আফগানিস্তানের প্রধানমন্ত্রী
স্বার ১২ম্মদ দাউদ খান প্রদ্তাগ
করেছেন। রাজা জাহির শাহু তাঁর

#### খান, সর্দার মহম্মদ দাউদ

পদত্যাগপত্র গ্রহণ করেছেন। অবশ্র স্থেদে।

খবরটা আরও একট 'বড়' হতে পারত। আফগানিস্তান ছাডাও অস্তত আরও ক'টি দেশে। বিশেষ ভারতে। কেননা, ডুরাও লাইন পরবতীকালের ঘটনা। পাকিস্তান আরও পরে। আহমদ শাহ তররানীর রাজ্ব, আফগানিস্তানের সঙ্গে আমাদের অনেক কালের সম্পর্ক। প্রধানমন্ত্রী দাউদ থাঁ'র পদত্যাগদিনেই আরও থবর ছিল হটে।। প্রথম থবর: ভারত পরিদর্শনে এসেছেন আফগান-রাজের খুল্ভাত মার্শাল শাহ্ওয়ালী। সঙ্গে এসেছেন তার পুত্রবধু এবং রাজকরা বিল্কিস। ওঁরা রাষ্ট্রীয় মুর্যাদায় উনিশ দিন ভারত সফর করবেন। দ্বিতীয়ঃ আগামী ১১ই মে তারিথে সরকারীভাবে আফগানিস্তান প্রিদর্শনে যাচ্ছেন ভারতের রাষ্ট্রপতি। তিনি দেখানে পাঁচদিন কাটাবেন। বন্ধুত্বের গভীরতা, অতএব, ব্যাখ্যা নিপ্রয়োজন। তুর্ এটুকুই উল্লেখ করা প্রয়োজন হিন্দুকুশ আর পারিপার্থিক রাজনৈতিক প্রতিবন্ধকতাকে তুচ্ছ করে এই ছ'টি দেশের মাতৃষকে সম্প্রতি¢ালে যারা আরও কাছাকাছি করেছেন তাঁদের অগ্যতম ছিলেন—

সর্দার দাউদ। ভারত আর আফ-গানিস্তান যে আজ রাজনৈতিক ধর্মে এক—তার পেছনে অনেকথানি ক্ষতিওই তার।

গরীবের ঘরের ছেলে নন।
প্রধানমন্ত্রী দাউদ ছিলেন আফগানরাজের নিকট-আত্মীয়। তাঁর পত্নী
বেগম জারমিনা রাজার নিকটসম্পর্কের
বোন। রাজার নিজের বোন বেগম
জোরাকে বিয়ে করেছেন ছোট ভাই
দর্দার মহম্মদ নাইম থান। তিনি
আফগানিস্তানের পররাষ্ট্রমন্ত্রী।

ভধু বৈবাহিক সম্পর্কে নয়, সর্দার
দাউদ নিজেও রাজপরিবারের সস্তান।
তার বাবা মহম্মদ আজিজ থান ছিলেন
বিখ্যাত মহম্মদ ইউস্থফ থার দ্বিতীয়
পুত্র। আমীর আন্দের রহমান ভারতে
নির্বাসিত করেছিলেন তাঁকে। ইউস্থফ
থা' সেদিন আশ্রয় নিয়েছিলেন
ভারতে। ১৯০১ সন অবধি
আফগানিস্তানের বিখ্যাত মুসাহিবান
পরিবার এ দেশেই ছিলেন।

এই শতকের দ্বিতীয় দশকে হঠাৎ
আবার আফগানিস্তানে পটপরিবর্তন
হল। ১৯১৯ সনে ইংরেজদের পছন্দের
রাজা আমীর হবিবুলা নিহত হলেন।
কথা ছিল তাঁর ভাই নদকলা এবার
ডক্তে বসবেন। কিন্তু বাদ সাধলেন

### খান, সর্দার মহন্মদ দাউদ

হবিবুলাপুত্র বিখ্যাত আমাহলা। আফগানিস্তানের ইতিহাসে তিনি স্থরণীয় নাম। কিন্তু আতাত্রকের মত দেশে পশ্চিমী হাওয়া চালু করতে গিয়ে তিনি গদী হারালেন ('২৯)। রাজা হলেন মোলাদের প্রতিভূ— কুখ্যাত "বাচা-ই-সকাও।" কিন্তু সে ক'দিনের জন্মে। অচিরেই আদরে আবিভূতি হলেন জনৈক নাদির খান। "বাচা"কে ফাঁসিকাঠে বুলিয়ে সি-হাসনে বসলেন তিনি। সেই থেকে স্তরু হল আফগানিস্তানে নব-বংশ। দেশবাদী জেনে নিশ্চিত হল—নাদির ভারতে নিবাসিত সেই ইউজন খার প্রম তন্ত্র। ইউস্থল খাঁব আরও ১রেটি ছেলে ছিল। স্বাই ভারতে ভূমিষ্ঠ। তাদেরই একজন আজিজ থান-পদতাাগী প্রধানমন্ত্রীর পিতা। স্বতরাং বলা চলে একই বংশ। িশেষত মনে রাথতে হবে আফগানি-ভানের বর্মান রাজা জাহিরশাহ নাদির শাহেরই পুত্র।

বড় ঘরের ছেলে। স্থতবাং লেথাপড়াও দেরা স্থল কলেজে। প্রথমে স্বদেশের বিথাাত ইন্তিকুয়াল কলেজে; তারপর পাারিদে। স্দার দাউদের মাতৃত্মির ভাষা পার্শি, তুকী এবং পুস্ত ছাড়াও গড়গড় ফরাদী বলতে পায়েন। ছাত্রজীবনেও তিনি প্রথর ভরুণ ছিলেন। স্বভরাং, পড়া শাঙ্গ হ'ওয়া মাত্র ডাক প্**ডল তাঁ**র জ্যাঠামশাইয়ের দরবারে। নাদির ভাতপুত্রকে কান্দাহারের শাসনকর্তা নিযুক্ত করলেন। ১৯৩৩ সনে ফুটবল থেলায় পুরস্কার বিভরণ করতে গিয়ে আক্ষ্মিকভাবে আত্তায়ীর হাতে নিহত হলেন নাদির। সিংহাসনে বসলেন পুৰ মহমদ জাহির শাহ। সদার দাউদও তথন পিতৃহারা। তার নিহত হয়েছেন বার্লিনে. আফগান দ্তাবাদে। ফলে ত রুজ নরপতি এবং ভরুণ প্রাদেশিক শাসক আরও ঘনিষ্ঠ হলেন। দেখতে দেখতে রাজার অন্তরঙ্গ, স্তর্দ তঃশাংশী স্দার দাউদের পদোন্নতি স্থক হল। প্রথমে দেশের প্রধান দেনাপতি, তারপর সেখান থেকে দেশরকা মথী এবং অবশেষে ১৯৫৩ সনের সেপ্টেম্বরে श्रधानप्रद्यो ।

সদার দাউদ একালের আফগানিস্তানে অন্যতম শ্বরণীয় প্রধানমন্ত্রী।
সাকুল্যে সাড়ে ন'বছর ছিলেন তিনি
প্রধানমন্ত্রীর আসনে। আফগানিস্তানের
জীবনে তার প্রভ্যেকটি উল্লেথখোগ্য
বর্ষ। স্পার দাউদ এ-সময়ের
মধ্যে আফগানিস্তানের জন্তে

#### খান, স্থার মহম্মদ জাফরুরা

করেছেন তার यरधा বিশেষভাবে উল্লেখযোগ্য অন্তত ভিনটি প্রথম—জোট-নিরপেক্ষতা। विषय । এশিয়ার সামরিক এবং রাজনৈতিক মানচিত্রে অন্ততম গুরুত্বপূর্ণ স্থান অধিকারী আফগানিস্তান আমাদের মতই গোঞ্চনিরপেক্ষ দেশ। এ নিরপেকতা অবশ্য আফগানদের জীবনে নতুন নয়। কিন্তু দাউদের নেত্ত্বে আজ তা আরও স্পষ্ট। ১৯৫৫ সনের ডিসেম্বরে ক্রশ্চফের আগমন উপলক্ষে আবার নতুন করে এর কার্যকারিতা প্রমাণ করেছেন তিনি। আফগানিস্তাকে বাশিয়ানরা ১০ কোট ডলার সাহায্যের প্রতিশ্রুতি দিয়ে গিয়েছিল দেদিন। দ্বিতীয় -- দেশের আর্থিক উন্নয়ন। মার্কিন এবং কুশ ক'বছরে আফ-সাহাযো গেল গানিস্তানের বিস্তর চেহারা বদল ঘটিয়েছেন দাউদ। রাজধানী কাবলে আজ ভধু চকচকে ঝকঝকে নতুন নতুন পথই দেখা যাবে না, পথে পথে রাশি রাশি বাস, ট্যাক্সি,—জনতার মুখে যুগ পরিবর্তনের হাসি। তৃতীয়: পাকতুনিস্তান। ১৯৫৫ সনে পাক হামলার मित्न প্রধানমন্ত্রী नाउन স্পষ্টভাষায় জানিয়েছেন লক পাঠানের স্বাধীনতা সংগ্রামে তার

সরকারের শুধু যে সহাত্মভৃতি আছে তাই নয়,—তিনি মৃক্তিযোদ্ধাদের যে কোন উপায়ে সাহায্যেও প্রস্তত!

এই তঃসাহ্দী প্রধানমন্ত্রীর বিদায় গ্রহণে, অতএব বলা নিষ্প্রয়োজন, হয়ত কেউ কেউ খুশা হবেন। কিন্তু তার নিরাশ হবেন চুয়ার বছরের এই প্রবীণ রাজনীতিকের আসনে যিনি এলেন তাঁর পরিচয় শুনলে। সত্য বটে. আফগানিস্তানের সত্ত-নিযুক্ত প্রধান-মন্ত্ৰী ডঃ মহম্মদ ইউস্থফ নীল রক্তহীন মান্তব,—তিনি একাস্তভাবেই গ্রীবের ঘরের ছেলে। কিন্তু তাই খলে তাঁকে দিতীয় 'বাচা-ই-সকাও' বা কুখ্যাত **সেই 'ভিস্তিওয়ালার পুত্র'** ভাবলে প্রতিক্রিয়াপখীদের ঠকতেই হবে: কেন না, প্রধানমন্ত্রী ইউস্কফ ক'দিন আগেও ছিলেন দাউদের অক্তম বান্ধব,—সহক্ষী। তার মন্ত্রিসভাতেই খনি এবং শিল্পমন্ত্রী ছিলেন তিনি।

২১. ৩. ৬৩

#### খান, স্থার মহম্মদ জাফরুলা

অবশেষে যুদ্ধবিরতি।
স্থির হল তু'পক্ষের সেনানায়কেরা
এক জায়গায় মিলবেন। সঙ্গে
থাকবেন 'যুনো'র মধ্যস্থরা।
যথা সময়ে ভারতীয় জেনরেলর

এগিয়ে গেলেন। ওদিক থেকে
এগিয়ে আসছেন পাকিস্তানী জেনারেলরাও। ছ'দলেরই আজ থালি
হাতে মিলবার কথা।—কিস্ক এ কি ?
—ওঁদের হাতে এমনি একথানা ঝুড়ি
কেন ? বোমা টোমা নয় ত ?

'—না ভাই সে সব কিছু নয়'

—হেদে ফেললেন জনৈক পাকিস্তানী

জেনারেল,—'সে কথা পরে হবে।

আগে বল দিকি শ্রীনগর রেভিও থেকে

যে মেয়েটি প্রতিদিন এমন মিষ্টি গলায়

আমাদের গালাগালি করে,—সে কি

দেখতেও তেমনি মিষ্টি ?—যদি তাই

হয়, তবে এই আপেলের ঝুড়িটা তাকে

দিও। বলো,—আমাদের উপহার।'

গালমন্দ ভনেও দেদিন উপহার নিয়ে এসেছিল শত্রুপক্ষের দৈন্তরা। কারণ, মেয়েটির গলাটা ভাল ছিল। আর এক দফা তর্জন গ্রাজন, রণভ্সার ইত্যাদি শুনতে হবে জেনেও আস এ মাত্রটিকে নিয়ে লিথতে হচ্ছে. কারণ,—লোকটি সত্যিই বক্তা ভাল। वित्मवनामि मह श्रुद्धा नाम कोधुदी ভার সহমদ জাফকলা থান। সনের ফেব্রুয়ারী মাদে. পাঞ্চাবের **श्विशानदकार** । বাবা নসকল ছিলেন শিয়ালকোটের প্রতিষ্ঠিত এটর্নি এবং মস্ত জমিদার।

ফলে মাজাসার বদলে ছেলে গেল স্থানীয় আমেরিকান স্কুলে এবং সেথান থেকে লাহোরের সরকারী কলেজে।

কলেজ থেকে ইকনমিক্স এবং হিট্রিতে জনার্স নিয়ে জাফরুলা বি. এ. পাশ করলেন। তারপর চললেন বিলেতে। লগুন বিশ্বিভালয়ের কিংস কলেজের ছাত্র জাফরুলা দেখানকার এল এল বি, লিস্কনস ইন-এর ব্যারিস্টার এবং কেম্বিজের—ডক্টরেট।

১৯১৪ সন। দেশে ফিরে বাবার
আসনে বসে স্থক হল প্রাকটিস।

হ'বছর ছিলেন সেথানে। তারপর

চলে গেলেন লাহোরে, মুনিভারসিটিতে
আইন অধ্যাপনার কাজ নিয়ে।

কেম্বিজের পদবীটা ঐ কালেই

(১৯১১-২৪) অর্জিত।

এক সময় পড়াবার কাজও ছেড়ে দিলেন। দিয়ে লাহোর হাইকোটে চুকলেন। জাফরুলার রাজনৈতিক জীবনের স্টনা সেইখানেই, হাই-কোটের ফাঁকে ফাঁকে অবসর বিনোদনে। '২৬ সনে পাঞ্চাব ব্যবস্থাপক সভায় সদস্য মনোনীত হলেন জাফরুলা।

'৩২ সনে হাইকোর্ট ছাড়লেন বটে, কিন্তু ঐ আসনটি নয়। কেননা ইতিমধ্যে রাজনীতি স্বভাবে দাঁড়িয়ে

#### খান, স্থার মহম্মদ জাফরুরা

গেছে। জাফরুলা থান নিথিল ভারত
মুদলিম লীগের দভাপতি ('৩১-'৩২)
নির্বাচিত হয়েছেন, ওদিকে দিলিতেও
ভাঁকে নিয়ে টানাটানি স্করু হয়ে গেছে।

'০১ সনের মার্চ। রাজধানীতে বিথ্যাত 'দিল্লি ষড়ধল্লের' মামলা। ক্রাউনের পক্ষে গাউন গায়ে দিয়ে দাঁড়িয়েছেন জাফকলা। দেশময় স্থাদেশী ওয়ালারা ছি ছি করছেন, সাবাদ দিচ্ছেন ভারত সরকার।

শুধু মৌথিক বাহনা নয়, পুরস্কারও
মিলল। মুদলিম লীগের সভাপতি
জাফরুলা থান নিযুক্ত হলেন গভর্নর
জেনারেলের শিক্ষামন্ত্রী। থ্যাতি তথা
উন্নতির সেই করু।

তারপর তদানীস্তন ভারত
সরকারের হয়ে জাফকলা দেশে
এবং বিদেশে অনেক কাজ করেছেন,
অনেক পদে বদেছেন। তার মধ্যে
বিশেষভাবে উল্লেখযোগ্য: '৩৫ থেকে
'৪১ পর্যন্ত তিনি ছিলেন কেন্দ্রীয় মন্ত্রীসভার বাণিজ্য, আইন এবং যুদ্ধ
সরবরাহ মন্ত্রী। '৪২ সনে তিনি
ছিলেন চীন দেশে ভারত সরকারের
প্রধান প্রতিনিধি। এবং '৪১ থেকে
'৪৭ সন প্যন্ত ভারতীয় ফেডারেল
কোর্টের অন্যতম বিচারপতি। এছাড়া
জাফকলা লীগ অব নেশনস ('৩৯)-এ

ভারতের প্রতিনিধিত্ব করেছেন এবং পর পর তিনটে গোল টেবিলে যোগ দিয়েছেন।

স্থতরাং, '৪৭ সনে পাকিস্তানের প্রতিনিধি হিসেবে জাফরুলা থান ষণন জাতিপুঞ্জে এসে দাঁডিয়েছেন তথন তিনি রীতিমত ঝারু রাজনীতিক। অস্তত মথে যে তাঁর তল্য পাকি স্থানী দ্বিতীয় কেউ নেই তাও বোঝা গেল দেদিন জাফকলা যেদিন প্রথম বক্ততা দিতে উঠে দাভালেন। বিষয়টা ছিল —প্যালেস্টাইন। কিন্তু শুনে মনে হয়েছিল দেশটা পাকিস্তান। উল্লেখযোগ্য, তার সেই বক্তভাটাই মাারথন-এর গৌরব পেয়েছিল অনেক কাল।—ভবে ইচা. মেছেল পেয়েছিল পরেরটা, থেটা কাশ্মীর উপলক্ষে উদ্গারিত। জাফরুলার নামে সেদিন পাকিস্তান্যয় 'মার হাবা!— মাব হাবা ।'

'৪৭ থেকে '৫৪,—একটানা জয়-ধ্বনি সহসা একদিন আন্তর্জাতিক আদালতে বিচারপতি পদে তলিয়ে গিয়েছিলেন পাকিস্তানের পরগাই সচিব চৌধুরী জাফরুলা। দেশের বিধ আলোড়নকারী সংবাদগুলোর মধ্যে একমাত্র শোনা গিয়েছিল সেই ব্যীয়ান রাজনীতিজ্ঞাটর নাম, কিন্তু সেই

#### (योजना, ७: क्यायामार्थ

নতাস্কই একটি ঘরোয়া সংবাদে।

কাশীর নয়, আয়ুবের রাজত্ব সম্পর্কে

কান স্থচিস্তিত মস্তব্যও নয়, থবর

ল চৌধুরী জাফকলা থান বিতীয়বার

লর পরিগ্রহ করেছেন। এবং বর

লনও বাধক্যে, কনে বহুরা বক্ষামি

শৈতিমত তক্ষী। তাছাড়া মেয়েটি

লনদানী। তার বাবা ছিলেন বিখ্যাত

ধ্নিম রক্ষানি।

জাফরুলার প্রথমা স্ত্রীও থানদানী থারর মেয়ে। নাম তার সাজরিদা বিগম। বাবার নাম এস. এ. থান। গুল থান সাহেব ছিলেন এককালে প্রকালে খ্যাতনামা আই সি এস। উল্লেখযোগ্য, আমামূল হাই নামে প্রারহ্মেগ্য, আমামূল হাই নামে

বর্তমান থবর তব্ও চৌধুরী
কেল্লার ওজন কমেনি এবং লোক
চিজে তিনি বিন্দুমাত্র থাটো হননি
দ্রিক্তথা— ফুট ১০ ইঞ্চি, ওজন—
সেকেলে ১৫৫ পাউও) যদি হতেন,
াবে কাশ্মীর উপলক্ষে নিশ্চয়ই আবার
ভিক্তেশ্বল করা হত না।

39. 6. 93

### খোদলা, ডঃ অযোধ্যানাথ

এক কথায় দ্বিতীয় ভাকর। না**ঙাল** <sup>হন</sup>। এজত্যে নয় যে নবীন ভারতের অধিকাংশ ড্যাম-ব্যারেজের মন্ত নিজের মাতৃত্মির সেই বিখ্যাত বাধটিতেও তার মন্তিজের স্বাক্ষর ছিল বা আছে। বক্তব্য: তেমনি মজবুত ভিতে গড়া মান্তব, তেমনি বিশাল বিস্মাকর ব্যক্তিত।

নাম—ড: অংযাধ্যানাথ থোসলা।
দেশ—পঞ্চনদীর দেশ। বয়স—সন্তর।
পরিচয়—বিখথ্যাত নদী-শাসক,
একালের ভারতের অন্যতম কুতী
ইঞ্জিনীয়ার।

লাহোর থেকে বি এ গাশ করার ক' বছর পরে রুড়কি'র পাশ করা ছেলে অযোধ্যানাথ যথন কাঁটা-কম্পাস আর ম্যাপ-স্কেল নিয়ে কাজে নেমে-ছিলেন—ভারতে তথন অন্য যুগ। (कनना, (म ১৯১७ मरनत्र कथा। তারপর এল প্রথম মহাযুদ্ধ। পাঞ্চাবে পি ভব্লিউ ডি'র কর্মী থোদলার ভাক পড়ল দিলিতে, কেন্দ্রীয় ইঞ্জিনীয়ারিং সাভিমে। তারপর থেকে নানা পদে সেখানেই ছিলেন। ভারত খাধীন হওয়ার দিনে সব সিঁড়ির শেষে যে আসনটিতে তাঁকে পাওয়া গিয়েছিল তার নাম—'কন্সাণ্টিং ইঞ্লিনীয়ার এও চেয়ারম্যান, দেণ্ট্রাল ওয়াটার এও পাওয়ার কমিশন।' মিনিঞ্জি

#### গজেন্দ্র গদকার, পি. কি.

অব ইরিগেশন এণ্ড পাওয়ার অতঃপর সানন্দে ওঁকে নিজেদের দপ্তরে স্পেশ্রাল সেকেটারী করে নিলেন। ১৯৫৩ সন च्चविध (थामना (म পদেই ছিলেন। এ সময়ে তিনি যা যা করেছেন বা হয়েছেন তার মধ্যে আছে: ভারতের প্রধান প্রধান সমুদ্য নদী পরিকল্পনা এবং সে সব পরিকল্পনা রূপায়িত করার পথে প্রথম পদক্ষেপ, ভাকরা সংক্রান্ত পরামর্শদাতাদের কমিটির সভাপতিত্ব, নদী সম্পর্কিত তিন চারটে গুরুতর মৌলিক গবেষণা, কয়েকবার বিদেশ পরিদর্শন, ইণ্টার আশনাল কমিশন অন ইরিগেশন এও ডেনেজ নামে একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান স্থাপন এবং ইত্যাদি ইত্যাদি।

'৫৪ সনে খোদলা সরকারী কাজ থেকে অব্যাহতি পেলেন। পরবর্তী পাচ বছর কেটেছে তার প্রানো বিভালয়ের কড়কি বিশ্ববিভালয়ে উপাচার্যের পদে। কিন্তু '৫১ সনে আবার দিলির দপ্তরে ফিরে আদতে 
হল তাঁকে। কেননা, ভারত সরকরে
বিবেচনা করে দেখেছেন—মানুহাই
আরও কিছুদিনের জন্মে অস্তত প্রি
কল্পনাকারীদের কাছে অপরিহাম।
ওঁরা তাঁকে পরিকল্পনা কমিশনের মূদ্র
করে নিলেন। ইতিমধ্যে উপ্তেম খোসলা আমেরিকা থেকে ভর্তুরেই
উপাধি পেয়েছেন এবং স্থদেশ থেকে
'পদ্যভ্ষণ'।

'পদাভ্ষণ' ইঞ্জিনীয়ার একসার আরও একটি নতুন সম্মানে সম্মানিং হলেন। সংবাদ: তিনি উড়িয়ার নতুন রাজ্যপাল নিযুক্ত হয়েছেন। বলাং দিধা নেই, উড়িয়া ভাস্যবান কেননা, রাজ্য প্রধানের আসনে উপে এমন একজনকে পেলেন থিনি রাজনীতিক নন, ভারতের অহতং গঠনক্মী এবং ব্যক্তিত্বে কৃতিত্বে থিনি স্বিত্যই দিভীয় ভাকরা-নাঙাল।

32. 9. 52

# গ

গজেন্দ্র গদকার, পি. কি

মাত্র দিনকয় আগের কথা।

থবরের কাগজের পাতা ওন্টাতে

ওন্টাতে হঠাৎ একটি নাণ্টি<sup>টিং</sup> শিরোনামা চোথে ঠেকেছিল। ত<sup>াটে</sup> লেখা: সোন্ডাল ওয়েলফেয়ার

### গজেন্দ্র গদকার, পি. কি.

্রে দি কণ্ট অব ওয়ানস লিবার্টি। ন্মত:পর ভেতরে প্রবেশ না করে উপায় ছিল না। কেননা, সামাজিক ভায়ের হত্ম মানুষ যথন সামাত্য বাধা পাওয়া-ের প্রচলিত আইনের প্রাচীর ভাঙতে ইন্নত, সামাজিক স্বাধীনতার ব্যাপক হ কার সামনে ব্যক্তিগত স্বাধীনতা যথন বুল্লিত, তুখন কে এই মামুষ, আইনের ানের নামে যিনি প্রকাণ্ডো এমন ফিনীত স্থারে কথা বলছেন! ক'ছত্র প্রান্থ জেনেছিলাম মান্ত্রুটি সামাজিক ত্রিকারের ক্ষেত্রে স্থিতাবস্থা রাথতে ১<sup>ন</sup> এমন কোন সমাজতত্ত্ববিদ কিংবা ্ডণতিক নন, – তিনি স্থপ্রিম াক্টের অক্সজম স্থাপাত বিচারপতি 🖭 গছেন্দ্রগদকার। আরও জেনে-হিল'ম শিরোনামটা শির মাত্র, তার-বিও হুদ্য, মন ইত্যাদি আছে। বক্তা িশাল বাক্তিগত স্বাধীনতা 🔭 ম'জিক কল্যাণের মধ্যে যুক্তিপূর্ণ শ্মঞ্জ চান। আরও নিক্ষ করে েল—তিনি ভারতে সর্বাবস্থায় <sup>ছাটোর</sup> শাসন চান। বক্তভার শিশক্ষা—পশ্চিম ভারতের অ্যাড-হ'কেট অ্যাসোসিয়েশনের শতবার্ষিকী ংগব। স্থান—বোম্বাই। তারিথ ই অক্টোবর, ১৯৬৩ সন।

<sup>म्य मिन</sup> चूरत चारमिन। जात्रहे

মধ্যে নতুন থবর: আগামী ফেব্রুয়ারী থেকে গ্রীগজেন্দ্রগদকার ভারতের সর্বোচ্চ আদালত স্থপ্রিম কোর্টের প্রধান বিচারপতি। থবরটা উৎসাহ-জনক। কেননা, শুধু এই একটি ভাষণ সার নয়, শ্রীগজেন্দ্রগদকারের গোটা জীবনের সার কথা এই---আইনের ওয়াকিবহালরা জানেন. ভারতের শাসনতত্তে ৩৬৮ নম্বর একটি ধারা আছে। তদকুষায়ী আমাদের শাসনতন্ত্র প্রথম দশ বছবে এগারবার সংশোধিত হয়েছে ৷ 94. সংশোধনের পেছনে স্বপ্থিম কোর্টের তীক চোখগুলোব ভমিক। কি। ইদানীং আরও গুক্রপূর্ণ যেন তৃতীয় থণ্ডের ৩২ নম্বর ধারাটি। সেটি কেন্দ্র করে বাক্দি-সাধীনতার তর্কও আঞ্চ যেন প্রায় প্রাত্যহিক। স্বতরাং এমন দিনে আইনের শাসন সম্পর্কে যারা স্ত্রিই আগ্রহশীল, শ্রীগ্রেক্তগদ-কারের নিয়োগ তাদের কাছে, অবস্তই স্থসংবাদ।

পুরো নাম—গ্রহ্লাদ বালাচার্য
গব্দেশ্রগদকার। বর্তমানে বয়স—বাষ্ট্রী।
(স্থতরাং, নতুন আসনে থাকছেন
মাত্র তিন বছর)। দেশ—মহারাষ্ট্র।
লেখাপড়া—প্রথমে সাতারা হাইস্কুল,
ভারপর কর্নাটক কলেজ, ভেকান

#### গলৱেখ, জন কেনেথ

কলেজ, এবং পুনা ল' কলেজ। সর্বত্ত্ব বিশয়কর প্রতিভার ছাত্ত্র ছিলেন প্রীগজেন্দ্রগদকার। কোথাও ফেলোশিপ, কোথাও হর্লভ পুরস্কার, কোথাও বা নতুন কোন সম্মান—শ্রীগজেন্দ্রগদকার ছাত্র-জীবনে সমগ্র পশ্চিম ভারতে সংবাদ।

পুনাল' কলেজ থেকে পড়া শেষে শ্রীগজেন্দ্রগদকার যথন আডেভোকেটের পোশাকে বোদাই হাইকোর্টে যোগ দিয়েছেন (১৯২৬), তথন তার বয়স মাত্রপঁচিশ বছর। সেই থেকে ১৯৫৭ সন অবধি আপন রাজা বোধাই ছিল তার কর্মকেত্র। ১৯৪৫ সন অবধি কেটেছে স্বাধীন আইন ব্যবসায়। তার পরেরগুলে। বিচারপতির আসনে। শ্রীগঙ্গেন্দ্রগদকার তংকালে বোমাইতে বিখ্যাত বিচারপতি ৷ স্থপ্রিম কোর্টে তিনি এদেছেন 1219 জান্তুয়ারীতে। মধ্যবতী সময়ে তাঁর একটি শাবণীয় কীর্তি ব্যাক্ত আয়োয়ার্ড। ১৯৫৫ সনের বিখ্যাত ব্যাক্ষ অ্যায়োয়ার্ড কমিশনের তিনিই ছিলেন চেয়ার-মান।

হিন্দু-আইনে ভারতের অন্যতম বিশিষ্ট আইনবিশারদ শ্রীগজেন্দ্রগদকার আইনের প্রাঙ্গণ ছেড়ে কথনও কথনও বাইরেও পা দিয়েছেন সভা, কিছ

সে-ও আইনস্তেই। কিছুকাল তিনি বোমাই বিশ্ববিভালয়ে হিন্দ-আইন পড়িয়েছেন। এক সময় তিনি 'হিন্দু ল' কোয়ার্টারলি'র সম্পাদক ছিলেন। তাছাড়া কর্নাটক এবং অৱত আইন বিষয়ে তিনি ধারাবাহিক করেছেন। তাঁর রচিত বিখ্যাত একট আইনের পুঁথি—'নন্দ পণ্ডিতের দত্ত মীমাংসা'। প্রসঙ্গত উল্লেখযোগ্য স্থপ্রিম কোর্টের নবনিযুক্ত বিচারপতি সংস্কৃতেও একজন প্রতিষ্ঠিত পণ্ডিত<sup>া</sup> সেই ছাত্রজীবনে ঝালার বেদান্ত পুরস্কারে সমানিত হয়েছিলেন তিনি। দ্বিতীয় থবর, 'আইন। আইন' করে বিরামহীন ধর্মযুদ্ধ চলিয়ে গেলেও মাননীয় বিচারপতি শ্রীগজেক্রগদকার সমাজ-নিরপেক্ষ আইনের প্রবক্তা নন্ তিনি মহারাই সমাজ সমেলনের সভাপতিত্ব করেছেন একাধিকবার সে সমাজ সকলের স্বাধীনতার জলই ভাবিত। २७. ১०. ७५

#### গলব্ৰেথ, জন কেনেথ

সম্ভবত বাংলাতেই পড়েছিলাম।
পড়ে চমকিত হয়েছিলাম। কেননা,
বইটি ছিল প্রকাশুত ধনতন্ত্রের স্বপক্ষে

তারপর হাতে এল একদিন— 'এঙ্গুয়েণ্ট সোদাইটি' এবারও বিষ্ বস্তু—ধনতন্ত্র। মার্কিন প্রাচ্
ব্রহ্ ।
অর্থনীতির বই, কিন্তু পড়তে পড়তে
সাহিত্য পাঠের আনন্দ। যেমন স্থপাঠা, তেমনি যুক্তিসমত। কে
লিথেছেন ?—ফাইল পান্টে পার্কিনসনই কি ? — কিংবা রস্ট ?—
অথবা— । না, ওঁরা কেউ নন।
লেথকের নাম—জন কেনেথ গলবেথ।
মনে পড়ল সেই বাংলা বইটির কথা।
তার লেথকের নামটাও যেন তাই
ছিল।—গলবেথ! পরিচয়লিপি
থেকে জানা গলবেথ হার্ভার্ড-এ
পড়ান। এটি ছাড়া তার অ্যাত্তম
বইটির নাম—'আমেবিকান ক্যাপিচালিজ্ম'।

ক্যাপিটালিজমের পক্ষে সওয়াল কবেন বটে, কিন্দু গ্লব্রেথ দনীর সন্তান নন। বিত্তবান ব্যবসায়ীও নন। তিনি আগাগোড়াই পড়ুয়া মান্তব

জন্ম—১৯০৮ সনে এবং মার্কিন দেশে নয়, কানাডায়,—আইওনা দেউশনের একটি গোলাবাডীতে। লেথাপড়া টোরোনটো এবং ক্যালি-ফোর্নিয়া বিশ্ববিচ্চালয়ে। '৩৩ সনে পড়া শেষ। '৩৪ সনে—পি. এইচ. ডি। সঙ্গে সঙ্গে কাজ জুটে গেল। হাভার্ড-এ টিউটর নিযুক্ত হলেন গলবেধ। কাজে থাকতে থাকতেই বিয়ে এবং কেস্থ্রিজে কেলোসিপ। গলবেথ তিন পুত্রের পিতা।

'৩৯ সনে দেশে ফিরে প্রিক্ষটন-এ
যোগ দিলেন গলরেথ। সেথানে
তিনি অর্থনীতির সহকারী অধ্যাপক।
মাঝথানে কিছুদিন সরকারী চাকরী।
তারপর ১৯৪৯ সনে আবার পুরানো
হাভার্ড এ প্রভাবর্তন। গল্রেথ সেই
থেকে সেথানে অর্থনীতির অধ্যাপক।
এবং মৌলিক অর্থনৈতিক চিম্ভার
অধ্যাপক গলরেথ আজ বিশ্বের অক্তম
থ্যাতনামা পণ্ডিত। তাঁর 'এফুরেণ্ট
সোসাইটি' '৫৮ সনে মাকিন দেশে
'বেষ্ট সেলার',— মন্তা দেশে গালে হাত
দিয়ে ভাববার মত বই।

দরকারী কাজেও গলরেথ মার্কিন দেশে খ্যাভিমান লোক। যুদ্ধের সময় তিনি কাজ করতেন 'প্রাইস এাড-মিনিস্ট্রেশন' দপরে এবং যুদ্ধের পরে স্টেট ডিপার্টমেন্টের 'ইকনমিক সিকিউরিটি পলিসি'র ঘরে। বোমার ফলে জার্মানী আর জাপানের আর্থিক ক্ষতি কত তা নির্ধারণ করার দায়িত্ব সেদিন যার ঘাড়ে পড়েছিল, তিনি গলরেধ।

এই বিখ্যাত গলত্ত্রথ এবার ভারতে আসছেন মার্কিন দেশের রাষ্ট্রদৃত হয়ে। ক'মাস আগেও ধে

# গাগারিন, মেজর য়ুরি আলেক্সিভিচ

দেশ ছিল তাঁর কাছে 'পোষ্টবক্স গোস্থালিজমের দেশ' দেই দেশেই দায়িত্ব পড়েছে তাঁর। ষ্টাভেনসন-এর নির্বাচনী বন্ধু, কেনেডির নির্বাচনী উপদেষ্টা গলরেথ সম্ভবত এ কাজে পিছু-পাহবেন না। কেননা, ভারত যেমন সমস্থার দেশ, গল্রেথও তেমনি সমস্থা-পাগল অর্থনীতিবিদ। ওঁরা বলেন—আমাদের আর্থিক বিভার ক্ষেত্রে কেনেথ এক দৈতা।

দেখতেও। উস্কোখ্কো চুল, ভাঙা চোয়াল, উদাসীন চোথ। কিন্তু উঠে দাড়ালে অন্ত মান্ত্ৰ। গলব্ৰেথ লম্বায় ছ' ফুট আট ইঞ্চি। আমেরিকার কোন বিশ্ববিদ্যালয়ে স্ত্যিই ঐ মাপের কোন মান্ত্র্য নেই! ১২.১.৬১

### গাগারিন, মেজর য়ুরি আলেক্সিভিচ

মঙ্কো শহরে অনেক গাগারিন।
সংখ্যায় তাঁরা প্রায় বারশ'। কিন্তু
কেউ তাঁরা এই গাগারিন-এর থবর
রাথতেন না। এমন কি, ছ' বছরের
মেয়ে ইয়েলেনা পর্যন্ত না। সে জানত
—বাবা কোথাও বাইরে গেছেন।

স্থী ভ্যালেন্তিনাও প্রথম প্রথম কিছুই জানতেন না। যুরি ইচ্ছে করেই জানান নি। কেননা, ভ্যালেন্তিনার পেটে তথন গ্যালিয়া। এই মেরেট

ভূমিষ্ঠ হয়েছে মাত্র এক মাস আগে। তারপর থেকে অবশ্য ভ্যালেন্ডিনা সব থবরই রাথেন। এমন কি. 'বাইরে' মানে কোথায়, দে থবরও। কিছু তবু ও গলা ফাটিয়ে কাঁদা গেল না। কেননা. থবরটা গোপন, এবং কান্নাটা লজ্জার। স্থতরাং এক্ষেত্রে যা করা উচিত ভ্যালেম্ভিনা তাই করলেন। দেশ এবং বিজ্ঞানে আস্থা রেখে তিনি স্বামীকে বিদায় অভিনন্দন জানালেন। যুরিকে এগিয়ে দিয়ে এসে চোথ মুছে নিজের ফ্লাটে চকলেন। এবার প্রতীক্ষা, শুধ নীরবে নিঃশব্দে অপেকা। কে জানে, হয়ত এ থবর কোনদিন কাউকে বলা যাবে না।--হয়ত, কোনদিন কেউ জানতেও পারবে না সে আজ কি করল।

 —ইয়েলেনার 'ডাডি', তাঁর স্বামী যুরি এতক্ষণে নিশ্চয় বিশ্বথ্যাত লোক।

—বিশ্বখ্যাত ? না, তার চেয়েও বেনী কিছু। ওঁরা ওঁর নাম দিয়েছেন 'কলম্বাদ অব স্পেদ', কিন্তু যুরি বোধ হয় তাও নন। তিনি এমন কিছু যা কোনদিন কোথাও ছিল না। এমন কি, 'দায়েন্দ ফিকসান'-গুলো বাদ দিলে আমাদের স্বপ্লেও না। যুরির জাহাজ আর একটি পৃথিবী আবিন্ধার করে ঘরে ফেরেনি, তিনি নিজের থবর নিয়েই মাটিতে নেমেছেন। মান্তুষ কি, তারই থবর। যারা তা আনলেন তাঁদের কাছে যেমন চিরকালের মান্তুষের কুতজ্ঞতা, যিনি আনলেন তিনিও তেমনি চিরকালের মান্তুষের গর্ব। কেননা, যুরি আমাদেরই মত এই পৃথিবীর মান্তুষ।

পুরো নাম-—মেজর যুরি আলেক্সি-ভিচ গাগারিন। গাগারিন মানে —'বুনো হাদ।

'বুনো হাঁস', কিন্তু জন্ম গৃহত্ত্বর ঘরে। রাশিয়ার মালেনক্স অঞ্চলে ঘাৎক্ষ জেলায় একটি যৌথ থামারে। জন্ম তারিথ—১৯৩৪ সনের ৯ই মার্চ।

সাত বছর বয়সে রুষকের ছেলে
স্থলে ভর্তি হলেন। সঙ্গে সক্ষে

হয়ে গেল রুশ ভূমিতেও মহাযুদ্ধ। বাধ্য

হয়ে পড়া বন্ধ করে দিয়ে ছেলেকে নিয়ে

# গাগারিন, মেজর য়ুরি আলেক্সিভিচ

বাবা চলে এলেন জেলা শহরে।—

ঘাংস্-এ। সেখান থেকে ছেলে গেল

মস্কোর কাছাকাছি আর এক শহরে,

লুবাংসিতে। সেখানে সে টেকনিক্যাল

স্থলে পডবে। '৫১ সনে সে পড়া শেষ

হল। গাগারিন ঢালাই শিল্পী হলেন।

এবার পডতে হলে অল্পা

'৫৫ সনে সারাতকে নামক আর একটি শিল্প-বিজ্ঞালয় থেকে স্নাতক হলেন তিনি। তারপর ভতি হলেন আরেননুর্গে একটি বিমান শিক্ষালয়ে।

বিমান গাগারিনের চিবকালের নেশ। বাল্য থেকেই তার স্বপ্ন তিনি বিমানচালক হবেন। নিত্যনতুন অভিযানে বের হবেন। যেমন হয় জুলে ভার্নেব রোমাঞ্চ কাহিনীর নায়কেরা। এই নেশার বশেই সারাভফে-র স্কুলে পড়তে পড়তে স্থানীয় 'এরো-ক্লাব'-এ নাম লিখিয়েছিলেন তরুণ গাগারিন। শিথেছেনও অনেক কিছু। কিছু খ্যাতিমান বৈমানিক হতে হলে সেটুকু ব্রেটি নয়। স্কুতরাং, চল আরেনবুর্গ।

'৫৭ সন। গাগাবিন তপন আবেনবুর্গ-এ। এমন সময় সহসা সেই যুগান্তকারী থবর—'ম্পুটনিক'! প্লেনে চড়ে
কোথায় যেন ষাচ্ছিলেন জরুণ
বৈমানিক। আনন্দে তিনি গেয়ে
উঠলেন—'হাইয়ার, হাইয়ার এগু

#### शाकी, टेन्स्ट्रा

হাইয়ার উই স্পীড আওয়ার বার্ডদ!'
— আহা আমি যদি এমন পাথী হতে
পারতাম।

সহজ নয় ত বটেই, বোধ হয় আর সম্ভবও নয়। সে বছর শুধু বৈমানিক হয়েই বের হননি গাগারিন, গোবিয়েত বিমান বহরের মেজর আরেনবৃর্গ থেকে গৃহস্থ হয়েও ফিরেছেন। আরেনবৃর্গেই ডাক্তারি, পড়তেন ভ্যালেন্তিনা। তাঁকে নিয়ে তিনি ঘর বেঁধেছেন। সে ঘরে

তবুও তরুণ কমিউনিস্ট প্রতিষ্ঠানের সদস্য, প্রাণবান ক্রীড়াবিদ গাগারিন চেষ্টা করে চললেন। ১৯৬০ সনের জুন মাসে পার্টির সদস্যপদ মিলল। এবং তারপর এল ১৯৬১ সনের ১২ই এপ্রিল পার্টি, দেশ এবং বিশ্বমাস্থ্যের হয়ে সেই বিজয়গৌরব।

'হীরো অব দি সোভিয়েট ইউনিয়ান', 'অর্ডার অব লেনিন' এবং
ইত্যাদি পুরস্কারে সম্মানিত গাগারিনএর সবচেয়ে বড় গৌরব বোধ হয়
এটাই যে, তিনি এগনও এই মাটির
পৃথিবীরই মামুষ!
২০. ৪. ৬১

# গান্ধী, ইন্দিরা

প্রতাল্লিশ কোটি মাসুষের উচ্চকিত হাহাকারের মধ্যে তবুও স্বচেয়ে তীব ধেন দেই মৃক প্রতিমাটি। তিন-মৃতির দোর গোড়ায় দণ্ডায়মান সাদা থানে মোড়া সে মানব-ছহিতা যেন ক্লাসিক্যাল কোন শিল্পীর ছেনিতে কাটা কোন শ্বেতপাথরের মৃতি।— অথবা যেন মহত্তম ট্যাজেডির সফলতম কোন রপ। তিন-মূর্তির দেই প্রস্তবী-ভত শোক যথন নিঃশব্দে খাদ ফেলে কোটি মান্তবের কালা তথন স্তর্জ.— সেই বায়বিন্দুই দিকে দিকে হাহাকার হয়ে ফেরে; শান্তিঘাটে সে প্রতিমা যথন ঠোট নাডে, যথন অফুট চুটি শব্দে বলে—'পাপু, বিদায়!' তথন ক্ষ্ধিত অগ্নিও যেন ধর্ম ভুলে বিষয় হয়ে যায়,—একটি কন্তার নিঃসঙ্গুতো মুহুর্তে সমগ্র বিশ্বকে আচ্চন্ন করে ফেলে। প্রিয়দর্শিনী থৈ থৈ সে ক্ষম্পাগরেও যেন স্থির একটি খেতপদ্ম। মিয়মান. তবৃও ভাসমান। শোকের এই গন্তীর, পবিত্র, সংহত প্রতিকৃতি বোধহয় একমাত্র জভহরলাল-ছহিতার পক্ষেই সম্ভব। সম্ভবত একালের পৃথিবীতে তাঁর দঙ্গে একমাত্র তুল্য ডালাদ, এবং তারপর আলিংটনের সমাধিক্ষেত্রের 'জ্যাকি',—মিদেস কেনেডি হু'জনেই এক নারী, ত্র'জনেই সমান অনির্বচনীয়। তবুও চলতে হবে। চলতে হয়। কেনেডির পরে কাদতে কাদতে ঘরে ফিরেছিলেন মিদেস কেনেডি। জওহর-লালের পরে, পিতার শেষ মব-অবশেষ ভশ্মটকু প্রয়াগের জলে ভাসিয়ে দিয়ে ইন্দিরা ফিরে এলেন আরও রুক্ষ পৃথি-বীতে.—নেহকুহীন ভারতের রাজ-নৈতিক মঞে। দিল্লির ঘোষণাঃ তিনি জাতির নব-কর্ণধার শাঙ্গীজীর আহ্বান প্রতাখান করতে পারেননি । মতিলাল নেহরুর পৌত্রী, কমলা নেহরুর কলা, জওহরলালের প্রাণপ্রতিম 'ইন্দু' রাজ-নীতিকেই স্থায়ী ঘর হিসেবে গ্রহণ করেছেন, শাস্ত্রীজীর মন্ত্রিসভায় তিনি তথা ও বেতারমনীর দায়ির নিচ্ছেন। ভারতের রাজনৈতিক ইতিহাসে এই ঘটনাটি বিশেষভাবে চিক্তিত হওয়ার যোগা। কেননা অলাল দিক ছাডাও সরকারীভাবে ইন্দিরার এই আবির্ভাব ধারাবাহিক তার দিক থেকেও স্থারণীয় ঘটনা। তার পদস্কারের সঙ্গে সঙ্গে ভারতীয় রাজনীতির দঙ্গে নেহরু-পরিবারের যোগ ততীয় পুরুষে পৌছাল। সম্পাম্যিক পথিবীতে সফল ধারাবাহিকতার একমাত্র উচ্ছল দৃষ্টাস্ত সম্ভবত বুটেনের চার্চিল পরি-বার। প্লাটো বলেছিলেন-প্রগতির একমাত্র প্রতিশ্রুতি দেখানেই নিশ্চিত বেথানে 'ইম্মরটাল দান্দ ডিফায়িং দেয়ার ভাদারদ।' মার্লবরোর ডিউকের অধন্তন পুরুষ রেণ্ডলফ-তনয় উইনফন
সে প্রত্যাশাকে পূর্ণ করেছিলেন।
যদিও কলাসন্তান,—তবুও কে জানে,
এই ইন্দিরাতেই হয়ত জ্বহরলাল
একদিন সম্পূর্ণ হবেন।

দেই অবিশারণীয় গৃহ—'আনন্দ-ভবন'। অতএব, বলা নিপ্রযোজন ইন্দিরা ভারতীয় রাজনীতির কোলের সস্তান। তিনি সঙ্গত কারণেই বলতে পাবেন – কংগ্যেদ মঞ্চে আমার প্রথম আবিভাব তিন বছর বয়সে ৷ কেননা, স্থ্যমং পুলের থেলা শেষে ফুটফুটে মেষেটি ছুটে এদে যথন পাছর কোলে বাঁপিয়ে পড়ত, প্রবীণ মতিলাল নেহকর বেতের চেয়ারটি ঘিরে তথন হয়ত সমগ্র ভারতের সেরা জাতীয়তা-বাদীরা সমবেত। তারই মধ্যে কোন এক প্রভাষে মেয়েটি যথন শুনত পুলিশ বাবাকে ধরে নিয়ে গেছে, তথন তার পুতৃল খেলায় পুলিশের আবিভাবও সভাবতই অনিবাৰ্য হয়ে উঠত। একদল পুত্ৰ পুলিশ হত, আর একদ্র স্বদেশী ভয়ালা। ভার এই শৈশব থেলায় মদত জোগাতেন বাবার এক সহযোগা. বন্ধ। বয়সের ব্যবধান ভুলে তিনি তথন নিঃসঙ্গ শিশুর খেলার নিতাসঙ্গী। ধারাবাহিকতা এথানেও। সেই ক্রীডাসঙ্গীরা আজও

#### গানী, ইন্দিরা

ইন্দিরার দেই সহচরের নামই লালবাহাতুর শাস্ত্রী।

মাতগত-প্রাণ মেয়ে। এখনও সগর্বে বলেন—আমি মায়ের মেয়ে। কথাটা সতা। কিশোরী ইন্দিরার কাছে মা চাডা দ্বিতীয় নারী জোন অব আর্ক। তাঁকে ভালবেদেই নাকি ইন্দিরা আবালা বিদ্রোহী। বাবাকে ধরে নিয়ে গেছে ভনে দে বাডির সমুদয় পুত্ল ডেকে সভা জ্যায়,—টেবিল থাবড়ে তাদের বিদ্রোহী বানাতে চায়। আবার মায়ের রুগ্ন মুথথানার কথা ভাবলেই তার কামা পায়। তবুও শেষ পর্যন্ত বিদেশের পুরানো নেহরু-বরুরা ছু' দণ্ড कथा वल्हे निर्द्धिशं वल एन: भी ইজ এ নেহরু। কেউ বলেন-এ পলিটিক্যাল প্রজেক্শন অব ফাদার। কেউ বলেন-এগেন সেম কেশু অব অ্যারেসটেড ইডি ওলজিক্যাল ডেভলাপমেন্ট ।'

ইন্দিরা দ্বিতীয় নেহরু, নেহরুর আপন হাতে গড়া তার দ্বিতীয় স্বরূপ। সেও যেন এক অনক্ত পিতৃহৃদয়। উদ্বেগমথিত পিতা দশ বছরের মেয়েকে চিঠিতে পৃথিবীর রূপান্তর শেথাচ্ছেন (লেটারস ক্রম এ ফাদার……), নৈনী সেন্টাল জেল থেকে তেরো বছরে

মেয়ে তিন বছর ধরে চিঠিতে চিঠিতে পড়ে গেল—বিশ্ব ইতিহাসের কাহিনী ( ফ্লিপ্রেস্ন কাহিনী ( ফ্লিপ্রেস্ন কাহিনী হাকে কিটার ফাঁকে কাঁকে পিতার প্রাণের কথা—'ইন্দিরা মনে রেথো পৃথিবী বদলায়।'—'ইন্দিরা আশা করি বড় হয়ে তুমিও একজন মৃক্তিযোদ্ধা হবে।' আবার কথনও বা প্রত্যাশা প্রণের সম্ভাবনায় উৎফুল্লিত পিতার গর্ব : বৃদ্ধিতে এবং মাথায় তুমি এমন চটপট বড়ো হয়ে উঠছ। তেমা এমন চটপট বড়ো হয়ে উঠছ। তেমা কিছুদিন পরে হয়ত তুমিই শিক্ষক হয়ে অনেক নতুন নতুন শেথাবে আমাকে। তেন

ইন্দিরার শিক্ষা নিয়ে সেদিন
সত্যই ভাবনার অস্ত ছিল না জওহরলালজীর। স্বইজারল্যাণ্ড, পুণা, বিশভারতী, অক্সফোর্ডের সমরভিল কলেজ
অনেক জায়গায়পড়েছেন প্রিয়দর্শিনী।
কিন্তু তার রাজনৈতিক জীবনে তার
মধ্যে একটু বিশেষ ধরনের প্রভাব
বিস্তার করেছে যা সে ঐ অক্সফোর্ডের
দিনগুলো। পুরিসির জন্ত শেষ পর্যন্ত পরীক্ষা দিতে পারেননি ইন্দিরা।
কিন্তু সেদিনের লগুন জীবনে যা পেয়েছিলেন তাঁর কাছে আজপুতা অম্লা। বেভিন, উইলকিনসন, ল্যান্ধি,
মেনন—স্বাইকে তাঁর সেখানেই
পাওয়া। ইন্দিরা সেদিন কেন্থিজের নেহকর চেয়েও জীবস্ত ছাত্রী। তিনি
রুটিশ লেবার পার্টিতে নাম লিথিয়েছিলেন। লেবার রেলিতে ক্রশতন্থ এই
ভারতীয় তক্ষণীটি দেদিন একটি নবীন
শিখার মত। সন্ধ্যার অবসরটুক্
কাটত ইণ্ডিয়া লীগে। বাকীটুকু স্থল
অব ইকন্মিকস-এর সহযোগী অপ্রতিরোধ্য ফিরোজের সান্নিধ্যে। বাবার
পরে, এঁরা প্রত্যেকেই তার জীবনে
ঘটনা।

ফিরোজ গান্ধীর দঙ্গে ইন্দিরার বিয়ে হয়-->৯৪২ সনের ২৬শে মার্চ। ইন্দিরা তারপর থেকে এক পূর্ণাঙ্গ রাজনৈতিক অস্তিত। অব্ভাবাবা ষেটুকু সময় কেডে নিচ্ছেন, সেটুকু বাদ দিয়ে। মায়ের মৃত্যু- ১৩৬ সনে। নিঃদঙ্গ নেহরুর জীবনে ইন্দিরা সেই থেকেই একমাত্র পান্তনা। তরস্ত নেহরু একমাত্র তারই বশ। হৃদ্ধর্য নেহক একমাত তাঁর কাছেই শান্ত। স্বভাবতই ইন্দিরার স্বট্রু জীবন সম্পূর্ণত তার নিজম্ব নয়। তবুও যথনই সময় আসছে, তথনই তিনি 'ধাত্ৰী' পরিচয় সরিয়ে রাজনৈতিক। একদা কিশোরী নেহক-তৃহিতা যাট হাজার বালক-বালিকার 'মাংকি-ব্রিগেড'তথা বানর-দেনা সাজিয়ে এলাহাবাদ সহ শারা ভারতকে তাক লাগিয়ে দিয়ে- ছিলেন, এবার ফিরোজ আর ইন্দিরা গড়লেন আরও বিশাল বাহিনী—ছাত্র ফেডারেশন। ভারপর তেরোমাস-ব্যাপী সেই জেল-জীবন, কংগ্ৰেম, স্বাধীনতা, দিল্লীর আধা-সরকারী জীবন এবং পরবতীকালের ভূবন বিখ্যাত ইন্দিরা। তিনি কথনও চীনে, কখনও রাশিয়ায়, কখনও আমেরিকার বিখমেলায়, কখনও আফ্রিকায়। সবত্র তিনি দ্বিতীয় নেহরু। চীনে ক্যানিস্ট মেয়েদের ভিডে ভাকে प्तरथ निर्मा भारतामिक कल्पाः একটি তুলনা আসে—এ লোটাস ফ্লাভ্যার ইন এ বেড অব ব্লোকোলি। ভারতীয় রাজনীতিতেও ইন্দিরা দিতীয় নেহক হয়েও একটি স্বতন্ত্র অস্তিত্ব। ১৯৩৮ সন থেকে তিনি কংগ্রেসে আছেন, ওয়াকিং কমিটিতে ১৯৫৫ সন থেকে। ভতুপরি অসংখ্য সমাজহিতমূলক প্রতিষ্ঠানের নেত্ৰী অথবা ধাত্ৰী। কিন্তু আছ অবধি কংগ্রেসের ঘরের অন্ততম এই ভোট বিছয়িনীকে নিজে নিবাচনে প্রাণী হতে দেখেননি কেউ। পছজী একবার নাকি বিশেষ করে চেষ্টা করেছিলেন। ইন্দিরা গ্রামীব এবং সঞ্যের অজুহাত তুলে এড়িয়ে গিয়ে-हिल्न। (ছाल्ता यथन वर्ष हायह

### গায়ত্রী দেবী, মহারাণী

(জন্ম-- ষ্থাক্রমে ১৯৪৪ এবং '৪৬) তথনও তিনি এ ব্যাপারে সম্পূর্ণ নিরাস্ক্র। অনেক অনেক চেষ্টা করে ১৯৫৯ সনে কংগ্রেদের 'জিঞ্জায় গ্রাপ'-এর নায়িকাকে কংগ্রেস সভাপতির আসনে অধিষ্ঠিত করেছিলেন। ইন্দিরা সেখানে তাঁর স্বাতন্ত্রের পরিচয় দিয়ে-ছিলেন-- ওয়ার্কিং কমিটি থেকে বাবার নাম কেটে দিয়ে। ভাষাভিকিক মহারাষ্ট্র, কেরলে ক্যানিষ্ট শাসন, দালাইলামা-প্রদক্ষ ইত্যাদি বছ বিষয়েই পিতার সঙ্গে দেদিন তাঁর মতান্তর। কিন্তু তবুও বছর যথন ঘুরে এল--কন্তা আবার দেই তিনম্তির ভবনেই পিতার সহচর। এমন কি ফিরোজ গান্ধীর নামেও চিঠি আসে তথন— 'কে: আ: রাজীব ও সঞ্জয়, প্রাইম-মিনিস্টারদ হাউদ, নিউ দিলি।'

এবার দেখান থেকেই কর্কণ রাজনীতিতে নেমে আসছেন নেহরু-ছহিতা। তাঁর এই পদ্মসঞ্চার সাগ্রহে লক্ষ্য করার মত। নতুন কিছু দিতে পারলে তবেই তিনি প্লেটোর পছদের উত্তরপুরুষ। আর যদি তা নাও পারেন, তা হলেও ক্ষতি নেই। জওহরলালের যুগের পূর্ণতার পক্ষে একটা কারণ হয়ে বেঁচে পাকাটাও এদিনে কম কথা নয়। 'ইন্দু' সেটুকু পারবেন অবস্থা। ১১.৬.৬৪

## গায়ত্রী দেবী, মহারাণী

কোন কোন বিশেষজ্ঞের মতে ক্যামেরার চোথে দেখলে বিশের প্রথম দশজন স্থল্দরীর একজন। ই্যা, এই একচল্লিশ বছর বয়সেও।

শুধু রূপে নয় গুণেও। মোটর ত বাঁ হাতে,—তিনি ঘোড়ায় চড়তে পারেন, পোলো থেলতে পারেন— আর শিকার ? এমন যে হুর্ধর রাণী এলিজাবেথ তিনিও শুনে তাজ্জব বনে গেলেন; —বল কি সাতাশটা বাঘ মেরেছ নিজের হাতে ?

'—এখন আর মারি না। মারতে ভাল লাগে না,—কেমন জানি মায়া লাগে।' হেদে উত্তর দিয়েছিলেন পুরাদম্ভর শিকারীর বেশে পাশে দণ্ডায়মান রাইফেল ধারিণী। ও বেশে ওঁকে নাকি মনে হয় ঝাঁদীর রাণী।

রাজাজী বলেন—তিনি শুধু ঝাঁদীর রাণী নন,—একাধারে তিনি লক্ষ্মী এবং লক্ষ্মীবাঈ, ততুপরি তিনি দীতাও।

বাংলা দেশের মেয়ে। নাম—
মহারাণী গায়ত্রী দেবী। কোচবিহারের
রাজকন্তা, বরোদার ভাগ্নী—গায়ত্রী
দেবী এখন রাজস্থান মহারাজ মানবাদিনী। তিনি দিংহের গৃহিনী,

## গিজেলা, এণ্টনি

(তৃতীয় স্ত্রী। পূর্ববর্তী হ'জন বেঁচে
নেই)—রাজস্থানের অক্তম ঐতিহ্বান
রাজ্য জয়পুরের মহারাণী। আশপাশের সম্দয় রাজ্যের প্রজারা বলে
—তিনি আমাদের মা-রাণী।

তবে প্রজা-বাংসল্যের কারণ নয়, জনপুরের মহারাণী আজ সংবাদ অন্থ কারণে। কংগ্রেসের বিরুদ্ধে জন্মপুর থেকে তিনিই এবার লোকসভায় প্রাণী সেজেছেন। ভার চেয়েও বড খবর গোটা রাজস্থানে তিনিই এবার সংস্থ পার্টির মা-জননীর দাহিত্তার গ্রহণ করেছেন।

সোণে সান্ধাস, পরিধানে সিফনের
শাচী—সতর পার্টির নেত্রী রাজস্থানের
ইবিহাসে নাকি এক স্বতম্ব দুটাত্ত
স্থাপন করতে চলেছেন। নিজের
হাতে ক্যাভিলাকে ধুলো উডিয়ে
গায়ের পর গাঁ তিনি ঘুরে বেড়াচ্ছেন
-বক্ততা দিচ্ছেন।

কথায় কথায় হাততালি প্ডছে সত্য, কিন্তু গায়ত্রী দেবী তবুও নাকি বক্তা হিসেবে তেমন স্থাবিধের নন। কেননা, তিনি লেখা কাগজ দেখে দেখে কথা বলেন, এবং উচ্চারণ কথনও কথনও সতাই নাকি বোঝার পক্ষে কর্পকর।

অভিযোগটা সম্ভবত সতা।

क्निना, रुत्रक छला है रत्न हिल्ल কাগজগুলো লেথা আসল হিন্দিতে। বাংলার মেয়ে গায়ত্তী শান্তিনিকেতনের প্রাক্তন ছাত্রী। তিনি বাংলা জানেন. স্ইজারল্যাও এবং ইংল্ডে প্ডা জয়পুরের মহারাণী ইংরেজীও চমংকার জানেন। কিন্ত হিন্দী এখনও নাকি তার ওতথানি রপ হয়নি। উল্লেখ-যোগা, যদিও চারচারজন সেকেটারীর হাতের লেথার সাক্ষা পাওয়া যায় কাগজগুলোতেই তবুও বকুভাগুলো নিজেবই লেখা। ওয়াকিবহালরা বলেন-প্রামাদে থাকলে প্রতিদিন ভোৱ সাত্টায় মহারাণা এখন ই রেজীতে ডিক্টেশন দিজে বংগন. সেকেটারীবা তা হিন্দী করে তাকে (45 CFR 1

ক'মাস আগেও এ মহিলাটি ভোরের এই সময়টায় কি করতেন জানেন? একটা সাদা ঘোডায় চডে আঠারোটা ঘোড়ার তদারকি করতেন। সে হলো তাঁর পোলো থেলার ঘোড়া। ৩০.১১.৬১

### গিজেঙ্গা, এণ্টনি

অবশ্য পশ্চিমীদের সাক্ষা।

ওঁরা বলেন—তিনি রাজনীতি
জানেন না, তিনি কটনীতি জালন না,

### গিজেনা, এন্টনি

তিনি ভাল বক্তৃতা পর্যন্ত করতে পারেন না। এমন কি, এন্টনি গিজেঙ্গা নিজের মাতৃভাষা দোয়া-হিলিতে জনতার নঞ্চে কথা পর্যন্ত বলতে পারেন না!

আশ্চর্ব, তা হলেও লুমুম্বার মৃত্যুর পরে কঙ্গোর জনতা বিনা বাক্য ব্যয়ে শিরোপাটি কিন্তু তুলে দিয়েছিল ওঁরই মাথায়। লিওপোল্ডভিল থেকে ওঁরই চোথের ইঙ্গিতে কঙ্গোর রাজধানী সেদিন স্থানাস্তরিত হয়েছিল স্টান-লভিল-এ, ওঁর নিজের ঘরে। ওঁরা কৈফিয়ত দিয়েছিলেন—গিজেঙ্গা এমন জনপ্রিয়, কারণ লুমুম্বার ভাই লুই ওঁর বন্ধু—পার্যার। কিন্তু তাই কি ?

আদল কারণ সম্ভবত এই যে,
লুম্মা নিজেই ওঁর মধ্যে বেঁচে ছিলেন।
লুম্মার মতই দীর্ঘকায়। লুম্মার
মতই তীব্র জাতীয়তাবাদী। বয়দেও
হ'জনেই প্রায় সমবয়দী। এন্টনি

●এবার চল্লিশে পড়লেন। কিন্তু কুড়ি
বছর বয়দ থেকেই তিনি—লুম্মাপম্বী,
অর্থাৎ বেলজিয়ানবিরোধী।

এই সামাজ্যবাদ বিরুদ্ধতাই একদিন ওরিয়েন্টাল প্রদেশের জনৈক স্থলশিক্ষক গিজেঙ্গাকে টেনে এনেছিল
বেলজিয়ান সামাজ্যের রাজধানীতে।
তরুণ জাতীয়তাবাদী লুমুম্বার পাশা-

পাশি সেদিন নিজস্ব একটি দল
গড়েছিলেন। স্বতন্ত্র সাম্রাজ্যবাদবিরোধী
দল। কিভু এবং গুরিয়েন্টাল প্রদেশ
সানন্দে এসে দাড়িয়েছিল তার
পতাকা তলে!

কিন্ত দল হাতে পেয়েও খুনী নন
গিজেঙ্গা। কেননা, দীক্ষা তাঁর তথনও
অসম্পূর্ণ। অথচ, বিদেশী বেলজিয়ানদের
তাড়ান মাত্র যে সমস্তা দেখা দেবে,
কঙ্গোর মত দেশে সেটা সামলানো
কাঁচা রাজনীতিকের কর্ম নয়। লিওপোক্ডভিল থেকে সাধক তাই সেদিন
পাড়ি জমিয়েছিলেন প্রাগ-এ। ত্'বছর শিক্ষানবীশ ছিলেন সেথানকার
ইনষ্টিটিউট ফর আফ্রিকান স্টাডিজএ। তারপর ফিরে আসামাত্র
স্বাধীনতা এবং প্রবতী কান্নাময়
কঙ্গো-সংবাদ।

গোড়র দিকে সে থবরে অনেকের চেয়েই অগ্রবর্তী ছিলেন এন্টনি গিজেঙ্গা। '৬০ সনের নির্বাচনে পালা-মেন্টের ১৩৭টি আসনের মধ্যে ১৩টিই তথন তাঁর দথলে। লুমুম্বা পেয়েছিলেন ৬৬টি। স্থতরাং, তাঁর সমর্থন-বলেই লুমুম্বা সেদিন প্রধানমন্ত্রী। গিজেঙ্গাকে সহকারী প্রধানমন্ত্রীর আসনে বসিয়ে লুমুম্বা স্বীকার করেছিলেন এই সমর্থনের মূল্য।

কিন্তু আজ অবস্থা সম্পূর্ণ পরি-বর্তিত। কেননা, লুমুখা আজ নেই। এবং ইতিমধ্যে বহু জল (তৎসহ রক্ত ) বয়ে গেছে কঙ্গো নদীতে। ফলে, ক' মাস আগেও স্টার্নলিভিল-এর যে গিজেঙ্গাকে বাদ দিয়ে কঙ্গো ছিল অভাবিত আজ সেই মৃক্তিযোদ্ধাই নিন্দিত, অপমানিত। শোনা যাচ্ছে, কেন্দ্রীয় সরকারকে অমাত্ত করার অপরাধে তাঁর বিচার হবে!

কিন্তু সে বিচার করবে কে ? কঙ্গোয় কি এখনও কোন পরিচ্ছন্ন হাত আছে ? ১৮.১.৬২.

#### ওপ্ত, চম্রভানু

চন্দ্র এবং ভান্থ ছই-ই। এবং বোধ হয় কোনটাই গুপ্ত নয়। চাঁদ ভাবে চন্দ্রভান্থ গুপের পরিচয়গুলা অবশ্র কিঞ্চিং পুরানো। তিনি লক্ষ্মী বিশ্ববিছালয়ের পূর্ণচন্দ্র এম. এ., এল. এল. বি), এলাহাবাদ হাইকোর্টের চাঁদের-সভায় শ্বরণীয় চাঁদ। কাকোরি টোন ডাকাতি মামলায় রামপ্রসাদ 'বিসমিল' এবং আসফাকউল্লার পক্ষের স্ম্যাডভোকেট তরুণ চন্দ্রভান্থ গুপ্ত সেদিন দেশময় সংবাদ। লক্ষ্মো মিউনিসিপ্যালিটি, ইমপ্রভ্নেণ্ট টাই… উত্তরপ্রপ্রদেশ কংগ্রেস বা মন্ত্রিসভান্থ অক্তম নিষ্ঠাবান 'ভারত দেবা সম্ভান' (চক্রভাস্থ নিজেই এই প্রতিষ্ঠানটির জনক) চক্রভাস্থ অবশ্য দেদিন সব সময় সমান মাপের জ্যোতিঙ্ক ছিলেন না, কিন্তু সর্বদাই তিনি স্লিম্ম কোমল, এবং তদীয় মূল গ্রহের অস্থাত। সেদিনের চাঁদে জ্যোতির অভাব হয়ত ছিল, কিন্তু কোন কলম ছিল না।

প্রথর ছাত্র ছিলেন। লক্ষ্ণের এম.

এ এবং এল. এল. বি। সে '২৫ সনের
কথা। চন্দ্রভাগ্ন আদালতে যোগ
দিলেন। পাঁচ বছর পরে, অর্থাৎ, '৩০
সনেই দেখা গেল তার পক্ষে দাঁড়িয়ে অক্ত
আইনজীবীদের সভ্যাল করতে হচ্ছে।
চন্দ্রভাগ্ন এখন রাজনৈতিক মারুষ।

'২৬ সন থেকেই তিনি নিথিল ভারত কংগ্রেসের সদস্য। '২৭এ এলেন লক্ষো বিশ্ববিত্যালয়ের পরিচালক মণ্ডলীতে, '২৮ সনে মিউনিসি-প্যালিটিতে এবং তার পরের বছর জেলা কংগ্রেসে। চক্রভান্তর উদয় যেন হুর্যের সঙ্গে পালা দিয়ে।

ক'টা বছর মেথে কটেল। '৩•,
'৩১, '৩২, '৩৩ জেলগানায় চলে
গেল। '৩৭ সনে চক্রভান্থ এলেন
উত্তরপ্রদেশের বিধানসভায়। '৪৬
সনে আবার। এবার চক্রভান্থ তাঁর
জীবনের মধ্যাকে।

#### গুপ্ত, চন্দ্র ভাসু

প্রথম বছরটা কাটল ম্থ্যমন্ত্রীর পার্লামেন্টারি দেক্রেটারী হিদেবে। পরের বছর মন্ত্রী হলেন তিনি। '৪৭ থেকে '৫৭—একটানা দশ বছর মন্ত্রিত্র। চক্রভান্থ তথন ইউ. পি'র অন্ততম বিশিষ্ট মন্ত্রী। প্রথমে হাতে ছিল খাল্ল এবং দরবরাহ দপ্তর। ক্রমে এল—শিল্ল, পরিকল্পনা, স্বাল্পা এবং ইত্যাদি। ফলে '৫৭ সনের নির্বাচনে প্রজ্ঞামমাজভন্ত্রী ত্রিলোকী দিং ঘথন তাঁকে ভূপাতিত করলেন—লোকে বলল লোকটা দিনে তুপুরে স্ব্র্থাম করেল। চক্রভান্থ গুপুর প্রালম্ম উত্তর ভারতে মেদিন একটা ঘটনা।

চন্দ্রভাগ খাবার উঠতে চাইলেন।
এবার উপনিবাচন, এবং মফস্বলে।
স্তরাং, আশা ছিল। কিন্তু এবারও
প্রজাসমাজতথা প্রাথী শ্রীমতী রাজেন্দ্র
কিশোবের কাছে গরাজয় বরণ করতে
হল তাকে। বোঝা গেল—ইউ. পি
তাকে থারিজ করে দিয়েছে। তাদের
মনে চন্দ্রভাগ গুপ্তানামক স্থাটির অস্ত

আবার উদিত হয়েছেন চাঁদ।
স্বকৌশলে মেঘ ফুঁড়ে আবার
আবিভৃতি হেয়েচেন তিনি ইউপি'র
অমুজ্জ্ল আকাশে। কিন্তু ১৯৬০
সালের অক্টোবর থেকে চন্দ্রভান্থ বোধ

হয় আর দেই ছোট-থাটো নিটোল চন্দ্রটিনন। ইদানীং তার স্বিতীয়ার্ধ-টিই বোধ হয় অধিকতর প্রবল। একষ্ট্রতে চন্দ্রভাত এখন রীতিমভ প্রথর, প্রবল এবং উত্তপ্ত। যদিও 'চিরকুমার' ভবুও সংসার ভাঙ্গা-<mark>গড়ার</mark> এক অদ্ভ নেশা তার। হুই তিন বছর আগে নিবাচনে হেরেও বাইরে থেকে সম্পূর্ণ নিজের প্রথরতায় স্থসংগ-ঠিত মহিদভাকে ভছনছ করে গদিনসান হয়েছেন ভিনি। সে উদ্ভ মার্ডরে সমেনে পড়ে, নগত্র পূজারী জ্যোতিখীতে-আন্তাবান ডঃ সম্পূর্ণানন্দ আল বালালাগী, তিনি নিচক রাজাপাল। চলভাত দেদিক থেকে এক বিষয়নৰ প্ৰতিভা। উপগ্ৰ**হ থেকে** নিজেকে তিনি যেভাবে পরিপূর্ণ গ্রহে ক্রপান্তবিভ ক্রেছেন তা ব্য**ন্তবিক্**ই চমংকার।

বলা মনাবশক, এই ফর্বোদ্যের পথে কিঞ্চিং গোলমলে ছিল। ভারতের বৃহত্তম রাজা উত্তরপ্রদেশের আকাশে চন্দ্রভান্থ যে পথে রাত ভোরে ফ্র্য হয়ে উকি দিয়েছিলেন অনিবার্থ-ভাবেই তা ছিল গলি পথ। দলাদ্লির দেই রন্ধ্রগুলেই আজ মতিকায় গহরে হয়ে তার পায়ের সামনে,—মার্ভত্তেক থিরে থও থও মেঘ। নিত্রত চন্দ্রভান্থ

ভানেন তার পক্ষে সেথান থেকে রাহুমুক্তি দহজ নয়। কেননা, হালের যাবতীয় হটগোলের কেন্দ্রে যিনি, নাম নাব—আলগুৱাই শান্ধী। কাশী বিভাপীঠের ছাত্র বটে, কিন্তু উত্তর প্রদেশের বনমন্ত্রী বৈদিক যুগের সন্ন্যামী নন --বাজোর লোকেরা জানেন কথায় ক্থায় সংস্কৃত শ্লোক আভিডান অব্খা কিন্তু সেওলো অধিকাংশই একজনের। <u>এ মাল্ডরাই কার্যত মর্ছান চাণকা।</u> ইতিমধ্যেই দেখা গেছে মরিসভায় তনেকেই মুখ্যমন্ত্রীর পক্ষে নেই। রাজ্য কংগ্ৰেম, যেখানে এককালে চন্দ্ৰভান্থ ছিলেন বিখ্যাত প্রেসিডেন্ট ভাও বর্লাংশে হাওছাডা। তবে কি এরই মধ্যে সুর্যের আলো হারাবার সময় হয়ে গেল ৪ অসম্ভব নয়। কেননা, মাত্র িন্দিন আগেও দেখা গেছে ক্লফবৰ্ণ २४ १.७७ গ্ৰহণ সম্ভব।

#### গুর্দেল, জেনারেল

'দেশে আজ রাজনৈতিক কড
বগছে, যে করে হক এই ছই আবহাওয়া
থেকে নিজেদের রক্ষা করো। যে
করে হক রাজনীতি থেকে দূরে থাকো'
—সংক্ষিপ্ত বিদায়বাণী। তুরস্কের স্থলবাহিনীকে বিদায় অভিনন্দন জ্ঞানাচ্ছেন
ভাদের প্রিয় অধিনায়ক জ্ঞানেরেল

কেমল গুরদেল। অসময়ে অপ্রত্যাশিত
সংবাদ। জুলাইয়ে গুরদেল-এর অবসর
গ্রহণের কথা। কিন্তু মে'র প্রথম
সপ্তাহেই শোনা গেল, তিনি ছ' মাসের
ছটি নিয়েছেন। বোঝা গেল,
মেণ্ডেরেস-সরকার তাকে চিরকালের
মত বিদায় দিয়েছেন। গুরদেল গোটা
তুকী-বাহিনীর 'জেমাল', প্রিয়-পুক্ষ।
দৈল্লরা তাই তার বিদায়বাণীটি
মনোযোগ দিয়ে গুনল, ভাবল, কিন্তু
মানলনা।

তিন সপ্তাহত কটিল না।
ইন্তাম্বল, আন্ধারার পথে পথে টাান্ধ
নামল, পলায়মান মেণ্ডেরেস বন্দী
হলেন এবং তুর্ধে ফোজী-শাসন কায়েম
হল। দেখতে দেখতে অস্থায়ী মন্ত্রিপভা
গঠিত হল। সামরিক অসামরিক
মিলিয়ে আঠারজনের ত্যাশনাক ইউনিটি
কমিটি। লক্ষ মান্তব্যে আনন্দ ধ্বনির
মধ্যে আন্ধারার নৌজোয়ানের। শুনল
দেই কমিটির শীর্ণে যিনি ব্যেছেন
তিনি আর কেউ নন, জেনারেল
শুর্বেল।

ইয়া উচু ভারিকি চেহারা। মাথায় শনের মত পাকা চুল। বয়স বাটের উধের । জেনারেল গুরুসেল এই নয়া জামানার মাহুব নন। চেহারায় কিছুটা মিশরের নাগিব-এর সঙ্গে

## গেইটক্ষেল, হিউ টড্ নেলোর

মিল থাকলেও তিনি নাগিব নন,
—নাসেরও নন। তিনি সৈনিক।
ক্লান্ত সেনাপতি। কামাল পাশার
পাশাপাশি দাঁড়িয়ে একদিন তিনি
লড়াই করেছেন, এখন আর না।
এবার তিনি বিশ্রাম চান।

তবৃও দৈহার। যথন ডাকল গুরদেল
সাড়া না দিয়ে পারলেন না। এ যে
কামালেরই ডাক। এ লড়াইয়ের
যিনি আসল নায়ক, গুরসেল বিখাস
করেন,—তিনি কাসাল আতাতুর্ক।
কবর থেকে তিনিই তুকী জোয়ানদের
ডেকেচ্ছন উঠে দাঙতে।

কামালপাশা আজও ত্রধের অনেক কিছু। তিনি তুকীদের মাথা থেকে 'ফেজ' তুলে নিয়ে 'হ্যাট' বসিয়ে **দিয়েভিলেন। মোলাদের ফতোয়ার াদলে সুইজা**রল্যন্তের আইন চিনিয়ে-ছিলেন। আরবীর বদলে লাতিন হরফ. শত সতীনের ঘরে বোরখার জীবনের वहरल काधीन नात्री कीवन, मदकादी ঠাকুদার থেতাবের বদলে বাপ भवतौ-- जुकी नदनातीरक অনেক কিছু দিয়ে গেছেন তিনি। তুরস্বে তিনিই প্রথম লোক গুনেছিলেন, কল বসিয়েছিলেন এবং স্বোপরি ডিনিই প্রথম ছ'শ বছরের পুরানো স্থলতানী হকুমং মাটি চাপা দিয়ে তুর্কীদের গণতন্তের স্বপ্ন দেখতে শিথিয়েভিলেন।

মেণ্ডেরেস সে অধিকার টুকুও যেন কেড়ে নিতে চললেন। তাঁর তুরদ্ন বেহিসেবী সংসারীর অগোছাল সংসার! এমন যদৃচ্ছ, যেন বাক্তিগত। মেণ্ডে-রেসের দেশে কল যেমন অনেক. মাথায় ঋণের বোঝাও তেমনি অপরিমিত। তুকীদের হাতে হাতে 'ইন ক্লেশন'-এর ফাপা বেলুন। অথচ কোন কাগজে যদি শুধু মাত্র 'মূদ্রাফীতি' কথাটা ছাপা হয় তবে সাংবাদিকদেব গ্রান।

স্থভরাং, কামাল পাশার সহযোদ্ধাকে অভঃপর আর পাশ কাটির
গেলে চলে না। গুরসেল ফিবে
এমেছেন। কামাল-পাশা অনেক
কিছু করে গিয়েছেন। গুরসেল-এর
সেই পামর্থ্য নেই। তিনি গুধু একটা
কাজ করে যেতে চান। ভিনে
তুরস্কে আবার গণতন্ত্রের হাওয়াটা
ফিরিয়ে আনতে চান।

8. 4. 50

## গেইটক্ষেল, হিউ টড্ নেলোর

দলের ভক্রণেরা বলেন—গেইটা স্কেল একটি খটখটে ক্যালকুলেটা মেশিন! গেইটস্কেল আপত্তি কর্নেন

# গেইটক্ষেল, হিউ টড্ নেলোর

না। কেননা, পলিটিসিয়ানের পক্ষে ক্যালকুলেটিং মেশিন হওয়াটা তাঁর মতে অবাস্তর ত নয়ই, বরং অপরিহার্য।

মেসিনটি নিভূল কিনা সে কথা পরে। তার আগে ইংল্ণ্ডের বিখ্যাত শ্রমিক নেতাটির গডনটা শানা দরকার। গেইটস্কেল অক্সফোর্ডের খ্যাতনামা ছাত্র। বাইশ বছর বয়সের ্ষ্ট প্রতিভাবান ছেলেটিকে লঙন িধবিল্যালয় ডেকে এনে 'রীভার' ব্রেছিল। '৩৯ সন অবধি সেথানেই অধ্যাপনা করে কা**টিয়েছেনগেইটম্বেল।** ইতিমধ্যে শুধু পুঁথিতে নয়, প্রত্যক্ষ ্রের কেতেও তার সমাজতত্ত্ব দীক্ষা হয়ে গেছে। '৩৫ সনে শ্রমিক শালর প্রাথী হিসেবে তিনি নিবাচন তভেহেন। সে লডাইয়ে তিনি জিডতে পারেননি সত্য, কিন্তু দল জেনেছেন। যুদ্ধ যথন স্থক হল হিউ গেইটয়েল তথ্য প্রামিক দলের বিশিষ্ট 7.7.71

য্নিভারসিটি ছেড়ে শ্রমিক নায়ক

সরকারী দপ্তরে চুকলেন। দেশপ্রেমিককে দেশের ত্বঃসময়ে তাই

করতে হয়। প্রথমে অর্থনীতির

মধ্যাপক নিযুক্ত হন ইকনমিক

গ্যারফেয়ার-মন্ত্রীর প্রধান প্রামর্শ-

দাতা (১৯৪০-৪২)। পরবর্তী তিনটে বছর কাটল বাণিজ্য মন্ত্রণালয়ে। সে বছরই দক্ষিণ লীডস পালামেন্টে প্রতিনিধি করে পাঠাল তাঁকে। সেই থেকে গেইটস্কেল আজ্ঞও পালামেন্টে লীডস-এর প্রতিনিধি।

গেইটদেল যে বছর পাল মেটে এলেন, দে বছর টার সঙ্গে বিজয়ী হয়ে এসেছে টাব দল্ভ। মান্ত্রটা কি জবে কল প

লেবার গনর্গমেন্টে গেইট্স্পেল প্রথমে একটা দগরে পালামেন্টারি সেক্রেটারীর আসন পেলেন, ভারপর সেই দপরের মন্ত্রী হলেন এবং অবশেষে ক্রমে স্থার ষ্টান্দেন্ড ক্রীপ্রের আসনে উত্তীর্গ হলেন। তিনি চ্যান্দেনার অন এক্সচেকার মনোনীত হলেন (১৯৫০)।

'৫১ সনের নিবাচনে দল গেল, কিছু তহবিলদারিটা রইল। হিদেবের মেশিন হিউ গেইটছেল লেবার পার্টির থাজঞ্চি হলেন। '৫৫ সনে অবসর গ্রহণ করলেন দলের নেতা এটলি। তাঁর শৃত্ত অগনন গিরে প্রাণী দাঙালেন তিনজন। একজন হিউ গেইটছেল, অত্ত হজন এনিউরিন বিভান আর হার্বার্ট মরিসন। মরিসন ভোট পেলেন—৪০, বিভান—৭০, আর গেইটছেল—১৪০। গেইটছেল—১৪০।

## গ্রোমিকো, আর্ট্রে আর্ট্রেভিচ

হাসলেন। কলের হিসেব ভূল হয় না।

গেল নির্বাচনে ম্যাক্মিলন বলেছিলেন—'হয়। এনার হবে। '—আই
থিন্ধ হিছ বেপুটেশান এজ এ ক্যালকুলেটার ইজ গন উইথ দি উইও!'—
গর্ব করে ঘোষণা করেছিলেন মাকে।

দে রটনা মিথো ইগনি। নির্বাচনে
গেইটামেলের হিসেব মোটেই নিভুলি
হয়নি। তবে এজাতীর হিসেবে
অন্তেরাও যে কথনও কথনও ভুল
করেন তাও জানা গেল এবার।
লোকে ভেবেছিল, কেউ কেউ বলেও
ভিলেন—যুদ্ধক্তেরে হেরে যাওয়া নায়ক
এবার প্রাসাদেও নিংহাসনটি হারাবেন।
গেইটামেল শ্রামিক দলেব নেতার
স্থাসন ছাডতে বাধা হলেন।

কিন্ত থবব এসেছে পার্লামেণ্টে

২৫৭ জনের দলের মাত্র ৭ জন ভেবেছেন

সেকথা। বাদবাকীদেব চিটাদ জন

ছাড়া) কাছে চুয়ান বছরের হিউ টড

নেলোর গেইটকেল এখনও দলের

রাজা। গেইটকেল কি নিজেও
জানতেন সে-কথা ৪ তবে কি সভিটেই

তিনি এখনও সেই নিভুলি ক্যালক্লেটিং

সেশিন ৪ ২. ৭. ৬০

্গেইটস্কেল ১৯৬২ সনের নভেম্বরে অকালে দেহত্যাগ করেন।

## গ্রোমিকো, আর্টে আর্টেভিচ

শুধুকাজ আর কাজ। এমন কাজের মানুষ দহসা আর হয়না।

গর্ডন ইয়ং ( 'ফালিনস এয়ারস' )
লিথছেন— ' াহি ডিড নট ডিংক, ডিছ
নট স্মোক, সেল্ডম ওয়েণ্ট আউ;
উইথ গার্লস, বাট ওয়ার্কভ অল্মোস্
আনসিজিংলি '

নেশা বলতে—দাবা থেলা, মাড ধরা, ভাক-টিকিট দংগ্রহ করা আর বই পড়া।

বইয়ের মধ্যে সনচেয়ে ভাল লাগে পশ্চিমী সাহিতা। বাল্জ্যাক, বায়রন, হুগো, গাটে আর সেক্সপীয়ার। কিন্তু একেবারে অপছন্দ একালের পশ্চিমী-দের যুক্তিধারা। নিজেই বলেন—আন্তজাতিক রাজনীতিতে আমার কাছে সেই যুক্তিই সঠিক যা সোবিয়েত দেশের স্থপক্ষে।

বক্তৃতায় কথনও কথনও মার্কটোয়েন-এর উদ্ধৃতি শোনা যায় বলে,
কিন্তু মুথে হাসি দেখা যায় কদাচিং
যেন পাথরে খোদাই মন, পাণ্টা খোদাই মুখ। দেখে দেখে ক্লান্ত হয়ে
মার্কিনীরা নাম দিয়েছিল—'দি ওক্টেন্ট ইয়ং ম্যান ইন ওয়াশিংটন!' কেউ কেউ বলেন—'দি মিন্টিরিয়াস রাশিয়ান',

## গ্রোমিকো, আন্তে আন্তেভিচ

কেউ কেউ—'দি নিউ সোভিয়েট ম্যান '

নাম—আদেঁ আদিঁভিচ গ্রোমিকো। জন্ম—: ১০১ সন। জন্ম কৃমি—থাস কুশিয়া।

বিশ্বথ্যাত কৃটনীতিক, সোবিয়েত দেশের পররাষ্ট্র সচিব—গ্রোমিকো সত্যি সত্যিই গবীবের ঘরের ছেলে। বাবা ছিলেন তাঁর মিনস্ক-এর কাছা-কাছি কোন এক গানের জনৈক অংগাত কৃষক। অশিক্ষিত্ত।

কিন্তু নতুন কালেব রীতি অভ্যয়ী ছেলে স্কুলে গেল। স্কুল থেকে কলেজে। '২৮ সনে কলেজ থেকে আতিক হয়ে বের হলেন তক্ষণ গ্রোমিকো। ভিন বছর পর—আরও একটা পাশ। '৩১ সনে শিক্ষক-শিক্ষণ কলেজ থেকেও ভিগ্রি পেলেন তিনি। এবং দে বছরই গ্রোমিকো কমিউনিস্ট হলেন।

রীতি অন্থযায়ী এবার তার পার্টির কাজ করার কথা। কিংবা— শিক্ষকতা। কিন্তু পরিবতে গ্রোমিকো আবার ছাত্র হলেন। এবার মঙ্গেতে। প্রথম রাজধানীর এগ্রিকালচারাল ইনস্টিটিউট, তারপর—ইনস্টিটিউট অব ইকন্মিক্স।

পাঁচ-বছর পর তিনি যথন সেখান থেকে বের হলেন গ্রোমিকোর হাডে তথন শুধু বিশ্ববিভাল্যের স্বোচ্চস্মান নয়, তিনি মস্বোর একজন উদীয়মান বিজ্ঞানীও। একাডেমি অব সায়েন্দ ইতিমধ্যেই সিনিয়ার রিসার্চ সায়েন্দিট হিসেবে চাকরী দিয়ে বদে আছে তাকে।

এবার কাজ বিশ্ববিত্যাল্যে বিত্যাল্যে বক্তৃতা দিয়ে ঘুরে বেড়ান। চমৎকার কাজ। হয়ত সারা জীবন ধরেই চলত। কিব তিন বছবের মাথায় হঠাৎ রুদানক-এর (Zhdanov) নজরে পড়ে গেল ছেলেটি। সংগে সংগে ('৩৯) বিশ্ববিত্যালয় থেকে পররাষ্ট্র দপ্তরে স্থানান্তরিত হয়ে গেলেন গ্রোমিকো। সেগানেতিনি—আমেরিকান বিভাগের কর্তা। মন্ত চাকরী। মতান্তরে শোনা্যায় বার জোবে গোড়াতেই তিনি এমন দামী চেয়ারে বসতে পেরেছিলেন তিনি—মোলটক।

যা হক। প্ররাষ্ট্র দথর। স্বভরাং ফাইলের আমেরিকা থেকে আদল আমেরিকার আসতে বেশী দিন লাগল না। সে বছরই দৃতাবাদে প্রামর্শদাতা হিসেবে যোগ দিলেন গ্রোমিকো। তথন তিনি এক বর্ণও ইংরেজী জানেন না।

ক'বছর পরে ('৪১ সনে) তিনি যথন মার্কিন দেশে পরিপূর্ণ রা<u>ই</u>দৃত

## গ্রোমিকো, আন্তে আন্তে ভিচ

নিযুক্ত হয়েছেন তথন ইংরেজী খেন গ্রোমিকোর মাতৃভাষা।

মার্কিন দেশে সোবিয়েত রাজদৃত,
য়ুনোয় রাশিয়ার স্থায়ী প্রতিনিধি,
বুটেনে ('৫২-'৫৩) রুশ দৃত এবং
সোবিয়েত রাশিয়ার ডেপ্টি পররাষ্ট্র
সচিব গ্রোমিকো অতঃপর বিশ্রে
স্থবিদিত কটনীতিক। বিশেষ নিরাপত্তা
পরিষদে ত্'বছরে ('৪৬-'৪৮) পচিশটি
'ভেটো' এবং অগণিত 'ওয়াক-আউট'
-এর কৃতিত্বে গ্রোমিকো আন্তর্জাতিক
রাজনীতিতে এক অবিশ্ররণীয়
নাম।

তেহবান, পটাসভাম, ইয়ান্টা—
বছ বিশ্বথাত বৈঠকের অন্যতম সাক্ষী,
অপরাব্দের কৃটনীতিক গ্রোমিকো '৫৭
সনের ফেক্রয়ারী থেকে সোবিয়েত
দেশের পররাষ্ট্রমন্ত্রী। এবার শোনা
শাচ্ছে: তার আরও পদোন্নতি প্রায়
অবধারিত। কেননা, একদল বলেন—
'ধে কোন পদে যোগ্যতায় গ্রোমিকো
অতুলনীয়।' 'কারণ', অন্য দল বলেন
'—গ্রোমিকোইজ এ টিপিক্যাল ইয়েস-

ম্যান!' তাঁদের মতে গ্রোমিকো দেই ধরনের ক্টনীতিবিদ যিনি যে কোন ছকুম তামিল করতে জানেন, কিছ নিজে একটি 'কমা'ও যোগ করতে পারেন না বা চান না।

চাইলে গ্রোমিকো সব করতে পারেন। ভালবেসে বিয়ে করতে ত বটেই, এমন কি হাসাতে পর্যন্ত।

গ্রোমিকো বিয়ে করেছেন সম্প্রতি। '৪৭ সনে। কিন্তু থেঁজে নিয়ে দেখা গেছে, যে মেয়েটিকে তিনি বিয়ে করেছেন সেই লিডিয়া তার কলেজের সহপাঠিনী।

আর হাদি ? দেবার নিউ ইয়কে

এক ভোজসভা বসেছে। বাইরে
তুমুল রৃষ্টি হচ্ছে। রাস্তা ভেদে যাওয়ার
উপক্রম। জানালা দিয়ে এক দৃষ্টিতে
সেদিকে তাকিয়ে আছেন তদানীতন
সোবিয়েত রাষ্ট্রদ্ত গ্রোমিকো।
গন্তীরভাবে হঠাং তিনি সভার দিকে
ঘুরে বললেন—'এণ্ড টু-মরো দি নিউ
ইয়ক টাইমস উইল ব্লেম ইট অন
গ্রোমিকো।' ৩০.৩.৬১

# ঘোষ, অতুল্য

এই ছেলেটিও গাঁয়ে গাঁয়ে ঘুরে বেডায়। তবে হারমোনিয়াম নয়, গলায় থাকে তার একটা থোল। সে কীর্তনীয়া। কীর্তনের দলের লোক।

একবার শরংচন্দ্র এসেছিলেন ওঁদের বাডি বেড়াতে। কথাশিল্পী শরংচন্দ্র । দত্তবাবুর ছেলেটি তথনও কীর্তনের দলে ভেড়েনি। সে স্থলে পড়ে। ক্লাস এইট-এ। শরংচন্দ্র বললেন—দেখি মার্কসীট।…ই্যা,—এ ছেলে এথনই এত নম্বর পাচ্ছে,—তবে বড হয়ে করবে কি।

সেটা ১৯২০ সনের কথা। সে বছরই প্রথম নন-কো-অপারেশন। বাচ্চা ছেলে স্কুল ছেড়ে দিয়ে জানাল, —'আর ষাই করি, ইংরেজের গোলাম হচ্ছি না!'

তা বটে। হগলীর জেজুর গ্রামের
বিখ্যাত দত্তবাড়ির ছেলে (বাবার
নাম—কার্তিকচন্দ্র ঘোষ) যোল বছর
বয়সে (জন্ম—১৯০৪ সন) স্কুল ছেড়ে
কীর্তনের দল ধরলেন। খোলে তাঁর
চমৎকার হাত।

১৯২৪ সন। দেশবরুর মৃত্যুদিন।
শাশান থেকে ঘরে ফিরতে ফিরতে
কীর্তনীয়া এতদিনে যেন জানতে
পেরেছেন কীতনের অর্থ। প্রদিনই
গৃহত্যাগী হলেন শ্রী ঘোষ। আর
কীর্তন নয়,—এবার দেশের কাজ।

স্ক হল ই রেজী প্রবাদের নিয়ম।
নিজের গা নিয়েই। জেজুর নাইট স্কুল।
তারপর আরও গাঁ। আরামবাগ,
শ্রীরামপুর। গা পেকে গাঁয়ে। কোনদিন কুডি মাইল, কোনদিন তিরিশ
মাইল। কোন দিন থাওয়া জোটে,
কোনদিন জোটে না। তাহলেও কাজ
বন্ধ হয় না।

স্থানতই একদিন শহরেও পৌছান গেল। '>৮ সনে জেলা কংগ্রেসের সেকেটারী। ক্লাসপুর মার্ডার কেন। ক্রেলার অসহযোগ। '৪২-এর আন্দোলন। অতুলানাবু জেলা শহর থেকে রাজধানীর দিকে ধাওয়া করলেন। '৪৭ সনে যথন বঙ্গুভঙ্গের চেটা হচ্ছে তথন তিনি কলকাতায় জাতীয় বঙ্গ সম্মেলনের সম্পাদক। ১৯৫০ সন থেকে পশ্চিমবঙ্গ কংগ্রেসের সভাপতি অবঙ্গ এথন সহ-সভাপতি।

### খোৰ, ডঃ প্ৰকুল্লচন্দ্ৰ

হগলী জেলা বোর্ডের ভৃতপূর্ব সভাপতি, পশ্চিমবঙ্গ কংগ্রেসের বর্তমান সহ-সভাপতি, ওয়ার্কিং কমিটির প্রাক্তন সভ্য, লোকসভার সদস্য এবং কেন্দ্রীয় পার্লামেন্টারী বোর্ডের সভা নিবাচিত সভা শ্রীমতলা ঘোষ একজন বিচক্ষণ লেথকও। দলের কাগজ 'দৈনিক জন-দেবক' ছাডাও নানা সময়ে তিনটি সাপ্তাহিকের ('পত্র', 'নির্মোক' এবং 'নির্ময়') সম্পাদনা করেছেন তিনি। তহুপরি ভিনি রাজনীতি বিষয়ক বইয়ের লেখক। তথানা উংকৃষ্ট (উল্লেখযোগা: 'নোয়াখালিতে গান্ধী'. 'অহিংমা ও গান্ধী' 'নৈবাজবাদীর দৃষ্টিতে গান্ধীবাদ' ইত্যাদি।)

— আর সংগঠক ? ত্রী অতুলা ঘোষের নেতৃত্বে পশ্চিম বাংলার কংগ্রেদ থেন এক বিচক্ষণ গৃহস্তের সংসার। থেমন কারবালা ট্যান্ধ লেন-এর বাড়ীতে তেমনি 'কংগ্রেদ ভবনে'। ঘবে যেমন এত কাজের মধ্যেও অতুলাবার কথনও ভোলেন না কবে কার জন্মদিন, কেকি থেতে ভালবাদে,—বাইরেও তেমনি তিনি জানেন কার নজর কোন দিকে,—কংগ্রেদ কোপায়, কিংবা দেশ কি পেতে চায়।

22.2.65

### ঘোষ, ডঃ প্রফুলচন্দ্র

ত্'ভাবে চেনা যেতে পারে।
হয় দেখে, কিংবা কথা ভনে।
সভাটা যাদেরই হক, আর যত
বড়ই হক, কোনমতে গলাটা একবার
কানে এলেই হল। লোকেরা তৎক্ষণাং
জেনে গেল—কে এবার বলছেন।
জনসভায় ওঁর মত মাতৃভাষায় কথা
বলা বড় একটা শোনা যায়না। স্পইত
বোঝা যায় 'দেশ' — ঢাকা জেলা।

থেমন কথা বলার ভঙ্গীতে তেমনি
চাল চলনে, পোষাকে। ইংবেজী
পোষাক ওপারেন বটে ('ওয়েই টুডে'তে
ছবি আছে) তবে '২১ সনের পর
জীবনে একবার। নয়ত প্রতিক্ষণে
সেই সনাতন বাঙ্গালী। মোটা থাদির
ধুতি, থাদির পাঞ্জাবী, থাদির চাদর।
পারে—প্রায়শ চপ্লল, কদাচিং জ্তো।

কিবা টামে বাসে সভাকক্ষে,
কিংবা মিছিলের আগে আগে—
একমাথা সাদা চূল, সাদা থাদি মণ্ডিত
সেই নাভিদীর্ঘ মাত্র্যটিকে দেখা মাত্র
মনে হয়—এ নগরে তিনি যেন কোন
আগন্তুক। তাঁর আসল ঘর কোন
গাঁয়ে, কিংবা কোন আশ্রমে।

বাদ—কম্মেক যুগ ধরে স্থায়িভাবে কলকাতায়, (ইদানীং—গড়িয়াহাটা রোডে।) আশ্রমের লোকেরা এখনও বলেন—আশ্রমিক। রাজনীতিক হওয়া সত্ত্বেও ওঁর নামে শ্রদ্ধাশীল সত্যিই বাংলাদেশে অনেক। কি পদ্মার এপারে, কি ওপারে।

ভাক নাম—ড: ঘোষ। পুরো নাম—ড: প্রফুলচন্দ্র ঘোষ। জন্ম— ১৮৯১ সন। জন্মস্থান—ঢাকা। ঢাকা জেলার মালিকান্দাগ্রাম। লেথা পডাও প্রধানত ঢাকায়, ঢাকা কলেজে। তারপর কলকাতা বিজ্ঞান কলেজে।

কেমিপ্রা নিয়ে পাশ করলেন।
সংগে সংগেপ্রেসিডেন্সী কলেছে চাকরি
এবং রসায়ণ শাস্ত্রে তংকালীন তর্লভ
পি. এইচ. ডি (১৯২০)। স্থতরা
উচ্চতর পদের আহ্বান এল। ডঃ
ঘোষ কলেজ ছেডে আরও পাকা
সরকারী কাজে যোগ দিলেন।
এবার সাক্ষাং টাকশালায় ডেপুটি
এ্যাসেমান্টার নিযুক্ত হলেন ডঃ ঘোষ।
ও বাড়ীতে ও কাজে ভারতীয় তিনিই
প্রথম। সে ২০ সনের কথা।

পরের বছর দেশে এলেন গান্ধী,
চারদিকে অসহযোগ আন্দোলন।
স্তরাং ত্'বার মাত্র ভাবলেন তরুণ
বাঙ্গালী কেমিষ্ট। তারপর ধীর
পায়ে বেরিয়ে পড়লেন ঘর ছেডে।

টাক। বানাবার কাজ ছেড়ে সোজা ফকিরের পথে।

অতঃপর ডঃ ঘোষের কাহিনী ভারতের একটি অগতেম নিষ্ঠাবান গান্ধীভক্তের জীবনী। জেল, জেল, জেল, জেল। আশ্রম, আশ্রম, আশ্রম। মালিকালা, অভয় আশ্রম (কুমিল্লা)— গঠন কর্ম, বাপুর সাল্লিধ্য। '২০, '৩০, '৩১, '৩০, '৩৪, '৪২—বছরের পর বছর কারাবাস। ডঃ ঘোষ আমাদের জাতীয় আল্দোলনের একজন বিশিষ্ট কর্মী।

ক্রমে গ্রাম-ক্রমী পেকে জাতীয়
নায়ক। ১৯৩৯ পেকে ১৯৫৩—
একটানা দশ বছর কংগ্রেস ওয়ার্কিং
ক্রমিটির সদল্য ছিলেন বাংলার এই
ক্রমীটি, তার মধ্যে মুগপ্থ কিছুকাল
বাংলা কংগ্রেসের সম্পাদক এবং
একবার 'হরিজন সেবক সজ্বের'
সভাপতি।

স্তরা', '৪ ৭-এর আগতে অনিবার্য ভাবেই তার নামটি মনে পড়ে গেল। প্রথমত কেন্দ্রে, তারপর খণ্ডিত প্রদেশে। গান্ধীজি আশাবাদ করেছিলেন, কুপালনী সমর্থন জানিয়েছিলেন— তবুও, মাত্র কয়েকটি মাদ। '৪৮-এর জালয়ারীতেই পদত্যাগ করলেন ডঃ ঘোষ।—কেন গ তাই নিয়ে আজও

#### ঘোষ, শচীন্দ্ৰমোহন

বিবিধ বিতর্ক। তবে একথা সবাই মানেন—একটা নতুন ধরনের আবহাওয়া এনেছিলেন সেদিন ঐ ছোটু মাত্ত্বটি। সাবধানীর মতে—তাতে ঝডের আশহা ছিল! সাধারণের মনের কথা—পাবলিক সেদিন তাই চেয়েছিল।

যাক, প্রথমে ছাড়লেন মুখ্যমন্ত্রীর আসন। তারপর চটো বছর ঘরতে না ঘুরতেই ছাড়লেন-কংগ্রেদের ঘর। এবার নতুন পার্টি, নতুন দল। নাম--'রুষক প্রজা মজতুর পার্টি'(১৯৫০)। তারপর রাজনৈতিক ভাঙ্গাগডার নিয়মেই এল নতুনতম দল, প্রজা সোপ্তালিষ্ট পার্টি। ডঃ ঘোষ অতঃপর তাদের অত্তম স্বভারতীয় নায়ক। দলের পক্ষে ভারতের এই থণ্ডে সম্ভবত তারও বেশী কিছু। এথানে তিনি আরও মূল্যবান। কারণ—ভুধু মহিষাদল নয়, তাঁর ব্যক্তিখণ্ড। এই ব্যক্তিত্ব যেমন সকলে ঘর ছেডে বেরিয়ে যাওয়া সত্ত্বেও তাঁকে ঘরে বসিয়ে রাথতে পারে, আমরা দেখে আনন্দিত, দেই ব্যক্তিত্বই ষ্পাসময়ে যথাযোগ্য সিদ্ধান্তে অন্ত-প্রাণিত করতে পারে। ড: ঘোষ করেই মতবিরোধ গোপন না জানিয়েছেন-পাটি ত্যাগ 27月季

অস্তত তাঁর কাছে এখনও গুজব মাত্র।
স্বলেখক, ('ওয়েন্ট টুডে' এবং
'প্রাচীন ভারতীয় সভ্যতার ইতিহাস')
সরল বক্তা এবং চিরকালের রাজনীতিক আশ্রমিক ডঃ ঘোষ একজন
স্বেহময় 'পিতা'ও। অনেকেই শুনে
অবাক হয়ে যান সাধনা নামে যে
মেয়েটি তাঁর সর্ব-সহচরী (এবং কখনও
কখনও সহ-লেখিকাও) তিনি তাঁর
নিজের কক্যা নন। অথচ, যাঁরা ভূঁকে
জানেন সকলে বলেন—নিজের বাবাও
এমন হয় না!

১. ২. ৬১

### ঘোষ, শচীন্দ্রমোহন

উনপঞ্চাশ বছরের সমর্থ দেহ।
শাস্ত সমাহিত মুখ। ঝকঝকে দাতগুলোতে পান-স্থপুরির কোন চিহ্ন
নেই। ঠোঁট দেখে বোঝা যায়—
সিগারেট অপরিচিত। যেন—সদাচারী
সদালাপী কোন ভল্ল বাঙালী গৃহস্বই।
নাদা পোষাকে দেখলে মনেই
হয় না এই মান্ত্রষটি ঘণ্টায় ষাট
মাইলবেগে মোটর সাইকেল চালাতে
পারেন, কোমরে পিস্তল গুঁজে শহরময়
নির্ভরে ঘুরে বেড়াতে পারেন, ঘণ্টার
পর ঘণ্টা কাটিয়ে দিতে পারেন চোর,
গুণ্ডা এবং সমান্ত্রবিরোধীদের নিয়ে।
ভাবা যায় না, এই মান্ত্রষটিই আর

#### যোষ, শচীক্রমোহন

ক' দিন পরে লালবাজারে বসবেন, এই বিরাট শহরের শাস্তি রক্ষার দায়িত্ব গ্রহণ করবেন!

: এ লাইনে কেন এলেন ?

: কেন, তা কি আমিই জানি?
ভগু জানতাম—এই নিরিবিলি পড়ুয়ার
জীবন চিরকাল ভাল লাগবে না।
তাই এমন একটা কিছু খুঁজছিলাম—
যাতে, প্রতিযোগিতা আছে, তীব্রতা
আছে, জীবন আছে।

সে বেশ কিছুদিন আগের কথা।
প্রেসিডেন্সি কলেজ থেকে ইকনমিক্সে
জনার্স নিয়ে বি. এ পাশ করেছেন।
এম. এ পডছেন। তথনই কানে
এসেছিল সেই প্রতিযোগিতার
থবরটি। পুলিস সার্ভিসের পরীক্ষা
হচ্ছে এবং এম. এ পরীক্ষার আগেই
তার দিন।

পড়্যা বই সরিয়ে বেথে পরীকা।
দিতে বদে গেলেন। ফল বের হলে
দেখা গেল তিরিশজনেব মধ্যে তিনিই
প্রথম হয়েছেন।—স্তত্যাং, আর
পালিয়ে আসার অর্থ হয় কি ? উনি
পুলিসেই যোগ দিলেন। ওঁর বয়স
তথন মাত্র একশাং

নাম—শচীক্রমোহন ঘোষ। বাবার নাম—বীরেক্রমোহন ঘোষ। দেশ— ঢাকা। বাবা সরকারী চাকরী করতেন।
বদলীর চাক্রী। বড় ছেলে শচীন্দ্রমোহন বাবার সঙ্গেই থাকতেন।
ফলে ম্যাট্রিক পাশ করেছেন তিনি—
ঢাকা নয়, ফশোহরে, আই. এ, বি. এ
কলকাতা শহরে। এবং উল্লেখযোগ্য,
'ও৪ সনে এ শহরেই প্রথম পুলিসের
থাতায় নাম উঠেছিল তার। ঘুরে
ফিরে, আবার সেই কলকাতায়।
তবে এবার নতুন পরিচয়ে, শচীদ্রমোহনই কলকাতার নতুন পুলিস
কমিশনরে।

সম্মান এবং দায়িত যেমন বিরাট নতুন পুলিদ কমিশনারের অভিজ্ঞতাও তেমনি বিস্তীণ। '৩৫ সন থেকে বাংলার নানা জেলায় গুরুত্বপূর্ণ পদে শান্তিরকার দায়িত্ব পালন করেছেন তিনি। এবং দেশবিভাগের পরে পশ্চিম-বাংলায়ও সার্ভিস্বক উজ্জন। '৪৬-এর দাঙ্গার সময়ে তিনি চিলেন কুমিলার আাডিশতাল পুলিস স্থাব, '৪৭ মনে ২৪ প্রগ্ণার স্থার। তাছাড়া, পশ্চিম বাংলা মহকারী हेक्मशक्रित एकनार्यस्त्र अस्त वस्त्रहरू শ্রী ঘোষ, বদেছেন ডি. আই. জি'র আসনেও। স্বতরাং, বলা নিপ্রয়োজন কলকাতার কমিশনারের পদ তাঁর নিজের কাছে কোন থবর হওয়ার কথা

#### ঘোষ, স্থারেন্দ্রমোহন

নয়। কিন্তু তবুও মান্তবটিকে নিয়ে আলোচনার লোভ দমন করা যায়
না। কেননা, এমন হাসিমুখে এমন
শাস্তভাবে এত বড় শহরটার দায়িত্ব
নিতে পারেন কেউ সে কথা ওঁকে না
দেখলে সত্যিই বিশাস করা যায় না!

२७.७.७२

#### ঘোষ, স্থুরেক্রমোহন

দেওয়ালে শ্রীটেততা ও প্রীক্রফের

চিত্রাবলী। অনাচ্ছাদিত টেবিলটার

এককোণে শ্রীস্ববিন্দ। দেখে মনে

হয়না কোন রাজনীতিকের ঘরে
বিসেচি। যেন কোন ভক্তের কটির।

উনি কথা বলছিলেন। মাথায় পাকা চুলগুলো বিবল হয়ে এসেছে। ম্থের ভাঁজে ভাঁজে বয়সেব কথা স্পষ্ট হয়ে উঠেছে। কিন্দ্র কালো ফ্রেমের চশমাটির নীচে চোথ ছটো স্পষ্টতই বয়সোচিত নয়, একট় অল্যরকম, অত্যন্ত প্রথর। উনি কথা বলছিলেন স্বাধীনতা সংগ্রামের ইতিহাস সম্পর্কে। বাংলাদেশের নয়, গোটা ভারতের। কিন্তু সে কাহিনী যেন প্রত্যেকটি তার নিজের চোথে দেখা।— কোথায় নানাসাহেব, কোথায় আজিম্লা, কোথায় গদরপার্টি, কোথায় ময়মন-সিংহের হেমেক্স আচার্য,—কিন্তু এমন-

ভাবে কথাগুলো বলে গেলেন তিনি সন তারিথ সহ যেন ইতিহাসের কোন প্রতিভাবান ছাত্র!

কিন্তু পরে জেনেছিলাম—ছাত্র
নন, প্রত্যক্ষ দর্শক। বিগত একশ
বছরের সবটুক না হলেও শ্রীস্থরেন্দ্রমোহন ঘোষ নামে উনসত্তর বয়সের,
এই প্রবীণ বঙ্গ সন্তানটি প্রায় আধাশতক ধরে নিজের চোথে এমন এমন
বহু ঘটনা দেখেছেন, নিজের হাতে
এমন এমন অনেক কাজ করেছেন—
যা সহসা ভেবে ওঠা যায় না।

সেকালে তার নাম ছিল—মণু ঘোষ। এবং বাংলাদেশে সেদিন এমন কোন তরুণ ছিলেন না যিনি স্থাদ্ধ ময়মনসিংহের এই ছেলেটির নাম না জানতেন। কেননা, কলেজে পড়তে পড়তেই সেই বালক বোমা পিস্তল ধরেছেন এবং বয়স যথন তার মাত্র আঠার বছর তথনই তিনি তংকালীন বাংলার প্রথম সারির হুধর্ষদের তালিকায় উঠে গেছেন। 'অস্ত্র আইনে' মধু ঘোষপ্রথম কারারুদ্ধ হন ১৯১১ সনে। আর তার জন্ম—১৮৯৩ সনে!

তারপর 'যুগাস্তর' পার্টির অন্ততম নায়ক শ্রী ঘোষ জীবনে অনেকবার জেলে গেছেন। সব মিলিয়ে দেওয়ালের

## চক্রবর্তী, অমিয়

ভুপারে জীবন কেটেছে তাঁর প্রায় ভেইশ বছর। স্বতরাং, সে জীবনের রাখ্যা অনাব্রাক। অনাবশক বাংলাদেশে তাঁর রাজনৈতিক জীবনের প্রিচয়ও ৷ সদলবলে স্বরেন্দ্রমোহন এদেছেন ১৯২০ সরে। কণ গ্ৰাম ১৯৫০ সন অবধি ছোৱপর খেকে বালার কংগ্রেম আন্দোলনে তাঁব ন্মক। সকলের জানা। ১৯২৯ সন গে.ক এ. আই. সি. সি সমস্তা স্থারেন্দ্র-মোহন ১৯৩৯ থেকে ১৯৪৮ সন অব্ধি ত্রকটানা প্রায় দশ ২৬র ডিলেন বাংলা কংগ্রেদের সভাগতি। তার আমলেই ফল্বর প্রথম নিবাচন, তারে আ**মলেই** ব লাব ছভিন্দ, দেশ নিভাগ, এবং মান্দর এই স্বানীনতা।

দেশ বিভাগের পরে ১৯৪৯ মনে

হাবার পশ্চিম বাংলার কংগ্রেস

গ্রানের পদে রত হয়েছিলেন বটে জা

ঘোষ, কিন্তু তারপর থেকেই বাংলার
রাজনৈতিক রক্ষমঞ্চে তিনি যেন দ্রের

মারুষ। অভঃপর তাঁর কর্মক্ষেত্র কথন-ওবা আরও দরে,—মনে মনে সভত তিনি পভিচেরীতে। কর্মান ইদানীং প্রধানত রাজধানী দিলি। '৫২ সনের নিঠাচনে খ্রী ঘোষ লোকসভায নিবাভিত হয়েছিলেন। তারপর '৫৭ সনের এবং এবারকার নিবাচনের পর থেকে একটানা রাজ্যসভায় আছেন। এবং সদম্যানে। স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনা বিষয়ক কমিটির তিনি সম্পাদক ছিলেন এবং আরেও বছ উপলক্ষা তিনি কেন্দ্রীয় কংগ্রেদের হয়ে নানা রাজে। দায়িত্র পালন করেভেন। সংবাদ: রাজ্য-সভার অন্যতম সদৃজ, বাংলার প্রবাণ কংগ্রেস নয়েক এবার সেখানকার কংগ্রেম দলের সহ-নেত। নিবাচিত হয়েছেন। বলা নিপ্রয়োজন, বালালী মাত্রই প্রবীণ কংগ্রেম নেতার এই সম্মানে আনন্দিত হবেন।

२১. ७. ७२

# Б

## চক্রবর্তী, অমিয়

'তৃমি থাকলে মনের মধ্যে ব্যেতের ধারা বয়—তার প্রয়োজন যে কত তা আশপাশের লোক বৃঝতে পারে না'—লিথেছিলেন রবীজ্ঞনাথ। কবির চার পাশ ঘিরে দেদিন দেশ

## চক্রবর্তী, অমিয়

দেশাস্তরের অনেক জ্ঞানীগুণীর ভিড়।
তবুও তিনি একান্তে কাছে ডেকেছিলেন ক্ষীণতম্থ তীক্ষনাসা সেই
ইংরেজী সাহিত্যের অধ্যাপকটিকে.
যিনি বাংলায় আধুনিক কবিতা
লেখেন। এমন কবিতা ষা 'আধুনিকের
স্বরূপ', এবং গুরুদেব বলেন,—বাজালী
কবিদের মধ্যে সে কবিতার কবি—
'প্রকৃতই স্ব্রেদীয়।'

নাম—অমিয় চক্রবর্তী। পরিচয় কবি,প্রাবন্ধিক, অধ্যাপক, সমাজকর্মী। কিন্তু সেগুলো নেহাৎই পেশাগত সম্ভবত--বিশ্ব-পথিক মানবসন্ধানী। নিছে বলেন.--এখনও আমি পথিক। জন্ম--১৯•১ সনের ১০ই এপ্রিল। জন্মস্থান-শ্রীরামপুর। লেথাপডা শিথেছিলেন বাংলার বাইরে, পাটনায়। তারপর আরও দুরে অক্সফোর্ডে। পাটনা বিশ্ববিত্যালয়ের এম. এ শ্রীচক্রবর্তী অক্সফোর্ডের ডি. ফিল। অক্সফোর্ডের সিনিয়ার রিসার্চ ফেলো ড: চক্রবর্তী যথন ১৯৩৭ সনে লাহোরে গবেষণা করছেন তথন তিনি বাংলাদেশে স্থপরিচিত ব্যক্তি; কলকতার তরুণ সাহিত্যাহরাগী মহলে তাঁর নাম জানে না এমন মাহুষ অল্প। কেননা ১৯২৬ সনে বিশ্ববিভালয়ের পড়া শেষ হওয়ার দিন থেকে অমিয়চন্দ্র শান্তি- নিকেতনে এক বিশ্বয়কর আগস্তুক।
প্রথম পরিচয়ের পরেই কবি তাঁকে
আপন সাহিত্য বিষয় সম্পর্কিত একান্তসচিবের আসনে বসিয়েছেন,—তাঁর
চেয়েও বড় কথা অমিয়চন্দ্র কবির
হৃদয়ে আপন ঠাই খুঁজে পেয়েছেন।
রবীন্দ্রনাথ এবং তাঁর এই একান্তসচিবের সম্পর্ক রবীন্দ্র সাহিত্যেও
ততদিনে প্রবাদে পরিণত।

কবির সঙ্গে বার্মিংহাম, রাশিয়া, পারস্থা, ইরাক, যারবেদা জেলে গান্ধী জীর শয্যাপার্খে, বারোদায় বক্ততার আসরে—শান্তিনিকেতনের ইংরেজীর অধ্যাপক (১৯২৬-৩৩) গুরুদেবের একাস্ক-সচিব শ্রী চক্রবর্তী সেদিন সর্বত্ত। অকাফোর্ডের কাজ শেষ হওয়ার পরে ১৯৪০ সন থেকে অবভা তিনি শান্তিনিকেতনের বাইরে বাইরে। কিন্তু চির্দিন জীবন তাঃ শান্তিনিকেতনের সেই সূর্যকে ঘিরেই: কবি তাঁকে 'সাহিত্যের পথে' উৎদ করছেন, আদর করে বিদে<del>শিনী</del> স্ত্রীর नाम ताथहान-'रिमली', अनुद्रास পড়ে কবিতা লিথেছেন 'আফ্রিক্র' নামে,—অমিয়কুমার রবীক্রনাথের কাছে ভগু পশ্চিমের জানালা নন,— ততোধিক।

'৪০ থেকে '৪৮ সন অবিধি

কলকাতা বিশ্ববিদ্যালয়ে কাটিয়ে শ্রী চক্রবর্তী আজ বছকাল পরদেশী। গিয়েছিলেন হাওয়ার্ড বিশ্ববিভালয়ে বক্ততা দিতে, তু'বছরের জন্মে। ভারপর আর দেশে ফেরা হয়ন। श्रिम्राधेन, हेरबल, कानमाम हेजािन নানা মার্কিন বিশ্ববিষ্ঠালয়ে অধ্যাপনার পর '৫৩ সনে তিনি স্থায়িভাবে বোস্টন বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন. —তুলনামূলক প্রাচ্য ধর্ম ও সাহিত্য পড়ান। ছুটি নিয়ে ক'মাদের জন্মে খদেশে এসেছেন, মাদ্রাজ বিশ্ববিচ্যালয়ে ঠাকুর অধ্যাপকের কাজ করছেন। জামুয়ারীতে আবার বোসনে নিজের আসনে ফিরে যেতে হবে। বিশ্ব-ভারতী কর্তৃপক্ষ তার আগে প্রবাসী এই ভারত সস্তানটিকে বিশেষভাবে সন্মানিত করার সিদ্ধান্ত নিয়েছেন। আগামী ২৪শে ডিসেম্বর বার্নিক সমা-বর্তন উৎসবে তাঁরা শান্তিনিকেতনের বিখথাত মুখপাত্রটিকে 'দেশিকোত্তম' উপাধিতে ভূষিত করছেন।

অসংখ্য উক্তিতে, অগণিত চিঠিতে কবি নিজে থাকে সম্মান জানিয়ে গিয়েছেন তাঁর কাছে এই সম্মান অপ্রত্যাশিত কিছু নয়, বরং বলা চলে বিশ্বভারতীই অবশেষে আপন কর্তব্য পালন করতে পারলেন। 'থসড়া', 'এক মুঠো', 'পারাপার', 'ঘরে ফেরার দিন' ইত্যাদি বছ পরিচিত কবিতা সংকলন এবং 'দাম্প্রতিক' নামে প্রবন্ধ সংগ্রহ ছাড়াও 'চলো যাই'-এর (শিশুগ্রন্থ হিদেবে সরকারী পুরস্কারে বিখ্যাত লেথক সম্মানিত) অমিয়চন্দ্র দেশে-বিদেশে ভারত-তত্ত্বে স্থপরিচিত আধুনিক ভাক্তকার। ১৯৪৭ সনে নোয়াথালিতে গান্ধীজীর সহযাত্রী ত্রী-চক্রবর্তী তাঁর 'দি দেইণ্ট আটে ওয়ারু' বইয়ে গান্ধীজীকে পশ্চিমের কাছে নতুনভাবে পরিচিত করেছেন, 'টেগোর রীডার' সম্পাদনা করে (১৯৬১) নতুনভাবে রবীন্দ্রনাথকেও। তার চেয়েও বড় পরিচয় তাঁর এথনও তিনি প্রাচীনভূমি ভারত থেকে পশ্চিমের পথে পথে এক বিশায়কর চলমান পথিক। '৫৫ সনে আফ্রিকা ছুটে-ছিলেন তিনি ড: আলবাট সোয়াইৎ-জারের সঙ্গে দেখা করতে, '৫৯ সনে মস্কোয় পাস্তেরনাকের সঙ্গে বলতে। এমন বিশ্বপথিক কোন (मर्ग्हे ज्ञानक त्नहे। ४२. ४२. ७७

# চক্রবর্ত্তী, বি. এন.

১৯৪৭ সনের ১৫ই আগন্ট ষদি কেউ কলকাতার রাজভবনে গিয়ে থাকেন তবে নিশ্চয় ওঁকেও দেখেছেন।

## চন্দ, অলোক কুমার

কাঁচায় পাকায় মেশান একটু সেকেলে ধরনে গোছান এক মাথা চুল, স্থলর করে ছাঁটা সেকেলে ধরনের গোঁফ, সেকেলে ধরনের প্রসন্ধ মুথ। থেকে থেকেই তাকাতে ইচ্ছে করে, এবং তাকালে কেন জানি মনে মনে বিশ্রাম পাওয়া যায়!

নাম—বীরেক্সনারায়ণ চক্রবতী।
বয়স—আটায়। শ্রীচক্রবর্তী তথন
'সেকেটারী টু গভর্নর'। তথনই
শুনেছিলাম রাজভবনে সভাগত হলেও
এই মুখটি বাংলার নানা জেলায় স্থপরি
চিত। এমনকি রাইটার্স বিল্ডিংসেও।
কেননা, স্বাধীনতার আগে সেথানে
তিনি একসময় ফিনাম্স সেকেটারী
ছিলেন। সেই চক্রবতীই এবার মুনোয়
আমাদের স্বায়ী প্রতিনিধি হলেন।

খবরটা অতঃপর মোটেই বিশ্বয়কর
নয়। কারণ, '২৯ সনের পুরাণো
আই. সি. এস শ্রী চক্রবর্তী ইতিমধ্যে
স্থানাধ্য কৃটনীতিক। ১৯৪৮ সন
থেকে নানকিং, টোকিও, নয়াদিলির
পররাষ্ট্র দপ্তর, নেদারল্যাওস, কোরিয়া,
লগুন, কলম্বো, পূব-পশ্চিমের বহু দেশে
নানা দায়িত্বপূর্ণ পদে তিনি ভারতের
প্রতিনিধিত্ব করেছেন। কথনও
সেক্রেটারী, কথন মিনিষ্টার, কথনও
হাইকমিশনার। ১৯৬০ সনের

সেপ্টেম্বর থেকে শেষোক্ত পদেই তিনি কানাডায় ছিলেন। এবার ডাকপড়ন জাতিপুঞ্জের দরবারে।

প্রত্যাশা দেখানেও এই বাঙ্গালী
কুটনীতিক তার পূর্বথাতি অক্ষর
রাথবেন। এ প্রত্যাশা আরও এ
কারণে—বীরেন্দ্রনারায়ণ সত্যিই
অভাবিত গুণসমূদ্রের সমন্বয়।
রাজভবনেই শুনেছিলাম—তিনি
চমংকার ফটো তোলেন! হয়ত
অচিরেই শুনতে পাব তিনি চমংকার
বক্তবাও করতে পারেন। ১৭.৫.৬২

#### চন্দ, অশোককুমার

কিছুকাল আগে হঠাৎ একথানা
বই হাতে পেয়েছিলাম। বিলিতি বই।
নাম 'ইণ্ডিয়ান এডমিনিস্ট্রেশান।'
লেথকের নাম—এ কে চন্দ। ভূমিকা
লিথেছেন ডাঃ সর্বপল্লী রাধারুক্ষন।
উৎসর্গ পত্রে লেথা ছিল—'টু, জন্তহরলাল নেহরু; উইথ আাফেকশান এও
আাডমিরেশন'। বইটি পাণ্ডিত্যপূর্ণ।
তাতে ভারত শাদনের ইতিহাস থেকে
ক্ষরু করে অভিটর জেনারেলের পদ
কৃষ্টি প্যস্ত অনেক কথা ছিল। অনেক
সমস্থার আলোচনা ছিল। কিন্তু
ভিক্তেন্স মিনিষ্ট্রির হিসেবের থাতায়
লাল পেন্সিল চালালে কি সমস্থার

উদ্ভব হতে পারে তা ছিল না। অবসর-প্রাপ্তির মুথে এসে ভারতের কম্প-ট্রোলার জেনারেল শ্রীঅশোক চন্দ্ আছে তাও জেনে গেলেন।

শীহটের বিখ্যাত চন্দ পরিবারের বিখ্যাত চার ভাইয়ের প্রজাকে চল বয়দে যেমন প্রবীণ (৫৮) শাসন অভিজ্ঞতায়ও তেমনি। কলিকাতা বিশ্ববিভালয়ের শেষ করে তিনি যথন ইণ্ডিয়ান অভিট এও একাউন্টদ সাভিদে যোগ দেন, তথন তার বয়স মোটে চিকিশ। ক' বছরের মধ্যেই মাজাজ সরকারের অধীনে উচ্চপদে আহ্বান পেলেন তিনি। '৪৬ সনে সে পদ প্রত্যাশাকে ছ:ড়িয়েও যেন উচ্চতর হল। খ্রী চন্দ্ হ'রত সরকারের জয়েণ্ট সেক্রেটারী নিযুক্ত হলেন। পরের বছরই— এডিশনাল দেকেটারী। '৫৪ সনের খাগট মাদে ভারতের অভিটর এবং কম্পটোলার জেনারেল নিযুক্ত হওয়ার আগে—তার কর্মজীবনে আর ছটি উল্লেখযোগ্য পদ—মাস ক্যেকের জন্ত ইংলণ্ডে ভারতের ডেপুটি হাই কমি-শনারের কাজ এবং কেন্দ্রীয় তথা ও বেতার মন্ত্রণালয়ের সেক্রেটারিও।

স্বভাবতই, যোগ্যতা এবং অভি-জতায় শ্রীচনদ নয়াদিলির শাসক মহলে

মূল্যবান কর্মী। দপ্তরের বাইরেও ভাই তাঁকে নিয়ে ট'নাটান। '৪৭ সনে দেশবিভাগের সময় তাঁকে পাঞ্চাৰ পার্টিশন কাউন্সিলে প্রতিনিধিত্ব করতে হয়েছে। তার আগের বছর লাও লীজ ডেলিগেশন-এর সদস্য হিসেবে তিনি আমেরিকা ঘুবে এসেছেন। '৪৭ সন আর '৪৮ সন—বলতে গেলে কাটাতে হল বিলেতেই। তথন সংক্রিং ব্যালেন্স নিয়ে হোরতর সমস্রা। '৫০ আর '৫২ সনে অব্যার ইউবোপ যাতা। काक (बल मण्डाका এবারকার ভারতীয় রেল-হয়ে ডেলিগেশন। তারই নেত্তে সেবার ইউরোপ ঘুরে এল।

ভধু প্রতিরক। দপ্তরের হিসেবের থাতা নয়, জী চন্দ ভারতীয় প্রতিরক্ষা দপ্তকেও যে যংকিঞ্চিৎ ওয়াকিবহাল তা অনেকে না জানলেও ভারতের প্রতিরক্ষা মন্ত্রী নিশ্চয় জানেন। কেননা, '৪৭ সনে ভারতীয় ডিফেল্ফ ভেলিগেশন নিয়ে তিনিই গিয়েছিলেন লগুনে। শেষ প্রস্ত ভারতের অভিটর এগুকম্পটোলার জেনারেল-এর অভান্ত প্রয়েজনীয় পদ্টি চারপাশের আক্রমণের ম্থে ক্তথানি অবশিষ্ট থাকবে বলা যায় না, তবে শ্রীঅশোক চন্দ যে কম্পটোলার জেনারেল হিসেবে

### চক্রশেশর, ডঃ এস্

তাঁর পরবর্তীদের কাছে অনেককাল বেঁচে থাকবেন তা নিশ্চিত। ২৪.৪.৬০

## চক্রশেখর, ডঃ এস্

প্রতিটি কথাই শোনবার মত।
প্রত্যেকটি শব্দ, প্রত্যেকটি বাক্য,
প্রতিটি সিদ্ধান্ত। ফলে সেই ঘোরেই
ভনেছিলাম, ভনে হাততালিও দিয়েছিলাম। কিন্তু বিন্দুমাত্র লজ্জিত না
হয়েই আজ স্বীকার করছি কলকাতা
ইনফরমেশন সেণ্টারে শোনা সেই
অপূর্ব বক্তৃতাটির একটি বাক্য কিছুতেই
আমার পরিপাক হয়নি।—ডঃ চক্রশেথর মাপ করবেন, সে বিষয়ে আমি,
আমরা আপনার সঙ্গে দ্বিমত পোষণ
করি। কারণ—নিয়োক।

মাত্র চয়াল্লিশ বছরের জীবনে এই দেশেরই একটি সাধারণ ঘরের ছেলের কাহিনীতে পাচ্ছি, তিনি—ভেলোর স্থল থেকে শাঙ্গ করে মাদ্রাজ প্রেসিডেন্সি কলেজে পডেছেন. মাল্রাঞ্চের পড়া শেষ করে তিনি কলম্বিয়ায় গেছেন, কলম্বিয়া থেকে প্রিষ্ণটনে। মাদ্রাজের এম এ., এম. কলম্বিয়ার এম. এস-সি, এল ৷ নিউইয়র্কের পি. এইচ. ডি সেই তরুণ ইতিমধ্যেই লওন স্থল অব ইকনমিকস-এ 'ফেলো', থেটেছেন বরোদায়—কলম্বিয়ায় খ্যাতির স্কে স্টকহলম-টোকিও পড়িয়েছেন, ফরমোজা-ওসলো, অপ্তিয়া-আমেরিকায় বিশেষজ্ঞ হিসেবে বক্ততা এদেছেন, 'হাংগ্রি পিপল এম্পট হাও ডেমগ্রাফিক ডিসম্বারমামেট ইন ইণ্ডিয়া',—'ইণ্ডিয়াস পপুলেশন: ফ্যাক্ট্স এণ্ড পলিসি' ইত্যাদি ইত্যাদি অনেক বিশ্বথাতি সাহিত্যগুণস্পর সংখ্যাতত্ত্ব, তথা বিজ্ঞানের লিখেছেন এবং হ'বছর আগে চীন ঘুবে এদে জগতের জ্ঞান বৃদ্ধি করেছেন ( যথা: সেথানে তিনি জন্মনিয়ন্ত্রণের সরস্তাম তৈরীর কার্থানা দেখে এদেছেন।) তহুপরি এই বয়দে তিনি জাতিপুঞ্জের জন্ম-সংখ্যা বিষয়ক বিভাগ চালিয়েছেন এবং আজ জন-সংখ্যা বিষয়ে ভারতের একমাত্র গ্ৰেষণাগার মাজাজের গান্ধীনগরভ 'ইণ্ডিয়ান ইনস্টিটিউট ফর পপুলেশন স্ট্রাডিস' নামক বলতে গেলে প্রায় নিজের হাতে গড়া একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান পরিচালন করছেন।

অথচ আশ্চর্য, অবলীলাক্রমে কলকাতায় দেই মাসুষটিই কিন: আমাদের শুনিয়ে গেলেন,—৪৫০ মিলিয়ন মাসুষ থাকলে এদেশে নোবেল

### চালিহা, বিমলাপ্রসাদ

গুরস্থার পেয়েছেন মাত্র হু'জন, এফ বি দে আছেন একজন।

তংশক্তে ভারত-সন্তানদের গুণগত ইংকর্যতা সম্পর্কে যে নিরাশ হওয়ার কিছু নেই ডঃ শ্রীপতি চন্দ্রশেথর তাঁর নিজের জীবনটিকে গুণলেই তা ব্ঝতে শারতেন।—এই বয়সে এমন পণ্ডিত কোন্দেশে হাজারে হাজারে হয় ৪

9. 9. 92

#### গলিহা, বিমলাপ্রসাদ

হ'ংতে তুলে নাচা ধায়, বৃক
দিয়ে বলে বেড়ান ধায় এমন থবর
দান সময় পাওয়া ধায় না। চাওয়াও
দার না। দেদিক থেকে আমরা
দাতন মধ্যবিত্ত গেরস্ত। মোটাম্টি
ভাল আছি' কিংবা 'চলে ধাছে'
দনতে পেলেই আমাদের ধথেই। কিন্তু
ভাগ্য এই, ভারতের অক্ততম প্রত্যন্ত প্রধান আছি তাও শোনাতে
প্রধান বাতার প্রতিবেশীদের।

মাধাম সংবাদ—একের পর এক

ক্ষেত্রাদ। ভূমিকম্প, বক্তা, নাগা

ক্ষেত্রাহ, মিকির পাহাড়ের উদ্বাস্থ এবং

ক্ষেত্র বাঙ্গালী-নিগ্রহ,—আমাদের

ক্ষেত্রর শাসনচিন্তায় বেপরোয়া

ক্ষামের নিজম্ব সংশোধনী অনেক।

ক্ষিত্র কিছু অবশ্য প্রাকৃতিক,

কিছু কিছু ঐতিহাসিক। কিছু
বাদবাকীটার বোল আনার প্রস্তাই
বোধ হয়—উক্ত এলাকার কিছু কিছু
ভারতীয় নাগরিক। স্বস্থ অসমীয়ারা
ত মানেন, এবং লোকশুতি এই, একজন আসাম সন্তান এই উন্মন্ততার
ফলাফলটা জানেন। তিনি রাজ্যের
মৃথ্যমন্ত্রী,— শ্রীবিমলাপ্রসাদ চালিহা।

আসামের মৃথামন্ত্রী শ্রী চালিহার
বর্ষ পঞ্চাশের নীচে। স্কতরাং,
আসাম ও বাংলার মিলিত ইতিহাসের
অনেকথানিই হয়ত তিনি দেখেননি।
কিন্তু নিজের জীবনে যতটুকু জেনেছেন
সেটুকুও কম নয়। শ্রী চালিহার জন্ম
শিবসাগরে। কিন্তু শিক্ষা কলকাতায়।
কলকাতার সিটি কলেজে তথন তিনি
মাধ্যমিক বিজ্ঞানের ছাত্র, এমন
সময় এল অসংযোগ আন্দোলন।
কলকাতার সঙ্গে পা মিলিয়ে তকণ
চালিহা তেমে গেলেন তাতে।

সেই যে রাজনীতির দীকা হল,
আর ছাড়া গেল না। কারাম্ভির
পরে চালিহা গান্ধীজীর কাছে একটি
নতুন ধরনের চরকা। তিনি নিজে
আবিদ্ধার করেছেন। গান্ধীজী সেই
নবাবিদ্ধত ষ্মটি সহ তাকে পাঠিয়ে
দিলেন বিহারে। চালিহা সেথানে

### চাগলা, মহন্মদ আলি করিমভাই

সর্বভারতীয় হলেন। সকলের সঙ্গে বদে স্থতাকাটা শিথলেন। '৪২ সনে আবার জেলথানার ডাক বের হলে 3 চালিহা °88-⊴ চৰকা নিয়ে আবার বসলেন। আদামে তিনি তথন অন্তম গঠন-ক্ষী। স্থতরাং '৪৬ দনে শিবসাগরের লোক সামদে তাকে ভোট দিল। পরের বছর বিধানসভার কংগ্রেস দল পার্লামেন্ট বি সেক্টোরী ৰ্তাকে মনোনীত করল। তিন বছর পরে রাজা কংগ্রেসও সেক্রেটারী নির্বাচিত করল তাঁকে, এবং পরের বছরই সভাপতি। '৫৩ সনে কংগ্রেদের হয়ে একটা উপনির্যাচনে দাডালেন তিনি. ফলে লোকসভাগ গেতে হল। '«৬-এর নির্বাচন আবার তাকে মাতৃভূমিতে বন্দী করল। '১২-এর ডিসেম্বরে তাঁকে মুখ্যমন্ত্রীয় সাসনে বসতে रुल ।

আজীবন গঠনকমী শ্রীচালিহা জানেন আজকের আসাম যে পথে চলেছে তা সঠিক গঠনের পথ নয়। তাকে এমন একটা পথ বেছে নিতে হবে যেখানে সং প্রতিবেদী হিসেবে পরিচয়টাও বিবেচা:

b. 9. 80

### চাগলা, মহম্মদ আলি করিমভাই

কি লণ্ডনে, কি ওয়াশিংটনে, কি বোষাইয়ে নিজের বাডিতে। হঠ:: ঘরে চুকলে মনে হবে বাড়ির মালিক বোধ হয় কোন আর্ট কালেক্টর। ছ:: ঘরে দেশা-বিদেশী চিত্রকরদের আক বৈঠকথানার দেওয়াল গান্ধীজীর একটি প্রকাণ্ড প্রতিকৃতি দূর থেকে দেখলে মনে হুবে—পেরির স্থেচ। কাছে গেলে জানা **হ**ে আসলে সেটি চুল কেটে কৈটে তৈ গুহস্বামীর নিশ্চয় হাতের কাছেও নেশা আছে।··· বইয়ের আল্ম<sup>ে</sup> গুলোর দিকে তাকালে মনে হবে— নেশা **আইনে। কিন্ত সো**ফায় ভল করে গুছিয়ে বসতে না বসতে ধংন মাথায় একরাশ সাদাকালো ডেউ থেলান চুল, মুথে উদ্দাম হাসি হ' চোথে কালো ফ্রেমের ভারী চশম নিয়ে সামনে এসে হাত বাডি: দাঁড়াবেন এ বাড়ির মালিক তংকণং সব অভুমান ধূলিসাৎ হয়ে য জানা যাবে শুধু চিত্রকলায় নয়, 🤧 আইনেও নয়,—এ মাসুষের অফে আকৰ্ষণ মান্তবেই।

নাম—মহম্মদ আলি ক<sup>িঃ</sup> চাগলা! বয়স—তেষ্টি। <sup>বাব</sup>

# চাগলা, মহম্মদ আলি করিমভাই

জনাব করিম চাগলা বোদ্বাইয়ে
বিখ্যাত ব্যবসায়ী। আমদানীরপ্তানির বিরাট কারবার ছিল উরে।
ছেলে বোদ্বাইয়ের সেণ্ট জেভিয়ার্স
কলেজে পড়া শেষ কবে বিলেতে
গিয়েছিলেন আরও পড়তে।
অক্সফোর্ডে মডান হিন্তি এবং ইনাব
টেম্পল থেকে ব্যারিস্টারী পড়ে চণ্গল।
ধ্যন দেশে ফিরেছেন, তথন তাঁর ব্যস
মাত্র বাইশ বছর।

সেই ভক্তৰ ব্যুসেই ব্যুব্দায়ী-নতুন ব্যবসায় নামলেন। বোষাই হাইকোর্টে তিনি আইন বাবসা শুরু কর্লেন। ১৯৪১ মন প্রত সেই নেশায়ই ছিলেন। 's১ সনে হাইকোটে বিচারপতি নিযুক্ত হলেন, চার বছর পরে প্রধান বিচারপতি। চাগলা বোদাই হাইকোটের বিখনত বিচারপতিদের একজন। তাছাড: ল' কমিশন, ল' এড়কেশন ক মিশ্ৰ ইত্যাদিতেও তিনি একজন বিশিষ্ট সদস্য। বোদাইয়ের সরকারী ল' কলেজে কিছুকাল তিনি অধ্যাপনাও করেছেন। 'দি ইণ্ডিয়ান কন্ষ্টিটিউসন' (১৯২৭) এবং 'ল, লিবার্টি এও লাইফ'-এর (১৯৫০) লেথক শ্রী চাগলা শিক্ষার ক্ষেত্ৰেও বিশিষ্ট। কিছুকাল বোঘাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন তিনি। আইনবিদ্ চাগলা আজ ভারতের
তহবিলে অন্ততম থ্যাতনামা কুটনীতিবিদ। তাঁর কুটনৈতিক জীবনের
ফচনা হ'ল,—১৯৫৮ সনের
সেপ্টেম্বরে। সে বছরই মার্কিন
যুক্তরাট্রে ভারতীয় দৃত নিযুক্ত হন
তিনি। জনশ্রতি জি এল মেটার শৃক্ত
আসনে আইনবিদ্ চাগলাকে যিনি
মনোনীত করেছিলেন তিনি শ্রী

এই নির্বাচন ষে বৈশিষ্ট্যপূর্ণ ভার প্রমাণ মাকিন দেশে চাগলার কর্ম-জীবন। আজ সেখানে তিনি 'নিউ জিপোমেসি'র অন্যতম সফল প্রবক্ষা হিসেবে স্বীকত। নিজের পরিচয়পত পেশের ছদিন পরেই পাকিস্থানের হাতে সমর সম্ভার তুলে দেওয়ার অপরাধে মার্কিন দেশকে সে-দেশেরই জনসাধারণের আদালতে অভিযুক্ত করেছিলেন তিনি। এই নব দৃতকে দেখে যুক্তরাষ্ট্র দেদিন চমকিত। এই চমক শেষ অবধি বজায় ছিল। কেননা, চাগলার কার্যকলাপ হোয়াইট হাউন ঘিরেই শেষ হত না। তিনি তার লক্ষা হিসেবে নিদিষ্ট করেছিলেন —্যার্কিন জনসাধারণকে। বিশ্ববিদ্যালয়ে ধারাবাহিক তিনি বক্ততা করেছেন। তাছাডা রেডিও

## ठार्हिन, जात उद्देनकेन

টেলিভিসান, থবরের কাগঞ্জ—
যেথানেই স্থােগ পেয়েছেন দেথানেই
আইনজীবী তংকণাৎ স্বদেশের পকে
তর্কে নেমেছেন।

ষদিও লণ্ডন তাঁর বছদিনের পরিচিত জায়গা তব্ও অক্সফোর্ডের
এসিয়াটিক সোসাইটি এবং ইণ্ডিয়ান
মঙ্গলিসের ভূতপূর্ব সভাপতি শ্রী চাগলা
সেখানে যেন তত প্রথর নয়। হয়ত
ছই দেশের চেনা-জানার গভীরতাবশত তা অনাবশ্রকও।

শোনা যাচ্ছে, তাঁর লণ্ডনের মেয়াদ শেষ হবার আগেই শ্রী চাগলা দেশে ফিরে আসছেন। এবং তিনি ভারতের আইনমন্ত্রী নিযুক্ত হবেন। যদি তাই হয়—তবে কেমন আইনমন্ত্রী পাচ্ছে ভারত ভবিশ্বতে ?

যাঁরা তাঁকে চেনেন, তাঁরা বলেন:
মান্থৰ হিদাবে চাগলা চমৎকার। তিনি
বড়লোকের ছেলে। বিয়েও করেছেন
বড়দরের। স্ত্রী মেহেক্সিমা ধারদি
জীবরাজের কলা। তিনি স্থাশিকিতা।
উদের তিনটি ছেলে-মেয়ে। মেয়ে
হাসহুরাই বড়। তাঁর স্বামী পাইলট।
ছেলে জাহাকীর ইঞ্জিনীয়ার। ছোট
ছেলে ইকবাল অক্সফোর্ডের ছাত্র।
চিত্রকলা এবং থিয়েটার ছাড়াও গল্ফ,
ব্রিজ, বেসবল-এর ভক্ত। রাজনৈতিক

মতামতে তিনি—'ডেমক্রাট, প্রগ্রেসিভ লিবারেল।' একদা জিল্লার সহকারী হিদেবে আইন-ব্যবসায়ে নেমেছিলেন শ্ৰী চাগলা—কিন্তু আৰু তিনি সেখান থেকে অনেক অনেক দুর। লোক-সমালোচনা তৃচ্ছ করে বছর কয় আগে তিনি সগর্বে পল রবসন জ্বোৎসব কমিটির সভাপতির আসন গ্রহণ করেছিলেন। এথনও একদিকে যেমন তিনি চীনদের সহিত আপন হাতে লড়াইয়ে রাজী, অক্তদিকে তেমনি কমিউনিন্টদের যদচ্ছ কথা বলতে দেওয়ার পক্ষপাতী। প্রসঙ্গত উল্লেখযোগ্য, চাগলা তার আইনদ্দীবী জীবনে যে বিখ্যাত মামলাগুলোতে থবরের কাগজে দংবাদ হয়েছিলেন. তার মধ্যে আছে পতুর্গাল-বনাম-ভারত, বোম্বাই সেলস্ট্যাক্স আরু হরিজনের মন্দির প্রবেশ, বোম্বাই প্রহিবিশন আরু এবং বিখ্যাত সেই ভালমিয়াঘটিত ব্যাপার! ২৩.৮.৬৩

[১৯৬৩ সনের ১৯শে নভেম্বর তারিথে শ্রী চাগলা ভারতের শিক্ষামন্ত্রী নিযুক্ত হন।]

## ठार्डिन, जात उद्देनग्रेन

লণ্ডন। ১৯৪০ সনের ২১শে অক্টোবর।

# ठार्डिन, जात उड़ेनकेन

ফরাসী জাতির উদ্দেশ্যে বৃটিশ প্রধানমন্ত্রীর আজ বিশেষ বেতার বক্তা। দশ নম্বর ডাউনিং খ্লীট। নিজের হাতে তার থসড়া তৈরী করছেন চার্চিল। সামনে বসে আছেন বি-বি-সির কমী, জনৈক করাসী বেতার সাংবাদিক। সহসা সাইরেন। বাহিরে বোমা বৃষ্টি! টেবিলটা পর্যন্ত কাঁপছে। কিন্তু চার্চিল কাজ করে চলেছেন। কথনও আপন মনে হাস্চেন। কথনও কথা বল্ডেন।

দদ্ধায় আক্রমণের তীব্রতা আরও বৈছে গেল। ত্রা নিচে গিয়ে বদলেন। মজন্র বোমা করছে আজ। থেকে থেকে গর্জন করছে এটি-এয়ারক্রাকটাণন। তারই মধ্যে বক্তৃতার রিহ্পিদেল দিছেন চার্চিল।—কিন্তু কি লাভ থূমনে মনে বেভার কমী উবিগ্র। বাইরে তথনও বোমা রুষ্টি হচ্ছে। অথচ এদিকে সময় হয়ে এল। হাতে মার্ব ক্রেক মিনিট। সহসা ঘড়ির দিকে ভাকালেন চার্চিল।—দাঁড়াও, আমি তৈরী হয়ে নিছিছ। মূহুর্ত পরেই দিরে এলেন তিনি। গায়ে একটা গ্রেব ওভার কোট, মাথায় একটা আর-এ-এফ-এর টুপি।—রেডি থ

--রেডি স্থার!

#### —ফলোমি।

সেই মন্ত শরীরটা নিয়ে এক দৌড়ে ভাউনিং খ্রীট পার হলেন চার্চিল। কাছাকাছি কোথায় খেন বোমা ফাটল একটা। তারই আলোকে এক ঝলক দেখা গেল তাঁকে। তার-পর দৌড়তে দৌড়তে এগলি সে গলি এ-শিঁডি সে সিঁডি, এবং অবশেষে বি-বি-বির গোপন আন্তানা।

ন ডিওতে একথানা মাত্র চেয়ার। সেথানে চার্চিল বসে। ঘোষক বললেন — মামি? নিজের কোলটা দেখিয়ে দিলেন চার্চিল। সেথানে বসেই ঘোষণা করা হল। স্তরু হ'ল চার্চিলের বক্ততা…। ফ্রেঞ্ছ ম্যান।… দে ভেয়ার ট কমপেয়ার ছাট ম্যাড-হিটলার উইগ নেপোলিয়ান, নেপোলিয়ান ওয়াজ…।' বোঝা যাচ্ছে চার্চিলের এই বকুতার সঙ্গে হাতের কাগল খানার মিল আজ অতি সামায়। বক্ততা শেষ করে উঠে দাঁডালেন চার্চিল। স্টুডিওর একমাত্র সাকী অবাক হয়ে দেখলেন তার গাল বেয়ে জন পডছে। ধরা গলায় তিনি বললেন—উই হাভ মেড হিস্টি টু নাইট।

এই হচ্ছেন ইংল্ডের চার্চিল।

## ठार्हिन, जात्र উद्देनकेन

শক্র মিত্র ভেদে জগতের—ক্যার উইনফন, আজীবন নিজের হাতে ইতিহাস তৈরী যাব জীবন।

বিখ্যাত ডিউক অব মার্লব্রোর বংশের উত্তর পুরুষ। সংগ্রাভ লর্ড রাানভন্ন চার্চিলের পুত্র স্তার উইন্টন এক বিশ্বযুক্র মানুষ। তিনি নিজের হাতে বিদেশ বিভূঁয়ে লড়াই করেছেন,—একবার মন্ত্রীত্ব ছেড়ে পর্যস্ত , শত্রুর হাতে বন্দী জীবন যাপন করেছেন, যুক্তকত্ত্রে **সাংবাদিকের কাজ করেছেন । মর্নিং** পোষ্ট ), সাহিত্যে নোবেল প্রাইজ পেয়েছেন এবং বাগ্মিতায় ঐতিহাসিক প্রতিষ্ঠা। তিনি ঘোডায় চডেন, বই লেখেন, ছবি আঁকেন, এই বয়দেও নাচেন-এবং কি নয় ? সেই বাচ্চা-দের পুতুলের মত মস্ত মৃথ, নেভি ব্ল माहेदबन आहे, मूर्य इक्हें - हार्हिन যেন ইংলভের সেই আদর্শ 'জন বল।' তার হই আঙ্গুল গড়া "ভি" হনিয়ার বিজয় চিহ্ন কোথাও না কোথাও তিনি আছেন এই সংবাদ আজও মাহ্যের কাছে এক স্থাকর স্থারক চিহ্ন। দে স্মারক অফুরস্ত প্রাণের বিরামহীন কর্মের।

থবর এসেছে স্থার উইনফন সহস। পিঠে আঘাত পেয়েছেন। পরবর্তী খবরটা অবশ্য কিঞ্চিং আখাসঞ্জনক।
আঘাত তত গুক্তব নয়। আগামী
ত শে নভেম্বর ছিয়াশীতে পড়ছেন
চার্চিল। তার ক'দিন আগে এ
দংবাদ স্বভাবতই উদ্বোজনক। তবে
চিরকাল উদ্বোজনক পরিস্থিতি থেকে
হাসতে হাসতে বেরিয়ে আসাই
চার্চিলের জীবন। আমরা আশা
করব এবারও তিনি তাই করবেন।
ছই আঙ্গুলে 'ভি' বানিয়ে হাসতে
হাসতে তিনি বিছানা ছেড়ে নেথে
আসবেন।

28, 33, 50

্ সভ্যি সভ্যিই নেমে এসেছিলেন চার্চিল। তারপর যথারীতি আবার তিনি নতুন সংবাদ। এবাব উপলক্ষঃ অহা।

চার্চিল হাতের চশমাট। দ্রবীনের ভঙ্গীতে চোথের দামনে তুলে ধরে দামনের দিকে তাকিয়েছিলেন। ১৯৫৩ সনের কথা। উদ্বেগজনক রোগশ্যা ছেড়ে সেদিন তিনি সবে আবার কমন্সদভায় ফিরেছেন। সঙ্গে সঙ্গে বিপুল হর্ষধনির মধ্যে সেই মুহ

# ठार्टिन, जात उद्देशकेंग

তিরস্বার: ইজ দি রাইট অনার এবল জেন্টলমান · · · · ।

শুধু চার্চিল নন, সদক্ষরং সবিক্ষরে আবিকার করেছিলেন—কথাগুলো যিনি বলছেন তিনি টোরি কুলপতি প্রার উইনস্টন-এর পুরানো শত্রু শ্রমিক সদক্ষ উড়ো ইয়াট। আত হাজে চার্চিল তার এই আন্তেরিক শুভেচ্ছাকে গ্রহণ করেছিলেন। আবার তিনি কমন্দ্র স্থায়নিক্ষের অ্যসন্টিতে গিয়ে ব্যেছিলেন।

১৯০০ সন থেকে তার যাত্রায়াত সেখানে। চাচিল যথন পালামেণ্টে এসেছেন, ম্যাক্মিলান তথ্ন ছ'বছরের বলেক। দীর্ঘ হাষ্টি বছর তাঁর প্রালমেন্টারী জীবনা ভিকোবিয়া গেকে এলিজাবেথ-মনেক রাজারানী তার চোথের সামনে সিংহাসনে এসেছেন, চলে গেছেন। কিন্তু চার্চিল ঘুরে ফিরে আবার দেই পুরানো ঘরটিতে ফিরে গিয়েছেন। প্রথম জীবনে তাঁর সবচেয়ে বড আঘাত সম্ভবত ১৯২২ সনের পরাজয়। সেদিন তিনি স্থেদে বলেছিলেন—'আই এম উইদাউট এন অফিদ, উইদাউট এ भौडे. उरेनाडिं व भार्ति, व इ डेरेना डेरे वन এপেনডিক্স।' পরবর্তী জীবনে বিতীয় আমাত সনের নির্বাচন। 2866

ক'বছর পরে গিন্ডহলে আন্নোজিত
সম্বধনা সভায় চার্চিল বলেছিলেন—
প্রধানমন্ত্রী হিসেবে এই বোধহয় প্রথম
আমি এখানে এলাম। অবশ্য তার
একটা কারণও আছে। যখন আমার
আসবার কথা গিন্ডহল তখন নাংসী
বোমার ঘায়ে মাটিতে লুটিয়ে আছে।
সে যখন উঠে দাড়াল তখন তার ঘায়ে
আমি ধরাশায়ী।

সাময়িক এই বিরতিগুলো বাদ দিলে একালের কমন্দসভা আর চার্চিল এক অচ্ছেন্ত অস্তির। তিনি সেথানে **ম্যাড**ণ্টোনকে বক্ততা করতে ভনেছেন। আাসকুইথ এবং মর্লির সহযোগী হিসেবে কাজ করেছেন: ধাব-করা বক্ততা নিয়ে জীবন আরম্ভ করে পোর্লামেন্টে চার্চিলের প্রথম বক্ততার ধারালো কথাগুলো স্বই পাশে বদা আর এক দদশা টমাদ গিবদন বোলদ-এর বলে দেওয়া) নিছেকে তিনি পার্লামেণ্টে প্রবাদ পুরুষে পরিণত হতে দেখেছেন। বটিশ পার্লামেন্ট ডিক্সরেলীর মত মাত্রয়ও পেয়েছে, কিন্তু চার্চিল সেথানে ত্লনাহীন। চেমারলেন তার কাছে —এক অসহায় অ**ন্তিভ** ('দে আর ডিসাইডেড অনলি টু বি আন্ডি-माहेर्डि') वामरभ माकिर्डानांड-'मि

# চার্চিল, স্থার উইনস্টন

বোনলেদ ওয়া গুার' (চার্চিল বলেছিলেন
—ছোট বেলায় বাবা আমাকে
দার্কাদে নিয়ে গিয়েছিলেন। দেখানে
দবচেয়ে উল্লেখযোগ্য দর্শনীয় ছিল
নাকি 'বোনলেদ ওয়াগুার', হাডিচহীন
মাহয়। আমি ভয় পাব বলে ওঁরা তা
আমায় দেখতে দেননি। অবশেষে
পঞ্চাশ বছর অপেক্ষার পরে আজ তা
দেখতে পেলাম!) এটলী তাঁর কাছে
আরও করুণার পাত্র,—তিনি নাকি
'এ শিপ ইন শিপ্দ ক্লোগ্দ।'

তবুও হাউস অব কমন্স-এর প্রাণের মামুষ ছিলেন চার্চিল। স্থার উইনস্টন নিজেও সেটা জানতেন। ১৯৫৫ সনে হাউদ অব লউদ'-এ আদনের বদলে স্বেচ্ছায় 'নাইট অব দি গাটার' হয়ে-ছিলেন ভিনি। কেন না, হাউদ অব কম**ন্দ** তার ভালবাসার আবাস। জীবনে অনেক দেশ দেখেছেন তিনি। বাঙ্গালোর থেকে বুওর-যুদ্ধ, হটো মহাযুদ্ধ-নানা রঙের পৃথিবী। কিন্তু ডিউক অব মালবরোদের ঘরের এই বিশ্বজয়ী সন্তানটির কাছে সকলের সেরা জগৎ-কমন্স সভা। কিছুদিন আগে একজন অবসরগ্রহণের ইঞ্চিত कर्त्विहिल्लन छारक। চার্চিল তাঁর দেক্রেটারী তথা জামাতাকে বলেছিলেন তাঁৰ কানে-শোনাৰ যন্ত্রী নিয়ে আসতে।—আই ডোণ্ট ওয়াণ্ট টু
মিস দি ওয়ার্ড। সেটি আসা মাত্র কানে
লাগিয়ে উঠে দাঁড়িয়েছিলেন স্থার
উইনস্টন,—'উড ইউ মাইও টু রিপিট
হোয়াট ইউ জাস্ট সে'ড!' গোটা হল
হাসিতে ভেঙ্কে পডেছিল।

বাইরে এসে এক পুরানো
সাংবাদিক বন্ধুর কাছে মন খুলেছিলেন
চার্চিল—ইউ নো,—দিস ইজ এ প্রেটি
শুড পাব!…এও এজ আই লুক এট
দি ফেসেস আই ওয়াওার, হোয়াই
আই স্বড লিভ দিস পাব আনটিল সাম
ওয়ান সেইশ—'টাইম জেন্টলম্যান।'

উননন্ধুই বছরের বার্ধক্য আজ সেই হৃদয়বিদারক বাক্যটি ঘোষণা করেছে। শুধু সক্রিয় রাজনীতি থেকে নয়—চার্চিল, এ যুগের অক্সতম শ্রেষ্ঠ রাজনীতিক চার্চিল হাউদ অব কমন্দ থেকেও বিদায় নিতে চলেছেন। তিনি আর নির্বাচনে দাড়াচ্ছেন না। স্থার উইনস্টন তাঁর নির্বাচকদের কাছে ছুটি চেয়েছেন।—কিন্তু ইতিহাদের কাছ থেকে ?

ক'দিন আগে উত্তরটা শুনিয়েছেন মার্কিন প্রেদিডেণ্ট কেনেডি। চার্চিলকে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম অনারারি নাগরিকের সম্মানে ভৃষিত করতে গিয়ে তিনি বলেছেন স্বাধীনতার ইতিহাসে চিরকালের নাম তিনি।
সেথানে আর কিছু যদি থাকে তবে
সেই মাস্বটির কাহিনীও থাকবে যিনি
ইংল্যাণ্ডের সেই ভয়াবহ অন্ধকার
দিনগুলোতে একাকী নির্ভয়ে আলো
হাতে পথে বের হয়েছিলেন, ইংরেজীভাষাকে নতুনভাবে রণসজ্জায় সাজিয়ে
রণাঙ্গনে পাঠিয়েছিলেন।

١٠. ٤. ৬٥

### চিয়াং কাই শেক

'Hold your tongue, you rebels! If you want kill me. kill me now!' গর্জন করে উঠলেন বন্দী জেনারেল। সামনে তাঁর বিজয়ী বিলোহী। ইয়ং মার্শালের অন্তর ক্যাপ্টেন সান। তিনি মাটিতে হাটু গেড়ে অমুনয় করে চলেছেন—'আমার কথা শুমুন জেনারেল আমার কথা---' আবার উঠে দাডাতে চেষ্টা করলেন আহত জেনারেল। কোটে তার বোতাম নেই, মুথে দাত নেই,—ভাড়া-তাড়ি পালাতে গিয়ে নকল পাটিটা মুখে পুরার সময় পান নি। তা হক। তবুও কিছুতেই বশ মানতে রাজী নন ওনতে চাইনে আমি। গুধু ঙ্গানতে চাই —তোমরা আমার অধস্তন দৈনিক.

অথবা শক্ত। যদি শক্ত হও, তবে এথনি হত্যা কর আমাকে, এক্ষনি!—'

এই দেই চিয়াং। জেনারেলিসিমো চিয়াং काইশেক, বাবা याँत नाम রেখেছিলেন 'জুই তাই', সাবালক হয়ে নিজে যিনি নাম নিয়েছিলেন 'কাইশেক ( দীমা-স্তস্ত ), দেশের লোক ঘাঁকে ভালবেদে বলত—'জিয়াং গাই-শেক' এবং শেষ পর্যস্ত নিজে যিনি সরকারী-ভাবে নাম নিয়েছিলেন—'চিয়াং চঙ চেঙ' বা বিশ্বাদীর-বিশায় চিয়াং। य एक नारत निभित्मात कथा वना इन তাঁকে দেখা গিয়েছিল ১৯৩৬ সনের ১২ই ডিসেম্বর বেলা সাডে পাচটায়--বিদ্রোহী সান-এ, শহরতলীর একটা বাডীর প্রাঙ্গণে। বলা নিপ্রয়োজন, ফরমোজার সেই স্থরক্ষিত কক্ষটিতে উকি দিলে সম্ভবত একই মাহুষ্টিকে দেখা যাবে আজ। হয়ত চীনাদের মধ্যে তুৰ্লভ, পাঁচ ফুট ন' ইঞ্চিউচ্ সেই প্রথর কাঠামোটা নেই আজ. হয়ত নেই কুচকুচে কালো চোথ তটিতে সেই ঔজ্জন্যও, কিন্তু এখনও এই পঁচাত্তর বছর বয়দেও আঞ্চণ্ড আছেন সেই চিরকালের চিয়াং-কাইশেক। এখনও তিনি চাথান না, ধুমপান করেন না; এখনও তিনি

## ८ठन, हे

হাঁটতে হাঁটতে কবিতা আওডান. স্থ্বার্ট-এর রেকর্ড বাজাতে বাজাতে ঘুমোতে যান; 'কবিতা, পাহাড় আর পত্নী'-এখনও তাঁর ভালবাসা এবং ভার চেয়েও উল্লেখযোগ্য—দেশ তাকে বছকাল ('৪৮) খারিজ করলেও এক-कालंद दाकाद जाक वनवारम मिन কাটলেও জেনারেলিসিমোর সেই থাকি কোর্তাটাই এখনও তাঁর পোশাক। স্বভাবতই, বিশ্বতির অতলে তলিয়ে ষেতে যেতেও জেনারেলিসিমো মাঝে মাঝে এথনও তাই থবরে পরিণত হন। যেমন হয়েছেন এবার। থবর: পিকিং এবং মস্কোতে চিয়াং আবার আলোচ্য হয়েছেন। কেননা, তিনি নাকি মূল ভূথও নিবাদী 'বিজোহীদে'র নতুন করে আবার সাজা দেওয়ার ভাবছেন ৷

শুনতে উদ্বেগন্ধনক অথবা হাস্থকর হলেও চিয়াং কাইশেক নাম যার— বলা নিপ্রয়োজন, তাঁর পক্ষে দেটাই মাভাবিক থবর। বিশেষ করে বারা জনৈক আটপোরে লবণ ব্যবসায়ীর এই পুরুটির বিচিত্র জীবন-কাহিনী জানেন তাঁরাই জানেন,— সন্ধল্লে এ-মানুষ সত্যিই পর্বত, সাহসিকতায় 'ব্লডগ'। হাওয়ার গতি দেখে কোন দিন তিনি মন পান্টাতে জ্বানেন না। ভধুএকটা কাহিনী শোনাচিছ।

ভরুণ জেনারেল তথন স্থাদের তিন ক্যার কনিষ্ঠ মি-লিং স্থংয়ের নামে উন্মাদপ্রায়। ক'বছর আগে তিনি তাঁর বাল্যে বিবাহিত পত্নীকে ত্যাগ করেছেন। সান ইয়াত সেন-এর শিষ্ট এখন তন্ত্র শালিকাকে বিয়ে করতে চান। প্রথমে স্বয়ং পাত্রীর আপত্রি। পরম নিষ্ঠাবলে সে আপত্তি জয় হল। কিন্ধ এবার বাদ সাধলেন পাতীর মা। তিনি বললেন—খুটানের মেয়েকে বিয়ে করতে হলে খুষ্টান হওয়া চাই। সকলে ভেবেছিল চিয়াং রাজী হয়ে যাবেন। किन्द्र जान्धर्य, स्त्रनारतन माक कराद **मिल्न—'ना'।** थ्रेशन यमि इह কথনও দে বই পড়ে, খুষ্টান ধর্ম যাচাই कत्त,- विरा कत्त्र नग्न । উল্লেখযোগ্য চিয়াং তাই করেছিলেন। বিয়ে তিনি অ-খৃষ্টান হিদেবেই করেছিলেন।

a. 9. 52

# চেন, ই

এডগার স্নো ওঁর কথা লেখেননি।
আ্যানা লুই ষ্টং-এর সঙ্গেও ওঁর কথোপকথন হয়েছিল বলে মনে পড়ছে না।
স্বল্লবাক মাত্র্য। কিন্তু লড়িয়ে লোক।
'মার্শাল' থেতাব পেয়েছেন মাত্র

## छा भनिन, हान न्

দেদিন। : > < শেনের সেপ্টেম্বর।
কিন্তু লড়াই করছেন বছদিন। নতুন
চীনের জন্মের বহু আগে থেকে।

চু এন-লাই-এর সঙ্গে থারা এসেছেন কমপক্ষে দাঁই জিশ জন তাদের মধ্যে উল্লেখযোগ্য অতিথি। তবে উল্লেখযোগ্যতম—এই একজন। চেন ই ' উনষাট বছরের এই লোকটি থেমন চু এন-লাইয়ের চেয়ে বছর তিনেকের ছোট, পদম্যাদায় কিছুটা তাই। তিনি নতুন চীনের সহকারী প্রধানমন্ত্রী এবং প্ররাষ্ট্র মন্ত্রী।

চেন ই'র জীবন কর্মবছল। ১৯ সন থেকে '৫৮ সন প্রয়ন্ত সাংহাই-য়ের মেয়রের কাজ করার সঙ্গে সঙ্গে িচনি সহকারী প্রধানমন্তিত্ব ত করেছেনই, তাছাড়া যুগপৎ চীনের দেশরকা কাউন্সিলের সহসভাপতিত্ব এবং পূর্ব চীনের সামরিক অধিনায়কত্বও করেছেন। এছাড়াও এই সঙ্গে সারও নানা জাতীয় কমিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছেন। যথা: কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির দদশ্য ইত্যাদি। একমাত্র পররাষ্ট্র শ্চিব হিসাবে তাঁর নিবাচনটি সাম্প্রতিক ষ্ট্রনা। ১৯৫৯ সনের এপ্রিল থেকে তিনি চীনের পররাষ্ট্রমন্ত্রী। অবশ্র, পররাষ্ট্র ব্যাপারে চেন ই একেবারে

নবাগত নন. সেকথাও সহজেই অফুমেয়। চু এন-লাই আর একবার যথন ভারতে আদেন তথন চেন ই তার দক্ষে ছিলেন না সত্য, কিন্তু বান্দুং-এ তিনি সহধাত্রী ছিলেন। স্থতরাং এবার তাঁর ভারত আগমন সেদিক थ्याक এक है। উল্লেখযোগ্য ঘটনা। বিশেষ করে, অনেকের অনুমান---চীনের দিক থেকেও এ ঘটনাটা একে-বারে অফুল্লেথযোগ্য নয়। কেননা, তার। বলেন সরকারের ভেতরে যারা চ-এর শক্তি এই লোকটি তাদের মধ্যে অক্তম। চু-এর মত তাঁর ধার নেই বটে, কিন্তু ভার আছে। এবং অনেকে বলেন—তা চু-এর চেয়ে क्य नय ।

₹8.8.%∘

# চ্যাপলিন, চাল স্

'ওয়ান, টু, থি ু, ফোর। চার্লি
চ্যাপলিন ওয়েন্ট টু ওয়ার। হি
টট দি নাসে ন হাউ টু ওয়ার।
আ্যাণ্ড দিস—হোয়াট হি টট
দেম—! গেল যুদ্ধ নয়, প্রথম মহায়ুদ্ধের
সময়কার কথা। তামাম ইউরোপে,
আমেরিকায়,—চার্লি চ্যাপলিন তথন
থেকেই নায়ক। পর্দায় নয়, মাটিতে।
দৈল্পরা ছাউনিতে তাঁর ভঙ্গীতে নাচে,

# চ্যাপলিন, চার্ল স্

স্থলে-কলেজে ছেলেমেয়েরা তাঁর নামে 
ক্র করে ছড়া কাটে। লক্ষ্ণ লক্ষ্ণ লোক তথন তাঁর মত গোঁফ রাথে.
হাজার হাজার মামুষ তথন হাতে তাঁর 
মত ছড়ি রাথে,—তামাম ছনিয়ায় 
তথন ভধু চার্লি আর চার্লি। ইাটার 
ভিন্ন চার্লির মত, মদের বোতলের 
গড়ন চার্লির মত,—গ্লাদের ডিজাইন 
চার্লির মত। জনৈক বিখ্যাত সমালোচকের কথায়—চার্লি তথন সত্যিই 
'দি বিগেস্ট সিঙ্গল ফ্যাক্ট ইন দি 
মোশান পিকচার ইনডাক্টি।' এবং 
নি:সন্দেহে—এথনও।

হোমারের জন্মস্থানের সঠিক থবর যেমন কেউ রাথে না, তেমনি— চার্লিরও। কেউ বলে জন্ম তার— কেনিংটন, কেউ—ক্লাস হাম, কেউ— বলহাম। কিন্তু, বিন্ময়কর সেই শিশুটি ভূমিট হয়েছিলেন কিন্তু বার্মনিতে। তা হোক। বিশ্ব শুধু এটুকু জানলেই নির্ভুল ভাবে নিজেকে, যথন জানা যায়, বার্মনিসি জায়গাটা ইংল্যাণ্ডে।

—চার্লি কি ইংরেজ? দেশ—
ইংল্যাণ্ড, কর্মভূমি—আমেরিকা, বর্তমান নিবাস—স্বইজারল্যাণ্ড, মঞ্চ—
এখনও গোটা বিশ্ব। স্থতরাং, এক
কথায় বিশ্বনাগরিক বলাই বোধ হয়

ঠিক। তাছাড়া চার্লি হলেন—ফরামী. ইহুদী, ইংরেজ; রক্তে আমার ত্রিবেণী। গরীব পেশাদার গায়ক-গায়িকার

গরীব পেশাদার গায়ক-গায়কার

ঘরের ছেলে চালি রোজগারে নেমেছিলেন চার বছর বয়সে। শহরের
ভাটিথানার সামনে দাঁড়িরে দাদ,

সিজনীর সঙ্গে গান গাইতেন ভিনি।
বিশ্বের অক্সতম বিশ্বয়কর জীবনের
স্থচনা সেই পথের ধারেই।

তারপর বার্নোর অভিনয়ের দক্ত এবং ক্রমে ১৯১০ সনে ম্যাকসনেটের সঙ্গে একদিন হলিউডে। চার্লির বয়দ তথন মাত্র—একুশ।

চল্লিশ বছর পরে, ১৯৫১ সনে
পাকাপাকিভাবে যথন তিনি ফিরে
এলেন ইউরোপে, চার্লি তথন গুর্
বিখ্যাত নন,—বিশ্বয়কর মানুষ।
নির্বাক এবং স্বাক—চলচ্চিত্রের গুর
যুগেই তিনি বিশ্বয়কর অভিনেতঃ
বিশ্বয়কর পরিচালক, বিশ্বয়কর চিক্রনির্মাতা। শুরু করেছিলেন 'কর্
ইন এ কাবারে' দিয়ে। তারপর
'লাফিং গ্যান', 'দি ভ্যাগাবগু', 'দি
লিটল মাউন', 'গোল্ড রান', 'মানিং ভার্ম', 'মডার্ন টাইম্বন', 'মানিং ভার্ম', 'গ্রেট ডিক্লেটার' 'লাইম্ লাইট'—অজম্ম চিত্রের প্রতি ইঞ্চিতে
চার্লি আজ্ঞ বিশ্বয়কর।

তবে তার চেয়েও চালি চ্যাপলিন কিম্মাকর মাত্র্য হিসেবে। 'ভার ছবির মতই বিচিত্র সেই জীবন। ছবির মতই হাসির অস্তরালে একটি সুক্ষ তীক্ষ বেদনার ধারা। হলিউডে লক্ষ লক্ষ ভনারের মালিক চালি থাকতেন লম-এঞ্জেল্স-এর গরীব পাডার একটি সস্তা দারিত্রাকে কোনদিন হোটেলে। পারেননি-জীবনেও ক্ষা করতে অভিনয়কে। প্রথম স্ত্রী মিলডেড পরে জেনেছিল এমন হাসিথুশি **মা**নুষ্টি কেন ঘর ভেঙ্কে পালিয়ে মভিনয় অসহা—অভিনেতাদের রাজার कार्ड ।

বিয়ের পর তু' বছর ছিলেন মিলড্রেড-এর সঙ্গে। তিন বছর লিটা গ্রে'র সঙ্গে। স্বেচ্ছায় দশ লক্ষ টাকা থেমারত দিয়েছিলেন চার্লি।

তৃতীয়া পলেট গর্ডাভকে কবে বিয়ে করেছিলেন তিনি, কেউ জানে না। উধু 'গ্রেট ভিক্টেটার'-এর ভূমিকা বদল দেখে জানা গিয়েছিল—চার্লি এখনও হাসতে পারছেন না।

সেই হাসি দেখা গিয়েছিল চার্লি চাাপলিনের মূথে ১৯৪৩ সনের জুন <sup>ক</sup>সে। বিখ্যাত নাট্যকার ইউজেন ও'নলের কলা উনা সেদিন তাঁর পাশে <sup>এ</sup>সে হাঁডিয়েছিলেন জীবনসঞ্চিনী হিদেবে। উনার বয়স তথন আঠার, চার্লির চুয়ায়।

এখনও আছেন উনা। সুইজার-ল্যাণ্ডে জেনেভা হ্রদের ধারে সাঁইত্রিশ একর জমি জুড়ে চার্লি আর তাঁর বিরাট বাডি, মস্ত সংসার। আগের আগের পক্ষের ছেলেমেয়ের। রয়েছেন। উনা নিজেও ঘরভরা সন্তানের জননী। কেননা চার বছর বয়দে রাস্তায় রাস্তায় হাত পেতে গান গাইত যে শিশুটি, তার স্বভাব গ্রেট ডিক্টেটার এর নায়কের ঠিক উল্টো। শিক দেখলে আঁৎকে উঠত হিটলার। কিন্ত চার্লি—ভোটদেব দেখলেই বাড়িয়ে বকে টেনে নিতে চান।—এ চিরশিশুর জন্ম হিটলারের চারদিন আগে কিনা। অন্তত চার্লির তাই মত।'--হিটলার, ২৽শে এপ্রিল. षामात-->७३, ১৮२৮ मन !

সংবাদ: বিশ্বের অক্সতম বিশিষ্ট বিশ্ববিভালয় অক্সফোর্ড এবার চার্লিকে 'ডক্টরেট' উপাধিতে সম্মানিত করে-ছেন। চার্লি চ্যাপলিন জীবনে প্রভৃত সম্মান পেয়েছেন। তবুও এ-সম্মানটা উল্লেথযোগ্য; কেননা, অক্সফোর্ড যাকে সর্বোচ্চ সম্মানে ভৃষিত করেছেন, তাঁর সম্পকে হানওয়েলের একটি বোর্ডিং স্থলের থাতায় লেথা আছে:

#### জগন, ডাঃ ছেদি

চ্যাপলিন, চার্লস। বয়স—সাত বছর। প্রোটেস্ট্যান্ট। স্কুলে ভর্তি হওয়ার তারিথ—১৮ই জুন, ১৮৯৬। ছাড়বার তারিথ—১৮ই জানুয়ারী, ১৮৯৮।

6.8.63

জ

#### জগন, ডাঃ ছেদি

জ্জ-টাউনে সব চেয়ে বড় দাঁতের ডাক্তার কে ?

কি ইংরেজ, কিনিগ্রো, কি চীনা, কি ভারতায়,—শহরের যে কোন লোককে জিজ্ঞানা করা মাত্র উত্তর পাওয়া যেত—'কেন, ডাঃ জগন!'

দাতের ভাক্তার থেকে প্রধান
মন্ত্রী। বৃটিশ গায়নার সন্থ-নিবাচিত
প্রধান মন্ত্রী ডাঃ ছেদি জগন সেদিক
থেকে সতিয়ই কৌতৃহলোদীপক
ব্যক্তিত্ব। বোধ হয় সমান কৌতৃহলোদীপক তার প্রপুরুষদের কাহিনীটি।

পূব ভারতীয় দ্বীপপুঞ্জ থেকে
দক্ষিণ আমেরিকার উত্তর-পূব উপকৃল।
শেতাঙ্গরা সেদিন জাহাজ বোঝাই
করে নিয়ে আসত ওদের। তারপর
পায়ে শিকল বেধে নামিয়ে দিত মাঠে
মাঠে, বাগিচা আর কলের কাজে।

ডা: জগনের পৃবপুরুষরাও এ কাজে একদিন এসে নেমেছিলেন এখানেই। আদি দেশ তাঁদের বিহার, ভারত। তারপর অনেকদিন পার হয়ে গেছে। শিকল বদলী হয়েছে। ডাচদের জায়গায় এমেছে ইংরেজরা (১৭৯৬)।

বাবা কাজ করতেন একটা চিনি কলে। তিনি ফোরম্যান ছিলেন। স্বতরাং চার পাশের অক্যান্ত মান্তথের চেয়ে কিঞ্চিং সচ্ছলও।

দেশের নানা জাতের পঞ্চাশ লাথ
মান্তবের মধ্যে—শতকরা সত্তর জনই
লেথাপড়া জানে না। কোরম্যান
পিতা তাই তেলেকে পাঠালেন।
বিভাজনে। আদেশঃ স্থথরচায়!
পড়তে হবে।

স্থানেশে তা সম্ভব নয়। সহজ নয়। জগন চলে গোলেন বিদে ।
আমেরিকায়। দেখানে দিনে ।
নানাবিধ কাজ করেন, রাতে ।
বামা বিশ্ববিভালয়ে পড়েন।

সেথানকার পড়া শেষ করে ভতি হলেন নর্থ-ওয়েস্টার্ন-এর কে স্কুলে। সেথানেই জানেধ-এর ার প্রথম দেখা। জানেথ রোজেন গার সজে।

রোজেনবার্গ পড়তেন—ধাত্রীবিভা,

গন-চিকিৎসাবিভা। তবে ত্'জনের
ধো অন্তরঙ্গতা হল যা উপলক্ষো সে

পূর্ণ অন্তবিধ বিভা। নাম তার

ভানীতি।

শিকাগোর মেয়ে রোজেনবার্গ
হিলেন কমিউনিষ্ট, দরিক্র গায়নার
হিখান জগন আদর্শে পুরো মাকসিস্ট।
হবাং ছ'জনে অন্তরঙ্গতা ক্রমে
লবাসায় পরিণত হল এবং অবশেষে
১২০ সনে উদের বিয়ে হয়ে গেল।

ঠ'বছর পরে স্থাকৈ নিয়ে ঘরে বেন জগন। স্বদেশে ওরা স্থা শতি। স্বামী ভাক্তারী করেন, স্থা ন্নাতি।

াণ্ড সনে স্বামীও চেয়ার ছেড়ে

তান জনতার মধ্যে। জনপ্রিয়

াণ্ড্যককে থিরে রাতারাতি গড়ে

নতুন দল। নাম—পিপলস্

াগ্রেসিভ পার্টি। সে শছরই নতুন

গনতন্ত্র এবং নিবাচন। নিবাচনে

পশ্চি আসনের মধ্যে যোলটি চলে

ল নতুন দলের হাতে। ফলে

ার ডাক্তার অতঃপর হোয়াইট
াব দন্তপুলের কারণ হয়ে উঠলেন।

াব্য সনে বুটিশ সরকার জগন এবং

# জনসন, প্রোসিডেণ্ট লিম্ডেন বি.

তাঁর বন্ধুদের নিয়ে গঠিত মন্ত্রী সভাটি বাতিল করে দিলেন। অজুহাত দেওয়া হল—ওরা কমিউনিষ্ট ছিল। প্রতি-শ্রুতি প্রচারিত হল—আবার নির্বাচন হবে।

সম্প্রতি সে নিবাচন হয়ে গেল।
সগোরবে আবার ফিরে এলেন
তেতাল্লিশ বছরের তরুণ রাজনীতিক
ডাঃ জগন। তার দল এবার আরও
বেশা আসনের অধিকারী! ফলে, বলা
বাজলা, রটিশ গায়না এবার স্বাধিকারে
প্রতিষ্ঠিত হতে চলল। উল্লেখযোগা,
ইংরেজ রাজত্বে খাদের জল্মে স্বিটিই
স্থ ডুবত না এই উপনিবেশটি ছিল
(ভৌগোলিক কাবণবশত) তাই।
ইতিহাস বলবে যিনি শেষ প্রস্তু ডা
ডুবিয়ে ছিলেন তিনি একদিন দাতের
ডাক্তার ছিলেন।

# জনসন, প্রেসিডেণ্ট লিন্ডেন বি.

'আমি আমার যথাসাধা করব।
একমাত্র তাই-ই আমি করতে পারি।
আমি আপনাদের সাহায্য চাই,—আর
চাই ঈশরের সহাস্তৃতি'—জাতির
প্রতি বেতারে এই নাতিদীর্ঘ বাণী দিয়ে
প্রেসিডেন্ট কেনেডির প্রাণহীন হাত
থেকে বিশ্বের অন্যতম সবল গণতন্তের
জাটিল এবং ত্রহ দায়িত্বভার আপন

## জনসন, প্রেসিডেণ্ট লিম্ডেন বি.

হাতে তুলে নিলেন উপ-রাষ্ট্রপতি জনসন। মার্কিন শাসনতপ্ত অফ্র্যায়ী তিনিই এখন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট। জালাস থেকে যে বিশেষ বিমানে স্বর্গত প্রেসিডেন্টের শ্বাধার রাজধানী ওয়াশিংটনে আনা হয় তারই একটি কক্ষে ভাইস প্রেসিডেন্ট লিন্ডেন জনসন রাষ্ট্রপতির শপথ গ্রহণ করেন। অফুগ্রান পরিচালনা করেন একজন জেলা জজ। পঞ্চার বছর বয়য় এই বিখ্যাত ডেমক্রাটে নায়ক মার্কিন যুক্তরাষ্টের ৩৬তম প্রেসিডেন্ট।

হঠাৎ আপিদের সকলকে ডেকে লাইন করে দাঁড করালেন। তারপর বললেন "দেখি ভোমাদের নেকটাই।" দেখা গেল, আছে নটে সকলেরই গলায় কিছু কারও যথায়থ নয়।

নিজে হাতে প্রত্যেকটি ঠিক কবে
দিলেন। বলেন—শিখিয়ে দেব ? কি
করে ঠিক রাখতে হয় ? নিজের
টাইটা তিনি আলতোভাবে চিলে
করলেন। তারপর সম্পূর্ণ না খুলে
মাথা দিয়ে গলিয়ে বের করে
আনলেন। বললেন—এই আমার
কৌশল। এমন ভাবে বাঁধিয়ে
একদিন বাঁধলেই চলে, প্রতিদিন নট,
খুলতে হয় না।

এক কথায়—টিপটপ। চুল ধ্দর

হয়ে এসেছে, কিন্তু মাথাটি আছোপান্ত স্থবিগ্ৰস্ত। সাম্প্ৰতিক পদোন্ধতির আগে মার্কিন সিনেটে তিনি থাতে-নামা 'বাবু'। দামী স্থট, নিজের নাম মানোগ্রাম করা সিব্ধের সাট, সোনার পিন, সোনার কলম, সোনার ঘড়ি যেন কোন সভ্য রাজত্ব-পাওফ ব্যাভেরিয়ান সমাট।

আপিসে আরও। আসবার প্র পর তার নিজের পছনদ মত। মাংগর, ওপর এমন ভাবে ছটি আরে বিশিয়েছেন ধে, নিজের চেয়ারটিয়ে বসলে মাথায় ধুসুর চুলে একন সোনালী রেখা জাগে।

অথচ, বাহান বছর আগে ।
মারুষটিএই জীবন স্থক হয়েছিল ।
শাইন বয় হিদেবে। টেক্সাসেব গোছোট শহরটায় বদে বদে জুতো পার্টি ।
করত ছেলেটি। সঙ্গে সঙ্গে গণ্ড ও।

স্থলেব পড়া শেষ হওয়া মাত্র গ্রী হয়ে গেল রোজগারের জীবন। কর্ম কথনও গাড়ী ধোলাই করা, কর্ম রাস্তা তৈরী করা। সেথান গেতে উঠতে উঠতে এথানে। এথন গ্রী সব রাস্তাগুলোর ধারেই টেক্সাসন রাষ্ট্যতিতে তাঁর নামে বিস্তীর্ণ এক<sup>ল</sup> এলাকা। নাম—জনসন। লিনডেন বাইনেস জনগন। পরিচয়—মার্কিন দেশের ভাইস প্রেসিডেন্ট (প্রেসিডেন্ট যে হলেন নাসে ভধু অল্লের জন্তা!)

তবে এটুকু যে হয়েছেন সে অনেক কিছুর জয়ে। সে এক কাহিনী হিশেষ।

গরীবের ছেলে। তবুও কাজ হেছে বেরিয়ে পড়লেন একদিন। হাছে নেই। স্কুতরাং, হিচ হাইক করেই এসে হাজির হলেন সান-কেস-এ। এবার ভর্তি হলেন সাউথ ধ্যেস্ট টীচারস কলেজে। কলেজের বেচ আসত কাছাকাছি একটা স্কুল বেকে। সেথানে দারোয়ানের কাজ বৈতেন ভিনি।

িন বছর পরে কলেজ থেকে ডিগ্রী
নিয়ে বের হলেন জনসন। সঙ্গে পরে
ক'জ ও মিলে গেল একটা। হাডসনে
একটা স্থলের কাজ। সেথানে তাঁকে
হেলেদের বক্তৃতা দিতে শিথাতে হবে।
সেই উপলক্ষেই পরিচয় বিখ্যাত
ক'গ্রেস সদস্য ক্লিবার্গ-এব সঙ্গে একং
কিছুদিন পরে (১৯৩৪) 'লেডি বার্ড'
ক'মে পরিচিতা বিখ্যাতা টেক্সাসতিন্দরী ক্লডিয়া টেলার-এর সঙ্গে।
ফিবর্গে জনসনকে নিজের সেক্রেটারী
যুক্ত করলেন এবং ঘটনা স্থ্রে

## क्रमम, अधिजिए के निम्एक वि.

ধনিকছহিতা দেই প্রথর ছেলেটিকে দেখামাত্র ভালবেদে ফেললেন।

দশ সপ্তাহ ব্যাপী প্রেম, তারপর বিবাহ। বিয়ের পব ক্লিবার্গ-এর সঙ্গে জনসনেরা চলে এলেন ওয়াশিংটনে। জনসন সেথানে দিনে সেক্রেটারীর কাজ করেন, রাতে জজ টাউনে বিশ্ব-বিভালয়ে আইন পড়েন। এখন তাঁর পরিচিতের পরিধি অনেক বিস্তৃত।

স্তরাং, এক দিন শোনা গেল ফ্রান্ধলিন ক্সভেন্ট তাকে লাশনাল ইয়ুথ এদোদিয়েশনের দায়িত্ব দিয়ে টেক্সাদে পাঠাচ্ছেন। ছ-বছর পরে '৩৭ দনে নয়জন প্রতিস্থলীকে তারিয়ে আবার রাজধানীতে ফিরে এলেন জনসন। এবার দোজা কংগ্রেদে। ঘটনা দেখে এফ. আর, ভি নুর, বিশ্বিত। তিনি জনসনকে তার প্রমোদ তরীর সহযাত্রী করলেন। প্রেদিডেন্টের গাডীতে বদে জনসন তার সঙ্গে গোটা টেক্সাদ গুরলেন। ভেমোক্রাটদের কাছে দক্ষিণী জনসন রীতিমত ম্লাবান।

এগার বছর একটানা কংগ্রেসে।
তারপর '৪৮ সনে সিনেট-এ। '৫৪
সনে আবার।'৫০ সনে ছেমোক্র্যাটরা
তাঁকে সিনেটে সংখ্যাল্ছিষ্ঠ দলের
নেতা নির্বাচিত করলেন। '৫৪ সনে

#### জাওয়াজকি, আলেকজাণ্ডার

আবার একই পদে বদান হল তাকে। অবহা, দল এবার দিনেটে দংখ্যাগরিষ্ঠ। উল্লেখযোগ্য, জনসন যে দিনেটে দর্বকনিষ্ঠ দলনেতা তাই নন, কংগ্রেসেও তিনি একমাত্র সদস্ত, যিনি কংগ্রেসের সদস্ত হয়েও যুদ্ধে গেছেন এবং দক্ষিণ সাগরে নিজের হাতে লড়েছেন। সে বাবদে তার একখানা মেডেলও আছে।

তবে জনসন-এর সবচেয়ে বড
মেডেল বোধহয় মানুষটির ওপর দলমত
নিবিশেষে সকলের অথও আস্থা।
সেই নিভরতার কারণ শুধু প্রবীণয়
নয়, অস্ততম কারণ আইন সভায় তার
বহু প্রমানিত যোগ্যতা এবং ব্যক্তিগত
আচার আচরণও।

জনসন এখন ও যথন কারও সঙ্গে কথা বলেন, তখন তাঁর সলাটা জড়িয়ে ধরেন, কিংবা হাতটা চেপে ধরেন। তিনি বলেন, আমি টেক্সান, এও আই লাইক ট প্রেস দি ফ্রেস।

28. 33. 60

#### জাওয়াজকি, আলেকজাণ্ডার

ষেদেশে ধেমন। তদস্বায়ী তিনিও 'নৈকয় কুলীন'। অর্থাৎ— ক্ষেত-মজুরের ঘরের সন্তান। নিজেরও কৈশোর কেটেছে মার্চে মারে যৌবন—খনিতে।

নতুন ভাবাদর্শের সঙ্গে যথঃ
প্রথম পরিচয় জাওয়াজকি তথন—
কয়লা-থনির শ্রমিক। পার্টিতে একে

যথন তথন একমাত্র পরিচয় তাব
তেইশ বছরের জনৈক শ্রমিক ফুবক
সেথান থেকেই ক্রমে সেই মান্তংই
আজ পোল্যাণ্ডের সর্বজনমাত্য প্রেচি
ডেন্ট। অবশ্র, অনেক রাত্রির তপ্র
অস্তে। আলেকজাণ্ডার জাওয়াজবিধ
বয়দ এখন—একষ্টি।

পার্টিতে মাসার কিছুদিন পংশে

'২৫ সনে ওরা ধরে নিয়ে গেল
ছাডল ছ' বছর পরে। '৩১ সং ছাডা পেলেন। কিন্তু '৩৫ সনেই ধং
পডে গেলেন আবার। মেয়াদ—এবং
পাচ বছর। তবে সে বছরগুলো মঙ্গল
জনক। কেননা মন্সোর পঞ্জিব
অন্তথায়ী পার্টিতে তথন বেপরোল
ঝাডাই-বাছাইয়ের যুগ্। বাইগে
থাকলে কি হড কিছুই বা
যায় না।

অবশেষে তিনিও ছাডা পেলে। স্তালিনও কিছু নরম হলেন। উ<sup>2</sup> নির্দেশে পোলিশ কমিউনিস্টরা ত<sup>2</sup> রাশিয়ার মাটিতে জর্মনদের সংগ্র লড়াই করছেন। জ্ঞাওয়াঞ্চি

### জিলাস, মিলোভান

তাঁদের সঙ্গে যোগ দিলেন। স্ট্যালিনগ্রাভে লড়াই করে '৪৩ সনে তিনি
পোলিস বাহিনীর সহকারী প্রধান
সেনাপতির পদ পেলেন। ক্রমে
একদিন ঘোষিত হলেন 'সি এন সি'।
পোলি 'মৃক্তি' ফৌজের—প্রধান
সেনাপতি।

যুদ্ধ শেষ হল। দেশপ্রেমিকের। দেশে ফিরলেন। নতুন করে ঢেলে শাজান পোলাাওে ভক হল নয়া-'প্ৰধান দেনাপতি' জমানা। আলেকজাণ্ডার জাওয়াজকি এগন সেথানে একজন আঞ্চলিক শাসক ও ডেপুটি। কিন্তু জাওয়াজকি বরাবরই হাতে-কলমে রাজনীতিক । ফলে '৪১ শনেই শোনা গেল—তিনি পোলিশ ট্রেড ইউনিয়নের প্রধান নিবাচিত <u> মর্থাং</u> গ্রেছেন। শ্রমিকের। জানিয়েছেন—তারা ওকে ভালবাদেন। ফলে '৫১ সনেই নতুন সংবাদ জানা গেল।—জাওয়াজকি এখন থেকে পোল্যাণ্ডের সহকারী প্রধানমন্ত্রী। পরের বছর আরও গ্রম থবর— জাওয়াজকি প্রেসিডেন্ট। সেই থেকে তিনি এ পদেই নিযুক্ত আছেন।

উল্লেখযোগ্য এই, ইতিমধ্যে পোল্যাণ্ডে নানা ধরনের ভূমিকম্প হয়ে গৈছে। কিন্তু প্রেসিডেন্টের আসনটি

বেমন ছিল ঠিক তেমনই আছে। কেননা দেখানে যে মাছ্যটি বদে আছেন পা ছ'থানি তাঁর গোড়া থেকেই মাটিতে! ১৯.১০.৬১

#### জিলাস, মিলোভান

"I have travelled the entire road open to a communist: from the lowest to the highest rung of the hierarchical ladder....."

মিশমিশে কালো একমাথা চুল, থড়েগর মত নাক, বৃদ্ধিতে উচ্ছল তীক্ষ ছটি চোথ। চেহারা দেখলে মনে হয় না বয়স একাল্লয় পৌছেচে। জবানী শুনলে ভাবাও যায় না সেগুলো লেখা হয়েছে জেলে বসে।

বছর দেডেক বাইরে 'ছুটি' কাটিয়ে জিলাস আবার জেলে ফিরে গেলেন। সেই সেলটিতে যেথানে ১৯৫৪ সনে বন্ধ টিটো তাঁর পুরানো সহকর্মীকে রেখেছিলেন এবং যেথানে ওঁরা কারাগারের অধিকার পাওয়ার আগে অদ্ব ১৯৩০ সনে তৎকালের দেশের রাজা মলিভান জিলাস নামক একটি বিলোহী ভরুণকে বন্দী করে রেখেছিলেন। শোনা যায়, রাজধানী থেকে চল্লিশ মাইল দ্বে মিটোভিকার কারাগারের সেই পুরানো সেলটিই জিলাসের

#### জিলাস, মিলোভান

আজকের ঠিকানা। ঈশব অন্তরকম কিছু না ঘটালে যুগোল্পাভিয়ার ভূতপূর্ব ভাইস প্রেসিডেন্ট আগামী দশটি বছর দেখানেই কাটাবেন।

জেল দেখে ভয় পাবার মত মান্ত্রষ্
যদি হতেন, তবে হয়ত চিরকাল
দিংহাসনেই কাটাতে পারতেন।
অন্তত শুধু মুখ না খুলতে পারলেই
স্থাধীন জীবন ছিল নিশ্চিত। টিটো
সে মর্মেই কথা দিয়েছিলেন। কিন্তু
তবুও পারা গেল না। কেননা,
জিলাস বলেন, 'আমি যেন চোথে রক্ত নিয়েই জন্মেছি। আমার চোথে
জীবনের প্রথম দৃশ্যটাই ছিল রক্তাক্ত।'
কথাগুলো বলেছিলেন অবশ্য বিচার-

কথাগুলো বলেছিলেন অবশ্য বিচারহীন পিতৃভূমির ('ল্যাণ্ড উইদাউট
ছান্তিন') দেই অংশটুকুর প্রকৃতি বর্ণনা
করতে যেথানে নিকোলা জিলাদ
নামক জনৈক যোদ্ধা তথা ক্রয়কের
ঘরে সাভটি সন্তানের একটি হয়ে ভূমিষ্ঠ
হয়েছিলেন তিনি। পুব ইউরোপের
ঐ কোণটিতে রক্ত দেদিন প্রাত্যহিক
ছিল।

দশ বছর বয়সে মায়ের কোল থেকে নেমে স্থলে গিয়েছিলেন চাবীর ছেলে। আঠার বছর বয়সে এসে নাম লিথিয়েছিলেন বেলগ্রেড য়্নিভার্সিটির দর্শন এবং আইনের ক্লাসে। সেথানেই মার্কস-তন্ত্র প্রথম দীক্ষা। ফলে '৩১ সনে ডিগ্রী নিয়ে সোজা কর্মক্ষেত্রে ফেরা গেল না, পরিবর্তে যেতে হল জেলে। অবশু মেয়াদ ছিল মাত্র তিন বছর।

জেল থেকে বের হওয়ার পরই
টিটোর সঙ্গে দেখা। টিটো তথন
পার্টির সেক্রেটারী জেনারেল, জিলাস
প্রথর পার্টিম্যান। টিটো ওকে স্পানিস
সিবিল ওয়ারে লড়াই করার জন্তে
লোক সংগ্রহ করতে বললেন। জিলাস
আশাতীত যোগাতার পরিচয় দিলেন।
ফলে অচিরেই ত্'জনের বন্ধুত্ব হয়ে
গেল, এবং '৪০ সনেই দেখা গেল
জিলাস পার্টির পলিট ব্যুরোতে উঠে
এসেছেন।

যুদ্ধের সময় আরও এগিয়ে গেলেন জিলাদ। মহাযুদ্ধে তিনি বাবা, হুই ভাই, হু'টি বোন দব হারালেন, তবুও পিতৃভূমির মৃক্তি যুদ্ধে একবারণ পেচন তাকালেন না। তিনি তথ্ন লিবারেশন আর্মির স্থপ্রিম স্টাফের একজন, অক্সতম। '৪৪ সনে মিলিটারী মিশন নিয়ে তিনিই গিয়েছিলেন মস্কোয় এবং স্তালিনের সঙ্গে দেখা করে ফিরে এসে তিনিই প্রথম প্রকার্টে করেছিলেন--যুগোল্লা-সমালোচনা লাল-ফৌজের নৈতিক ভিয়াস্থ অধ:পতনের।

## জিলাস, মিলেভান

১৯৪৫ থেকে '৫৩ সন পর্যস্ত জিলাস তথন যুগোলাভিয়ার উদীয়মান নক্ষত্র। কথনও তিনি মন্ত্রী, কথনও পার্টির পত্র-পত্রিকার সম্পাদক, কথনও বাইরে রুশ-যুগোলাভ বিরোধে দ্বিতীয় পক্ষের প্রধান মুথপত্র। জন-প্রিয়তায় এবং গুরুত্বে জিলাস তথন দ্বিতীয় বাজি।

'৫৩ সনে সে বাক্তিত্ব সরকারী
শীক্তি পেল। নিজের এলাকার
শতকরা ৯৯'৮ ভোট পেয়ে জিলাস
কেন্দ্রীয় পরিষদে এলেন এবং অন্ততম
ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হলেন।
ক্রমে পরিষদ পরিচালনার ভারও তাঁর
উপর অর্পিত হল।

কিন্তু দে আদনে বদবার আগেই
এল টিটোর দমন। অপরাধ—জিলাদ
বেপথে চলেছেন। ক্রমেই তিনি
আদর্শচ্যুত হচ্ছেন। প্রমান তার
প্রবন্ধাবলী। কাগজে কাগজে জিলাদ
তথন আজকের ক্রুশ্চত প্রায়। তিনি
পার্টির কর্তাদের গৃহিণীদের আচার
আচরণও বাদ দিতে রাজী নন তিনি।
তহপরি তিনি দাধারণের জন্মে আরও
স্থাধীনতা চান, আইনের শাসনকে
আরও প্রসারিত করতে চান, ইত্যাদি
ইত্যাদি।

महक्यीं कि चार्रात याम नक्तरवनी রাথার আদেশ দিলেন টিটো। ক'মাস পরেই মার্কিন দেশে প্রকাশিত হল তাঁর ততোধিক সমালোচনামূলক আর প্রবন্ধ। ফলে নজর বন্ধনের একটি বদলে কারাবাস নির্দিষ্ট হল তিন বছর। জেলে থাকা কালে বের হল---বন্দার লিখিত বক্তব্য, 'নিউ ক্লাস'। জিলাস লিথেছেন—যুগোলাভিয়ায় শাসন প্রতিষ্ঠিত হল কমিউনিস্ট মানেই ক্মিউনিজমের সমাপ্তির স্থচনা হল। দেখতে দেখতে চোদটি ভাষায় ष्यन्ति इस्य रशन स्मार्ट वरे। करन. তিনের সঙ্গে আরও সাত বছর যুক্ত হল ।

অবশেষে গেল বছর জাতুরারীতে
টিটোর মন ফিবল। জিলাসকে তিনি
মৃক্তি দিলেন। সর্ত তিনি আর মৃথ
থূলতে পারবেন না। কিন্তু ইতিমধ্যে
কলম থূলতে অভ্যন্ত হয়ে গেছেন
জিলাস। তিনি পাঁচটি ভাষা জানেন।
গোর্কির রচনাবলী অন্তবাদ করেছেন।
জেলে বদেই বিখ্যাত কয়টি বই
লিখেছেন। সে সব বই পড়ে একজন
সমালোচক বলেছেন—'সাহিত্য তার
একটি হারানো ছেলেকে ফিরে পেল।'

কিছু রাঙ্গনীতি আবার কেড়ে নিয়ে গেল তাঁকে। এবারের অপরাধণ্ড

## कुनियाना, त्रानी

কলমের। তবে সে কলম যে কাহিনী বলেছিল তা রাজনীতির। স্তালিনের সঙ্গে টিটোর বিরোধের কাহিনীই ছিল —জিলাদের এবারের প্রতিপান্ত বিষয়। স্বতরাং, টিটো আবার দট হলেন। এবং বেলগ্রেছের এক বদ্ধত্যার আদালতে কাঠগডার উপর থেকে স্ত্রী স্তেফানিকে অভিনন্দন জানিয়ে লডিয়ে জিলাস আবার তার সেই পুরানো দেলটিতে ফিরে গেলেন। প্রসঙ্গত উল্লেখযোগ্য, স্কেফানি ওর বিতীয় স্ত্রী। আগের স্ত্রীর নাম ছিল মিতা মিত্তোভিক। 59 R 62

### জুলিয়ানা, রানী

**দ্বিতীয় মহা**যুদ্ধের মুখে মুখে ইউরোপে একজন রাজকুমারী থবরের কাগজে সংবাদ হয়েভিলেন। নাম তাঁর-জুলিয়ানা। সংবাদের হেতু: সাতাশ বছরের এই ডাচ রাজ-কুমারী জার্মানীতে অলিম্পিক থেলা দেখতে গিয়ে খেলার মাঠে পঁচিশ বছরের এক জার্মান রাজকুমারকে হ্রদয় দিয়ে ফেলেছেন। ছেলেটির নাম —বার্ণাড। তিনি ওধু সন্ধংশজ তাই নয়, স্থশিকিত এবং সম্পন্নও বটে। রাজকুমার একটি বিখ্যাত জার্মান প্রতিষ্ঠানে বিরাট কাজ করেন।

তৎসত্তেও বাাপারটা হল্যাণ্ডের পক্ষে
উদ্বেগজনক! কেননা, হল্যাণ্ড
তৎকালে (১৯৩৬) নিরপেক্ষ দেশ
এবং জর্মানীতে অনভিপ্রেত নাংদীদের
প্রভুত্ব। স্বতরাং বিয়েতে মত দেওয়ার
আগে নেদারল্যাণ্ড-এর প্রজার
রাজকুমারের রাজনৈতিক আদর্শ
সন্ধানে ব্রতী হল, বিরে মাদ কয়েকের
জল্যে পিছিয়ে গেল এবং জুলিয়ানা
অনিবার্য ভাবেই খবরে পরিণত
হলেন। দেও আর এক মার্গারেট
উপাথ্যান প্রায়।

দেই জুলিয়ানা, চুয়ার বছরের প্রবীণা রাণী আর তার স্বামী বার্ণাড সক্তা কলকাতা ঘুরে গেলেন। এবারও তিনি সংবাদ। কেননা, যদিও প্রায় তিনশ বছর ধরে এশিয়ায় ওঁদের আনাগোনা, রাজ্ব—তাহলেও গত চারশ' বছরের মধ্যে জুলিয়ানাই ডাচ রাজবাডীর প্রথম মামুষ যিনি স্বচক্ষে এশিয়া দেখলেন। তাঁর এই ভ্রমণ বাদ দিলে কি শ্রীরামপুর কি জাভা বর্ণিও-হল্যাণ্ডের বাজপ্রাসাদে সামাজা চিরকাল মানচিত্রে অন্যতম বং মাত্র। দেখানে অনেক কিছু পাওয়া যায় বটে কিন্তু দেথবার কিছুই নেই।

জ্লিয়ানা এবার রীতি ভঙ্গ করে

# जूनियाना, द्रानी

থবর হলেন। কিন্তু তার চেয়েও বিশায়কর সংবাদ ডাচদের এই রানী নিজে। আজন্ম ইউরোপে তিনি থবর। ১৯০৯ সনে এই নীলনয়না স্থদর্শনা রাজকুমারীটির জন্মকণে প্রাসাদ থেকে একারবার তোপধ্বনি হয়েছিল, কারণ হল্যাণ্ডের স্থ্যাত ৱানী উইলহেলমিনা (Wilhelmina) বিয়ের দীর্ঘ আট বছর এই একমাত্র সন্তানকে কোলে পেয়ে ছিলেন। মা নিজে রানীছিলেন। তার মা এমাও। স্বতরাং জুলিয়ানা ভমিষ্ঠ হওয়ার পর মৃহতেই প্রজারা জেনেছিল—এবারও তারা সিংহাসনে রানীই পেল।

একটানা পঞ্চাশ বছর সগৌরবে রাজত্ব করে মা মেরের হাতে রাজ্য তুলে দিয়েছিলেন যথন (১৯৪৮) জুলিয়ানার বয়স তথন উনচল্লিশ। কিন্তু সিংহাসনের কাছাকাছি আছেন তিনি সেই আঠার বছর বয়স থেকেই। ফ্রাশিক্ষতা রাজকুমারী (তিনি প্রাইভেট টিউটর ছাড়াও লিডেন-এর বিখ্যাত বিশ্ববিভালয়ে পডেছেন) সেই থেকেই তাঁর দেশের প্রজাবর্গের নয়নের মণি। রাজরানীর ব্যাপারে হল্যাওও অনেকটা ইংলণ্ডের মত। সেথানেও নিয়্ম-তান্ত্রিক রাজতয়।

বরং, নিয়মের দিক থেকে রাজারানীরা আরও রিক্ত। ইংলাাণ্ডের রানী এলিজাবেথ মুক্ট পরতে পারেন, কিন্তু জুলিয়ানার স্থানর বাদামী চুলগুলো টুপি চাড়া কোনদিন মুক্টের স্পর্শ পায়নি। কেন না, সেটা রিপাবলিকের সম্পত্তি। তব্ত তরা রানীকে ভালবাদে কারণ জুলিয়ানা রানী হয়েও

তিনি পিয়ানো বাজাতে পারেন, ঘোড়ায় এবং সাইকেলে চড়তে জানেন, স্কেটিং করতে পারেন এবং ডাচ ছাডাও করাসী, ইংরেজী এবং জার্মান তিনটি ভাষায় অনুগল বক্তৃতা করতে পারেন। জুলিয়ানা সম্ভবত একমাত্র রানী বিনি নিজের বক্তৃতা নিজে লিথে থাকেন।

এ ছাড়াও রানী জুলিয়ানার জনপ্রিয়তার আরও কারণ আছে। নাংসী
আক্রমণের পরেই স্বামীকে রণক্ষেত্রে
পাঠিয়ে রানী দেশাস্তরী হয়েছিলেন।
প্রথমে ইংল্যাণ্ডে এবং পরে কানাডায়
থেকেই উদ্বাস্ত রানী স্বদেশের
স্বাধীনতা রক্ষা সংগ্রামে প্রেরণা
জুলিয়েছেন। মৃদ্ধের পর তার হাত
দিয়ে একদিকে যেমন ইন্দোনেশিয়ার
মত সাম্রাক্ষ্য হাতছাড়া হয়েছে, অস্তদিকে তার রাজত্বেই হল্যাণ্ড উত্তমর্শ

#### वा. विद्यामानम

থেকে অধমর্ণে পরিণত হয়েছে।

স্বতরাং, প্রজারা স্থা। তা ছাড়া
ব্যক্তিগত জীবনে জুলিয়ানা এক
অবিশাস্ত প্রকৃতির রানী। তিনি
প্রাসাদ থেকে প্রথাগত সৌজ্জ
প্রদর্শনের যাবতীয় প্রথা দূর করেছেন।
স্বামী এবং সন্তানেরা কি থাবে—
রানী নিজেই তা ঠিক্ করে
দেন! তাছাড়া জুলিয়ানা আরও
একটি নিয়ম ভঙ্গ করেছেন। ওঁদের
পরিবারে নিয়ম ছিল কোন রাজকুমার বা রাজকুমারীর নাম রাখার

সময় পূর্বপুরুষদের স্মরণে রাখতে হবে।
জুলিয়ানার পুরো নাম দে কারণেই
জুলিয়ানা লুসি এমা মেরী স্ইত্যাদি
ইত্যাদি সাত সাতটি নামের এক
দীর্ঘমালা। ওঁরা কেউ রানীর ঠাকুমা,
কেউ দিদিমা। রানী তাতে রাজী
নন। তার চারটি মেয়ে প্রত্যেকের
নাম যে কোন ভাচ মেয়ের মত।
সবচেয়ে বড় যে মেয়েটি, মায়ের শর
যিনি আবার ভাচদের রানী হবেন
তার নাম—প্রিসেদ বিয়াত্রিক্স,—গুধু
বিয়াত্রিক্ম। ১৭.১০.৬০

## ঝ

#### का. विद्यामानम

গায়ে ঢিলে হাতা কর্কশ থাদির পাঞ্জাবী, হাঁটুর অব্যবহিত পরেই ধুতির প্রান্ত, পায়ে চম্পারণী চপ্পল, মাথায় সাদা থাদির টুপি, মুথে গ্রাম্য প্রশাস্তি। নাম—বিনোদানন্দ ঝা। পণ্ডিত ঝা বিহার নামক রাজ্যটির নব নির্বাচিত মুখ্য মন্ত্রী।

জন্ম—দেওঘরে, মৈথিলি আন্ধণের ঘরে। লেখা পড়া আংশিক সেথানে বাকীটুকু এথানে, অর্থাৎ বাংলা দেশে। কিশোর বিনোদানন্দ (জন্ম—১৯•০ সন ) বরাহনগরের ভিক্টোরিয়া কুলের ছাত্র।

স্থল থেকে ম্যাট্রিকুলেশন পাশ করে পণ্ডিত বংশের তরুণ ভর্তি হলেন—কলকাতার সিটি কলেজে, সে ১৯১৮-১৯ সনের কথা।

তার আগের বছর কংগ্রেদ দেখতে
গিয়েছিলেন বিনোদানল। সেকালের
কংগ্রেদ; উত্তেজনাকর দৃষ্য। পড়তে
পড়তে চোথে ভাদে, মন বই ছেড়ে
পালিয়ে যেতে চায়।

পালিয়ে ষাওয়ার স্থযোগও এল। এল অসহযোগ আন্দোলন। বই ছুঁডে

### টয়েনবি, আর্বন্ড

क्टिंग विस्तामानम स्था प्रमाण पर्या विस्ता विस्ता

তারপর থেকে জেলে জেলেই দিন কেটেছে পণ্ডিতজীর। বাইরে যথন তথন তিনি গ্রাম কমী, নয়ত শ্রমিক সেবায়েত। '৩৭ সনে ওঁরা নিবাচনে দাঁড করালেন ওঁকে। বিনোদানন্দ বিধান সভায় এলেন। সেই থেকে তিনি আজও সেথানে আছেন। তথে একই আসনে নয়।

প্রথমে ছিলেন পালামেণ্টারি সেক্রেটারী। ১৯৪৬ সনে হলেন মন্ত্রী। দপ্তর—স্থানীয় স্বায়ত্ত শাসন। পরে বিগত মন্ত্রী সভায় শ্রম এবং রাজস্ব সচিব। সে সময়েই পণ্ডিতজীর প্রথম বিদেশ ল্রমণ। জেনেভায় আন্তর্জাতিক শ্রমিক সম্মেলনে সে বছর তাঁরই নেতৃত্বে পাঠান হয়েছিল ভারতীয় প্রতিনিধি দল।

স্থির, ধীর স্বল্পবাক এই আদর্শ মান্থ্যটি যে শুধু বিহারের পক্ষেই নিজেকে নিভরযোগ্য প্রমাণিত করেছেন তাই নয়। অন্তদের পক্ষেও তিনি সম্ভবত অভিনন্দনযোগ্য মান্থ্য।

36. 2. 65

### টয়েনবি, আর্নল্ড

্ষথানে জমি উবর, আবহাওয়া
অফুক্ল এবং জীবনের যাত্রানথ সহজ
সেথানেই সভ্যতার আদিভূমি। অস্তত
সাধারণ ইতিহাস পাঠকের তাই
ধারণা। কিন্তু টয়েনবি বলেন—ভূল
ধারণা। তাঁর মতে নীল নদের
উপত্যকা সভ্যতার দোলনায় পরিণত
হওয়ার আগে ছিল শ্বাপদের
বিচরণভূমি। শুধুবন আর বন,—
এই ছিল তার তথনকার পরিবেশ।

মেসোপোটামিয়া এবং চীন শভ্যতার ভিটের থবরও তাই। স্নতরাং, একালে মানবসভ্যতার অক্যতম পাঠক আর্নল্ড জোসেফ টয়েনবির সিদ্ধান্ত: সভ্যতার জন্ম পরিবেশে নয়, (পরিবেশের) চ্যালেঞে।

এক যুগ ধরে লেখা দশ ভল্যমএর প্রকাণ্ড বই, এ যুগের শ্রেষ্ঠতম
ঐতিহাসিক কীর্তি—'এ ফাডি অব
হিস্টরি'তে এমনি অনেক অভিনব
তথ্য ও তত্ত্ব উদ্ঘাটন করেছেন
টয়েনবি। তিনি বলেন—'এটিক

#### **वेदग्रनित.** व्यानिस्ट

অরণ্যাঞ্চল শৃশু হয়ে গেল। স্কৃতরাং
বাধ্য হয়েই স্থাপত্যের জন্তে এথেন্সকে
হাত দিতে হল পাথরে। পার্থেনন
এই অভাবেরই ফদল।' সমালোচকেরা
বিনীতভাবে বললেন—তার প্রমাণ 
প্রমাণ টয়েনবির না আছে তা নয়।
কিন্তু তার উল্টোপ্রমাণও যথেও।
স্কৃতরাং তার পান্তিত্যে পূর্ণ আস্থা
রেথেই ইউরোপ বলে—টয়েনবি
ঐতিহাদিক হয়েও মিঞ্জিক। বিজ্ঞান
তার মাথায় আছে বটে, কিন্তু হাতে
নেই। লেথায় টয়েনবি—'স্কভোদায়েন্টিটিন্ট'। কেউ কেউ বলেন,
তিনি—কবি।

এক কথায় তিনি কি বলতে বললে—এই জ্ঞানবৃদ্ধ হয়ত বলকেন—তিনি খুটান। বিশ শতকের ইউরোপবাসী জনৈক খুটান। তিনি ঐতিহাদিক হয়েছেন—কারণ তাঁর মা তাই ছিলেন। তরুণ টয়েনবির আগ্রহ ছিল র্যাদিক্যাল ভাষায় এবং বিভায়। কাব্য আর উপকথায় আছ্ছয় দেই মোহময় জগতের আকর্ষণ তাকে পরীক্ষার পর পরীক্ষাম ভুধু উচ্চতম স্থানটিতেই টেনে নিয়ে গেল না, পুরানো পৃথিবীর সেই এলোমেলো জট ভাঙাবার নেশাটাও ধরিয়ে দিয়ে

স্থলারসিপ, তারপর বালিওলে আর একটা, ক্রমে এথানেই ফেলোশিপ এবং বিবাহ। টয়েনবি বিখ্যাত ঐতি-হাসিক অধ্যাপক গিলবার্ট মারী'র চাত্র এবং জামাতা।

কর্মজীবনে টয়েনবির পরিচয় দীর্ঘ ও রুতিত্বপূর্ব। অসুমানের উপকরণ হিসাবে এখানে এটুকুই উল্লেখ্য: প্রায় চল্লিশ বছর ধরে আর্নন্ড টয়েনবি বটেনের 'রয়াল ইনষ্টিটেউট অব ইন্টারত্যাশনাল এফেয়ার্স"-এর ডাইরেক্টর।
এখন তার বয়্য—একাত্তর।

আধনিক বুটেনের অক্তম গৌরব. এ যুগের বিশিষ্ট চিন্তানায়ক টয়েনবি ভারতে এদেছেন। এবার তিনি আজাদ-মুতি বক্ততামালার আমস্ত্রিত অতিথি। টয়েনবির এই দ্বিতীয়বার ভারত দর্শন। প্রথমবার ফিরে গিয়ে তিনি তাঁর লিখিত বাসনা প্রকাশ করেছিলেন যে, তার ইচ্ছে হয়েছিল, দক্ষিণ ভারতের কোন গাঁ থেকে একটি গরুর গাড়ি করে তিনি ভারত দর্শনে বের হন। হাতে যুগের পর যুগ, শতকের পর শতক সময়! ভারতের অন্তর্রহস্তকে এমন অল্প কথায় প্রকাশ করা বোধ হয় টয়েনবির পক্ষেই সম্ভব। কেন না, টয়েনবি সতাদশী ঐতিহাসিক হয়েও ধর্মীয় মিট্রক। আর ভারতবর্ষ সেই

ইতিহাসিকের অতিসাবধানে গোনা

একুশ সভ্যতার অন্যতম। তাছাড়া

টয়েনবির মতে পৃথিবীর সাতটি শ্রেষ্ঠ
ধর্মের শ্রেষ্ঠতমটি (অর্থাৎ বৌদ্ধর্ম)
ভারতেই ছাত। ২৭.২.৬০

### টাটা, জে. আর. ডি.

বছর কয় আগে আমেরিকানরা গৈদেব করেছিলেন একবার। তেলদবান থেকে মোটর-রেল—সব
মিলিয়ে ওর সাফ্রাজ্যের মূল্য হবে ৪৩
কোটি ভলার, কমীসংখ্যা—এক লক্ষ্
সাড়ে যোল হাজার। এখন অবশ্রই
খারও অনেক, খনেক বেশা। কিন্তু
কানে হেডফোন লাগিয়ে ককপিটে
কা হাওয়াইন শাট পরা মান্ত্রটর
দিকে তাকালে কী কেউ ভাবতে
পারে গেকথা ?

পারেন, যাঁরা ওকে জানেন।
তাদের কয়েক হাজারের কাছে পরিচয়
তার ভব্—'জে', কয়েক লক্ষের কাছে
ভবু 'চেয়ারম্যান', কয়েক কোটির
কাছে—'জে আর ডি', বিশে আরও
অল্প কথায়,—ভবু 'টাটা'। জাহাঙ্গীর
রতনজী দাদাভাই টাটা নয়, ভবু
'টাটা'।

ছোটবেলা থেকেই জামদেদজীর

এই পৌত্রটি একটু অন্ত ধাতের ছেলে। বাবা জামদেদজীতনয় বিখ্যাত—আর ডি টাটা। মা-পলিন স্বন্ধান জেনে-ভিভ টাটা ( Pauline Suzanne Genevieve Briere ). ১৯০৪। জন্মস্থান—প্যারী। জে আর ডি'র চোথের ভারায় বাল্য থেকেই তাই পৰ আর পশ্চিম ভেদহীন। লেখাপড়াও তার কিছুদিন ভারতে. কিছদিন মাতৃলালয় প্যারীতে, किছ् मिन जाशात्। जामरमम्जीव আছরে নাভির জন্যে পৃথিবীতে শিথবার জিনিস ছিল অনেক। কাপডের কল থোলার আগে जाभरभन्जी निष्ड एए खाँ। इस आंक्ष्मी-য়ারিং শেখেছিলেন বিলেতে। কিন্ত জাহাজীর বিখলেন-বিমান চালনা। কেননা, এই শতকের বিতায় দশকে (मंधे) अंतरहरा विभागकृत, भवरहरा উত্তেজনাপূৰ্ণ বিছা।

টটো ভারতে প্রথম লাইদেক্সপ্রাপ্ত ভারতীয় বৈমানিক (১৯২৯), টাটা ভারতে অসামরিক বিমান চলাচল ব্যবস্থার পথপ্রদর্শক—এ খবরগুলো গেল ক'দিনে নতুন করে খাবার স্বাই জেনেছেন। কিস্কু যে তথ্যটা অনেকেই এথনও জানেন না—সে ১৯৫৬ সনের লো আগণ্ট তারিথে জাহাকীর টাটার

### टिट्रमा, मानात

ভাষা। বিমান চলাচল ব্যবস্থা জাতীয় করণের সংবাদ ঘোষিত হয়েছে। দেশে বিদেশে অনেকে আশা করে আছেন; রুত্তম সরকারী টাটাকে এবার সমালোচকের ভূমিকায় দেখা যাবে। কিন্তু এ কী ? স্মিত হাস্মে আসন পরিগ্রহ করলেন জাহাঙ্গীর; তারপর কর্মীদের বললেন-নতুন উদ্দীপনায় দায়িত্বভার গ্রহণ করতে। তিনি চান বিমান চালনায় ভারত আরও গৌরব-শালী হক। মনে পড়ে, বিদেশী একটা কাগজে মন্তব্য পড়েছিলাম: হাা, বলতে হবে, জে আর ডি সত্যিই হাসতে জানেন।

ভধু হাসি নয়, জামসেদজী টাটার উত্তরাধিকারী যিনি তিনি আরও কিছু জানেন। মনে রাথতে হবে '৪৩ সনে তিনি ছিলেন গান্ধীজীর মৃক্তি-আন্দোলনে অন্তম অগ্রা, '৪৪ সনে বোদাই পরিকল্পনার অন্যতম রূপকার। ফরাদীরা তাকে 'লিজিয়ন অব অনার' দিয়েছে—আমেরিকা তাকে বিশের শ্রেষ্ঠ 'ম্যানেজমেণ্ট ম্যান' ('৫৩) হিদেবে সম্মান জানিয়েছে, ভারত 'ডক্টবেট', 'পদ্মবিভূষণ', ঠাকে ইত্যাদিতে সম্মান জানিয়েছেন। তা-ছাড়া ভারতীয় বিমান বাহিনীর তিনি একজন অনারারী—'গ্রুপ ক্যাপ্টেন'। কেননা, টাটা শুধু ভারতের অক্যতম শ্রেষ্ঠ শিল্পতি নন, এক বিচিত্র ব্যক্তিত্বও। তাঁর সমৃদয় লাভের পাঁচ ভাগের চার ভাগ ব্যয় হয়— জনকল্যানে। নিজে তিনি পুরানো গাড়ি চড়েন, আর কোন নেশা নেই। অবসরে তিনি থেলনা ইঞ্জিন গড়েন।

#### টেরেসা, মাদার

চুকেই মনে হল, কোথায় যেন দেখেছি। হয়ত দ্রাম, হয়ত পথ, হয়ত কোথাও নয়—মা মেরীর কোন সচিত্র জীবনীর পাতায়। সেই মুথেধ আদল, সেই চোথ, চলার ভঙ্গতে সেই অচঞ্চল মাতৃম্তি। পাথকা শুধু এই, নিপুণ শিল্পীদের আকা সেই চির-চেনা নিটোল মুখটিতে বিশ্বশিল্পীর হাতে নতুন ক'টি রেখা যুক্ত হয়েছে, ৫৪এ লোয়ার সাকুলার রোডে আলোর আড়ালে বাসিনী এ মায়ের বয়স হয়েছে।

হেদে বললেন, এত ভাবছ কি ? দেখেছ নিশ্চয়, দেখবে বৈকি।—এই ত তোমার হুই ট্রাম আগে কালীঘাট থেকে ফিরছি, আজ তেত্ত্রিশ বছর তোমাদের সঙ্গেই ত পথে ঘুরছি।

—তেত্তিশ বছর ?

— ইাা, আবার হাসলেন তিনি, কবে জন্ম তোমার ? তা হলেই ভেবে দেখ, আই এম মোর ইণ্ডিয়ান ভান ইউ।

বলার দরকার ছিল না। দরকার ছিলনা মা মেরী আর মহামাজ পোপের ছবি ছটোর পাশে দেওয়ালে রাষ্ট্রপতির নিজের হাতে সাক্ষবিত ঐ সম্মানপত্রটি টানিয়ে রাথবার--- 'আমি আপনাকে পদান্ত্র উপাধিতে · '. কিংবা মানিলা থেকে এইমাত্র আগামী ৩০শে নিজে হাজির হয়ে পুরস্কার গ্রহণের জন্মে ম্যাগ্রসেসে ক্মিটির যে অমুরোধপত্রটি এসেছে, সেটি পডবার। কেননা, মাদার টেরেসার কোন-পরিচয়পত্রই, অন্তত কলকাতার কাছে নতুন কিছু নয়,—অভাবিত ও নয়ই নয়। আজ এই মহুর্তে পরিচ্ছন্ন শ্যায়ে. পেটভরা থাবারের থালা সামনে নিয়ে কালীঘাটের 'নির্মল হৃদয়'এ যে একশ' সাতটি মান্তব জগং সম্পর্কে অবশেষে নিঃসংশয়, ভারা প্রভাকে জানেন বুকে ক্রুশ, হাতে জপের মালা নীল-পাড় সাদা শাডি জড়ানো এই অচেনামা যদি চলতে চলতে হঠাৎ তাঁদের সামনে এসে থমকে দাঁড়াতেন, তাহলে মান্তবের ওপর এই প্রবল আস্থা নিয়ে তাঁরা পৃথিবী থেকে

বিদায় নিতে পারতেন না। লোয়ার সাকুলার রোডের 'নির্মলা শিশু ভবন'-এর প্রতিটি শিশুও যেন জানে, এ মা ছিলেন বলেই ওরা এথনও আছে,— থাকবে।

শুধু 'নির্মল হৃদয়', আর কুডিয়ে-পাওয়া শিহুর মায়ের কোল 'নির্মলা শিশু ভবন' নয়, মাদার টেবেসা আজ চৌদটি স্কল চালান কলকাভাব আলোবঞ্চিত শিশুদের জন্যে, আটটি কুষ্ঠভশ্রষা কেন্দ্র গড়েছেন তিনি এ শহরের পরিত্যক্ত কুর্মরোগীর জ্বন্যে, তাছাডা একটি যক্ষা ক্লিনিক, ছ'টি দাতবা চিকিৎসালয়, কমাশিয়াল স্থল, কারিগরী বিজ্ঞালয় এবং কি নয় । এক মা আর একশ' উনসত্তর 'ভরী' মিলে সে এক অভাবিত করুণার জগং. সাগর। কলকাভার এক গৃহকোণ থেকে ভারতের দিকে দিকে আজ তাব ঢেউ। বাঁচি, দিলি, ঝাঁসি, মাধালা, আগু! আসানসোল, অমরাবতী, ভাগলপুর, বোঙ্গাই. বায়গড— গোটা ভারতে আজ এক নব মানবধর্ম, নিঃশব্দ দেবার প্রতীক।

— উঠি ভোবে দাড়ে চারটায়;
দাতটা থেকে শুরু হয় কাজ। যতক্ষণ
পারি ঘুরি, রাত ন'টার মধ্যে ঘরে
ফিবি।

## টেলার, ম্যাক্সওয়েল ডাভেনপোর্ট

এই বয়দে ট্রামে-বাদে, পায়ে, হেঁটে ভোর সাতটা থেকে রাত ন'টা!
মুখ দিয়ে নিজের অজাস্তেই বেরিয়ে
গোল—একটা গাড়ী হলে ভাল ছিল
বোধ হয়!

—নো, নো! মাথা নাড়লেন
মাদার। কক্ষনো গাড়ী নয়।—জান,
গাড়ীতে চললে ফুটপাথটা দব দময়
ঠিক ঠিক নজরে পড়ে না, আমার যে
দেখানেই কাজ! দেখছ না, এই
কুকুরটা পর্যন্ত দেখান থেকেই পাওয়া।
পায়ের কাছে বসে ছিল একটা কালো
দিশি কুকুর, মাথায় মায়ের হাতের
ছোয়া পেয়ে দে আরামে এবার চোথ
বুজল।

অভূত মান্ত্র। কথনও ইংরেজী বলছেন, কথনও গড়গড় হিন্দি, কথনও শপষ্ট বাংলা। অথচ, কথা প্রসঙ্গে বলেন, দেশ ছিল স্থদ্র আলবেনিয়ায়। ভূমিষ্ঠ হয়েছিলেন যুগোল্লাভিয়ায়। জিজেন করলাম—এখানে আসার পর ('২৯) দেশে গিয়েছিলেন কথনও?

ধমকে উঠলেন মাদার, হেদে বললেন, কিছু মনে থাকে না তোমার ! হ' বছর আগে আমেরিকা গিয়েছিলাম, বলতে পার ইউরোপেও। কিন্তু দেশে যাব কি,—এইত আমার দেশ ! শেষের ক'থা হটি স্পষ্ট নিভূলি বাংলা। লজ্জা চাপা দেওয়ার জন্যেই বলতে হল—এত ভাল বাংলা জানেন আপনি?

—ইয়া। আবার হাদলেন মাদার। কারণ, একাজ সুরু হয়েছে আমার মোটে '৪৮ সনে। তার আগে কুডি বছর ছিলাম লরেটোতে। দেখানেই শিথেছিলাম। এন্টালীর দেন্ট মেরী স্থলে অনেককাল বাংলা পড়িয়েছি আমি।—কি, কি হল, তুমিই বল 'নির্মল হৃদয়' শন্দটা কি খারাশ বাংলা? 'ইন্মাকুলেট সোল'-এর এই অন্থবাদটা আমারই করা। মাদার মেরীর বাংলা নামকরণ করেছি আমি—'নির্মলা'।

উঠতে উঠতে মনে হল মাগদেশে পুরস্বার কমিটি এবার যাঁকে সম্মানিত করলেন, ভরা জানেন না, তিনি ভারতীয় খৃটান সন্নাসিনী হলেও আমার কাছে কাল মনে হয়েছিল যেন স্তাই কোন বাঙালী জননী।

a. ৮. ৬২.

# টেলার, জেনারেল ম্যাক্সওয়েল ভাভেনপোর্ট

বন্ধুত্ব তো পরে, বলতে গেলে মৌথিক পরিচয়টুকুও ছিল না। চেনা-জানা বলতে যা সে পাঁচজনের মুথে ভার ভারে। কেউ বলেন গ্রীক লাতিন লো মাথন-কৃটি, টেলার জাপানী জার্মান, স্প্রানিস, ফরাসী চার চারটি বিদেশী ভাষায় অনুগল। কেউ কেউ হলেন-লোকটিকে জেনারেল না বলে ন্ধনিক বলাই সংগত। কেননা. মুন্পেটো কোন সাম্বিক সম্পাব কথা উঠলেই তিনি জানতে চাইবেন —খাচ্চা, জারেকজেদ যেন কীভাবে বাপাবটার মীয়াংসা করতে চেয়ে-হিলেন প্রেসিডেন্ট নিজেও যে ্রেষ্টির মনের কথা কিছু না জানেন গ্রন নয়। বিশেষত, তিনি ওঁর বিখ্যাত ে তে বিত্তিত ১ই 'দি আনুসাটেন ইংপেট' পডেছেন। তিনি জানেন— ম্বিক ব্যাপারে টেলারও তারই মত क भवत्वव—'निष्ठ क्रिकियार्भभागि'। াবে, টেলার শীমাবদ্ধ ক্ষেত্রে যুদ্ধের হৈ বিশ্বাস করেন। তিনি বার বার েছেন (এক লিখেছেনও) রাশিয়ার েলের গুলীর জবাবে আমরা যদি ব্যাণবিক হাতিয়ার হাতে তুলি া সেটা হবে আগুহতারে নামান্তর। <sup>্জ</sup>কেব পরিস্থিতিতে সামগ্রিক পার-<sup>্ৰ</sup>িক যুদ্ধ কাৰ্যত সম্ভব নয়, কলে বিকার এমন প্রস্তুতি দরকার যে ব্রিয়ে 'ফ্রেক্সিবল বেদপন্দ' বা যথন ন প্রতিউত্তর সম্ভব। অর্থাৎ ওঁরা

### **दिलाउ, गाञ्चित्रयम जार्ज्यत्थार्ड**

যদি পুরানো সামরিক অন্ত নিয়ে কোথাও আমাদের আক্রমণ করেন তবে আমাদেরও তাই করতে হবে। স্বভরাং কেবল পারমাণবিক অস্ত্র নয়, --- আমেরিকাকে স্থলবাহিনী, ট্যাক ইত্যাদি মামুলী আয়োজনের দিকেও নন্ধর দিতে হবে। কথাগুলো ৩ৎ-কালেই মনে ধরেছিল। স্থতরাং ১৯৬১ সনের এপ্রিলে বে অব পিগ্স-এ ভরাডবির পরে ক্রন্ধ, মর্মাহত, ক্রন্ধ কেনেডি টেলিফোনটি তুলে নিয়ে অবংশধে ওকেই কাছে ভেকেছিলেন। विधायार्ड (२२९२) होक खर स्थाप প্রেসিডেন্টের দ্বিতীয় বিশ্বস্ত অক্সচর রবাটকে সঙ্গে নিয়ে সি-আই-এ'র ফাইল ঘাটতে ব্যেছিলেন। কেননা, কিউবায় বার্থতাটা বছ কথা নয়, তার চেয়েও জরুরী তার কারণগুলো। সেই থেকেই শুরু। '৬১ সনের জুলাইতে কেনেডি ঘোষণা করলেন আইদেনহাওয়ারের আমলে মার্কিন চীফ অব স্টাফ জেনারেল ম্যাক্সওয়েল ডাভেনপোট টেলারকে তিনি তার সামরিক উপদেষ্টার পদে নিযুক্ত করেছেন। নানা মহলে তথনই নানা রকমের আপত্রি উঠেছিল, কিছ কেনেডি তবুও টেলারকে ছাড়তে রাজী হননি। বরং অচিরেই প্রেসিডেন্ট

## টেলার, ম্যাক্সওয়েল ডাভেনপোর্ট

তাঁকে আরও গুরুত্বপূর্ণ আসনে বসালেন। কেনেভির নির্দেশে টেলারের পরিচয় হল—চেয়ারম্যান, জয়েণ্ট চীফ্স অব স্টাফ। কেননা, প্রেসিডেণ্ট মনে করেন তাঁর এজাতীয় কোন অন্ত ধরনের জেনারেলকেই দরকার।

স্তিট্র অত্য ধরনের মান্তব। চেহারায় যোদ্ধার কোন লক্ষণ নেই,— শাস্ত মুথ, শাস্ত হৃটি চোথ। কেস্টেভিল-এর জানৈক সাধারণ আইনজীবির ঘরের ছেলে। সমর বাহিনীতে এসেছেন স্থদুর ১৯১৭ সনে। টেলার হেসে বলেন—ডাঙায় যে আছি সে दिन्वा । यानाका अनानी हि यनि ইউরোপে হত তবে এতদিনে আমি নৌবাহিনীর আাডমিরাল হতাম। নেহাৎ ছোটবেলায় ভূগোল একদম মনে থাকত না তাই! প্যারাস্থট বাহিনীতে দৈনিক ছিলেন অনেক-কাল। কিন্তু বলতেন—আমি লাফাতে ভালবাসি না, যারা লাফায় তাদের সঙ্গে থাকতে ভালবাসি।

সে বাসনাও পূর্ণ হয়েছিল।
টেলার দ্বিতীয় মহাযুদ্ধের দিনে বিখ্যাত
মাকিন অধিনায়ক। ইতালীতে গোপন
অভিযাত্রা থেকে শুরু করে ১০১ নম্বর
বাহিনী নিয়ে নুর্যান্তিতে অবভরণ—

তার সামরিক জীবন নানা তঃসাহসিক ঘটনায় পূর্ব। তবে কী লডাইয়ের মাঠে, কী অন্তত্ত, চিরকালই তিনি একট্ স্বতন্ত্র। '৪৫ সনে ওয়েস্ট পয়েন্টে বিখ্যাত সামরিক আাকাডেমির কর্ত তিনি। সেট নিযক্ত হয়েছিলেন সম্মানের পদটিকে চিহ্নিত করে এসেছেন তিনি সৈনিকদের পাঠাস্টীতে টি. এস. এলিয়ট অন্তভুক্ত করে। তারপর '৪৯ সনে বার্লিন এবং '৫৬ সনে কোরিয়ায় বিখ্যাত ৮ম বহরের অধিনায়কভ। কোরিয়ায় ভারতীয় সেনাপতিদের স্কে তাঁর পেণ্টাগন-এ আজও এক সংবাদঃ টেলারের মথের কোরিয়ান ভাষা ভনে সিংম্যান রী প্রস্ত সেদিন হতবাক।

'৫৫ থেকে '৫৯ সন পর্যন্ত মার্কিন

যুক্তরাষ্ট্রের চীফ অব স্টাফ, এব

উপস্থিত মার্কিন সমর বিভাগের

সবেসবা জেনারেল টেলার আগামী
১৬ই ভারত পরিদর্শনে আসছেন। এ

কর্মস্টী কেনেতি বেঁচে থাকা কালের

—বাতিল-করা পুরানো প্রোগ্রাম
প্রণ। তা হলেও পাকিস্তান পরিদর্শনের
আগে তাঁর ভারত আগমন গুরুত্বপূর্ণ

ঘটনা। ইদানীং এই বিখ্যাত মার্কিন

জেনারেল অসামরিক কাজেই তাঁর

অবসর জীবন কাটাচ্ছিলেন। কেনেডি

ভেকে এনে তাঁকে আজকের এই
গুরুত্বপূর্ণ আদনে বদিয়েছেন, ফলে কী
মার্কিন সমর বিভাগ, কী অক্সত্র—
টেলারের সমালোচক অনেক। এবং
শোনা যায়,— পাকিস্থান তাদের
অক্সতম। কেননা, কোরিয়া এবং
কেনেভি তুই স্তেই এই মার্কিন
সমরবিদ আমাদের বান্ধব। সেটা সত্য
হক বা না হক, টেলার যে স্বচ্ছ দৃষ্টি
সম্পন্ন অক্সথরনের জেনারেল সে বিষয়ে
বিশ্ব একমত। রবার্ট কেনেভির
ভাষায়—হি ক্যান গিভ থিংস এ
কোল্ড এণ্ড ফিদি আই। ৯.১.৬৪

[১৯৬৪ সনের জুন-জুলাইয়ে ভিয়েৎনামে সংকট ঘনীভূত গুওয়ার পর জেনারেল টেলার দঃ ভিয়েৎনামে মার্কিন দৃত নিযুক্ত হন। তার আগে এই পদে ছিলেন হেনরী ক্যাবট লজ।]

#### টিটো, মার্শাল জোসেফ ব্রোজ

চুলের মত চিড়টা দেখতে দেখতে রুফ সাগর হয়ে উঠল। ক্রমে পরিণত হল দূরতিক্রম্য হিমসাগরে।

ওঁরা বললেন—তোমরা ঠিক মার্কদ নির্দিষ্ট পথে চলছ না।

এঁরা উত্তর দিলেন—আমাদের দেশে আমাদের নাগরিকদের আমাদেরই বিক্লমে গুগুচর নিযুক্ত করে রাশিয়াও বোধ হয় খুব সংগত কাজ করছে না।

ওঁরা বললেন—যুগোশ্লাভিয়ার কমিউনিস্টরা কমিউনিস্ট নয়।

টিটো উত্তর দিলেন—রাশিয়ায় যা বলছে তা আদৌ কমিউনিজম নয়। মহান লেনিন বেঁচে থাকলে আজ—

ওঁর। বললেন—টিটো? টিটো জুডাস।

টিটো বললেন, কে ফ্টালিন ?— হি ইজ দি ব্লাক বিফ !

'৪৪ থেকে '৪৮, চতুবধব্যাপী সেই
কলহ আজ ইতিহাসে পরিণত। সেই
সঙ্গে পুনরায় ঐতিহাসিক পুরুষ
হিসেবে প্রতিষ্ঠিত মার্শাল টিটোও।
পুনরায় বলছি এজন্যে যে, সতিটাই
টিটোর উত্থান এমন এক অবিখাল
ধরণের যেথানে পদক্ষেপ মাত্রই মনে
হয় প্রতিষ্ঠা।

কোরাসিয়ার সেই চাষীর কুটিরে পনেরটি ভাইবোন, পিতা মলপ। পায়ের নীচে মাটি ছিল না। স্থতরাং শুকু হল অকুল সাগরে ভাসা।

লেখা পড়া বলতে যা তা সব বারো বছর বয়সের মধ্যে (জন্ম—১৮৯২)। তের থেকেই নিমজ্জমান মান্তবের নিয়মে সামনে থড়কুটো যা পাওয়া

### हिट्छा, मार्नान

ষায় তা-ই। কিশোর টিটো কথনও
জমিতে মজত্রের কাজ করেন, কথনও
লোকেদের বাড়ীতে বাসনকোসন
মাজেন, কথনও বা তাঁর কাজ তালাচাবি সারাই।

শেষ পর্যন্ত বাধ্য হয়েই সৈলবাহিনীতে নাম লেখাতে হল। টিটো
মিলিটারীতে চলে গেলেন। তিনি
রাজকীয় অপ্রিয়ান বাহিনীতে সৈনিক
হলেন। সাধারণ পদাতিক।

ভাসমান মান্থ যেন এতদিনে
মাটির স্পর্শ পেলেন। তিনি সমস্ত
শক্তি একীভূত করে লডাইয়ে
মাতলেন। ওঁরা তাঁকে সার্জেন্ট মেজর
করে রাশিয়ান রণাঙ্গনে পাঠালেন।
১৯১৫ সন। তুর্ধ স্লাভ লড়িয়ে টিটো
সহসা একদিন আহত হয়ে সেথানে
বন্দী হলেন। রাশিয়ার সঙ্গে সেই
তাঁর প্রথম সাক্ষাৎকার। এবং যদিচ
বন্দীভাবে, তব্ও সেই প্রথম দর্শনেই
ভালবাসার স্থচনা।

প্রথম ভালবাসা ফেলাঘিয়া নামে
চঞ্চলা মেয়েটির সঙ্গে। বিদেশী বন্দীকে
ভালবাসা জানালেন রুশ তরুণী।
প্রতিদানে টিটো ভালবাসলেন ওঁকে
সহ গোটা রুশ দেশকে। বিশেষ,
কমিউনিস্ট নামে খ্যাত ত্র্ধ্ব মাহুষগুলোকে। টিটো রুষ ভাষা শিখলেন.

ফেলাঘিয়াকে বিয়ে করলেন, এবং রেজ-গার্ডদের সঙ্গে হাজ মিলিয়ে জার-এর সঙ্গে লড়াই করলেন। তিনি এখন ভধু সৈনিক নন, পাক: কমিউনিস্ট।

ক্তরাং '২০ সনে দেশে ফেরামাত্র তার জন্ম স্থান নির্দিষ্ট হল—রাজ আলেকজাণ্ডারের কারাগার। ছাজ পাওয়া মাত্র কিছুদিন শ্রমিক সভা ইত্যাদি। তারপর আবার কারাকক। মেয়াদ—এবার ছ'বছর।

ছ' বছর পরে, '৩৪ সনে আবার যথন ছাড়া পেলেন টিটো তথন তিনি যুগোঞ্চাভ কমিউনিস্ট পার্টির অন্ততম নায়ক। পার্টির বন্ধুরা তাঁকে মঙ্গে: পাঠালেন। উদ্দেশ্য: তান্ত্রিক সাধনা সম্পূর্ণ করে দেশে ফিরিয়ে আনা।

কেরার পথে নানা নামে, নান।
পোষাকে দেশ থেকে দেশান্তবে।
টিটো কোথাও স্ত্রাইক করাচ্ছেন,
কোথাও গেরিলা সংগ্রহ করছেন।
কেননা স্পেনে তথন গৃহযুদ্ধ। এবং
স্থানিকত কমিউনিক্ট হিসেবে তিনি
জানেন—সেথানে তার কি কর্তবা।

একই কর্তব্যবোধের অতুলনীর পরিচয় পাওয়া গেল দিতীয় মহাযুদ্ধ। যুগল্পাভ কমিউনিস্ট পার্টির সেক্রেটারী জেনারেল টিটো তথন প্রায় দেড়লক্ষ

## ডন, জুয়ান (স্পেন)

গেরিলার হুর্ধ নায়ক। স্থতরাং মিজ্রশক্তিকে শুধু যে যুদ্ধকালেই তাঁকে শীকার করে নিতে হল, তাই নয়, যুদ্ধ শেষেও তেমনি শীকৃতি দিতে হল টিটোর লালরাজ্যকে। চাষীর ছেলে টিটো সেই থেকে সর্বস্বীকৃত হুর্ধর্ধ। আরও হুর্ধর্ষ '৪৮ থেকে। কেননা, কমিনফর্ম থেকে নিক্ষিপ্ত হয়েও টিটো সেদিন সোজা হয়েই দাঁডিয়ে ছিলেন!

উনসন্তর বছরের প্রবীণ লড়িয়ে তেমনি অনড় দাঁড়িয়ে আছেন আজও। ইউরোপে তিনি এক তৃতীয় শিবির। হথা, এশিয়ায় ভারতবর্ষ। পেটেন্ট করা লালও নয়, নীলও নয়; তার সঙ্গে ছনিয়ার পক্ষহীনের প্রামর্শ।

ডন, জুয়ান ( স্পেন )

তথু জন জ্য়ান নন, পর্তু গালের বালিচরে রঙ্গীন ছাতা থাটিয়ে যাঁরা নিয়মিত দিবাস্থপ্প দেখে আসছেন, সেই ঘরহারা রাজন্মকুল একসঙ্গে লাফিয়ে উঠলেন। তাহলে এও হয় ? ব্যানেরই প্রতিবেশী বনবাসী 'স্পেনরাজ' জন জ্য়ানকে শ্বরণ করেছেন 'স্পেন বাজা করবেন তিনি।

যুগোল্লাভিয়ার প্রেসিডেন্ট যুগল্লাভ কমিউনিস্ট পার্টি এবং দৈন্ত বাহিনীর দর্বময় কর্ডা মার্লাল জোদেপ ব্রোজ্ঞ টিটো কি এখনও কমিউনিস্ট ?

পুঁথি মিলিয়ে যাঁরা দেখেন, জাঁরা বলেন—না, বােধ হয় না। কেননা আদর্শগত জীবনে টিটো এক রাজনিক মাহ্রষ। তিনি তিনটে বিয়ে করেছেন, তিনি রাজপ্রাসাদে থাকেন, প্রমোদ তরীতে হাওয়া থান।—শিকার করেন, দাবা থেলেন, মদ থান, এবং ইত্যাদি ইত্যাদি।

আশ্চৰ্য, যুগোল্লাভ জনতা তবুও বলে—টিটো জিন্দাবাদ !

4. 9. 55

ড

সন্তাবনাটা নতুন নয়, নতুন
সংবাদটা। রাজধানী থেকে সদলবলে
একশ' মাইল এগিয়ে এসে জেনারেলসিমো ফ্রাকো দেখা করেছেন ভন-এর
সঙ্গে। '৫৪ সনের পর এই তাঁদের
প্রথম সাক্ষাৎকার। আরও উল্লেখযোগ্য, তাঁরা আলোচনা শেষে একটি
যুক্ত বির্তিও প্রচার করেছেন। তার
মর্ম: আমরা যুবরাজ কার্লস-এর
পড়াশুনা নিয়ে আলোচনা করেছি।
আমাদের ইচ্ছে সে তাঁর নিজের

### ডিফেনবেকার, জন জর্জ

দেশেই পড়ুক। তবে হাা, এর সক্ষেত্রবিশ্বং উত্তরাধিকার বা ইত্যাদি বিষয়ের কোন যোগ আছে বলে যদি কেউ্ভাবেন, তবে তা ভুল হবে। ইত্যাদি।

সম্প্রতি জানা গেল, মোটেই তা ভুল হয়নি। ফ্রাকো '৩৭ সন থেকে সেনের 'এল ক্যুডিলো'। অর্থাৎ একেশ্বর নায়ক। '৪৭ সনে তিনি ৃস্থির করেছেন, তাঁর জীবৎকালে তিনি তাই থাকবেন। তারপর তার উত্তরাধিকারী কে হবেন, সেটা স্থির করার আইনসমত অধিকারও তাঁর। এককালের তর্ধর জীবন আটষ্টিতে পৌছেচে। সন্ধ্যা হলেও অপরাহু ত নিশ্চয়ই। ফ্রাঙ্কো তাই ভবিয়ুৎ ভাবছেন। তেইশ বছরের জুয়ান কার্লসকে যে তিনি সেই বাসনায় ঘরে এনেছিলেন অতঃপর সেটা আর গোপন করে লাভ কি ! স্থতরাং আবার তাঁর বাবার ডাক প্রভল। এবার ফ্রাঙ্কো স্পষ্ট। তিনি বললেন, তোমার ছেলে কার্লস স্পেনের ভবিশ্বৎ রাজা। ডন জুয়ান বললেন, ম্পেনের বোরবনদের কংশে তা কথনও হয় না। পিতার বর্তমানে পুত্র কথনও সিংহাসনে বসে না। ফ্রাফো বললেন, বদবে। তোমার ছেলে বদবে।

কিছ কার্লস একবাক্যে বলছে—
না, তা হয় না। বাবার জীবংকালে
আমি কিছুতেই রাজা হব না।
কিছুতেই না।

ছেচল্লিশ বছরের প্রবীন জন জ্য়ান উপস্থিত এ নাটকের নীরব দর্শক। ফ্রান্ধার হাতের পুতৃল হয়ে রাজা হতে বিন্দুমাত্র বাসনা নেই তাঁর। তাছাডা তিনি আজ আর তেমন রাজাও হতে চান না। বড়জোর এবার হলে ইংলণ্ডের রাজা। 'পপুলার এও কনষ্টি-টিউশকাল মনার্কি' এখন তাঁর আদর্শ।

ভন জুয়ান বলেন, স্পেনে এখন যা চলছে, সেটা নিক্ট রাজতন্ত্রও নয়।
আমার দেশ এখন যেন পতুর্গালের
মত। পতুর্গাল 'রিপাবলিক'। কিন্ধ 'রিপাবলিক' কথাটি মুথে আসা মাত্র এখানে অবধারিত কারাবাস। স্পেনে আসলে রাজতন্ত্রই বহাল আছে। কিন্ধ 'রাজতন্ত্র' কথাটি তোমার মুখে এসেছে কি তুমি গিয়েছ।

9. 4. 90

#### ডিফেনবেকার, জন জর্জ

কানাভায় ডিফেনবেকার মন্ধি-সভার পতন ঘটেছে।

থবরটা সম্পূর্ণ অভাবিত না হলেও বাইবের ত্নিয়ার কাছে চাঞ্চল্যকর।

## ডিফেনবেকার, জন জর্জ

বিশেষ আমেরিকা, ইংল্যাণ্ড এবং ভারত-পৃথিবীর তিন থণ্ডে ছড়ানো তিনটি দেশের কাছে। কেননা, আজকের ইংল্যাণ্ডের কাছে ছ গল যা, ইদানীংকার ডিফেনবেকার ছিলেন আমেরিকার কাছে অনেকটা তাই। ইংল্যাণ্ডের কাছে পরিচয় ছিল তাঁর 'হার ম্যাজিষ্টিজ~∙অমুগত অমুচর,'— ভারতের কাছে-কমনওয়েল্থ-এর মৃতিমান আদর্শ, অন্ততম নির্ভর্যোগ্য বান্ধব। মনে রাখতে হবে. চীনা হামলায় ডিফেনবেকার ভধু যে হোয়াইট-হাউদ হোয়াইট হল-এর প্রায় সমান তালে পা ফেলে এগিয়ে এদেছেন তাই নয়, গেল কমনওয়েলথ প্রধানমন্ত্রী সম্মেলনে কমন মার্কেট প্রসঙ্গে তিনিই ছিলেন ভারতের দোসর। জাতীয়তা, ইংল্যাগুপ্রীতি এবং কমন ওয়েলথ আসন্তি—এই তিন নিয়েই ছিল ডিফেনবেকারের রাজ-নীতি। প্রশ্ন: তবুও মাতুষ্টিকে নামতে হল কেন ? সে প্রশ্নের উত্তর আগে ডিফেনবেকারের দে ওয়ার উখান কাহিনীটাও শোনবার মত।

পনের বছর পরে পাঁচ পাঁচটি
নির্বাচনে পরাজয় মেনে ১৯৪০ সনে
অবশেষে সত্যিই ষথন ওয়াক'র জনৈক
আইনজীবী ডিফেনবেকার অটোয়ার

হাউদ অব কমনস্-এ একথানা আদন টেনে বদে পড়লেন, কানাডায় সেদিন আনেকেই নাকি তাঁর নিষ্ঠা দেখে বিশ্বয়ে হতবাক হয়ে পড়েছিলেন। কিন্তু ডিফেনবেকার শুধু মৃছ হেসেছিলেন। কেননা, তিনি জানতেন তাঁর স্বপ্ন সফল হওয়ার পথে এটা প্রথম পদক্ষেপ মাত্র।

সাচকাচিওয়েন-এর এক থামার বাডীতে প্রদীপের আলোয় কানাডার এক ভৃতপূব প্রধানমন্ত্রীর জীবনী পড়তে পড়তে জনৈক জার্মান স্কুল-শিক্ষকের তনয়জন জর্জ ডিফেনবেকার নাকি চেঁচিয়ে উঠেছিলেন—'আমিও কানাডার প্রধানমন্ত্রী হব।' ছেলের কথা ভনে মা হেসেছিলেন। কিছ व्यानर्गवामी निवादबन वावा शस्त्रीत हुए। উঠেছিলেন। মাঠের বদলে ছেলেকে তিনি কলেজে পাঠিয়েছিলেন। কলেজে পাঠাবই ছাডাও তরুণ ডিফেনবেকার-এর আকর্ষণ ছিল প্রধানমন্ত্রীদের জীবনী, পালামেন্টারী তর্কাত্রির বিবরণী এবং রাজনীতির রীতিনীতি। তিনি ফাঁকা ঘরে বক্তৃতা দেন, রাজ-নৈতিক ভাষা রপ্তের চেষ্টায় পাতার পর পাতা মিছিমিছি লেখেন। লক্ষণ ম্যাগাজিন সগর্বে কলেজ সম্পাদকীয় লিখে জানাল: আমরা

### ডিফেনবেকার, জন জর্জ

বিশ্বাস করি, অটোয়ার পার্লামেণ্টে জর্জ একদিন বিরোধীদলের নেতৃত্ব করবে।

विद्याधीमन मिर्यारे जावन कद्व-ছিলেন। পরিবারের निवाद्वन ঐতিহকে অগ্রাহ্য করে প্রতিষ্ঠিত আইনজীবী (কুড়িটি বিখ্যাত খুনের মামলায় আসামী পক্ষে ছিলেন তিনি। মৃত্যুদণ্ড হয়েছে মাত্র হুজনের : ) রাজনৈতিক জীবন স্থক করেছিলেন কনশারভেটিভ হিসেবে। বরাবর তাই আছেন। '৪০ সনে পার্লামেণ্টে আসার যোল বছর পরে, জর্জ ডু'র মৃত্যুর পর থেকে প্রোগ্রেসিভ কনসার-ভেটিভদের নায়কত্ব করছেন। প্রধান-मन्त्री रुप्तरह्म '८१ मरनद जून मारम। ১৯৩৫ সনের পর কানাভায় সেই প্রথম কনসারভেটিভ শাসন। হয়েছিল, এ শাসন আরও ক' দফা বিশেষ, গেল চলবে। বছরের নির্বাচনের পর দল ক্ষীণ হয়ে গেলেও প্রধানমন্ত্রী ডিফেনবেকার এই সেদিন অবধিও ছিলেন জনপ্রিয়। গত মাদেও গ্যালপ-পোল নিয়ে দেখা গেছে তার সমূহ কোন আশকা নেই!

মাত্র্বটির দিকে তাকালেও তাই মনে হওয়া স্বাভাবিক। পাঁচ ফুট সাড়ে এগার ইঞ্চি উচ,—গভীর হুটি

কালো চোখ। সে চোখ স্বদেশের নামে মৃহুর্তে যেমন দাউ করে জলে উঠতে পারে, তেমনি মুহুর্তে আবেগে ঝাপসা হয়ে ওঠে। নিষ্ঠাবান দেশ-প্রেমিক। নিষ্ঠাবান সংসারী। রাজ-নৈতিক জীবনে একমাত্র সাধনা ছিল তাঁর কানাডাকে একটি জাতিতে পরিণত করা। সংসারে একমাত্র আপনজন তাঁর স্ত্রী। প্রথম স্ত্রীর মৃত্যুর আড়াই বছর পরে ১৯৫৩ সনে নতুন করে আবার সংসারী হয়েছেন ডিফেনবেকার। সাত্যটি বছরের প্রবীণ রাষ্ট্রনায়কের জীবনে গৃহিণীই একমাত্র সঙ্গী। চার্চিল অবাক হয়ে शिरम्हिल्न-'थाक मु' वरल निष्ठावान কন্দারভেটিভ ডিফেন্বেকার যথন নেপলিয়ান ত্রাঞ্জির গ্লাসটা ধীরে ধীরে সামনে থেকে সরিয়ে দিয়েছিলেন। ব্যাপ্টিস্ট ডিফেনবেকার সিগারেট পর্যন্ত স্পর্শ করেন না। দেশ ছাড়া তাঁর আর কোন নেশা ছিল না।

তবুও নেমে আসতে হল।
কারণ 'দেশরক্ষায় ব্যর্থতা।'—কিসের
বিরুদ্ধে?—কার আক্রমণ থেকে?
আমেরিকার অভিযোগ ছিল—
ডিফেনবেকার কানাডার রকেটাদি
মার্কিন সহযোগিতায় আধুনিক
করছেন না—তিনি উত্তর আমেরিকার

## ডেনিং, লর্ড আলফ্রেড ট্রমসন

ট মুহুর্তে তিনি **ডেনিং লর্ড আলফ্রেড টমসন** 

তারিখ---২৫ সেপ্টেম্বর, সন---১৯৬৩। হার মাজে ফিন ফেশনারী অফিস সেদিন নিয়ম ভঙ্গ করে মাঝ-রাত্তিরে ঝাঁপ তুলেছিল। লণ্ডনের আর পাঁচটা সাধারণ দোকানের মত মাথায় নিওনের হাতছানি ঝুলিয়ে ছিল—'রিড ইন ফুল !…' নারী-পুরুষ, নি বিশেষে তকুণ-বদ্ধ অপেক্ষায়ই ছিলেন। ত্য়ার খুলতে না খুলতে তু'হাজার মানুষ অ-ইংরেজের মত এক সঙ্গে কাউন্টারে ঝাঁপিয়ে পডেছিলেন; তাঁদের মধ্যে অক্সফোর্ডের ছেলেরা, বৃদ্ধা ল্যাগুলেডি, তরুণী ভাডাটিয়া এবং প্রবীণ রাজনীতিক-সবাই ছিলেন। হার ম্যাঞ্চেস্টির দোকানীরা ক্যাশ্যেমো দেখেছিলেন-প্রথম চার বিক্রির পরিমাণ পাঁচ হাজার। পরদিন শৃত্য আলুমারীগুলো ঘোষণা করেছিল চকিবশ ঘণ্টায় যা উবে গেল সংখ্যার তা এক লক্ষ। এবং কোন সরকারী প্রকাশের পক্ষে এহেন বিক্রি এই প্রথম। 'কমাণ্ড পেপার নামার---২১৫২' (বইটির সরকারী नाय) সেদিক দ্বিতীয় 'লেডি থেকে চ্যাটার্লিঞ্চ লাভার।'

নিরাপভাকে তুর্বল করছেন। তত্তপরি কিউবার সংকট কানাভার উপর দিয়ে মার্কিন বোমারু চলতে দেননি, ইত্যাদি ইত্যাদি। বিরোধীদলও প্রকারাস্তরে অভিযোগ এনেছেন আজ --কিছ ডিফেনবেকার ? বলা নিপ্পয়োজন, তারও বক্তবা ছিল। সে বক্তবোর কথা—কানাডা !—কানাডা ! কানাড়া আর আমেরিকার কোন ব্যবধান থাকবে না ডিফেনবেকার তা পারতেন ना । তাঁর ভাবতেও অভিযোগ চিল কানাডার অর্থনীতিতে মার্কিন প্রভাব বাডছে, কানাডায় মার্কিন আগস্তুক বাডছে, কানাডার কাগজে কাগজে মার্কিনী বেসবল থেলার থবর বাডছে (অথচ মার্কিন ক্রিকেটের কাগজে থবর नग्र). 'কানাডার ছেলেমেয়েরা স্বদেশের টেলিভিসন বন্ধ করে মার্কিনা ছবি দেখছে, কানাভার লেখক পাবলিশার-এর সন্ধানে ক্যুইয়র্ক ছুটছে ! ডিফেন-বেকার এই দখের অবদান চান। তিনি বলতেন—'আই এম নো আাণ্টি আমেরিকান। ... আই এম অনলি— म्हे श्री প্রো ক্যানাডিয়ান।

কিন্তু সম্ভবত আবার বোধ হয় প্রমাণিত হল, দেশপ্রেমও মাত্রাহীন আদর্শ নয়। ৭.২.৬১

## एजिश. नर्छ चानद्वम्छ हेमनन

ক্রেতাদের প্রত্যাশা ছিল তার চেয়েও বেশী। ওঁরা ভেবেছিলেন— শুধু লেডি চ্যাটার্লি নন, তার পাতায় পাতায় থাকবে—অসংথা 'রোমান রমণী' আরব্য উপকাস তুল্য কাহিনী; নিদেন পক্ষে একটি দ্বিতীয় 'কিনসে রিপোর্ট' ত বটেই। সাতাশটি অধ্যায়ের প্রতিটির শিরোনামায় তার ইঙ্গিতও ছিল। ভিকৌবিয়ান উপনাদের মত সেথানে আকর্ষণীয় পূর্বাভাষ; 'দি ডার্লিং লেটার'…'দি স্ল্যাশিং',… ফর স্পেন'. .. 'দি **(**4 লিভ **স্থ্যানিয়ার্ডস** ফটোগ্রাফ'…ইত্যাদি ইত্যাদি। ভাষা এবং পরিবেশন ভঙ্গীতেও অভিনবত ছিল, সাহিত্য ছিল, কিন্তু একশ' চৌদ পষ্ঠার অধিকাংশ বইটি শেষ করে নরনারী **ইংরেজ** জেনেছিলেন— পুস্তকটি উত্তম এবং পয়সা কোনটিরই যোগ্য বদলী নয়। ৭ শিলিং ৬ পেনির বদলে (চৌরঙ্গীপল্লীর হিসেবে ৫ টাঃ ১০ আনা) তারা যে পুঁথিটি রাত জেগে সংগ্রহ করেছেন সেটি আগা-গোডা 'নীল'-বই-ই; তার ষাট হাজার শব্দে কোথাও হলুদের ছোঁয়া নেই। ওয়ার্ড, ক্রিস্টিন, মাণ্ডি, প্রফুমো, অ্যাস্টার সাহেবের বাগান বাড়ী, मायत्राखिदत्रत जामदत मृत्थामधात्री

সবাই আছে-কিন্তু কেউ নতুন করে কোন বিশায়কর আঙ্গলো স্থাকান প্রজাতি নয়। ওয়ার্ড স্থবিধেজনক লোক ছিল না। অন্ত বদ নেশা ছাড়াও তার কমিউনিস্টদের প্রতি সহামুভূতি ছিল। ক্রশ্চফের ছবি আঁকার জন্মে তার আগ্রহের অন্ত চিল না। ক্রিস্টিন যোল বছর বয়স থেকেই 'উইকেড', প্রফুমো স্থলিত পুরুষ ইত্যাদি ইত্যাদি। বিশেষ করে এ বইয়ে এমন কিছু নেই যাতে ম্যাক-মিলানকে এক্ষ্নি, এই মুহূর্তে, ভোট-় দ্বন্দে আহ্বান করা যায়, কিংবা रभारमना मश्रदात वर्षानुरमत हाकती থাওয়া যায়, অথবা আরেও তু'চারজন মন্ত্রীকে নির্বাসনে পাঠান যায়। এ পুস্তিক৷ অনুষায়ী মোটামুটি স্বাই বেকস্থর থালাস, শেষ করার পবে পাঠক সব কাহিনী ভূলে যায়; ভুধু তার চোথে ভাসে মলাটের মাথায় ছাপা স্থ-অলংকত লাতিন বাকাটি যার মানে—ইভিল টু হিম ছ ইভিল থিষ্কস। লেবার পার্টি কিংকর্তব্যবিষ্ট্ থবরের কাগজ হঠাৎ আবার সিরিয়ান এবং নম, ইংল্যাও এ-জাতীয় বইয়ের বৈধত। ইত্যাদি আইনের খুঁটিনাটি ভাবনা নিয়ে মগ্ন; তার একমাত্র আলোচ্য এখন এ পুস্তকের গ্রন্থকার।

### एजिः, नर्फ चानद्युष हेबनन

নীল বই ষেমন, তেমনি নীল বক্তধারী লেখক। নাম—লর্ড আলফ্রেড টমসন ডেনিং। বয়স—চৌষ্টি। পরিচয়—মাস্টার অব দি রোলস; পদাধিকারে লর্ড চীফ জাস্টিস-এর পরেই বিচারপতিদের মধ্যে দ্বিতীয়।

ইংল্যাণ্ডের বিখ্যাত বিচারপতিদের একজন হুইটচার্চের লর্ড ডেনিং ছাত্র-জীবন থেকে স্থক্ত করে এই পরিণত বার্থক্য অবধি নানা সম্মান লাভ করেছেন। কলেজ, বিশ্ববিত্যালয় এবং নানা বিভংসভার ভ্ষিত সম্মানে মাননীয় বিচারপতির দীর্ঘ কর্মজীবনে অভিজ্ঞতাও অনেক। কিন্তু 'লর্ড ডেনিংস রিপোর্ট' নামে ছোট এই বইটি লিখতে গিয়ে যে অভিজ্ঞতা তিনি লাভ করেছেন তা বোধ হয় তুলনা-সাত সপ্তাহে ১৮০ জন রহিত। মাতুষ তাঁর জেরার উত্তর দিয়েছেন। मही, भानारमध्ये मनज, माःवानिक থেকে স্থক করে তাদের মধ্যে গোয়েন্দা বিভাগের লোকেরা, নাইট ক্লাব মালিক, নিশাচর নিশাচরীরা স্তবের মামুষ ছিলেন। স্থদূর ১৯৪০ সনে কোন ভি.আই.-পি. কোন রহস্থ-ময়ীর মারাজালে আটক পড়েছিলেন— ডেনিং তাঁকে খুঁজে বের করেছেন। বাত্তির বিচিত্র আদরে মুখোদপরা লোকটি কে ছিল তাঁকেও তাঁর জানতে হবে। দব জিজ্ঞাসা শেষ হলে দেখা গিয়েছিল সাকুল্যে তহবিলে শব্দ জড় হয়েছে ৮ লক্ষ ৫০ হাজার! প্রবীণ আইনজ্ঞ তাকেই টেকে, টেটে নামিয়ে এনেছেন ষাট হাজারে। টোরিদের প্রাণবায়ু স্বরূপ ষাট হাজার শব্দের একটি জীবনদায়ী বাক্যে—'আই ওয়াজ স্থাটিসফাইড ছাট, মাচ অব হোয়াট আই ওয়াজ টোল্ড ওয়াজ আন্ট্র্!' অর্থাৎ হে বিশ্বজন, তোমরা যা ওনেছ দব সাচচা নয়!

ডেনিং কি আপন রক্তবর্ণে রিপোর্টটা রঞ্জিত করেছেন ? আ্যান্টা-রিসমেন্ট-এর অক্সতম কড়িকাঠ কি নিজের মাথায় পতনোন্ম্থ ছাদের দায়িত্ব নিয়েছেন ? সে তর্কে আমরা অবাস্তর। একাস্কভাবেই দেটা ওদের ঘরোয়া বিষয়। এতদ্ধেশীয় পাঠকদের শুধু তুটো থবর জেনে রাথা আবশ্রক। প্রথম থবর শুকুগন্তীর বিচারপতি হয়েও ডেনিং এমন স্থ-সাহিত্য স্ঠিকরতে পেরেছেন বলে দিকে দিকে যে বিশ্বয় সেটা খ্ব যুক্তিপূর্ণ নয়। ইংরেজদের অস্তত ভূলে যাওয়ার কথা নয় লর্ড ডেনিং আর একটি বেন্ট-সেলার 'লিডিং কেদেস'-এর (১৯২৯)

# ভাসেন্দেল, যুবঝাগিন

যুগ্ম সম্পাদক। বিতীয় তথ্য স্বজাতির ঘরে মাননীয় বিচারপতির এই প্রথম উকি নয়,'ত্যাশনাল ম্যারেজ গাইডেন্স'-এর প্রেসিডেন্ট এবং 'ম্যাট্রিমনিয়েল কজেদ' সম্পর্কিত কমিটির চেয়ারম্যান লর্ড ডেনিং নিঙ্গেও ত্'বার বিয়ে করেছেন। এবং দ্বিতীয়বার (১৯৪২) বিপত্নীক বিচারপতির ঘরে যিনি এসেছেন তিনি জনৈকা স্বামীহীনা। ১০.১০.৬৩

ত

## ভাসেন্দেল, যুবঝাগিন (মঙ্গোলিয়া)

চীন আর রুশ ছন্তে এবার আরও একজন সামাবাদী প্রকাণ্ডো মধ্যের প্রতি আফুগতা জানালেন। তিনি **মঙ্গোলি**য়ার কমিউনিস্ট নায়ক যুবঝাগিন তাদেন্দেল। পিকিং-এ এক নাটকে যোগ দিতে এসে যুগপৎ তিনি আর এক নাটকের স্থচনা করেছেন। চীনের সঙ্গে মঙ্গোলিয়ার নাটকীয শীমাস্ত-চুক্তিতে সই দেওয়ার পূব-মুহূর্তে চু-এর মুখের ওপর তিনি ঘোষণা করেছেন: আমরা রাশিয়ার শাস্তি-পূর্ণ সহাবস্থান নীতিতে বিশ্বাদী। ঘোষণাটি আদে জটল না হলেও তাৎপর্যপূর্ব। কেননা মঙ্গোলিয়া শুধু এশিয়ার প্রবীণতম কমিউনিস্ট রাষ্ট্ নয়,—তার তিন দিক ঘিরে আছে মাও-এর চীন সাম্রাজা।

তিন দিকে চীন, আর একদিকে

রাশিয়া। তবুও যে তাসেন্দেলকে মাও পকেটম্ব করতে পারলেন না তার কারণ তাদেনেল নিজে যতথানি. তার চেয়ে অনেক বেশী—মঙ্গোলিয়ার ইতিহাস। ভারত আর চীনের মাঝামাঝি তিকতের মত চীন এবং রাশিয়ার মাঝামাঝি এই সাড়ে সতের লক্ষ বর্গমাইলের দেশটি ১৯১৫ সন অবধি ছিল চীন সাম্রাজ্যের অংশ। কিন্তু চেঙ্গিদথার জন্মভূমি, একদা গোটা চীনের অধীশ্বর মঙ্গোলরা তা মানতে রাজী হল না। তারা বিদ্রোহী হল। এবং ১৯২১ মনে সভ্যি সভ্যিই চীনাদের দেশ থেকে বিতাডিত করে তারা স্বাধীন মঙ্গোলিয়ার জন্ম দিল। এই চীন-বিরোধী সংগ্রামে দেদিন মঙ্গোলিয়ার একমাত্র সহায় ছিল-মস্কোর লালফৌজ। সন্থ প্রতিষ্ঠিত প্রজাতন্ত্রের পেছনেও ছিল অন্যতম বল। তাদের

# তালেক্সল, যুবঝাগিন

মঙ্গোলিয়া অন্তর্বিজোহ দমন করেছে,

'৩০ সনে একাধিক জাপ আক্রমণ
প্রতিহত করেছে। ফলে, মঙ্গোলিয়া
জন্ম থেকেই অন্তর্গত রুশ সহচর।
এখনও তার নিজের সৈক্তবল মাত্র
চলিশ হাজার।

এই সাহচর্ঘ দিনে দিনে ক্রমেই আরও নির্ভরতার চেহারা নিয়েছে— চীনাদের মনোভাবের জন্মে। তদা-নীন্তন চীন মঙ্গোলিয়ার স্বাধীনতাকে মেনে নেয়নি। '২৪ সনে রাশিয়ার শঙ্গে এক চুক্তিবলৈ তারা মঙ্গোলিয়ার ওপর কিছু কিছু কতুঁত্ব ফিরে পেয়েছিল বটে, কিন্তু চীন তাতে সস্তুষ্ট ছিল না। কেননা, মঙ্গোলিয়া কাৰ্যত তাদের কোন অধিকারই স্বীকার করত না। শেষ পর্যন্ত সেই অধিকার-টুকুও চলে গেল। '৪৫ সনে ইয়ান্টায় <sup>রুশ</sup> চীন চুক্তি হল। স্থির হল— গণভোটে মঙ্গোলিয়ার ভবিষ্যৎ স্থির হবে। ভোট নিয়ে জানা হবে তারা চীনের সঙ্গে থাকবে, অথবা যেমন আছে তেমনি,—স্বতন্ত্র। মঙ্গোলিয়া এইবাকো জানাল-স্বতন্ত্র।

স্বভাবতই মাও এ সিদ্ধান্তে তুই নন। কেননা সাড়ে সতের লক্ষ বর্গ মাইল জমির প্রায় সোয়া ছ'লক্ষ বর্গমাইলই মক্ষভূমি হলেও মকোলিয়া একটি অর্থপূর্ণ দেশ। সত্য বটে, সে
দেশে বাড়ীর চেয়ে তাঁবু বেশী,
মান্তবের চেয়ে (লোকসংখ্যা মাত্র দশ
লক্ষ)—ঘোড়া এবং গরু (গবাদি পশুর
সংখ্যা—২১ মিলিয়ন)। কিন্তু দীর্ঘদিন ধরে সোবিয়েত সহযোগিতার
ফলে মঙ্গোলিয়া আজ এক লোভনীয়
দেশ। সেথানে তেল আছে, তৈলশোধনাগার আছে, কাপড়ের কল
আছে, কাগজের কল আছে। তা
ছাড়া সোবিয়েত অহুসন্ধানকারীয়া
জানিয়েছেন—তার মাটির তলায়
কয়লা, তামা, ম্যাক্ষানিজ, টিন, আরও
অনেক ধন আছে।

স্তরাং '৫৩ সন থেকেই পিকিংএর একমাত্র চিস্তা মঙ্গোলিয়ার প্রভূত্ব।
তাসেন্দেল সেদিন থেকেই তাঁদের
লক্ষ্য। ত্'বছর আগে '৬০ সনের মে
মাসে চু এন্-লাই মঙ্গোলিয়ায় গিয়েছিলেন ওঁকে সৌহার্দ্য জানাতে।
ফেরার সময় ৫০ মিলিয়ন ডলার
সাহায্যও গুঁজে দিয়ে এসেছিলেন
মঙ্গোল প্রধানমন্ত্রীর হাতে। ত্'মাস
পরে রাশিয়া সবিস্ময়ে দেথেছিল
ডাসেন্দেল বুথারেন্ট সম্মেলন সম্পর্কে
যে প্রস্তাবটি গ্রহণ করেছেন তা চীন
বা রাশিয়া কারও পক্ষে নয়—
নিরপেক্ষ। রাশিয়া তৎক্ষণাৎ তলব

# ভাসেন্দেল, যুবঝাগিন

করেছিল ওঁকে। তাদেনেল দেখান থেকে ফিরেছিলেন—১৫৪ মিলিয়ন ডলারের প্রতিশ্রুতি নিয়ে। ছ'মাস পরে এল আরও ১৩৫ মিলিয়নের প্রতিশ্রুতি। তাদেনের দেই থেকে পুরোপুরি মস্কোপম্বী। কেননা, এই তুই দফায় মঙ্গোলিয়া রাশিয়া থেকে ষা পেয়েছে তা পূর্ববতী তের বছরে সমুদ্য কুশ সাহায্যের চেয়েও বেশী। হিদেব করে দেখা গেছে এই রুশ সাহায্যের ফলে মাথাপিছু বাইরের সাহায্যের পরিমাণ আজ মঙ্গোলিয়া-তেই পৃথিবীতে স্বচেয়ে বেশী। তারপরও চীনারা অবশ্য চেষ্ট্রা করেছিল। তারা টাকার বদলে মঙ্গোলিয়ায় ২২ হাজার চীনা শ্রমিক উপহার পাঠিয়েছিল। কিন্তু তাদেন্দেল তবুও আর চীনের সঙ্গে অধিকতর ভাততে রাজী হননি। শোনা যায় অধিকাংশ চীনা শ্রমিকই দেশে ফিরে গেছে। যারা আছে তারাও কাটা ভারে ঘেরা নিজেদের বাারাকে থাকে। কেননা, মঙ্গোলরা নাকি বলে—'লেনিন আমাদের আত্মীয়। মায়ের দিক থেকে তিনিও মঙ্গোল!'

তাদেন্দেলও তাই। রক্তে রুশ না হলেও অনেক দিক থেকেই তিনি রুশী হাওয়ার মাহুষ। তিনি রাশিয়ায় লেখাপড়া করেছেন, রুশ মেয়েকে वित्र कत्रहन, जा हाजा हेमानीः তিনি স্বদেশে ক্রশ্চফ হওয়ার চেষ্টায় আছেন। ক্রুক্তফের স্তালিন বিরোধী অভিযানের মতই এ বছর তিনি স্বদেশে চৈবালসান বিরোধী অভিযান শুক করেছেন। অথচ চৈবাল্যান ছিলেন মঙ্গোলিয়ার স্বচেয়ে বিখ্যাত নায়ক এবং তাঁর নিজের রাজনৈতিক আচার্য। '৪০ সনে চৈবালসান প্রধান মন্ত্রী হয়েছিলেন বলেই পার্টির প্রধানের আসনে বসতে পেরেছিলেন তাদেনেল। '৫২ সনে তাঁর মৃত্যুর পরে তদীয় শিষ্য হিসেবেই সকলে তাঁকে নিদ্বিধায মেনে নিযেছিল প্রধানমন্ত্রীর আসনে। তাসেন্দের সেই থেকে তু'টি সিংহাসনই নিজের অধিকারে রেথেছেন। যাঁরাই তার বিক্লদাচার করেছেন তাঁদেরই তিনি একটি অতাস্ত জনপ্রিয় অভিযোগে স্বিয়েছেন: ওঁরা চৈবাল্সান-এর আদৰ্শ মানেন না ।

তাদেদেল দেই চৈবালসানকেই এখন কবর থেকে তুলে এনে বিচার করছেন। তিনি 'ডগমাটিজম' সম্পর্কে প্রবন্ধ লিখছেন, সোবিয়েত নীতির জয়গান করে বিবৃতি দিচ্ছেন, মাওকে চমকে দিয়ে আলবেনিয়াকে 'নিও- রিভিশানিস্ট' আখ্যা দিচ্ছেন,—
সোবিয়েত পদ্বার বিক্লনাচারীদের
বিশাসঘাতক বলছেন। এমন কি,
তার একমাত্র সাহিত্যকীর্তি 'দি
লাইক এগু ডীডস অব মার্শাল
হৈবালসান' নইটি পর্যস্ত তিনি বাতিল
বলে ঘোষণা করেছেন।

স্থতরাং পিকিং-এ তাঁর সর্বশেষ বোষণাটি বিস্মাকর কিছু নয়,— বিসায়কর বরং তারপরও সীমানা চুক্তিটিকে চীনারা কিভাবে 'বন্ধুত্বপূর্ণ আবহাওয়ায়' ঘটছে বলে চালাচ্ছেন তাই।

२१. ১२. ७२

# ভায়াবজী, বদরুদ্দিন ফৈজ হাসান

ভালোয় ভালোয়ই চলছিল।
বাষিক 'তামানা' দেখতে লাটদাহেবরাও আদছিলেন। কিন্ত তৃতীয়
অধিবেশন শেষে বিপত্তি বাধালেন
স্থার আকল্যাণ্ড কলভিন,—তৎকালীন ইউ পি'র গভর্নর। তিনি
বললেন—কংগ্রেদ বিপজ্জনক এবং
আমার মতে, হিন্দু ছাড়া অন্থ কারও
প্রতিনিধিত্ব করার কোন অধিকার
নেই তার।

উত্তর দিলেন হিউম—আদি প্রতিষ্ঠাতাদের অন্ততম নায়ক।

### ভায়াবজী, বদকুদিন কৈছ হাসাম

কংগ্রেস যে হিন্দুর প্রতিষ্ঠান নয়, তার প্রমাণস্বরূপ দেদিন সগর্বে তিনটি নাম উচ্চারণ করেছিলেন তিনি। তার একটি: মি: জাস্টিস ব্দক্ষিন তায়াবজী, কংগ্রেসের তৃতীয় তথা ১৮৮৭ সনে মান্রাজ অধিবেশনের সভাপতি। হিউম বলেছিলেন—তায়াবজী আছেন, তাঁকে হিন্দু বলা—'মন্টাদ।'

তারই পৌত্র।

ঠাকুদার মত বাবা ফৈছ তায়া-বজীও ছিলেন আইন জগতের মাহুব
—বোদ্বাই হাইকোর্টের বিচারপতি।
কিন্তু পুত্র বদকদিন ফৈজ হাসান
বদকদিন অক্সফোর্ড সাঙ্গ করে ঘরে
ফেরার সময় সঙ্গে নিয়ে এসেছিলেন
সে যুগের অক্সতম কামনার ধন—আই.
সি. এস পদবী। স্বতরাং পারিবারিক
ধারাবাহিকতা ভঙ্গ করে পরিচয় তাঁর
একটু অক্স রকমের। কথনও তিনি
দিল্লিতে আণ্ডার সেক্রেটারী, কথনও
পাঞ্জাবে ডেপুটি কমিশনার, কথনও
রাষ্ট্রদৃত।

শেষ পর্যন্ত পাকাপাকিভাবে
পরবাষ্ট্র দপ্তরে শেশসাল সেকেটারীর
পদে সম্মানিত হওয়ার আগে পর্বস্ত তিনি ষেসব দেশে রাষ্ট্রদৃতের কাজ
করেছেন, তার মধ্যে আছে—বেল-

# ভুর, প্রেসিডেণ্ট সেকু

জিয়াম, ইন্দোনেশিয়া, ইরান এবং
পশ্চিম জার্মানী। সব দেখাশুনার
দেশে, সব পরীক্ষার অস্তে পররাষ্ট্র
দপ্তবের গর্ব পঞ্চার বছরের প্রবীণ
তায়াবজীকে এবার পাঠান হচ্ছে
আলিগড়ে। আগামী ৭ই থেকে
দেখানে তিনি উপাচার্যের আসনে
বসছেন।

কলভিনদের সাধনার ধন আলি-গড়ে এখনও থেকে থেকে মাধাচাড়া দিয়ে ওঠে উনবিংশ শতকী স্বপ্ন; বদক্ষদিন তায়াবজীর পৌত্র কি সফল হবেন দেখানে ?

সকলের প্রত্যাশা—ইয়া। কারণ ঠাকুর্দার মতই এই বদক্ষিনও নিজের কালের মাহ্ময়। এই বয়সেও তিনি শিকার করেন, মাছ ধরেন, ঘোড়ায় চড়েন, তেমন গানের আসর পেলে রাত জাগেন। তার চেয়েও বড় কথা—চারপাশে যতই ভেজাল থাক, কোন্টা খোসা আর কোন্টা শাস, তিনি তা চেনেন। তার সন্তপ্রকাশিত বইটির নাম কি জানেন?—'চাফ এও গ্রেন!' ২১. ৯. ৬২

# তুর, প্রেসিডেণ্ট সেকু

পঁচিশ লক্ষ মাহুষের দেশে গ্রাজুয়েট মোটে তৃ'শ। সাক্ষরের হার—শতকরা পাঁচ, মাথাপিছু বার্ষিক আয় মেরে কেটে হ'শ টাকার কাছাকাছি।

মাঝামাঝি আরও ছটো পথ ছিল। ভগল বললেন—আমি আশা রাথি গিনি তারই একটা বেছে নেবে। পাশেই বদেছিলেন তুর। তিনি জবাব দিলেন—আমি আশা করি গিনি ফরাসী প্রেসিডেন্টকে নিরাশ করবে। কোনাক্রিতে সে রান্তিরে তুর-এর সঙ্গে দা-গল-এর ভোজ খাওয়ার কথা। রাগে তিনি ভোজ-সভা বাতিল করে দিলেন।

ক' দপ্তাহ পরেই ভোটাভূটির
ফল জানা গেল। তুর-এর গিনি
দত্যিই কথা রেখেছে। অগলকে
দে নিরাশ করেছে। আফ্রিকার
একমাত্র ফরানী উপনিবেশ জানিয়েছে
দে দলে নেই। অ গল-শাদনতদ্ধের
বিরুদ্ধে তার ভোট—গাঁচ কম দেউ
পারমেউ! রেগে নব-নেপোলিয়ান
বললেন—ছ' মাদের মধ্যে আমরা
চলে আদছি! তুর উত্তর দিলেন—
আট দিনের মধ্যে নয় কেন ?

গেল বছরের গোড়ার দিককার কথা। কোনাক্রি-র রাজভবনে দেদিন সে এক দৃষ্ঠা। ফরাদীরা চলে যাচেছ। চেয়ার টেবিল, থাডা

# ভুর, প্রেসিডেন্ট সেকু

লিল—মায় দেওয়ালের ইলেকট্রিক ব—কিছুই বাদ দিচ্ছে না তারা। ।নির্বাচিত প্রেসিডেণ্ট তুর আর দাম তুর মথন তাঁদের নতুন ভবনে সছেন তথন—টেলিফোনটা পর্যস্ত ই সেথানে।

রাজভবনে টেলিফোন নেই, দেশে ভিও লোকাভাবে স্তব্ধ, মন্ত্রীরা বোনীর কাজ করছেন। স্বাস্থ্যমন্ত্রী সভায় আসতে পারছেন না। তে তার হুই হুইটা জকরী পারেশন!

লোকে বলল—দেশটা বেঘারে র গোল। প্রতিবেশী বন্ধুরা মনে ন বললেন—আত্মহত্যা করল। দ্ব আশ্বর্য এই—তুর হেদে বললেন-দেশটা বাঁচবার পথ ধরল।—উই ত আওয়ার উইল, আওয়ার বিশ এও লেগদ, এও উই নো হাউ ওয়ার !

মন্ত্ৰ বক্তা। সেবার তিনি
রাদী চেম্বার-এ ডেপুটি নির্বাচিত
রাহন। প্যারিস-এ প্রথম বক্তৃতা।
ইনি উঠে দাড়াতেই সভাকক ফাঁকা
রে গেল। হ'চারজন সদস্য শুধ্
বরের কাগজে মাথা গুঁজে পড়ে
ইলেন। বক্তৃতা স্ক্রক হল। ওঁরা
তির কাগজ বন্ধ করে কান

পাতলেন। ক্রমে হু'চারজন আবার ধীরে ধীরে ফিরে এলেন। তুর বখন শেষ করেছেন সভা তথন লোকে ঠাসাঠাসি।

আর একবার গিনিতেই বক্তৃতায় কাকে আক্রমণ করলেন তিনি। সাতটা দিনও কাটল না। বেচারা মারা গেল। কথায় যাত্র আছে। ওঁর জিভে মানুষ মারার ক্ষমতা!

শুধু কথায় নয়,—কাজেও। সেকু তুর (অনেকের মতে) আফ্রিকায় অপ্রতিদ্বী মাসুষ। যেমনি বিচক্ষণ, তেমনি বেপরোয়া।

তুর বলেন—তাঁর চরিত্রে ঐ
বিতীয় বস্তুটির কারণ তাঁর ঠাকুদা।
যেকালে কেউ 'স্বাধীনতা' শব্দটা
পর্যন্ত শোনেনি সেইকালে তিনি
স্বাধীনতার জন্তে লড়েছিলেন! একং
লড়েছিলেন—তাঁর মত নয়,—একা।

একপুরুষ ওঁদের ঘুমে কেটেছে। বাব। ছিলেন গরীব মুসলমান চাষী। দাত ভাইবোনের এক—তুর মান্তাসায় ভর্তি হলেন। মেথান থেকে টেকনিক্যাল ফরাসী युल । সেখানেও বেশীদিন থাকা গেল না। জীবিকার সন্ধানে বের হতে হল। অর্থদপ্তরে একটা কাজ क्रेंग। কেরানীর কাজ। কিন্তু

# ভুর, প্রেসিডেন্ট সেকু

ভয়ালারা দেখলেন কাজের চেয়ে ছেলেটার বেশা ঝোঁক অকাজের দিকে। অ্যোগ পেলেই সে ইউনিয়নকরে বেড়ায়। ভরা ওঁকে একটা বেজায়গায় বদলী করে দিলেন। সঙ্গে কাজে ইন্ডফা দিয়ে তুর বোল আনা পলিটিসিয়ান বনে গেলেন। তিনি ফ্রান্সের প্রভাবশালী শ্রমিক ইউনিয়ন কনফেডারেশন জেনারেল 'ত্যু ট্রাভিল'-এর গিনি শাথার সভাপতি হলেন।

সেই থেকে স্থক্ন হল। এই ফরাসী প্রতিষ্ঠানটি ছিল কমিউনিইদের হাতে। তাঁরা তুর-কে হাতছাড়া করতে রাজী হলেন না। স্বভাবতই তুর ইউরোপ দেখার আমন্ত্রণ পেলেন। প্রারিসের উত্তপ্ত কফিখানা—প্রাগ, —ওয়ারশ, —মার্কস্বাদ। তুর যথন ফিরে এলেন তথন তার মুথে আরও ধার, মাথায় আরও বিচক্ষণতা।

'৫৩ সনে তাঁর নেতৃত্বে আফ্রিকার প্রথম সফল ধর্মঘট হল। তুর-কে বাদ দিয়ে এখন আর গিনির কথা ভাবা যায় ন:। তিনি স্থানীয় এসেম্বলীতে স্থান পেলেন। ক্রমে রাজধানী কোনাক্রি-র মেয়র নির্বাচিত হলেন। এবং অবশেষে '৫৭ সনে গিনির ঘিতীয় শাসক। মানে— করাসী প্রেসিডেন্টের অধীনে ভাইন প্রেসিডেন্ট।

তুর এখন প্রজাতস্ত্রী <sub>গিফি</sub> প্রেসিডেন্ট।

গিনির প্রেসিডেন্ট সেকু ভ ভারতে এদেছেন। ভারতকে দে তিনি ষেমন শিখতে পারেন অনের তাঁর ঐ ছোট্র দেশটির কাছে ভারতের শিক্ষণীয় ক্রয বিশেষজ্ঞদের মতে—গিনি এক জন্য সফল প্রজাতন্ত্র। আফ্রিকা বটে, বি উপজাতি স্নার নেই সেথানে প্রজারাই সব। চার হাজার গু পঞ্চায়েত। পিঁপড়ের মত প্রভা কাজ করছে। এগুলো কি 'লে কি চীনের 'কমিউন ?' তুর বল —না, এটা গিনির বাঁচনা<sup>ৰ প্</sup> মান্ত্ৰ যার একমাত্র মূল্ধন, গে আফ্রিকার বাঁচবার পথ।

আশ্রহণ, আত্মবিশাস। 'গিনি মানে—একরকম ঘাস, একজার্ত মূরগী কিংবা একরকম সোনা। দ্ব চেয়ে থাটী সোনা।—আর মানে ? আফ্রিকানরা বলে—গ্র

२२. २.

#### ভেরেম্বোভা, ভ্যালেম্বিনা

## হরেস্কোভা, ভ্যালেম্বিনা

'যে যাই বলক, ব্যাপারটা আমার লুনার বাইরে। এক বিশ্ব এবং ব্র সম্বাবনা সম্পর্কে এতদিনে আমার ধোরণাগুলো গডে উঠেছিল আজ ুভেঙে চুরমার হয়ে গেল',— ্ৰেছিলেন বিখ্যাত ঔপ্যাসিক লোকফ। বিলেতে তথন পুরাদমে ক্রণ্ডিন-মরম্বম চলেছে। 'ডেলি ন্ধপ্রেদ' হঠাৎ পদ্ধ থেকে আকাশে জনী তুলে বলেছিল—'মিদ উনিভার্স--দি ওম্যান টু লুকু আপ ' স্থদুরের কলকাতা আট কলমে দটে পড়েছিল; ফরাসী কাগজ 'লা 'দ' লিখে**ছিল—'উইকা**র-সেক্স শব্দটা তদিনে সরকারীভাবে আমাদের াষা থেকে বিদায় নিল !'

মহুর দেশেও আরতি নাহা, গীতা
চলরা মুথ দেখিয়েছেন। কিন্তু ১৯৬৩
সনের ১৬ই জুন রোববার বিশের
কানে যে কাহিনী পৌচাল সে শুর্
অঞ্চতপূর্ব নয়—এই বিশ শতকের
শেষেও যেন অভাবিত। মহু থেকে
মাদাম দিমঁত গোভা ('সেকেণ্ড-সেক্স'), পরাশর থেকে ফ্রমেড সব
তছনছ হয়ে গেল, 'টাস' সগরে
ঘোষণা করল—'মহাকাশে নতুন
একটি উজ্জ্বল তারকা উদিত হল,—
ইট আউট সাইনস অল দি ফিল্ল
প্টারস ইন দি ওয়ার্ক্ড: 'ইসডেস্তিয়া কাঠের হরফ ঠুকে বলল—
'লিসেন ওয়ার্ক্ত'! লিসেন!'

কলকাভার মধাবিত্তের ঘরের বৌ
সেদিন রালা ভুলে সে কাহিনী গুনে
ছিল,—দিদিমা-ঠাকুমা অবাক বিশ্বরে
টোপর-মোডা মেরেটির মিষ্টি মুথটির
দিকে তাকিরেছিলেন। 'ভোস্টকসিক্স'-এর থোপে বদা মেরেটির নাম
ছিল—'দি-গাল',—শুটিল। তার
মাত্র তিন মাইল দ্রে 'ভোস্টককাইভ'-এ বদে একটি তরুণ। তার
নাম—'হাউক',—বাজপাখী। পৃথিবী
থেকে একশ উনচলিশ মাইল ওপরে
ঘন্টায় আঠার হাজার মাইল বেগে
মহাশুলে ওঁরা পাক খাচ্ছেন।

## ভেরেছোভা, ভ্যালেন্ডিনা

সেখানে বদেই খাওয়া দাওয়া করছেন, গান গাইছেন. এই আমেরিকাকে, এই এশিয়াকে অভিনন্দন জানাচ্ছেন, বেতারে ক্রেমনিলে বসা ক্রুশ্চকের সঙ্গে কথা বলছেন। মেয়েটি বলেছে— 'মাকে বলবেন চিস্তার কোন কারণ নেই।'

তিন দিন পরে যখন মাটিতে নেমে এল 'শঙ্খ-চিল', গায়ের মেয়ে ভলিয়া তথন বিশের শ্রেষ্ঠতম নায়িকা। ভাল নাম-ভালেন্ডিনা তেরেস্কোভা। ট্রাক্টর বাবা ছিলেন ড়াইভার। **দ্বিতীয় মহাযুদ্ধ** তাকে কেডে নিয়ে গেছে। ভেরেস্কোভার সবে মূলে যাবার বয়স। এখন অবশ্য ষনেক বেশী,—ছাব্দিশ। তা হক, বাপ-মরা মেয়ে, ছোটবেলা থেকে মায়ের কোলে পিঠে মাহুষ। মা কাজ করতেন স্তে। কলে। স্থলের প্রথম দফার পাঠ শেষ করে মেয়েও ভর্তি হল একটা টায়ার ফ্যাক্টরীতে। দিনে কাজ করে, রাতে হাইস্থলে পডে। ক'মাস পরে সেখান থেকে চলে এল মায়ের কাছে, --স্তো-কলে। ভেলেম্ভিনা বহুকাল সেথানেই কাজ করতেন,—তাত চালাতেন। ভারপর যে সময়টুকু থাকত সেটুকু কাটাতেন হয় পার্টি করে,

হয় প্যারাস্ট থেলে। ভোলক বাহিনীতে যোগ দেওয়ার একশ' ছাব্বিশবার আকাশ <sub>থেৱে</sub> লাফিয়ে মাটিতে নেমেছে এই জু<sub>ই</sub>, মেয়েট। দক্তিপনায় সে বরাবরঃ দড়। কিন্তু তাই বলে পৃথিবীর মাধার ওপর দিয়ে তিন দিনে আটচলি পাক ? সত্য বটে, সঙ্গী 'বাজপা তথা বায়কোভস্কি আরও অবিশ্বস্থ পাঁচ দিনে তিনি ঘুরে এলেন প্রা কুড়ি লক ষাট হাজার মাইল,—এক উনিশ ঘণ্টায় একাশী পাক। কিঃ তবুও তিন দিন পরে মঞ্চোদংগ নায়িকা দেদিন তেরেস্কোভা। ক্র+ং ওঁর গালে চুমু থেলেন, এগিয়ে এ চুমু খেল 'ভোস্টক-ত্রি'র ( আগন ১৯৫२) विष्मशौ वक्क निकानासः একটি তরুণ গেয়ে উঠল—'ভল্ডি মাই লাভ, ইউ আর হাইয়ার গ रेटिन **कि ट्यामिन** !' जानः তেরেস্কোভা কেঁদে ফেললেন। দিং মেয়ের চোথে নাকি লোকেরা দে প্রথম জল দেখল।

বিজয়-তৃর্থের মধ্যেই প্রশ্ন উঠেছিল মেয়েদের এভাবে লোহার পুতৃল কং লাভ কি ? বিখ্যাত পশ্চিমী সমা<sup>ছ</sup> তত্ত্ববিদ মার্গারেট মেড বলেছিলেন-'দি বাশিয়ানস টিট মেন এও উইমে

ইন্টারচেঞ্চ এবলি, উই ট্রিট মেন এণ্ড উইমেন ডিফারেণ্টলি ।' হয়ত বা কোন নারী অভ্যাসবশত মনে মনে কেঁপেও উঠেছিলেন। কিন্তু ভারত আগমনের আগের মুহুর্তে 'শঙ্খচিল' তেরেস্কোফা চেলি পরে মালাবদল করে যে নতুন পরিচয় নিলেন তারপর সাবধানীদের দে আতঙ্কের শেষ বিন্দুটাও মিলিয়ে যাওয়া স্বাভাবিক। এতকাল বন্ধু এবং সহক্ষীরা বলতেন—আপাত 'টম বয়' ৰলে মনে হলেও স্বভাবে মেয়েটা বরাবরই মেয়েলি। হাই-হিল পেলে ধুনী হয়, ভাল ছাটের জামাপেলে লাফালাফি করে, যথন তথন 'বছ মস্বো' (আতর) মাথে, মাইনে পেয়েই মায়ের কাছে মনি মর্ডার করতে ছোটে, —এবং কি নয়। 'ভোষ্টক'-এ ওঠার ষাগে নিজের স্টাইলে চুল বেঁধেছে পর্যস্ত মেয়েটা । এবার বিশ্বকেও সায় দিতে হবে তাঁদের কথায়। কেন না, ভারত যে তেরোস্কোফাকে অভিন্দন জানাতে চলেছে তিনি আর কেবলি 'শৃষ্টিল' নন, ভলিয়া এথন ঘরের বৌ। তাঁর সঙ্গে বে ত'জন মহাকাশ বিজয়ী আসছেন তাঁদের একজন তাঁর **শহচর সেই 'বাজ্পাথী'টি বটেন**, वज्रकन यामी।

[১৯৬৪ শনের জুন মাসে তেরে-

স্বোফা মা হয়েছেন। তাঁর একটি কন্তা সন্তান ভূমিষ্ঠ হয়েছে।]

٥٠. ১১. ৬৪

#### ভোরে

প্রেসিডেন্ট প্রাদো বন্দী। পেরু সরকার সৈক্তবাহিনীর সামনে নত-জারু। রাজধানী লিমার পথে পথে আগুন। আগুন নিয়ে খেলা চলেছে সেখানে।

উত্তেজনাপূর্ণ সংবাদ সন্দেহ নেই। উদ্বেগজনকও বটে। কেননা, এথান থেকে বহু দুরে হলেও প্রশাস্ত মহাসাগরের উপকূলে দক্ষিণ আমেরি-কার পেরু মস্ত দেশ (আয়তন--লক্ষ বর্গমাইলের ওপর, লোকসংখ্যা---প্রায় দেড় কোটি)। তহুপরি দেশটি ভূপুঠের সেই 'সন্দেহ-জনক' অবস্থিত নাম যার-লাতিন আমেরিকা' স্বতরাং, স্বভাবতই পকে উদ্বেগ কারও কারও স্বস্থির কারণও হয়েছে হয়ত। কিন্তু স্বাধীনতাকামী মান্তবের বিশের স্বস্থি তাদের মত আগুনের থবরে নয়,---অগ্যত্ত। আনন্দিত তাঁরা তিনি এখনও ধরা পড়েননি। আগুন বিনি ইচ্ছে করলেই জালাতে বা

#### ভোরে

নিভাতে পারেন। সৈক্তবাহিনী এখনও তাঁর ধরা ছোঁয়া পায়নি।

অবিশাস্ত প্রকৃতির মানুষ, অবিশাস্ত ১৯৩০ সনের পর থেকে कीवन। দিতীয় রাতে একই বিছানায় কেউ ভতে দেখেনি তাঁকে। জন্ম—১৮৯৫ সনে পেরুর এক অভিজাত স্প্রানিস পরিবারে। বাবা 'লা ইণ্ডাট্রিয়া' নামে কাগজ চালাতেন, কাকা একটা যাজকের বেশে ধর্ম-প্রচার করে বেড়াতেন। তরুণ বালক—পিয়ানো বাজাতেন, পাহাড়ে চড়তেন, ফাঁকে ফাঁকে নিৎদে পড়তেন, জার্মান এবং ফরাসী ভাষা শিথতেন। এবং সানুমার্কো বিশ্ববিদ্যালয়ে তার তুল্য ছাত্র ছিল না সেকালে (১৯১৯)।

লক্ষণ দেখে মনে হয়েছিল তিনিও ছাত্রই গড়বেন। কেননা, পড়া শেষে লিমা এবং হাভানার বিশ্ববিভালয় গড়ে তোলাই ব্রত হিদেবে গ্রহণ করেছিলেন তিনি। কিন্তু '২৩ সনে হঠাৎ আগ্নেয়-গেরি বিক্ষোরণ হল। প্রেসিডেণ্ট লেগুইয়ার বিক্ষদ্ধেদেশের তরুণ সমাজ বিজ্ঞাহ ঘোষণা করল। অনিবার্ধ-ভাবেই তার দায়িত্ব এদে পড়ল তার ওপর। শাস্তি হিদেবে ভোরেনিবাঁদিত হলেন মেক্সিকোতে। কেননা, আমেরিকান পপুলার রেভলিউশনারী এলায়েন্স তথা 'আপরা' নামে পেরুর ষে সব চেয়ে বড় এবং সব চেয়ে প্রগতিশীল দলটি সেটি তারই কর্মফল।

মেক্সিকো থেকে তিনি পাছি
জমালেন অক্সফোর্ডে। দেখান থেকে
পড়া শেষে স্বইজারল্যান্ডে। তারপর
—জার্মানী, রাশিয়া এবং ইউরোপের
নানা দেশ হয়ে '২৭ সনে স্বদেশ
অভিমুখে। পথে আমেরিকায় বক্ততা
দিয়ে অবশেষে যথন তিনি গুয়াটেমালায় এসে নেমেছেন—পুলিস তথন
তাঁকে ধরে ভাসিয়ে দিল সাগরে।
ঘুরতে ঘুরতে এক বস্তে তোরে এসে
নামলেন জার্মানীতে।

তিন বছর পরে '৩০ সনে ডিক্টেরী
শাসনের অবসান হওয়ার পর দেশে
ফিরলেন তোরে। কিন্তু তাঁর জনপ্রিয়তার ব্যাপ্তি দেখে চিস্তিত হয়ে
উঠলেন নতুন প্রেসিডেন্ট কর্নেন
কেরো। তিনি তাঁকে জেলে পাঠালেন।
সে কারাকক্ষে কারও যাওয়ার অস্তমতি নেই, সেখানে লেখাপড়া করবার
মত আলো নেই। দেশে গুল্পবঃ
ভোরেকে হত্যা করা হয়েছে। বিশ্বমর
আন্দোলন তোরেকে আমরা জীবিত
দেখতে চাই। সে দাবিপত্রে সেদিন
বারা স্বাক্ষর করেছিলেন তাঁদের মধ্যে

ছিলেন—ভারতের রবীন্দ্রনাথ,— গান্ধী ৷

'৩৩ সনে আততায়ীর নিহত তোরে হলেন কেরো । আবার জনতার কোলে ফিরলেন। দিনের অল্ল জুগো। ভারপর আবার আন্দোলন.--'« · আহুগোপন। আবার অদ্রিয়ার হাত থেকে বাঁচতে গিয়ে তিনি নাটকীয়ভাবে আশ্রয় নিলেন---কলম্বিয়া দৃতাবাদে। চার বছর সেই বাড়ীতে কাটিয়ে তবে তিনি অন্নমতি পেয়েছিলেন ঘরে ফিরবার নয়—দেশ চাডবার। অবশেষে '৫৬ সনে গদীয়ান

# থনি ক্রেফট, ব্রুপ্ত এডওয়ার্ড পিটার

হলেন প্রাদো। তোরেকে তিনি দেশে
ফিরবার অন্তমতি দিলেন। সে মাত্র গেল বছর মার্চ মাসের কথা।

কিন্তু একটি বছর ভাল করে কাটতে না কাটতে আবার আত্মগোপনে বাধ্য হলেন পেরুর জাতীয়তার জনক। কেন না, এবার তাঁর রাজ্যলাভ ছিল প্রায় অবধারিত !—
তিরিশ বছর বিরামহীন লড়াইয়ের পর দেটা কি ধুব অসক্ষত ছিল ?—
হায়, মান্ত্যগুলোর কি নেশা, তবুও তারা আগুন নিয়েই খেলবে।

રહ. ૧. હર

## থ

থর্নিক্রকট, জর্জ এডওয়ার্ড পিটার এদেছিলেন বটে কমন মার্কেট-এর প্রস্তাব নিয়ে। কিস্ক ছ'ফুট এক ইঞ্চি উচু মাস্থ্যটি কমন যুরোপীয়ান নন।

ধ্মর চূল, ধ্মর চোথ। জর্জ
এডোয়ার্ড পিটার পর্নিক্রফট আসলে
নীল রক্তের মাহুষ। অস্তত—আদর্শে।
জন্ম—১৯০৯ সনে। ডানস্টন-এ
এবং ভাল পরিবারে। পর্নিক্রফট
মমজ সস্তান। বোন এলিজাবেথ আর
ডিনি একদিনে ভূমিষ্ঠ হয়েছিলেন।

কিন্তু কর্মক্ষেত্রে ভাই-বোন ত্র'জনে
ত্র'দিকে পা বাড়ালেন। বোন
এলিজাবেথ ব্যারিস্টার হলেন। ইটন
পেরিয়ে থর্নিক্রফট যোগ দিলেন রয়াল
মিলিটারী একাডেমিতে।

'৩০ সনে যথারীতি তিনি গোলদাজ বাহিনীতে পদস্থ অফিসারে
পরিণত হলেন। কিন্তু কেন জানি
কাজটা ঠিক মনোমত লাগল না।
তিন বছর পরেই তিনি সে-কাজ ছেড়ে
দিলেন।

#### থিমায়া, কে. এস.

এবার বোনের পদাহ ধরে ধরে।
( ষমজ বলেই কি ? ) '৩৫ সনে 'ইনার
টেম্পল'-এ ষোগ দিলেন ভূতপূর্ব
সৈনিক পর্নিক্রফট। বার্মিংহাম-এ তিনি
কিছুদিন স্বাধীন ব্যবসাপ্ত করলেন।
তারপর খ্যাতি কোর্টের এলাকা
ছাড়িয়ে বাহিরে পৌছান মাত্র
একদিন (১৯৩৮) পার্লামেন্টে এদে
স্বাসন পরিগ্রহ করলেন। বলা
বাছল্য, সে স্বাসন 'টোরি'দের
সারিতে।

'৩৯ সনে যুদ্ধ। পার্লামেন্ট ছেড়ে সৈনিক রণাঙ্গনে চললেন। রুটেন থেকে সোজা আফ্রিকায়। উল্লেখ-যোগ্য: মিত্রপক্ষের উত্তর আফ্রিকায় অবতরণের পরিকল্পনাটি বাঁরা রচনা করেছিলেন ক্যাপ্টেন থর্নিক্রফট তাঁদের অক্সতম।

যুদ্ধের পর আবার যথন স্বদেশে ফিরলেন ধর্নিক্রফট, তিনি তথন 'তত্ত্বাবধায়ক সরকারের' ('৪৫) এক-জন পার্লামেন্টারী সেক্রেটারী।

সে বছর ক্ষণিকের জ্বস্তে আসনচ্যত হলেন উদীয়মান টোরি থর্নিক্ষট। কিন্তু সে মাত্র কয়েক মাদের জ্বস্তে। হাতের কাছে উপনিবাচনের স্থ্যোগ পাওয়া মাত্র আবার স্বস্থানে ফিরে এলেন তিনি। সেই থেকে একটানা এখনও পার্লামেন্ট-এ আছেন। এবং সংগীরবে।

মাত্র বিয়াল্লিশ বছর বয়সে চার্চিল
মন্ত্রী সভার ('৫১) সদস্ত মনোনীত
হয়েছিলেন থর্নিক্রফট, দীর্ঘকাল তিনি
স্বদেশের 'চ্যান্সেলার অব এক্সচেকার'এর কাজ করেছেন এবং এথন ষদিচ
তিনি দেশের বিমান দপ্তরের মন্ত্রী,
তবুও তারই উপর দায়িত্ব পড়ে দেশে
দেশে রটেনের অর্থচিস্তা ব্যাথ্যা
কববার। কেননা, থর্নিক্রফট একদিকে
যেমন বিখ্যাত টোরি অর্থনীতিবিদ্
অন্তদিকে তিনি বিলোহী টোরি-ও
বটে। সতরাং, মধ্যস্থতার ক্রেত্রে
তিনিই দলের মুখপাত্র।

বাক্তিগত জীবনে রক্ষণশীল থর্নিক্রফট প্রগতিশীল গৃহস্থ। তিনি দ্বিতীয়
বার বিবাহিত। এবং উল্লেখযোগ্য
খবর তাকে ধারা চেনেন না তাঁরাও
জানেন তার স্ত্রী কার্লাকে। কেন
না, এই মহিলাটি ছিলেন বুটেনের
একটি খ্যাতিমান 'ফ্যাসান জার্নাল'এর জনপ্রিয় সম্পাদিকা। ২০, ৭. ৬১

#### থিমায়া, কে. এস

এই শতকের দ্বিতীয় দশকের কথা। সেদিন রান্তিরে এলাহাবাদের একটা হলে বসে ধিয়েটার দেখছিলেন তিনজন ভারতীয় সৈনিক। তাঁদের গায়ে সাবঅলটার্ন-এর বেশ। পাশে সিবিলিয়ানের পোশাকে মাঝবয়সী কে একজন বসে।

অভিনয় হচ্ছে। অন্ধ-পরিবর্তন
উপলক্ষে মাঝে মাঝে আলো জলছে।
সেই আলোতেই হঠাৎ একবার ওঁদের
দিকে আডচোথে তাকালেন লোকটি।
তারপর স্পষ্ট ইংরেজীতে বললেন—
'টেল মি হাউ ডাজ এন ইণ্ডিয়ান ফিল,
ওয়েরিং দি ইউনিফর্ম অব আওয়ার
বৃটিশ কলারস ?'

'হট্!'—চটে গিয়ে ধঁ। করে উত্তর
দিয়ে উঠলেন ওঁদের মধ্যে তরুণতমটি।
আশ্চর্য, রুদ্ধ কিন্তু বিন্দুমাত্র
বিচলিত হলেন না। তিনি বললেন,
—'আই এম সিরিয়াস!'—আছে।
বিদেশী পোষাক পরলেই কি নিজেদের
বিদেশী মনে হয় তোমাদের ধ

'—তা কেন ? তা ই বলে নিজেদের ইণ্ডিয়ান বলেও ভাবি না আমরা!' উত্তর দিল আর একটি তরুণ।

সঙ্গে সঙ্গে তাঁকে শুধরে দিল সেই তরুণ সহ-কর্মীটি,—'আমরা নিজেদের ভারতীয় বলে ভাবলেও ত আর ভারতীয়রা তা ভাবছে না আমাদের ?'

'—কেন ভাববে না ?' বৃদ্ধ এবার হাসলেন। তারপর বললেন—'দেখ. দে অনেক কথা। এখানে এভাবে

সব বলা ষায় না। তার চেয়ে বরং
তোমরা কাল সন্ধ্যায়—আমার ওখানে
এসো। নেমস্তর রইল।' বলেই
পকেট থেকে ছোট্র একথানা কার্ড
বের করে তিনি তা গুঁজে দিলেন
তরুণটির হাতে।…ভূপসীন উঠল।
আলো নিভে গেল।

আবার যথন আলো জলল তথন
অভিনয় শেষ হয়ে গেছে। থিয়েটার
ভেক্নে গেছে। হল থেকে বেরিয়ে
পকেট থেকে কার্ডথানা বের করল
দৈনিকটি। মুহুর্তে তাঁর সারা দেহ
রোমাঞ্চিত হয়ে উঠল। কেননা,
কার্ডটির গায়ে লেথা—'মতিলাল
নেহরু'। এলাহাবাদে নতুন এলেও
উদীয়মান ভারতীয় দৈনিক থিমায়া
জানেন এই মায়্রষ্টি কে।

সেই থেকে আলাপ। এবং সেই আলাপের ফলেই ক্রমে বিবিধ পরিবর্তন! এলাহাবাদের পথে মতিলাল নেহকর কন্তার অন্থরোধে মাথা থেকে সৈনিকের টুপি খুলে কেলে দিয়েছিলেন থিমায়া, সহকর্মী এবং খেতাক পুলিস কর্মচারীদের উপেকা করে অন্ধকারে দাড়িয়ে দাড়িয়ে দাড়িয়ে বক্ততা। এমন কি একদিন ক্রম

### থিমায়া, কে. এস.

মতিলালকে চমকে দিয়ে ঘোষণা করেছিলেন তিনি—'বলুন কি করতে হবে আমাকে বলুন! আপনি যা আদেশ করবেন আমি তাতেই রাজী।'

উত্তরে মতিলাল বলেছিলেন—
'আমার ইচ্ছে, তোমরা যা করছ তাই কর। কেননা, আজ হক, কাল
হক, ভারত একদিন সাধীন হবেই।
মনে রাথতে হবে, দেদিন আমাদের
নিজেদেরই দেশ রক্ষার দায়িত নিতে
হবে।'

পুরে। একটা রাত্রি না ঘুমিয়ে তেবেছিলেন থিমায়া। তারপর নিঃশব্দে ফিরে গিয়ে ছিলেন নিজের ডিউটিতে। কিন্তু দে কর্তব্যে যে স্বদেশ চিন্তাও উপস্থিত ছিল নিয়ত তার প্রমাণ—'৪২ সনের আগ্রা। আগ্রার দেওয়ালে তথন বিলোহীদের প্রাচীর পত্র—'ডোল্ট বি এক্রেড অব দি হায়্রজাবাদস।—দে নেভার স্থট!' থিমায়া তথন হায়জাবাদ ব্যাটেলিয়ানের অধীশ্বর। বরাবরই তিনি একটু ভিন্ন ধরনের সৈনিক।

নাম—কোদেজ স্থকারা থিমারা। বয়স—পঞ্চার। (জন্ম—মার্চ, ১৯০৬) উচ্চতা—ছ' ফুট ভিন ইঞ্চি, ওজন হ'শ পাউগু। দৈনিকের পরিবার নয়। বাবা ছিলেন মার্কারার (কুর্গ) একজন বাগিচা মালিক। কফি বাগান ছিল তাঁর। তব্ও যে বাঙ্গালোরের এঙ্গলো ইণ্ডিয়ান স্থল জোদেফ-কটন থেকে বের হওয়ার পর ছয় ভাই-বোনের মধ্যে দ্বিতীয়টি অক্সফোর্ডের বদলে দেরাত্নে প্রেরিত হল তার কারণ— মা। তিনি মুরোপ দেথেছেন এবং দৈনিকদের মর্যাদা জানেন।

'২২ সনে দেরাছন। সেথান থেকে যথা সময়ে স্থাওহান্ট'-এ যাওয়ার একটা যোগ্যতা ছিল না। তিনি উদু জানতেন না। তবুও যে তাঁকে আটকান গেল না সে অন্থাবিধ যোগ্যতার কারণে। আর বিষয়ে তিনি প্রয়োজনের চেয়ে বেশী নম্বর ত পেতেনই, তাছাড়া ক্রিকেটেও স্বয়ং প্রধান সেনাপতির সামনে সেঞ্রিকরে বসতেন। অন্থান্থ থেলাধুলায়ও তিনি অপ্রতিছন্দী।

স্থাওহান্ট-এও তা প্রমাণিত হল।
অন্ত এবং (যুদ্ধ) শাস্ত্র উভয়তই থিমায়া
ধোগ্যতার পরিচয় দিলেন। কিছ
তব্ও গোল বাধল। কেননা, উধ্ব তন
ইংরেজ অফিসাররা আবিষ্কার করে
ফেলেছেন যে এই ভারতীয় তরুণটির
কাছে একটি শেতাঙ্গ মেয়ে নিয়মিত

ভাবে রন্ধীন থামে চিঠি লিথছে!
কিন্তু তা হলেও থিমায়াকে বাতিল
করা গেল না। কেননা, স্থাণ্ডহাস্টএর পরীক্ষার ফল ইতিমধ্যেই ঘোষিত
হয়ে গেছে।

'২৬ সনে দেশে ফিরে এলেন থিমায়া। তিনি তথন মাত্র কজন গুণা-ক্ষণতি ভারতীয় অফিসারের একজন। প্রথমে বাঙ্গালোর। পরে সেখান থেকে द्रिक्टिंग निक् वार्शनाम । त्रथान থেকে এলাহাবাদ। এলাহাবাদ থেকে কোয়েটা মান্তাজ হয়ে গেল যদ্ধের সময় ব্রহ্মদেশে। কোয়েটাতে থাকা कालहे विषय (১৯৩৫)। स्त्री मिना পরিবারের কারিয়াপ্রা (मर्य । আগে থাকতেই তুই পরিবারের পারিবারিক আত্মীয়তা ছিল। বলা বাহুল্যা, অতঃপর সে সম্পর্ক আরও चित्रिष्ठे ।

গেল যুদ্ধে থিমায়। পূর্ব রণাঙ্গণে একমাত্র ভারতীয় জেনারেল যিনি স্বয়ং আস্ত একটি রেজিমেণ্ট পরিচালনার অধিকার পেয়েছেন। কামগাঁও-এর যুদ্ধে তাঁর সেই ক্রতিত্বের পুরস্কার 'ভি এম ও' এবং জাপানের আত্ম-সমর্পনের অফুঠানে মাউন্টব্যাটেন এর সঙ্গে উপস্থিত থাকার সম্মান।

এর পর স্বাধীনতা। পাক-ভারত
দীমান্ত, কাশ্মীর এবং কোরিয়া।
ওয়েস্টার্ণ ক্যাণ্ডের তৎকালীন 'জি ও
দি' জেনারেল ধিমায়ার পরবর্তী
কাহিনী কমবেশী দবাই জানেন।
কাশ্মীর প্রসঙ্গে বা অনেকে জানেন না
তা হচ্ছে এই জেনারেল ধিমায়া
দেখানে নিজের হাতে ট্যাক্ষের পাশে
দাঁড়িয়ে লড়েছেন। এবং বিশের
ইতিহাদে তের হাজার ফুট উচ্ছে
দেই প্রথম ট্যাক্ষ লডাই।

দীর্ঘ দৈনিক জীবনের পরে ভারতের প্রধান দেনাপতি জেনারেল থিমায়া অবশেষে অবসরগ্রহণকরলেন। কিন্তু তিনিই বোধ হয় একমাত্র ভারতীয় সৈনিক ধিনি ভার আগে ইতিহাসে নিশ্চিত স্থানে করে নিলেন।

১৯৬২ সনের অক্টোবরে চীনা হামলার পর জেনারেল থিমায়াকে জাতীয় প্রতিরক্ষা পর্বৎ এঅপ্রতম উপদেষ্টা হিনেবে মনোনীত করা হয়।
১৯৬৪ সনের জ্লাইয়ে তিনি সাই প্রাসে রাষ্ট্রসংঘ বাহিনীর প্রধান নিযুক্ত হন। এই পদে তাঁর পূর্ববর্তী যিনি ছিলেন তিনিও ভারতীয়। নাম তার বিগ্রেডিয়ার গিয়ানী।

33. 6. 63

# দত্ত, স্থবিমল

নিকিতিন, লেবেদক বা ভেরিশ্চে-গিন দিয়ে যেমন শুরু করা যায় তেমনি রবীন্দ্রনাথ বা জ্বওহরলালকে দিয়েও অনায়াদে।

আজকের রাশিয়ার সঙ্গে আমাদের দোত্য চলছে সেদিন থেকেই।
অবশ্য বেসরকারীভারে। সরকারী
ভাবে স্থচনা করেছিলেন বিজয়লন্দ্রী।
সাফল্য সমাধা করেছিলেন রাধারুক্তন।
ধারা অব্যাহত রেথে চলেছেন—আর.
কে. নেহক। ভবিশ্বতেও যে তা
ষ্ণারীতি চলবে তার ইপিত এবারকার
বাক্তি নির্বাচন।

এবার রাশিয়ায় আমাদের দৃত
হয়ে চলেছেন যিনি—নাম তাঁর
শ্রীস্কবিমল দত্ত। বয়স—পঞ্চায়। পেশা
আজীবন রাজকার্য।

চট্টগ্রামের বিখ্যাত দক্ত পরিবারের ছেলে। ভারতময় মায়ের খ্যাতি ছিল 'রত্বগর্ভা'। অনেক ভাই। প্রত্যেকেই উল্লেখযোগ্য কেউ কিংবা কিছু।

স্থবিমল পড়তেন প্রেসিডেন্সি

কলেজে। কেমেব্রিভে ফার্ট ক্লাস্
অনার্স। সেথান থেকে লগুন।
য়ুনিভার্সিটি কলেজ। '২৮ সনে তেইশ্
বছর বয়সে ইগুয়ান সিভিল সার্ভিস।
দেশে ফিরেই নিয়ম অম্থায়ী
সরকারী চাকুরী। প্রথমে জয়েন্ট
ম্যাজিট্রেট এবং কালেক্টার, তারপর
এডিশন্তাল জেলা জজ এবং অবশেষে
'৩৮ সনে ভারত সরকারের দপ্তরে
আগুর সেক্রেটারি। ক্রমে ('৪১)
জয়েন্ট সেক্রেটারি।

'৪১ সনে আবার প্রাদেশিক দপ্তরে ফিরতে হল। ডেপুটি সেক্রেটারি হিসাবে বাংলা দেশে ফিরে এলেন শ্রী দন্ত। চাকুরী স্থায়ী হল জেলা শাসকের পদে।

সে বছর স্বাধীনতা। দপ্তরেও নাড়াচাড়া পড়ল। পররাষ্ট্র দপ্তর ধােগ্য
ব্যক্তির সন্ধান করতে করতে শ্রী দক্তের
থােঁজ পেলেন। অচিরাৎ তিনি
কমনওয়েলথ মিনিঞ্জির সেকেটারি
নিযুক্ত হলেন। তারপর থেকেই শ্রী
এস. দক্ত—পররাষ্ট্র দপ্তরে।

অবশ্য পররাষ্ট্রের অভিক্রতা তাঁর তথন বিলেতের ছাত্র জীবনেই শেষ ছিল না, আগের অভিজ্ঞতা বলতে—
বিলেতে ছাত্রজীবন আর '৪১ দন।
দে বছর ভারত সরকারের এজেণ্ট
হিসেবে মালয়ে কাজ করেছিলেন
তিনি। তবে ইতিমধ্যেকার অভিজ্ঞতা
অনেক, অফুরস্ত।

'৫০ থেকে '৫২ সন,-তু'বছর পররান্ত্র দপ্তরের সচিব, '৫২—'৫৪ তু'বছর
জার্মানীতে রাষ্ট্রদৃত, সে বছরই কিছুদিন কমনওয়েলথ সেক্রেটারি এবং '৫৫
সনের অক্টোবর থেকে ভারতের ফরেন
সেক্রেটারি!

ভারতের ফরেন দেকেটারি শ্রী এম. দত্ত ভারতের বাইরে আজ ক্রপরিচিত ব্যক্তি। ইতিমধ্যে তিনি ' जानक (मण (मार्थाहन, जानक রাষ্ট্রনায়কের সঙ্গে কথা বলেছেন. অনেক সভায় বসেছেন, স্তরাং অনেকের কাছেই তিনি চেনামুখ। কি নিশ্চয় ক্রেমলিনেও। কিন্তু নামটা মুখস্থ হয়ে গেলেও, ভারতে অনেকের কাছেই মুখটা তার ষচেনা। অস্তত, উড্ডীয়নের পথে বিমানঘাটিতে নেহরুজীর ডাইনে বাঁয়ে শার-বাঁধা মামুষগুলোর ফটো থেকে **धरे मिनि पर्यक्ष प्रश्ने मूथि गूँ एक** বের করতে পারিনি আমি। এখন অবশ্য পারি। কারণ কাজটা খুব

সহজ। কেননা, ষিনি চিনিয়ে দিয়েছিলেন তাঁর হাতে ছবি ছিল না বটে, কিন্তু বলে দিয়েছিলেন,—এসব সময়ে নেহকজীর পাশেই যে লোকটি থাকেন সেই লোকটি!

#### पशान, त्राटकथत

নয়া জমানা। নতুন নায়ক, নতুন
শাসন। স্থতরাং পুরানো সম্পর্ক নিয়ে
দিল্লি উদ্বিয়া। পররাষ্ট্র দপ্তর অনেক
ভাবলেন। সহসা নামটা মাথায়
ঠেকল। সঙ্গে সঙ্গে চিঠি গেল
করাচীতে।—নতুন হাইকমিশনার
যাচ্ছেন সেথানে।

- —ইউ <u>?</u>—তুমি ?
- —ইউ ?—তুমি **?**

ভারতীয় হাই কমিশনারকে জড়িয়ে ধরলেন পাকিস্তানী নায়ক। আাযুব বললে—'তাহলে তুমিই এলে ?'

রাজেশ্বর উত্তর দিলেন—তা**হলে** তুমিই বসলে ?

কথোপকথনটা শোনা কথা।
কিন্তু ঘটনাটা করাচীর কূটনীতিবিদদের জানা হয়ে গেল। সবাই
জানলেন—আয়ুব আর দয়াল বন্ধু।
ঘনিষ্ঠ বন্ধ।

শ্রীরাজেশব দয়াল তথন উত্তর-প্রদেশের কোন জেলায় জেলা ম্যাজি-

#### দয়াল, রাজেশর

ষ্ট্রেট। আযুব স্থানীয় গ্যারিসন-এর
কর্তা। কর্মস্ত্রে পরিচয়। তারপর
ক্রমে বন্ধুত্ব। রাজনৈতিক ঘটনাচক্র
ফুই বন্ধুকে দেওয়ালের ফুই দিকে ঠেলে
দিল। তারপর—এই দেখা হল!
অন্তুত ঘটনা। তার চেয়েও অন্তুত
জীবন। কোথায় সেদিনের আয়ুব খাঁ,
কোথায় রাজেখন দ্যাল।

জন্ম উত্তরপ্রদেশের একটি স্থশিকিত সম্ভ্রাস্ত ঘরে। শিকা— এলাহাবাদ এবং অক্সফোডে।

শ্রী দয়াল ইতিহাসের ছাত্র। ইতিহাসেই তিনি অক্সফোর্ড থেকে এম-এ
হলেন। সামনে তথন আই-সি-এস
পরীক্ষা। বাইরের ছাত্র (open compitition) হিসেবে তাতে বসে
গোলেন। ফল বের হলে দেখা গেল
তীব্র প্রতিধন্দিতার মধ্যেও শ্রীদয়ালের
নামটি রয়ে গেছে।

আই-সি-এস,—স্তরাং চাকরী
হল। জেলা ম্যাজিষ্ট্রেট-এর কাজ।
ক্রমে দেক্রেটারী ('৪৬-'৪৮) এবং
অবশেষে পররাষ্ট্র দপ্তরে। কেন্দ্রের
সঙ্গে শ্রীদয়ালের পরিচয় ছিল না এমন
নয়। এর আগে নানা বিষয়ে দিল্লীতে
তিনি উত্তরপ্রদেশের প্রতিনিধিত্ব
করেছেন। তবে—এ নতুন ধরনের
কাজ। প্রথমেই—মস্কো। শ্রীদয়াল

মস্কোর ভারতীয় দ্ভাবাসে কাউন্সিলার
নিযুক্ত হলেন। কিছুকাল (১৯৪৮৪৯) চার্জ দ্য এফেয়ার্স-এর কাঙ্গও
চালাতে হল তাঁকে। '৫০ সনে দেশে
ডাক পড়ল। আসামে সেবার
প্রাকৃতিক বিপর্বয়। শ্রীদয়ালের উপর
ভার পড়ল সেথানে ত্রাণকার্য পরিচালনার। সাময়িক কাজ। স্বভরাং,
ক'মাসের মধ্যেই আবার বিদেশে
যাওয়ার কথা উঠল। এবার মুনো।

'৫০ সনে শ্রীরাজেশর দ্যাল ভারতের বিকল্প প্রতিনিধি হিসাবে সম্মিলিত জাতিপুঞ্জের সভায় তথন— করলেন। জাতিপুঞ্জের সভায় তথন— স্তয়েজ সমস্তা, কাশ্মীর সমস্তা। শ্রীদ্য়াল অনায়াসে এই তুই পরীক্ষায় উত্তীর্ণ হলেন। বোঝা গেল, তথু কূটনৈতিক কাজ নয়, প্রকাশ্য-কূটনীতিকের জীবনও তাঁর কাছে স্বছ্বন জীবন।

স্তরাং বারটি দেশ মিলে যথন তাঁকে নিরস্ত্রকরণ কমিটির শীর্ষে বসাতে চাইল, ভারত তথন বিন্দুমাত্র বিধা দেখাল না, বরং '৫২ সনের জামুয়ারিতে পররাষ্ট্র দপ্তর শ্রীরাজেশ্বর দ্য়ালকেই জাতিপুঞ্জে ভারতের স্থায়ী প্রতিনিধি হিসাবে ঘোষণা করলেন।

জাতিপুঞ্জে শ্রী দয়াল অনেক কাল ছিলেন না। কিন্তু সেধানে তাঁর স্বর-

# দাত্ব, ড: এম. ইউত্তৰ

কালের জীবন অনেক ক্বভিত্বে উজ্জল।
তিনি ভারতের পক্ষ থেকে ভাঃ
গ্রাহামের সঙ্গে কথাবার্তা চালিয়েছেন
এবং তাৎপর্বপূর্ণ আফ্রো-এশিয়া গোষ্ঠীর
তিনিই অন্ততম প্রতিষ্ঠাতা।

'৫৪ সনে তাঁকে পাঠান হল যুনোর চেয়েও গুরুতর দেশে। যুগোঞ্চাভিয়া ইউরোপে ভারতের বিশিষ্ট বন্ধু দেশ। শ্রীদয়াল রাষ্ট্রদৃত নিযুক্ত হলেন দেখানে। পরের বছর একই সঙ্গে কমানিয়া এবং বুলগেরিয়ায়ও বিশেষ দৃতের দায়িত্ব দেওয়া হল তাঁকে। '৫৮ দন অবধি অত্যন্ত যোগ্যতার সঙ্গে একাজেই বহাল ছিলেন তিনি। জান্ত্যারিতে গ্রীস-এ দৃত করা হল তাঁকে। এবং নভেম্বরে পাকিস্তানে হাই কমিশনার।

খবর এসেছে—শ্রীদয়াল এবার চলেছেন আফ্রিকায়। অশাস্ত বেলজিয়ান কঙ্গোতে তিনি সেক্রেটারি জেনারেলের হয়ে জাতিপুঞ্জের প্রতিনিধিত্ব করবেন।

এই কাজেও শ্রীদয়াল নতুন নন।

বৈদ সনে লেবাননে জাতিপুঞ্চ যে
পর্যবেক্ষক দল প্রেরণ করেন,

শ্রীরাজেশর দয়াল ছিলেন তার অগতম

সদস্ত। স্বতরাং লোকটা জাতিপুঞ্জের

চেনা মাছ্য। ততুপরি এ্যামেচার

শিকারী, ফটোগ্রাফার এবং চিত্তকর শ্রীদয়াল হ্যামারশীন্তের ব্যক্তিগত বন্ধু। বভাবতই প্রত্যাশা, এবার সেকেটারি জেনারেল কাজটা নির্বিষ্ণে চলবে এবং কঙ্গোর মনোবাসনারও একটা নিম্পত্তি হবে। কেননা, শ্রীদয়াল যুনোর প্রতিনিধি হলেও ভারতের লোক এবং আক্রোএশিয়া গোন্ঠার অক্সতম প্রতিষ্ঠাতা!

## দাত্ন, ডঃ এম. ইউস্থক

ভারতীর নাম। তবুও দেই অর্থে আজ আর ভারতীয় নন। কেননা, বোঘাই বন্দর থেকে দেই অজ্ঞাত দেশের দিকে জাহাজ যাত্রা করেছিল যেদিন সে অনেকদিন। আজ তার শৃতি যদি কোণাও থাকে সে যেন ভাধু মুথের আদলে।

গায়ে ইউরোপীয় পোবাক, মৃথে আফ্রিকার ভাষা। অথচ নাম—ভাঃ
এম ইউস্ফ দাছ। ট্রান্সভাল এর
ভারতীয়রা বলেন 'আওয়ার বিলাভেড
লীডার।' আফ্রিকানরা বলে—
আমাদেরও।

ওদের মত অন্তরা জ্ঞানেনা বটে, তবুও এশিয়া আফ্রিকার কানে অত্যন্ত পরিচিত নাম। কেননা, সর্বজন শ্রুদ্ধের নানার মৃত্যুর পর থেকে

### किट्यम, दमा, जिन

ট্রাব্দভালে তিনিই এক মাত্র কর্মী, নায়ক। ডারবানের যে পথে সভ্যাগ্রহী সেব্দেছিলেন '১৩ সনে একদিন ভারতের গান্ধী সেই পথেই, মাত্র এই সেদিন সাহেবী পোষাক ছেড়ে গান্ধী টুপি মাথায় দিয়ে মালানের আইন অমান্ত করতে নেমেছিলেন তিনি।

ছর্ধর্ব কর্মী, প্রবল বক্তা। সাহেবরা বলেন—'আফ্রিকার চার্চিল।' কংগ্রেস সেবার যুনোয় পাঠিয়েছিল ওঁকে। টাব্দভাল-এর চার্চিলকে। পথে সরকার কেডে निरग्र গেল পাসপোর্ট। এরোড়োম থেকে সোজা কোর্টে। মামলায় দাত **জিতলেন।** এবং অত:পর ইচ্ছে করেই বিনে পাশপোর্টে গিয়ে হাজির হলেন পারী। আইন ষ্থন সরকারই মানে না, তথ্ন আইন ভঙ্গের অধিকার তাঁর আছে বৈকি। ট্রাব্দভাল-এর চার্চিল শুধু বক্তা নন, ছর্ধ বিদ্রোহীও।

ত্ত্বন বন্ধুকে নিয়ে দাত্ব ভারতে এসেছেন। উদ্দেশ্য: বন্ধু দেশ হিসেবে ভারত পরিদর্শন। আফ্রিকার স্বপক্ষে জনমত সংগঠন। উল্লেখযোগ্য: দাত্ব ভারতীয়দের নায়ক বটে, কিন্তু তাঁর লড়াই সম্দর অখেতকায়দের নামে!

আমরা আফ্রিকার নামেই অভিনদন জানাচ্চি তাঁকে। ১.২.৬১

## षिद्यम, त्ना, पिन

धर्मरबाद्धात मत लक्ष्णके हिल। সাহসিকতা, একাগ্ৰতা, দৃতভা, প্রতি আকর্ষণহীনতা, সংসাবের এমনকি. কমিউনিজমের ব্যক্তিগত আক্রোশ পর্যস্ত। ষদিচ ব্যক্তিগত জীবনে তিনি श्री हो स সন্ন্যাসীটি নন, তবুও দক্ষিণ ভিয়েৎ-নামের প্রেসিডেণ্ট নো দিন দিয়েছ সদাচারী মাত্র । বাষ্টি বছর বয়দে এখনও তিনি 'কুমার'। তাছাড়া বদিও তিনি ক্মতায় দকিণ-পূর্ব এশিয়ার ঐ গুরুত্বপূর্ণ দেশটিরও সম্রাট তুল্য, তবুও দিয়েম ভোজনে খে-কোন গরীৰ চাষীর মত। পার্থক্য শুধু এই, তিনি সিগারেট থেতে ভালবাদেন। 'চেন-স্মোকার' প্রেসিডেণ্ট কাঞ্চেও তেমনি, প্রতিদিন নিয়মিতভাবে টানা আঠার ঘণ্টা খেটে থাকেন।

গুণাবলী সেথানেই শেষ নয়। হো

চি মিনের উত্তর ভিয়েৎনাম এবং
লাওদের লালদের কাছে দিয়েম এব

বিশায়কর যোদ্ধা। '৫৪ সনে খণ্ডিড
ভিয়েৎনামের উত্তরাংশটুকুর নায়ক
হিসেবে তিনি যথন প্যারিস থেকে
সায়গনে এসে নামেন, তথন তাঁকে
সম্প্রিনা জানাবার জন্তে হাজির ছিলেন

পাষ অপরিচিত। কেননা, সম্রাস্ত রাজ-কর্মচারীর ঘরের সন্তান হিসেবে তাঁর গ্রাবনও শুক্ত হয়েছিল রাজকর্মচারী ইদেবেই। ফরাসী বিভালয়ের স্নাতক দিয়েম একুশ বছর বয়সে জীবন আরম্ভ করেছিলেন জেলা-শাসক হিসেবে। দেখানেই তার কমিউনিস্টদের সঙ্গে পুর্ম পরিচয়। তাদের বিরুদ্ধে সফল निष्टिय मिरयम करम कवानीरमव नकन ণতমে মন্ত্রিপদও লাভ করেছিলেন গুটে, কিন্তু বেশীদিন সে পদে থাকতে পারেননি। কেননা, ফরাসী সামাজ্য-বাদও তাঁর কাছে মনে হয়েছিল কমিউনিস্টদের মতই তুলা ঘুণা। স্বৃর '৩৩ সন থেকেই দিয়েম তাই দেশের রাজনীতিতে সম্পূর্ণ অমুপস্থিত। তবুও দিতীয় মহাযুদ্ধের পরে হো চি মিনের অমুচরেরা একদিন গোপনে বহন করে নিয়ে গিয়েছিল ওঁকে তাদের অরণাবাদে। বিস্মিত দিয়েম দেখলেন, তাঁর সামনে দাঁড়িয়ে আছেন याः হোচি মিন। হো বললেন-তুমি আমাদের সঙ্গে এস। দিয়েম বন্নেন তার আগে কৈফিয়ত দাও, কেন ভোমরা আমার ভাইকে হত্যা

রৈছ? হো জবাব দিলেন—তার

মাহ্ৰ।

সদিন বলতে গেলে নিজের দেশে

প্ঞাশজন

*षि*रग्रम

জন্তে আমি হংথিত।—খুনীদের সঙ্গে হাত মিলাতে পারছি না বলে হংথিত আমিও—উত্তর দিলেন দিয়েম। হো বন্দীকে মৃক্তির নির্দেশ দিলেন। দিয়েম দেশ ছেড়ে বিদেশে পাড়ি দিলেন। পেষান থেকে '৫৪ সনে সাম্নগনে। পর্যবেক্ষকেরা বলেছিলেন—ছ' মাস টিকতে পারলে যথেই! দিয়েম যে শুধ্ টিকেছেন তাই নয়, গেল ক'বছরের ইতিহাস বলবে—হয়ত তিনি এশিয়ায় ছিতীয় গ্রীদের নজীরও রেথে খেতে পারতেন।

কিছ বোধ হয় আর বেশী দিন নয়। কেননা, দিয়েম আজ একচকু যোদ্ধা। স্বেচ্ছায় যে লড়াই তিনি আজ দক্ষিণ ভিয়েৎনামে এনেছেন, তা সীমাস্তের গেরিলা যুদ্ধের চেয়েও মারাত্মক। দক্ষিণ ভিয়েৎনাম वोष्क्रत एम। এ एए एन एक कार्ष মাহুবের মধ্যে এক কোটিই বৌদ धर्मावनश्ची। काांथनिक मिर्मिम जाँएम्ब আস্থা হারিয়েছেন। তাঁরা ভিয়েৎনামের ডেমোক্র্যাসির দিয়েছে আজ 'দিয়েমোক্র্যাসি'। निर्वाहत क्षिडल विद्याधी मन्ड আজ দেখানে আইনসভায় বসবার অধিকার পান না। তাছাড়া রাজ্যের नामहेक् चाक मन्पूर्गछ मिरायस्वरहे

# ८एणमूच, जि. छि.

বেন পারিবারিক ধন। তাঁর ভাই. ভ্রাতৃবধু—তাঁরাই রাজত্বের भव । ৰাকী যা থাকে, দেটুকু ভোগ করেন भरत्य लक काांथनिक। काांथनिक না ছলে কোন সৈনিক নাকি সেখানে ক্যাপ্টেন পদের সীমা ছাডাতে পারেন না। স্বভাবতই বৌদ্ধদের এথন মঠ প্রশ্না ছেডে বেরিয়ে আসার সময়। আসছেনও তাঁরা। এপ্রিলে দিয়েম हरूम नियाहित्तन-नृत्कत जनानितन কোন গুদ্ধায় ধর্মীয় পতাকা উড়ান চলবে না। দে আদেশ অমাতা করে ভথাগতের ২০০৮তম জন্মদিনে বৃদ্ধ **শিশ্বরা প্রাণ দিয়েছেন হুই শহরে।** ১১ই জুন সায়গনে নিজহাতে আগুন জালিয়ে আত্মান্ততি দিয়েছেন ৭৩ বছরের বুদ্ধ বৌদ্ধ শিয়। হাজার সন্ন্যাসী সন্ন্যাসিনী উপবাস করছেন, লক লক্ষ তরুণ শোভাষাত্রা করছে। ভাদের ঘাডে প্লাকার্ড। তাতে লেখা—'প্লিন্স কিল আস!

ক্ষমতামন্ত দিয়েম হয়ত আজ ভূলে গেছেন, কিন্ত ইতিহাস জানে, দেশের শতকরা ৮০ জন মাহ্যব বথন এই আবেদন পেশ করে, তথন কান না

্রি৯৬৩ সনে ভিয়েৎনামে দৈল্ল-

বাহিনীর বিজ্ঞাহ ঘটে। প্রেসিডের দিয়েম তাতে নিহত হন।

St. b. 60

## (मगगूथ, जि. छि.

সচরাচর সরকারী কর্মচারীর এ

সব বিষয়ে তর্ক তোলেন না। কেননা,
সেটা তাঁদের ইথিকস-এ নেই। কিছ

তিনি তুলেছিলেন। বলেছিলেন—
বিভাষিক বোষাই অসঙ্গত। ওর

মানতে রাজী হননি। স্ক্রাং তিনি
ইস্তকা দিয়েছিলেন।

সাধারণ সরকারী কর্মচারীর: এ
সব বিষয়ে প্রশ্ন তোলেন না। কেনন,
তাতে নিজেদেরও বিপাকে প্রথ
সম্ভাবনা। কিন্তু তিনি তুলেছিলেন
বলেছিলেন—'ত্নীতির অনেক ঘটন
আমার ম্থস্থ। যদি তদস্ত হয় তর
প্রধানমন্ত্রীর হাতে আমি তা তুর্ল
দিতে পারি। ওরা সেদিন এস, আন
দাতকে তদস্তে নামাতে বার্ল
হয়েছিলেন।

তিনি এ সব পেরেছিলেন, কারণ কোনকালেই তিনি সাধারণ সরকারী কর্মচারী ছিলেন না।

বরাবরই অসাধারণ প্রকৃতি মাহুষ। নাম—চিস্তামন ভারকান<sup>গু</sup> ডেশমুথ। মারাঠা ভনয় <sup>দেশমুখ</sup> বাছাই এবং কেদ্বিজের বিখ্যাত

াত্র। প্রতি পরীক্ষার ফলাফল তাঁর

অসাধারণ। ফলে, তৎকালের নিয়মে

তিনি আই. সি. এস হয়েছিলেন।

মে ১৯১৯ সনের কথা। দেশমুখের

পরবতী জীবনও সত্যিই এক

অসাধারণ রাজকর্মচারীর জীবন।

প্রথম দিকে কাজ করতেন মধ্যপ্রদেশ এবং বেরারের অর্থ দপ্তরে।
তারপর—কেন্দ্রে। যুদ্ধের সময়ে
তিনি ছিলেন ভারতে 'শক্র সম্পান্তির'
ত্বাবধায়ক। তারপর '৪৩ সন
থেকে '৪৯ সন পর্যন্ত রিজার্ভ ব্যাক্ষের
না পদে। তার মধ্যে একটা পদের
নাম—'গভর্নর'।

sa-'e • সনে কিছুকাল দেশের বাইরে ছিলেন তিনি। তথন তার পদ ছিল ভারত সরকারের অর্থসংক্রান্ত গ্রতিনিধি। তার আগে '৪৬ সনে ইণ্টার-ক্যাশনাল মনিট্রী ফাণ্ডে এবং দংশ্লিষ্ট আন্তর্জাতিক ব্যাঙ্কে ভারতের ভর্ফের চেয়ারম্যান করা হয়েছিল ঠাকে। এদিকে সেবারই चरमरम हेडियान স্ট্যাটিসটিক্যাল ইন-টিটেউটের**ও** প্রেসিডেণ্ট . নিযুক্ত ইয়েছেন তিনি।

কিন্তু সহসা পরিবর্তন হল। বিজ্ঞাত ব্যাক্ষের গভর্নর, ওয়াক্ত ব্যাক্ষের চেয়ারম্যান (১৯৫০), আজীবন সরকারী কর্মচারী সি. ডি. দেশমুখ সহসা সব ছেড়ে জন-জীবনে অবতীর্ণ হলেন। এদিকে ব্যক্তিগত জীবনেও তাঁর পরিবর্তিত জীবন লক্ষণ। পরিণত বয়য় (জন্ম—১৮৯৬) দেশমুখ বিখ্যাত সমাজসেবী হুগাবাঈয়ের, সঙ্গে পরিণয়স্ত্রে আবদ্ধ হলেন। '৫০ সনে তিনি নির্বাচিত সদস্থ হিসেবে লোকসভায় যোগ দিলেন। সেবছরই জুন মাসে অর্থমন্ত্রীর পদে গ্রহণ করা হল তাঁকে।

'৫৬ সনের জুলাই অবধি সে পদেই ছিলেন। তারপর বোষাই প্রশ্নে সংযুক্ত মহারাষ্ট্র আন্দোলন এবং পদত্যাগ। ইচ্ছে করলে দেশমুথ দেদিন রাতারাতি 'হিরো'য় পরিণত হতে পারতেন। কিন্দ্র অসাধারণ মাহুষ বলেই সম্ভবত. পরিবর্তে ভিনি দায়িত্বশীল ভূমিকাটাই গ্রহণ করেছিলেন। থেকেই ভাগের *পাবের* মাস ইউনিভারদিটি গ্রাণ্টদ কমিশনের চেয়ারমানের আসনে দেখা গিয়েছিল তাঁকে। সেই সঙ্গে কিছুকাল ছিলেন —ক্যাশনাল বুক ট্রান্টের চেয়ারম্যানের ঁ এবার এলেন-- मिस्रि পদেও। বিশ্ববিত্যালয়ের ভাইস চ্যান্সেলারের আসনে।

# त्मारे, द्वांहाहणा

বলতে বিধা নেই, দিলীর এখন স্ত্যিই ভাল সময়,—অসাধারণ।

5.0.62

## तमारे, त्यातात्रकी

বোম্বাইয়ের একটা কাগজ মোরারজীর নাম দিয়েছিল 'মর্যালজী।' কাগজটার প্রবণতা হরিদ্রাবর্ণের দিকে। নয়ত আর যাই হক, এভাবে প্রহিবিশনের প্রতিশোধ নিতেন না ওঁরা। কেননা, ভাতে সত্তোর অপলাপ। নৈতিকভার দিক থেকে শ্রীমোরারজী দেশাই নৈষ্ঠিক গান্ধী-বাদী। তিনি পার্টিতে নারকেলের তথ থান। বাড়িতে—জল। সপ্তাহে ছত্রিশ ঘণ্টা তাঁর উপোস। অবশিষ্ট সময়ে খাছা হিসাবে যা গ্রহণ করেন ভার ষোলআনা নিরামিষ। মোবাবজী গেল বছর অবধিও ইচ্ছে করে বিদেশ ভ্রমণ এড়িয়েছেন-কারণ তা হলে তাঁকে ইন্জেক্শান নিতে रुग्न । মোবাবজীর জাতীয়তাবাদ ব্রকে বিদেশী উপাদান মেশাতেও নারাজ।

তাই বলে কি ব্যতিক্রম নেই ?—

আছে। আছে বলেই বারা জানেন,
তাঁরা বলেন, মোরারজী পদ্ম হলেও
তাঁর বোঁটাটি ইম্পাতের। সেদিক
থেকে গান্ধীশিয় দেশাই বরং প্যাটেলের

কাছাকাছি। গুজরাট এবং বোদার্ট দাঙ্গা পাঞ্জাবে হতে পারেনি শুধু তাঁর পুলিশ ব্যবস্থার জন্ত। মার্কিন রাষ্ট্রদূত নিজে বলেছেন, ট্রম্বেতে মার্কিন রিফাইনারি বসল কারণ জায়গাট: নিরাপদ। কেননা, তা মোরারজী-শাসিত বোম্বাইয়ের অন্তভুক্ত। দেশ এবং বিদেশের আন্তাভাজন প্রুষটি বছরের মোরারজী এখন ভারতের অর্থমন্ত্রী। একই প্রধানমন্ত্রীর মন্ত্রীসভায় তিনি পঞ্চম অর্থমন্ত্রী। পর পর চারজন মন্ত্রীর প্রতিষ্ঠা আত্মসাং করার গৌরবে স্বভাবতই এই দপ্তরট উত্তরস্থরীদের পক্ষে শহাজনক। এবারের বাজেটের পর নি:শঙ্কচিকে বলা যায়, মোরারজী ভাতে নির্ভয়ে চলাফেরা করতে সমর্থ। কারণ, তাঁর আতাবিশ্বাস বিগত চারজনের চেয়েই প্রবলতর। তত্বপরি ম্মভিজ্ঞতা।

শাসন এবং দেশপ্রেম ত্' ব্যাপারেই
মোরারজী ভারতের অক্ততম অভিজ্ঞ
মন্ত্রী। দরিজ স্থল-মাষ্টারের ছেলে.
হিসাবে গ্র্যাজ্যেট মোরারজী
প্রাদেশিক সিভিল সার্ভিসে যোগ
দিয়েছিলেন জীবিকার কারণে। লেগে
থাকলে উন্নতিও ছিল অবধারিত।
কিন্তু গান্ধীজীর জন্যে তা হল না।
মোরারজী চাকরী 'ছেড়ে গান্ধীশিয়

ছলেন। ফল—সাকুল্যে ছ' বছর কারাবাস এবং সরকারী দপ্তরে সেক্রেটারীসিপ-এর বদলে মন্ত্রিছ। মোরারজী '৪৭ সন থেকেই মন্ত্রী। '৫২ সন থেকে রাজ্যের ম্থামন্ত্রী। '৫৬ সন থেকে তিনি কেন্দ্রীয় মন্ত্রী। '৫৮ সন থেকে অর্থমন্ত্রী।

অর্থমন্ত্রী হিদাবে মোরারজী কেমন হলেন বাজেটই তা বলবে। আমি তথু ম্থ্যমন্ত্রী মোরারজীরই গল্প বলছি একটা। মোরারজী বোম্বাইয়ে নিয়ম করলেন—স্থলে কেউ ফাউন্টেন পেন-এ লিথতে পারবে না। দ্বাইকে কাঠের ছাওেল-এ লিথতে হবে। কারণ, নয়ত স্থলের ছেলেদের মধ্যেও ধনী-দরিজ ভেদ মাথাচাড়া দিয়ে উঠবে। অনেক গার্জেন মনে মনে হাদলেন। কিন্তু মোরারজী কাহ্মন ছাড়লেন না। তাঁর যা কথা তাই কাজ। আর কাজ মাত্রই কর্তব্য।

4. 0. 40

# দেশাই, এম. জে.

বলতে পারেন—রাজধানীতে আজ
লবচেয়ে ব্যস্ত মাহুৰ কে? কেউ
হয়ত ভাবছেন—প্রধানমন্ত্রী তথা
দেশরক্ষা-মন্ত্রী, কেউ স্বরাষ্ট্রমন্ত্রী;
কারও হয়ত মনে পড়ছে—কমিউনিস্ট

পার্টির নারকদের কথা; কারও দ্তা-বাসের চীনাদের কথা, নয়ত দেশরক্ষা বিভাগের সেই জনৈক ম্থপাত্র'টির কথা—ইদানীং প্রতিদিনই যাঁকে দিনান্তে কিছু না কিছু ম্থে নিয়ে দেশের সামনে এসে একবার হাজিরা দিতে হয়।

হয়ত তাই। রাজধানীতে স্বাই
আজ কম-বেশী ব্যস্ত, সক্রিয়। কিছ
তাহলেও কেন জানি বিশেষ করে
বার বার মনে পড়ে জ্রস্ত-ব্যতিব্যস্ত
সেই মাসুষটির কথা, থবরের কাগজের
পাতায় পরিচয় বার পররাষ্ট্র দপ্তরের
সচিব।

পাঁচ মিনিট আগে চেকোলোভাকিয়ার রাষ্ট্রদ্ত ঘর ছেড়েছেন।
তারপরেই এলেন স্থারিচিত মাস্থ্য
দীর্ঘকায় গলব্রেথ। তারপর ইউ. এ.
আর,—তারপর অট্রেলিয়া। ইতিমধ্যে
হয়ত তিনবার প্রধানমন্ত্রী ফোনে কথা।
বলেছেন, অধস্তন কোন সচিব ছটো
জরুরী তারের থসড়া পড়িয়ে নিয়েছেন,
—এবার হয়ত সাংবাদিকেরা
আসছেন। মণিলাল জগদীশ দেশাই
তব্ও প্রসন্নম্থে কাজ করে চলেছেন।
তাঁর ক্লান্তি নেই, প্রান্তি নেই,—
বিরক্তির প্রশ্ন ওঠেনা। কেননা,—
তিনি ভারতের পররাষ্ট্র দপ্তরের প্রধান

### ভ গল, চাল স

সচিব এবং নয়াদিলির পররাষ্ট্র দপ্তর সম্ভবত আজ বিখের সবচেয়ে জরুরী সরকারী অফিস।

কিছ মৃথ দেখলে মনে হবে দেশাই সবচেয়ে স্থী কর্মী। চলনে-বলনে কোথাও তাঁর বিন্দুমাত্র উদ্বেগের লক্ষণনেই। এমন দিনেও মাহ্যটি যে এমন স্থনায়ানগতি, বলা নিশুয়োজন, তার একমাত্র কারণ দেশাইয়ের যোগ্যতা, স্বভিজ্ঞতা।

আমেদাবাদের সস্তান। লেথাপড়া করেছেন—আমেদাবাদ, বোদ্বাই এবং লণ্ডন স্থল অব ইকনমিকস-এ। তিন কেন্দ্রেই কতী ছাত্র ছিলেন। স্থতরাং ১৯২৮ সনে এই কড়াকড়ির দিনেও অনাম্মাদেই আই-সি-এস হয়ে ঘরে ফিরেছিলেন মণিলাল দেশাই। মণিলালের বয়স তথন চকিশে। এখন আটাম।

দেশে আরও খ্যাতি অপেকা করছিল তাঁর জন্তে। '৪৬ সন পর্যন্ত দেশাই ছিলেন বোম্বাই সরকারের অক্ততম সেরা সিবিলিয়ান। বিশেষত, রাজম্ব ব্যাপারে কম জুড়ি ছিল তাঁর। মৃতরাং '৪৭ সনে ভাক পড়ল দিলিতে। দেশাই নিযুক্ত হলেন সভ-প্রতিষ্ঠিত অ্যাভমিনিষ্ট্রেটিভ ট্রেনিং মুলের প্রিম্বাল। তারপর 'যুনো', লগুন হাইকমিশন এবং ফিনল্যাগু, স্কইছেন, ছেনমার্কে নানা দায়িছ নিয়ে রকমারী দোত্যের পর '৫৩ সনে শ্রীদেশাইয়ের আবার ডাক পড়ল। তিনি পররাষ্ট্র দপ্তরে কমনওয়েলও সেক্রেটারী নিযুক্ত হলেন। '৫৪ সনে ক'মাস লগুনে হাইকমিশনারের কাজও করতে হল তাঁকে। তারপর ভিয়েৎনাম কমিশন ইত্যাদি হয়ে অবশেষে শ্রীস্থবিমল দত্তের জায়গায় স্থায়িভাবে পররাষ্ট্র দপ্তরে।

এতকাল দপ্তরে শ্রীদেশাইয়ের
খ্যাতি ছিল 'পাকিস্তান বিশেষক্ষ'
ছিসেবে,—সন্দেহ নেই এত দিনে এবার
তিনি কমিউনিস্ট কৃটনীতি সম্পর্কেও
বিশেষজ্ঞে পরিণত হয়েছেন।
নয়াচীনের ঠিকানায় পাঠানো নতুন
চিঠিগুলো বোধ হয় তাই বলে!

١৫. ١٤. ৬২

## ভ গল, চাল স

চীন সম্পর্কেই অনেকে অনেক কথা বলেছেন। লেখক, সাংবাদিক, রাষ্ট্রনীতিবিদ—স্বাই। কিন্তু অল্প কথায় এশিয়ার এই দেশটি সম্পর্কে চরম সত্য যাঁদের মুখ দিয়ে প্রকাশিত হয়েছে তাঁরা তৃ-একজনই জেনারেল। এবং আশ্চর্ষ কো-ইনসিভেন্স এই,— ত্বলনই তাঁরা জাতিতে ফরাসী।
একজন তাঁদের জেনারেল বোনাপার্টি,
অগ্রজন—জেনারেল চার্লস ছা গল।
প্রায় দেড়শ বছর আগে নেপোলিয়ান
পশ্চিমকে হুঁশিয়ার করে বলেছিলেন
—চীনকে ঘুমাতে দাও। সে যথন
জাগবে হুনিয়ার তথন হৃঃথ।' গেল
সপ্তাহে ছা গল পূর্বকে (এবং রাশিয়াকেও) হুঁশিয়ার করে বলেছেন, চীন
হচ্ছে—

"innumerable.....and wretched, indestructible and ambitious, building up by a great effort a power which we cannot measure, and looking around for spaces into which one day...will have to spread itself."

নেপোলিয়ান ইতিমধ্যেই সত্য প্রমাণিত হয়েছেন। উপস্থিত লক্ষণ যা তাতে ছ গলকেও মেনে না নিয়ে বোধ হয় উপায় নেই আন্ধানের। কারণ জেনারেল ছ গল পঞ্চম রিপাব-লিকের দ্বিতীয় নেপোলিয়ান। ফরাসী দেশের অধিকাংশ মান্থ্যের কাছে স্প্রত্য তাই। সেই ছোট থেকে বড় হওয়া—সেই সামান্ত থেকে অসামান্ত।

বিতীয় মহাযুদ্ধের সময়— অবশিষ্ট ইউরোপে ভ গল ছিলেন ভাগ্যাবেষী দৈনিকমাত্র। কজভেন্ট ব্যঙ্গ করে বলেছিলেন 'নকল জোন অব আর্ক।' বিরক্ত চার্টিল স্বভাবজ্ব কৌতৃকে সঙ্গে সঙ্গে নাকি উত্তর দিয়েছিলেন—

"Yes, but my bloody bishops won't let me burn him."

আজ দেই ত গল ইউরোপের
পঞ্চ প্রধানের একজন। তিনি ইচ্ছে
করলে গিরিশৃদ কাছে আনতে পারেন,
ইচ্ছে করলে পারেন কিছুদিন অস্তত
দ্রে ঠেলে দিতেও। স্তরাং ত গলএর কথা নিশ্চয় একেবারে আর
উড়িয়ে দেওয়া ধায় না আজ।

তাছাড়া, ত গল—মেজাজে নেপলিয়নের যত কাছাকাছি, মগজে সেই
হর্ধর্য এবং স্থপ্রচালিত মাহ্নষটির থেকে
ঠিক তত দূরে। নেহকর চেয়ে বয়সে
এক বছরের ছোট হলেও এই ছ'ফুট
চার ইঞ্চি দৈত্য-মানবটি মাথায়ও
একটি দৈত্য। ইতিহাস, ভূগোল,
স্বাধুনিক রাষ্ট্রনীতি ও ক্ল্যাসিক্যাল
সাহিত্যে তাঁর মত দখল সমসামন্ত্রিক
রাষ্ট্রনায়কদের মধ্যে নাকি হুর্লভ।
নেহক্ষীর মতই সময় পেলে কলম
নিয়ে বসা তাঁর নেশা। এবং ইউরোপীয়
রসিকদের মধ্যে তাঁর প্রথম জীবনের
বই হু'থানা (The Sword's Edge

### ধর, ডঃ নীল্রভন

এবং The Army of the future)
না হলেও ছ গল-এর শ্বতিকথাটি
নিঃদন্দেহে ফরাদী দাহিত্যে একটি
কীর্তি! স্থতরাং, এডগার স্নো বা
দিম ছ বোভ'র কথা যথন আমরা
'কোট' করি, তথন গায়ে ইউনিফর্ম
দেখেই ছ গলকে বাতিল করে দেব
কেন ?

তাছাড়া অনেকেই জানেন না,— জেনারেল ছ গল ফরাসী দেশে না হলেও অস্তত কিছু সংখ্যক ছেলে-মেয়ের কাছে 'চাচা চার্লস!' তাদের প্রথম মেয়েটি মারা যাওয়ার পর ছ গল দম্পতি একটি শিশুসদন খুলেছিলেন। ছুটির দিনগুলো এখনও সেথানেই কাটাতে ভালবাসেন ছ গল। সঙ্গে থাকে তাঁর তিনটি নাতি-নাতনি, সতেরটি ভাই ঝি, ভাগনের মধ্যে জনাকয় এবং মামি ছ গল। আর চারপাশ ঘিরে থাকে এক ঝাঁক ছেলেমেয়ে—য়াদের কেউ নেই। এবং মাদের কাছে 'ডিফিকান্ট জেনারেল' ভাগল—'আছল চার্লদ।'

25. 55. 62

### ধর, ডঃ নীলরতন

ঘরোয়া আড্ডা।

চার পাশে সব চেনা-জানা বন্ধুরা, মাঝথানে একজন। উস্ক-খৃস্ক চুল ও পুরু লেন্দের চশমা ও প্রশাস্ত গন্ধীর মুধ। বোঝা যায়,—তাঁকে নিয়েই আলোচনা।

একজন বললেন—'আচ্ছা, সারা জীবন করলেন ত মান্টারী,—তবে দান করার এত টাকা পেলেনকোথায়? '—তাইত!' চশমার আড়ালে চোথ ছটি বৃঝি হেদে উঠল। গন্তীর ভাবে তিনি বললেন,—'দে অনেক ব্যাপার।'

- —'কেমন ?'
- —'বলুন না একটু ভেঙ্গেই !' অন্য একজনের আকার।
- 'তবে বলি,'— তিনি স্থক্ষ করলেন— 'কত রোজগার করেন আপনি ? দেড়শ ? মাসে দশ টাকা করে রেথে যান।—বছরে কত ছয় ? — দশ বছরে ?— কুড়ি বছরে ?— — সে অস্কটাই করে দেখুন না।'

সকলে নির্বাক। লোকটি লক্ষ লক্ষ টাকা দান করেছে বলে নয়, প্রক্রিয়াটা শুনে।

তবুও দাতা হিসাবে তাঁর পরিচয় নয়,—প্রথম পরিচয় বিজ্ঞানী হিসাবেই।

নাম—ড: নীলরতন ধর। জন্মভূমি —ষশোর, কর্মভূমি—এলাহাবাদ।

যশোরের সেই ধর পরিবার বাংলা দেশে বিখ্যাত। ভারতের ডাঃ নীল-রতনের নাম বিদেশের গুণী মহলে স্থ্যাত। নীলরতন এ কালের ভারতের অন্ততম কৃতী বিজ্ঞানী। জমি, সার, আলো বিষয়ে তাঁর একাধিক গবেষণা আজ জগতের ধন।

জন্ম—১৮৯২ সন। লেথাপড়া— কলকাতা, লণ্ডন এবং পারী। রসায়ন শাস্ত্রে কলকাতা বিশ্ববিচ্চালয়ে যশস্বী ছাত্র নীলরতন লণ্ডন বিশ্ববিচ্চালয়ের ডি. এস. সি এবং পারীর ডি. ফিল Docteures Sciences। ছাত্রজীবন শেষ হওয়ার দিন থেকে (১৯১৯) তিনি লণ্ডনের রয়াল ইনষ্টিটিউট অব কেমিস্ত্রীর ফেলো এবং ভারতীয় এডুকেশন সার্ভিদের সদস্ত।

কর্মজীবন স্থক্ষ হয়েছিল এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ে। কেমিষ্ট্রির তরুণ অধ্যাপক নীলরতন তথন বিশ্ব-বিভালয়ের কেমিক্যাল লেবরেটারীর ডিরেক্টার। এথন তিনি ডিরেক্টার এলাহাবাদের বিখ্যাত 'লীলা ধর ইসপ্টিটিউট অব সয়েল সায়েন্স'-এর।

অনেকে জানেন না ভারতের এই
একমাত্র মৃত্তিকা গবেষণাগারটি ডঃ
ধরেরই একক ক্লীতি। এবং যাবতীয়
তাঁরই নিজের অর্থে গড়া। শীলা
ভিলেন ডঃ ধরের স্ত্রী।

এলাহাবাদ বিশ্ববিভালয় ছাড়াও কলকাতা বিশ্ববিভালয়, (প্রস্তাবিত) কল্যাণী বিশ্ববিভালয় ইত্যাদি বহু শিক্ষা প্রতিষ্ঠানে আজীবন অকাতরে দান করে আসছেন ডঃ ধর। গবেষনা-গারের পরেই দান তাঁর একমাত্র নেশা।

আর এক নেশা বলা যায়,—
দেশভ্রমণ। '৫২ সনে ছিতীয় বার
দার পরিগ্রহ করেছেন ডঃ ধর। কিছ
তবুও সে ধেন বিরাগীর সংসার।
নিঃসস্তান ধর দম্পতি স্থযোগ পেলেই
বাইরে চলে যান। লণ্ডন, কেম্ব্রিজ্ঞান এডিনবরা, পারী, উপসলা! বিভিন্ন
বিজ্ঞান কেন্দ্রে বক্তৃতা, নানা লোকের
সঙ্গে মেলা মেশা। ডঃ ধর এলাহাবাদে
আদর্শ সক্জন বাঙালী, বিদেশে জনপ্রিয়
ভারতীয়। এলাহাবাদে মৃত্তিকা গবেষনাগাবের প্রতিষ্ঠাতা এবং প্রধান ডঃ
নীলরতন ধর এবার ভারতীয় বিজ্ঞান
কংগ্রেসের সভাপতিত্ব করছেন।
ইতিপূর্বে '২২ সনে একবার তিনি
কংগ্রেসের রসায়ন শাখার সভাপতিত্ব
করেছেন। এবার বসলেন—মৃল
সভাপতির আসনে।

এই সম্মান তাঁর বছদিনের প্রাপ্য। তবুও বাংলা দেশের কানে সংবাদটা কথকর। কেননা, আজীবন প্রবাসী হয়েও ড: ধর আজও বশোরের বাঙালী। বাংলা দেশ এখনও তাঁর ধ্যান। মনে রাখতে হবে বহুভাষাবিদ ড: ধরের অগতম বই হুটি বাংলা দেশের জন্তেই বিশেষ করে লেখা। একটি তার—'আমাদের খাছ', অগ্যট—'জমির উর্বরতা বৃদ্ধি।' বলা বাহুল্য হুটিই বাংলাদেশের সাধারণ মাহুষের জন্তে। শুধু ভাষা নয়, দামটাও। মূল্য—প্রতিটি আট আনা।

## नम, शुनजातीमान

মাধার গান্ধী টুপি, মুথে পশ্চিম ভারতের গাঁরের মাহুবের মত ঠোঁটের প্রাস্ত ছাড়িয়ে আধ-পাকা আধা-ছাঁটা। মোটা গোঁফ। ভাল ক্যামেরাম্যানএর দামী ক্লোজ-আপ লেক্ষ খুঁজে হয়রান হয়ে গেলেও অসমান মুথটির কোথায়ও আভিজাত্যের কোন আভাস পাবে না,—হয়ত চশমার তলায় প্রতিভার সেই তথাকথিত ফ্যুভিও ধরা পড়বে না। চেহারা এবং চালচলনে ভারতের নতুন

শ্বরাষ্ট্রমন্ত্রী শ্রীনন্দ এই
বছর বয়সেও একাস্কভাবেই শ্রেমিকের
প্রতিনিধি, ধেন তাঁদেরই কেউ।
শ্বায়ী ঠিকানা তাঁর এথনও—মণিনগর,
আমেদাবাদ।

আমেদাবাদের স্থ্যাত শ্রমিক নেতা শ্রীগুলজারীলাল নন্দ যেমন কেবলই শ্রমিক নেতা নন, তেমনি তিনি বোঘাই তথা মহারাষ্ট্রেরও সস্তান নন। বাবা ব্লাকিরাম নন্দের ভ্রমান ছিল শিয়ালকোট, পাঞ্চাব। গুলজারী-লালের জন্ম সেথানেই। লেথাপড়া প্রথমে লাহোরের বিখ্যাত ফোরমাান

## नम, शनकातिनान

ক্রিশ্চিয়ান কলেজে, ভারপর এলাহাবাদ বিশ্ববিভালয়ে। এলাহাবাদের এম. এ এবং এল. এল. বি. শ্রীনন্দ ১৯২১ সন থেকে সক্রিয় কংগ্রেসসেবী। বোম্বাই এসেছিলেন তিনি ভাশনাল কলেজে অধ্যাপনার কাজ নিয়ে। নন্দ সেথানে ইকনমিকস পড়াতেন। রাজনীতি করতেন আমেদাবাদে কাপড়কলের শ্রমিকদের মধ্যে। ১৯২২ সন থেকে তিনি সেথানে নায়ক।

১৯৫১ সনে দিলির দরবারে যোগ দেওয়ার আগে ১৯৩৭ সন থেকে ঞ্রীনন্দ বোষাই মন্ত্রিসভায় পুরানো মৃথ। পার্লামেন্টরী সেক্রেটারীর পদ ছাড়াও সেথানে তিনি বেশ কিছুদিন মন্ত্রিস্থানে তিনি বেশ কিছুদিন মন্ত্রিস্থানে তিনি বেশ কিছুদিন মন্ত্রিস্থানে তাছাড়াও হাউসিং বোর্ড, আমেদাবাদ শহর মিউনিসিপ্যালিটিইত্যাদি। বোষাই মন্ত্রিসভায়ও তাঁর দপ্তর ছিল হাউসিং এবং লেবার। ১৯৪৭ সনের মে মাসে যাঁরা জাতীয় ট্রেড ইউনিয়ন কংগ্রেসের জন্ম দিয়েছিলেন, বোষাইয়ের তৎকালীন শ্রমমন্ত্রী শ্রীনন্দ তাঁদের অক্ততম।

কেন্দ্রীয় মন্ত্রিসভায় খ্রীনন্দ স্থচনা থেকেই পরিকল্পনা মন্ত্রী। অর্থনীতির ছাত্র নন্দ পরিকল্পিত অর্থনীতি বিষয়ে চিরকাল উৎসাহী। স্থভাষচন্দ্রের অধিনায়কত্বে কংগ্রেস বে জাতীয় পরি- কর্মনা কমিটি গঠন করেছিল শ্রীনন্দ ছিলেন তার অক্সতম সদস্ত। তাছাড়া থাদি, গ্রামীণ অর্থনীতি এবং পরি-কর্মনা বিষয়ক গুটিকয় বইয়ের লেথক শ্রীনন্দ নিথিল ভারত কংগ্রেস কমিটির ইকন্মিক প্রোগ্রাম কমিটিরও সদস্ত! স্বভারতই প্রিক্রমনা কমিশনেও শ্রীনন্দই ক্রমে অধিকতর দায়িত্বশীল ব্যক্তি। শ্রম কর্মসংস্থান এবং পরি-কর্মনা দপ্তর ছাড়াও ১৯৬০ সনের জ্লাই থেকে তিনি পরিকর্মনা কমিশনের সহ-সভাপতি।

এবার আরও ওপরে। শ্রীনন্দ, তহুপরি, ভারতের স্বরাট্রমন্ত্রী। কার্যত, সব দিক থেকেই আজ তিনি কেন্দ্রীয় মন্ত্রিসভায় বিতীয় ব্যক্তি। শ্রীনন্দ ইতিপূর্বে কেন্দ্রীয় মন্ত্রিসভায় সাময়িকভাবে অক্যান্স দপ্তরও ( ঘথা: সেচ বিহাৎ) পরিচালনা করেছেন বটে, কিন্তু ঠিক এ ধরনের কাজে সম্ভবত এই তাঁর প্রথম অভিজ্ঞতা। আশা করা যায়, এক্ষেত্রেও তিনি বিফল হবেন না। কেননা, ধীরমতি, স্বল্পবাক সাদাসিধে ধরনের মাহুষ শ্রীনন্দ শুধু আদর্শনিষ্ঠ নন, তিনি কাজের মাহুষও।

উপসংহারে গ্রীনন্দের আদর্শনিষ্ঠা সম্পর্কে হ'-একটি থবর। লবণ সত্যা-

# मारेषु, शश्चना

গ্ৰহী. এককালে থাদি অৰ্থনীতিতে বিশাদী ভারত মজতর দেবক সংঘের নেতা শ্রীনন্দ কংগ্রেদের থিচুড়ীর হাঁড়িতে নাকি 'আদা', কেননা তিনি 'কংগ্রেস সোস্থালিস্ট ফোরাম'-এর অন্যতম প্রতিষ্ঠাতা। কিন্তু শ্রীনন্দ কি **নোস্থালিন্ট ? সম্ভ**বত সোস্থালিন্টরা মাথা নাডবেন। কেননা, শ্রীনন্দ কোন-দিন তাঁদের সঙ্গে ছিলেন না. এবং কমিউনিস্টরা বলবেন, বিস্তর দেশ মুরলেও যুগোঞ্চাভিয়া ছাড়া বোধহয় কোন 'দোস্যালিস্ট' অর্থনীতির প্রয়োগ ফল তিনি চোথে দেখেন নি। তাছাডা. অনেকে বলেন, শ্রীনন্দ সনাতনপন্থীও বটেন। ভাধু ভারত দেবক সমাজ নয়, ভারত সাধু সমাজেরও নেতা এবং যোগাভাাস তাঁর অক্তম নেশা।

তবে বলে রাখা ভাল, সন্ন্যাসীদের নেতা হলেও ভারতের নতুন হোম-মিনিন্টার গৃহী, তিনি ছইটি পুত্র এবং একটি কন্তার পিতা। তাঁর পত্নীর নাম—শ্রীমতী লক্ষী। ৫. ১. ৬৩

# নাইডু, পল্মজা

"Lotus-maiden,
you who claim
All the sweetness
of your name,
Lakshmi, fortune's queen,
defend you,

Lotus-born like you, and send you Balmy moons of love to bless you.....

Lotus-maiden, may you be Fragrant of all ecstasy."

মেয়ের উদ্দেশে কবিতা লিথেছিলেন মা:—'ভারতের বুলবুল'
সরোজিনী নাইড়। মায়ের কোলে
প্রথম ক্যাসস্তান। সরোজিনী
আদর করে নাম দিয়েছিলেন তার
'বিবি'। কিন্তু এ নাম তো আর
বাইরে চলে না। অনেক ভেবে
কবি মেয়ের দিতীয় নাম রাথলেন—
পদ্মদা। তারপরই এই কবিতা,—
লোটাস-মেডেন,—মে ইউ বি…!"

মায়ের প্রত্যাশাকে পূর্ণ করেছেন 'বিবি'। চলনে-বলনে. আদর্শে—তিনি আভ অনেকের কাছেই দ্বিতীয় সরোজিনী নাইড়। মায়ের মত যদিবা না হন, 'মায়ের-মেয়ে' অবশ্য। সেটুকুও কম কথা নয়। বিশেষত যে পরিবারে তাঁর জন্ম সেথানে মাকে বাদ দিলেও বিখ্যাত নাম অনেক। তার মধ্যে নিজের নামটিকে স্বতন্ত্রভাবে চিহ্নিত নয়। পদাজার করা সহজ কান্ত পক্ষে নানা কারণে সে দিন সেটা আরও কঠিনতর।

**धन्त---**১৯०० मत्नद ১१हे নভেম্ব। জন্মস্থান—দে-ই হায়দরা-বাদ। লেখাপড়াও অতএব, হয়েছিল দেখানেই। মেয়েকে হায়দ্রাবাদে মাবুবিয়া গার্লস হাই-चूरल পাঠিয়েছিলেন সরোজনী। কিছ পদ্মজা সেথানকার পড়াও শেষ করতে পারেননি। কারণ—স্বাস্থ্য হীনতা। ছোটবেলা থেকেই পদ্মজা রোগা মেয়ে। স্কল-আমলে তিনি পডলেন। ফলে আরও ভেঙ্গে স্থলের বদলে পড়াগুনার ব্যবস্থা করতে হল বাড়িতে। প্রচুর বই ছাড়াও দেখানে অনেক শিক্ষণীয়। বিশেষত নাইডুদের বাড়িতে তথন বিরাট এবং বিখ্যাতদের আনাগোনা লেগেই আছে। কিশোরী মেয়ে পদ্মজা তাঁদের সঙ্গকেও পাঠ্য বলে বুঝতে শিখলেন। গান্ধীজী তাকে আদর করে আপন করে নিলেন, নেহরুর সঙ্গেও তার দিব্যি চেনাজানা। তত্বপরি মায়ের দঙ্গে দেশভ্রমণ। অতএব স্থূল ছাড়লেও বিকল্প হিসেবে যা পাওয়া গেল সে অনেক।

এই বিশেষ শিক্ষার ফল পেতেও দেরী হল না। অচিরেই দেখা হল সরোজিনী নাইডুর এই কঞাটি হায়দবাবাদে সমাজদেবিকা হিসেবে আত্মপ্রকাশ করেছেন। ড: বি,
রামক্রফ রাও, নবাব আলি ইয়ার
জ: প্রভৃতি বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে
ভিনি একটি সংস্থা গড়েছেন। নাম
তার—'সোসাইটি অব ইউনিয়ন
অ্যাণ্ড প্রোগ্রেদ।' উদ্দেশ্ত: হিন্দু
মুসলিম সাংস্কৃতিক মিলন। পদ্মজাই
সেদিন উদ্যোগী হয়ে প্রিন্স অব
বেরারের স্ত্রী প্রিন্সেম হরি শাহওয়ার
আর নিজ্ঞাম-বাহাহুরের আর এক
পুত্রবধু নিল্ফারকে পর্দা সরিয়ে
জনতার সেবায় উধ্দ্দ করেছিলেন।

হায়দরাবাদের হিন্দু-মুসলমান গরীব মেয়েদের মধ্যে পল্লজা নাইডু একটি স্থপরিচিত नाम । সমাজ উল্লয়নমূলক নানা প্রতিষ্ঠা ছাড়াও তাঁর পরিকল্পনা অমুযায়ী দেদিন গ্রামাঞ্চলে কুটিরশিল্প পম্পর্কে নানা পরিকল্পনা চালু করা হয়েছিল। পরবর্তীকালে কৃতিত্বের স্মারক হিসেবে হায়দরাবাদ হাণ্ডিক্যাফট আডভাইদারী বোর্ডের চেয়ারম্যান করা হয়েছিল তাঁকে। প্রসঙ্গত উল্লেখযোগ্য দক্ষিণে রাষ্ট্র-পতির ভবন 'রাষ্ট্রপতি নিলয়ম'-এর সমৃদ্য সজ্জাপরিকল্পনা পদ্মজার নিজের। ঘরের রং পর্দা আসবাব থেকে ছাইদানটি পর্যন্ত তিনি নিজে

# নাইডু, পল্লভা

সব সাজিয়েছেন। তবে কলাহুরাসী পদ্মজার খ্যাতি তার চেয়েও বেশী হায়দ্রাবাদে জনসেবী হিসেবেই।

হায়দরাবাদে পুলিশ অভিযানের ক'বছর আগেও দেখা গেছে অহুস্থ পদ্মজা গরুর গাড়ি চড়ে স্থদূর মাচিরে-ডিপল্লীর দিকে চলেছেন। গাঁয়ের-মান্থবের-আপনজন সরোজিনী নাইডুর ককা থবর পেয়েছেন সেথানে গ্রাম-বাদীদের ওপর হামলা হচ্ছে, মেয়েরা **অ**ত্যাচারিত হচ্ছেন। পদ্মজা দেক্ষেত্রে নীরব থাকার মত মেয়ে নন। ১৯২১ সনে হায়দরাবাদে যারা জাতীয় কংগ্রেদ প্রতিষ্ঠিত করেছিল তিনি ছিলেন তাঁদের অগ্যতম: ১৯৩০ সনে বিদেশী পণ্য বর্জনের चात्मानत्त्र जन यथन चरमी नौग প্রতিষ্ঠিত হয় তথনও তার অক্তম উছোকা। '৪২ সনে কিছুদিন অস্তরীণ পর্যস্ত রাখা হয়েছিল তাঁকে। কিন্তু পদ্মদা তবুও চিরকাল কানে কাল্লা পৌছান মাত্র চঞ্চল।

পুলিশ অভিষানের পরেও একই
পোবিকার ভূমিকায় দেখা গেছে
তাঁকে। হায়দরাবাদবাসী কৃতজ্ঞতার
স্বীকৃতি হিসেবে সম্মান জানিয়েছিল
তাঁকে প্রথমে ওদমানিয়া বিশ্ববিজ্ঞালয়ের সেনেটের সদস্য মনোনীত

করে, তারপর ১৯৫০ সনে হায়দরাবাদের অক্সতম প্রতিনিধি হিসেবে লোক সভায় পাঠিয়ে। লোকসভায় পদ্মদার বাগ্মিতা সেদিন অনেককেই সর্বোজনী নাইডুর কথা মনে পড়িয়ে দিয়েছিল। পদ্মদার ব্জৃতা-ভাষণ এখনও বছ কানেই সর্বোজনী নাইডুর বিতীয় কণ্ঠস্বর যেন।

'৫০ দলে মায়ের সঙ্গে লখনউ চলে গিয়েছিলেন তাঁর আদরের 'বিবি'। বাসনা ছিল—মা যতদিন বেঁচে থাকেন তাঁর কাছে থেকে দেখান্তনা করবেন। হঠাৎ একদিন আকস্মিকভাবে সরোজিনী শেষ-নিঃখাস ত্যাগ করলেন। পদ্মজা সেদিন এলাহাবাদে। মা-ই পাঠিয়েছিলেন ওঁকে, এগিয়ে গিয়ে রাজাজীকে নিয়ে আসতে। পদ্মজার জীবনে সেদিনটি ভূলবার নয়।…মায়ের পর বাবা। সেই শোক সামলাতে না সামলাতে এল দেই অপ্রত্যাশিত আহ্বান—বাংলায় যেতে হবে। সে ১৯৫৬ সনের কথা।

শ্রীমতী পদ্মজা নাইডু সেই থেকে বাংলায়ই আছেন। স্থসংবাদ আগামী পাঁচ বছরও তিনি আমাদের মধ্যেই কাটাচ্ছেন। সরোজিনী নাইডু নিজেকে 'বাংলার মেয়ে' বলতেন। পদ্মজাও আজ সম্পূর্বত

তাই। তিনি ভগু এই রাজ্যের জনপ্রিয় রাজাপাল নন ততোধিক— নিজেদের ঘরের মেয়ের মত। বলা নিপ্রয়োজন পদ্মজা এ পরিচয়টিও অর্জন করেছেন তাঁর অসাধারণ প্রতিভা আর হৃদয়ের বলে। তিনি वाडानी डेबाखान्त्र मध्य पृत्त त्वडान. তিনি কলকাতার আবর্জনা দাফাইয়ের তদারকি করেন, তাঁর বাড়িতে বদে শহরের মেয়েরা জওয়ানদের জন্যে উল বোনেন অহম্ব ডা: রায়কে শ্যাপার্শ্বে থেকে ঔষধ থাওয়ান। রোগী কথা না শুনতে চাইলে তিনি কপট ছকুম শোনান— গভর্র বলছি—। পশ্চিম-বাংলার রাজ্যপাল আজ বাংলাদেশে রীতিমত প্রবাদ।

বাঙালী সরোজিনী নাইডুর
কন্তাকে হৃদয়ে আসন দিয়েছে সন্দেহ
নেই। পদ্মজাও তেমনি ভালবেদে
ফেলেছেন বাংলাকে। তার প্রমাণ
তাঁর এই তৃতীয় বারের মত রাজ্যপালের দায়িত গ্রহণ। কলকাতা
যাত্রার আগে পদ্মজা বলেছিলেন—
যদি ভাল না লাগে তবে কিছুতেই
এক বছরের বেশী থাকছি না!

১०. ১२. ७८

# নারলিকার, ডঃ জয়ন্ত বিষ্ণু

'ইট ইজ এ ফিয়ার্স থিয়োরি— ফিয়াসার ভান আইনসাইন !'— বলেছেন হয়েল। রয়াল সোসাইটির অনেক বিজ্ঞ এবং মান্য শ্রোতারও তাই অভিমত। স্পষ্টতই তারা কেউ কে**উ** স্তম্ভিত, কেউ কেউ বিমৃঢ়। স্থতরাং দে প্রদঙ্গ থাক। আইনস্টাইন নিউটনের সঙ্গে ওঁদের সঠিক পার্থক্য কোথায় বা কতথানি—সে মামলার ফয়সলা যারণ করবার করবেন। আমাদের কাচে চেয়েও উত্তেজনাকর থবর গত ১১ই জুন বাত্রে বুটেনের রয়াল সোসাইটিভে ষে ত্'জন বিজ্ঞানা বিশ্বের জ্ঞানীজন-দের যুগপৎ আলোড়িত এবং বিচলিত করেছেন তাঁদের একজন আমাদেরই ঘরের ছেলে।—আপেল কেন মাটিতে পড়ে ? সেই পুরানো প্রশ্নের নতুন, — শুধু নতুন নয়, অভিনব এই উত্তরটিক পেছনে যতথানি কৃতিত্ব বিথ্যাত বুটিশ বিজ্ঞানী অধ্যাপক ফ্রেড হয়েল-এর ঠিক ততথানিই ডঃ জয়স্ত বিষ্ণু নারলিকারের। তিন ছত্তের যে অষটি আগামী ক'মাস হয়ত ক'বছর পৃথিবীর নানা প্রান্তে বিশ্ববিচ্ছালয়ে, গবেষণা-গারে অগণিত প্রবীণ নবীনের কপালে

## নারলিকার, ডঃ জয়ন্ত বিষু

চিন্তার রেথা ফোটাবে—রয়াল সোসাইটির বোর্ডে খড়ির লিখনে তিনিই সেগুলো সাজিয়েছিলেন! সে যেন বিশ্ব-বিস্তীর্ণ ব্ল্যাকবোর্ডে স্বদেশেরই নাম লিথে দেওয়া। রমন-রামান্তল, জগদীশচক্র সত্যেক্তনাথের পরে তিনিই আমাদের আবার বিজ্ঞানের ছনিয়ায় তুলে ধরলেন!

नाम ष्पप्रस्थ विकृ नावनिकात। বয়স মাত্র ছাব্বিশ (জন্ম ১৯শে জুলাই, 1 ( 4066 জনস্থান-কোলাপুর। লেখাপডা---বেনারস। কেননা. দেখানেই ছিল বাবার কর্মস্থল। বাবা ভি. ভি. নারলিকার কেমিজের এম, এ (১৯৩॰) এবং রেংলার। তিনি ভারতের প্রথম শ্রেণীর গাণিতিকদের একজন। দীর্ঘকাল বেনারস হিন্দু বি**শ্ব**বিত্যালয়ের গণিতের অধ্যাপক ছিলেন তিনি। কিছুকালের **দত্ত** প্রো: চ্যান্সেলারও করা হয়েছিল তাঁকে। ১৯৬০ সনে অবসর গ্রহণের পর ঠিকানা বদল করে তিনি রাজস্থানবাদী হয়েছেন। আটার বছরের প্রবীণ বিজ্ঞানী এখন সেখানে পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান।

পুত্র জয়স্তের গণিত-দীক্ষা হয়েছিল

বাবার কাছেই। এখনও বাবাই তাঁর প্রথম গুরু। রয়াল সোসাইটিতে পড়ার পরক্ষণেই ওঁদের তত্ত্বে একটা কপি তিনি বাবার কাছে পাঠিয়েছেন। কেননা, জয়স্ত বলেন—পৃথিবীতে ষে ক'জন আমার এই গণিত সহজে ধরতে পারবেন আমার বাবা তাঁদের একজন। জয়স্তর দ্বিতীয় প্রেরণা বলা চলে তাঁর মাকে। মাও স্থশিক্ষিতা। তিনি বোম্বাই বিশ্ব-বিষ্ঠালয়ের নামকরা ছাত্রী। সংস্কৃতে স্নাতক হলেও সমান অধিকার তাঁর ক্লাসিক্যাল ইংরাজী সাহিত্যে। তাঁর প্রেরণায় এই বয়সেই পুরো 'গীতা' জয়স্তর কণ্ঠস্ত। গণিতের থিয়োরি ব্যাখ্যা করতে স্থযোগমত হামেশাই তিনি নাকি গীতার শ্লোক আওড়ান। ফুলে আগাগোড়া তুথর ছাত্র ছিলেন। কলেজেও।

ছলে আগাগোড়া ত্বর ছাত্র ছিলেন। কলেজেও। বিশেষত, গণিতে। মা বলেন—ওর বরাবরের অভ্যেদ কাগজ পেজিল এড়িয়ে চলা। চোথ বুঁজে মনে মনে অন্ধ ভাবতেই বেলী মজা পেত জয়স্ত। কিন্ধ তা হলেও নম্বরে ঘাটতি পড়েনি কোনদিন। ১৯৫৭ দনে বি. এস. দি'তে ডিট্টংশন সহ প্রথম স্থানই রেখে-ছিলেন জয়স্ত। তারপর থেকেই তঙ্গণ নারলিকার বাবার সেই প্রিয় বিদ্যালয়

কেম্বিজে প্রবাদী। প্রথম ভর্তি হয়েছিলেন কেম্বিজের ফিজউইলিয়ম হাউস-এ। সেথানে গণিত, ফিজিক্স এবং স্ট্যাটিসটিকস পড়তেন। তারপর সেখান থেকে গণিতে 'ট্রাইপদ' নিয়ে গত বছর এসেছেন কিংস কলে**জে**। ছয়ন্ত এখন সেখানে 'ফেলো'। একাজের বর্তমান মেয়াদ ১৯৬৭ অবধি। কিংস কলেজে যোগ দেওয়ার আগে গত বছর কিছুদিন তিনি ফিজ উইলিয়াম হাউদে গণিত শিক্ষার ডাইরের আসনে ছিলেন। সেই সময়টকুতে আর একটি উপরি রোজগার করে ফেলেছেন এই মেধাবী তরুণ, কেম্বিজ থেকেই দর্শনে তিনি 'ডক্টরেট' আদায় করে নিয়েছেন। এবার আদায় করলেন সেই স্বতুর্গভ বম্ব,—বিজ্ঞান জগতে প্রকৃত বিতর্ক হিসেবে বিশ্বের স্বীকৃতি।

হয়েল আর নারলিকার; নারলিকার আর হয়েল! বিশ্বময় বিজ্ঞানী
মহলে আজ ওঁরাই আলোচ্য।
বিশেষত, নারলিকারকে নিয়ে আজ
আর বিশ্বয়ের সীমা নেই। হয়েল
স্পরিচিত। বিজ্ঞানী হিসেবে ষেমন,
মান্থ হিসেবেও তেমনি। বয়স মোটে
আটচল্লিশ বটে, কিল্ক ইতিমধ্যেই
ইউরোপে পরিচয় তাঁর 'আধুনিক

রেঁনেশা-ম্যান।' তিনি হুরুহ্তম তত্বাবলী ঘাটতে ঘাটতেই ফুটবল খেলা দেখেন, পাহাডে চডেন, একের পর এক বেস্ট-সেলার (সায়েন্স ফিকশান ) বাজারে ছাডেন, জে বি প্রিসলৈর মত লোকের সঙ্গে নাটক লেখেন. অপেরার জন্মে গীতি-নাট্য,-এবং কি নয়! কেম্বিজের অ্যাস্ট্রোনমির এই অধ্যাপক তাই জগদ্বিখ্যাত ব্যক্তি। কিন্তু নারলিকার তা নন। ক'দিন আগেও অক্তাত-পরিচয় এই ভারতীয় অখ্যাত একজন মাত্র। তাছাড়া বয়সেও গবেষক তিনি বলতে গেলে প্রায় 'বালক'। আইনফাইন তাঁর থিওরি যখন প্রতিষ্ঠিত করছেন (১৯১৬) তখন তাঁর বয়স সাঁইত্রিশ, আমাদের সত্যেন্দ্রনাথ যথন বাইরের পৃথিবীতে যথার্থভাবে পরিচিত হয়েছেন তথন তিনিও বোধ হয় তিরিশ, অথবা প্রায়-তিরিশ। আর নারলিকার ? আলোডনকারী একটি তত্ত্বে অন্ততম জনক হয়ে তিনি যথন বিশ্বের সামনে এসে দাঁডালেন তথন বয়স তার মোটে ছাবিবশ! সম্ভবত, বিজ্ঞানের এই বিশেষ ক্ষেত্রটিতে তাঁর চেয়ে তরুণ বয়দে মাত্র আর একজন মাতুষ্ট প্রতিষ্ঠা অর্জন করতে সক্ষম

## নারলিকার, ডঃ জয়ন্ত বিষ্ণু

ছিলেন। তিনিও কেখ্রিজেরই ছাত্র এবং এই রয়াল সোসাইটি ছিল তাঁর মঞ্চ। প্রাতঃশারণীয় সেই অতুলনীয় প্রতিভাধরের নাম—নিউটন!

\* \* \*

শুধু গবেষণার বিষয়বস্থতে ঐক্য নয়,—স্থাবিঙ্গত এই ভারতীয় বিজ্ঞানী নাকি চালচলনেও চিবকালীন দেই ব্যক্তিতগুলোর লক্ষণাক্রান্ত। এক জোড়া মোটা ভুক্ন, কালো বড় বড় হটো চোখ,--একমাথা কালো চুল; —এছাড়া জয়ন্ত বিষ্ণু নারলি-কারের দেখবার ষা আছে সে নাকি তাঁর পরিচছন হাশি আর অপরিচছন বেচপ প্যাণ্টকোট! শুধু পোষাকে নয়, ওঁর নাকি গণিত আর গবেষণা ছাড়া অন্ত কিছুতেই মন নেই। না খেলাধুলায়, না তকণস্থলভ আমোদ आक्लाम। जग्रस यम थान ना. সিগারেট খান না, কেম্বিজের বিখ্যাত বাইচথেলায় যান না। অবসরে তিনি কখনও কখনও সি পি স্নো'র নভেল পড়েন, কথনও ওডহাউদ, শার্লক হোম কিংবা ভব্লিউ ভব্লিউ জ্যাকব। কিন্তু এতদিন বৃটেনে থাকলে কি হবে, তিনি আইয়ান ফ্লেমিং-এর নাম পর্যস্ত জানেন না। তার চেয়েও শুনবার মত থবর---দিনের পর দিন, রাতের

পর রাত দিস্তা দিস্তা কাগজ নই করেন যে বিজ্ঞানী কোনদিন ভূলেও নাকি তাঁর ইচ্ছা হয়নি একবার 'ইউরেকা' বলে চেঁচিয়ে ওঠেন!

প্রশ্ন: জয়ন্ত কবে ফিরছেন গ বছর তিনেক আগে একবার মা বাবাকে দেখে গিয়েছেন ছ'ভাই ( ওঁর একমাত্র ভাই অনস্তও কেদিজে আছেন। স্থতরাং এই মুহূর্তে আবার ছুটে আসার প্রশ্ন ওঠেনা। তিনি জানিয়েছেন—ফিরছি '৬৭ সনের পরে. অর্থাৎ কেম্বিজের মেরাদ শেষ করে। — কিন্তু এই কেমিজ, এই সহক্ষিদ্ৰ গবেষণাগার,—শেষ পর্যন্ত তিনি ফিরতে পারবেন কি ? বাবা বলেন-অবশ্য জয়ন্ত অনেক আগেই এদেশের ছেলে হয়ে আছে। '৬১ সনে ইতালীভে এক বিজ্ঞান সম্মেলনে যোগ দিয়েছিল দে কেম্জের হয়ে, কিন্তু গত বছর কুসংস্থার এবং জাতিবৈষম্য উচ্ছেদকল্পে 'ইউনেস্কো' যে সম্মেলন ডেকেছিল জয়ন্ত ছিল তাতে ইণ্ডিয়ান ডেলিগেট। মা বলেন শুধু কি তা ?—এই দেখ ছবি। পাশেই থাকেন বিখ্যাত ঔপন্যাসিক ই. এম. ফ্রন্টার। জয়স্ত তাঁর সঙ্গে ফটো তুলে পাঠিয়েছে,— মাথায় পাগড়ি, গায়ে তার আমাদেরই পোষাক। ₹€. ७. ७8

[ ১৯৬৫ সনে প্রজাতম্ব দিবসে ভ: নারলিকার রাষ্ট্রপতি কর্তৃক 'প্লভূষণ' উপাধিতে ভূষিত হন।

#### নারায়ণ, জয়প্রকাশ

মনে হয় কোন নব্য মুশকিল-আসান, কাধে (অদুখ্য) মস্ত খেত-পতাকা. হাতে শাস্তি চিরাগ। নিশানে নিশানার অভাব নেই— হাঙ্গেরী, তিব্বত, গোয়া, কাশ্মীর, জামদেদপুর, নাগাল্যাগু,—আকদাই-চীন সর্বঘটে তিনি বিরাজমান। আবার আজ উত্তর রোডেশিয়ায় পিস-মার্চ, ইন্দোনেশিয়ার কাল বন্দিমুক্তি পরশু নেপালের পঞ্চায়েত, তার পরদিনই হয়ত বা অক্ত কোন মহৎ উপলক্ষ্যের লক্ষ্যে আরও দূরবর্তী কোন স্থানে। অত্যন্ত সহামুভ্তিশীল দর্শকও স্বীকার যাবেন,—এমন যোদ্ধা কল্পকাহিনীতেও কদাচিৎ মেলে।

নেহকজী নিজেই নাকি বলেছিলেন একবার (১৯৪৮)— 'জয়প্রকাশ
ইজ দি ফিউচার প্রাইম মিনিস্টার অব
ইণ্ডিয়া।' গান্ধীজী নাকি বলেছিলেন
— 'গ্রেটেস্ট মার্ক্সিস্ট অব ইণ্ডিয়া।'
মার্কসবাদীরা তৎকালে ( অর্থাৎ ১৯৪০
সনের আগে ) ব ল তে ন— "ইণ্ডিয়ান
লেনিন।" সোস্থালিস্টরা বলতেন

(১৯৪৮ সনের আগে)—'এশিয়ার পহেলা নম্বর সোক্তালিন্ট।' এবং কোন কোন গান্ধীপন্থী নাকি বলেন (১৯৫১ সনের পর থেকে)—"জে পি ভারতের শ্রেষ্ঠ গান্ধীবাদী।" অথচ জয়প্রকাশ নিজে বলেন—"আমি রাজনীতিক নই। নাউ আই অন্লি ট্রাই টু ডু হোয়াট ইজ রাইট। দি রেন্ট মান্ট টেক কেয়ার অব ইট-সেলফ।"

তব্ও যে শ্রীজয়প্রকাশ নারায়ণ থেকে থেকেই শুক্তর রাজনীতিকের ভঙ্গিতে এখানে-ওথানে উকি মারেন তার কারণ সেটাই বরাবরের স্বভাব। তাঁর মত আর কোন ভারতীয় রাজ-নীতিক বোধ হয় মনে মনে এত প্রাসাদ গড়েননি, এবং ভাঙেননি। জয়প্রকাশ নারায়ণ সেদিক থেকে ক্ষণে ক্ষণে অত্যন্ত নিষ্ঠাবান আদর্শ-বাদী হয়েও শেষ পর্যন্ত এক আশ্চর্য অ্যামেচার। রাজনীতিতে নেমে এক জীবনে তিনি যত কোতৃক করেছেন তেমন বোধ হয় আর কেউ নয়। সেদিক থেকে সস্ত জয়প্রকাশের জীবন রীতিমত বর্ণাচ্য।

জন্মছিলেন বিহারের সীতাবদি-ম্বাড়া নামে ছোট্ট এক গাঁয়ে (১১ই অক্টোবর, ১৯০২ সন) এক কায়স্থ

## নারায়ণ, জয়প্রকাশ

্ত্ররে। বাবা সেচ বিভাগে সামান্ত কাজ করতেন। ছেলে স্থলে পড়ত। জয়প্রকাশের বয়স তথন মাত্র আঠার এমন সময় হঠাৎ জেলায় এসে উপস্থিত হলেন গান্ধী স্বয়ং। তরুণদের তিনি ইংরেজের গোলামথানা ছেড়ে বেরিয়ে **আ**গতে আহ্বান জানালেন। জয়প্রকাশ স্থল থেকে বাডি চলে এলেন। তারপর 2255 সনের আগস্টের এক দিনে কলকাতা থেকে পাড়ি জমালেন মার্কিন যুক্তরাষ্ট্র। উদ্দেশ্য: সেখানে নিজে রোজগার करत्र পড़रवन। इरहाई करत्रिहालन সেদিন জয়প্রকাশ। তিনি মার্কিন দেশের নানা স্থানে দীর্ঘ সাত বছর ধরে কলকারখানায় ক্ষেতেখামারে নানা কাজ করেছেন এবং কল্যাস থেকে গ্র্যাজুয়েট হয়েছেন,--এম-এ পড়েছেন। কিন্তু সম্ভবত তার চেয়েও উল্লেখযোগ্য সংবাদ এই **জয়প্রকাশ সেথানেই** কম্যুনিস্টতন্ত্রে मौका नियाहित्वन। १थ থরচা জোগাড করতে পারলে এবং সময়মত শুভুরমহাশয়ের ঘনিষ্ঠ বান্ধব জনৈক রাজেন প্রদাদের সাবধান বাণীটি এদে হাতে না পড়লে ("ভারতের স্বাধীনতা যুদ্ধ হবে ভারতে, —রাশিয়ায় নর।") তিনি সেদিন রাশিয়ায়ই চলে বেডেন। প্রসঙ্গত উল্লেখযোগ্য, জয়প্রকাশ বিয়ে করেছেন বিদেশবাত্তার আগে,—বয়স যথন কুডির নীচে।

সাত বছর বিদেশে কাটিয়ে ১৯২৯ সনের সেপ্টেম্বরে জয়প্রকাশ ফিরলেন। পরের জামুয়ারীতেই কংগ্রেসে যোগ দিলেন কটুর ক্যানিস্ট। বন্ধ নেহক ভক্র সোস্থালিস্টকে শ্রমিক **एश**द्वद দায়িত্ব অৰ্পণ করলেন। ১৭ই মে ভমিষ্ঠ সনের হল কংগ্রেদ সোস্থালিস্ট পার্টি। তৎ-কালের বিখ্যাত "আগুন খেকো" পরবতী **ভ**য়প্রকাশ নারায়ণের কাহিনী সকলের জানা। প্রথমে क्यानिम्हेरात्र मरक रामिस, भवकाराहे সব খুইয়ে ছাড়াছাড়ি। '৪০ সনের এপ্রিলে সোস্থালিস্ট পার্টি থেকে ক্ম্যুনিস্টরা বিদায় হল। বিজ্ঞোহী জয়প্রকাশ প্রবল গৌরবে বিয়াল্লিশের বিদ্রোহ চালালেন। তিনি কথনও ২২ ফুট দেওয়াল ডিঙ্গিয়ে জেল থেকে (হাজারিবাগ জেল, ৮ই নভেম্বর ১৯৪২ ), কখনও নেপাল **मी** यादि পুলিশের সঙ্গে সাক্ষাৎ চালাচ্ছেন। তৎকালে মৃত অবস্থায় দশ হাজার টাকা তাঁর মাথার মূল্য।

নালের, গামাল আবদেল

'৪৮ সনে কংগ্রেস ত্যাগ করার পর থেকে দে মাথার দাম লোকচকে ক্রমেই যেন কমতির দিকে। জয়-প্রকাশ তথন "ইয়ে আজাদী ঝুটা লোগানে আস্থাবান। তখনও তিনি তাঁর দশ হাজারী **"ফ্রিডাম ত্রিগেড" মাধ্যমে জনতার** রাজ কায়েমের স্বপ্ন দেখেন। ছ'বছর পরেই শোনা গেল জয়প্রকাশ মত করছেন। তিনি এমনকি সমাজতত্ত্বে পর্যন্ত যথেষ্ট নির্ভরতা খুঁজে পাচ্ছেন না। কিছুদিন কাটল যুগোল্লাভিয়ার "নব্য-তল্পের মায়ায়, ভারপর '৫২ সনে সর্বোদয়ের স্থিম চায়া। '৫৪ সনে জয়প্রকাশ সাড়ম্বরে ঘোষণা করলেন---আর দল নয়, রাজনীতি নয়,--এবার থেকে ভূদান আমার একমাত্র ধ্যান।

ইদানীং দে ধ্যানেও শান্তি খুঁজে পাওরা যাচ্ছে না। কেননা, পৃথিবীতে অনেক ক্রটি, দেখানে পলায়ন সম্ভব হলে, মোক্ষ কেউ আটকাতে পারে না। জয়প্রকাশ ডাই অবশেষে নবরূপ ধারণ করেছেন। কথনও তিনি আন্তর্জাতিক শান্তি ব্রিগেড গড়ছেন, কথনও আয়ুবের ছক ধার করে ভারতের জল্যে ব্নিরাদী গণতত্ত্বের নক্সা কাটছেন,

কথনও ভারতের তথাকথিত লুপ্ত
আত্মার সন্ধানে দাঙ্গার ছাই ঘাটছেন,
কথনও তিনি নাগাল্যাণ্ডে,—কথনও
কাশীরে।

নাগাল্যাণ্ডের তথাকথিত শাস্তি-যজ্ঞ জমতে না জমতে নতুন স্থসমাচার আওড়াতে শুক করেছেন জে. পি। তিনি আকসাই চীনকে ভূদানের তালিকায় তুলেছেন। এবং তার পর-কণেই কাশ্মীর উপত্যকা মাথায় নিয়ে পিণ্ডিষাত্রার উদ্দেশ্রে পা বাড়িয়েছেন। জয়প্রকাশ নিঃসন্দেহে—অনিব্চনীয়।

#### নাসের, গামাল আবদেল

কায়রোর আকাশে যথন রয়াল
এয়ার ফোর্সের প্লেনগুলো গর্জন করতে
করতে উড়ে বেড়াত, মিশরের প্রাচীন
মাটিতে দাঁড়িয়ে আট বছরের একটি
শিশু তথন হাত পা ছুঁড়ে গলা ফাটিয়ে
টেচাত—'ইয়ে আজিজ!' 'ইয়ে
আজিজ!' দহিয়া তাঘুদ আলইংলিজ!
—ইয়ে আজিজ!—হে ঈশ্বর, হে ঈশ্বর,
ইংরেজেরা এক্ষ্নি যেন কোন বিপদে
পড়ে, হে ঈশ্বর, এক্ষ্নি যেন—!

ছেলেটি নীল উপত্যকার এক দরিজ চাষীর ঘরের ছেলে। বাবা তার চাষী নন—জনৈক সহকারী

#### नाटमत्, शामान आवटमन

পোন্ট মান্টার। তাঁর এই ত্রস্থ ছেলেটির নাম—গামাল আবত্ল নাদের! আজও তেমনি 'ত্রস্ত', তেতালিশ বছরের তুর্ধর রাষ্ট্রনায়ক নাদেরের পরবর্তী জীবন বয়সাক্তমে নীচের মত:

বয়স যখন যোল : নাসের তথন কায়রোর আল-নাহদা স্থলে পড়েন। তিনি স্থল পালিয়ে সিনেমা দেখেন। এবং পুলিশ একদল মামুষকে পিটাচ্ছে দেখে বই ছুঁড়ে ফেলে দিয়ে তৎক্ষণাৎ লড়াইয়ে মেতে যান। নাদেরের চওড়া কপালের এক কোণে আজও দাগ আছে একটা। দেটা দে-ই দিনের, পুলিশের লাঠির দাগ। সেই উপ-লক্ষেই 'ইয়ং ইজিপিটয়ান'দের সঙ্গে পরিচয়, কারাবাস এবং প্রথম রাজ-নৈতিক দীকা। কায়বোর নাসের তথন বিখ্যাত ছাত্রনেতা। ইচ্ছে করলে তিনি যে কোনদিন ছাত্রদের ধর্মঘট করাতে পারেন। করিয়েও ছিলেন।

বয়স যখন কুড়িঃ তরুণ নাসের তথন কায়রোর রয়াল মিলিটারী একাডেমির শিক্ষানবীশ। তাঁর প্রথম পরিচয় তিনি— দৈনিক হয়েও ইংরেজ বিরোধী। তা হলেও সেকেও লেফটেনেট হিসেবে একটা বাহিনী

দিয়ে তাঁকে পাঠান হল—নীল নদের তীরে একটি ঘাঁটিতে। কেননা, দে বছরই মিউনিক এবং আরব-প্যালেস্টাইন যুদ্ধ। নাসের সে যুদ্ধে তথন প্রধানত দর্শক।

বয়স যখন ছাবিবশৃ ঃ মিলিটারী একাডেমির ইনস্টাক্টার নাদের এখন বিবাহিত। তিনি কাঁয়রোর এক সম্পন্ন কার্পেট ব্যবসায়ীর কন্তাকে বিয়ে করেছেন। তেতাল্লিশেও নাদের এখনও সেই মেয়েটির স্বামী। ওঁরা পাঁচটি সস্তানের জনক-জননী।

বয়স যখন তিরিশ: কলেজ থেকে বের হয়ে তিনি এবার চললেন রণাঙ্গনে। কেননা, সেটা ১৯৪৮ সন এবং প্যালেস্টাইনে তথন তুমূল যুদ্ধ। ফিরে আসার দিন ঘাড়ে আঘাতের সঙ্গে মনে একটি সংকল্পও ছিল তার সেদিন। সেটি,—যে করে হক, ইংরেজকে তাড়াতে হবে। 'কারন' তরুণ সেনানীর নিভূলি হিসেব 'আসল শত্রু ওরাই!' ফলে সেদিনই ফাজুলার এক গোপন সভায় গঠিত হল—ক্রি অফির্সাস পার্টি। এ দলের সভ্যরা স্বাই সৈনিক।

বয়স যখন চৌত্রিশ ঃ 'সাতশ' 'ক্রি অফিসার'-এর সহযোগে নাসের

#### নাসের, গামাল আবদেল

ইসন্ত বিজ্ঞাহ ধটালেন ফারাউদের ঐতিহাসিক দেশে। ফারুক বিদায় নিলেন। নাসের তার জায়গায় সামনে এগিয়ে দিলেন জেনারেল নাগিবকে।

বয়স যখন ছত্রিশঃ বিদায় নিলেন
নাগিব। কারণ ক্ষমতা হাতে পেয়ে
তিনিও নাকি ফারুক হতে চলে
ছিলেন। স্বভাবতই এবার সামনে
এগিয়ে এলেন নাসের স্বয়ং। তাঁর
গায়ে তথনও একটা কর্নেলের
জামা! বরুরা টানাটানি করলেন,
কিন্তু প্রধানমন্ত্রী কিছুতেই সেমিরামিদ
হোটেলের ভেতরে চুক্বেন না! শুধু
চা আর সিগারেট ভক্ত এই মানুষ্টি
তাই বান্দুয়ে দেদিন এত সহজে
সকলকে জয় করে ফেলেছিলেন।

বয়স যথন আট ত্রিশ ঃ দেবার 
হৈয়েজ জাতীয়করণ এবং হ্যেজ যুদ্ধ।
বিলিতি কাগজেই কাটুন বেরিয়েছিল
—থাল সাঁতরে রুটিশ সিংহ পালাচ্ছে,
লেজটি তার মিশরের স্পীংক্স-এর হাতে!
হাজার হাজার বছরের পাথরের
মূর্তিগুলো যেন সেদিন সহসা জীবস্ত
হয়ে উঠেছিল, এই হ'শ পাউণ্ডের
আরব জোয়ানটির কথার যান্ততে।

বয়স যখন তেতাল্লিশ: দে বছর সৈনিক বিপুল ভোটে নির্বাচিত হলেন সংযুক্ত আরব
সাধারণতন্ত্রের সভাপতি (১৯৫৮)।
ক্রমে সিরিয়ায় দেখাদেখি সক্ষে
এল ইয়েমেনও। 'ইউ এ আর'
তথন মধ্যপ্রাচ্যে এক থরহরি
সংবাদ।

বয়স যখন আটিচল্লিশ ঃ এবারও পরপর অনেক চমকপ্রদ সংবাদ 'ইউএ-আর'ও তার সভাপতিকে ঘিরে।
প্রথম, সিরিয়া বেরিয়ে গেল। দিতীয় গেল—ইয়েমেন। কিন্তু আশ্রুর্ক, নাসের যে তবুও হাসছেন তাই নয়, তিনি সেই নাসেরই আছেন। ক'দিন আগে তিনি মিশরের মাটিতে শেষ বিদেশীদের চরমপত্র দিয়েছেন। আর তার ক'দিন আগে গানা যায় গোয়ায় পা পড়ার আগে কারও ম্থের দিকে না তাকিয়ে স্থয়েদের ম্থে পতুর্গালের জাহাজটি ঘিনি আটকে দিয়েছিলেন তিনি নাকি এই নাদের!

—আগে থেকেই কি পরিকল্পনা ছিল কোন ?

নাদের এবারও নিশ্চর হেদে জবাব দেবেন—'নো, আই বিয়ালি ফাভ নো প্ল্যানস, আই জাস্ট রি-আারু।'

৮. ১২. ৬১

## मायात्र, श्रुमीला

## নায়ার, সুশীলা,

ষেতে ষেতে প্যারেলাল বলেছিলেন—'তোকে নিয়ে কোথায়
যাচ্ছি জানিস ?—স্বর্গে।' অবাক হয়ে
লাজুক মেয়েটি দাদার মুখের দিকে
তাকিয়েছিল। '—ইয়া, প্যারেলাল
বলেছিলেন—'পৃথিবীতে স্বর্গ যদি
কোথাও থাকে দেখবি আমাদের
আশ্রম তাই।' ট্রেণের কামরায় ওঁকে
প্রার্থনা শিথিয়েছিলেন প্যারেলাল।
কিভাবে বসতে হয়, কিভাবে চোথ
বুঁজতে হয়, কিভাবে রামধ্ন গাইডে
হয় ইত্যাদি।

স্পীলার দেই প্রথম গান্ধীজীকে
দেখা। তিনি তথন কলেজের ছাত্রী।
বয়দ—মাত্র ১৫। ভাইয়ের সঙ্গে হু'
দপ্তাহ ছুটি কাটাতে এসেছিলেন
ওয়াধায়। ভেবেছিলেন ছুটির পর
আবার ঘরে ফিরে যাবেন, দিদির মত
পড়ায় মন দেবেন। তাছাড়া মা
দাবধানও করে দিয়েছিলেন—'দেথিস,
দাদার পাল্লায় পড়ে কোন মন্ত্র উন্ত্র

তা নেননি। কিন্তু ঘরে ফেরা মাত্র মা জেনেছিলেন মেয়ে তাঁর ঘরে ফেরেনি। দিদি অবাক হয়ে গিয়ে-ছিলেন। নিরস গলায় বলেছিলেন— 'হাা, পরবি বৈকি! তবে এ কাপড় থাকতে নয়। আগে এ কাপড় ছিঁডুক তবে থাদি পাবি।—হু, মেয়েও আমার গান্ধী হবেন।'

'—হুঁ, তুমি কি ভেবেছ তুমিও গান্ধী হবে ?' বছদিন পরে প্রায় ভৎ দনার স্থরেই কথাটা বলেছিলেন 'বা',—কন্তরবা। '৪২ সনের কথা। ওঁদের সঙ্গে ফুশীলাও তথন আগা থাঁ প্রাসাদে। খবর এসেছে বাডীতে মা শয্যাশায়ী। তার পরেই থবর, সংসারে তাঁর নিকটতম বন্ধ বৌদি ( আর এক ভাইয়ের স্ত্রী ) তাঁর প্রথম সন্তান ভূমিষ্ঠ হ ওয়াব প্রাণত্যাগ সক্তে করেছেন। মরার সময় তিনি বলে গিয়েছেন-স্থশীলা যেন ওঁকে দেখে! তবুও কাগজ কলম নিয়ে বসতে রাজী হলনা মেয়েটা। সরোজনী নাইডু বললেন, কম্বরবা বললেন, জেলের অন্ত বন্দীরা বললেন, কিন্তু স্থশীলা কিছুতেই निथरवन ना। किनना, िर्छ निथाव অধিকার নিয়ে বাপুর দঙ্গে কর্তৃপক্ষের মনোমালিক চলছে! शाकीकी ज्वन থেকে বাইরে চিঠি লিখবেন না বলে সকল্প করেছেন। কল্পরবার ধৈর্যভঙ্গ रम। তিনি রেগে গেলেন—'দেখ, গান্ধীদী মহাত্মা !—তুমি কি মনে কর তুমিও গান্ধী হবে ?'

ডঃ স্থালা নায়ার গান্ধী হননি।
'বা' জানলে আনন্দিত হতেন তাঁর এই
আছরে মেয়েটি, প্যারেলালের সেই
ফুটফুটে বোনটি আজ এমন মেয়ে
হয়েছেন বাপু যা তাঁকে হতে বলতেন,
—'মেয়ের মত মেয়ে।'

ছই ভাই এক বোনের পর গুজরাটের বিখ্যাত নায়ারদের এই মেয়েটি ভূমিষ্ঠ হয়েছিলেন গুজরাট জেলার কুনজা বলে একটা গ্রামে। গান্ধীজীর সঙ্গে প্রথম দেখার দিনে পড়তেন তিনি লাহোর কলেজে। তারপর দিল্লির লেডি হার্ডিঞ্জ মেডিকেল কলেজ, তারপর কলকাতা এবং অবশেষে মার্কিন যুক্তরাষ্ট্র। দিল্লির এম. বি. বি. এম.. পাঞ্চাব বিশ্ববিত্যালয়ের এম.ডি., জন-হপকিনস বিশ্ববিত্যালয়ের এম. পি. এইচ. এবং ডক্টর পি. এইচ. ডাঃ স্থশীলা নাম্বার আজ শিশু এবং সামাজিক চিকিৎসার ক্ষেত্রে চিকিৎসক হিসেবেও স্থনামধন্য। ফরিদাবাদের মেডিকেল অফিদারের কাজ ছাডাও ট্রাস্ট কম্বরবা মেডিকেল বোর্ড, 'উনো'র দোস্থাল ইত্যাদি দেশীয় কমিশন নানা এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানে তিনি অনেক দায়িত্বপূর্ণ PIT কাজ कि ब्रि করেছেন। এক সময়

বা**দ্যের স্পীকার এবং স্বাস্থ্যমন্ত্রীও** ছিলেন।

কিন্ত ভারতের স্বাস্থ্যমন্ত্রী স্থশীলা নায়ারের তার চেয়েও বড পরিচয় বোধ হয় এই ষে. তিনি পনের বছর বয়স থেকেই 'স্বাস্থ্যমন্ত্রী'র কাজ করে আস্চেন। তার দীর্ঘ চাত্রজীবনে ('৫০ সন অবধি ) যথনই স্থােগ এসেছে তথনই তিনি আশ্রমে। দেখানে তিনি ছাত্রজীবন থেকেই 'ডাক্তার।' সেবার হঠাৎ বাপুর টেলিগ্রাম এল—'বা' ইজ ইল।' সুশীলা তথন কলকাভায়। স্থল অব পাবলিক হেলথ-এ পডছেন। কার মত পড়া মূলতুবী। এক মাস ছটি নিয়ে তিনি ছটলেন ওয়ার্থা। তেমনি নোয়াখালি ভনে—নোয়াখালি. —পাঞ্জাবের থবর **আ**সা মাত্ৰ---পাঞ্চাব।

এখন 'বা' নেই,—বাপু নেই।
স্থালা তাই অবসরও চান না।
দিনরাত্তির তিনি বাপুর কাজে, দেশের
কাজে তুবে থাকতে ভালবাসেন।
কালেভজে যখন ফাঁকা পান, একা
আপন মনে বসে বং তুলি নিয়ে বসেন,
ছবি আঁকাই তাঁর একমাত্র নেশা।

२, ७. ७२

## নায়ারেরে, জুলিয়াগ

# নায়ারেরে, জুলিয়াস

পঁয়তিশে প্রধানমন্ত্রী !

থবরটা আফ্রিকার বলেই 'যাতৃ'
নয়।

আদল কথা, হতে জানা চাই।
উনি ষে হলেন দে শুধু 'উহরু' 'উহরু'
ধ্বনি আর বর্শান্ত্য দেখিয়ে নয়,—
অন্ত একটি মন্ত্র বলে। 'উর শ্লোগান
ছিল—'উহরু না কানি!'—'স্বাধীনতা
এবং কাজ।' শুধু স্বাধীনতা নয়,
তার সঙ্গে চাই কাজ! কাজ চাই
স্বাধীনতার জন্তেও।

সত্যিই কাজের মাতৃষ ছিলেন—
সন্থ স্বাধীন ট্যাঙ্গানাইকার প্রধানমন্ত্রী
নায়ারেরে। বাবা জানকি উপজাতির
জনৈক দলপতি। বাড়িখানা ছিল
বিখ্যাত ভিক্টোরিয়া লেকের ধারে।
কিন্তু স্থল ছিল দেখান থেকে চল্লিশ
মাইল দ্রে। ছোট বেলায় ছেলেটি
দেখানেই পড়ত।

তারপর মুদোমার দেই স্থল থেকে
ক্রমে ক্রমে আরও দ্রে। প্রথমে
তাবোরার ক্যাথলিক মিশন স্থলে,
তারপর উগাণ্ডার একটা টিচার্স ট্রেনিং
কলেজেই। সেথানেই বিখ্যাত
কেনিয়ান ডাঃ কিয়ানোর সঙ্গে দেথা
এবং সেথানেই প্রীকা।

জুলিয়াদের বয়স তথন মাত্র কুড়ি বছর।

পাশ করার পর তিন বছর
শিক্ষকতা করেছিলেন তাবোরার
একটা স্থলে। তারপর একদিন ছাত্র
হয়ে নিজেই পাড়ি জমালেন বিলেতে।
উল্লেথযোগ্য, ট্যাঙ্গানাইকা নামক
দেশটি থেকে ইংলণ্ডে তিনিই প্রথম
বিদেশী ছাত্র।

'৪৯ সনেও এডিনবরা বিশ্ববিভালয়ে অর্থনীতি আর ইতিহাস পড়তেন জুলিয়াস নায়েরেরে। পড়ার ফলে রাজনীতি সম্পর্কে ধারণা ম্পষ্টতর হল। মনে মনে দিদ্ধান্ত গৃহীত হল, অভিযোগ আর আবেদন নয়, মৃক্তির একমাত্র পথ—কর্ম,—বিরামহীন কাজ।

দেশে ফিরে আবার স্থুলের কাজেই ফিরে গিয়েছিলেন তিনি। তিনবছর মনে তাঁর দেশের ছেলেদের লেখাপড়া শেখান ছাড়া আর অন্ত কোন চিস্তাছিল না। কিন্ত '৫৩ দনে ওরা এসে এমনভাবে ধরে পড়ল ধে, এড়ান গেল না। জুলিয়াস সহযোগী সরকারী কর্মচারীদের একটি প্রতিষ্ঠানের সভাপতি নির্বাচিত হয়ে গেলেন।

তবে তিনি যে তথনও কর্মী আছেন সেটা বোঝা গেল পরের

#### নিজাম, স্থার ওসমান আলিখান

বছর। বংসরাস্তে দেখা গেল—বা ছিল সরকারী কর্মচারীদের প্রতিষ্ঠান তা-ই এখন ট্যান্সানাইকান আফ্রিকান ক্যাশনাল ইউনিয়ন। দশটি সম্ভানের পিতা জুলিয়াস তার প্রধান।

তৎসত্তেও ১৯৫৪ সন অবধি
শিক্ষকের আসন ছাড়েননি—ট্যাঙ্গানাইকার প্রায় নিশ্চিত প্রধানমন্ত্রী।
নিশ্চিত বলছি এজন্মে ধে, কাউন্সিলে
আসন যথন নয়টি তথনও তাঁর দল
পাচ্ছে আটটি। আজ যথন আসন
সংখ্যা একাত্তর, তথন তাঁর হাতে
আসন আছে সত্তর।

কোন আফালন নেই, একফোঁটা রক্তপাত নেই,—এ মাহুষ কেন বলতে , পারবেন না যে,—কাজে, শুধু মাত্র নীরব কর্মেও স্বাধীনতা আসে।

১৪. ১২. ৬১.

### নিজাম, স্থার ওসমান আলিখান

ভক্ত প্রজারা বলত—'জিলেলাহি'
অর্থাৎ মর্জে ঈশবের ছায়া। আর্জির
আরজ্ঞে আর যেদব পারদিক বিশেষণ
চোথে পড়ত ইংরেজীতে তর্জমা করলে
তার মধ্যে একটির মানে—'দি গ্রেট
এগু হোলি প্রটেক্টার অব দি ওয়ান্ড'।'
অন্ত একটির অর্থ—'মাইটি হোল্ডার
অব ডেক্টিনিদ।' নিজাম দেদিন

সত্যিই ভাগ্যবিধাতা। অন্তত ভারতের বিরাশী হাজার তিনশ' তের বর্গমাইল জমিতে,—এক কোটি নকাই লক মান্থবের জীবনে। তাঁর ফরমান তাদের জীবনে আইন। ওরা তাঁর নি**জয়** বেলপথে যাতায়াত করে, তাঁর তসবীর আঁকা থামে পোস্টকার্ডে চিঠি লেখে. তার টাকশালে তৈরী 'হালি সিকা' টাকায় হাটবাজার করে। তাছাড়া তার হাতিশালে হাতি, ঘোড়শালে ৯৭৪ ঘোড়সওয়ার, ব্যারাকে ব্যারাকে ৪২৭৮ জন গোলন্দাজ, ১৩১১৭ জন পুলিস, এবং ১১২০০ ফৌজ। তৎ-কালেও (দ্বিতীয় মহাযুদ্ধের আগে) ফেলাছড়া করে তার রাজকোষে রাজস্ব আদতো বছরে প্রায় আট টাকা—ভুধু কি তাই? কোটি ইংরেজদের চোথের সামনেই তিনি জাফরান রংয়ের আসরফী নিশান ওড়ান। বৃটিশ রেসিডেণ্টও দরবারে চিঠি পাঠাতে হলে আগে মনোযোগ দিয়ে তার সম্বোধনটি সাজান। তাদের ঠিকানার থাতা অনুযায়ী নিজামের मम्पूर्व नाम: लिक्छारनचे जिनारवन হিজ একজলটেড হাইনেস ক্লন্তমই कोतान, **आ**त्रख-रे जामान, मिशार-মৃজঃকর-উল-মৃলুক-ওয়াল-দালার, यायनिक, जामक जा, निजायछेटकीना,

### নিজাৰ, স্থার ওসমান আলিখান

মীর স্থার ওদমান আলি থান বাহাত্র करा छः, रमथकून ज्यानारे जर नि বুটিশ গভর্ণমেন্ট, জি.সি.এস.ই, জি.বি. ই,—নিজাম অব হায়দ্রাবাদ এণ্ড বেরার! নিজাম তাতে খুশী হতেন না। তিনি একবার হিন্দ একজলটেড হাইনেস-এর বদলে হিজ ম্যাজেস্টির জন্ত দাবী তুলেছিলেন। প্রজারা ভনেছিল-ইংরেজরা সে দাবী মেনে নেয়নি ৷ তাতে বলা নিস্পয়োকন তাদের ভাগ্যবিধাতার মহিমা বিনুমাত্র থর্ব হয় না। নিজাম তথন 'ঈশ্বরের ছায়া' কেন, বলতে গেলে স্বয়ং দ্বিতীয় ঈশ্বর। তাঁর সঙ্গে মুথোমুথি কথা বলা পুত্রেরও বারণ । বাবার সঙ্গে কথা বলতে হলে তাঁদেরও নাকি মাঝে কাউকে প্রতীক হিসেবে দাঁড করিয়ে তাঁকেই সব বলতে হয়।

এদব তৎকালের কাহিনী। অর্থাৎ
১৯৪৮ দনের ১৩ই দেপ্টেম্বরের
আগেকার। হায়দ্রাবাদ এবং তার
বিশ্বখ্যাত নিজামের পরবর্তী কাহিনী
আজ দকলের জানা। কাদেম
রেজভির স্বপ্লের রাজ্য 'ওদমানিস্তান'
হয়নি। ফকিরের কথা ফলেছে।
প্রথম নিজাম তাঁর হাতে সাতটি
'কুলচা' (পিঠা) দিয়ে বর চেয়েছিলেন।
ভিনি বলেছিলেন—সাতপুরুষ তোমার

বংশ নিশ্চিস্ত। সেই শ্বৃতিতেই 'কুলচা' আসরফী নিশানে রাজ্যের প্রতীক ছিল। কিন্তু হায়, কোপায় আজ সেপতাকা। একদা ভারতের বৃহত্তম রাজ্য হায়দ্রাবাদ আজ রাজ্য হিসেবে অবলুগু। নিজাম,—তিনিও বেন মধ্যযুগের কোন প্রবাদের অবশেষ মত। জীর্ণ দেহ, ভগ্ন মন—সাতাত্তর বছরের প্রবীণ হায়দ্রাবাদ-অধিপতি আজ নিশ্চিতভাবেই অতীতের ভগ্নস্থপ। 'কিসমং' ছাড়া তাঁর মুথে আজ আর কোন ফরমান নেই। অপচ ক'বছর আগেও তিনি ছিলেন এক স্বতন্ত্র পুরুষ।

দিল্লীর মোগলদের থেকে অতন্ত্র
বংশ। বংশের প্রতিষ্ঠাতা নিজাম-উলমূলুক আসফ জা (১৭২৪) মোগল
দরবারেরই কর্মচারী ছিলেন বটে,
কিন্তু তিনি বলতেন তার পূর্বপুরুষ
বয়ং পরগম্বরের শশুর আবু বকর।
ওসমান আলি সেই বংশেরই সপ্তম
পুরুষ। জন্ম তার—১৮৮৬ সনে।
এবং বলতে গেলে জন্মদিন থেকেই
তিনি নিজাম। কেননা, দীর্ঘদিন
নি:সন্তান পূর্ববর্তী নিজামের প্রাসাদে
তিনিই প্রথম সন্তান। জন্মের সঙ্গে
সঙ্গেই তাই ভবিশ্বতের নিজাম হিসেবে
তার নামটি ঘোষণা করা হয়েছিল।

ওসমান আলি হায়দ্রাবাদের সিংহাসনে বসেছেন ১৯১১ সনে, পঁচিশ বছর বয়দে। বিয়ে করেছেন তিনি তারও আগে, ১৯০৫ সনে। নিজাম তথন ষথাৰ্থ ই নিজাম বাহাতুর। সালার জংয়ের মিউজিয়ম দেখতে গিয়ে ভবিষাতের নিজায একটি শ্বেত পাথরের নারীমূর্তি তারিফ করে-ছিলেন। প্রথা অমুযায়ী সেটি তৎ-ক্ষণাৎ প্রাদাদে নজরানা হিসেবে পাঠিয়ে দেওয়ার কথা। কলামুরাগী মন্ত্রী সে সৌজন্ত দেখাতে রাজী হননি। শোনা যায় সিংহাসনে বসে নিজাম তার জবাব দিয়েছিলেন আর একটি প্রথা ভঙ্গ করে। তিনি নি**জে**ই প্রধানমন্ত্রী হয়েছিলেন । নিজের ওসমান আলিব দীর্ঘ প্রতালিশ বছরের রাজত্বে এমনি দব থেয়াল খুশী পছन অপছনেরই কাহিনী।

\* \* \*

ইদানীং শোনা যাচ্ছে, নিজাম তাঁর প্রথমপুত্র আজম জা তথা স্থনাম-ধন্ত প্রিন্ধ অব বেরারকে থারিজ করে তত্ম পুত্র প্রিন্ধ মুকারাম জাকে তাঁর উত্তরাধিকারী মনোনীত করতে চান। শোনা যায় তার কারণ প্রিন্ধ অব বেরার নাকি অত্যন্ত বিলামী, তাঁর স্থামোদ আহলাদ, জাঁক-জমকের শেষ

## নিজাম, স্থার ওসমান আলিখান

নেই। নিজাম নিজে আমোদ জানতেন না এমন নয়, তিনি ভধু কবি স্বভাবের মাহুষ নন, ভাঁর হারেমের কাহিনী এখনও নাকি সমগ্র দক্ষিণে এক রহস্ত, কিন্তু প্রতিষ্ঠা তাঁর প্রধানত 'কিপ্টে' হিদেবেই। শোনা যায় দামনে একটি পয়সা পডে থাকতে দেখলেও নিজাম হাত বাড়িয়ে সেটি তুলে নিতে ইত:স্তত করেন না। ইদানীং তাঁর দে স্বভাব নাকি আরও পরিণত। প্রতিরক্ষা তহবিলে তাঁর কাহিনী স্থবিদিত। নিজাম জানিয়ে-ছিলেন—টানাটানিতে আছি. বেশী একবার ভুনৈক অসাধ্য। আর বিদেশীর প্রশ্নের উত্তরে তিনি বলে-ছিলেন—রেডিও যে কিনব তার পয়সা কোথায় ?

হয়ত প্রশ্ন উঠবে: তার প্রেও উত্তরাধিকারীর প্রশ্নে এত চিস্তার কারণ কি ? উত্তর: দেখানেই নিজাম বাহাছরের আসল মাহাত্ম্য। তাঁর কিছু নেই বটে, কিস্তু বছরে এখনও পৃঞ্চাশ লাখ টাকা সরকারী ভাতা আছে, তাছাড়া আছে পাঁচ কোটি ডলার পরিমাণ মোহরদানা, পনের কোটি ডলারের জেওরপাতি এবং বিস্তর সারফ-ই-খাস বা খাস জমিপত্তর। নিজাম এখনও পৃথিবীর সবচেয়ে ধনীদের মধ্যে একজন।

## त्न छेटेन, ट्लनार्त्रल

ব্যক্তিগত সম্পত্তি বলতে ছিল ছ'থানা তোরক। দেগুলো পেয়ে-ছিলেন উপস্থিত থবরের কাগজের রিপোটাররা। বাকী ছিল তিনথানা কামিজ আর থানকয় লুক্ষি। জন্ত-হাতে একটা স্থটকেসে দেগুলো গুছিয়ে নিয়ে উ হু প্রধানমন্ত্রীর বাস-ভবন থেকে বেরিয়ে এসেছিলেন। বলেছিলেন—উপায় নেই, নয়ত দেশ উৎসত্তে যায়।

দে ১৯৫৮ সনের অক্টোবরের কথা। স্বেচ্ছানির্বাসিত প্রধানমন্ত্রীর শৃত্য আসনে সঙ্গে সঙ্গে অধিষ্ঠিত হলেন এক অন্তুত দর্শন আগন্থক। গায়ে তাঁর সামরিক উদী, কোমরে পিস্তল। আখাদ দিলেন—ব্রন্দের জনপ্রিয় প্রধান দেনাপতি—ভয় নেই, আমি কেয়ার-টেকার মাত্র। আমার এই ফৌজীজ্যানার মেয়াদ মাত্র ছ'মাদ। তারপর যাকে খুশী বসাও, আমরা আবার ব্যারাকেই দিরে যাচ্চি।

ফিরেও ছিলেন। সমগ্র বিশ্বকে
বিশ্মিত করে সত্যি সত্যিই আঠার মাস
রাজত্ব করার পর আপন আসনে ফিরে
গিয়েছিলেন নে উইন। '৬০ সনের
ফেব্রুয়ারীতে নির্বাচনে বিজয়ী হয়ে

আবার প্রধানমন্ত্রী ভবনে ফিরে এসেছিলেন প্রবীণ নায়ক উ ছু। কিন্তু তথনও তিনি জানেন না বাঘ রক্তের খাদ নিয়ে গুহায় ফিরেছে।

সেটা বোঝা গেল ৬২ সনের
মার্চে। এবার আর 'কু' শব্দটা এড়ান
গেলনা। আচমকা উ হু বন্দী হলেন,
পার্লামেন্ট বাভিল। রেঙ্গুণের উপকণ্ঠে
ছোটু একটি কুটির নিদিষ্ট হল দেশের
নির্বাচিত প্রধানমন্ত্রীর জন্তে। নে
উইন বললেন—খাত্যা-পরা ছাড়াও
ধে কোন পানীয়, পৃথিবীর যে কোন
খবরের কাগজ এখন থেকে সবই
পাবেন উ হু। একমাত্র যা পাবেননা
সে এই দেশ। এবার থেকে তার
পরিচালনার ভার সম্পূর্ণ আমার।

অসহায় ব্রহ্ম সেদিন আপত্তি
জানাতে পারেনি। তাছাড়া নে
উইনও তাদের মোটামটি চেনা
মান্ত্র। তারা জানে সৈনিক হলেও
নে উইন রাজনৈতিক মান্ত্র।
আগাগোড়া তিনি আদর্শবাদী
দেশপ্রেমিক।

মধ্যবিত্ত ঘরের সস্তান। কিন্তু
তবুও ব্যবসার বদলে গেরন্থের ছেলে
নে উইনকে পাঠান হয়েছিল প্রোমে,
হাইস্কলে। তারপর রেজ্ন বিশ্ববিভালয়ে। সেথান থেকে বের হয়ে

সরকারী কাজ নিয়েছিলেন তব্ধণ ব্রহ্ম-সম্ভান। ডাক বিভাগের কাজ। নে উইন তথন রেঙ্কুন পোস্ট অফিসে একজন কেরানীর নাম। অবশ্য নে উইন নয়, তাঁর সঠিক নাম তথন মাউং স্থু মাউং।

কেরানী স্থ মাউং সৈনিক হয়েছিলেন তিরিশের যুগো। ব্রক্ষে তথন ব্যাপক রটিশ বিরোধী আন্দোলন। বিখ্যাত থাকিন গোষ্ঠা কেরানীর রক্তে আগুন ধরাল। তিনি কলম রেথে গোপনে রাইফেলে হাত রাখলেন। কিছুদিন পরে দলের নির্দেশে গোপনেই পালিয়ে গেলেন বিদেশে, জাপানে। যে তিরিশজন ব্রহ্ম সস্তান সেদিন দেশের মৃক্তির জত্যে জাপানে যুদ্ধবিভা রপ্ত করেছিলেন স্থ মাউং তাঁদেরই একজন।

জাপান থেকে ওঁরা ফিরে
এদেছিলেন দিতীয় মহাযুদ্ধের
আগুনের মধ্যে, বিজয়ী জাপানী
বাহিনীরই সঙ্গে। এসেই নামলেন
জাপ বিরোধী সংগ্রামে। তারই
খীক্বতি খরুপ পরবর্তীকালে জেনারেল
আউং সাঙ বন্ধুকে ডেকে ছিলেন
খাধীন ব্রন্ধের দেনাবাহিনীতে। এক
বছর পরে প্রবল লড়িয়ে শ্ব মাউং নাম
পেলেন—নে উইন 'উজ্জল সুর্ধ।'

তিনি ব্ৰহ্মের প্রধান সেনাপতি। সাধারণ সৈনিকেরা বলে তিনি ভ্রম্ ক্র্য নন, 'আহা-বা'—আমাদের পিতাও।

সেনাদলের নেতৃত্ব থেকে ছুই কোটি চল্লিশলক মাহুষের অভি-ভাবকত্ব:-জেনারেল নে উইন কি দেশবাসীর আশহাকে দুর করতে পেরেছেন ? চব্বিশমাস টানা রাজত্বের পরে পুরানো এই দৈনিকটি কি বরাবরের মতই 'নিরাপদ দেশপ্রেমিক' মাত্র ? বাইরে থেকে প্রশ্নটার **উত্তর** দেওয়া সহজ নয়। ভেতর থেকেও সেটা কঠিন কাজ। কেননা, নে উইনের দেশে আজ যেমন চাওয়া মাত্রই ভিসা মেলেনা, তেমনি রেল্পে আজ পাশপোর্টও চুর্লভ। ইনিয়া লেকের ধারে তিনশ' ঘরের বিরাট হোটেলটি ফাঁকা। সেথানে টুরিস্ট নেই। কারণ নে-উইন এখন বা**ইরের** সঙ্গে যোগাযোগ পছন্দ করেন না। আপাতত একাগ্রচিত্তে সমাজতঃ প্রতিষ্ঠা ছাডা ব্রম্বের নাকি অন্ত কোন কাজ নেই।

চীন, রাশিয়া, আমেরিকা—অর্থ সাহায্য সকলের থেকেই নেও**রা হয়** বটে, কিন্তু দেশে বাবতীয় বিদেশী প্রচার বন্ধ। দিশি থবরের কার্যাক্ত

## নিক্সন, রিচার্ড এম.

নিমন্ত্রিত। নে উইন এবং তাঁর বিপ্লবী পবিষদ সমাজতম্বের সাধনায় মেতেছেন। দেশে সমবায় কৃষি চাল হয়েছে। একদিন ভোরে উঠে বন্ধবাসী দেখল দেশের চবিবশটি প্রত্যেকটির হয়ারে ফৌঙ্গ মোভায়েন। ব্লেডিওতে ঘোষণা করা হল-ব্যাক নেওয়া হয়েছে। তারপর এক্সপোর্ট ইমপোর্ট ফার্ম। তারপর তেল, কাঠ, খনি. পরিবহণ এবং অক্তান্ত যাবতীয় ব্যবসা। মায় বয় স্কাউট, ব্লেডক্রস, অটোমোবাইল এসোসিয়েশন পর্যন্ত। সর্বশেষ, ত্রন্ধের সর্বেশ্বর জানাচ্ছেন এবার থেকে এতদ্দেশে তিনি ছাডা অন্য রাজনৈতিক দল নিষিদ্ধ।

বেঙ্গুণের গভর্গমেন্ট হাউদের একটি ঘরে বসে মধ্যরাত্রি পর্যস্ত আলো জালিয়ে একের পর এক জাতীয়-করণের ফর্দ প্রকাশ করে চলেছেন বাহান্ন বছরের প্রবীণ সেনাপতি। শরীর ক্লান্ত। দেহে ব্যাধির আক্রমণ শ্লাষ্ট, একটি হাত অংশত অবশ হয়ে গেছে। কিন্তু তবুও তাঁর 'বিপ্লবে' বিরাম নেই। ছাদে অ্যান্টিএয়ার-ক্লাক্ট-গান অষ্টপ্রহর পাহারা দিছে। দরজার দরজায় সিপাহী-শান্ত্রী, রাজ-নৈতিক দিক থেকে দেশ 'বন্দী শিবির', চারদিকে 'রেডক্ল্যাগ' 'হোরাইট ফ্র্যাগ' নানা রংরের
কম্নিস্ট; তারপর কারেন, কাচিন
—রকমারী অসস্তোষ। তারই মধ্যে
প্রবল বেগে ধেয়ে চলেছেন বন্ধনাম্বক।
—কোধার ?—কোনদিকে ?—সমাজতল্পের এই তথাকথিত 'ব্রহ্মদেশীয়
পথটি'কি এখনও বর্মীসড়ক ?

₹. 8. %8.

## নিকান, রিচার্ড এম.

—'Fine, I am in agreement. I know that I am dealing with a very good lawyer!"

কুশ্চভ নিক্সন-এর কাঁধে হাড রাখলেন।

—'তুমিও তাহলে পারতে?' উত্তর দিলেন নিক্সন।—'আফটার অল ইউ ডোণ্ট নো এভরিধিং!'

আমেরিকানরা বলেন—রিচার্ড
এম. নিক্সন সব কিছু জানেন।
ক্রুশ্চভের সংগে কথা বলার কৌশল
থেকে শুরু করে হোয়াইট হাউস-এর
নাড়ি নক্ষত্র, ডিফেন্স প্রোগাম-এর
খ্টিনাটি সব। মার্কিন দেশে একশ'
সন্তর বছরে তেত্তিশজন প্রেসিডেন্ট।
কিন্তু মার্কিনীরা বলেন—ভাইস-প্রেসিডেন্ট এই একজনই। নিক্সন
যে শুধু প্রেসিডেন্টের হয়ে কাল

চালাতে পারেন তাই নয়, অনায়াদে তিনি প্রেদিডেন্টের আদনে বদতে পারেন। সংবাদ, তুই তুই দফা ভাইস-প্রেদিডেন্ট থাকার পর অতঃপর রিচার্ড নিক্সন সেই আদনটিই নিতে মনস্থ করেছেন। আদছে নির্বাচনে তিনি রিপাবলিকান প্রার্থী মনোনীত হয়েছেন।

ষাত্ন শুধু ম্যাক্সিকোতে নয়, কথনও কথনও যে থাস নিউ ইংল্যাণ্ডেও চলে তার প্রমাণ মিক্সন।

১৯৪৬ সনের কথা। ক্যালি-ফোর্ণিয়ার কোয়েকারদের ছেলে ভরুণ নিকান তথন আইন ব্যবসা ছেড়ে নীবাহিনীতে যোগ দিয়েছেন। এমন শময় লদ-এঞ্জেলদ-এর কাগজে হঠাৎ একদিন অন্তত বিজ্ঞাপন বের হল একথানা। স্থানীয় রিপাবলিকান পার্টি তাতে জানাচ্ছেন—তারা একজন উচ্চাভিলাষী তরুণ চান। রিপাবলি-কানদের হয়ে তাঁকে ইলেকশান লড়তে হবে! বন্ধুরা নিক্সনকে বিজ্ঞাপনটা দেখালেন। একজন পরামর্শ দিলেন দর্থান্ত করতে। ছাত্র হিসাবে ছেলেটার নাম ছিল। এটর্নি হিসেবেও মন্দ নয়। দ্রথাস্ত গৃহীত হয়ে গেল। নিক্সন রাজনীতিক হয়ে গেলেন। তথন তাঁর বয়স মাত্র তেত্রিশ। এথন সাতচল্লিশ। মাঝের বছরগুলো ক্রমাগত উপরে উঠার খবরে বোঝাই। '৫০ সনে তিনি সিনেটার হলেন। '৫২ সনে সহ-রাষ্ট্রপতি। '৫৬ সনে আবার থেকে গেলেন 'আইক', সংগে সংগে নিক্সনও। আইসেনহাওয়ার বলেন,—'নিক্সন ইজ মাই বয়!' নিক্সন বলেন—'মাই প্রেসিডেন্ট!' শক্রমা বলেন মত্টুকু সম্ভাবনা সে সেথানেই।

নিক্সন বিস্তৱ খাটতে পারেন. প্রচুর হাদতে পারেন, ভাল বক্তৃতা করতে পারেন। বলাবাছল্য, মার্কিন ভোটারের কাছে এগুলোর দাম অনেক। ততুপরি ও দেশের পক্ষে আরও কয়টি হুমূল্য গুণও আছে তাঁর। যথা: তিনি তাস থেলেন না. ধুমপান করেন না, কালেভজে মদ থান এবং মাঝে মধ্যে সিনেমায় যান। এছাড়াও—নিক্সন ऋथी পেট্রিসিয়া আর জুলি তাঁর হই মেয়ে। ত্র'জনেই পিতৃভক্ত। ওদের মা পেট্রিসিয়া বায়ান ওরফে প্যাট নিক্সন মার্কিন দেশে একজন মস্ত নিক্সন ভক্ত। 8. 5. 50

## নিজনিজায়া, এস.

কলমের ঘোরে বলা হয় বটে— নতুন মুখ্যমন্ত্রী। কিন্তু মহীশ্রের

### নিজনিজাপ্তা, এস

রাজনীতিতে সিদ্ধভ্ভানাহরি নিজ-লিঙ্গাপ্পা প্রবীণ ব্যক্তি। ব্যুসে না হলেও, বিশেষতে।

বয়দ—বাষ্ট। রাজনৈতিক জীবনের দৈর্ঘ্য প্রায় তিরিশ। লেথাপড়া শিথেছিলেন—জন্মভূমি মহীশ্রে, শেষ দিকে ঘর থেকে দ্রে, পুনা শহরে। সেথান থেকে আইনে উপাধি নিয়ে নিজলিঙ্গালা যথন মহীশ্র হাইকোর্টে যোগ দেন তথন তাঁর বয়দ মাত্র চিকিশ বছর। দে ১৯২৬ সনের কথা। দেশে তথন প্রথম অসহযোগ আন্দোলন হয়ে গেছে।

দেকালের নিয়মে অনেকের মতই ুরাজনীতিতে দাকা নিয়েছিলেন বার-এ বসে। সেখানে থেকেই শরিক হয়েছিলেন দ্বিতীয় অসহযোগ আন্দোলনে। কিন্তু বেশী দিন স্থযোগ পাওয়া গেল না তার। অমান্তের অপরাধে প্রতিষ্ঠিত আইন-জীবীর নাম কাটা গেল হাইকোর্টের থাতা থেকে। পরের বছর আরও কড়াকড়ি। হাত-কড়া পডল নিজ লিঙ্গাপ্পার হাতে। তিনি কয়েদ হলেন।

'৪৭ সন অবধি (কেননা মহীশ্রে ইংরেজ ছাড়া বিভীয় শাসক ছিলেন ) নানা দফায় কারাজীবন চুকিয়ে নিজলিঙ্গাপ্পা যথন বাইরে এসেছেন
তথন তিনি মহীশুরের বিখ্যাত নায়ক।
'৪৫ সনে প্রদেশ কংগ্রেসের সভাপতি
নির্বাচিত হয়েছেন তিনি। পরের
বছর নবগঠিত কর্ণাটক কংগ্রেসেরও
হাল ধরার দায়িত্ব পড়ল তাঁরই উপর
তার পর থেকেই গণপরিষদ, কংগ্রেদ
ওয়ার্কিং কমিটি, পার্লামেন্টারী বোর্ড
—এস নিজলিঙ্গাপ্তা সর্বত্ত। '৪৬ থেকে
একটানা আট বছর প্রদেশ কংগ্রেসের
সভাপতি ছিলেন পাঁচ বছর। তর্পরি
কমিটিতে ছিলেন পাঁচ বছর। তর্পরি
—'৫২ সন থেকে পাঁচ বছর
লোকসভায়।

'৫৬ সনের অক্টোবরে 'বিশাল
মহীশ্র' রাজ্য বিধানসভায়' নিজলিঙ্গাপ্পা কংগ্রোস দলের নেতা নির্বাচিত
হলেন। স্থতরাং লোকসভার পালা
চুকিয়ে এবার ঘরে ফিরতে হল তাঁকে।
'৫৮ সনের মে অবধি সে পদে ছিলেন
তিনি। তারপর আবার মহীশ্রদিল্লি এবং আভাস্করীণ দলাদলি।

দীর্ঘ চার বছর পরে নিজলিঙ্গার্থা আবার তাঁর পূর্বতন আসনে ফিরে এসে প্রমাণ করলেন, শুধু অভিজ্ঞতার নয়, বিচক্ষণতায়ও তিনি মহীশ্রে প্রবীণের দাবি রাথেন।

२४. ७. ७२

#### নেহরু, জওহরলাল

চার্চিল বলেন—নেহরু ভয়লেশহীন পুরুষ, ছ:সাহসী সমালোচক বলেন— তিনি লোটাস-ইটার। বিশ্ব বলে— এ চরিত্র ছর্লভ, নেহরু ইতিহাসের গৌরব; অনেকের আস্তরিক ভাষ্য— নেহরু পরম ট্রাজেডি, তিনি হামলেট।

হয়ত সব সত্য, হয়ত সব মিথ্যা।

হয়ত হই-ই সমান সত্য—নেহক
ভারতের জনগণমনঅধিনায়ক, নেহক
সত্যই এক বিশ্বয়কর বৈপরীত্য। কিন্তু
তবুও চুয়ান্তরতম জন্মদিনে আজ যে
নেহককে দেখতে পাচ্ছি আমরা, তাঁর
ম্থের দিকে তাকালে পুরানো সব
বিশেষণগুলো যেন মৃহুর্তে বাতিল হয়ে
যায়, তর্ক মূলতবী থাকে।

চুয়ান্তরে যে মাছ্য নতুন করে জন্মাতে পারেন,—চুয়ান্তরে যে মাছ্য নিজে স্থপ্ন জগতের দব মায়া কাটিয়ে নতুন জগতের সন্ধানে হর্জয় সংকরে রুট বাস্তবে পা বাড়াতে পারেন— সম্ভবত তিনি ঋতুরাজ। রবীন্দ্রনাথ তাঁকে সাতচল্লিশে বসন্ত বলে চিনে-ছিলেন—সম্ভবত তিয়ান্তরেও নেহরু তাই।

ভূল বলা হল। সম্ভবত নেহরু চিরকাল তা-ই ছিলেন। বৈপরীত্য বেমন নেহরুর স্বভাবে আবাল্য, তেমনি এই নতুন করে জন্মাবার বাসনাও তাঁর আজীবন। ফলে, এই তিয়ান্তর বছরে আমরা যে নেহরুকে পেয়েছি তিনি কথনই এক ব্যক্তি নন। নানা সময়ে নানা অধ্যায়ে নানা ভূমিকায় দেখা সেই মাহুষগুলোর অস্তরালে একটি চিরকালীন ব্যক্তিষের পরিচয় হয়ত ছিল, হয়ত আছে,—কিন্তু দে জীবনীকারের অহুসন্ধান ফল; জনতার নেহরু অনিবার্যভাবেই চিরনতুন—নানাবিধ।

বার্নার্ড শ' বলেছিলেন—এশিয়ার লেনিন। ভারতের কসিউনিস্টরা এক সময় আখ্যা দিয়েছিলেন—কেরেনস্কি। ইথেল মানিন নাম দিয়েছিলেন-ত্নিয়ার সেরা ডেমক্র্যাট: চীনারা বলে-রানিং ডগ অব ইম্পিরিয়ালিজম। বলেছিলেন—সমসাময়িক नास्टि কালের স্বচেয়ে চলমান জননেতা, তথাকথিত প্রগতিশীলেরা বলেন— বাঁধনপ্রিয় গোঁড়া। লুই ফিদার লিখে-ছিলেন-চার্চিল পারমাণবিক বোমা তৈরীর পেছনে অন্যতম প্রেরণা ছিলেন, কিন্তু তার তাৎপর্য ধরতে পারেন নি; নেহক বোমার বিকলে. কিন্তু প্রতি মুহূর্তে তিনি আণবিক যুগের ভাষায় কথা বলেন।…

' স্থালো প্রাগ ?— হালো পারী ? —হালো লণ্ডন ? ইজ ইট প্রীস অব

#### নেহকু, অওহরজাল

ওয়ার ?--ইজ ইট পীস অব ওয়ার ?… <sup>2</sup>৩৮ সনে দ্বিতীয় মহাযুদ্ধের পূর্বক্ষণে मिनि य तिहक्ति प्रिक्षिण अस्तिम তিনি যেন এক উন্মাদ। আজ লণ্ডন. কাল স্পেন, পর্ত চেকোম্লোভাকিয়া **—কথনও তিনি ইডেনের সঙ্গে আলো-**চনায় ব্যস্ত, কথনও তিনি ইণ্টার-ন্ত্রাশনাল ব্রিগেডের শিবিরে জেনারেল-দের সঙ্গে আগামী ভারতের 'স্বাস্থ্য-পান' করছেন, মনে মনে স্বাধীন ভারতের সেনাবাহিনী সংস্কার করছেন. কখনও চেকোস্লোভাকিয়ার নিয়ে ভাবছেন, বাঙ্গ করে লিখছেন— 'হালো লণ্ডন ?…হালো প্রাগ ?— হালো লণ্ডন ? ... চেম্বারলেন টু গো টু হিটলার এগেন ডে আফটার টুমরো! হি ইজ বিকামিং কোয়াইট গুড এট ক্যারিয়িং মেদেজেদ বাই এয়ার।

ব্যক্তিগতভাবে নেহরুজীর সঙ্গে পরিচিত জনৈক জীবনীকারের লেখায় পড়েছিলাম—ইউরোপ থেকে ফিরে আসার পর বোস্বাইয়ে কংগ্রেস কর্মীদের একটি সভায় নেহরু ভাষণ দিতে গিয়েছিলেন। সভার কাজ চলেছে, এমন সময় হঠাৎ নেহরুজী এক লাফে উঠে দাঁড়ালেন, যিনি বক্তৃতা করছিলেন তাঁকে এক ঝটকায় সরিয়ে দিয়ে বললে—চীনে যুদ্ধ লেগেছে,

এমন সময়ে আমাদের এসব সাংসারিক আলোচনা শোভা পায় না।—'উই মাস্ট কাম আইট!—উই মাস্ট জয়েন চায়না।

অনেকে জানেন জওহরলাল দেদিন উত্যোগী হয় চীনে মেডিকেল মিশন পাঠিয়েছিলেন। য়ুনানের পর্বতকন্দর থেকে মাও সে তুং, চু তে সেদিন আনন্দভবনের ঠিকানায় ক্লতজ্ঞতাব চিঠি পাঠিয়েছিলেন। কিন্তু অনেকে জানেন না জওহরলাল সেদিন নিজেও চীনে ছুটে গিয়েছিলেন। চুংকিং-এ তের দিনে পাঁচবার নিজের চোখে জাপানীদের বোমা ফেলতে দেখে-ছিলেন। চীনের মাটিতে চীন **বৈদ্যাদের টেঞে বিদেশী 'জ**ওয়ান' জওহরলালের মুখের দিকে তাকিয়ে ত্রনিয়া সেদিন শ্রদ্ধায় বিশ্বয়ে হতবাক হয়ে গিয়েছিল। ফেরার আগে তিনি চিয়াং দম্পতিকে ত্র'পাশে দাঁড করিয়ে करि। जुल दमर्ग किरत्रहिल्न।

কিন্তু সে ছবিটি কী এলবামে
অনেকদিন রেথেছিলেন নেহরু?
এডগার স্নো—চীনা কমিউনিস্টদের
অন্ততম আদি বান্ধব এডগার স্নো পর্যন্ত
অবাক হয়ে গিয়েছিলেন ক' বছর পরে
নেহরুর ঘরে চুকে। টেবিলে কমলা
নেহরুর চবির পাশে মাদাম সান ইয়েৎ

দেন। স্নোকে দেখেই হাত বাড়িয়ে ছুটে এলেন নেহক—'আও চীনা-বিশারদ'—আগে বল ওদের হারতে আর কদিন লাগবে?'

'—কাদের ?' অবাক হয়ে জানতে চাইলেন স্মো। কেননা, তাঁর জানা ছিল নেহরু কমিউনিস্ট নন, তিনি চিরাং-এর বান্ধব।

'—কাদের আবার ?—চিয়াং-এর ! কাগজে যতই তার জিতের থবর পাচ্ছি, ততই আমি মুষড়ে পড়ছি !

সে ষেন সম্পূর্ণ অন্ত নেহরু। তিনি ম্মো-কে বলছেন—চিয়াং প্রবাবলি উড নট হ্যাভ লাস্টেড দিস লং উইদাউট আমেরিকান হেল্ল'...

এশব ১৯৪৮ সনের কাহিনী। নেহরু আর তথন রোমাণ্টিক ইণ্টার-ক্তাশনালিস্ট নন, তিনি ভারতের প্রধান মন্ত্রী এবং প্ররাষ্ট্রমন্ত্রী।

তার পরের যে নেহরু তার কথা সর্বজনবিদিত। চীন জানেনা গত ২০শে অক্টোবরের পূর্ব মূহুর্তেও তিনি ছিলেন বিশ্বে চীনা কমিউনিস্টদের অকমিউনিস্ট শ্রেষ্ঠতম বান্ধব। পানিকর স্পষ্ট লিথেছেন—ত্রহ্ম সরকার বিশেষ অহুরোধ জানিয়েছিলেন বলেই আমরা আজ লালচীন স্বীকৃতিকারীদের ভালিকার দ্বিতীয় স্থানের অধিকারী

নয়ত নেহক্ষই ছিলেন মৃক্তত্বনিয়ার প্রথম রাষ্ট্রনায়ক যিনি কমিউনিস্ট চীনকে প্রায় জন্মমূহুর্তেই স্বীকার করে নিয়েছিলেন। মনে পড়ছে বান্দুং-এ চীনের মতলব সম্পর্কে কিঞ্চিৎ স্পষ্ট ভাষায় কথা বলেছিলেন বলে জওহরলাল রাগে কাঁপতে কাঁপতে সিংহল প্রধানমন্ত্রীর ঘরে চড়াও হয়েছিলেন।

সেই নেহরুকেই সেই চীনের
বিরুদ্ধে অবশেষে আজ নিজেই
হাতিয়ার হাতে তুলে নিতে হল !—এ
কী নিয়তি ? আমার মনে হয় এথানেই
নেহরু চরিত্রের চিরকালের ট্রাজেডি,
তাঁকে বার বার জন্মাতে হয় ।

আরও অনেকবার এমনি ভাবে
নতুন করে জন্মেছেন তিনি। আঠার
বছর বয়সে কেম্ব্রিজ থেকে তিলকভক্ত নেহক চিঠিতে নির্দিধায় তর্ক
করতেন তাঁর মডারেট পিতার সঙ্গে।
বলতেন—'দি লিবারেলস আর
সিম্পলি হেসনিং দি ডুম অব দেয়ার
পার্টি!' কিন্তু পরবর্তীকালে বখন
নিজের মতের সপক্ষে সিজান্ত নেওয়ার
দিন এল তাঁর নিজের জীবনে নেহক
কী সেদিন বছলাংশে তেমনই
আপোষপন্থী নন? তিনি স্থভাবচক্ত
জয়প্রকাশ-কপালনীর মত নেমে
আসতে পারেন নি, তিনি মাউন্ট-

#### নেহকু, জওহরলাল

ব্যাটেনের কালে—তাঁর দেই প্রবল ব্যক্তিত্ব নিয়ে সেই মারাত্মক ছোরাটার ওপর ঝাঁপিয়ে পড়তে পারেন নি।

অথচ তার মাত্র ক'মাস আগে '৪৬ সনের মার্চ মাসেও কানপুরের কুইন্স পার্কে ভারত শুনেছিল তার নায়ক জওছরলাল জাতিকে কথা দিচ্ছেন—পাকিস্তান দূর অন্ত! আমি কথা দিছিছ হাজার বছরেও সে বস্ত হবে না। (…I say with confidence that…Pakistan…can never be achieved…even in one thousand years.)

অথচ থেদিন সে তুর্ঘটনা সম্ভব হল নেহরু পেদিন নি:সন্দেহে তেমনি আন্তরিক ব্যথিত। যা ছিল সংকল্প তা-ই বংসরাস্তে হৃদয়বিদারক বিষাদ। সেদিনের রাষ্ট্রনায়ক নেহরুকে দেথে জনতারও সহায়ভূতি হয়!

এমনি নজীর আরও অনেক—

অকুরস্ত। মনে পড়ছে আজাদ হিন্দ
কোজের দিনগুলোর কথা। ক'মাস

আগে এই কলকাতাতেই নেহরু বলেছিলেন—স্থভাষ যদি জাপফৌজ নিয়ে
দেশে আসে তবে তাঁকে পয়লা রুথব

আমি। ক' মাদ পরে দেই নেহরুই
সকলের আগে ছুটে এসেছিলেন—

আজাদ হিন্দ-এর জওয়ানদের সাহায্যার্থে। তিনি তহবিল থুললেন, গাউন চাপিয়ে লাল কিলায় ছুটলেন, যুদ্ধ অপরাধে ইংরেজের বিচার করার অধিকার চাইলেন এবং দৃগুকুঠে ঘোষণা করলেন—'হাড় আই বিন ইন প্রেদ অব স্থভাষ বোদ আই উড হাভ ডান একজাকুলি হোয়াট হি হাজ ডান।'

স্বাধীনতার পরে ভারতের কর্ণ-ধারের আদনে বদেও দে জওহরলাল অপরিবর্তিত। তাঁর আচারে আচরণে চিরকালের দেই শিশু,—এখনও এই চুয়াত্তরে পা দিয়েও তিনি বেপরোয়া রোমান্টিক।

তিনি উপযুক্ত অর্থের কথা না ভেবে ত্ব:সাহসিক পরিকল্পনায় হাত দেন, কার্যত কী হবে না হবে না ভেবে রাজ্য ভাঙ্গা-গড়ায় আন্ধারা দেন,—
এক হাতে শত দায়িত্ব নিয়ে ব্যুরোক্র্যাসির পশুন করেই ব্যুরোক্র্যাটদের সম্পর্কে রুচ্তম বাক্য ব্যবহারে ইত:স্তত করেন না, তিনি কথনও বস্তী পোড়াচ্ছেন, কথনও চোরাকারবারীকে লাইটপোস্টে ফাঁসী দিচ্ছেন, কথনও বা স্থলের ছেলেমেয়েরা কেমন ব্যাগে বই নিয়ে চললে ভাল হয় তাই ভাবছেন। সন্দেহ নেই,—তাঁর সব

ভাবনার আদি ভারতের প্রতি তাঁর ভালবাদা, কিন্ধু তাঁকে স্বীকার করেছে বলেই ভারত তাঁর এই স্বপ্ন-বিলাদে কতথানি রাজী—তা দেখাও বোধহয় ছিল নায়ক জওহরলালের দায়িত্ব। বিশেষ, নেহরু নিজেই বলেন—নায়ক জনতা ব্যতিরেকে নয়!

মনে পড়ে উত্তর-পশ্চিম সীমান্তে খথন উপজাতীয় হাঙ্গামা জওহরলাল তখন ভারতের প্রধানমন্ত্রী নন, অন্তর-বর্তিকালীন সরকারে মন্ত্রী-প্রধান মাত্র। কিন্তু হঃদাহদীর মত তবুও তিনি ছুটেছিলেন দেখানে। ওরা তাঁর পথের চ'ধারে দাডিয়ে থেকে থেকে গুলী ছুঁড়ছিল কিন্তু জওহরলালকে তবুও লাণ্ডিকোটাল থেকে ফেরান যায় নি.—বিহারে তিনি বোমা ফেলার সংকল্প ঘোষণা করে-ছিলেন-কিন্তু সমালোচকেরা বলবেন —তিব্বত উপলক্ষ্যে তার সে কণ্ঠস্বর শোনা যায় নি—শোনা যায়নি লাদাকে চীনা হানাদার নামবার পরেও। জওহরলাল যথন চ্যালেঞ গ্রহণ করলেন তখন হাতে আর বিকল্প নেই।

তব্ও ধে 'নেহরুজী কী জয়' ধ্বনি নিয়ে ভারত আজ তাঁর পাশে এদে দাঁড়িয়েছে তার একমাত্র কারণ— আমাদের জানা আছে এটাই তাঁর খভাব। তিনি স্বপ্নবিলাদী। তিনি কথনও স্বপ্নলোকে, কথনও অসহায়ের মত কঠিন বাস্তবে—তথন সত্যিই তিনি ভিন্ন পুরুষ। তাঁর ক্রোধ তথন 'পুণ্য ক্রোধ' হলেও সত্যিই ক্রোধ,—চ্যালেঞ্জ চ্যালেঞ্জই।

িনেহরুজীর চুয়াত্তরতম জন্মোৎসব উপলক্ষে রচিত। ] ১৪.১১.৬৩

[১৯৬৪ সনের ২৭শে মে বুধবার বেলা ২টার সময় জননায়ক জওহরলাল শেষ নিঃশ্বাস পরিত্যাগ করেন। তিরো-ভাব দিনে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর ৫ মাস ১৩ দিন। নীচের রচনাটি ২৮শে মে তারিথে প্রকাশিত।]

অমুগত এবং অন্তরক্ষ সহচরদের একজন বলেছিলেন,—তিনি আমাদের অশ্বথ। আজ অত্যন্ত অপ্রত্যাশিত-ভাবে, সেই বিশাল প্রাচীন বটরক্ষ যথন সহসা তার পরম নির্ভর ছায়া-দানে বিরত; সেই প্রচণ্ড, প্রকাণ্ড শৃত্যতার মূহুর্তে বার বার জিজ্ঞাসাচিছ হয়ে প্রতাল্লিশ কোটি মামুষের সামনে উকি দিয়ে ফিরছে সেই ঐতিহাসিক প্রশ্ন—নেহরু কী আমাদের জীবনে কেবলই অশ্বথ ছিলেন? তুলনাহীন সর্বগ্রামী ব্যক্তিত্ব অপরিমেয় প্রাইলশ্বর্ধ,

#### নেইক, জওহরলাল

অনস্ত সহনশীলতা আর নিশ্চিস্ত নিরাপত্তার আখাস—প্রায় অর্ধশতকের বিরামহীন রাজনৈতিক জীবনে এই কি তাঁর প্রথম এবং শেষ পরিচয় ? চোথের সামনে হাজার হাজার বর্গ-মাইলব্যাপী ষে বিশাল ভারত, দৃষ্টির আড়ালে আধুনিক ভারতের যে জটিল মানসলোক সেদিকে তাকালেই জানা ষাবে নেহরু, একালের ভারতের দ্বিতীয় আকবর, দ্বিতীয় অশোক নেহরু—দেখানে আরও বিরাট, আরও স্বরাট, আরও অমোঘ। তিনি কথনও বিতীয় চার্চিল, কথনও বিতীয় লেনিন, কখনও দ্বিতীয় রুজভেন্ট। পৃথিবী যদি সীমারেখা হয় তবে ভারতের নেহফ কথনও কথনও তদ্ভিরিক্ত: বিশ শতকের ইতিহাসে তিনি নেতৃত্বের নৃতন দিগস্ত।

গেল পঞ্চাশ বছরের ভারতের রাজনৈতিক জীবনে নেহরুজীর ধে ভূমিকাটি আজ বিশেব করে মনে পড়ছে, ভারত চিরকাল মনে করে রাথবে সে সংগ্রামী নেহরু। কি জনপ্রিয়তায়, কি প্রভাবে—গান্ধীজীর পরে নেহরু ভারতের হৃদয়ের রাজা। দেশের রাজনৈতিক ধ্যান-ধারণা চেতনাকে তিনি যেভাবে আলোডিত. উদ্ভাসিত করেছেন তেমন আর কেউ নন। ১৯৪৭ সনের পরেও স্বাধীন ভারতে নেহক সেই বিশ্বয়কর দেনানায়ক। নেহক জীবনের এই অথওতা, বলা বাহল্য, আমাদের জাতীয় সাধনার ধারাবাহিকতার পেছনে অগ্রতম প্রেরণা,—জাতীয় প্রাণ-ভাগুরে অগ্রতম বল। এ সৌভাগ্য শুধু আজ নয়, আগামী দিনের ভারতকেও স্বীকার করতে হবে। ভারত ইতিহাসে ক্লান্তিহীন যোদ্ধা নেহকর আসন সেথানে নির্দিষ্ট।

যুদ্ধে নেহরু বিপ্লবী ছিলেন। শুধু এজ্ঞে নয়, লাহোর কংগ্রেদের বহু আগেই তিনি সমাজতন্ত্রবাদে দীকা নিয়েছিলেন বা পশ্চিমী বিপ্লববাদ সম্পর্কে তাঁর আগ্রহ এবং বোধ গভীর ছিল,—ভারতের কেত্রেও সংঘাতকে তিনি অনিবার্য বলেই নিয়েছিলেন। ফলে প্রাক্-স্বাধীনতা কংগ্রেসের প্রতিটি প্রগতিশীল প্রস্তাবের পেছনে যেমন অন্ত ধরনের গান্ধী-শিয়া নেহক উপস্থিত. তেমনি স্বাধীনতা-পর ভারতে নব-জাতি গঠনের যে ব্যাপক বিপ্লবের প্রস্তৃতি এবং কর্মকাণ্ড সেখানেও গেল সতের বছর ধরেই নেহরুজীই ভারতের

দার্শনিক-তান্ত্বিক; তিনি আমাদের নায়ক,—আমাদের কণ্ঠস্বর। হয়ত-বা তার চেয়েও বেশী,—নেহরুই এই নব-ভারতের আত্মাস্বরূপ। ভারত ইতিহাদের এক অন্ততম যুগসন্ধিক্ষণের অধিনায়ক নেহরু তাই যুগপুরুষ।

দেশ-বিভাগ, মহাত্মার আকস্মিক তিরোভাব, কাশ্মীর যুদ্ধ, হায়দ্রাবাদ, তত্বপরি আরও নানা সমস্থায় বিব্রত এবং নানা ক্ষতে পীডিত ভারত-স্বাধীনতার দেই আলো-আঁধারি প্রহরগুলোও যে নি:শঙ্ক এবং নিশ্চিত জীবনকে রক্ষায় সমর্থ হয়েছিল তার একটি কারণ নেহকর অভন্র প্রহরীর দৃষ্টি এবং ব্যক্তিত। সদার প্যাটেলের ঋজুতা এবং নেহরুর অপ্রতিরোধ্য হৃদয়ের আবেগ সেদিন ভারতের শ্রেষ্ঠ তুই মূলধন। নেহরুর সেই যুদ্ধ পর-বর্তীকালে ক্রমে আরও হঃসাহসী কেন না, ক্রমেই তিনি সমাজদেহের অন্ত-মুখী। প্রাদেশিকতা, সাম্প্রদায়িকতা এবং জাতিভেদ-প্রথা এই তিন শক্রর বিফল্পে নেহকর আপোসহীন যুদ্ধ আধুনিক ভারতের জীবনে গৌরবোজ্জল অধ্যায়। তাঁর জীবৎ-কালেই ভারতে অস্পৃষ্ঠতার বিরুদ্ধে আইন পাশ হয়েছে, তাঁর উত্তোগেই প্রবল প্রতিরোধের মধ্যেই ভারত হিন্দু-

কোড বিলের মত যুগাস্তকারী ঘটনা প্রত্যক্ষ করেছে। ভারতের সামাজিক ইতিহাসের পরিপ্রেক্ষিতে সম্ভবত ওয়াটারলুর চেয়ে ছোট ঘটনা নয়। গান্ধী শিশ্য নেহক্ষ সেখানে ওয়েলিংটন।

বিপ্লবী নেহক বিপ্লবী হয়েও বাঁধা স্ডকে বিখাসী ছিলেন না। তিনি শান্তির পথে, সম্মতির পথে আস্থাবান ছিলেন। সেদিক থেকে নেহরু বিশ্বের অক্তম শ্রেষ্ঠ ডেমক্র্যাট। ভারতের গণতান্ত্রিক জীবন-বিশ্বাসে, ভারতের রাজনৈতিক পথ-নির্বাচনে সেদিক থেকেও নেহক এক ধ্রুবতারা। আমাদের এই শাসনতন্ত্র. পার্লামেন্ট, এই **সম্মতিভিত্তিক** রাষ্ট্রতন্ত্র তাঁর স্পর্শ সর্বত্র। এশিয়ার প্রতিবেশী দেশগুলোতে যথন একে একে গণতন্ত্রের দীপ নিবে যাচ্ছে ভারত তথনও যে জনতার রায়কেই চরম এবং পরম বলে ভাবে—এই তুর্লভ ঐতিহ যারা আমাদের হাতে তুলে দিয়ে গেলেন নেহক তার অগ্রগণ্য। তাঁর গণতন্ত্র-বিশ্বাস শুধু আমাদের রাষ্ট্রীয় সত্তাকে দৃঢ় ভিত্তিতেই প্রতিষ্ঠিত করেনি, তিন-তিনটি সাধারণ নির্বাচনের সাক্ষী থেকে নেহক আমাদের জানিয়ে দিয়েছেন-জনতাই শেষ কথা।

#### নেহরু, জওহরুলাল

তবে, ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে ভারতের জীবনে নেহরুর তার চেয়েও বড কীর্তি—ভারতের এই বিশ্বয়কর কর্মষ্ট্র । নয়াদিলির যোজনা-ভবন যথন স্বপ্নেও অভাবিত নেহরুজী আর মভাষচন্দ্রই তথন ভারতে শুনিয়েছিলেন পরিকল্পনা ছাড়া মুক্তির পথ নেই। জওহরলাল সেদিন জাতীয় পরিকল্পনা কমিশনের প্রধান হয়ে যে সম্বল্পক আমাদের গোচরে এনেছিলেন,—সেটি যে কাগজ আর কলমের খেলা নয় দেটিই তিনি জানিয়েছিলেন স্বাধীনতার পরক্ষণে। ভারতের পাঁচশালা যোজনা তার লক্ষ্য, তার পথ, তার প্রাণ সবই ষেন অতঃপর নেহরু। তিনিই ভিলাই, ভাথরা, চিত্তরঞ্জন, পরাদীপকে আমাদের কাছে একালের মন্দির-মসজিদ বলে চিনিয়েছেন: তিনিই আমাদের গরুর গাড়ির যুগ থেকে স্পুটনিকের যুগের পথ দেখিয়েছেন, তিনিই আমাদের কাছে স্বাধীনতাকে সভামহিমায় উদ্ঘাটিত করেছেন। নেহরু যদি ভারতের 'শেষ মোগল' হন, তবে এই পাঁচশালা যোজনাই তার ফতেপুর সিক্রি, তাজমহল।

ভূমি সংস্কার, সমাজ সংস্কার, রাজ-নৈতিক মন্ত্রদীকা, শিল্পবিল্লব—সর্বত্র সেই প্রাণবায়ু—নেহক। নেহক ষদি তার কোনটিই সম্পূর্ণ করে না গিয়ে থাকেন তা হলেও ক্ষতি নেই। সামাজিক, অর্থনৈতিক, মানবিক এবং রাঞ্চনৈতিক যে চার চাকায় ভর করে ইতিহাস চলে নেহরু সেই চক্রচতুষ্টয়-কেই যথাস্থানে সন্নিবেশিত করে রেখে গেছেন। ইতিহাদে কদাচিৎ কেউ এক হাতে তা করতে পারেন। পথ চিহ্নিত হয়ে গেছে, রথ চলতে স্থক করছে! অতঃপর ভারতের ইতিহাস অভ্রান্ত পথিক। কারও সাধ্য নেই— ভারত আবার থামে, অথবা পেছনে তাকিয়ে পলায়নের কথা ভারত-ইতিহাদে নেহরুর অমোঘতা দেখানেই।

ভধু ঘরোয়া-কাহিনীতেই নয়,
নেহক আমাদের বিশ্ব-পরিচয়েও এক
ঐতিহাসিক কাহিনী। গৃহয়ুদ্দে
কতবিক্ষত স্পেনের মৃক্তিযোদ্দাদের
পাশে, কথনও চেকোল্লোভাকিয়ায়,
কথনও চীনে,—কথনও 'য়ুনো'র মঞ্চে,
কথনও হোয়াইট হাউদের সিঁড়িতে,
কথনও ক্রেমলিনে—নেহক একালের
পৃথিবীতে আমাদের সবচেয়ে বাঙময়,
সবচেয়ে নির্ভরযোগ্য দৃতই নন, ভারতপথিক নেহক বিশ শতকের নাতিদীর্ঘ
ভালিকার অগ্যতম বিশ্ব-নাগরিক।
ভারতের শৃতম্ব-প্রচারী বৈদেশিক

নীতি, ভারতের গর্বের ধন নিরপেক্ষতা-বাদ ষেমন তাঁরই তীক্ষ্ণ, দূরপ্রসারী দৃষ্টির কীর্তি, তেমনই আফ্রো-এশিয়া সংহতি, এশিয়া-আফ্রিকার মৃক্তিযুদ্ধেও তিনি এক উদার, সাহসী, ক্লাস্ভিহীন মূর্তি। তাঁর প্রেরণা, তাঁর কণ্ঠস্বর মানব ইতিহাদের এই অধ্যায়ে অনিবার্য, চিরকালীন সম্পদ। শতকের দৃষ্টিতে রোমান্টিক কর্মযোগী নেহরু যদি কাভ্যুর আর গেরিবল্ডির সংমিশ্রণ হন, বিশ শতকের পৃথিবী বলবে নেহরু রবীক্রনাথ, গান্ধী তো वर्टाइ--- উইल्कि, উইल्पन, वार्मल, আইনস্টাইন একালের আদর্শবাদী আন্ত জাতিকতাবাদীদের সার্থক সমন্বয়। এবং সকলের সঙ্গে মিল থাকা সত্তেও, নেহরু তবু নেহরু-ই— তিনি অদিতীয়, একক। ইতিহাসের পথপ্রান্তে এ মাতুষ কি শুধুই আমাদের প্রিয়, পূজ্য, পরিচিত বটবৃক্ষ ? গতকাল নিদাকণ মধ্যাহের ভারতের দিকে ভাকালে হয়ত তাই মনে হত। মহীরুহের পতন ঘটেছে। পঁয়তাল্লিশ কোট আশ্রয়হীন পাথী শৃত্য আকাশে ডানা ঝাপটাচ্ছে; শোকে, শন্ধায় আর্তনাদ করছে। এই অসহায় মুহুর্তে হয়ত সেটাও একটা সত্য। কিন্তু তার চেয়েও বড় সত্য

জানিরে গিয়েছেন নেহরু নিজে, মাত্র ক'দিন আগে তাঁর শেষ সাংবাদিক সম্মেলনে। ঘাতচ্ছলে সেদিন তিনি বলেছিলেন—'লাইফটাইম ইজ নট এঙিং সো, ভেরি হ্নন!'—আমার জীবনকালে অচিরেই শেষ হচ্ছে না। সম্ভবত ইতিহাসও তাই বলবে। ১৯৬৪ সনের ২৭শে মে-ই নেহরু-কালের শেষ তারিথ নয়।

[৩১শে মে, ১৯৬৪ সনে 'রবিবাসরীয় আলোচনী' বিভাগে প্রকাশিত।]

'যদি' দিয়ে আজ আর কোন কথা নয়।

সত্য একটিই : নেহরু আর নেই।
বিশাস করতে ইচ্ছে করে না কাল
থেকে ভারত আর কথনও সেই আশ্চর্য
প্রাণপুরুষকে চোথে দেখতে পারবে
না, শুর্শ করতে পারবে না, তাঁর সঙ্গে
গলা মিলিয়ে জয়হিন্দ' ধ্বনি তুলতে
পারবে না। আমরা তবুও দৌভাগ্যবান। নেহরু যে বায়ু থেকে নিঃশাস
নিয়েছেন আমরাও সেই বাডাস বুকে
টেনেছি, নেহরু যে ভারতের পথে
প্রাস্তরে ঘুরে বেড়িয়েছেন সেই পথেই
ধুলি উড়িয়েছি, ছ' ধারে মেলা
সাজিয়েছি; নেহরুর পিছু পিছু নিত্য

#### নেহরু, জওহরজাল

যে কুস্তমেলা দেখানে আমরাও ছিলাম। ত্র:থ আগামী দিনের ভারতের জন্ত। তারাও নেহককে পাবে, কিন্তু আমাদের নেহরুকে পেল না। কখনও সমৃদ্রের মত গভীর, কথনও ঝড়ের মত উদাম, কথনও দার্শনিকের মত নিস্পৃহ, কখনও শিশুর মত চঞ্চল যে বিশ্বয়কর নেহরু তাঁর দেখা পেল না। তাঁর ভালবাদার দেশ, তাঁরই হাতে গড়া ভারতের ধ্যানলোক,—সবই থাকবে। কিছ নয়াদিল্লির প্রধানমন্ত্রী ভবন থেকে বুধবার বেলা ছটোয় যে মাহুষটি ইতিহানে চলে গেলেন, তাঁকে আর পাওয়া খাবে না। ভবিষ্যৎ যদি, অতএব, আমাদের কালকে ঈর্যা করে তবে তাকে দোষ দেব না। ওরা শতাদীর তৃতীয় মহান কানার লগটি থেকেও বঞ্চিত হল।

'যদি' দিয়ে আজ আর কোন কথা নয়। হয়ত তিনি নেপোলিয়ান হতে পারতেন, হয়ত লেনিন, হয়ত বিসমার্ক, হয়ত চার্চিল, হয়ত গান্ধী। নেহরু পারতেন তা কি হতে বিস্তর তর্ক হয়েছে, বিস্তর গবেষণা। আন্ত কাদতে কাদতে মনে ছিল হচ্ছে: তার কোন প্রয়োজন না। আমরা কাঁদছি, কারণ তিনি निहक हिल्लन। ७५ निहक। কারও

মতো নয়, কারও অভিমত অমুধায়ী সংশোধিত কোন পুরুষের প্রতিমা নয়, —আমরা এমন করে কাঁদছি তিনি তাঁর মত ছিলেন বলেই। পঁচাত্তরেও 'ঋতুরাজ' সম্ভবত একমাত্র তিনিই থাকতে পারেন। এই পৃথিবীতে সম্ভবত রাষ্ট্রনায়ক হয়েও একমাত্র তিনিই ঘরে এবং মাঠে, স্বদেশের লোকসভায় এবং বিখের কৃটসভায় একটিমাত্র মুখচ্ছবি নিয়েই চলাফেরা করতে পারতেন। মুখোদহীন এমন রাজনীতিক নেহরুই হতে পারেন। একমাত্র নেহরুই। কেননা, তিনি জন-নায়ক হয়েও আমাদেরই মত ছিলেন। তিনি 'নেহরু' হয়েও মান্ত্র ছিলেন।

ব্যক্তি হিদেবে হুর্লভ জাতের রাষ্ট্রনায়ক। তিনি সমৃদ্র ভালবাদেন, পর্বভ
ভালবাদেন, — প্রবাহমান নদী,
তারকাথচিত আকাশ ভালবাদেন।
মৃত্যুর কোলে চলে পড়ার আগের
মূহুর্তে তাঁর তিন ভিনটি দিন বুঝি তাই
কেটেছে রাজধানীর পাষাণ কায়ার
বাইবে—দেরাছনের পাহাড়ে। দিন
কয় পরেই আবার পাহাড়-পুরীতে
নিমন্ত্রণ অপেক্ষা করছিল তাঁর।
কালিম্পাং সে অস্তরক্ষ দর্শকের দৃষ্টিম্পর্শ
থেকে বঞ্চিত হল। নেহক্ষর মত
ধ্যানমগ্র গজীর দৃষ্টি নিয়ে এরপর কে

আর পাহাড়ের দিকে তাকাবে ? হয়ত এরপরও কবিরা বন্দনা করবেন, অভি-যাত্রীরা আসবেন—কিন্তু নেহক এই একজনই ছিলেন। বিশ্বের অগতম বিশাল রাষ্ট্রের ব্যস্ততম অধিনায়ক হয়েও তিনি—একমাত্র তিনিই তৃষ্ট বালকের মত ক্ষণে ক্ষণে পালাতে পারতেন।

প্রকৃতিতে নি:সঙ্গ হয়েও নেহরু এক আশ্চর্য জনতার মামুষ। তিনি জনতাকে ভালবাসতেন। ভারতীয় জনতা তার কাছে শুধু স্থপীকৃত কর্তব্যপুঞ্জ নয়—তার প্রেরণা, তার উত্তেজনা, তাঁর সর্বস্ব। জনতার সঙ্গে কথা বলার জন্যে 3066 জওহরলাল পাঁচ মাদে পঞ্চাশ হাজার ঘুরেছিলেন। ভুবনেশ্বর মাইল পর্যন্ত দে পরিক্রমা ছিল একটানা। 'ভারত সন্ধানী' ষোল বছর বয়সে সেই নেমেছিলেন ষে পথে ভারপর কোনদিন আর দ্বিতীয় ঘরের কথা ভাবেননি। ভারতের এই ধূলি, এই পথ প্রান্তর-শে-ই ছিল তাঁর স্থায়ী ঠিকানা, প্রিয়তম আপ্রয়। গান্ধীঙ্গী ছাড়া পৃথিবীর কোন জননেতাই বোধ হয় কোন দিন মাটির এত কাছাকাছি হ্যারো-কেম্বিজ, ছিলেন না। ইনারটেম্পল ফেরত এই 'রাজকুমার' দেদিক থেকেও অনক্ত রাষ্ট্রনারক।
আমরা তাঁকে দব অধিকার
দিয়েছিলাম। স্থদ্র ১৯৩৭ সনে
'চাণক্য' নামে তিনিই প্রশ্ন
তুলেছিলেন—'আ্যাণ্ড ইক্স ইট নট
পদিব্ল ছাট জওহরলাল মাইট ফ্যান্সি
এ সীজার ?' নেহক তব্ও শেষ দিন
পর্যন্ত নেহকুই ছিলেন! তিনি
জনতাকে সম্রাট বলে মেনে নিয়েছিলেন।

অনগ্ৰ দৃষ্টিভঙ্গীতেও। জিল্পা এক-বার বলেছিলেন—'দিস ম্যান ইজ আউট টু ক্রিয়েট কেওস।' নেহরু উত্তর **मिराय किलान—'ইरायन, आहे आग्राय!'** তিনি কংগ্রেসের অভান্ধৱে মর্তিমান বিতক। তাঁর বিরামহীন জিজ্ঞাদায় প্রবীণেরা বিরক্ত দংশয়ীরা পলাতক,--পিতৃপ্ৰতিম বাপু কথনও আশ্বস্ত, কথনও চিস্তিত। কংগ্রেদের প্রাণলক্ষণ.— তাঁর প্রাণ-বেগে জাতীয় প্রতিষ্ঠান ধাপে ধাপে নবজাতক। বাইরের পৃথিবীতেও তাই। স্পেনের গৃহযুদ্ধ, চেকোঞ্লোভাকিয়া, **ठीन, हेल्लातिनिया त्नहक नर्वज कृत,** কুদ্ধ, আগ্নেয় জিঞ্জাদাচিহ্ন। পরবর্তী কালে তাঁর একই জাকুটি দেখা গেছে काविया, हेत्नाहीन, ऋष्यक, हाक्त्री, 🎙 কঙ্গো উপলক্ষে। বিশ্বের অভি-

#### নেহরু, অওহরলাল

ভাবকেরা তাঁকে নিয়ে বরত, অভিভাবকহীনেরা তাঁর নামে মৃথর। কেননা, একালের গৃহস্থ রাষ্ট্রনায়কদের পৃথিবীতে নেহরুই একমাত্র লড়িয়ে যিনি সীমানার বিধিনিষেধ মানেন না। ভারতের পররাষ্ট্র দপ্তরে বসার পরও তিনি ছিলেন বিশ্ব যোদ্ধা। টেবিলে কাগজ কাটা ছুরি ছিল তাঁর তলোয়ারের মত। নেহরু কথা বলতে বলতে বালকের মত সেটি নিয়ে খেলা করতেন।

কবি হৃদয়ের মাহ্য। মহাদেব দেশাই বলেছিলেন—তার একটা প্রমাণ নেহকর হাতে কাটা স্থতা। সেই কবে থেকে দেখছি, মোটা স্থতো কোনদিনই মাহ্যটের হাত দিয়ে বের হল না। প্রমাণ আরও অনেক আছে। 'আত্মজীবনী' 'ভারত-সন্ধানে' 'কলার নিকট পিতার পত্র' 'বিশ্ব ইতিহাসের প্রসঙ্গ'-এর লেখক নেহক শুধু এক অপ্রতিরোধ্য অনুসন্ধানী রাষ্ট্রনায়ক নন—পাতায় পাতায় তিনি কবি।

ব্যক্তিগত জীবনে টকটকে লাল গোলাপকুঁড়ির মত তাজা,ধবধবে সাদা থাদির মত নির্মল, কীটদ-এর কবিতার মত পবিত্র দেই নেহকুই আবার রাজ-নৈতিক জীবনে সিংহের মত সাহসী ভালোয়ারের মত তীক্ষ। পাঁচ ফুট ফু' ইঞ্চি উচু, দেড়শ' পাউও ওজনের সেই রোমান মূর্তিটি ষেন দ্বিতীয় হিমালয়। তেমনি উত্ত্রক, তেমনি সর্বংসহ তেমনি অটল। স্বাধীনতা-পূর্ব দিনের কাহিনী আজ অবাস্তর, ইরাবতী তীরে সাদা ঘোডার পিঠে আরু লাহোর কংগ্রেসে তরুণ সভাপতিকে দেখে বিশ্ব ষে প্রতিজ্ঞাকে প্রতাক করেছিল ১৯৪৭ সনের ১৪ই আগস্টের মধ্যরাত্রি পর্যন্ত দেই যোদ্ধা তেমনই আপদহীন. তেমনি বিদ্রোহী। পরবর্তী সতের বছরের কাহিনীও তাই। চার্চিল বলেছিলেন—উই আর টার্নিং ওভার ইণ্ডিয়া টু মেন অব স্ত্র লাইক দি কাস্ট হিন্দুমি: নেহরু, অব হুম ইন এ ফিউ ইয়ারদ নো ট্রেদ উইল রিমেন !'

চার্চিল যে হিসেবে ভুল করেছিলেন তার প্রমাণ আজকের ভারত আজকের জগত। ক' বছর আগে (১৯৬১) হোয়াইট হাউস-এ দার্শনিক এবং প্রবক্তা' নেহককে স্বাগত জানাতে গিয়ে তাঁর স্কৃরের ভাব শিশু কেনেডি বলেছিলেন—নেহকর নির্পেক্ষতাবাদ হয়ত সঙ্গত কারণেই আমেরিকার বিরক্তের হেতু হতে পারে—'বাট ইট ভাজ মিন ভাট ইণ্ডিয়া ম্যাটারস!'

অর্থশতক জুড়ে ভারতের ধ্যানে কর্মে তার অজ্ঞ স্থানের মধ্যে নেহকর অন্তম কীর্তি এটাই.—ইণ্ডিয়া ম্যাটারস্! ভধু জনবল হেতু নয়, ভধু ভবিশ্বতের সম্ভাবনার জন্যে নয়---ভারতের এই প্রতিষ্ঠার কারণ তার পথের নিজম্বতা, তার দৃষ্টিভঙ্গীর বিশিষ্টতা এবং সেই আদর্শে ভারতের দ্যতা। চীনা আক্রমণের অব্যবহিত পরে নেহরুর আহ্বানে বিশ্ব যেভাবে দাডা দিয়েছিল গলবেথ তা দেখে বলেছিলেন—স্বভাজাত সবিস্ময়ে একটা জাতির পক্ষে এই সম্মান নেহক্ট তার নিজের অভাবিত। জীবন, তাঁর একাগ্র সাধনা দিয়ে আমাদের জন্ত সেই হর্লভ গৌরব অর্জন করেছিলেন। গণতন্ত্র, সমাজ-তন্ত্র, গোষ্ঠীনিরপেক্ষতা এবং বিশ্বলাতৃত্ব এই চারি স্তম্ভেই জগতের বিশ্বয় আজকের ভারতদৌধ। এ কীর্তি নিশ্চয় কোন 'মুণালভূক্' 'হ্যামলেট'-এর সাধ্য নয়।

'গুরুদ্দেবের স্থরে বাঁধা, মহাত্মার জীবন-কর্মে সাধা' নেহরু হয়ত বা কথনও কথনও রোমাণ্টিক, কথনও দার্শনিক—কিন্ধ সেটা তাঁর শেষ পরিচয় নয়। নেহরু প্রথম এবং শেষ পরিচয়ে নিশ্চিতভাবেই রাষ্ট্রনীতিবিদ। ভারতে তিনি ধেমন একটি যুগ, বিশ্বেও তাই। এশিয়া আফ্রিকার দেশে দেশে

আজ যে ঘুমভাঙা কলরব, ভারতের নেহরু তার অগ্রদৃত। বান্দুং বেলগ্রেজ শেষ সংবাদ নয়। গোষ্ঠা-নিরপেক্ষভার ত্র:দাহদী কারিগর নেহন্দ কি 'শান্তিপূর্ণ সহাবস্থান', পারমাণবিক বিষ মৃক্ত পৃথিবীরও প্রথম শিল্পীনন ? নেহক বলেছিলেন—লজ্জার কথা! এতদুর এদেও আমরা মাটির নীচে ঘর খুঁজছি, বিষবাষ্প থেকে বাঁচার জন্মে ইতুরের মত আশ্রয় গড়ছি। আইনস্টাইন তাই এগিয়ে এদে দেই বসম্ভদূতকেই অভিয়ে ধরেছিলেন, সাদা খদরে মোড়া সেই মাহ্রটিকে, বুকে যার বার্ধক্যেও লালগোলাপ, হাতে চন্দন কার্ছের ন্তায়দণ্ড। বলেছিলেন—আমাদের একমাত্র ভরসা তুমিই। আরও বলে-ছিলেন—তোমার পদচিহ্নই আগামী পৃথিবীর কক্ষপথ।

আমরা যেন সেই চিহ্-গুলোমুছে নাফেলি।

## নেহক্ল, বি. কে.

'আনন্দ ভবন'-এর ছেলে। মায়ের নাম—রামেশরী নেহক। বাবার নাম —ব্রিজ্ঞলাল নেহক। ছেলের নাম— 'বি. কে.;' অর্থাৎ ব্রিজ্কুমার নেহক। স্বদেশী ওয়ালাদের বাড়ী হলেও বাবা ছিলেন সরকারী কর্মচারী।

## নেহরু, বি. কে.

বার্মায় মন্ত কাজ করতেন তিনি। বিজ্ঞলাল ছিলেন সেধানকার জ্যাকাউন্ট্যান্ট-জেনারেল। (এখন অবশ্র শান্তিপূর্ণ অবসরের জীবন যাপন করছেন।)

ফলে, বাল্যশিক্ষা সেথানেই, রেঙ্গুনে। কলেজ—এলাহাবাদে। অক্তান্ত শিক্ষা 'লগুন স্থূল অব ইকনমিকদ' এবং কিছুকাল 'ইনার টেম্পল'-এ।

ব্যারিস্টারী পড়তে পড়তে ছেড়ে
দিয়ে '৩৪ সনে বি. কে. ইণ্ডিয়ান
সিভিল্সাভিস-এ যোগ দিয়ে বসলেন।
এবং বলা বাহুল্য, ষথারীতি উত্তীর্ণ
হয়েও গেলেন। সে ১৯৩৪ সনের
কথা। 'বি কে'র বয়স তথন মাত্র
পঁচিশ।

দেশে ফেরার পর প্রথমাবস্থার
কিছুকাল কাটল পাঞ্চাবে। তারপর
থেকে ভারতের অন্ততম আই-দি-এদ
বি. কে কথনও দিলীতে, কথনও
বিদেশে। ইতিমধ্যে দেশে বিদেশে
ষে সব পদে কাজ করেছেন তিনি
তার মোটাম্টি ফর্দটিও অতিশয় দীর্ঘ।
ভর্ এইটুকুই উল্লেখ করছি যে,
ভারতের বর্তমান 'কমিশনার জেনারেল
অব ইকনমিক এফেয়ার্স, শ্রী বি কে
নেহক্ষ ভর্ যে আমাদের অর্থ, শিক্ষা

ইত্যাদি দপ্তরে বিবিধ উচ্চপদে কাজ করেছেন তাই নয়, তিনি অস্ট্রেলিয়া এবং স্থদানেও আর্থিক উপদেষ্টা হিসেবে কাজ করেছেন। তাছাড়া কমনওয়েলথ অর্থ নৈতিক সম্মেলন, ইন্টার ক্যাশক্যাল ব্যাহ্ব, ইউ. এন ইত্যাদি বহু আন্তর্জাতিক সম্মেলনেও ভারতের প্রতিনিধিত্ব করেছেন তিনি। সর্বশেষ যা করেছেন সে, তৃতীয় পরিকল্পনা উপলক্ষে মার্কিন দেশের সঙ্গে সেই বিখ্যাত আর্থিক চুক্তিটি সম্পাদন।

শোনা যাচ্ছে জ্রী বি. কে. নেহক্রর
এবার মার্কিন দেশে ভারতের রাষ্ট্রদৃত্ত
হওয়ার সম্ভাবনা। থবরটা সম্ভবত
চমকপ্রদ নয়, কেননা, বি. কে.
নেহরুর পক্ষে সেটা মোটেই দেশ-বদ্দল
নয়। অনেকেই জানেন না, ভারতের
আর্থিক বিষয়ক 'কমিশনার জেনারেল'
এর আপিদ এখনও ওয়াশিংটনে।

তাছাড়া অনেকেই হয়ত এটাও জানেন না বে ইত্যাদি ছাড়াও রাষ্ট্রদৃত হওয়ার আরও একটি 'বিশেষ' যোগ্যতা আছে ব্রিজকুমারের। তাঁর স্ত্রী ম্যাগডালেন ফ্রিদ মান। '৩০ সনে লগুনে এই ফ্রাঙ্গেরিয়ান তরুণীটির সঙ্গে দেখা হয়েছিল ওঁর। ওঁরা বিশ্নে করেছেন '৩৫ সনে। আরও একটি উল্লেখযোগ্য থবর:

গনিন পুরস্কার বিজয়িনী আফ্রোশীয় সংহতি আন্দোলনের অগতম
নত্রী রামেশ্বরী নেহক আনন্দভবনের
ই বিজুর মা। ২০. ৭. ৬১.
[শ্রী বি. কে. নেহক ১৯৬২ সনে
ার্কিন দেশে ভারতের রাষ্ট্রদ্ত নিযুক্ত
ন।]

### নহরু, রামেশ্বরী

কলকাতায় যেমন জোড়াসাঁকোর াকুরবাড়ী, এলাহাবাদে তেমনি মানন্দ ভবন'। হু'বাড়ীতেই তথন দিখিজায়ের যুগ।

ঠাকুরবাড়ীর একটি মেয়ের বিয়ে ল পাঞ্চাবে। পাঞ্চাবের একটি মেয়ে বা হয়ে এল এলাহাবাদে, 'আনন্দ ফানে'। প্রায় সমসাময়িক ঘটনা। যাগাযোগ এমন, থ্যাতিতেও হ'জনে গ্রায় সমান সমান। ক্তিত্ব হ'জনেরই বিতপ্রমাণ।

সরলা দেবী কাগজ চালাতেন।

চাগজের নাম—'ভারতী'। রামেশ্বরী

াহসা ততথানি এগিয়ে যেতে পারলেন

া। তিনি বনেদী ঘরের মেয়ে। বাবা

ছলেন তাঁর পাঞ্চাবের বিখ্যাত নায়ক

যাজা নরেন্দ্রনাথ। স্বামী খ্যাতনামা

যাজ-কর্মচারী বিজ্ঞলাল নেহক।

স্থতরাং বিয়ের পর বছর পাঁচেক কাটল ঘোমটার আড়ালেই। কিন্তু আনন্দ ভবনের প্রতিটি জানালায় দরজায় তথন ঝড়ের বেগে বয়ে চলেছে মৃক্তির হাওয়া। স্থতবাং ক' বছর কাটতে না কাটতেই দেখা গেল নতুন বৌ ঘোমটা সরিয়ে কলম নিয়ে বসেছে। সে সরলা দেবী হয়েছে। সেও কাগজ করবে একথানা। মাসিক কাগজ। মেয়েদের কাগজ।

কাগজটার নাম ছিল—'স্বী দর্পণ।'
সম্ভবত হিন্দি ভাষায় এ কাগজ-টাই
প্রথম মহিলাদের কাগজ। , প্রায়
যোল বছর (১৯০৯—) একটানা বের
হয়েছিল কাগজট। জন্ম দিন থেকে
শেষদিন পর্যন্ত সম্পাদিকা ছিলেন
তার রামেশ্বরী নেহক্র— নেহক্লদের
বাডীর বৌ।

শুধু কাগজ নয়, 'বাড়ীর বৌ'
সেদিন আরও কয়েকটি এমন এমন
কাও করেছিলেন যা সেকালের
নিয়মে রীতিমত লোমহর্ষক। যথা:
স্থার ১৯০৯ সনে তিনি 'প্রয়াগ মহিলা
সমিতি' নামে একটি মেয়েদের
প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন, '২৬ সনে
দিল্লিতে 'উইমেনস লীগ' প্রতিষ্ঠা
করেছিলেন এবং স্ত্রী আধীনতা বিষয়ে
সেকালেও ষথেষ্ট আলোড়ন স্প্রষ্টি

## নোয়েল-বেকার, ফিলিপ ভে.

করতে সক্ষম হয়েছিলেন। অথচ ভনলে অবাক হয়ে ধেতে হয়— রামেশ্বরী কোনদিন স্কুলে পড়েননি। বিয়ের আগে বর্ণ পরিচয় ছাড়া বিশেষ কিছু পড়েছিলেন বলেও তাঁর মনে নেই।

মাত ক' বছরের বাবধান। দেখতে দেখতে বামেশ্বী সম্পূর্ণ অন্ত মানুষ হয়ে গেলেন। তিনি আর 'ঘরের বৌ'নন দেশের 'মাতাজী'। '২৮ সনে সরকার তাঁকে 'এজ অব কনদেণ্ট কমিটির' সদস্থ মনোনীত করলেন, '৩১ সনে তিনি 'লীগ অব নেশনস'এ বেসরকারী প্রতিনিধি ছিসেবে যোগ দিলেন। তারপর রাশিয়া সহ গোটা ইউরোপের মেয়েদের অবস্থা সরেজমিনে পর্যবেক্ষণ করে '৩৮ সনে আবার ঘরে ফিরলেন। 'মাতাজী' সেই থেকে দেশমাতকার সেবিকা, তিনি গান্ধীশিয়া।

'হরিজন সেবক সজ্যের' প্রতিষ্ঠা থেকে রামেশ্বরী নেহরু তার সহ-সভাপতি এবং এপদে থাকা অবস্থায় ভূভারতে এমন কোন জায়গা নেই, বেথানে তিনি ধাননি, অস্পৃষ্ঠাতার বিরুদ্ধে এমন কোন আন্দোলন নেই ধাতে তিনি হাত দেননি। স্তেম্বর অন্তরা বলেন—আ্যাদের বা কিছু তার বারো আনাই মাতাজী।

এছাড়াও বাংলার ছভিক্ষ, পাঞ্চাবের দাকা, কন্তরবা মেমোরিয়াল ট্রাস্ট, উইমেনদ কনফারেন্স, মরাল এও মেন্টাল হাইজিন, আণবিক বোমা বিরোধী আন্দোলন, আন্ফো-এশিয়া সংহতি, শান্তি আন্দোলন ইত্যাদি বহু জাতীয় প্রতিষ্ঠান এবং আন্তর্জাতিক আন্দোলনের সঙ্গে আছ জডিয়ে আছে রামেশ্বরী নেহকর নাম স্টকহলম থেকে টোকিও—মাতাজী আজ স্থপরিচিতা।

সংবাদ: শান্তিযোদ্ধা হিসেবে
পঁচাত্তর বছরের ভারতীয় সমাজ সেবী
এবার লেনিন পুরস্কারে সম্মানিত
হয়েছেন। উল্লেখযোগ্য—'৫৫ সনে
তিনি স্বদেশেও 'পদ্মভূষণ' লাভ
করেছিলেন। ৭. ৯. ৬১

## নোয়েল-বেকার, ফিলিপ জে.

১৯১২ সন। স্টকহলমে সে বছর বিশ্ব অলিম্পিকের আসর। রটেন থেকে দৌড় প্রতিষোগিতার যার। যোগ দিতে এসেছেন তাঁদের মধ্যে সবচেয়ে আগে নজরে পড়ে একটি দীর্ঘকায় তরুণকে। অনুসন্ধানে জান গেল, ছেলেটি কেশ্বিজের একজন

## নোয়েল-বেকার, ফিলিপ জে.

খ্যাতনামা 'রু', বিখ্যাত একিলিস ক্লাবের প্রতিষ্ঠতা এবং ইউনিয়ান এণ্ড এথলেটিক ক্লাবের প্রেসিডেন্ট। নাম: ফিলিপ জে বেকার।

সাতচলিশ বছর আগে কেম্ব্রিজের আন্তর্জাতিক আইন বিভাগের অপ্রতিম্বনী ছাত্র তরুণ ফিলিপ বেকার স্ক্যান্তিনেভিয়ায় ছুটেছিলেন দৌড়ের মেডেল আনতে; এ বছর রটিশ পার্লামেন্টের প্রবীণ শ্রমিক সদস্থ নোয়েল-বেকার চলেছেন সেথানে বিশের শ্রেষ্ঠতম সম্মান নোবেল-প্রাইজ্ব গ্রহণ করতে।

সনের শান্তির 2365 নোবেল পুরস্কার বিজয়ী নোয়েল-বেকার-জীবনে এই প্রথম পুরস্কার পেলেন এমন নয়। ১৯২০ অলিম্পিকে তিনি পনের শ'মিটার দৌড়ে দ্বিতীয় পুরস্কার পেয়েছিলেন। তার আগে বৃথহামের স্কুলে, ফাভার ফোর্ড কলেছে এবং কেম্বিছে 'ভাল ছাত্র' হিসাবে আরও অনেক অনেক পুরস্কার পেয়েচেন এক-কালের কানাভাবাসী এবং পরবর্তীকালের বৃটিশ পালামেন্টের জনৈক খ্যাতনামা লিবারেল সদস্তের এই ষষ্ঠ এবং কনিষ্ঠ-তম সম্ভানটি।

শাস্তি দৈনিক হিসাবে নোয়েল-

বেকারের কর্মজীবনের শুরু প্রথম
মহাযুদ্ধে। অ্যাস্থলেন্স বাহিনীর
ক্মী হিসাবে সেদিন তিনি ইতালীতে
নানা বীরত্বস্চক পদকের সঙ্গে পেয়েছিলেন তাঁর ভবিশ্বৎ পদবীটিও।
'নোয়েল' ফিলিপ বেকারের স্থীর নাম।
নাস আইরিন নোয়েলের সঙ্গে নিজের
ভাগ্য জুড়বার সময় ফিলিপ তাঁর
নামটিকেও জুড়ে নিয়েছিলেন নিজের
নামের সঙ্গে। আজ ওঁদের যুগ্ম
নামেই তিনি পরিচিত।

অক্সফোর্ড এবং লগুন বিশ্ব-বিভালয়ে অধ্যাপনা করা ছাড়াও পার্লামেন্টে আসবার আগে লীগ অব নেশানস-এ কিছু দিন কাজ করে-ছিলেন নোয়েল বেকার। পার্লামেন্টে প্রথম আসেন তিনি—১৯২৯ সনে। '৩৯ সনে, যুদ্ধের সময় তিনি ছিলেন —বৃটিশ পরিবহণমন্ত্রীর পার্লামেন্টারী একাস্ক সচিব। নোবেল পুরস্কার পাওয়ার পর এখন তিনি—রিটায়ার্ড রাজ-নীতিবিদ।

শান্তির নামে নোয়েল বেকারের 
দবচেয়ে বড কীর্তি বোধ হয় তাঁর 
একখানা বই। বইটির নাম—'দি 
আর্মারেনের এ প্রোগ্রাম কর ওয়াল্ড 
ডিস্আরমামেন্ট।' রচনা কাল—
গেল বছর। এ ছাড়াও নোয়েল

### পণ্ডিড, বিজয়লক্ষী

বেকার—'দি লীগ অব নেশানস এট
ওয়ার্ক', 'দি জেনেভা প্রটোকল',
'ভিসআরমামেন্ট' ইত্যাদি কয়টি
গুরুতর বইয়ের লেখক। জীবনের
মত তার রচনারও একটিই বক্তব্য:
শাস্তি চাই। যুক্তিপূর্ণ এবং মানবিক
প্রায় বিশ্বশাস্তি।

১৯৩৫ সনে শান্তিকামী জার্মান লেথক কার্ল ফন ওসিয়েন্ধি (Ossiesky) যথন শান্তির জন্ম নোবেল পুরস্কার পেয়েছিলেন—তথন হিটলার রেগে গিয়ে বলেছিলেন—জার্মানদের নোবেল পুরস্কার চাই না। আজুসান্থনার জন্তে তিনি (আর্থিক) সমমূল্যের তিনটি পুরস্কার ঘোষণা
করেছিলেন সেদিন। ফিলিপ নোয়েল
বেকার এবার নিশ্চয়ই অফুরুপ
হতাশার কারণ হবেন না কোথায়ও।
কেননা, দায়িত্বশীল ইংরেজেরা বলেন
—একজন মাত্র ইংরেজেই এ পুরস্কার
দাবি করতে পারেন আজ। এবং
নি:সন্দেহে তিনি মি: ফিলিপ জে

39. 32. 42

# 9

## পণ্ডিত, বিজয়লক্ষ্মী

বিজয়লক্ষী এবারও বিজয়ী হলেন।
বিজয়মাল্যের সঙ্গে ফুলপুরের
দেওয়া আটার হাজার কুড়িটি ফুলের
মনোহর এই তোড়াটা তবুও যেন
দর্শকের চোথ ধাঁধিয়ে দিতে পারল
না। এ বিজয় প্রাপ্য, প্রত্যাশিত;
হয়ত বা অনিবার্ষও। কেননা, তার
আগে জনৈক ধনবান বৃদ্ধ, জনৈক
সম্রাস্ত মহিলা এবং জনাকয়
সাংবাদিকের কাহিনী আছে।

বাগান আর স্ইমিং-পুল থচিত

প্রাসাদ 'আনন্দ ভবনে'র এক বছর পরে (১৯০০) ভূমিষ্ঠ হয়েছিল মতিলাল নেহরুর ছিতীয় সন্তান—স্বরূপ। বাবা কথনও কথনও আদর করে বলতেন — স্থানকুমারী। এগার বছরের দাদা ডাকতেন—নান। কৃষ্ণার জন্ম আরও সাত বছর পরে। কক্ষভরা আদর, আস্তাবল ভরা ঘোড়া। পাঁচ বছর বয়ুদে বাবা-মার সঙ্গে ইউরোপ গিয়েছিল আত্রে মেরে। ইউরোপীয়ান গভর্নেস মিদ ছপার তার গৃহশিক্ষিকা। স্বরূপ পড়ে, নাচে, ঘোড়ায় চড়ে।

'আনন্দ-ভবনে' আসতে আসতে বোড়ায় চড়া মতিলাল ছহিতাকে দেখে চমকে ওঠলেন মতিলালের এক সম্ভ্রাস্ত ধনবান মকেল। পণ্ডিতজীর সঙ্গে দেখা হওয়ামাত্র তাঁর প্রশ্ন: মেয়েদের এভাবে স্বাধীনতা দেওয়া কি সঙ্গত ? বিজয়লন্ধী সেকালেরই মেয়ে। ফুলপুরের আগে তাঁকে পেছনে অনেকথানি পথ ঘোড়ায় চড়ে আসতে হয়েছে। মতিলাল নেহকর কন্তার পক্ষেও সেটা খুব সহজ ব্যাপার নয়।

'১৫ সনে পনের বছর বয়সে নাচ ছেড়ে বাবার সঙ্গে বোষাই কংগ্রেস। পরের বছর দাদার বিয়ে। তারপরজালিয়ানওয়ালাবাগ, আগুণ…, অয়তসর কংগ্রেস। বাড়িতে গান্ধীজী, মহাদেব দেশাই, দাদা এবং আরও কত কে! মহাদেব দেশাই-ই ছুড়ে দিয়েছিলেন হাতের কাগজটা। বলেছিলেন —পড়ে দেখ। লেথক আমার বাল্যবন্ধ। অরপ হাত বাড়িয়ে ল্ফে নিয়েছিলেন; '২০ সনের কোন এক মাসের 'মডার্ন রিভিউ', রচনাটির নাম—'অ্যাট দি ফিট অব দি গুরু', লেথকের নাম—রঞ্জিত এস. পণ্ডিত। পড়ে অরপ ময়মুয়া।

ক্রমে আরও জানা গেল। রঞ্জিতরা মহারাষ্ট্রের রত্নগিরি উপকূলে বামবুলির সম্ভ্রাস্ক ব্রাহ্ণণ। বঞ্জিতের শৈশব কেটেছে অবশ্য কাথিয়াড়বারের রাজ-কোট স্টেটে। ওঁর বাবা সেথানেই থাকতেন। অক্সফোর্ডের থ্রাইস্ট চার্চ এবং মিডল টেম্পলে তৃথড় ছাত্র ছিলেন রঞ্জিত। তাছাড়া সরবোন এবং হাইডেলবার্গের ডিগ্রি রয়েছে তার। উপস্থিত এলাহাবাদ হাইকোর্টে ব্যারিস্টারী করছেন। মহাদেব দেশাই জানালেন—এ সবের চেয়েও বড় পরিচয় রঞ্জিত সত্যিই পণ্ডিত, এবং অভুত প্রাণচঞ্চল।

দে বিষয়েও সন্দেহের অবকাশ वरेन ना। अथम पर्नानव পরেই স্বরূপের জয়মাল্য পড়ল রঞ্জিতের গলায়। রঞ্জিত নাম দিলেন তাঁকে-বিজয়লক্ষী। সে ১৯২১ সনের কথা। তারপর ১৯৪৪ সনে জেলে রঞ্জিতের মৃত্যুর দিন পূর্বস্ত দীর্ঘ তেইশ বছর ধরে একসঙ্গে সংসার, আইন অমায় আন্দোলন, ইউরোপ ভ্রমণ, কারাবাস; চন্দ্রলেখা, নয়নতারা, রিতা। অনেক হাসি, অনেক কালা। তিন বছর বয়সের মেয়েকে রেথে জেলে যাওয়া (১৯৩২), দেওয়ালের ব্যবধানে অক্ত কারাগারে স্বামীকে রেখে সাক্ষাভের জন্যে দিন গোনা,—সেসব অনেক বত্রণার কথা। তবুও খদেশীর কথা

## পণ্ডিভ, বিজয়লক্ষী

ভনে সম্লাস্ত মহিলাটি ঠোঁট বাঁকিয়ে মৃথের ওপর বলে দিলেন—স্বাধীনতা তোমাদের মত মেয়েদেরই পোষায় বাপু,—ইউ হ হাভ লেফ্ট ইওর হোমস!

বিজয়লন্দ্রী একদিনে জেতেননি।

এলাহাবাদ মিউনিসি-প্যালিটির শিক্ষা পরিষদে এবং তারপর ১৯৩৭ সনে উত্তর প্রদেশ বিধানসভায়। বিজয়লন্দ্রী সেবার কানপুরের বিল-হাউর এলাকা প্রার্থী। থেকে তার—শিক্ষামন্ত্রীর পতী প্ৰতিদ্বন্দ্ৰী শ্রীমতী শ্রীবাস্তব। এলাকায় ভোটার সংখ্যা---৩৮ হাজার। মাত্র হাজার ভোটের ব্যবধানে বিজয়ী হলেন विषयुनक्षी। '80 সনে এই কেন্দ্র থেকেই তিনি বিনা প্রতিমন্দ্রিতায় নির্বাচিত হয়েছিলেন। পছজী ওঁকে স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী করে নিলেন। ভারতে তিনিই প্রথম মহিলা মন্ত্রী। তাঁর সম্পর্কে একটি মস্তবোর উত্তর দিতে উঠে দাঁডিয়ে আইনসভায় তিনি বলেছিলেন—যে-বুদ্ধ ভদ্ৰলোক আমাকে ঘোড়ায় চড়তে দেখে উৎকণ্ঠিত হয়ে উঠেছিলেন, আমি দেখতে পাচ্ছি আমার দামনে আজ তাঁর পুত্রও হাজির। স্বভাবতই তিনি কংগ্রেসের বিপরীত দিকের আসনে বসেছেন। আশ্চর্য, ওঁরা আজও বদলালেন না!

মহিলা-মন্ত্রী উপলক্ষে তৎকালের কিছু কিছু কাগজেরও অভত মতি-গতি। মেয়েদের সভায় বক্ততা করতে গিয়ে তিনি স্বভাবতই স্ত্রী-স্বাধীনতার. কথা উল্লেখ করেছিলেন। পরদিন কাগজে শিরোনামা ছাপা হল-মিসেস পণ্ডিত বিবাহ-বিচ্ছেদ সমর্থন করেন। এমনি সব নানা গুজব। বাইরের কাগজগুলোও তার ব্যতিক্রম নয়। ইউরোপে একজন সাংবাদিক জিজেন করেছিলেন—আপনি কি মনে করেন মেয়েদের ব্যায়ামচর্চা করা ভাল---কেন নয় ? উকর দিয়েছিলেন ভারতের প্রথম মহিলা মন্ত্রী। পরের দিন বিশ্বময় থবর: ওম্যান মিনিস্টার বিগিনস হার এইটিন-আওয়ার ডে বাই স্ট্যান্তিং অন হেড।

তাই বলছিলাম, ফুলপুরের আগে ঘরে-বাইরে অনেক যুদ্ধ জয় করে ভবে এই বিষয়লন্ধী।

মস্কো (১৯৪৭-৪৯), ওরাশিংটন ('৪৯—'৫২), লণ্ডন ('৫৫—'৬১), কিংবা রাষ্ট্রপুঞ্জের সাধারণ পরিবদের সভানেত্রীর আসন ('৫৩—'৫৪)— এসব একালের কাহিনী। বিজয়লক। তার বহু আগেই বাইরের পৃথিবীতে স্বথ্যাত ভারতীয় নারী। মাদাম চিয়াং তাঁরই আমন্ত্রণে ভারতে এসেছিলেন, নেহরুর মিউনিক ভ্রমণের (১৯৬৮) সমর্থনে তিনিই সেদিন বিশ্বের কাছে এগিয়ে গিয়ে কৈফিয়ত দিয়েছিলেন । তার চেয়েও বড ঘটনা মাদাম পণ্ডিতের ঐতিহাসিক আমেরিকা বিজয়। ভারত সরকার আমেরিকায় বছরে প্রায় কুড়ি লক টাকা খরচ করেন ভারতের বিরুদ্ধে অপপ্রচারে, ইংরেজ সরকার খরচ করেন আরও ১০০ থেকে ১২০ লক ডলার; প্রায় দশ হাজার লোক তথন ভারত বিরোধী প্রচারের নিযুক্ত। তারই মধ্যে ১৯৪৪ সনে একদিন এদে মার্কিন দেশে অবভরণ করলেন নেহক-ভগ্নী বিজয়লক্ষ্মী। ত্ব' বছর পরে হটু স্পীং, সান-ক্রান্সিদকে দেরে তিনি যথন দেশে ফিরে এসেচেন তথন আমেরিকায় আমাদের অন্ত পরিচয়।

হুভরাং, মঙ্কোর দ্ত নিয়োগ প্রসঙ্গে নেহকর মূথে 'নান্'-এর নাম শুনে লিয়াকৎ আলি আপত্তি তুলে-ছিলেন বটে, কিছ মাউন্টব্যাটেনকে মৌন থাকতে হল। বিজয়লকী মক্ষোর প্রেরিড হলেন। তাঁর যোগ্যতা সম্পর্কে প্রশ্ন অবাস্কর।

অবাস্তর হয়ত ফুলপুরের সামান্ত
ঘটনা উপলক্ষে এই শ্বতিচারণও।
কেননা, ঘরে-পড়া মেয়ে বিজয়লন্দ্রীর
হাতে আজ বিশের সেরা দশএগারোটি বিশ্ববিস্থালয়ের সন্মানপত্ত,
দেশবিদেশের অসংথ্য পদক। তাঁর
চৌষটি বছরের জীবন একের পর এক
জয়েরই কাহিনী। তব্ও পুরানো
গল্পলো বলতে হল কারণ, মহারাষ্ট্রের
রাজভবন ছেড়ে বিজয়লন্দ্রী আজ সেই
পুরানো জগতেই ফিরলেন। ফুলপুর
তাঁর প্রিয় 'ভাই'-এর এলাকা।

'আমার বা কিছু সব আমার প্রিয় ভাইয়েরই দেওয়া।···অ্যাণ্ড দিস ইজ মাই ওয়ে অব সেয়িং 'থ্যাক ইউ' টু হিম।' ২৬.১১.৬৪.

## পট্টনায়েক, বিজু

শাসক আর শাসিতের শেষ
মোলাকাত। ইন্দোনেশিয়ার সেবার
সভ্যিই ঝড়। মুখোস ছুঁড়ে ফেলে
আসরে নামছে ডাচরা। মরিয়া হরে
লড়াইয়ে ক্ষেপেছে জনতা। বহির্বিশ্বে
ভারা বান্ধবহীন।

কিছ তাই কি ? ভাচ এন্টিএয়ার-

# পট্টনায়েক, বিজু

ক্র্যাফট কামানের বৃহ্ছ ভেদ করে
পশ্চিম থেকে আসা যাওয়া করে
একটি নিঃসঙ্গ বিমান। কেন আসে,
কোধায় বায়—সকলে তা জানে না।
জানবার স্থ্যোগ পায় না। এ বিমান
শক্ত পক্ষের না হলেও ইন্দোনেশিয়ার
কাচে রহস্থয়য়।

এ বহন্ত উদ্বাটিত হল দেদিন,
দিল্লীর পালাম বিমান বন্দরে ষেদিন
দেই ছোট্ট বিমান খানি থেকে
হাসতে হাসতে নেমে এলেন
ইন্দোনেশিয়ার হুই জনপ্রিয় নায়ক।
ডাঃ হাতা আর ডাঃ সারিয়ার।
নেমেই ককপিটের দিকে এগিয়ে
গেলেন হাতা। প্রথম অভিনন্দন
জানাতে চান তিনি এই হুঃসাহসিক
বৈমানিককে।

চালকের আসন থেকে নেমে এলেন হুর্ধর ভারতীয় তরুণ। লম্বায় ছ'ফুটের ওপরে। বিরাট দেহ। দেখলেই বোঝা যায় হু:সাহস এ মাক্সবটির নিত্য সহচর।

নাম—বিজয়ানন্দ পট্টনায়ক। দেশ—উড়িয়া। জন্ম—১৯১৬ সনের মার্চে, কটকে।

বাবা ছিলেন ধর্মপ্রাণ সাধক। উড়িয়ার বিধ্যাত ব্রাহ্ম নায়ক। তিন ভাইয়ের অক্ততম বিজয় স্কুলের পড়া শেষ করে ভর্তি হলেন কটকের রেভনশ কলেজে।

কিস্ক কলেজী পড়ায় মন মানে না। বিজয় এমন কিছু করতে চান বাতে উত্তেজনা আছে, উদ্দামতা আছে, প্রাণ আছে। তিনি ঠিক করলেন পাইলট হবেন, প্লেন চালাবেন।

মনস্থির হওয়া মাত্র ধার কাজ শেষ হওয়া চাই—ছোটবেলা থেকেই এছেলে দেই ধাতের মাহধ। তিনি পাইলট হলেন। ভারতের অন্যতম সফল কর্মাশিয়াল বৈমানিক।

বৈমানিক হিসাবে তাঁর এক কৃতিত্ব ইন্দোনেশিয়া। অকথিত কাহিনী অনেক। তার মধ্যে উল্লেখ-যোগ্য ভারতের লাট বাহাছরের প্রিয় বৈমানিক ছিলেন স্থাশস্থাল এয়ার ওয়েজ-এর পট্টনায়ক। বছবার বছ মূল্যবান মামুষকে নিয়ে তিনি এশিয়ার দেশে দেশে ঘুরেছেন। বিশেষ করে বিপজ্জনক এলাকায় এবং বিপজ্জনক মূহুর্তে। পট্টনায়ক সেথানেই সব চেয়ে কর্মঠ।

তবুও উড়োজাহাজ নিয়ে ঘুরে বেড়ান হল না। উড়তে উড়তেই '৪২ সনে ভাঙ্গায় নামলেন বিজয়ানন্দ। মাটিতে তথন প্রভূত উত্তেজনা, অনেক কর্তব্য। '৪২-এর 'ভারত ছাড়' আন্দোলনে ঝাঁপিয়ে পড়লেন তিনি।
অপরাধের গুরুত্ব জেনেই নিজের ঘরে
আশ্রয় দিলেন একজন বিখ্যাত দেশনেত্রীকে। শুধু তাই নয়, যথা সময়ে
সরকারী বিমানেই তাঁকে পৌছে দিয়ে
এলেন লাট বাহাত্বের প্রিয় বিমানচালক। ফল—কিছুদিন কারাবাস।

জেল থেকে বের হয়ে ঠিক করলেন
আর একথানা উড়োজাহাজ নিয়ে
চলবে না। এবার বিমান বহর করতে
হবে। গঠিত হল কলিঙ্গ এয়ারলাইন্স।
তারপর থেকে আরও আরও
কলিঙ্গ। পট্টনায়ক উড়োজাহাজ
চালান, পাইপ তৈরী করেন, কাপড়ের
কল চালান। তিনি বছরে হাজার
পাউও 'কলিঙ্গ পুরস্কার' দেন। তাঁর
হাতে লোহার খনি, ম্যাঙ্গানিজের খনি
এবং কি নম্ব! বিজয়ানন্দ পট্টনায়ক
ভারতের শিল্পক্তে দেখতে দেখতে

মস্ত জোয়ান মাহ্য, মস্ত নাম—
কিন্তু কথা বললে মনে হয় তার চেয়েও
মস্ত তার হৃদয়টি। সদালাপী, সহাত্র
ম্থ বিজয়ানন্দ—আসলে যেন ব্যবসায়ী
নন, শিল্পপিডিও নন, অন্ত কিছু।

একটি মস্ত নাম।

সাদাসিধে পোষাক, সাদাসিধে চাল-চলন, বছরে কমপক্ষে তিনবার ইউরোপ আমেরিকা করছেন। কিন্তু বাড়ীতে ছই প্রস্থ সাহেবী পোবাক
খ্ঁজে পাওয়া ধাবে কি না সন্দেহ।
দেশজোড়া এত সম্পত্তি, কিন্তু নিজের
বলতে শুধু পৈত্রিক বাড়ীটি মাত্র।
কাশ্মিরী পত্নী, তিনটি ছেলেমেয়ে—
জমজমাটি সংসার। কিন্তু আজীবন
আকাশচারীর মুথে তব্ও প্রতি মূহুর্তে
অগ্যদের কথা, মাটির চিস্তা। ক'মিনিট
শুনলেই মনে হয়, লোকটি সংসারী
নয়,—পলিটিক্যাল।

তিনি নিজেও তাই বলেন।
উড়িয়ার মৃথেও একই কথা। '«২ সন
থেকে বিজয়ানন্দ পট্টনায়ক উড়িয়ায়
বিধান সভার অন্ততম সদস্য। তার
চেয়েও বড় সংবাদ উড়িয়া কংগ্রেসের
তিনি অন্ততম সমর্থ নায়ক। বিশেষ
গণতয় পরিষদের স্বরক্ষিত হুর্গটিকে যে
ভাবে ধূলিসাৎ করেছেন বিজয়ানন্দ,
সে বোধ হয় শুধু তাঁর মত বেপরোয়ার
পক্ষেই সম্ভব।

বিজয়ানন্দের বলে বলীয়ান কংগ্রেদ অতঃপর তাঁকে নির্বাচিত করল তাঁদের প্রধান। বলা বাহুল্য, এ বিজয় ভর্ধ তাঁর ব্যক্তিগত নয়, বোধ হয় কংগ্রেদেরও। কেননা, পঁয়তালিশ বছরের এই মামুষটিকে একবার পুরো ভাগে পেলে আর ষাইহোক কথনও পশ্চাদপ্রবার আশক্ষা নেই। ১৬.২.৬১

## পহলেভী, রেজা মহম্মদ

## পহলেভী, রেজা মহম্মদ

সবই ছিল। আলাদীনের চেরাগ (মানে, প্রতিদিন দশ লক্ষ ব্যারেল করে তেল) যাছ-কার্পেট (আজও ষার শিল্পীরা দৈনিক এক টাকার বেশী মজুরি পায় না), সিরাজের সিরাপ (আফিং অবয়বে ষার 'হাতে মৃত্যু থতিয়ান বার্ষিক দেড় লক্ষের ওপর), বসরার গোলাপ (বছরে তিনশ'টন শুকনো পাপড়ি তার বাইরে ষায়) এবং অর্গের ছরী (তেহরানের নাইট ক্লাব শুলো স্থবিখ্যাত)—সব। সবই ছিল কিছ নবীন বাদশার মুথে তবু হাসিছিল না। কেননা, বাদশার ছেলেছিল না।

কাউজিয়া বড় ঘরের মেয়ে ছিল।
মিশররাজ ফারুথের বোন। মেয়েটা
ফুল্বনীও ছিল। কিন্তু দশ বছরে একটিমাত্র মেয়ে দিয়েছিল সে বাদশাকে।
মনের ছুংথে বাদশা তাকে বনে
পাঠালেন।

ঘরে এল স্থরাইয়া। অপরপা, আধুনিকা। কিন্তু দশটা বিফল বছরের মানি নিয়ে প্রাসাদ ছাড়তে হল জাঁকেও।

এল ফারা ডিবা। চল্লিশ বছরের বাদশার পাশে একুশ বছরের তরুণী। মূথে তার হাসি। বলল—ছ্থী রাজার মূথে হাসি ফোটাব আমি!

কথা রেখেছে মেয়েটা। সংবাদ:
অবশেষে সতিট্ট পারশ্ররাজের ম্থে
হাসি ফুটেছে। ফারা ডিবা তাঁর মান
রেথেছে। বছর ঘুরে না আসতেই
বাদশাকে সে একটি সস্তান উপহার
দিয়েছে।—পুত্র সস্তান! পারশ্ররাজ
শাহানশা রেজা মোহম্মদ পহ্লেভী
আজ সতিট্ট পুলকিত, ইরান উৎফুল্ল,
এবং তস্তা বন্ধু-বাদ্ধবেরা নিশ্চিন্ত।
এবং স্থভাবতই সিংহাসনটা ততোধিক।

বাদশাজাদার নাম রাথা হয়েছে—
সাইরাদ। নামটা আড়াই হাজার
বছরের পুরানো। দিংহাসনটাও কম
নয়। বিখ্যাত ময়্র দিংহাসন।
হিন্দুস্তানের মজলিশী বাদশা শাজাহান
বসতেন সেটায়। কিন্তু সে তুলনায়
সক্তজাত সাইরাসের বংশটি নবীন।
প্রবীণ রাজবংশগুলো হয়ত বলবে—
অর্বাচীন।

ইরানে আগাগোড়াই কোন না কোন বাদশা ছিলেন—কিন্তু সে তালিকার কেউ শাহ'র পিতামহ ছিলেন না। বাবা ছিলেন—একজন সাধারণ স্লাভ সৈনিক। কিন্তু উচ্চা-ভিলাব ছিল তাঁর। ফলে, একদিন দেখা গেল—১৩০ বছরের পুরানো কোয়াজার বংশ উঠে গেছে এবং তার জায়গায় প্রতিষ্ঠিত হয়েছে পহলেভী বংশ (১৯২৬)। শাহ'র বাবা রেজা শা দেই বংশের প্রথম স্থলতান।

বাবার স্থলতানী মেজাজ ছিল এবং (একটা চোথে হলেও) আধ্নিক দৃষ্টি ছিল। স্থতরাং, ছেলে গেল স্থইজারল্যাণ্ডে আজকালকার দিনের স্থলে। সেথানে সে বন্ধুদের কাছে দগর্বে গল্প করে—'দেশে থাকতে, জানিস, আমি ঘরে চুকলে বুড়োরা পর্যন্ত উঠে দাঁড়ায়।'

লেথাপড়া কিছু স্বইজারলাাণ্ডে,
কিছু তেহরানের সামরিক বিছালয়ে।
'৩৯ সনে বাবার হুকুম মত বিয়ে।
'৪১ সনে বাবার বদলীতে (মিত্রশক্তি
তাঁকে নির্বাসিত করেছিলেন)
সিংহাসনে।

তারপর থেকে আজ পর্যন্ত শাহ
আনেক কিছু করেছেন এবং আনেক
কিছু দেখেছেন। '৪৮এ প্রথম বিবাহ
বিচ্ছেদ। '৪৯ দনে তেহরাণ বিশ্ববিজ্ঞালয়ে আততায়ীর পিস্তল, '৫১য়
আবার বিয়ে এবং যুগপৎ মোসাদেকের
বিল্রোহ, শাহর দেশত্যাগ, আবার
বিল্রোহ, প্রত্যাবর্তন এবং ইত্যাদি
ইত্যাদি। মধ্যপ্রাচ্যের প্রচণ্ড ভূমিকম্পে

এখনও থেকে থেকে কেঁপে ওঠে ইরানের জমি। (সে জমির পঁচিশ লক্ষ
একরের মালিক শাহ স্বয়ঃ, জার
বাকীটা—অক্সান্ত ছোটখাট শাহদের।
তাঁদের সংখ্যা—মোট এক হাজার, জার
ইরানের প্রজাসংখ্যা প্রায় হই কোটি!)
দৈনিকেরা ষড়যন্ত্র করে, মোসাদেকের
ছায়া সহস্রায়তন হয়ে রাজপথে ঘুরে
বেড়ায়, রাজনৈতিক দলগুলো উষ্ণতা
ছড়ায়,—কিন্তু শাহ নিক্রেগ। তারই
ফাকে ফাকে উন্মন্ত বিশাসীর মত
তিনি খুঁজে চলেছেন তাঁর মন্থ্র
সিংহাসনের উত্তরাধিকারী।

ফারুথ বলেছিলেন—আগামী দিন তুনিয়ায় রাজা থাকবে তু'জন। একজন ইংলণ্ডের, অক্তজন তাদের।

সান্তনা, এ তালিকা যথন তৈরী হয় ইরানে তথন সাইরাস নামে কোন স্থলতান ছিলেন না।

— ঈশর ফারা ডিবার ছেলেটিকে বাঁচিয়ে রাথ্ন। ৩.১১,৬০

#### পাতিল, এস. কে.

এ যুদ্ধ ক্ষেত্রটা ছিল ভারতেই!
দক্ষিণের অন্ধ্র রাজ্যে। জ্যোতিবীরা
বলেছিলেন—ফল নিশ্চিত পরাজয়।
হাসতে হাসতে শ্রীপাতিল বলেছিলেন
—ফল নিশ্চিত বিজয়। তাই হল। '৫৫

#### পাতিল, এস. কে.

সনের নির্বাচনে কমিউনিষ্টরা আশাতীতভাবে পরাজিত হলেন। লোকে বলল—পাতিল যাতু জানেন।

শ্রী এস. কে. পাতিলের কর্মজীবন বলে—তিনি কাজ জানেন। বিরাম-হীন, আলস্থহীন যোদ্ধার কাজ। ছাত্রজীবনটুকু বাদ দিলে ১৯২০ সন থেকে পাতিল তা-ই দেখাচ্ছেন।

জন্ম তাঁর ১৯০০ সনে। বোধাই-এর রত্নিরি জেলায়। লেখাপড়া শুকু হয়েছিল বোম্বাইয়ের সেণ্ট জেভিয়ার্স কলেজে, শেষ হল লওন স্কল অব ইকনমিকস এবং লণ্ডন যুনিভারসিটি পাতিল তথন দেখানে कल्लाखा সাংবাদিকত। প্ততেন। '૨ ૰ এল। সাংবাদিকতা আর হল না। স্থাদেশিকভায় পেয়ে বসল তাঁকে। স্বদেশী স্থলের কাজে চলল-চার বছর। পরের বছরগুলো কোথা দিয়ে যে চলে গেল কে তার হিদেব রাথে। সংক্ষেপে শ্রীপাতিলের অভিজ্ঞতার হিদেব: কারাবাদ আটবার, এ, আই. সি. সি—আটাশ বছর, ওয়ার্কিং কমিটি --পাচ বছর ও আরও, বোদাই মিউনিসিপালিটি—সতের বছর, রাজ্য বিধানসভা-দশ বছর, প্রাদেশিক কংগ্রেসের সেক্রেটারির কাজ সতের ৰছব, সভাপতিত্ব—তুইবার এবং এবস্বিধ। শ্রী এস.কে. পাতিল একমাত্র ব্যক্তি মিনি পর পর তিনবার বোস্বাইয়ের মেয়র হয়েছেন।

কেন্দ্রীয় মন্ত্রিসভায় শ্রীপাতিল নবাগত। '৫৭ সনে দেচ দপ্তরের দায়িত্ব নিয়ে তিনি দিল্লি এসেছিলেন। তারপর থেকে দিল্লি যেন ক্রমেই তাঁকে জড়িয়ে নিচ্ছে। '৫৮ সনে শ্রীপাতিলকে যোগাযোগ এবং পরিবহণ দপ্তরে হাত দিতে হল। এবং অবশেষে ঘাড়ে নিতে হল শ্রীশ্রজিতপ্রসাদ জৈনের বার্থতার ঐতিহ্নসহ থাত্ত দপ্তরে।

ভারতের খাত্মন্ত্রী এখন মার্কিন
দেশ দফরে আছেন। আমেরিকার
তিনি এই প্রথম নন। শ্রীপাতিল
ভারতের কেন্দ্রীয় মধ্যে দেশ শুমণেও
অক্ততম অভিজ্ঞ ব্যক্তি। আফিকা
এবং মধ্যপ্রাচ্য সহ বহুবার বহু দেশ
তিনি ঘুরেছেন। স্থতরাং, সংবাদ
তা নয়। সংবাদ: শ্রীপাতিল আজ
বাইরের ছনিয়ায় স্থপরিচিত।
ওয়াশিংটনে লোকে জানে পাতিল
মা বলেন ভারতে অনেকেই তা
বলছে। ৩০.৪.৬০

('কামরাজ পরিকল্পনা' অস্থায়ী শ্রী এস. কে. পাতিল ১৯৬৩ সনের শেষ দিকে কেন্দ্রীয় মন্ত্রিসভা ত্যাগ করেন। নেহক্ষীর তিরোভাবের পর আবার তিনি শাস্ত্রী মন্ত্রিসভায় ফিরে এসৈছেন। তিনি বেলদপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী।]

#### পাঞ্চেন লামা

চেহারায় তুইজনের অভ্ত মিল।
বয়দেও। একজন চবিশ, অগ্রজন
বাইশ। দেখলে মনে হয় তুই ভাই।
সভ্য বটে, তুজনেই গরীব মা-বাবার
সন্তান। কিন্ত দালাইলামা আর
পাঞ্চেন লামা তুই সহোদর নন, তুই
'ঈশ্বর'। তু'জনেই তারা 'জীবস্ত
বুদ্ধ'। একজন অলোকিক, অগ্রজন
কিয়ৎপরিমাণে লোকিক এই যা।

গুরু-দক্ষিণার অনেক চমকপ্রদ কাহিনীই শোনা যায়। কিন্তু এমনটি বোধ হয় আর হয় না। কয়েকশ' বছর আগেকার কথা। তিকতের পঞ্চম দালাই লামার গৃহশিক্ষক ছিলেন একজন। দালাই লামা খুবই শ্রদ্ধা করতেন তাঁকে। অবশেষে প্রণামী তিনি মাষ্টার মশাইকে স্থ্যবস্থ জানালেন.—আমি জীবস্ত यकि তথাগত হই, তবে আপনিও তা। আজ থেকে আমার পরেই তিকাতে আপনার আসন। পাঞ্চেন (শিক্ষক) লামা সেই থেকে তিকতের দ্বিতীয় অধিরাজ।

আজকের দালাই লামার ক্রমিক সংখ্যা চৌদ, পাঞ্চেন লামার-দশ। দেদিক থেকে তু'জনেই ঐতিহাসিক পুরুষ। কিন্তু তুংখের বিষয় সেই ইতিহাস মুখ্যত এই তুই পুরুষের ক্রমতা ভ্রের ইতিহাস।

ছত্রপতি শিবাজী তার প্রতি তুর্গে

হ'জন করে সৈন্তাধ্যক্ষ রাথতেন।

উদ্দেশ্য: ক্ষমতা ধন্দ বিজ্ঞোহের

সম্ভাবনাকে রোধ করা। দালাই লামা
আর পাঞ্চেন লামাও যুগের পর যুগ বিজয়ী বহিরাগতদের এই পথে সেবা করে এসেছেন। আজও করছেন।

**माना** हे লামা যথন ভারতে উদ্বাস্থ্য, পাঞ্চেন তথন পিকিং-এ সমানিত অতিথি। দালাই লামা যথন চীনাদের সমালোচনায় ব্যস্ত, পাঞ্চেন তথন তাদের প্রশংসায় মুখর। এই নিন্দা স্থতি যে অংশত হলেও বাক্তিগত উচ্চাকাক্ষা তা কারও অবিদিত থাকবার কথা নয়। অস্তত পিকিং-এর ত নয়ই। স্থতরাং, তারা 'লামাশাহী' উচ্ছেদ করতে নেমেও পাঞ্চেন লামাকে বাদ দিলেন না। দালাই লামার শৃক্ত আসনে তোড়জোড় করে তাঁকে বদালেন। কারণ দেশটা তিব্বত এবং ভার দশ লক্ষ মাহুবের মধ্যে কয়েক লক্ষই—'জীবস্ত বৃদ্ধ'।

#### পার্থসারথি, জি

এবার শোনা যাচ্ছে—পাঞ্চেন
লামার ভাগ্যও নাকি পাল্টে গেছে।
বিদি তা সত্য হয় তবে ইতিহাসের
অহমান আরও ছটি সত্য সেখানে
ঘটতে চলেছে। (১) পিকিং-এর
তিকাতবিজয় সমাধার পথে এবং
(২) তা হতে চলেছে এমন একটা
পথে যা রেডইগুয়ান বিজ্ঞের চেয়েও
কঠিনতর পথ। কেননা এ পথে
পাঞ্চেন লামাও বিস্তোহী হয়।

١١. ७: ७٥

### পার্থসারথি, জি.

লিথিতভাবে বলে পাঠান হল আমি মাও-এর সঙ্গে দেখা করতে চাই। বিষয়: জরুরী।

উত্তর এল,—পাবে। কবে কথন কোথায় তার কোন উল্লেখ নাই। অথচ সেটা নিয়ম নয়। কেননা, অহুরোধ পত্রটি ষিনি পাঠিয়েছিলেন তিনি রাষ্ট্রদৃত।

ক'দিন পরে হঠাং ভোর রাত্রে দরজায় কড়া নাড়ার শব্দ। একগাদা হোমরাচোমরা লোক এসে হাজির।—
মাও-এর সঙ্গে দেখা করতে চেয়েছিলে
না ?—নাও, চটপট তৈরী হয়ে নাও।
ভিনি ভোমার জন্তে বসে আছেন।

বিচিত্ৰ এই অভিজ্ঞতাটা অবশ্য

ঘটেছিল পূর্বস্থরী আর একজনের জীবনে। কিছ পাকিস্তানে সক্ষ নিযুক্ত হাই কমিশনার পার্থসারথিও সেই একই দেশফেরত কুটনীতিক। বরং তাঁর আমলটি (১৯৫৮-৬২) ছিল আরও বিপদসংকুল।

নাম--গোপাল্যামী পুরো পার্থসার্থি। জন্ম—১৯১২। কিন্তু वक्रुमञ्ज उँक टहरन कि. नि नाय পিকিং-এ চেনে পরে নয়, তার বহু আগে থেকে। কেননা, পার্থসার্থি তাঁর ভরুণ বয়স থেকেই ভারতে একজন বিখ্যাত সাংবাদিক। মালোভের পর ফোর্ডের ডিগ্রি নিয়ে তিনি ব্যারিস্টারী পডেছিলেন বটে, কিন্তু '৩৬ সনে কর্মজীবন শুরু হয়েছিল তাঁর মাদ্রাজের 'হিন্দু' পত্রিকার সহকারী-সম্পাদক হিসেবে। তারপর দীর্ঘকাল ছিলেন প্রেসটাস্ট অব ইণ্ডিয়ার প্রতিনিধি। '৫২ সনে সেখান থেকে ফেরার পর শ্রীপার্থসার্থির পদ ছিল - চীফ এডিটার, পি. টি. আই।

কিন্তু সাংবাদিকতার আর থাক।
গেলনা। পরের বছরই সরকার
কাজে লাগাতে চাইলেন এই মগজেকলমে চলনে-বলনে সমান প্রথর
ভারতীয়টিকে। তিনি আন্তর্জাতিক

### পাল, ডঃ রাধাবিলোদ

কমিশনের চেয়ারম্যান হিসেবে প্রেরিত হলেন—কম্বোডিয়া তারপর একই তদারকি কাজে ভিয়েৎনাম। '৫৭ সনে কর্তব্য আরও স্পষ্টতর হল। পার্থসারবি নিযুক্ত হলেন ইন্দো-নেশিয়ায় রাষ্ট্রদ্ত। পরের বছর চীনে, এবং সেখান থেকে ক্টনীতির নতুন রূপ দর্শনাস্তে এবার পকিস্তানে।

ক্রিকেট, হকি, টেনিস সব
খেলায় সমান পটু মাহ্যবটিকে কীভাবে
গ্রহণ করবে পাকিস্তান সে-ই জানে।
আমাদের জেনে রাথা ভাল—
পার্থসারথি পাকিস্তানেও স্থ্যাত
বিখ্যাত গোপালম্বামী আয়েকারের
একমাত্র তনয়। ওঁর নিজেরও
একটিই ছেলে! নাম—অশোক।—
স্বী ওঁর রাজ্যসভার একজন সদস্তা।
২৬.১৫.৬২

## পাল, ডঃ রাধাবিনোদ

সনটা ঠিক মনে নেই। তবে
নামটা মনে আছে। আর মনে
আছে ঘটনাটা। আমরা তথন দ্র
মফঃখলে একটা কলেজে পড়ি।
হঠাৎ একদিন কলেজ ছুটি হয়ে গেল।
কি ব্যাপার? না, তিনি কলকাতা
বিশ্ববিদ্যালয়ের ভাইসচ্যান্দোলার
নিযুক্ত হয়েছেন (১৯৪৪-৪৬)। সেই

খনামধন্ত ড: রাধাবিনোদ পাল এই কলেক্তে এককালে অধ্যাপক ছিলেন। এবং শুনে অবাক হয়ে গেলাম, গণিতের অধ্যাপক।

তারপর আরও অনেক কথা
ভনেছি এবং অবাক হয়েছি। তাঁর
মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য যা, তা
শ্রীপালের ছাত্রজীবন। জন্ম নদীয়া
জেলার সলিমপুর গাঁয়ে। (২৮৯৬
সনে) বাবার অবস্থা মোটেই ভাল
ছিল না। কিশোর রাধাবিনোদ
তাই একটা দোকানে কাজ করতেন।
তাতেই পড়াভনার থরচ চলত।
তব্ও ছেলেটা অনেক ছেলেকে
হারিয়ে এম. এ পাশ করল। সঙ্গে
সঙ্গে অধ্যাপনার কাজ জুটে গেল।
তবে স্থদ্র মফংখলে, ময়মনসিংহের
আনন্দমোহন কলেজে (১৯১৯)।

এক বছর কাজ করেই আবার কলকাতা ফিরে এলেন। পরের বছর 'এম. এল' হলেন, এবং কলকাতা হাইকোটের এটনি। চার বছরের পরে ডি. এল (১৯২৪)! আস্তর্জাতিক আইনে তাঁর মত ছাত্র পাওয়া ভার। শিক্ষকও। স্থতরাং কলকাতা বিশ্ববিদ্যালয় তাঁকে 'টেগোর ল প্রফেলার' নিযুক্ত করলেন। ক'বছর পরে (১৯৪২-৪৩) কলকাতা হাইকোট

#### পিকালো, পাবলো

নিযুক্ত করল তাঁকে অক্সতম বিচার-পতি। এবার রাধাবিনোদ চললেন —আক্সনাতিক আদালতে।

বলা বাহুল্য, এবার আর অবাক হওয়ার মত কথা নয়। কেননা. আন্তর্জাতিক আইনের বিশেষজ্ঞ হিসেবে ভারতের ড: রাধাবিনোদ আজ সর্বদেশে স্থপরিচিত। এবং উল্লেখযোগ্য সে পরিচয়ও শুরু হয়েছে তাঁর স্বদেশে খ্যাতির তালে তালেই। ়'২৭ সনেও আন্তৰ্জাতিক আইন প্রতিনিধিত কংগ্ৰেদে ভারতের করেছেন তিনি। '৩৪ সনে ছেগে ষেবার কংগ্রেস বসল সেবার তিনি যুগ্মদভাপতি। আর টোকিয়োর সামরিক আদালতে (১৯৪৬-৪৮) বিচারক হিসেবে তাঁর রায়—সে আজও নাকি জাপানীদের মুখে মুখে। মাহুষের বিচারে বসে আইনের মর্যাদা রেথেই ব্যক্তিগত মানবভাবোধকে রক্ষা করা যায় কি-ভাবে, ড: বাধাবিনোদ দেদিন তাই দেখিয়েছিলেন বিজয়ী পশ্চিমকে।

তাঁর গাঁষের লোকেরা বলেন—
সেই মমতাময় মাহুষটিকেই প্রতিদিন
দেখে আসছেন তাঁরা। একজন
রাধাবিনাদ এককালে অক্টের সাহাষ্যে
লেখাপড়া শিথেছিলেন। আজ তাঁর

সাহায্যে লেখাপড়া করছে এমন ছেলে নাকি অসংখ্য। ৮. ৯. ৬০

### পিকাসো, পাবলো

জীবনে প্রথম ভালবাদা। তবুও কোকলোভা ধথন চলে গেল তিনি বাধা দিলেন না। বললেন,—উপান্ন নেই, মেয়েটি বড় বেশী চায়, বেশী চেয়েছিল।

মেরি থেরেস যথন চলে যান তথনও উনি কিছু বলেননি। কিছ মেরি বলেছিলেন। থবরের কাগজে তিনি বির্তি দিয়েছিলেন। তার মর্ম: অনস্তকাল আমি একটি 'ঐতিহাদিক স্থৃতিস্তস্তকে' আঁকড়ে থাকতে পারি না'।

ভূল বুঝেছিলেন মেরি থেরেস।
গুরুতর ভ্রম। কেননা, এই বিশায়কর
স্কম্ভটি ইতিমধ্যে ইতিহাসে পরিণত
হলেও সেটি যে প্রতি কণায় এখনও
জীবিত তার প্রমান আজকের
পিকাসো।

যাত্রা শুরু করেছিলেন দেই কবে,
শতাদীর অন্তপ্রাস্তে। তারপর
সেদিনের স্পেনের জনৈক শিল্পশিক্ষকের পুত্র কোনদিন কোথাও
থেমেছিলেন বলে কারও জানা নেই।

শেন থেকে প্যারিস, সেজান রেনো, লুত্তেক, গগাঁ, ভানগগ, ব্রাক,

### शिकांदना, शावदना

—রিভিয়ারা, রাশিয়ান সার্কাস, বোহেমিয়ান জীবনাচার; প্রেম প্রণয়, হল্ব সংঘাত, ভুয়েল—এমন কোন প্রমাণ নেই পিকাসো যেদিন 'মৃত' চিলেন।

ভুধু রং আর তুলিতে নয়,— পিকাসো বেঁচেছিলেন, বৃহত্তর ক্যানভাসেও।

প্রথম মহাযুদ্ধ, শোনের গৃহযুদ্ধ,
বিতীয় মহাযুদ্ধ—'শান্তি পায়রা',
'গুয়েরনিকা', 'কোরিয়ার যৃদ্ধ'—বে
পিকাদো তাঁর ছবিতে সেই পিকাদোই
দেদিন কাফেতে, আডভায়, পথে।…

হিটলার পোল্যাও আক্রমণ করেছে। প্যারিদের পথে মাতিদ-এর সঙ্গে দেখা হয়ে গেল বন্ধুর। পিকাসোর হাতে একখানা খবরের কাগজ।

: কোথায় চলেছ তুমি ?

: দরজীর বাড়ি। উত্তর দিলেন মাতিস।

: কিন্তু থবর দেখেছ ?— যুদ্ধ বে মারও ছড়াবে না তার প্রমাণ কি ? — উদ্বিশ্ন পিকাসো যেন যুদ্ধের সন্তা-বনায় তথন উন্মাদপ্রায়।

মহাযুদ্ধের পরে ওঁরা কমিউনিস্ট পার্টির সভ্য করেছিলেন ওঁকে। পিকাসো আপত্তি করেননি। কিছ হাঙ্গেরীর ঘটনার পরে নীরব রাখা যারনি তাঁকে। তাই বলছিলাম মেরি থেরেস ভুল করেছিল। এমন জীবস্ত মাহুৰ একালের শিল্পের জগতে বোধহয় সভিটে বিভীয় নেই।

ঝাঁক ঝাঁক পায়রা, রাশি রাশি ছাগল, পাথী, কুকুর-ছ'টি গাড়ি. অগণিত বন্ধু, গুণগ্রাহী ছেলেমেয়ে, এবং সর্বোপরি জীবনে ষষ্ঠ উল্লেখযোগ্য मरुठती-- ज्याकृतिन। 'ता क्याति-ফোর্নিয়ার' আশী বছরের প্রবীণ গৃহ-কৰ্তা মাত্ৰ কিছুদিন আগে জ্যাক-লিনকে বিয়ে করেছেন, উচ্ছল রঙের পোষাক পরেন, এখনও প্রতিদিন ছবি আঁকেন, গান করেন,---নাচেন, আড্ডা দেন। পিকা**দো** সত্যিই 'গ্রেটেস্ট কমেডি ইন মডার্ন আট।' এমন অফুরস্ত অর্থ, এমন বিশ্বব্যাপ্ত সম্মান, এমন অবিশাস্ত প্রাণসম্পদ — সত্যিই অভাবনীয়। লা ক্যালিফোর্ণিয়ার আশে পাশে একটা থাবারের নাম পিকাদো, भावित्मव बाखांत्र हास्त्रिश्वानात्मव একটা বিশিষ্ট ইডিয়ম পিকাদো,---আর শিল্প জগতে? জিয়োতে. शिकाला (कार्ता), वात्रनिनि-कार्यक्रि নাম মনে জাগে বটে, কিন্তু পিকাদোর মত এমন এক হাতে বিশের শিল-

### পিলাই, পট্টম থান্দ

ধারায় কেউ বোধ হয় পরিবর্তনের কারণ হননি।

সংবাদ, পিকাসো এবার 'লেনিন প্রস্কারে' প্রস্কৃত হয়েছেন। সন্দেহ নেই, পিকাসোর খ্যাতি এবং প্রতিষ্ঠার তুলনায় প্রস্কারটা অকিঞ্চিংকর,—কিন্তু তবুও খবরটা উল্লেখ-যোগ্য। কেননা, 'স্তালিনের প্রতিক্ষতিকার' পিকাসো—শি ল্লা দ শ'ছিসেবে বহুকাল ক্লশ দেশে বাতিল দলে। তবে কি সত্যই 'থ' চলেছে,—বরফ গলছে ?

ত. ৫. ৬২ পিকাই, পাইন থাকু

শবর জিতেছেন, তার দল জিতেছে। রাজ্য বিধানসভায় কংগ্রেস প্রায় একক সংখ্যাগরিষ্ঠ। তা হলেও সকলের প্রত্যাশা রাজ্যের মৃথ্যমন্ত্রীর আসনে ধিনি অবধারিত তিনি পি.এস.

পি নায়ক প্রবীণ থামু পিলাই। প্রশস্ত ললাট, কেশবিরল মস্তক, মোটা কালো ফ্রেমের চশমা, গ্লায়

দক্ষিণী কায়দায় জড়ান একটি কালপাড় চাদর। শ্রীপট্টম থাকু পিল্লাই
কেরালার অন্ততম প্রবীণ নায়ক।
শক্ষরের মত তিনি আইনসভায় নতুন
নন। দীর্ঘ প্রবিশ বছর একাদিক্রমে

বিধানসভার আসনে বসে আসছেন ভিনি। ছই ছইবার বসেছেন ম্থ্যমন্ত্রীর আসনেও। একবার কংগ্রেস দলের নৈতা হিসাবে। মাত্র ছয় মাসের নাতিদীর্ঘ মন্তিছ। বিতীয়বার দশ মাসের জত্যে ধথন বসেছিলেন তথন তিনি রাজ্যা বিধানসভার আঠারজন প্রজা সমাজ্যতরী সদস্তের নেতা। সেবারের মত্ত এবারও তাঁর মন্ত্রিছের ছায়িছ নির্ভর করবে কংগ্রেসের উপর। দ্রদশী আইনবিদ এবং ভ্তপূর্ব অভিজ্ঞ কংগ্রেসেবৌ শ্রী পিলাই জানেন এবার বসলে পরে তাঁর ভবিশ্বৎ নিশ্চিত। কারণ মাত্র ছা বছর এগার মাস পরেই কেরালায় আবার নির্বাচন এবং তাতে দল হিসাবে পি. এস. পি'র ভূমিকা যে অবহেলার নয় সেকথা বলা বাছলা।

**७**. २. ७॰

[ তু' বছর পরে, পিল্লাই বিরোধী আন্দোলন উপলক্ষে ]

ঘুরেফিরে আবার এল।

তবে উপলক্ষটা বোধ হয় অন্থ কিছু হওয়াই সঙ্গত ছিল, শোভ ছিল। কেননা দেশটা গণতাদ্বিক এই তথ্যটাই বোধহয় সর্বস্থ নয়। তার আগে, বুক লক্ষ্য করে ইটটা ছুঁডে মারার আগে মাননীয় বিশ্প পরিচালিত বিক্ষোভকারীদের নিয়োভ তথ্যগুলোর ওপর মনে মনে আর একবার চোখ বুলিয়ে নেওয়া কর্তব

# পিয়ারসন, লিপ্তার বোলস

ছিল। 'আর একবার' বলছি এজন্তে, কারণ—পট্টম থাফু পিল্লাই সম্পর্কে এ থবরগুলো দক্ষিণে সবাই জানে।

প্রথমত, দেখতে এখনও পুরুষো-ভ্রমম মনে হলেএ 'কেরল সিংহে'র ব্য়স এখন সাতাত্তর।

বিতীয়, শারীরিক কারণে যাঁরা বে-আইনীকে আইন বলে মেনে নিতে পারেন—পট্টম থাছ পিল্লাই কোনদিন দে শ্রেণীর মাহ্ব নন। কেননা, এককালে (এই শতকের প্রথম দশকে) তিনি বেমন ত্রিবাক্রমে বিখ্যাত আইন-জারী ছিলেন, তেমনি পরবর্তীকালে ভারতথ্যাত আইন অমাক্রকারীও হয়েছিলেন। শেষোক্তটি সাজতে হলে কতথানি নৈতিক বল প্রয়োজন, মনেক বিশপের চেয়েই পিল্লাই তা ভাল জানেন।

তৃতীয়ত, পদত্যাগের জন্মে এমনি ধননি মাঝে মাঝে শোনা গেছে বটে, কিন্তু সেগুলো যে যথেষ্ট জোবদার নয় পট্টম থাকু পিল্লাই তারও প্রমাণ দিতে পারেন। চৌজিশ বছর ধরে বলতে গেলে একাদিক্রমে তিনি আইনসভায় আছেন।—কিন্তু কৈ, একবার কি তিনি কোথাও ভোটে হেরেছেন?

চতুর্থত, আজকে অবশ্য পরিচয় তার কেরলের মুখ্যমন্ত্রী, কিন্তু দক্ষিণের লোকদের জানবার কথা এ আসন
থারু পিলাইয়ের জীবনে অন্তত প্রথম
নয়। কেরলের জোড়াতালির আসনে
বসেছেন মাত্র সেদিন, '৬০ সনের
ফেব্রুয়ারীতে, তার আগে '৪৮ সনে
কংগ্রেস নায়ক পিলাই ছিলেন
ত্রিবাঙ্ক্রের ম্থামন্ত্রী এবং তার পরে
'৫৪ সনে—ত্রিবাঙ্ক্র কোচিনের।
একই মান্ত্র্য একই আসনে তিন নামের
তিনটি রাজ্যে,—এ পরিচয়ের বিতীয়
নদ্ধীর আর আছে কি?

সবশেষে, ইট হাতে বিক্ষোভকারীরা মনে রাখতে পারলে উপরুত
হতেন—আন্ধকের এই প্রবীণ প্রজাসমাজতন্ত্রী নায়কও একদিন তরুণ
ছিলেন। দেশপ্রেমিক হিসেবে দেশময়
বিক্ষোভ সেদিন তিনিও ছড়াতেন।
তবে অগ্যভাবে,—কলমে। পট্টম পাত্র
পিলাই তথন দক্ষিণের বিখ্যাত কাগজ
'কেরলা জনতা'র প্রধান সম্পাদক!

৮. ৩. ৬২

# পিয়ারসন, নিষ্টার বোলস

পরাজিত দলপতি ভিফেনবেকার বিদায় নিতে সম্মত হয়েছেন। টেলিফোনে তিনি বিজয়ী দলকে তাঁর মনোবাসনা জানিয়ে দিয়েছেন! কথাবার্তা শুক্ষ হয়েছে। পাঁজিপুঁঞ্জি

### পিয়ারসম, লিষ্টার বোলস

ঘাঁটাঘাঁটি চলছে। আশা করা যায়. কানাভার রাজতক্তে অচিরেই আবার किर्त्त जामहिन निवादिन मन। ১৯২১ সন থেকে '৫৭ সন পর্যস্ত বলতে গেলে প্রায় একটানা রাজত্ব করেছেন তাঁরা। भारक (छन-- ১৯২৬ 'मरनद करव्रकि **স**প্তাহ, আর ১৯৩০ থেকে '৩৫ এই পাঁচটি বছর। স্থতরাং, দেদিক থেকে লিবারেলদের প্রত্যাবর্তন কোন বিশ্বয়-কর ঘটনা নয়। তার চেয়ে স্মরণীয় বোধ হয় কানাডার প্রধানমন্ত্রীর বছরের আগনে চেষটি পিয়ার্সনের **রা**ষ্টনায়ক আগমন। কেননা, গেল পনের বছর ধরে কেবলি শোনা যাচ্ছিল-পিয়ার্গন আগামী প্রধানমন্ত্রী,-এবার না হলে নিশ্চয় অন্ত কোন দিন। সে-'কোনদিন' অবশেষে সত্যিই আজ এল। এখনও তিনি 'আগামী প্রধানমন্ত্রী' বটে,— কিছ দে অনাগত দিনের দুরত্ব মাত্র বড়জোর আর হুটি কি একটি দিন।

১৯৫৪ সনের পরে শস্তির জ্বন্তে সেই প্রথম পুরস্কার। কিন্তু '৫৭ সনে নোবেল কমিটির ঘোষণায় শুধুনামটিই ছিল। বলা হয়েছিল এবার শাস্তির জ্বন্তে পুরস্কৃত করা হবে থাকে নাম ভাঁর লিন্টার বোলস পিয়ার্সন। পরিচয়—কানাভার ক্টনীতিক এবং
'য়ুনো'র ভূতপূর্ব সভাপতি। দেই
সঙ্গে দেয় অর্থের পরিমাণটাও উল্লেথ
কর হয়েছিল। বলা হয়েছিল—তাঁকে
যা দেওয়া হবে মার্কিন মূজায় তার
পরিমাণ হবে—চল্লিশ হাজার ভলার।
কিন্তু বিশেষ করে ওঁকেই কেন দেওয়:
হবে কোথাও সে কথাটির উল্লেথ
ছিল না।

ছিল না, কারণ সত্যিই কোন একটি বিশেষ বাক্যে লিস্টার পিয়ার্সন এবং বিশ্বশাস্তি এই ছটি কাহিনীকে এক সঙ্গে হঠাৎ বিবৃত করা যায় না।

সাধারণ ঘরের ছেলে। বাবা
এবং ঠাকুদা ত্'জনেই ছিলেন যাজক।
পড়াঙনাও প্রথম দিকে সাধারণ স্কুলে.
মামূলি কলেজে। পড়তে পড়তেই
প্রথম মহাযুদ্ধে দৈনিক হয়েছিলেন।
একশ' মিনিট ট্রেনিং নিয়ে—ফ্লাইট
লেফট্যানেন্ট পদ পেয়েছিলেন।
যুদ্ধ শেষে আবার লেখাপড়া। এবার
স্বদেশেই নয়, বুত্তির বলে—সোজা
চলে গেলেন অক্সফোর্ডে, পিয়ার্পন
টরোনটোর বি-এ এবং অক্সফোর্ডের
বি-এ এবং এম-এ।

ফিরে এসে '২৪ সন থেকে রকমারি কাজ করেছেন। শিকা-গোতে মাংসের কোম্পানিতে কাজ

## পিয়ারসন, লিষ্টার বোলস

গন্ধীর প্রকৃতির লাবণ্যময়ী' ছাত্রী মেরিয়ন মৃতি তরুণ অধ্যাপকের পত্নী হয়ে ঘরে এসেছিলেন। ওঁদের বড় ছেলে আর্থারের বয়স এখন প্রাত্তিশ। কিন্তু পিয়ার্সন যেন এখনও থেলোয়াড়। তিনি প্রবল পরিশ্রম করতে পারেন, দিন রাত খাটতে পারেন। ইচ্ছে করলে বিছানায় শুয়ে তিনি মিনিটের মধ্যে ঘুমোতে পারেন। তবে প্রেন আর ট্রেন বাদ দিয়ে। সেখানে নাকি তিনি কিছুতেই স্বাভাবিক বোধ করতে পারেন না।

পিয়ার্সন সবচেয়ে স্থাভাবিক. সবচেয়ে আচ্ছন্য বোধ করেন যেখানে দে—'য়ুনো'। বলতে গেলে 'য়ুনো'র জনকণ থেকেই প্রায় তিনি সেধানে আছেন। সানফান্সিকোয় (১৯৪৫) যারা রাষ্ট্রসভেষর সনদটি রচনা করে-ছিলেন — কানাডার প্রতিনিধি পিয়ার্সন তাঁদের অন্ততম। তাছাডা. উদ্বাস্থ্য বিষয়ক কমিশন, থাছা এবং কৃষি সংস্থা ইত্যাদি বিভিন্ন শাখায়ও তাঁর অনেক অবদান। তারই স্বীকৃতি হিসেবে স্থ্যাত কৃটনীতিক পিয়াৰ্সন ১৯৫২ সনের অক্টোবরে নির্বাচিত ट्याहित्न--- माधावन পविष्टाहत मध्य অধিবেশনের সভাপতি। সে বছর

করেছেন, টরোনটো বিশ্ববিভালয়ে পড়িয়েছেন। ইতিহাস '২৮ সন আছেন দেশের বৈদেশিক দপ্তরে। বছরকয় ছিলেন লওনে হাইকমিশন অফিসে, এবং অনেকদিন ওয়াশিংটনের দৃতাবাসে। সেখানে '৪৫ সনে রাষ্ট্রদূতের পদে ছয়েছিলেন ডিনি। '৪৬ সন থেকে রাজকর্মচারী পিয়ার্সন লিবারেল নায়ক মাকেঞ্জি কিং-এর শিশু, তিনি বাজনীতিক। '৪৮ সনে স্বদেশের পররাষ্ট্রমন্ত্রী করা হয়েছিল তাঁকে। '৫৭ অবধি ছিলেন সে পদে। তারপর '৫৮ থেকে বিরোধী দলের নায়কের পদে। সেথান থেকেই আজ প্রধানমন্ত্রী হতে চলেছেন তিনি।

লম্বা ধাঁচের মৃথ, অপেক্ষারুত ছোট হটি চোথ, দীঘল গড়ন,—গলার "বো।" হঠাৎ দেখলে মনে হবে খেন কোন থেলোয়াড়, — অ্যাথলেট। ছিলেনও। ছাত্রজীবনে ভাল থেলতেন। টেনিস, হকি, এবং কিছু না কিছু প্রায় সব রকমের থেলাই। হকি খেলায় অক্সফোর্ডে "রু" হয়েছিলেন। ইতিহাসের অধ্যাপক "মাইক" নিজেই বিশ্ববিদ্যালয়ের "রাগবি" টিমের কোচ ছিলেন। সেকালেই "লাকুক এবং

## পোপ ষষ্ঠ পল

লিসবনে অছ্ঠিত 'ছাটো'র সম্মেলনেও প্রধানের আসনে বসান হয়েছিল তাঁকে। সেদিনের রাষ্ট্রসভ্য সভাপতি সম্পর্কে রাশিয়ার জেকব মালিক বলেছিলেন—মাহুষ্টি যে দলেরই হোন, আই অলওয়েজ লিসেন হোয়েন হি শীকস।

মালিক-এর মত সেই বাক্যগুলো বারা মন দিয়ে গুনেছিলেন তাঁরাই জানতেন নোবেল কমিটি কেন বেছে বেছে ওঁকেই মালাটি দিয়েছিলেন। পিয়ার্সন শুধু "ডেমক্রাদি ইন ওয়ার্ল্ড প্লিটিকস" আর "ভিপ্লোম্যাদি ইন নিউক্লিয়ার এজ" নামক ছটি চিস্তাগর্জ প্র্রির রচনাকার নন,—কোরিয়ার আশু শান্তির পেছনে তিনিই ছিলেন অগ্রতম কারণ, তাছাড়া স্থয়েজের হামলার পর থেকে গাজা এবং অগ্রত আজও বে প্রহ্রারত 'য়ুনো'র দৈগুদল এ শান্তি বাহিনীর অগ্রতম জনক তিনিই।

পিয়ার্সন শুধ্ শাস্তিতে বিশাস করেন না, শাস্তিরক্ষায় শক্তির প্রয়োজনীয়তাও স্বীকার করেন। বিশেষ করে, আপন বাছবলের। সন্দেহ নেই মার্কিন যুক্তরাষ্ট্র এবং কানাভার বছ বিতর্কিত সম্পর্ক তাঁর আজকের বিজয়ের পেছনে অন্তত্তম কারণ। কিন্তু মনে রাখতে হবে, পিয়ার্সন আমেরিকার বন্ধু হলেও তিনি স্বাধীনচারী বান্ধব। একদা কোরিয়া উপলক্ষে নির্দিখার ঘোষণা করেছিলেন তিনি—আমেরিকা যেন কখনই এমন ভাবে না যে, সে "রেডি!—রে—রেড়ি" বললেই আমরা সাড়া দেব—ইয়েস স্থার, আমরা হাজির!

3b. 8. 40

# পোপ ষষ্ঠ পল

নব্ধুই বছর আগে একটি বিখ্যাত মার্কিন কাগজ ঘোষণা করেছিল: পোপের সিংহাসন তাঁর আয়ুকে অতিক্রম করেছে। কোন জাতি, কোন সরকার বা কোন বিশেষ রাষ্ট্রব্যবস্থা যা সচরাচর হাতে পায় না পোপের আসন তাই পেয়েছে, সে হাজার বছরের পরিপূর্ণ জীবন উপভোগ করেছে। এবার তার মৃত্যুই বিধেয়!

ভ্যাটিকান-এর উন্নত শির লক্ষ্য করে দে-ই প্রথম মৃত্যুকামনা নম । যুগে যুগে এর চেয়েও নির্দন্ধ, নিষ্টুর রায় শোনা গেছে। কিন্তু রোমের পোপের মৃত্যু হয়নি। যুদ্ধ, জাতীয়তা, নিগ্রহ, অবিশাস—ভ্যাটিকান-এর

## পোপ ষষ্ঠ পল

আকাশ খিরে অনেক হুর্দৈব দেখা গৈছে, কিন্তু তারই মধ্যে ধীর পায়ে দেণ্ট পিটার গীর্জার অলিন্দে এদে দাড়িয়েছেন প্রিন্স অব অ্যুপসলক,— দেণ্ট পিটার-এর উত্তরসাধক; ঠোটের কোণের স্মিত হাসিতে চারদিক বাঙ্গিয়ে বিশুদ্ধ লাতিনে ঘোষণা করেছেন: ওরবি এট ওরবি,—এই শহর এবং এই বিশ্বকে আশীর্বাদ!

এবার ষিনি এলেন এই মর্তা-ভূমিতে মানবপুত্র ষিশুর তিনি ২৬২তম 'ভাইকার'—শিগ্যপ্রধান। অন্ধকারের श्रवकात्मव माम। (धाँशाय छे फिर्य मिर्य সংখ্যাটা অবশেষে সত্যিই যে ইউ-রোপের প্রাচীনতম রাজবংশটকেও অসংখ্য পুরুষ পেছনে ফেলে এতদুর এগিয়ে আসতে পারল তার একটি কারণ অবশ্রই স্বয়ং মানবপুত্র। কিন্তু দ্বিতীয় কারণ সিস্টাইন গীর্জার সেই কক্টি। ইতালিয়ানরা বলেন-এ-ছরে যারা পোপ হয়ে ঢোকেন, তারা বেরিয়ে আদেন কার্ডিকাল হয়ে। কথাটার অর্থ সোজা: সিস্টাইন গীর্জা তাঁকেই পোপ করে যাঁকে দরকার। দেখানে আগে থেকে কিছু বলা শক্ত। ইতিহাসে অস্তত তাই দেখা গেছে। অধৈর্ঘ ছনিয়ার সামনে তিনিই এসে দাড়াচ্ছেন—গাকে

মর্ভ্যের মান্থবের দরকার। রেনেসাঁ দিনে এই গীর্জা পোপ করেছিল বিখ্যাত কার্ডিক্যাল পিক্নোলো-মিনিকে যাজক হয়েও যার জীবন ছিল ভোগীর মত, নানা বিলাসে ভূষিত। সাম্প্রতিককালে আবার এক হুর্বোগের ক্ষণে এসেছিলেন—'রাথাল জন',— রোমের সাম্রাজ্য যার করম্পর্শে আজ আরও গণতান্ত্রিক, আরও অর্থপূর্ণ!

স্তরাং, তাঁর উত্তরাধিকারী হিসেবে কার্ডিক্তাল জিওভ্যানি বাতিস্তা মস্তিনি, সম্থানিবাচিত ষষ্ঠ পল মোটেই বিশায়কর নাম নয়। তাঁর মত কোন 'শ্রমিকের আর্চবিশপ'ই বোধ হয় যুগের প্রয়োজন ছিল।

'শ্রমিকের আর্চ বিশপ', কিন্তু
শ্রমিকের ঘরের সন্তান নয়। বাবা
ছিলেন ইতালির পো এলাকার
বিখ্যাত সম্লান্ত ব্যক্তি,—সাংবাদিক,
আইনজীবী এবং রাজনীতিক।
ক্যাথলিক পপুলার পার্টির নায়ক
হিসেবে বহুকাল পার্লামেণ্টে ছিলেন
তিনি। এক ভাই লোদোভিকো
এখনও সেখানে আছেন। তিনি
ক্রিশ্চিয়ান ডেমোক্র্যাটিক পার্টির
সদস্ত

মন্তিনি ছোটবেলা থেকেই অন্ত

### পোপ ষষ্ঠ পল

পথের পথিক। মিলান দেমিনারী এবং গ্রেগরিরান বিশ্ববিদ্যালয়ের আইন এবং দর্শনের ছাত্র মন্তিনি তেইশ বছর বয়স থেকেই যাজক। তাঁর পরবর্তী উচ্চ-শিক্ষাও ধর্মীয় বিভালয়ে। বিখ্যাত পণ্টিফিক্যাল একাডেমীতে তিনি কুটনীতি পড়েছেন। ইতিহাস, ভূগোল, ধর্ম এবং দর্শন ছাড়াও সমাজ-বিছা, অর্থনীতি, রাজনীতি, ইত্যাদি সেথানে অবশ্রপাঠ্য। তাছাডা, ফরাসী, স্প্যানিশ এবং ইংরাজী অথবা জার্মান-তিনটে ভাষাও শিথতে হয়। ট্যাস যান-এর অহুরাগী পাঠক মন্তিনি ইংরেজীর বিকল্প হিসেবে জার্যানই শিথেছিলেন। ১৯২৩ সনে পড়া শেষ হওয়ামাত্র তাঁকে পাঠান হয়েছিল পোলাতে। মন্তিনি সেই পোপের সদর দপ্তরের কর্মী। ১৯৩৭ থেকে '৫৪ অবধি একটানা স্বরাষ্ট্রদপ্তরে ছিলেন তিনি। পদ ছিল স্বরাষ্ট্রদচিবের সহকারী, কিন্তু আসলে মন্তিনি তথন পোপ ছাদশ পিয়াসএর অন্তরক সহচর। লোকে বলে ভ্যাটিকান যে সেদিন অবশিষ্ট ইতালির কাছাকাছি এসেছিল ভার একমাত্র কারণ এই মস্তিনি। তাঁরই উত্যোগে চার্চ সেদিন (১৯৪৮) ইতালির নির্বাচনে ক্রিশ্চিয়ান ডেম-ক্রাটদের পক্ষ নিয়েছিল এবং তাঁরই

পরামর্শে জার্মান শ্রেমিকর। কর-এর শিল্পে নিজেদের অংশ দাবী করেছিল। মস্তিনি আধুনিক বাজক, তিনি রাজনীতিক।

চলতি অর্থে পুরোপুরি সত্য না হলেও কথাটা মিথ্যে নয়। ছ'ফুট উচু হালা দেহটিকে নিয়ে মস্তিনি যথন যুদ্ধের দিনগুলোতে বোমাবিধ্বস্ত রোমের পথে পথে ঘুরে বেড়াতেন তথন তিনি যেন কেবলই যাজক নন, বোধ হয় আরও কিছু। তাঁর বড় বড় চিস্তাশীল চোথগুলোর দিকে তাকালে মনে হয়—তিনি যেন ভ্যাটিকান-এর জন্যে নতুন কোন পথ শুঁজছেন।

যৌবনে রোমের প্রভাবশালী ইউনিভারসিটি যবসংস্থা ক্যাথলিক ইউনিয়নের নেতা মস্ভিনির সমস্তা ছিল মুসোলিনী এবং তরুণ দল। স্বরাষ্ট্রদপ্তরের ফ্যা সিস্ত সহকারীর চিন্তা প্রধান তথন ভাটিকান-এর ভেতরে भास्तित्रका! **भ**ष्मश्चामात्र द्वाटेन এवः জার্মানী চই-ই তথন পোপের রাষ্ট্রীয় আসরে তারা সমমর্যাদা সম্পন্ন। অথচ এই যুদ্ধদিনে সেটা অভিপ্রেত নয়। স্বতরাং, মস্তিনি হ'দলের ব্যবধানের স্মারক ছিসেবে মাঝখানে আর একটি আসন পাতলেন, তারপর নিজেই বদে গেলেন দেখানে! প্রীত পিয়াস বললেন—তোমার জয় হোক।

দরবার থেকে মিলানে যেদিন প্রেরিত হয়েছিলেন মস্তিনি দেদিন ভ্যাটিক্যান-এর গোঁডাদের চোথে নিৰ্বাসিত যাজক। কিন্ত ফিরে আসার দিন দেখা গিয়েছিল— পিয়াস-এর ভবিষাৎবাণী **মি**গে হয়নি। মিলান থেকেও বিজ্ঞয়ীর গৌরব নিয়ে ফিরে আসছেন মন্তিনি। 'কমিউনিস্টদের শহর' মিলান তার নামে উন্মাদ, দেখানে প্রমিকদের মুখে মুখে তিনি 'আমাদের যাজক!'

মস্তিনির এ সাফল্যের পেছনে অক্সতম কারণ তাঁর আদর্শ জীবন এবং দর্শন। কোনদিন কেউ চোথে জল দেখেনি তাঁর। ওরা বলত—'দি কার্ডিক্সাল হ নেভার উইপস!' হাস, ভালবাস, জীবনকে মোকাবেলা কর —এই ছিল তাঁর পরামর্শ। ভাম্যমাণ চার্চ চালু করেছিলেন তিনি মিলানে। বলতেন—চার্চ শুধু ভজনাগার নয়, সেথানে আমোদ-আহলাদের ব্যবস্থা থাকা চাই, ছোটদের খেলাধুলার ব্যবস্থা থাকা চাই, দিনেমা থাকা চাই।……চার্চ ষদি আধুনিক না

হতে পারে, ভবে চার্চের কোন প্রয়োজন নেই!

ভ্যাটিক্যান-এ নিজের **ঘরে**টেলিভিসান বসিয়েছেন মস্তিনি।
তিনি যথন তুপুরে থেতে বসেন
(সিগারেট থান না) তথন
টেলিভিসনে থবর হয়, রাত্তিরের
থাওয়ার সময়ে গান (মাত্র চার ঘণ্টা
ঘুমোন)। মস্তিনি গান ভালবাসেন।
এমন কি শিল্পে সামাজিক কর্তৃত্ব
সম্পর্কেও নাকি রীতিমত সহাতৃভূতি
আছে তাঁর।

তাই বলে কি সেণ্ট পিটার-এর ১২৬তম উত্তরাধিকারী 'লাল পোপ የ'

ষে কোন ইতালিয়ান পার্টিম্যান
মাথা নাড়বেন। কেননা, এমন
প্রবল শক্র মিলানে তাঁর কালে আর
কেউ ছিলেন না। ওঁরা তাই তাঁর
নাম দিয়েছিলেন—আর্চ বিশপ
অব দি ওয়ার্কারদ এগু কার্ডিম্যাল
অব দি ইপ্যাব্রিয়ালিস্ট্রদ! মস্তিনির
প্রগতিবাদ তাঁদের কাছে এক ত্রুছ
সমস্যা। কেননা, এ ষাজক স্তিট্র
ভাদের মোকাবেলা করতে জানেন।

সেবার (১৯৫৩) পোপের দপ্তরে শাস্তি কংগ্রেস থেকে অফ্রোধলিপি এল একটি। কিথেছেন জুলিও কুরী। তাঁদের আন্দোলনে ওঁরা

## প্রকুষো, জন ডেনিস

মহামাত পোপের আশীর্বাদ চান। দিন যায় উত্তর আর আদে না। অধৈর্য শাস্তি দৈনিকেরা মৌনতাকে সম্বতির লক্ষণ ধরে নিয়ে প্রচারে নামলেন। তারা দিখিদিকে রটিয়ে দিলেন পোপ তাঁদের স্বপকে। প্রচারের ঢাকে যথন প্রায় কানে তালা লাগবার অবস্থা তথন ভ্যাটিক্যান থেকে ছোট্ট একটি বিবৃতি প্রচারিত হল। তাতে বলা হল: চারদিকে তাঁর নাম নিয়ে যুদ্ধ প্রস্তুতি চলছে দেখে পোপ নির্তিশয় ব্যথিত। তিনি যে কোন শান্তি প্রচেষ্টার পক্ষে বটে. কিন্তু এটা জানাতে চান— একমাত্র ধর্মই মান্থবের বিবেকটিকে উদ্বন্ধ করতে পারে যা পরস্পরকে ভাই করে।

এ বিবৃতি মস্তিনিরই রচনা। লোকে বলে—সময়টাও তিনিই বেছে নিয়েছিলেন।

२१. ७. ७०

[ ১৯৬৪ সনের ডিসেম্বরে বিশ্ব
ইউক্যরি স্টিক কংগ্রেস উপলক্ষে
রোমের পোপ ভারতে আগমন
করেন। ইতিহাসে এই প্রথম
রোমের পোপের ভারত আগমন। ]

## প্রকুমো, জন ডেনিস

একটি প্রকৃত বিলিতি রোমাঞ্চ কাহিনীর জভে যা যা দরকার সবই আছে। স্কটল্যাণ্ড ইয়ার্ড, থেতাব মণ্ডিত মাক্ত রাজপুরুষ, ঝলমলে ব্যারন বর্গ, স্থইমিং-পুল, প্রমোদোভান, একুশ বছরের রূপনী, পিন্তলধারী রুঞান্দ প্রণয়ী এবং একজন বহস্তময় কণ কুটনীতিক। কিলারের হাতে বুটিশ সমর-সচিব প্রোফুমোর সংহার কাহিনীটা ক্রমেই আরও ঘনীভূত উঠছে। কেননা হয়ে লণ্ডনের একজন খ্যাতনামা "সদাশিব" ছাডাও দেখানে একজন পূর্বদেশীয় বাদশাকে ক্যামেরা হাতে পুকুরধারে দেখা গেছে। তত্তপরি লক্ষণ দেখে মনে হচ্ছে, আপাত হাতিয়ারহীন এই জেনানা-খুনীর হাতে শেষ পর্যস্ত একটা বলবান সরকারও থতম হয়ে যাওয়া বিচিত্র নয়। কাহিনীর গতি নাকি সেই উপসংহারের দিকেই।

তার আগে আগের ক'টি পাতা।
লণ্ডনের উইনপোল মিউদ-এ
ছোট্ট একটি ফ্যাটে মস্ত একজন
ভাক্তার থাকেন। নাম তাঁর ডাঃ
ফীফেন ওয়ার্ড। বয়ন—পঞ্চাশ।
চেহারা—চমৎকার। বাবা তাঁর
রচেন্টার গীর্জার যাজক ছিলেন।

## প্রসূষো, জন ডেনিস

আমেরিকা-ফেরভ নিজে তিনি ডাক্তার। অন্তি-বিশেষক্র হিসেবে লগুনে তাঁর প্রভৃত নাম। বোগীদের মধ্যে চিত্রতারকারাজি ছাডাও আছেন চার্চিল, আামরি, ডানকান স্থাওদ প্রভৃতি মাক্তজনেরা। তত্বপরি ওয়ার্ড চিত্রকর হিদেবেও বিলক্ষণ প্রতিষ্ঠিত। তাঁর ইজেলের সামনে বসে আনন্দ বোধ করেছেন প্রিন্স ফিলিপ. প্রিন্সেস মার্গারেট, লর্ড স্লো ডন, প্রিন্সেস আলেকজানা. কেণ্টের ডিউক এবং ডাজেস,—তথা গোটা রাজপরিবার। ওয়ার্ড সাহেবের পরিচয় সেখানেই শেষ নয়। তিনি অতিশয় সামাজিক ব্যক্তি। সমাজের উচ নীচু সকল তলায় তিনি সমান স্বচ্চন্দ। লর্ড আস্টার তাঁর কাছে "বিল". *শোবিয়েত* দুতাবাদের নে ভা ল-এটাচি ইউজিন আইভানফ —"বয়"। বিদেশীকে একবার তিনি প্রিন্সেদ মার্গারেটের দঙ্গে আলাপ कतिरा पिराकितन। वननी शिरात আইভানফ তাঁর সঙ্গে আলাপ করিয়ে **मिरब्रिक्टिलन—गागादिन এবং মাদাম-**ফুৎ দৈবাকে। অ্যাস্টরের রপসী পত্নী ভূতপূর্ব মডেল মোরিয়ান তাঁর ভাড্ডাথানা থেকেই সংগৃহীত। প্রতিদান হিসেবে অ্যাস্টর তাঁর বিখ্যাত প্রাদাদ ক্লিভেন্ডনের একটি
কৃটির ডাক্ডারকে লিথে পড়ে দান
করে দিয়েছেন। ডাক্ডার লগুনের
ইন্ট এণ্ড এলাকার মেয়েদের কাছে
—"পিটার প্যান"। বে কোন
সময়ে বে কোন মেয়ের তাঁর ক্ল্যাটে
অবারিত ঘার। তাদের জীবনে
প্রতিষ্ঠিত না করা অবধি তাঁর নিজ্মের
কাছে মৃক্তি নেই। মোরিয়ান
ছাড়াও তাঁর হাতে প্রতিষ্ঠিত মেয়েদের
মধ্যে আছে কুচবিহার মহারাজার
নজর-ধন্যা বিখ্যাত ভিকি মার্টিন।
ভিকি বেঁচে নেই। কিন্তু ডাক্ডারের
কর্পণায় জীবনই নিয়ম।

দে লালসায়ই ভাসতে ভাসতে এদেছিল হেইদ-এর শহরতলীর মেরে ক্রিশ্চিন কিলার। ইঞ্জিন-ফিটারের কলা সে। বস্তীর ভাঙ্গা ঘরে অনেক ত:খ দেখেছে। পথে পথেও কম नम्र। এই বম্বদেই চাকরী করেছে, কাফে চালিয়েছে, সতের স্বছর বয়দে কুমারী জীবনে জননী হয়েছে। ভয়ার্ড সব শুনে তার কাঁধে হাত সঙ্গে সঙ্গে শুক ৱাথলেন। উখান। মডেল-কন্তার সেই উখান মুহুর্ভেই ८७६८ সনের এক সন্ধ্যায় অ্যাস্টরের প্রমোদোভানে দাঁড়ালেন স্তদর্শন সামনে এসে

## প্রকুমো, জন ডেনিস

রাজপুক্ষ জন ডেনিস প্রোফুমো পি সি, ও. বি.ই। কিলার তথন জলকেলি করছে।

বড ঘরের ছেলে।

একদা ইংল্যাণ্ডের প্রাচীন সাম্রাজ্য ইভালীর সার্দিনার পঞ্ম ব্যারণ। ঠাকুদা এদে দিংহাদনের কাছাকাছি পেতেছিলেন। আসন ष्गानवार्षे हिलन किश्म काउँस्मन। পুত্ৰও আবাল্য স্থলকণ সম্পন্ন। বড়মরের নিয়ম অহুষায়ী তিনি হারোঁ এবং অক্সফোর্ডে পড়েছেন। নিয়ম ভঙ্গ করে প্রতিটি পরীক্ষায় অভাবনীয় ফল দেখিয়েছেন। তাছাড়া, জীবনের অন্ত কেত্ৰেও তিনি আদর্শ তরুণ। তিনি চমৎকার এরোপ্লেন চালাতে পারেন, রঙ্গমঞ্চ সম্পর্কে শুধু জ্ঞান নয়, অনেক "নোবলিজ অবলিজ" যা পারেন না-তিনি তাও পারেন.-ভাল অভিনয় করতে পারেন।

রাজনৈতিক জীবনেও প্রোফুমো
এক অসাধারণ ব্যক্তিত্ব। বাইশ
বছর বয়সে তিনি কনজারভেটিভদের
একটি স্থানীয় শাথার সভাপতিত্ব
করেছেন। তার চেয়েও বড় রুতিত্ব
১৯৪০ সনে মাত্র পঁচিশ বছর বয়সে
তিনি পার্লামেন্টে আসন দ্থস করেন।
সেদিন রটশ পার্লামেন্টে প্রোফুমোট

দর্ব কনিষ্ঠ দদস্য। অথচ, বাবা ছুই ছুইবার সে চেষ্টা করে বিফল হয়েছিলেন।

যুদ্ধের বছরগুলোতে প্রোফুমো রটিশ বাহিনীর সর্ব কনিষ্ঠ মেজর। উত্তর আফ্রিকায় তাঁর বিচক্ষণতা দেথে ফিল্ড মার্শাল আলেকজাণ্ডার লে: কর্ণেল করে নিয়েছিলেন তাঁকে।

প্রোফ্নো মৌথিক যুদ্ধেও সমান
বিচক্ষণ। যুদ্ধ সময়েও পার্লামেন্টের
সদস্যপদ ত্যাগ করেননি তিনি।
১৯৪৪ সনে ইতালী রণাঙ্গন থেকে
উড়িয়ে আনা হয়েছিল তাঁকে একটি
বিতর্কের উদ্বোধন করার জন্ম। বিষয়
ছিল—সৈন্মবাহিনী এবং তাদের
সম্পর্কে সরকারী কর্তব্য। পার্লামেন্টে
কনজারভেটিভদের পায়ের নীচে
উপযুক্ত ভিত্তি রচনা করে আবার
রণাঙ্গনে ফিরে গিয়েছিলেন প্রফ্নো।
পুরানো সদস্যরাও মাথা নেড়ে সেদিন
স্বীকার গিয়েছিলেন—হাা, ছেলেটি
বলতে পারে বটে।

যুদ্ধের পর ১৯৪৫ সন থেকে প্রোফ্মো পার্লামেন্টে "শেক্সপীয়রের এলাকা" স্ট্রাটফোর্ড-জন-জ্যাভন-এর প্রতিনিধি। ১৯৬০ সনে ম্যাক-মিলানের সমরসচিব মনোনীত হওয়ার

## প্রফুমো, জন ডেনিস

জাগে তিনি সগৌরবে আর বা বা দায়িত্ব পালন করেছেন তার মধ্যে আছে: জাপানে রটিশ মিলিটারী মিশনের অধিনায়কত্ব, একাধিক দপ্তরের পার্লামেন্টারী সেক্টোরীর কাজ এবং ১৯৫৯ সনে লয়েডের সহকারী হিসাবে বৈদেশিক দপ্তরে রাষ্ট্রমন্তিত্ব। প্রোফ্রমো কোথাও ব্যর্পরাজপুক্ষ নন। বরং সোবিয়েত চালের উল্টো চাল হিসেবে কাসেমকে অন্ত বিক্রির প্রস্তাব দিয়ে সেদিন তিনি রীতিমত স্বথ্যাত রাজপুক্ষ।

স্থ্যাত ব্যক্তিগত জীবনেও।

সমর সচিবের ব্যক্তিগত নেশার তালিকায় আছে শিকার, ক্যামেরা এবং চলচ্চিত্রবিজ্ঞান। শেষোক্তটির-বশেই ১৯৫৪ সনে তাঁর ঘরে এসেছেন খ্যাতনামী মঞ্চ এবং চিত্রাভিনেত্রী ভেলেরি হবসন। আয়র্ল্যাণ্ডের জনৈক কমাণ্ডারের এই কন্থাটি ছোটবেলা থেকেই অভিনয় শিক্ষার্থিনী। পনর বছর বয়দ থেকে তিনি অভিনয় করছেন। জীবনে প্রথম সিনেমা তাঁর "বেজ্ঞারস গ্রীন", পরবর্তী জীবনের অসংখ্য ছবির তালিকায় আছে—"ওয়ের উলফ অব লগুন", "রাইড অর ক্রাছেনস্টাইন", "দি ম্যান ইন নিউস", "দি গ্রেট এক্সপেক্টটেশন" "শাই ইন

ব্লাক" ইত্যাদি ইত্যাদি। হবসন '৩০ সনে অ্যাণ্টানি জেমসকে নিয়ে ঘর পেতেছিলেন। কিন্তু শেষ পর্যস্ত সেথানে থাকা সম্ভব হয়নি। ১৯৫২ সনে হই পুত্রের জননী বিবাহভঙ্গ করে তৃ'বছর পরে আবার নতুন করে সংসার পেতেছিলেন। 'ee সনে আবার জননী হয়েছেন তিনি। সে পুত্র ইতালীর ষষ্ঠ ব্যারণ। ডিসেম্বরের সেই স্মরণীয় সন্ধ্যায় সমরসচিবের সঙ্গে তার এই সুখী পত্নীও ছিলেন! তিনি সাঁতার তাঁবও নেশা। তথনও জানেন না অ্যাস্টরের পুকুরে সাঁতার কাটছে যে মেয়েটি সে **আরও** গভীর জলের.—স্তাই সে "কিলার" --- সাক্ষাৎ সংহারিণী।

গেল মার্চে পার্লামেণ্টে বেদিন প্রোক্ষাে তর্জনী তুলে সমস্ত "গুজবের" মুথে যতি টানেন—সেদিন হবসনও ছিলেন গ্যালারীতে। সেই তুথড় ভাষণের পরে স্বামী স্থী একসঙ্গে সোজা ছুটেছিলেন স্থাও ডাউন পার্কে,—রেসের মাঠে। স্বয়ং রানী-মাতা এগিয়ে এসে নিজের গ্যালারিতে ডেকে নিয়ে পাশে বিদমেছিলেন ওঁদের। সন্ধ্যায় কনজারভেটিভদের আয়োজিত একটি ভোজসভায় ওঁদের তু' জনকে একসঙ্গে নাচতে

### প্রকুমো, জন ডেনিস

**दिश शिदा हिल । दिश मार्गा है है** নিশ্চিম্ব বোধ করেছিলেন বটে, কিছ ক্লিট স্ট্রীট ফিসফাস বন্ধ করতে পারেনি। কেননা, সমর-সচিবের সাম্প্রতিক জীবন-ইতিহাস একেবারে কলছহীন নয়। গত বছর ৩১শে অক্টোবর তারিথে হাউদ অব কমস্ব তাঁর মুখের সামনে সামরিক বাহিনীর একটি পোস্টার তুলে ধরে জানতে চেয়েছিল-এই মেয়েট, যে আমাদের **দৈ**গুৱাহিনীতে ভরুণদের দেওয়ার জন্মে ডাকছে, সে কি মিস মেলিদ ম্যাকেঞ্জি নামে একটি উনিশ বছরের "বিকিনিগাল" নয় १--এবং याननीय मजीयरहामय এकथा कि অস্বীকার করতে পারেন যে, তাঁরই ব্যক্তিগত নির্দেশে এই স্থন্দরী এথানে ঠাই পেয়েছে ?

প্রোফুমো উত্তর দিয়েছিলেন—
কথাটা সত্য। তবে এই স্থল্দরীর
সঙ্গে সম্পর্ক আমার অতিশয় অল্প,—
আমি তাকে চিনি মাত্র!

**स्ट्रांग अल्लाहिन-मि ज**्व

ওরাজ এ বিগ জোক ! েপ্রোফ্মো একটা পার্টিতে আমাকে কাজটা গছিরেছিলেন। তিনি নাকি বিকিনি-পরা আমার একটা ফটো দেখে বহু দিন আগেই মনে মনে আমাকে নির্বাচিত করে রেখেছেন!

ভারপরেও হয়ত তাঁর পক্ষে বৃটিশ
সমর সচিবের পদে থাকা কটকর হত
না। এমন কি, ছর-ছয়বার কিলারের
সঙ্গে সখ্যতার পরেও না। কেননা,
— সেটা ব্যারনের ব্যক্তিগত ব্যাপার।
হয়ত, সোবিয়েত কূটনীতিক কিলারের কামনা, ভাঃ ওয়াডের ব্যবসা,
কিছুই শেষ পর্যস্ত আটকাতে পারত
না ওঁকে। কিন্তু কমন্স সভায় মিথ্যে
বলার দায় ? এ নাটকের সবচেয়ে
রোমাঞ্চকর অধ্যায় সেখানেই।
কিলার নয়, প্রোক্ষ্মোর মত উচ্ছল
নক্ষত্রও যে ব্যেরাংয়ে আজ ধরাশায়ী
হলেন—সে মিথ্যাচার—"লাই।"
জনভার দরবারে তার ক্ষমা নেই।

১৩. ৬. ৬৩

### ফানফেনি, আমিনভোর

চল্লিশথানা বই লিখেছেন। তার মধ্যে কয়েকটি জগবিখ্যাত। তবুও লোকে বলে—'লিটল প্রফেসর।'

সত্য বটে, তিনি খ্যাতনামা অধ্যাপক এবং দেহটা ওঁর খ্বই ছোটখাট। উচ্চতায় মোটে পাঁচ ফুট তিন ইঞ্চি। সে কারণে নাম তাঁর—'টম থাফ',—'লিটল প্রফেদর' নর। শেবের নামটি কি করে হল জানতে হলে মান্ত্রটির গোটা জীবন কাহিনীটাই শুনতে হয়।

পুরো নাম—আমিনতোর ফানফেনি। আমিনতোর ছিলেন একজন
দেশপ্রেমিক সঙ্গীতজ্ঞ। শ্রমিকদের
নামে গান লিথতেন তিনি। নামের
গোড়াটুকু তাঁরই কাছ থেকে ধার
করা। বাবা ছিলেন—গ্রামের ডাক্রার,
চিকিৎসক। স্থতরাং, একেবারে গরীব
ঘরের ছেলে ছিলেন না তিনি।

কিন্তু গরীব হতে হল। কেননা, আর বরসে. বাবা মারা গেলেন। নামের সঙ্গে দেশপ্রেমিকের যোগের কথা শ্বরণ করে বেপরোয়া ছেলে ফ্যাসিস্তদের সঙ্গে বোগ দিলেন। ফানফেনি আঞ্চও স্বীকার করেন— তাঁর জীবনে সে কয়টি মাস আজও হুঃস্বপ্ন।

সৌভাগ্য, সে স্বপ্ন বেশি দিন স্থায়ী হয়নি। দল ছেড়ে ফানফেনি অচিরেই চলে এলেন মিলান-এ। এবং এসেই ভর্তি হয়ে গেলেন ক্যাথ-লিকদের বিশ্ববিচ্ছালয়ে। এথানে ক্রমশ জানা গেল ছেলেটি সাধারণ নয়।

গণিত এবং পদার্থবিভার ছাত্র. কিছ থিসিস লিখতে বসলেন-স্থৰ্থ-আশ্চৰ্য তা লিখ-নীতি বিষয়ে। লেনও। '৩২ সনে 'সেক্রেড হাট' কলেজ থেকে 'ডক্টরেট' হয়ে বের হলেন ফানফেনি। পর পর কয়েকটা বছর কেটে গেল আরও কয়টি বই লেখায়। '৬৬ সনে 'সেক্রেডহার্ট'ই অধ্যাপনার কাজ দিয়ে নিয়ে গেল সেথানে তিনি কলেভের ওঁকে। বিখ্যাত তাত্তিকদের সঙ্গে সন্মানীর মত জীবন্যাপন করেন, থালি পায়ে লোকে ওঁদের নাম দিয়েছে হাটেন। প্রফেদর'। পরবর্তীকালে 'निটन ইতালীর রাজনীতিতে তাঁরাই **উদার** পদ্বী গণতান্ত্ৰিক।

### ফারা দিবা

লেখা এবং তত্ত্বপা আলোচনাতেই দিন কাটছিল। এমন সময়
এল যুদ্ধ। ফ্যাসিস্তরা পুরানো স্তর্
ধরে তলব করলেন। বললেন—
'যুদ্ধে ধেতে হবে।' ফানফেনি পালিয়ে
চলে গেলেন স্ইজাবল্যাতে। যুদ্ধের
সময় সেথানে তিনি বিশ্ববিভালয়ে
ইতালীয়ান পড়াতেন।

যুদ্ধের পর খদেশে প্রত্যাবর্তন
এবং রাজনৈতিক জীবন। ফানফেনি
ইতালীর অহাতম বৃহৎ রাজনৈতিক
প্রতিষ্ঠান ক্রিশ্চিয়ান ডেমক্রেটিক
পার্টির প্রগতিশীল অংশটুকুর নায়ক।
যুক্ষপর বহু মন্ত্রিসভায় তিনি কাজ
করেছেন এবং '৫৮ সনে স্থায়িভাবে
প্রধানমন্ত্রীর আদনে বসবার আগে
'৫৪ সনে একবার কিছুদিনের জন্মে
সেথানেও বসেছিলেন। আপাতত
তার স্থায়িত থেকেই বোঝা যায় কেন
তিনি 'টম থায়'।

চলনে বলনে তৃথড়, বৃদ্ধি এবং
বিভায় প্রথম, ফানফেনি এথন
তিপ্লাম বছরের প্রবীণ রাজনীতিজ্ঞ।
একদিকে তিনি যেমন পশ্চিমের
বিশ্বস্ত স্কৃত্বং, অত্যদিকে নানা প্রগতিশীল আইনের জনক হিসেবে সদেশেও
কমিউনিস্টদের প্রকৃত প্রতিরোধ।

তা সত্তেও ফানফেনি কমিউনিস্ট-

দের কাজে অপ্রির শাসক নন।
কেননা, তিনি জনপ্রির শাসক।
ইতালীর জনপ্রির শাসক ফানফেনি
সম্প্রতি মস্কো ঘূরে এলেন। 'নাটো'র
অক্তম সদস্ত রাষ্ট্রের নায়ক হিসেবে
এটা নি:সন্দেহে উল্লেখযোগ্য সংবাদ।

#### ফারা দিবা

সেই মেয়েটির নাম ছিল-মারিয়া গ্যাত্রিয়েলা। সহপাঠিনীরা বলত-এলা। বনেদী ঘরের মেয়ে। ইতালীর রাজকুমারী। রাজকুমারী এলার বয়েস মোটে সতের। চেহারা: এক কথায় অপূর্ব। লম্বায় ৫ ফুট ১১ ইঞ্চি. পাঁচটা ভাষা জানে, ঘোড়ায় চড়ে, গান গায়, গীটার বাজায়। হাঁটে সোজা হয়ে রাজকীয় ছন্দে, হাদে রানীর কাগজে কাগ**জে** বিবরণ দেখে মুগ্ধ হয়ে গেলেন পারস্ত-উত্তরাধিকারের অভাবটা সহসা ধাঁ করে মনে পড়ে গেল তার। দাত সারাতে তিনি চলে এলেন জেনেভায়। শাহ জানেন এলা মায়ের সঙ্গে জেনেভায় থাকে, যুনিভারসিটিভে পডে।

ষথাসময়ে ভোজসভা বসল ইতালীর ভূতপূর্বা রানী মেরী জেদে'র বাড়ীডে। নিমন্ত্রিত শাহ'র সঙ্গে দেখা হল— রাজকন্তা এলার। কথাও হল মিনিট দশেক।

কিন্তু শাহ জেনেভা ছাড়তে না ছাড়তেই জানা গেল ইতালীর রাজ্যহানা রাজকন্যা বাতিল করে দিয়েছেন
পৃথিবীর মৃষ্টিমেয় সত্যকারের রাজার
অন্তম পারভারাজকে। হেসেই উড়িয়ে
দিলে এলা: শাহ বয়সে আমার বাবার
মত।—আর দেখতে 
শিক্ষার মত।

কিন্তু একুশ বছরের আধুনিকা তরুণী ফারা ভিবার কাছে চল্লিশ বছরের শাহ এখনও তরুণ। আনন্দ উত্তেজনায় দে আংটি বদল করে ফেলেছে শাহ'র সঙ্গে। তৃতীয় বারের জন্মে তেহ্রাণের রাজপ্রাসাদে রাণী আনতে চলেছেন শাহ। ফারা ভিবা ভার ভাবী রানী, —'কুইন অব পার্শিয়া।

ফারা ইউরোপের মেয়ে নয়, রাজকুমারীও নয়। সে পারশুকুমারী।
নাতাশ পুরুষ আগে তার পূর্বপুরুষ
ছিলেন স্বয়ং মোহামদ। পদচ্যত
গ্রধানমন্ত্রী মোসাদেক তার দ্র সম্পর্কের
আত্মীয়। বাবা ছিলেন সামরিক
বিভাগের একজন অফিসার। মা
তেহরাণের প্রস্কিনীলাদের ক্লাবের
একজন সদস্তা। ফারা ছিল প্যারিসে
নাপত্য বিভারে ছাত্রী। ১৫৬ জনের

ক্লাসে তার স্থান ছিল উনিশব্দন পরে। এবার সে উঠে এল ইরাণের লক্ষ লক্ষ মেয়ের ওপরে।

ক্ট ৮ ইঞ্চি লম্বা এই মেয়েটিও
আনেকটা অভ্যাদে এলার মত।
পিয়ানো বাজায়, সাঁতার কাটে, ভাল
বাসকেট বল থেলে। তত্পরি, সে
চুল ছাটে এবং প্যাণ্ট স্থয়েটার পরে।
স্তরাং ফারাও অবশ্রই শাহর নজরে
পড়বার মতই মেয়ে।

কিন্তু ফারা ডিবা জানে—তার এ পরিচয়গুলো উপলক্ষ্য হলেও লক্ষ্য অন্ত । শাহ উত্তরাধিকারী চান ! প্রথম স্ত্রী ফরেজা (Fawiza) তাঁকে মেয়ে উপহার দিয়েছিলেন একটি। কিন্তু শাহ তবুও ঘরে রাথেননি তাকে। ফরেজা আজ পুনর্বিবাহিতা। তাঁর মেয়ে শাহজাদী শাহনাওয়াজ ফারার বন্ধু। বিতীয় স্ত্রী স্থরাইয়ার জন্তে আনক কেঁদেছেন শাহ। কিন্তু তালাক দিতে হয়েছে তাঁকেও। ফারা যথন আংটি বদল করেছেন তেহরাশে স্থরাইয়া তথন একা একা মার্কেটিং করে বেডাচ্ছেন রোমে।

२१, ১১**. ६**३

্রিক্টব্য: পহলেভী, রে**জা** মহমদ।]

### কিসার, ড: জিওকে

### কিসার, ডঃ জিওফে

- —এটম বম ? —'ও ইট পুটদ টু আস নো নিউ এথিক্যাল প্রোরেম।'
- —হিরোসিমা? —'আই থিক দি বম দেয়ার সেভড মোর লাইভস এগু সাফারিং ।
- —(স্বতরাং) স্থারেজ যুদ্ধ ?
  —'না, না, এভাবে যুদ্ধে নেমে পড়াটা
  আমাদের ঠিক হয়নি! —'নট
  বিকল ইট ইজ রং,…ইউ স্বড বি
  ওয়াইজার ।'…
- —এইচ-বম ? '—-এ মনস্ত্রাদলি ইভিল ওয়েপন !'
- —বুটেনও বানাছে ? '—ও
  বানাবেই ত! উই মার্স হাভ ওয়ান!
  —অল ইট কুড ডু উড বি টু স্থইপ
  এ ভার্সট নাম্বার অব পারসনস ফ্রম
  দিস ওয়াল্ড ইন টু দি আদার
  এও মোর ভাইটাল ওয়াল্ড ।…!
  (পরক্ষণেই) থ্যান্ধ গড, আই হাভ
  নট গট টু ম্যান্ম্য্যাক্ষ্যার ইট!

অত:পর আরও কয়েকটি নমুনা:

- —শ্রেণীহীন সমাজ ? —'অত্যস্ত বাজে কথা, সে জিনিব হতেই পারে না!'
- —ধর্মঘট ! 'ভাল বটে, কিছু আমি কোন অবস্থাতেই তা সমর্থন করতে পারি না। কেননা, এটাও তো এক রকমের যুদ্ধ!'
- —শিরোরয়ন ? '—বলা বাহলা, এটা আদলে একটা মস্ত থিওলজিক্যাল প্রোরেম। কেননা, টু ফল ব্যাক অন ওয়াল্ড'লি ওয়েপনস ইজ অলওয়েক্ষ এ স্পিরিচ্যয়াল ফেলার!'

সাদা আর কালো ছাত্ররা হু'
বাড়িতে থাকছে কেন ?—'কারণ
ঈশ্বর এমন কোন আইন ফটি
করেননি যার জন্মে যত পার্থক্যই
থাক সব মাস্থ্যকে এক বাড়িতে
থাকতে হবে !

—আফ্রিকার চার্চেও এমন বৈষম্য কেন ?—কারণ,—দো অল মেন আর ইকুয়েল উইদিন দি সাইট, অব গড !···

সংক্ষেপে এই হচ্ছেন ক্যান্টারবেরীর ৯৯তম আর্চবিশপ। আর্চবিশপ
ড: ফিদার। মোস্ট রেভারেও
আর্চবিশশ, কিন্তু বক্তব্যের পরিধি
তার আগাগোড়া গীর্জা ছাড়িয়ে।
পৃথিবীতে এমন কোন বিষয় নেই,

### কিসার ড: জিওকে

ষে বিষয়ে ক্যাণ্টারবেরীর এই 
মাসুষ্টির কিছু-না-কিছু মস্তব্য নেই।
তা টেলিভিসান হক, আর ক্রত্রিম
প্রজননই হক!

লোকে বলে উনি আসলে যাজক নন, রাজনীতিক। ফিদার আপত্তি করেন না। কেননা, তিনি জানেন, ক্যাণ্টারবেরীর এই সম্মানের সাদনটিতে যে তাঁকে বদান হয়েছিল তার কারণ রাজনীতি। বসবার কথা হয়েছিল কি চেষ্টার-এর বিশপ রে: বেল-এর। কিন্ত বেল জার্মান শহর গুলোতে নির্বিচারে বোমা-বর্ধণের বিপক্ষে। ড: ফিদার তথন লগুনের বিশপ। তিনি সরকারের স্পক্ষে। '৪৫ সন। সহসা মারা গেলেন ক্যাণ্টারবেরীর সর্বজন শ্রদ্ধেয় আর্চবিশপ ডাঃ টেম্পল। ফিসারকে স্থপারিশ করলেন। কে একজন বললেন-- এই রফাটা কি ঠিক হল ? ফিসার পিছন ফিংলেন '--রফা ? রফা ঈশরও করতেন।'

## এক কথায় অভূত মাহুব।

বাবা মার্লবারোয় যাজক ছিলেন! তাঁর বাবা,—তাঁর বাবাও। কয়েক পুরুষ ধরে যাজকের বংশ। স্থতরাং ছেলেও সেই পথ ধরলেন। মার্লবারো থেকে অক্সফোর্ড। যেমন প্রথার ছাত্র, তেমনি তুখড় খেলোয়াড়।
পরীকায় একসকে তিনটে ফার্সট ক্লাস। ওদিকে বাইচ খেলায় অক্সফোর্ডের অধিনায়ক।…পড়ান্তনা শেষ করে ছেলে যথন ঘরে ফিরছেন তথন তার বয়স মোটে

তা হক। সঙ্গে সঙ্গে চাকরি
মিলে গেল। মার্লবারো কলেচ্ছেই
সহকারী মাস্টারের কাজ। তিন
বছর পরে বিখ্যাত রেপটন স্থলের
হেডমাস্টার!

'—দে কাজই কেন করলেন
না উনি,—সমালোচকরা সেকথাও
কথনও কথনও বলেন।

হেসে উত্তর দেন ক্যাণ্টারবেরীর বিশপ—তাই ত করছি। বিশ্ববাসীর উচিত আর অন্তচিত নিয়ে সর্বদা তিনি মুখর।

স্থলে থাকতে থাকতেই বিয়ে।

শশুরও যাজক। সস্থান—ছ'টি পুতা।
(ফিসার বলেন—ছেলেপুলে যাঁর

তিনটির কম তাঁকে আমি গৃহস্থ বলি

না) যা হক, কিছুদিনের মধ্যেই
চেস্টারের বিশপ নিযুক্ত হলেন

ড: জিওফে ফিসার (১৯৩২) তারপর

লগুন (১৯) এবং অবশেষে
ক্যান্টারবেরী। ১৯৪৫ থেকে ড:

# কিলার, লুই

ফিসার ক্যাণ্টারবেরীর আচিবিশপ এবং বৃটিশ দ্বীপপুঞ্জের প্রাইমেট।

অবশেষে সেই সম্মানের আসন থেকে আরও সম্মানসহ নেমে দাঁড়ালেন তিয়াত্তর বছরের প্রবীণ যাজক।

সমালোচকরা এখনও বাল্বয়। তাঁরা বলেন লোকটি রাজনীতিবিদ চিলেন।

'—ভা বটে, কারণ রোম আর লণ্ডনের চারশ বছরের পুরানো সায়ু-যুদ্ধটা তিনি বন্ধ করে দিয়ে গোলেন!' কেউ বলেন'—লোকটি আসলে ব্যবসায়ী ছিলেন!'

'—তা বটে, কারণ চার্চের আয় তিনি বছরে দেড় মিলিয়ান বাড়িয়ে দিয়ে গেলেন!'

কেউ বলেন—লোকটি উন্মাদ ছিলেন!

কোটি কোটি সাধারণ অফুরাগী বলেন—'কারণ তিনি মাফুষ ছিলেন!' ২৬.১.৬১

# ফিসার, লুই

তিনি বসলেন। তারপর বেঞ্চিটায় একটা হাত রেখে বললেন—'বস'। এমন ভাবে তিনি বসলেন এবং এমন ভাবে তিনি হাতথানা বেঞ্চিতে রাথলেন ষে মনে হল তিনি বলছেন—
'এই আমার ঘর, এসো, ভেডরে
এসো!'—'আই ফেণ্ট আাট্ হোম
ইমিডিয়েটলি।"

স্থান — ভারতবর্ষ। বিখ্যাত সেবাগ্রাম আশ্রম। কাল ১৯৪২ সনের মে। স্থতরাং, প্রথম দর্শনে 'ঘরের মান্তব' হয়ে যাওয়াটা কোন বিশ্মকর ঘটনা নয়। কেননা গৃহক্তা তথন স্বয়ং গান্ধীজী।—কিন্তু সেথানে গান্ধীছিলেন না, আশ্রুষ্ঠি সেথানেও কোননিমক মান্ত্বটি সেথানেও কোননিন বাড়ীর দরজা থেকে ফিরে যান না,—যান নি।

কত আর বয়দ তথন ? মাত্র
একুশ বছর (জয়—১৮৯৬) ফিলা'ডেলফিয়ার একটা স্থল থেকে সবেমাত্র
স্নাতক হয়ে বেরিয়েছেন তিনি।
কাজও পেয়েছেন একটা। স্থলের
কাজ। এমন সময় (১৯১৭) সহসা
ভনলেন ইংরেজদের উভোগে একটা
দৈল্য বাহিনী তৈরী হচ্ছে।
প্যালেস্টাইনে ইছদিদের নামে তারঃ
লড়াই করবে। শোনামাত্র ফিলার
স্থলের কাজ ছেড়ে দিলেন। তিনি
সেই বাহিনীতে স্বেছাসেবক হলেন।
ইউরোপের নানা দেশে টেনিং নিয়ে
কাটালেন কিছদিন। মাস পনের

কাটল প্যালেন্টাইনে। কিন্তু এক-দিনের জন্তেও ফিসারের মনে হয়নি তিনি বিদেশে আছেন।

'২১ সনে প্যালেস্টাইন ছাড়লেন।
কিন্তু দেশে ফিরলেন না। উপস্থিত
ঘর তাঁর গোটা ইউরোপ। ফিসার
এখানে সাংবাদিকের কাজ করেন।
তিনি নিউ ইয়র্ক ইভনিং পোস্ট-এর
করেসপণ্ডেন্ট।

পরের বছর চলে গেলেন রাশিয়ায়। এবারও তিনি সাংবাদিক বটে, কিন্তু ফ্রি-লান্স সাংবাদিক। এবার থেকে তাঁর প্রথম ডেসপাচ 'নেশান' কাগজের জন্মে। অর্থাৎ প্রায় গোটা ছনিয়ার জন্মে। কেননা, লুই ফিসারই বিপ্লবোত্তর রাশিয়ায় পশ্চিম থেকে প্রথম উল্লেখ-বোগ্য সাংবাদিক।

সাকুল্যে প্রায় চৌদ্দ বছর
ফিসার কাটিয়েছেন রুশ দেশে।
সেথানেই তিনি বিয়ে করেছেন (স্ত্রী
বার্ধা মার্ক সেকালের একজন
স্থপ্রতিষ্ঠিত লেথিকা) এবং তাঁর
সম্ভান হুটিও ভূমিষ্ঠ হয়েছে সেই দূর
বিদেশেই। স্বভাবতই ফিসার তথন
পশ্চিমের দৃষ্টিতে অগ্রতম রুশ-বাদ্ধব।
বিশেষ করে তাঁর তৎকালীন লেখা
পড়ে অনেকেরই মনে হয়েছিল তা।

উত্তরে ফিসার সেদিন জানিয়ে ছিলেন,
'—ইন লেনিন'স রাশিয়া জ্বন
নাইনটিন টুয়েণ্টি টু জাই লুকড নট
ফর এ বেটার প্রেজেণ্ট, বাট ফর এ
রাইটার ফিউচার!' সম্ভবত সে
বিচারে তিনি সেদিন নিভূল ছিলেন।

মস্কো থেকে মাঝে মাঝে জার্মানী এবং পূর্ব ইউরোপ। এবং অবশেষে গৃহযুদ্ধে ক্ষতবিক্ষত স্পেন। ফিসার গিয়েছিলেন সাংবাদিক হিসেবেই। কিন্তু স্পেনে নেমেই তিনি কলম রেখে निरग्र ইণ্টারস্থাশনাল বাইফেল বিগ্রেড-এ যোগ দিয়ে বসলেন। কেননা. এ ছাড়া মন মানে না। ে…'মেসিনগান বিয়িং ওয়ার মাউন্টেড অন দি অইভরি টাওয়ার ইট ওয়াজ নট এনাফ টু রাইট।') উল্লেখযোগ্য, দে বাহিনীতে তিনিই প্রথম আমেরিকান।

এ যুদ্ধ থামল। আয়োজন শুক হল বিতীয় মহাযুদ্ধের। বিতীয় দেশ রাশিয়ার কাছে অনেক প্রত্যাশা ছিল বিদেশী বন্ধুর। এবার মূহুর্তে তা তেকে থান থান হয়ে গেল। চোথের সামনে রাশিয়া ফিনল্যাও আক্রমণ করল এবং কশ-জার্মান শান্তি-চুক্তি সম্পন্ন হল। এ দৃশ্র অসহ। ফিনার তৎক্ষণাৎ সপরিবারে কশ দেশ ত্যাগ

# কুৎ সেবা, ইকাডেরিনা আলেক্সিভেনিয়া

করলেন। চৌদ্দ বছরের ঘনিষ্ঠতার দেখানেই শেষ। তারপরও একবার গিয়েছিলেন বটে, কিন্তু সে দর্শক ছিসেবে মাত্র, বন্ধ হিসেবে নয়।

রাশিয়ার চেয়েও আজ বরং লুই
ফিলারের অনেক বেশী ঘনিষ্ঠতা
আমাদের সঙ্গে। ফিলার আজ
খ্যাতনামা ভারত-বান্ধব। তিনি
শুধু গান্ধীজীর জীবনীকার নন,
গান্ধী-শিশ্বও (অবশ্য রাজনৈতিক
ভাবাদর্শে)।

গান্ধী-শিশ্ব ফিনার ফিলাডেলফিরার দেই বাড়ীটার থাকেন, রাজনীতি বিষয়ে চিস্তাশীল বই লেথেন,
আমেরিকার বক্তৃতা করেন এবং
হ্রেমার পেলেই এদিকে এসে বেড়িয়ে
যান। আপাতত নেশা তাঁর এশিয়া,
আরও নির্যাস করে বললে—ভারত
এবং আরও গভীরে গেলে ভারতের
গ্রামের মাহুষ।

৩. ৮. ৬১

## কুর্ৎ সেবা, ইকাডেরিনা আলেক্সিভেনিয়া

অনেকেই নিশ্চয় দেখেছেন ওঁকে। কারণ, এই ফেব্রুয়ারীর আগের ফেব্রুয়ারীর আগের ফেব্রুয়ারীত ভরোশিলফ আর কোজ-লক্ষ মথন কলকাতায় আসেন উনিও তথন সঙ্গে ছিলেন।

কিন্তু আজ দেখলে আর চিনবেন
না। এজতো নয় যে গতকাল সেই
হৃদয়বিদারক সংবাদটা ঘোষিত
হয়েছে, আসল কারণ—কিছুদিন ধরে
মাদামের চেহারাটাই নাকি অন্তরকম
হয়ে যাচ্ছে,—যাচ্ছিল।

গেল জুনে লণ্ডন গিয়েছিলেন মাদাম ফুৎ দৈবা। বিমানঘাটতে रेरदिष ভদ্রমহিলারা ত দেখে অবাক। —এই কি দোবিয়েত সংস্কৃতি মন্ত্রী। ফটোর সঙ্গে একদম উনি নেই। কে বলবে পঞ্চাশ कननी: বছরের যোদ্ধা. বয়স্কা মাদামকে দেখে মনে হয় ধেন কোন কশ তরুণী। দেড়শ পাউণ্ডের দেই শরীরটা আর নেই। কমপক্ষে ওজন কমে গেছে পনের পাউও। ('—িক করে কমিয়েছি জান থাওয়া কমিয়ে নয়, টেনিস খেলে!) চল-গুলো সেই পুরানো কায়দাই আছে বটে, কিন্তু গায়ে দেই ভারকাথচিত কোটটি নেই। তার জায়গায় ছিটের ক্রক,-পায়ে বিলিতি মাপে অত্যুচ্চ না হলেও হাইহিল। নেমেই হাসিতে ভেক্ষে পড়লেন মাদাম,—'আছা বলুন দিকি, কোন আর্লের বাডীতে নেমন্তর কি এ পোষাকে খেতে গেলে চলবে ?'

# কুৎ সেবা, ইকাডেরিনা আলেক্সিভেনিরা

উত্তরে ওঁরা হেসেছিলেন। শুধ জনাকয় মান্তব ভাবিত হয়ে উঠে-ছিলেন। কারণ তাঁর। জানতেন দোবিয়েত দেশের এই সংস্কৃতি মন্ত্রীট মাত্র এক মাদ আগে কান-এ চলচ্চিত্র উৎসব করে এসেছেন, সোফিয়া লরেন প্রভৃতির সঙ্গে প্রাণখোলা রসিকতা **সমাজতান্ত্রি**ক ধাচের) ( অবশ্ৰ পারীতে করেছেন, ফেরার পথে মালরোর সঙ্গে আড্ডা দিয়েছেন এবং এবারও লগুনে আসবার পথে নানা জায়গায় বিস্তর অন্তবিধ সংস্কৃতি দেখে এ**সেছে**ন। সবটাই কি ক্রেমলিনের প্রোগ্রাম অনুযায়ী ?

তবুও আশা ছিল এই মাহিলাটি অক্ষত থাকবেন। কারণ, আর কেউ না জানেন, ক্রুশ্চফ নিশ্চয় জানেন ভঁকে। তিনি 'কেটিয়া'কৈ চেনেন।

কালিনিন এলাকার এক তাঁতীর ঘরের মেয়ে ছিলেন— ফুর্পেবা। মাদাম ইকাতেরিনা আলেক্সিভেনিয়া ফুর্পেবা। কুশ্চফ আদর করে ডাকেন—'কেটিয়া'। নিজেও কাজ করতেন এক সময়ে কাপড়ের কলে। পরিচালকের কাজ। দেখান থেকে শুধু নিজ শুণে ফুর্পেবা আজ সোবিয়েত দেশের একজন বিশিষ্ট ইঞ্জনীয়ার। তাছাড়া, পার্টির সংক্রপ্ত যোগ তাঁর অনেক দিনের।
অন্তত্ত '৪২ সন থেকে 'কেটিয়া'কে
ব্যক্তিগতভাবে ক্রুশ্চফ নিশ্চর
চেনেন। কারণ, তিনি যথন পার্টির
মন্ধো 'জেলা'র কর্তা কেটিয়া তথন
একটা বিরাট এলাকার কর্ত্তী!

কুশ্চফ যে সেদিনের 'কেটিয়া'কে ভূলে যাননি তার প্রমাণ পাওয়া গেল দট্যালিনের মৃত্যুর পরে। '৫৬ সনের যে কংগ্রেসে দ্যালিনকে আবার মৃত্যুদ্তে দণ্ডিত করেছিলেন কুশ্চফ, সেই ২০তম কংগ্রেসেই কেটিয়াকে পুরস্কৃত করেছিলেন তিনি প্রেসিভিয়ামের বিকল্প সদস্যা 'নির্বাচিত' করে। সেই সঙ্গে কেটিয়া মনোনীত হলেন পার্টির কেন্দ্রীয় কমিটির 'মহাতম একজন সম্পাদিকাও।

পরের বছর ঘোষিত হল মাদাম
ফুর্পেবার আরও পদোরতির থবর।
প্রবল করতালিধ্বনির মধ্যে কুশ্চফ
জানালেন—কেটিয়া প্রেসিভিয়ামের
পুরো সদস্থ নির্বাচিত হয়েছেন।
তিনিই প্রেসিভিয়ামের একমাত্র
মহিলা সদস্থ! মন্ত্রিসভার তিনিই
একমাত্র মহিলা মন্ত্রী।

(নিনা কুশ্চেভ তথন পর্ণানসীন ছিলেন) মাদাম ফুৎ দৈবাকে আরও নানাভাবে পুরস্কৃত করেছিলেন

# ক্রণ্ডিজি, আছু রো

জুশ্চম। কেটিয়াকে তিনি পিকিং, প্রাণ, ভিয়েনায় সরকারী ভ্রমণে সঙ্গে নিয়ে গিয়েছিলেন। অক্তত্র অন্তদের সঙ্গে পাঠিয়েছিলেন। তার চেয়ে জকরী যা—কেটয়ার স্বামীকে তিনি আবার ফিরিয়ে এনেছিলেন। শোনা বায়, স্ট্যালিনের আমল থেকেই রাষ্ট্রদ্ত হিসেবে নির্বাসিতের জীবন যাপন করছিলেন ফুর্সেবার স্বামী। কথনও প্রাণে, কথনও বেলগ্রেডে। জুশ্চম তাঁকে বদলি করলেন মস্কোতে। কারণ, হাজার হক, ভদ্রলোক 'কেটয়া'র স্বামী।

এহেন 'কেটিয়া' কেন হঠাৎ
নিক্ষিপ্ত হলেন প্রেসিডিয়ামের বাইরে
দে কথা নিশ্চয় করে বলা দভ্যিই
অসম্ভব। অসম্ভব আরপ্ত এ কারণে,
বে, মাদাম ফুর্পেরা শুধু বে
কুশ্চফেরই ব্যক্তিগত বন্ধু তাই নয়,
ভিনি পার্টির প্রবল প্রতাপারিত
সেক্রেটারী কোজলফ-এর নিকট
আত্মীয়া কোজলফ-এর ছেলের
সঙ্গেই বিয়ে হয়েছে তাঁর একমাত্র
মেরের!

# ক্রণ্ডিজি, আডু রো

স্থান—বুয়েনাস আয়ার্স। কাল— বিস্তোহের মাত্র ছ'দিন আগে। রাষ্ট্রীয় ভোজ্বসভায় বসেছেন—নবাগত অতিথি ইংল্যাণ্ডের ডিউক। পাশে তাঁর আর্জেন্টিনার সামরিক দপ্তরের মন্ত্রী ফ্রাগা।

ফিলিপ—আপনি কি অনেকদিন মন্ত্ৰী আছেন ?

ক্রাগা—( দামরিক ভঙ্গীতে উঠে দাঁড়িয়ে) আজে, দে প্রায় এক বছর।

ফিলিপ— .....কেমন লাগছে আপনার কাজটা ?

ফ্রাগা—( মৃথ কালো করে ) ই্যা, ই্যা,—কেন নয় গু

ফিলিপ—আর একটা কথা, আপনি কি কথনও লড়াইতে গিয়ে-ছিলেন ?

ফ্রাগা—আজ্ঞেনা,—আমাদের আর্জেন্টিনায় হালে কোন যুদ্ধ হয়নি।

ফিলিপ—( অহচ খরে ) বছৎ আচ্ছা, তাহলে আজকেই ষেন আবার একটা লাগিয়ে দেবেন না।

অতিথি ফিলিপকে সময় দিয়েছিল ওরা। কিন্তু ফ্রণ্ডিজি সময় পাননি। চার বছরে প্রাত্তিশটি বড় রকমের কাঁড়া কাটিয়েছিলেন তিনি। কিন্তু এবার আর হল না। সৈক্তরা দেশছাড়া করেছে তাঁকে। ঠিক বেমনটি পেরনকে করেছিল ওরা।

# ক্রণ্ডিজি, আডু রো

কিন্ত ক্রণ্ডিজ পেরন নন।
এখনও চোথে ভাসছে মৃথটা শাস্ত,
সমাহিত, বিচক্ষণ। কানে ভাসছে
কথাগুলো। —গোয়ায় সামরিক
ব্যবস্থা গ্রহণের অধিকার ভারতের
আছে বৈকি! ভারতের মাটিভে
দাঁড়িয়ে নির্দ্বিধায় আমাদের নৈতিক
সমর্থন জানিয়েছিলেন তিনি। মাত্র
ক'মাস আগে। ব্যাহ্বকে দক্ষিণ-পূর্ব
এশিয়া চুক্তি সংস্থায় দাঁড়িয়ে এমন
কথা বলেছিলেন, যা চুক্তিভুক্ত কোন
দেশের প্রধানের কথা নয়, নিরপেক্ষ
ভারতের বক্তব্যেরই প্রতিধ্বনি মাত্র।

সম্ভবত পতনের দেও একটা কারণ। এই প্রগতিশীল দৃষ্টিভঙ্গী, লিবারেলইজম। ফ্রণ্ডিজি লিবারেল ছিলেন। তাই সৈলদের আপত্তি সত্ত্বেও পেরনপন্থীদের তিনি সম্প্রতি নির্বাচন লড়বার স্থযোগ দিয়েছিলেন। এমনকি, জেতবার পর জায়গায় জায়গায় শাসনের অধিকারও। তাছাড়া, তিনি ভবিল্যৎ সমুদ্ধির নামে দেশকে কট্তে রেখেছেন; সপ্তাহে হু'দিন মাংস বন্ধ করে দিয়েছেন, তিনি কিউবার দিকে সহাম্নভৃতি দেখাছেন এবং ইত্যাদি ইত্যাদি।

স্তরাং আর্জেনিনায় এমতাবস্থায় যা হওয়ার কথা, তাই হল। ১৮৭০ সনে একবার পেরাগুরের সক্ষে
লড়েছিল সৈক্সরা। তারপর থেকে
দেশে যুদ্ধ নেই। স্থতরাং, তারা যুদ্ধে
নামল, বিলোহী হল। ঠিক যেমন
পেরনের সময় হয়েছিল।

কিন্ধ ফ্রণ্ডিজি তবু পেরন নন।
একই শাস্তি নির্দিষ্ট হয়েছে বটে তাঁর
নামে—কিন্ধ আর্জেন্টিনা জানে, পেরন
আর ফ্রণ্ডিজি এক বস্তু নন।

জনৈক ইটালীয়ান ইঞ্জিনীয়ারের সস্তান। চৌদটি ছেলেমেয়ের মধ্যে ত্রয়োদশ ফ্রণ্ডিজি আবাল্য লাজুক এবং সাদা-ধরনের মান্তব।

কিন্তু সেই মান্থ্যটির মধ্যেই বে আগুন নিহিত আছে, তাও জানা গেল একদিন—'ও সনে, প্রথম ধৌবনে। ছ' বছরের পড়া তিন বছরে সেরে ফ্রণ্ডিজি সেবার গোটা দেশের থবর। আরও চাঞ্চল্যকর ঘটনা, ভুধু পাশ নয়, তিনি জনার্সও পেয়েছেন।

ষথাদিনে বথাসময়ে কনভোকেশন উৎসবে এসে দাঁড়ালেন তরুণ ক্রপ্তিজি।
কিন্তু দার্টিফিকেট দেওয়ার মূহুর্তে হাতথানা সরিয়ে নিলেন পেছনে,
'—না, যে সরকার নিজে জবরদ্ধল করে ক্ষমতায় এসেছে, নির্ভর বার একমাত্র সৈক্যরা—তার সার্টিফিকেট

### ক্রাছো, ক্রান্সিস্কো

আমি নেব না, নিতে চাই না।' আর্জেন্টিনায় তথন জোস্ উরিবৃক্র শাসন।

পেরন-আমলেও স্বাধীনতার সাধনায় ফণ্ডিজি এক তুর্ধর্ব নায়ক। বুয়েনান আয়ার্সের পথে পথে তিনি তথন একনায়কজের বিক্ষমে বক্তৃতা করেন, আন্দোলন করেন। তিনি স্বাধীনতার ধোজা।

পেরনের পতনের পরে—'৫৬ সনে
নিজের দলকে ভেঙে ছ' টুকরো
করলেন ফ্রণ্ডিজি।—'এক টুকরো তার
নিজম্ব। অস্তটি কাছাকাছি মতের
অস্তদের।

প্রথম নির্বাচনে তাঁর দলই জয়ী হয়েছিল। ছ' বছরের জন্মে দক্ষিণ আমেরিকার বিতীয় বহন্তম দেশ, স্থী সমুদ্ধশালী আর্জেন্টিনার রাষ্ট্রপ্রধান নির্বাচিত হয়েছিলেন—আতুর্রোফ্রাণ্ডিজ।—'এ-দেশ নতুন করে গড়ব আমি। কোন ব্যক্তি নয়, কোন পরিবার নয়, কোন দল নয়, কেউ পথ থেকে ফেরাতে পারবে না আমাকে।'

দৈক্তরা ফেরাল। তিপ্পান্ন বছরের এই পরীক্ষিত গণতন্ত্রীকে নির্বাসনে পাঠিয়ে আর্জেন্টিনা আজ যে পথ ধরল, সেটা আর যাই হোক, স্থাহিরতার পাকা সড়ক নিশ্চয়ই নয় ৫. ৪. ৬২

### ফ্রাঙ্কো, ফ্রান্সিস্কো

গায়ে যদি ইউনিফর্মটা না থাকত তবে লোকেরা নিশ্চয়ই বলত—উনি কোন বুক-কীপার, বলেছিলেন একজন বিথ্যাত ফরাসী সাংবাদিক। অন্ত একজন শুধয়ে দিয়েছিলেন তাঁকে, '—না, ঠিক বুক-কীপার নয়, লোকে ভাবত উনি কোন 'ভ্যাক্ষিং মাস্টার', কিংবা কোন 'রিটায়ার্ড বিজনেস-ম্যান!'

'বিজনেসম্যান' অবশ্বই। কিন্তু
আদৌ অবসর নেওয়া মাস্থ্য নন।
বয়স উনসত্তরে পৌছে গেছে। বড়
বড় কালো চোথগুলোর নীচে কালিমা
অধিকতর স্পষ্ট হয়ে উঠেছে।
'থ্যাতি' তলানিতে এসে ঠেকেছে।
কিন্তু এল পার্জো-র সেই প্রকাণ্ড
প্রাসাদটিতে আজও তিনি আছেন।
গায়ে সেই ইউনিফর্ম, হাতে সেই দণ্ড,
সামনে সেই ক্রমশ নিম্নগামী দেশ,
সভ্যতা।

নাম—ফ্রান্ধো। জেনারেলিসিমো ফ্রান্সিসকো-ফ্রান্ধো। পরিচয়—স্পেনের প্রধান মন্ত্রী, প্রধান সেনাপতি, প্রধান শাসক, প্রধান ব্যক্তি। এক কথায় শোনের একমাত্র অধীশর। বলা বাহুল্য, উর্দী দেখেই জানা ধায় ধে, জন্ম (১৮৯২) প্রজাকুলে। বাবা ছিলেন জনৈক নৌবিভাগের কর্মচারী। ছেলেও তাই ভর্তি হয়েছিল নৌবিভার স্থুলে। সেথান থেকে একই বিষয়ের কলেজে।

'১০ সনে বিভার্থী-জীবন শেষ হল। তরুণ-ফ্রাজো সেকেও লেফ-টেনেট হিসেবে সৈভ্যবাহিনীতে স্থান পেলেন। সেথান থেকেই ক্রমশ ক্রমওয়েল, নেপোলিয়ান, ম্সোলিনী, হিটলারের পাশে,—ইতিহাসে।

'১২ থেকে '২৬ সন অবধি
কেটেছে তাঁর প্রধানত আফ্রিকায়।
ফ্রাঙ্কো সেথানে বছ যুদ্ধে প্রসিদ্ধ পুরুষ।
পদোন্নতির স্ত্রপাতও তাঁর সেথানেই।
মেলিল্লাতে তিনি লেফটেনেন্ট থেকে
ক্যাপ্টেন হলেন (১৯২২) এবং আহত
হয়ে স্পেনে ফিরে আসামাত্র বছবিধ
সামরিক পুরস্কারের সঙ্গে পেলেন
মেজর পদবী।

'২৬-এর পরে আবার আফ্রিকায় পাঠান হল তাঁকে। এবার মরকোয়। ক্রাক্ষো সেথানে তথন ( '২০) স্প্যানিশ সৈক্তবাহিনীর ডেপুটি কমাণ্ডার। তিন বছর ছিলেন সে পদে। তারপর— ক্যাণ্ডার। অবঙ্গ ইতিমধ্যে তাঁর সার্ভিস বৃক-এও নতুন বোজনা ঘটেছে। তিনি লে: কর্ণেল খেকে বিগেডিয়ার জেনারেল-এর সারিতে উত্তীর্ণ হয়েছেন।

'২৭ সনে আফ্রিকার কাজ শেষ হল। দেশে ফিরে ফ্রাকো নতুন কাজ নিলেন। তিনি স্পেনের বিখ্যাত সামরিক একাডেমীর ডিরেক্টর নিযুক্ত হলেন। উল্লেখযোগ্য পদটি তথন তথু সম্মানজনক নয়, গুরুতরও।

যোগ্যতার সংক্রেই কাঞ্চ চালিয়ে 
যাচ্ছিলেন নিষ্ঠাবান দৈনিক। এমন
সময় সহসা দেশে আকস্মিক বিপর্বয়।

১০১ সন। সাম্রাজ্যের অক্তঅম পীঠভূমি
স্পোনে সেবার তুর্ধর্ম প্রজ্ঞাবিক্রোহ।
সমাট ত্রয়োদশ আলফনসো গদীচ্যুত
হলেন। স্পোন প্রজাতন্ত্র বলে ঘোষিত
হল।

ষভাবতই রাজকীয় সৈনিক হিসেবে ফ্রাফোর আফুগত্য তথন পরাজিত রাজতন্ত্রের দিকে। গণতন্ত্রীরা তার ইঙ্গিত পাওয়া মাত্র তাঁকে নতুন কাজ দিলেন। তাঁরা পাঠালেন ওঁকে স্পেন থেকে বেলেয়ারি ঘীপপুঞ্ছ। ফ্রাফো জানেন, ষদিও উপলক্ষ্য সরকারী কাজ, তবুও ঘটনাটা আসলে নির্বাসন দণ্ড। তবুও ষেতে হল। কেননা, উপায় নেই।

## ফ্রাঙ্গে। ক্রান্সিস্কো

আশ্রুর্য ভাগ্য! ফেরার স্থ্যোগ এনে গেল ত্'বছর পরেই। '৩৩ সনের নির্বাচনে দক্ষিণপন্থীরা ক্ষমতায় এলেন। সঙ্গে সঙ্গে দেশে ফিরে এলেন ফ্রান্ধোও। পরের বছর দক্ষিণ-পন্থীদের বিরুদ্ধে বিজ্ঞোহ। বন্ধুদের হয়ে ফ্রান্ধো কঠোর হাতে তা দমন ফরলেন। পরিবর্তে জনতা দেদিন তাঁর নাম দিয়েছিল 'ক্র্যাই', আর দক্ষিণপন্থী সরকার দিয়েছিল দেশের প্রধান সেনাপতির পদ।

'৩৬ সনে আবার টেবিল ঘুরল।
দক্ষিণপন্থীরা বিদায় নিলেন। সঙ্গে সঙ্গে বিদায় নিতে হল ফ্রান্ফোকেও। নতুন সরকার তাঁকে আবার দেশত্যাগী করলেন। ফ্রান্ফোকে তাঁরা পাঠালেন কানারি দ্বীপে।

সহসা থবর এল দেশে গোলযোগ।
একজন বিখ্যাত দক্ষিণপন্থী নায়ক
আততায়ীর হাতে নিহত হয়েছেন।
তাই নিয়ে প্রথমে দাঙ্গা, ভারপর
দেশব্যাপী গৃহযুদ্ধ। শোনামাত্র
ফ্রাক্ষা দেশে ফিরে এলেন। দেশে
ছইদল। একদল গণতন্ত্রী, অন্ত দল
অন্ত কিছু। ফ্রাক্ষো বিতীয় দলের
নায়ক সাজলেন। তার পরবর্তী
ইতিহাস সকলের জানা। এটুকুই
ভধু এখানে উল্লেখযোগ্য বে আড়াই

বছর পরে দশ লক্ষ মাত্রবের জীবনের বিনিময়ে গৃহযুদ্ধ যথন থামল তথন দেখা গেল—ফ্রাফো জেনারেলিসিমো হয়ে গেছেন। তিনি দেশেব সর্বময় কর্তা। সেই থেকে আজও।

পেছনে অগৌরবের ইতিবৃত্ত
অনেক। বর্তমানও বিবিধ কারণে
অত্যন্ত কলম্বিত। কিন্তু তবৃত্ত
হিটলার ম্সোলিনীর বিশিষ্ট বান্ধব
ফান্ধো এক আশ্চর্য স্থমী 'সমাট'।
তিনি প্রাসাদে থাকেন, শিকার করেন,
মাছ ধরেন। একমাত্র কন্তার বিয়ে হয়ে
গেছে অনেকদিন। পুত্র সন্তান নেই।
স্বতরাং, শোনা যায়, মাঝে মধ্যে
উত্তরাধিকারীর কথাও ভাবেন। এবং
বলা বাহুল্য, সে ভাবনা অবশ্রই শ্পেন
রাজবংশের সন্তানদের নিয়ে, অথচ
এলামেলো ভাবে গুণলেও নাকি
রাজত্বে তাঁর দশ লক্ষাধিক রাজবন্দী!
ফ্রান্ধো কি সত্যিই নিশ্চিত্ত বাদশাহ?

কে জানে! কিন্তু স্পেন যে আজ আরও অন্থির দেশ সে থবর আরও স্পষ্টভাবে জানা গেল সম্প্রতি। সংবাদ: ক'দিন আগে স্পেনে একটি বড়যন্ত্র ধরা পড়েছে। এবং সেই বড়যন্ত্রকারীদের লক্ষ্য ছিল নাকি ফ্রাকোকে হত্যা করা।

b. b. b.

## বন্দরনায়েক, ফেলিক্স ডায়াস

রাজনীতিতে ত্'জনেই সমান অনভিক্ত। তিনটি সন্তানের জননী প্রতাল্লিশ বছর বয়স্কা অভিজাততনয়া সিরিমাভো বন্দরনায়েক তথন ছিলেন প্রথমত এবং প্রধানত রাজনীতিকের স্থা। তথন সবে আটাশ—ফেলিক্সপ্রতাই। স্থাশিক্ষিত স্থাদর্শন প্রথম তরুণ ফেলিক্স ভায়াস বন্দরনায়েক তথন মাত্র প্রধানমন্ত্রীর ভাতৃপ্রতা।

তবৃও ১৯৫৯ স্নের **₹%₹** দেপ্টেম্বরের সেই ভয়াবহ ক্ষণে প্রধান-মন্ত্রী সোলমান ওয়েক বিজ্ঞত্যে ভাষাস বন্দরনায়েকের শাশানে দাঁডিয়ে তার षाना फि- প्राग्न विधवा यथन ष्यवनौना-ক্রমে রাজনীতির মহাভার কাঁধে তুলে নিয়েছিলেন তথন সিংহলে অস্তত কেউ বিশ্বিত হননি। এবং তানা হওয়ার কারণ শুধু বিগত প্রধানমন্ত্রীর হাতে-গড়াদল শ্রীলম্বা ফ্রীডম পার্টির দ্বার্থহীন শমর্থন নয়,—সিরিমাভোর পেছনে ছায়ার মত দণ্ডায়মান বিপুলদেহ ঐ দিতীয় আনাড়িটিও,—ফেলিকা বাঁব नाय।

দিরিমাভো আর ফেলিক্স—

কাকীমা আর ভাস্থরপো ত্'জনে মিলে
সে এক আশ্চর্য ব্যক্তিত। একের যা
নেই, অক্টের তা উদ্ত্ত, একজন যা
ভাবতে পারেন না, অগ্রজন তা আগেভাগেই ভেবে রাথেন। স্বভাবত-নম্র
মিসেস বন্দরনায়েক কথা বলেন কম
এবং কদাপি রুচ হতে জানেন না।
প্রধানমন্ত্রীর পালামেন্টারি সেক্টোরী
তথা রাজ্যের অর্থমন্ত্রী ফেলিক্স—কথা
বলেন অনর্গল এবং কোন্ কথার কী
ভবাব সে তাঁর মৃথস্থ। পর্ববেক্ষকেরা
বলেন—বিপাকের মধ্যেও সিংহলী
রাষ্ট্রতর্গীর সাম্প্রতিক যে স্বচ্ছন্দগতি
ভার অনেকথানির কারণই ফেলিক্সের
এই দৃততা।

ফেলিক্স নিজে ক্যাথলিক খ্রীস্টান।
সিরিমাভো ক্যাথলিক স্থলের মেক্সে
হলেও বৌদ্ধ। কিন্তু তবুও দেশের
ক্যাথলিক স্থলগুলো জাতীয়করণের
প্রশ্ন যেদিন উঠেছিল, আশ্চর্য এই—
ক্যাথলিক ফেলিক্সই ছিলেন সেদিন
সিরিমাভোর স্বচেয়ে বড় স্মর্থক।

ঠিক তেমনি ভাষা বিষয়ে। গেল বছর যথন দেশে ইংরেজীর বদলে সিংহলী ভাষা চালু করার কথা ওঠে— দেদিন সে কথাকে কার্যকর করার

#### वटकाककात्र, स्त्रामक

দায়িত্ব নিয়েছিলেন—এই ফেলিক্সই।
অথচ আশ্চর্য এই, আজন্ম ইংরেজী
পরিবেশে লালিত ফেলিক্স নিজে
একবর্ণ সিংহলী জানেন না!

শোনা যাচ্ছে, ফেলিক্স—১৯৬০
সনের জুলাই থেকে সিংহলের প্রধানমন্ত্রী মিদেস বন্দরনায়কের নির্ভরতম
হুহদ ফেলিক্স ভায়াস পদত্যাগ
করেছেন। থবরটা সত্য হলে সম্ভবত
ভাববার কারণ আছে। অবশ্র যদি
কাকীমা নিজেই এখন একা চলতে
অভ্যন্ত হয়ে থাকেন তবে অম্ব কথা!

२७. ৮. ७२

#### वटकाषकात्र, प्रशानक

ত্'বছর আগে ডিসেম্বের ১৯
তারিথে পাঞ্জিমে পা দিলে দেখা বেত
আধ-বয়দী একজন রুফ্কায় মাহ্রব
হাত পা নেড়ে পতু গীজ দৈন্তদের কি
বেন বোঝাচ্ছেন। স্পষ্টতই তিনি
তাদের এই পোড়ামাটির নীতি
অহ্নমরন না করতে অহ্বোধ করছেন।
—এত দিনের শহর, এমন স্কল্ব পথঘাট, চার্চ-মাঠ; তোমাদের মায়া হয়
না পুড়িয়ে দিতে? ওরা শেষ পর্যস্ত
হাতের আগুন ছুঁড়ে ফেলে দিয়ে
আাত্মসমর্পণের জন্তেই তৈরী হয়েছিল।
কারণ মাহ্রবটির কথায় প্রাণ ছিল।

এমন প্রাণ ষা বর্বরেরও চোথ এডায় না । . . তু' দিন পরে আবার পাঞ্জিমে এলে দেখা ষেত এই মাহুষ্টিই এক লরী মিঠাই নিয়ে পথের ধারে দাঁডিয়ে আছেন। বিজয়ী ভারতীয় বাহিনীর জওয়ানদের আপন হাতে মিষ্টিমুখ করাচ্ছেন। জওয়ানের। তাঁর আনন্দ-উক্তেজনা দেখে বিশ্বিত।—কে এই অপরিচিত ? ত্ব'বছর পরে আজ তার উত্তর মিলেছে। অবশ্র এবারও বিশায় সহ। পাঞ্জিমের সেই নাগরিক এখন সমগ্র ভারতে এক বিপুল বিশ্বয়। প্রথম বিশায়: গোয়ার জীবনে প্রথম निर्वाहरन एवं मलिए विषयी श्रीदर লাভ করেছে পথের ধারে দণ্ডায়মান দর্শক-প্রায় সেই মানুষ্টি প্রতিষ্ঠাতা এবং দলপতি ৷ দ্বিতীয় বিশ্বয়: গোয়া, দমন এবং দিউয়ের নবনির্বাচিত মুখ্যমন্ত্রীর এই উক্তিটি, — সরকারী খরচে গাড়ি চড়ব না. সরকারী বাংলোয় থাকব না, মাইনে 🎝 যা পাব ভার একটি নয়াপয়সা নিজের পকেটে তুলৰ না;—আমার মাইনে অতঃপর রেডক্রসের।

নাম—দয়ানন্দ বন্দোদকার। বয়স বাহার (জন্ম—১২ই মার্চ, ১৯১১ দন)। জন্মছান—পাঞ্চিম, গোয়া। ব্যবসায়ীর ঘরের ছেলে ঞীবন্দোদকার তথু রাজনীতিতে নয়, পাঞ্জিমের
ব্যবসায়ী মহলেও অনেককাল ছিলেন
'আউটসাইভার'। সদাচারী, স্বর্নাক
এবং লাজুক স্বভাবের এই মাহুবটি
ব্যবসায়ী হিসেবে, সেথানে প্রতিষ্ঠা পেয়েছেন মাত্র সেদিন—১৯৫০ সনের
পরে। গোয়ায় তথন 'আয়রনওর বাস
চলেছে, চারদিকের ব্যবসায়ীরা'
উন্নত্তের মত ছুটে আসছেন সেথানে।
তাঁদের ভীড়ে, প্রবল প্রতিষ্ধিতার
মধ্যে স্থানীয় ছোট ব্যবসায়ীদের টিকৈ
ধাকা দায়। আপন সাহসিকতায়
বন্দোদকার তাই ছিলেন। আপন
মহলে তাঁর থ্যাতি এবং প্রতিষ্ঠা সে
কারণেই।

সদা-হাস্ত্র. মিষ্টভাষী. ত্তবে ব্যবসায়ী শ্রী বন্দোদকারকে সাধারণ মাহুষ ভালবাদে তাঁর হৃদয়ের জন্যে। বিখ্যাত মারাঠী লেখক এবং দার্শনিক ভাষন যোশীর মন্ত্রশিষা বলেনাদকার মারাঠী ভাষায় একজন জনপ্রিয় লেখক। গোয়া এবং বাইরে তাঁর ছোট গল্পের পাঠক অনেক। তাছাড়া, উদারতা এবং বদায়তায় তিনি অতুলনীয়। গোয়ায় এমন কোন গ্রাম নেই, ষেখানে তাঁর হাতের স্পর্শ নেই। **অসংখ্য সমাজদেবামূলক প্রতিষ্ঠানের** তিনি জনক। গোয়ায় পনেরটি স্থল চালান ভিনি, এবং গোয়া এডুকেশন সোসাইটি নামে যে প্রতিষ্ঠানটি পাঞ্জিমে একটি কলেজ চালায় সেটি তাঁরই কীর্তি। শিক্ষাদান ব্যাপারে শ্রী বন্দোদকার চিরকাল পরম উৎসাহী। এখনও ছাত্র পড়ানো বাবদে প্রতি মাসে তাঁর ব্যক্তিগত খরচ হাজার টাকা। তাঁর খরচে অগণিত ছেলে-মেয়ে বোষাই এবং পুণায় লেখাপড়া করে।

তারপর খেলাধূলা। পাঁচটি কন্তা এবং একটি পুত্রের জনক প্রবীণ বন্দোদকার আন্তরিক ক্রীডারসিক। বড মেয়ে মিদেস সাসি কাকোদকার খ্যাতনামা সমাজসেবী। তিনি লেঃ কাউন্সিলের গভর্মবের উপদেষ্টা সদস্যা। কিন্তু বাবার কাছে ক্রিকেট ম্যাচের ওপর কোন আকর্ষণই কিছু নয়। পাঞ্জিমের একমাত্র থেলার মাঠটি তারই কীর্তি। সেদিনও মন্ত্রিসভা বিষয়ে পরামর্শ করতে এদে বোদাইয়ে তিনি দলীপ টফির থেলা দেখে গিয়েছেন। ক্রিকেটের পরেই নেশা তাঁর দাবা থেলা এবং শিকার। বন্দোদকার ছটোতেই পাকা-হাত।

জনপ্রিয়তার পক্ষে এ কারণ-গুলোই হয়ত যথেষ্ট, কিছ শ্রী বন্দোদকার বে গোয়ার মৃথ্যমন্ত্রী

#### বন্ধু, নন্দলাল

নির্বাচিত হলেন সম্ভবত তার পেছনে चारह । কারণ ও প্রথম कात्रन, औ वत्मामकाद्यत व्यामनिष्ठी। একদা গোয়ায় পতু গীজ শাসন দিনে তিনি বিখাস করতেন-পত্ গীজদের এখানে থাকার অধিকার নেই। ব্যবসায়ী হয়েও বন্দোদকার সেদিন বিপদের ঝাঁকি নিতে ইতন্তত করেননি। শুধু বিদ্রোহী প্রতিবেশী-দের গোপনে অর্থ সাহায্য নয়, শ্রীবন্দোদকার নিজেও সেদিন হাসি-মুখে কারাবাস করে এসেছেন। ১৯৫৬ সনে তিন মাস তিনি সালাজারের क्लाल ছिल्लन। এবার নির্বাচনের ছ মাস আগেও সমাজসেবী বন্দোদকার ছিলেন স্থা নাগরিক। নির্বাচন সম্পর্কে বিশেষ স্বতন্ত্র কোন পরিকল্পনা ছিল না তাঁর। তবুও যে শেষ পর্যস্ত মহারাষ্ট্রবাদী গোমস্তক পার্টির জন্ম দিতে হল দে শুধু মারাঠী ভাষার প্রতি ভালবাসার জন্মে। <u>শ্রীবন্দোদকার</u> মহারাষ্ট্রের সঙ্গে পোয়ার মিলনে বিখাদী। সে সাধনা সফল হওয়ার সঙ্গে সঙ্গেই 'বহিরাগত' আবার ত্মাপন 'রাজ্যে' ফিরে যাবেন ;—দেই রাজ্যে. **যে**খানে মাহবের প্রতি মাহুষের কর্তব্য পালন করতে ভোটা-जृष्टि मञ्जकात रुप्त ना। २৮. ১२. ७७

#### বস্তু, নন্দলাল

'—কিছু হল না লেখা-পড়ায় ?—
স্থল পালিয়ে তাই ছবি আঁকতে
এসেছ ?' কালোপনা ছেলেটির মুখের
দিকে তাকিয়ে তিরস্কারের ভঙ্গীতেই
যেন জানতে চাইলেন সরকারী আট
স্থলের ভাইস-প্রিজ্ঞিপাল।

সহসা যেন মুখ ভকিয়ে গেল ছেলেটির। সতািই ত কি উত্তর দেবে সে। প্রত্যক্ষত এটা সত্য, লেখাপড়া হল নাবলেই ছবি আঁকা। এনটান্দ পাশ করেছেন আজ ক'বছর। কবে मिहे मिलें। न कलि कि स्व है कि स এফ. এ পাশ করতে পারলেন না আজও। প্রথমে জেনারেল এসেম্বলি. তারপর মেটোপলিটান তুই তুইবার পরীকা হল, কিন্তু নম্বর উঠল না একবারও। অভিভাব**কেরা** চেয়েছিলেন বেলগাছিয়ায় ভাক্তারি পড়াতে। কিন্তু ওঁরা নেননি। উপস্থিত কাটাচ্ছেন প্রেসিডেন্সির কমার্শিয়াল ক্লাসে। কিন্তু নি<del>জে</del> জানেন—তাও মিছেই।

এদিকে এগুলো যেমন ঘটনা, তেমনি সেগুলোও নিশ্চর ঘটনা। মায়ের হাতের সেই মিষ্টান্নের ছাঁচ, খয়েরের পুতুল, খড়গপুর আর ছার- ভাঙ্গার কুমোরদের দেখা-দেখি নিজের হাতে মৃতিগড়া, ওয়ার্ডসওয়ার্বের কবিতা পড়তে গিয়ে মার্জিন-এ ছবি আঁকা, মাইনের টাকায় রং কেনা ইত্যাদি ইত্যাদি। সে কথা কি বলা যায় কাউকে? অবনীক্রনাথের দিকে না তাকিয়ে নন্দলাল বললেন— আক্রে, আমি এফ. এ অবধি পড়েছি! গুরু বললেন—তবে আর একদিন এস।

প্রিন্সিপাল ফাভেলের চোথ দেখে মনে হল—ছেলেটির কাজ তাঁর ভাল লেগেছে। পরীকান্তে ঈশ্বরীপ্রসাদ বললেন—'হাত পোক্ত হায়।' বাস, হয়ে গেল। শিশু গুরু পেলেন, ('… অবনীন্দ্রনাথ আমার পিতা') গুরু শিশু পেলেন (' অমার ঝুলি ঝেড়ে সব বিছে দিয়ে এসেছি নন্দলালকে')। আধুনিক ভারতীয় শিল্পকলার ইতিহাদে একটা ঘটনা ঘটল। ঘটনার কালসীমা সম্ভবত থেকে আজ ছাডিয়ে আগামীকাল অবধিও প্রসারিত। সেই লচ্ছিত ছাত্রটি সম্ভবত আজ তিনকালের ঐশ্বর্য।

জন্ম—১৮৮৩ সনের ৩রা ডিসেম্বর, বাংলা ১২৯০ সালের ১৮ই অগ্রহায়ণ। জন্মস্থান—থড়াপুর। যদিচ জন্মভূমি হাওড়ার রাজগঞ্চ গ্রাম। তারও আরে তারকেশবের কাছাকাছি জেন্ধুর গ্রাম। ঠাকুর্দা ইটের ব্যবসা করতেন। তার দেওয়া ইটে কলকাতার ফোর্ট-উইলিয়াম। বাবা ছিলেন স্থপতি। ভায়মওহারবার এলাকায় থাল কাটার কাজের তদারকি করতেন। পরে— মৃক্রের-থড়াপুরে। এবং ক্রমে রাজ্যের স্থপতি হিসেবে ঘারভালা এস্টেটে।

বোল বছরে কলকাতায় পাড়ি
জমালেন নন্দলাল। কুড়িতে এন্ট্রান্স
পরীক্ষা, একুশে বিয়ে এবং তার বেশ
কিছু পরে আট স্কলে। নন্দলালের
পরবর্তী জীবন—এদেশের শিল্পভাণ্ডারে
এক অবিশ্বরণীয় শ্বতি।

'বিচিত্রা', ওরিয়েন্টাল আর্ট দোসাইটি, ছ'নম্বর জোড়াসাঁকো,—
লেডি হেরিংহাম, পার্সি রাউন, ওকাকুরা, হিদিশা, টাইকান.—
ববীক্রনাথ, অবনীক্রনাথ, ভগিনী নিবেদিতা, এক মন্ত্রশিশ্তকে নিয়ে খুড়ো ভাইপো টানাটানি ('…এখানে আমি যে সৌধ গড়ে তুলতে চেয়েছি নন্দলালকে নিয়ে গিয়ে, অবন, তৃমি তার চুড়ো ভেঙে দিলে') এবং অবশেষে (১৯২৩) শাস্তিনিকেতনের কলাভবনে ছিতি।

কলাভবনের নন্দলাল এক আন্তর্

### বাক, পাল এস

শ্রষ্টা। 'শিবজটাসম' তাঁর তুলি বেমন একদিকে 'চিররসনিয়ন্দী' অক্সদিকে আচার্ঘ হিসেবেও তিনি এক স্পষ্টি-কর্তা। তাঁর কৃতী শিয়কুল আমাদের সম্পত্তি।

চীন জাপান ভ্রমণে দেবার কবির সহষাত্রী হয়েছিলেন তিনি। অন্ত একজন যাত্রী ছিলেন—এলমহষ্ট'। তিনি বলেছিলেন—নন্দলালের সঙ্গ একটা এড়কেশন।

নন্দলালের জীবন, নন্দলালের ছবি, নন্দলালের রচনা ('শিল্পচর্চা' 'শিল্প কথা' ইত্যাদি) সবই তাই। নন্দলাল এডুকেশন, বিছা, প্রজ্ঞা। তাঁর ৭৮তম জন্মদিবস উপলক্ষে সেই মৃতিমান প্রজ্ঞাকে প্রণাম জানাই আমরা—'নন্দনের ক্ঞ্ভলে রঞ্জনার ধারায় জন্ম-আগে অবগাহন করে ধিনি আমাদের মধ্যে এসেছিলেন।

b. 32. 00

### ৰাক, পাল এস

"আমার বাবার নাম—অ্যাবসালম। অ্যাবসালম সিডেনন্টি কার। মায়ের নাম—কার্ডিন। কার্ডিন স্টালটিং। তাঁরা ত্রন্থনেই ছিলেন আমেরিকান মিশনারী। ১৮৯২ সনের ২৬শে জুন ওয়েন্ট ভার্জিনিয়ার হিলসবরোতে

আমার জন্ম। কিন্ত জীবন ৯৯৯ হয়েছিল আমার চীন দেশে। সেখানেই থাকতেন। মহাচীনের ভেতবে কোন এক জায়গায় জ্ঞান হওয়ার পর শুনেছিলাম-একজন বাদে আমার ভাই-বোনেরা কেউ বেঁচে নেই। চীনের জল হাওয়া তাদের কেড়ে নিয়েছে। ওঁরা নানা জায়গায় ঘুরে বেড়াতেন কিন্তু আমার জীবনে প্রথম যে জায়গাটির নাম শিখে ছিলাম সে ইয়াংসি নদীর তীরে সিনকিয়াং। সেথানেই তথন আমাদের ঘর। আমি মায়ের কাছে পড়ভাম। আমার যা কিছু সব তাঁরই দান। শব্দে যে সৌন্দর্য আছে, থাকে,সেটা ভিনিই আমাকে প্রথম শিথিয়েছিলেন। তিনিই আমাকে প্রথম শিথিয়েছিলেন—দেই স্থন্দরকে ব্যবহার করতেও।…"

মায়ের প্রেরণাতেই সাংহাইয়ের বোর্ডিং কুল থেকে মিশনারীদের একটি মেয়ে নিয়মিতভাবে শব্দ সাজিয়ে লেথা পাঠাত 'সাংহাই মার্কারী'তে। কথনও কথনও ছাপা হত, কথনও কথনও প্রস্কারও মিলত। সে লেথা পড়ে কেউ ভাবতেও পারত না বে মেয়েটি চীনা নয়। এমনকি মেয়েটি নিজেও না। পনের বছরের তরুণী, কিউ সে মেয়ে তথনও চীনাদের থেকে নিজেকে আলাদা করে ভাবতে শেখেনি।

ত্'বছর পরে মেয়েকে ওঁরা ইউরোপে পাঠালেন। দেখান থেকে ইংল্যাও হয়ে স্থদেশে, আমেরিকায়। ভার্জিনিয়ায় কলেজের পড়া শেষ হল। '২৪ সনে এম. এ ডিগ্রী পাওয়া গেল কর্ণেল থেকে। কিছু কোন কিছু ভাববার আগেই চিঠি এসেছে চীন থেকে।—মায়ের অস্থ্, মেয়েকে তিনি দেখতে চান।

হস্তদন্ত হয়ে ছুটে আসতে হল।
তারপরও মা বেঁচে ছিলেন । ত্'বছর
ঠাঁয় শিয়রে বসেছিল তাঁর মেয়ে। অবশেবে একদিন ভাঙ্গা হৃদয়কে বাঁচিয়ে
রাথার বাসনায় সমতি জানাতে
হল বিয়েতে। পাত্র—জনৈক তরুণ
মিশনারী। নাম—ভ: জন লু সিং
বাক। মুক্তার মত টলটলে, মিশনারীদের পাল নামে মেয়েটি সেদিন
থেকেই—পাল বাক।

বিখ্যাত হওয়ার আগে এলোমেলো আরও কয়েকটি বছর। স্থামী কাজ করতেন উত্তর চীনে। সেখানেই সংসার পাতলেন পাল'। পাঁচ বছরে ছটি কলা সস্তান—ভরা সংসার।

পাচ বছর পরে সে সংসার বয়েই ওঁরা চলে এলেন নানকিংয়ে ৷ পাল ও এখানে কাজ করেন। তিনি নানকিং বিশ্ববিদ্যালয়ে ইংরেজী সাহিত্য পড়ান। কিছু দিন পড়িয়েছিলেন সাউপ-ইস্ট বিশ্ববিদ্যালয়েও।

'৩২ সনে ওঁরা আবার দেশে ফিরলেন। মিশনারী গিন্নি পার্ল বাক এখন আমেরিকায় এক বিখ্যাত রমণী। যেমন চেহারা, তেমনি তাঁর কলম। (তংকালের আমেরিকান অভিমত অহবায়ী পার্ল বাক 'সিভিয়াবলি হাওসাম' কাগজে তাঁর বিশেষণ লেখা হত—'ডেমি-রগু') 'ইস্ট উইগু, ওয়েস্ট উইগু' অনেকেরই নজর এড়িয়ে গিয়েছিল বটে, কিন্তু মাত্র আপের বছর বের হয়েছে—'গুড আর্থ'। স্থতরাং তারপর সাধ্য কি লেথিকা নিজেকে গোপন রাথেন।

আরও প্রকাশ্য হয়ে গেলেন।
পার্ল বাক বেচ্ছায়, নিজে নিজে।
কাগজে বিদেশত মিশনারীদের নিয়ে
একটি প্রবন্ধ লিথে বদলেন তিনি।
মিশনারীর জীর পক্ষে কাজটা
নি:সন্দেহে গর্হিত। ফলে তুম্ল
আন্দোলন। কিন্তু পার্ল অনড়।
ফলে চার্চের মধ্যে মতভেদ এবং
পদত্যাগ। পার্ল বাক দেই খেকেই
ধর্মে স্বাধীনা।

পরের বছর স্থামীর সঙ্গে আবার

# ৰাটলার, রিচার্ড, অন্টিন

চীনে ফিরলেন তিনি। কিন্তু সে বেন ভগুনিয়ম রক্ষা করতেই। '৩৪ সনে আবার ঘরে ফিরে এলেন তিনি এবং একাকী। এসে কাজ নিলেন তাঁর প্রকাশকের কোম্পানিতে। এবং পরের বছর সে কোম্পানির প্রেসিভেন্ট রিচার্ড জে ওয়ালসকে বিয়ে করে আবার ঘর পাতলেন তিনি। নতুন সংসার। কিন্তু সেই পুরানো নামেই।

পাকার্সির একটা গোলাবাড়ীতে
আজও সেই ঘরেই আছেন সাহিতো
নোবেল পুরস্কার বিজয়িনী (১৯৩৮)
বিখ্যাত লেখিকা পাল বাক। ছয়টি
ছেলে-মেয়ের বিরাট সংসার তাঁর।
ছটি তাঁর নিজের। বাকী চারটি
অগুদের। তিনি দস্তক নিয়েছেন।
কাছে আর ছ'টি বাড়ীতে থাকে দেশ
বিদেশের মাতৃ-পিতৃহীন বালকবালিকাগণ। সে বাড়ীর নাম—
'গুয়েলকাম হোম'। অনাথ বর্ণশহরদের জন্যে স্থাপিত এই বাড়ী
ছ'টোই জননী পাল বাকের ইদানীং
অক্সভম নেশা।

নেশা আরও আছে। একাডেমি, 'ইস্ট এণ্ড ওয়েস্ট এসোসিয়েশন'— মানবিকতা সম্পর্কিত আরও নানা প্রতিষ্ঠান। কিন্তু সত্তর বছর বয়সেও পার্ল বাকের প্রধান নেশা এখনও লেখা। চীনের পটভূমিতে আটটি উপন্থাস, একটি বিখ্যাত অন্থবাদ, মা এবং বাবার ছ'টি জীবনী, এবং আরও বিস্তর গল্প, প্রবন্ধ, উপন্থাসের লেখিকা পাল বাক আজও লিখছেন। এবং প্রতিবারই সাধনা তাঁর বিশাল এই জগতকে আরও একটু সঙ্কৃচিত করার। সংবাদ—এবার তিনি লিখছেন তিবতী উন্ধান্তদের নিয়ে এবং তাদের সঙ্গে পরিচিত হ্বার বাসনাতেই পাল বাক ভারতে আসছেন। কেননা, লিখতে তাকে হ্বেই। না লিখে কিছুতেই তিনি পারেন না।

'আই এম্ ওয়ান্ অব দোজ আনফরচুনেট ক্রিচারস হ ক্যানট ফাংসান কমপ্লিটলি আনলেস হি ইজ রাইটিং, ফাজ রিটেন, অর ইজ এবাউট টু রাইট !' ২৩. ৩. ৬২

# বাটলার, রিচার্ড, অস্টিন

কেন্ধ্রিজের পেমক্রক কলেজে সেদিন বিতর্ক সভা। সভার সামনে প্রস্তাব: অরেটরি ইজ দি হারলট্ অব দি আর্টস। বক্তা ভবিক্সতের প্রধানমন্ত্রী স্ট্যানলি বক্তুইন।

বক্তৃতাশেষ হল। কিন্তু ভোট নিতে গিয়ে দেখা গেল প্রস্তাবের বপক্ষে বত জন বিপক্ষে ঠিক তত। হতবাং সিদ্ধান্ত নিতে গেলে সভাপতি মহোদয়কে এবার কোন এক পক্ষে বোগ দিতে হয়। স্মিতহাস্থে তরুণ সভাপতি একনজর সভার দিকে তাকালেন। তারপর ধীরে পায়ে উঠে দাঁড়িয়ে নি:শঙ্কচিত্তে ঘোষণা করলেন তাঁর মত: আমি মি: বক্তুইনের বিপক্ষে!

শোনা যায়, ছাত্রসভায় সেই প্রাজয়টা অনেককাল মনে রেখে-ছিলেন বন্ডুইন। এবং লোকে বলে म्ब म्बाएक है नाए छत्र নীতিতে আবিভূতি হয়েছিলেন---'রাব' নামে একটি অপ্রতিরোধ্য মাহব। 'আর+এ+বি' রিচার্ড অস্টিন বাটলারই সেদিন সেই সভার সভাপতি। কেম্বিজে তথন তাঁর তুল্য ছাত্র নেই, —ना পড়াভনায়, ना जात्मानत्न, না সামাজিকভায়। পিতৃকৃল এবং মাভূকুল ছ' দিক থেকেই স্থপরিচিত শিক্ষাব্রতী পরিবারের কেম্বিজের বিখ্যাত কলেজ-মান্টার বাৰা স্থার মণ্টেগু এস. ডি বাটলার ছিলেন **অনেক**কাল ভারতে। দিল্লিতে এখনও একটি স্থল স্বাছে ওঁদের পরিবারের নামে, 'হারকোর্ট বাটলার' স্থল। তবে বড় ছেলে বিচার্ড ভূমিষ্ঠ হয়েছিলেন দিল্লি নয়, ভারতেরই আটকসরাই নামে একটা জায়গায়। সে ১৯০২ সনে শীতের সময়কার কথা।

জন্ম বেমন ভারতে তেমনি পরবর্তী কালের 'টোরি সোসালিস্ট' বাটলার তাঁর রাজনৈতিক জীবনেও প্রথম থাতি অর্জন করেচিলেন ভারত উপলক্ষাই। সর্বোচ্চ লভ্য সম্মানস্থ বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রী নিয়ে উচ্চাভিলাবী বাটলার কর্মজীবনই অবশ্য শুক্ষ করেছিলেন রাজনীতি দিয়ে স্থদুর '২৯ সনে সাক্রন ওয়াল্ডেন-এর পার্লামেণ্টারী আসনটি চিরকালের মত দখলে এনে। কিন্তু 'রাব' সংবাদ হয়েছিলেন তিন বছর পরে, ১৯৩২ সনে। সেবারই কমন্স বিখ্যাত—ভারত এবং বাটলার স্থানিযুক্ত আওার সেক্রেটারী। সেক্রেটারী ছিলেন লর্ড হালিফাকা। তাঁর কমন্স সভায় ঢোকা বারণ। স্বতরাং দেই স্তে রাভারাতি বিখ্যাত হয়ে ਕਰੀਕ বাটলার। তাঁর বোদ্ধা খ্যাতির বিতীয় উপলক্ষ্য-মিউনিক। কেননা, সেই বিখ্যাত চুক্তিটির দমরে (১৯৬৮-৪১) তিনি আগুর

### বাৰ্নহাম, এল. এক. এস

সেক্রেটারী অব স্টেট ফর ফরেন অ্যাফেয়ার্স। তবে বাটলার সবচেয়ে থ্যাত তাঁর যুগাস্তকারী এড়কেশন বিল-এর ('৪৪) জন্তে। তথন তিনি ইংল্যাণ্ডের শিক্ষামন্ত্রী।

निका, ध्रम, व्यर्, चताहु- अमन কোন গুরুত্পূর্ণ দপ্তর নেই বাটলার যা তাঁর হাতে না পেয়েছেন, দলের আদর্শপরিকল্পনা থেকে শুরু করে. চেয়ারম্যানশিপ, কমন্স সভায় নেতৃত্ —টোরি দলের এমন কোন সম্মানের আসন নেই যেখানে তিনি না বদেছেন। একমাত্র বাকি প্রধান-মন্ত্রিত্ব। শোনা যায়, দেখানেও চার্চিলের পর তিনিই ছিলেন একমাত্র হক দাবীদার। তারপর ইডেনের পর আবার। এবার আবার শোনা ষাচ্ছে। কেননা, সাত দিনের মধ্যে তুই তুই দফা ভাঙ্গা-গড়ার রকম দেখে মনে হচ্ছে—ম্যাক্মিলানের 'নেভার হাড ইট সো গুড' আর নেই, মন্দা অচিরেই মন্দভাগ্য সেঞ্চে আসছে। স্বতরাং, দেই দকে আসছে অপেকায় অপেকার ক্লান্ত বাটলারের দিনও। সেদিন 'ফাস্ট' সেকেটারী অব স্টেট'-বেনামীতে আর রাজী না থাকাটাই বোধ হয় তাঁর পক্ষে স্বাভাবিক ! विरमय, बाँ शाद श्लख वांचेनाव

বেখানে বানপ্রস্থ নেওয়ার মত মাহ্ব নন! মনে আছে নিশ্চয়, বিপত্নীক টোরি নায়ক বিতীয়বার দারপরিগ্রহ করেছেন মাত্র সেদিন—তিন বছর আগে!

١٦. ٩. ٤٤

### বাৰ্নহাম, এল. এফ. এস

'ব্রিটিশ সাম্রাজ্যে সূর্য অস্ত যায় না;'--উদ্ধত, অহমিকাপূর্ণ এই প্রবাদ-প্রায় বাকাটিকে সভা হিসেবে বাঁচিয়ে রেখেছিল যে উপনিবেশট তার নাম - বৃটিশ গায়না। ষেহেতু তিরিশ হাজার বর্গ মাইলের সেই মাটির প্রদীপটি দক্ষিণ আমেরিকার উপক্লে অবস্থিত, অতএব. ভৌগোলিক কারণেই ইংরাজ অধিকৃত পৃথিবীতে সুৰ্যান্ত অসম্ভব ! আজ দে গৌরবের দিন বিগত। শাষাজ্যের মানচিত্রে এখন দূর প্রাচ্যে সেই মহিমাময় সুর্যোদয় নেই, এশিয়া-আফ্রিকার উজ্জ্বল মধ্যাহ্ন নেই: শিবরাত্তির সলতের মত এখানে ওখানে টিম টিম করে কয়টি বিন্দু ব্দল্ভে মাত্র। তার মধ্যে অক্তম म्ह शोद्यदेव नर्धन-- वृष्टिम शायना। উনবাট লক ভারতীয়, আফ্রিকান, আমেরিকান-পতু গীজদের এই দেশেও

শুর্ধ বছকাল ভুবু ভুবু। তবুও শেষ

চেষ্টায় ক্রাটি নেই। বৃটিশ গায়নার

আকাশে তাই, অতএব আবিভৃতি

হয়েছেন—নতুন সুর্য। ডাঃ ছেদি
জগন ইংলণ্ডেশ্বরীর হুকুম বলে অপস্ত

হয়েছেন। উইল্সন-সরকার টোরিদের কারিগরী দক্ষতার ফল রাঙ্তার
সুর্য বার্ণহামকেই সাচলা বলে মেনে
নিয়েছেন। বৃটিশ গায়না এখন
অমাবস্থার সন্ধায়।

থেদের কথা, বার্ণহামও আজ নিজেকে নকল-সুৰ্য বলে প্রমাণ করলেন। একচল্লিশ বছর বয়স্ক এই রাজনীতিক ক'বছর আগেও ছিলেন আপসহীন সংগ্রামী। পুরো নাম তার—লিণ্ডেন ফরবেদ স্থামপ সন বার্ণহাম। জন-জর্জ টাউনের এক মধ্যবিত্ত নিগ্রো পরিবারে। লেখা-পড়া—প্রথমে জর্জ টাউনের কুইনস কলেজে, তারপর লগুনের মিডল টেম্পল-এ। मना প্রফুল, হাস্ত-মুখর, বিপুলদেহী তরুণ নিগ্রো দেখান থেকে কিরে এসেছিলেন 94 ব্যারিস্টার হয়ে নয়, প্রথর জাতীয়তা-বাদী হয়েও।

স্বভাবতই দেশে ফেরার পর তাঁর প্রথম প্রিয় আস্তানা হয়ে দাঁড়ায় ডাঃ ছেদি জগনের পিপলস প্রোগ্রেসিভ পার্টি। কেননা, বনেদী ঔপনিবেশি-কতার বিরুদ্ধে বুটিশ গায়নায় তথন একটিই রাজনৈতিক এই এবং ডা: জগনই একমাত্র নায়ক। ফলে বার্ণহাম অচিরেই জগনের বন্ধ এবং সহযোদ্ধা হয়ে গেলেন। ১৯৫২ সনে দাঁতের ডাক্তারের পাশাপাশি ব্যারিস্টারও কাঠগড়ায় দাঁড়ালেন। विठादा जारना कु' जाता इहे (जन हन। ছাড়া পাওয়ার পরে বুটিশ গায়নার হ:থ কাহিনী প্রচারের জন্তে হু' বন্ধু এক সঙ্গে বিশ্ব পরিক্রমায় বের হলেন। যতদুর মনে পড়ছে ওঁরা দেদিন ভারতের অ্যাক্ত শহরের মত কলকাতায়ও এসেছিলেন। ভার**ী**য় বংশোম্ভব জগন নিজেই সেদিন তাঁর কুষ্ণান্ধ বন্ধুকে ভারতীয় জনসাধারণের সঙ্গে পরিচয় করিয়ে দিয়েছিলেন।

হই ষোদ্ধার এই মিত্রতা বেশী
দিন স্থায়ী হয়নি। '৫৩ সনের
নির্বাচনে পিপলস প্রোগ্রেসিভ পার্টি
বিজয়ী হল। জগন দেশের প্রধানমন্ত্রী হলেন। বার্ণহাম শিক্ষামন্ত্রী।
অবশ্য সীমাবদ্ধ ক্ষমতা। তব্প
অচিরেই হুই বন্ধুতে মতভেদ দেখা
দিল। সেই সঙ্গে দলেও। কৈন্ধিরভ
হিসেবে বার্ণহাম বলেছিলেন—জগন
মার্কসপন্থী, আমি সমাজভন্তী।

### বাৰ্কহাৰ, এল. এক. এস

अगन वर्णन-वाि मार्कनवाि नहे. জাতীয়তাবাদী।—আই টেক অর্ডার ক্রম অ্যানি ওয়ান। তব্ও বার্ণছামকে নিরস্ত করা গেল না। হোয়াইট হলের ধুরদ্ধরদের গোপন বাসনাকে চরিভার্থ করে তিনি পিপলস প্রোগ্রেসিড পার্টি থেকে বেরিয়ে এদে নতুন দল গড়লেন। সে দলের নাম-পিপলস কংগ্রেস। বলা অনাবশ্যক দলটি সাম্প্রদায়িক: চরিত্রে প্রধানত নিগ্রোরাই তার অহুগত।

বুটিশ গায়নায় কু ফাঙ্গ কু আফ্রিকানরা দেশের মোট জনসংখ্যার শতকরা ৩৩ ভাগ, আর ভারতীয়দের অমুপাত শতকরা প্রায় ৪৮ ভাগ। খভাবতই কর্তৃপক্ষের পৃষ্ঠপোষকতা সত্তেও ১৯৫৭ সনের নির্বাচনে বার্ণহাম বিশেষ স্থবিধে করতে পারলেন না। এবারও বিপুল ভোটাধিকো জয়ী হল জগনের দল। তারপর ১৯৬১ সনে আবার। নতুন শাসনতন্ত্ৰ অহুযায়ী জগন সেবার নিৰ্বাচিত (मर्मद अथम अधानमञ्जी। र्गन তারপর থেকে তথাকথিত 'শাসন-ভান্ত্ৰিক বিপৰ্যয়', আফ্ৰিকান বনাম দাঙ্গা—ইভ্যাদি ভারতীয়দের কাঠখড় পুড়িয়ে বর্তমানের আফু- পাতিক প্রতিনিধিত্বের ভিত্তিতে নির্বাচনের ব্যবস্থা ঠিক যেন আমাদের সেই বুটিশ আমলে ক্যানাল আ্যাভয়ার্ড, তথা <u>সাম্প্রদায়িক</u> রোয়েদাদ! বিগত দাঙ্গায় অগুতম প্ররোচক ছিলেন নাকি স্বয়ং। মিদেদ জগন অভিযোগ করেছিলেন-বার্ণহাম তাঁর স্বামীকে হত্যার ষড়যন্ত্রে লিপ্ত। ব্যর্থ বার্ণহাম অতঃপর নতুন :নির্বাচন ব্যবস্থায় সাখনা খুঁজেছিলেন। জগন বাবস্থায় কোনদিন সায় দেননি। তবুও ইংরাজের বহু পরীক্ষিত 'ডিভাইড আাও ৰূল' মাহাত্ম ঠেকান গেল না। আফ্রিকান, ভারতীয় এবং অন্যান্ত সম্প্রদায়ের আত্মপাতিক প্রতি-নিধিত্বের ভিত্তিতেই গত ৭ই ডিসেম্বর নতুন নির্বাচন অমুষ্ঠিত হয়ে গেল বুটিশ গায়নায়। দাঙ্গার পটভূমিতে, জাতি বিষেষের তৃষ্ট আবহাওয়ায় নির্বাচন। অভএব ফলাফল এবার নানা দিক থেকেই বাৰ্ণহাম তথা বুটেনের পকে। মোট ৫৩টি আসনের বার্ণহামের পিপল্স ক্সাশনাল কংগ্রেস এবং অক্তান্ত সাম্প্রদায়িক দলগুলো মিলিতভাবে হাতে পেয়েছেন—২৯টি। **অতএব, বিলেড থেকে হকুম এল**---

### वान्ता, ७: व्हिक्टन

জগনকে হঠাও; গদিতে বসবে—
বার্গহাম। শ্রমিক দল ক্ষমতায়
আসার আগে এই নির্বাচন পরিকল্পনার বিরুদ্ধে ছিলেন। তবুও
টোরিদের তৈরী আইন প্রয়োগ করে
জগনকে সরিয়ে তাঁরা বার্গহামকে
বসালেন।—রুটিশ গায়নার ভবিয়ৎ
কোন দিকে? জগন বলেছেন—দেশে
ইতিমধ্যেই পার্টিশনের কথা শোনা
যাচ্ছে। সংখ্যাগরিষ্ঠদের ক্ষমতা
থেকে দ্রে সরিয়ে রাখলে ভবিয়ৎ
অনিশ্চিত।

সদ্য উপবিষ্ট বাৰ্ণহাম সাভ্না দিয়েছেন—জগনকে তিনি বিরোধী দলের নেতা হিসেবে মাল্য করবেন. মাইনে দেবেন। প্রস্থাবটা হাস্তকর নয়, বার্ণহামের রাজনৈতিক মনোভঙ্গীরও পরিচায়ক। ব্যক্তিগত উচ্চাকাজ্জায় তিনি দাদদের মধ্যেও জাতিভেদ ডেকে এনেছেন। এথন ধারণা তাঁর, একজনকে মাদোহারা দিয়ে দেশের শতকরা ৪৮ ভাগ মান্তবের ওপর তিনি প্রভূত্ব করবেন। প্রবিক্ষকেরা বলেন—বার্ণহাম ডাঃ জগনের মত পরিশ্রমী নন; এবং খুঁটিনাটিতেও তাঁর কোন আগ্রহ নেই। কিছ উহলসন সরকারের জানা থাকা উচিত ছিল ডা: ছেদি

জগনের মত ঝড়ের কেন্দ্রটি হতক্রৰ
আছে এ ধরণের স্থাপ্তলো ততক্রণ
নিতাস্তই প্রদীপ মাত্র। জর্জ টাউনে
এই পিদিম কতক্ষণ জ্বলে তাই এখন
বিষেৱ দর্শনীয়।

39. 32. 68

## বান্দা, ডঃ হেস্টিংস

এসে শিকড যাতুকর একথানা। বলল--এবার ছেলে হবে। তাই হল। ছেলের নান রাথা হল-কামুকু। অর্থাৎ 'ছোট শিকড।' মিশনারী সাহেব আদর করে নাম দিলেন--হে স্টিংস। ছে সিংস বান্দা। তের বছরও হবে না তখন তাঁর। সহসা একদিন বাডি থেকে হারিয়ে গেল বান্দা। পা, থালি গা। হাটতে থালি হাজার মাইল অরণ্যপথ হাটভে মাডিয়ে নিয়াসাল্যাণ্ডের এসে ঠেকল দক্ষিণ আফ্রিকার। বান্দা সেথানে দিনে সোনার থনিতে কান্ধ করে, রাতে নিম্বে নিম্বে পড়ে। পড়তে পড়তে আরও পড়ার কুধা পেয়ে বসল তাঁকে। সামাক্ত বা টাকাকড়ি জমেছিল তাই নিয়ে দে এবার পাড়ি জমাল আমেরিকার। মধ্যযুগের ভাষ্যমান পণ্ডিতদের মত

### বুণ, স্থার পল গোর

নানা বিশ্ববিভালয়ে ঘুরে বেড়াল বিভাগী বান্দা। অবশেষে লগুনে এসে সম্পূর্ণ হল তার সেই সাধনা। আফ্রিকার কালো ছেলে বান্দা লগুনে চিকিৎসাবিভায় সার্টিফিকেট পেল। অতঃপর তাঁর নাম—ডাঃ হেস্টিংস বান্দা।

লগুনের কিলবার্ন এলাকায় ডাঃ বান্দা নামকরা চিকিৎসক। জম-জমাটি পদার তাঁর। বাঁধা রোগীই হাজার রোগীরা চার ৷ অধিকাংশই সাদা। কালোরাও আদে। কথনও এনক্রুমা, কখনও কেনিয়াট্রা। কখনও অন্তরা। তাঁরা রোগী নিয়ে আদেন না। আদেন - लक्क शांकि वर्गना कद्राछ। वानना মনোযোগ দিয়ে শোনেন, তারপর বসেন প্রেসক্রিপশান লিখতে। হাজার হাজার মাইল পেরিয়ে তাঁর সেই আগুনে-বিধান এসে পৌছায় আফ্রিকার হাতে—নিয়াসাল্যাণ্ডের মাটিতে।

অবশেষে '৫৮ সনের জুলাইয়ে
ভাজার স্বয়ং এসে অবতরণ
করলেন সেথানে। চল্লিশ বছর
পরে এই তাঁর মরে ফেরা। কিন্তু
নিয়াসাল্যাও যেন যুগ যুগ ধরে
চিনে তাঁকে। বিমান ঘাটতে

অগণিত নাবী পুরুষ উন্মন্ত হাদয়ে আগত জানাল তাঁকে। আনন্দে বছকালের ভূলে যাওয়া মাতৃভাষা ফিরে এল পঞ্চান্ন বছরের প্রবীণ দেশপ্রেমিকের মূখে। বান্দা চেঁচিয়ে উঠলেন—'কোয়াকা!' 'কোয়াকা!' —'ভোর হয়েছে।' 'ভোর হয়েছে।' তার সঙ্গে গলা মিলিয়ে নিয়াসাল্যাণ্ডের তিরিশ লক্ষ মাহুষ দাবি ভূলল: আমাদের দেশ আমাদের হাতে ফিরিয়ে দাও। আমরা ফেডারেশন চাই না।

প্রথমে দাবি। তারপর ব্যাপক গণআন্দোলন এবং অবশেষে দাঙ্গা। বৃটিশ কর্তৃপক্ষ বললেন—সব কিছুর মূল সেই 'ছোট্ট শিকড়',—বান্দা। তাঁরা ডাক্তারকে জেলে পাঠালেন। কিছ ব্যাধি সারবার কোন লক্ষণ দেখা গেল না। বরং তা বাড়তির দিকেই। স্থতরাং, মৃক্তি দেওরা হয়েছে চিকিৎসককে। বান্দা বলেন —এ রোগের কোন চিকিৎসা নেই। '—আফ্রিকা এগিয়ে চলেছে। তোমরা কি করে থামাবে তাকে ?' ১.৪.৬০

### ৰুথ, স্থার পল গোর

জাহালীরের দরবারে যে প্রকৃতির দৌত্য নিরে এসেছিলেন সার টমাস রো আন্তকের ভারতে ইংরেন্স দৃতের কর্তব্য সে তুলনায় নেহাৎ যেন ক্লটন রক্ষা। এমন কি উনবিংশ শতকী উচ্চাভিলাষ্টুকুও আজ আর নেই। তবও আজকের ভারতে আধনিক ইংরেজ দুতের কাজ যেন বিগত যে कान मित्नद कार्य कि किन। कादन, ত্নিয়া আজ জটিলতর। স্বভাবতই পূর্ব তুনিয়ায় গতকালের সামাজ্য ভারত পশ্চিম ছনিয়ার ইংল্যাণ্ডের পক্ষে গুরুত্বপূর্ণ দেশ। আমাদের পক্ষেও বটে। কেননা, কলম্বো পরিকল্পনা বা কমন ওয়েলথ ভধু নয়, <u> नीर्घ</u> যোগাযোগে ইংল্যাও আজ আমাদের ষেন আত্মীয় দেশ। তত্পরি আমাদের বহিবাণিজ্য আজও প্রধানত ওদেশের তটেই বাঁধা।

ইত্যাদি কারণে ভারতে বৃটিশ হাই কমিশনার পদটি খুবই গুরুত্বপূর্ণ। একদিক থেকে অনেকটা প্রায় সেকালের কলোনিয়াল সেক্রেটারীর কাছাকাছি। বলা বাহুল্য, ইংরেজরা তা জানেন। জানেন বলেই ম্যালকম ম্যাকডোনাল্ডের জায়গায় এবার যাঁকে তাঁরা মনোনীত করে পাঠাচ্ছেন— অভিজ্ঞতা এবং যোগ্যতায় তিনিও প্রতিষ্ঠিত ডিপ্লোম্যাট। বিশেষ করে নার গোর বুধ এশিয়া সম্পর্কে সবিশেষ ওয়াকিবহাল মাহ্ব। তিন বছর
তিনি রাষ্ট্রদৃতের কাজ করেছেন
ইংরেজ বর্জিত ব্রহ্মদেশে এবং তারও
আগে কর্মজীবনের দীর্ঘ ছ'বছর
কেটেছে তাঁর জাপানে।

জনা ১৯০৯ मन। লেখাপডা ইটন এবং অক্সফোর্ডে। তারপর '৩৩ সনে ভরু হল কর্মজীবন। গোর বুথ গোড়া থেকেই ফরেন সার্ভিসের লোক। এশিয়া ছাড়া তাঁর কর্মকেত্র ছিল প্রধানত অ্যাটলান্টিকের ওপারে. আমেরিকায়। বাদবাকী বছরগুলো কেটেছে তাঁর লওনেই. কোয়াটার্সে। এখানে কথনও তিনি যুনো শাথার প্রধান হিসেবে কাজ করেছেন, কথনও ইউরোপীয় শাখার। '৪৮ সনের শেষে একবার ডিনি মনোনীত হয়েছিলেন বুটিশ ইনফর-মেশন সার্ভিসের ডাইরেক্টার। উপস্থিত তিনি ফরেন অফিসে ডেপুটি আণ্ডার সেকেটারী।

স্থার গোর বৃথ বিবাহিত। এবং
বিবাহ স্বত্তেও তিনি এশিয়ার
সঙ্গে জড়িত। যদিও পেট্রকা
মেরী এলারটন ইংরেজ মেরে
তব্ও গোর বৃথের সঙ্গে বিরে
হয়েছিল তার কার্য কারণে স্কার,
জাপানে। প্রসঙ্গত বলা দরকার,

# বুতামান্ত, স্থার উইলিয়ম আলেকজাণ্ডার

ভাল **জা**পানি ভাষা জানেন স্থার বুধ।

সফল কৃটনীতিক ভার ব্থ স্থী গৃহস্থ। তাঁর ছটি ছেলে, ছটি মেয়ে। ছেলে ছটি অবভা সমবয়েসী, অর্থাৎ যমজা।

२১. ৫. ७०

্ স্থার পল গোর বুধ ১৯৬৫ সনের মাচ মাদে রটিশ পররাষ্ট্র দপ্তরে হায়ী আগুর সেক্রেটারি নিযুক্ত হন। তাঁর জায়গায় ভারতে নতুন রটিশ হাইকমিশনার নিযুক্ত হন—জন ফ্রীম্যান।

## বুন্তামান্ত, স্থার উইলিয়ম আলেকজাণ্ডার

চার হাজার চারশ একচরিশ বর্গ
মাইলের দ্বীপ বটে, কিন্তু বোল লক্ষ
মাহবের স্বাধীন দেশ। কিন্তু তব্ও
দি কমনওয়েলও-এর নবতম সদস্ত,
ক্যারিবিয়ান সাগরের সত্তম্ভ বৃটিশ
উপনিবেশ জামাইকার প্রধানমন্ত্রীকে
জিজ্ঞেদ করেন কেউ—আপনার দথ
কি, তা'হলে একগাল হেদে তক্ষ্পি
উত্তর দেবেন তিনি—নাচ-গান-হল্লা,
মোটরগাড়ী আর গরম গরম বক্তৃতা।
বয়দ আটাভরে পড়েছে, ক্যারি-

বিশ্বনের চেউল্লের মত এলোমেলো চুলে

অনেককাল পাক্ ধরেছে, নামের আগে
যুক্ত হয়েছে গুকুগন্তীর 'স্থার'; তর্ও
যে স্থার উইলিয়ম আলেকজাণ্ডার
বৃস্তামান্ত এখনও এই বয়সেও তাঁর
মনের পছন্দ গোপন করা প্রয়োজন
মনে করেন না তার কারণ,
জীবনটাই তার এমনি,—নাটকীয়।

ছেলেবেলায় মাত্র পনের বছর বয়দে অচেনা এক স্প্যানিশ নাবিককে স্বেচ্ছায় অভিভাবক মেনে তাঁর হাত ধরে জাহাজে উঠেছিলে। ভাসতে ভাসতে সে তরী এসে নোঙর করেছিল থাস স্পোনে। তরুণ বৃস্তামাস্ত তাঁর কর্মজীবনের উল্লোধন করেছিলেন সেথানে স্পোনিশ বাহিনীতে নাম লিথিয়ে। জীবনে লড়াই শিথেছিলেন সেই স্তেই, মরকোয়,— থাস লড়াইয়ের মাঠে।

তারপর নানা বেশে, নানা দেশে একের পর এক সংগ্রাম—জীবনযুদ্ধ।

অনেককাল কিউবায় পুলিস ছিলেন, হাভানার পথে পথে সাধারণ পুলিসের কাজ করতেন। কিছুকাল নিউইয়র্কের পথে ট্রাম চালিয়েছেন। ভারপর কিছুদিন ছিলেন পানামার একটা ইলেট্রিক কোম্পানীতে, এবং ১৯৩২ সনে দীর্ঘ ভেত্রিশ বছর পরে দেশে ফেরার আগে আবার নিউ-

### বেডেন পাওয়েল, লেডি

ইয়ৰ্কে। বৃস্তামান্ত তথন সেখানে একটা হাসপাতালে কাজ করতেন।

দেশে ফেরামাত্র বেপরোয়া ভবঘুরের চোধে পড়ল নতুন যুদ্ধক্ষেত্র। দেচের জল নিয়ে জামাইকার আথ কেতে কেতে তথন ব্যাপক অসস্তোষ ধুমায়িত। বুস্তামাস্ত দেশলাই কাঠির মত নিজেকে ছুঁড়ে দিলেন তাতে। তার ফলে দেশব্যাপী কৃষক এবং শ্রমিক আন্দোলন এবং '৩৮ সনের জামাইকার বিখ্যাত ধর্মঘট।

বুস্তামান্ত ইণ্ডাঞ্জিয়াল ট্রেড ইউনিয়নের প্রতিষ্ঠাতা। বুস্তামান্তের
আহ্বানে পরের বছর মহাযুদ্ধের বিপদ
মূহুর্তে দেশে আবার ধর্মঘট, তিনশ'
বছরের উপনিবেশ হাতছাড়া হওয়ার
উপক্রম। ইংরেজ সরকার কয়েদ
করলেন ও'কে।

ছ' বছর বন্দী ছিলেন ('৪০-৪২)।
তারপর থেকেই ইংরেজ তরফে
সদম্মানে পশ্চাদপসরণ চেষ্টা, এবং
যুগপৎ বৃস্তামাস্তের সরকারী মর্যাদায়
প্রতিষ্ঠা। '৪৩ সন থেকে আজ অবধি
বে ক'টি নির্বাচন অমুষ্ঠিত হয়েছে
ভামাইকায়, একটি বাদ দিলে ('৫৫)
তার সব কটিতেই বিজ্বী হয়ে আসছে
তার দল। অথচ, বিম্মুকর ঘটনা
এই আজ্ম দারিজ্যের সঙ্গে লড়াই

করা মাহুষ, জামাইকার জনপ্রির শ্রমিক নেতা তাঁর দলের নার রেথেছেন—এণ্টি সোসালিস্ট লেবার পার্টি।

P. O. 62

### বেডেন পাওয়েল, লেডি

ওঁদের প্রথম দেখা ওয়েস্ট ইণ্ডিজের পথে। জাহাজে। এক মাথা কালো চূল, দীঘল চোথ, তরঙ্গায়িত দেহ। আজকের বাহাত্তর বছরের বৃদ্ধা তথন তেইশ বছরের জন্দী। তার চাল চলন কথাবাতায় ভগমগ ভাকণা।

আলাপ মাত্র জানা গেল চেষ্টারকিল্ডএর এই মেয়েটির ঘরের চেয়েও
বেশী ভাল লাগে—থেলাধ্লা, দৌড়
ঝাঁপ। সে সাঁতার কাটতে পারে,
ঘোড়ায় চড়তে পারে, এবং—কি
নয়!

বেডেন পাওয়েল যেন এই মেরেটিকেই খুঁজছিলেন মনে মনে।
বিধাতারও যেন তাই ইচ্ছে। নয়ত
ওর জন্ম তারিখটিও ২২শে ফেব্রুনারী
হবে কেন ? ঐ তারিখটি যে তার
নিজ্যেও জন্ম দিন!

স্তরাং আলাপ থেকে বন্ধুৰ। বন্ধুৰ থেকে ক্রমে আরও কাছাকাছি। জাহাল নোঙর করার আগেই সবাই

### ৰেডেন পাওয়েল, লেডি

জানলেন স্বাউট আন্দোলনের জনক এই মেয়েটিকে বিয়ে করছেন।

সে বছরই (১৯১২) শেবের দিকে
বিয়ে হয়ে গেল ওঁদের। তারপর
খেকেই ওলাভ ভূবন-বিখ্যাত লেভি
বেডেন পাওয়েল। অবশ্য এ খ্যাতি
শুধু পাওয়া নয়, অর্জিতও।

বিয়ের পর প্রথম ক'বছর ব্যস্ত সংসারী। চার বছরে তিনটি ছেলে-মেয়ে। চব্বিশ ঘণ্টার সংসার। ছোট মেয়ে বেটি তথনও ভূমিষ্ঠ হয়নি। তব্ও ঘরে আটক থাকতে রাজী হলেন না ওলাভ। তিনি গাইড সাজলেন। বেভেন পাওয়েল-এর বোন এগনিস তথন (১৯১৬) গার্ল গাইড-এর নেত্রী। ভ্রাতৃবধুকে তিনি দলে টেনে নিলেন।

সাধারণ গাইড হিসাবেই এই
নতুন ছনিয়ায় পা বাড়ালেন লেডি
পাওয়েল। দেখতে দেখতে পদোন্নতি
ভক্ত হয়ে গেল তাঁর। প্রথমে
সালেক্স-এর কমিশনার, তারপর চীফ
কমিশনার এবং পরের বছর চীফ
গাইড অব দি বুটিশ এম্পায়ার।

'২৮ সনে নিজে উত্যোগী হয়ে বিশ্ব গার্ল স্থাউট আন্দোলনের উদ্বোধন করলেন লেডি পাওয়েল। বয়েজ স্থাউট আন্দোলন এতদিনে যেন সম্পূর্ণতা পেল। তু'বছর পরে বিশের মহিলা স্থাউটেরা লেডি পাওরেলকে
নির্বাচিত করলেন তাঁদের প্রধানা
নেত্রী, চীফ কমিশনার। আরও
হ'বছর পরে ('৩০ সনে) রাজকীর
সম্মানে ভূষিত হলেন তিনি। লেডি
বেডেন পাওরেল দেদিন থেকে রুটিশ
রাজত্বের একজন—'ডেম গ্রাণ্ড ক্রশ
অব দি অর্ডার'ও। তহুপরি তিনি
এখন বিশ্বে—চীফ গাইড। বিশ্বের
আশীটি দেশের অগণিত গাইড-এর
সর্বজনমান্ত গাইড—প্রপ্রদর্শিকা।

বিশের গাইজ-প্রধানা পাওয়েল ভারতে এদেছেন। এ তাঁর তৃতীয় বারের মত ভারত দর্শন। প্রথমবার এসেছিলেন ১৯২১ সনে—বড়লাট চেমদফোর্ড-এর আমন্ত্রণে; দ্বিতীয়বার ১৯৩৭ সনে। ত্র'বারই সঙ্গে ছিলেন তাঁর সেই অপ্রতিরোধ্য মান্থবটি—লর্ড পাওয়েল। এবার তিনি আর নেই। কিন্তু আজকের লেডি পাওয়েলকে দেখলে মনে হয় লর্ড ধেন আজও বেঁচে আছেন, এই চঞ্চলা বৃদ্ধাটির মধ্যে। তাঁরা ত্র'জনে মিলেই ধেন আজকের এই একজন। একজনের অবয়বে আচরবে অয়জনের শ্বতি।

অন্তত দিনের শেবে ক্লান্ত গাইড যথন ভারেরী খুলে বসেন ভথন সে শ্বভিই ষেন ঘুরে ঘুরে আসে প্রতিদিন। এগার বছরের মেরে ওলাভ ভারেরী
লিখত। কিন্তু সেই ভারেরীর পাতার
কি ছিল কেউ জানেনা, কিন্তু স্বাই
জানে—তেইশ বছর বয়স থেকে বে
নতুন থাতা নিয়েছেন তিনি, তার
পাতায় আছে শুধু—স্কাউট আর
গাইড—গাইড আর স্কাউট! অন্ত কথার,—পাওয়েল আর পাওয়েল!

36, 2, 63

### বেন খেদা, ইউস্থক

'আমাদের স্বাধীনতা দিবদের তারিখটি কি হবে জানেন? চলিশে জুলাই।—ইয়া, চলিশে!'

কথাগুলো বলেছিলেন একজন
আলজেরিয়ান ছাত্র। বছরের পর
বছর শুধু আলাপ আর আলাপ দেথে
রাস্ত বিরক্ত হয়ে তিনি বলেছিলেন—
'ক্রাসীরা স্বাধীন হয়েছিলেন ১৪ই
ফুলাই, কিউবানরা ২৬শে ফুলাই,
—আমরা আলজিরিয়ান ? স্বভাবতই
আমরা স্বাধীন হব ১৪ই আর ২৬শে
মিলিয়ে—৪০শে ফুলাই !"

সম্ভবত ততদিন আর অপেক। করতে হবে না হতভাগ্য আল-ছিরিয়াকে। কেননা, 'আলাপী মাহুব' বিদায় নিয়েছেন। আকাদ চলে গিয়েছেন। তাঁর জায়গায় 'স্বাধীন আলজিরিয়া' সরকারের প্রধান মন্ত্রীর আসনে এসেছেন নতুন মাছব।—'কাজের মাছব।'

নাম—ইউস্ফ বেন খেদা। বয়স মোটে একচলিশ। শক্ত মন, মিষ্টি মুখ। চোখের দিকে তাকালেই বোঝা যায় খেদা 'কাজের মাহুষ।'

ষদিচ সৈশুদের সমর্থন বশত আজ এই আসনে, থেদা তবুও যাকে বলে পদাতিক কি অখারোহী সে ধরনের লড়িয়ে নন। জন্ম হয়েছিল তাঁর আলজিরিয়ার্স-এর কাছে প্লিভা নামে ছোট্ট একটা শহরে। আব্বাসের মতই সেথানে একটি ঔষধের দোকান ছিল তাঁর। থেদা তথন আব্বাসের মতই একজন কেমিন্ট।

কিন্ত দলে (এফ. এল. এন) বোগ
দেওয়া মাত্র জানা গেল থেদা
আসলে কেমিট্ট নন—রাজনীতিবিদ।
রাজনীতি এবং অর্থনীতি বিবয়ে
বিস্তর পড়াঙনা তাঁর। ফলে—'এফ.
এল. এন'-এর আদর্শগভ ভিড
রচনার দায়িত্ব নিতে হল তাঁকে।
আলজিরিয়ার বিজ্ঞোহের পেছনে
আজ বে কাগজপত্রের মজবৃত ভিড,
সেটা, লোকে বলে, এই ভৃতপূর্ব
কেমিটেরই কীর্তি।

বইপত্র নিয়ে খাঁটাখাঁটি করতে

#### (समद्दर्गाः महत्त्वप

ভালবাদেন বটে, কিন্তু ফরাসীদের সম্পর্কে থেদা পছন্দ করেন শক্ত হাতে রাইফেল ধরতেই। এতকাল তার স্বযোগ ছিল কম। কেননা, পাশে পাশে আবাদ ছিলেন। আবাদের তথন দারুণ প্রভাব। তাঁর সঙ্গে খেদা একবার ভারতে এসেছিলেন। শোনা যায়, ফিরে গিয়ে তিনি সেবার আলজিবিয়ায় আমাদের চংয়ে একটা কংগ্রেদ গড়ে তোলার জন্মে উঠে পড়ে লেগেছিলেন। — কিন্তু এখন ? উন্তরে আলজিরিয়ায় নতুন প্রধানমন্ত্রী ইউস্থফ বেন খেদা নিশ্চয় মিষ্টি ছালবেন। কেননা, ইতিমধ্যে তিনি চীন ঘুরে এসেছেন, এবং লাতিন আমেরিকাও দেখা হয়ে গেছে তাঁর। --- 'অহিংদা' কি আর থেদার মন ভোলায় ?'

ঘরের থবর: বছর ছই হল থেদা বিয়ে করেছেন। পরের থবর: সম্প্রতি তিনি পিতা হয়েছেন। সম্ভানটি পুত্র সম্ভান।

38. 2. 63

#### বেনবেলা, মহম্মদ

'কেউ কেউ আমাকে তুলনা করে থাকেন নাদেরের সঙ্গে, কেউ কান্ধোর সঙ্গে, আবার কেউ বা অগ্র কোন জননেতার সজে। সেটা
ঠিক নয়।'—বলতেন বেন বেলা।
মাত্র তিন সপ্তাহ আগে বিজয়ীর বেশে
আলজিয়ার্স-এ ফিরে এসে তিনি
ঘোষণা করেছিলেন—কী নামের,
কী কাস্ত্রো কারও সঙ্গে আমার
তুলনা হয় না।

অন্তত ভাগ্যে। ওরান প্রদেশের মারনিয়া নিবাসী জনৈক মরকো-আগত দরিদ্র ব্যবসায়ীর এই সম্ভানটি যে ভাবে দেখতে দেখতে আল-জিরিয়ার ভাগাবিধাতার আসনে উঠে এসেছেন—সে সত্যিই এক বিশায়কর ঘটনা। দেশের প্রভাক রাজনীতিতে বেনবেলা যোগ দিয়েছেন মাত্র ১৯৪৮ সনে। তার আগে বিতীয় বিশ্বযুদ্ধের সময়ে তিনি ছিলেন— ফরাসীবাহিনীর একজন সার্জেণ্ট। সে দেবার পুরস্কার হিসেবে রাজ-সরকারের তর্ফ থেকে একথানা মেডেলও দেওয়া হয়েছিল তাঁকে। কিন্তু 'এফ. এল. এন' বাহিনী তাঁদের গোপন আস্তানায় আস্তানায় ৰে হাবে ফটো টাঙাতে শুরু করেছিল ওঁর, লোকে বলে সে শুধু কানে কানে ওঁর নামে কতকগুলো গুঙ্গব ছড়িয়ে शिष्त्रिष्टिन वलहे।

আদি নব-রত্নের একজন হিসেবে

বিপ্লবী বেনবেলার স্মরণীয় কীর্ভি ওরান ডাকঘর লুঠ। একদিনেই প্রায় ত্রিশ লক্ষ ফ্রাঁ সেদিন তিনি তলে দিয়েছিলেন দলের হাতে। তারপর থেকে যা তিনি করেছেন **—**সামরিক মূল্য তার কম হলেও গোদ্ধাদের মনে মনে নায়কের মূর্তি গড়ার মত উপাদান ছিল তাতে প্রচুর। যথা: ভাকঘর ডাকাতির অপরাধে কারাদও হওয়ার পাঁচদিন পরে জেলখানা থেকে পলায়ন, প্যারিস-কায়রো-মরকো তথা দেশে দেশে ছদ্মবেশে ভ্ৰমণ, এবং অবশেষে ১৯৫৬ সনের ২২শে অক্টোবর মরকো থেকে টিউনিসিয়ার পথে অত্যস্ত মভাবিতভাবে হঠাৎ ফরাসীদের হাতে আবার ধরা পড়া। অনেকে বিপ্রবীদের ্বলেন—বেনবেলা ষে হদয়ে স্থায়িভাবে প্রতিষ্ঠিত গেলেন তার অন্ততম কারণ শেষোক্ত ঘটনাটি।

প্রবাদ আরও প্রবিত করেছে
দীর্ঘ সাড়ে পাঁচ বছরের বন্দী জীবন।
একদিকে 'এফ. এল. এন' অমূপহিতিতে নানাভাবে সম্মানিত করেছে
তাঁকে, অক্স দিকে—বন্দী নানাভাবে
তৈরী করেছেন নিজেকে। কারাগারেও
তাঁর কাছে দেশের থবর অক্সাড

ছিলনা। কারণ মরকো থেকে হেকিমি শেরিফ নামে একজন এটনি দেওয়া হয়েছিল তাঁর আইনজীবী হিসেবে। বৃদ্ধিমানের পক্ষে সেই ঘূলঘূলিটুকুই ছিল যথেষ্ট।

দেশকে জানা ছিল। তাই,

যদিও ছাড়া পাওরার মাত্র ক' সপ্তাহ

পরেই স্বাধীনতা—তবুও বেনবেলা

বহু প্রত্যাশিত দেই আলোর উৎসব

থেকে ম্থ ফিরিয়ে নিতে পেবেছিলেন। রকম দেথে মনে হয়েছিল
হয়ত আথেরে তিনিই জিতবেন।

কিন্তু আলজিরিয়ার শেষ আবহ-বার্তা
ভনে মনে হচ্ছে বোধ হয় তা আর

হল না। কেননা, আকাশে আবার

মেঘ দেখা দিয়েছে এবং জানা গেছে

থাকী রঙেও রকমফের আছে।

ফলে, প্রবাদ-পুক্ষ (আপাতত)

আবার হটছেন।

—কেন, কী চেয়েছিলেন বেন বেলা?—'নির্ভেজাল সমাজতয়,'— কমিউনিস্ট শাসন? আবার আপস্তি করবেন প্রভারিশ বছরের আল-জিরিয়ান নায়ক,—না, আমাদের সঙ্গে কারও তুলনা হয় না। "প্রাজতয়" গাই মোলেও বলতেন, মাও সে তুংও বলছেন, কিন্তু আমি বা বলি……সে অন্ত জিনিস।

### বোরগীবা, হবিব বিদ আলি

কী জিনিস, সম্ভবত রণক্লান্ত আলজিরিয়া দেটাই জানতে চেয়েছিল আগে।

৩০. ৮. ৬২

ধীরে ধীরে সমস্ত প্রতিঘোগী এবং প্রতিবাদী-পথিকদের সরিয়ে বেনবেলা ক্রমে নিজেকে আলজিরিয়ায় স্থপ্রতিষ্ঠিত করেন। ১৯৬৩ সনের সেপ্টেম্বর থেকে তিনি সেথানকার অপ্রতিঘন্দী প্রেসিডেন্ট।

### বোরগীবা, হবিব বিন আলি

এক কথায় জনতার নেতা।
থান কম, ঘুমান কম, ফাইল
নিয়েও বদেন কম।

ভিনি কাজ করতে ভালবাদেন,
আর ভালবাদেন কথা বলতে।
সপ্তাহে একবার বলেন রেভিও
মারফভে, অনেকবার—সভা সম্মেলনে,
পথে ঘাটে। সহজ আরবী, ছোট ছোট দেশজ প্রবাদ এবং নির্মল
হাসিতে উজ্জল দে সব কথা শোনার
মত।

কথা আর কাজ বাদ দিলে আর

বা ভালবাসেন তিনি তার মধ্যে
উল্লেখবোগ্য—অপেরা এবং ঘোড়ার

চড়া। প্রথমটির প্রেরণা অবশ্য

প্যারিস তথা ফরাসী দেশ, কিস্ক

ৰিতীয় পচ্ছশটির কারণ সম্পূর্ণ ব্যক্তিগত। কৈশোরে ক্ষয় রোগ প্রায় পঙ্গু করে ফেলেছিল ওঁকে। ঘোড়ায় চড়াটা সেই থেকে চিকিৎসকদের পরামর্শ।

বিশ্রাম ধথন প্রয়োজন, অথচ ঘোড়া যথন অপছন্দ তিনি তথন চলে যান সমুদ্রের ধারে জেলেদের সেই গঞ্চটিতে যেথানে আটার বছর আগে (১৯০৩) তিনি জরোছিলেন।

গাঁরের নাম মোনস্তির। বাবার নাম—জালি বোরগীবা। ছেলের নাম ধার্য হল—হবিব। হবিব বিন জালি বোরগীবা।

বড় ঘরের ছেলে। বাবা ছিলেন
টিউনিসিয়ার 'বে'র অধীনে একজন
বিখ্যাত সামরিক পুরুষ। স্থতরাং
ছেলেকে কাজে না দিয়ে পাঠান
হল স্থলে।

টিউনিসিয়া সেই ১৮৮১ সন থেকেই ফরাসীদের আয়ন্তাধীন। স্থতবাং, দেশে ফরাসী স্থল ছিল। সেথানকার বিভা সম্পন্ন করে তরুণ বোরগীবা পাড়ি জ্বমালেন থাস ফরাসী দেশে।

'২২ সনে প্যারিস বিশ্ববিষ্ঠালয়ে ভর্তি হলেন ভিনি। পাঠ্য বিষয় : রাজনীতি এবং আইন।

### বোরগীবা, হবিব বিল আলি

আকাশ ফাটিয়ে জয়ধ্বনি উঠন বোরগীবার নামে।

স্বভাবতই ফরাসীর। প্রমাদ গুণলেন। বোরগীবাকে তাঁরা জেলে পুরলেন। বন্ধুছে সেই প্রথম প্রকাশ্য এবং স্পষ্ট ছেদ।

এরপর তাঁর পটিশ বছরের রাজনৈতিক জীবনের এগারটি বছর কেটেছে ফরাদীদের কারাগারে। কথনও কথনও দ্বীপ থেকে দ্বীপাস্তরে।

অবশেষে ' ৫ থ সনে যথন ঘরে
ফিরলেন বিদ্রোহী দেশ-প্রেমিক
তথন তাঁর সঙ্গে এল বহু অভিপ্রেত
সেই স্বাধীনতাও। সিংহাসন থেকে
নেমে এসে টিউনিসিয়ার 'বে' বুকে
জড়িয়ে ধরে বললেন—'বোরগীবা,
তুমি এ স্বাধীনতার জনক!' গলা
ফাটিয়ে জনতা সায় দিল তাঁর সেই
কথায়। পরের বছর বোরগীবা
নির্বাচিত হলেন তাদের প্রিয়
প্রধানমন্ত্রী। তার ত্ব'বছর পরে
স্বাধীন টিউনিসিয়ার প্রথম রাষ্ট্রপতি।

টিউনিসিয়ার লোকমান্ত রাষ্ট্রপতি বোরগীবা আজও জনতার নেতা। থাওয়ার টেবিলে কমপক্ষে কৃড়িজন লোক না থাকলে তিনি যে শুধু থেজে পারেন না তাই নয়, বিজার্তা বোধ হয় প্রমাণ করল, জনতা ছাড়া

'२৮ मत्न প्रानिष्ण मुम्निम युवक যথন ফিরে এলেন নিজের দেশে— তথন তিনি পরিপূর্ণ পশ্চিমী মানুষ। তিনি পশ্চিমী পোষাক পরেন, তিনি খাদালতে গড গড করে ফরাসী বলেন, তাছাড়া তিনি বিয়েও করেছেন একটি ফরাসী মেয়েকে। মিসেস বোরগীবা ওরফে ম্যাথিলডা লোরাইন প্যারিসে ছিলেন বোরগীবার সহ-পাঠিনী। বোরগীবা সেদিন এমন ফরাসীভক্ত যে নিজের একমাত্র সস্তান কামালকে (ছেলেটি এখন ইতালীতে টিউনিসিয়ার রাষ্ট্রদৃত) পর্যন্ত স্থদেশে না এনে ফরাসী দেশের নাগরিক বানিয়েছিলেন।

কিন্তু এ অমুরাগ বেশী দিন রাথা গেল না। অচিরেই দেখা গেল বোরগীবা আইন ব্যবসা ত্যাগ করেছেন এবং দম্ভর মত দম্ভর পার্টিভে লেগে গেছেন।

'৩৩ সনে উদীয়মান রাজনীতিক আরও এক পা এগিয়ে গেলেন। দম্বর পার্টি ছেড়ে তিনি নিও-দম্বর পার্টি গড়লেন। সে দলের সাধনা —স্বাধীনতা।

দেখতে দেখতে দল প্রকাণ্ড হয়ে উঠল। সাতশ' নগরে, গঞ্জে, গ্রামে ণার্টির অফিস বসল এবং টিউনিসিয়ার

## বোলস, চেষ্টার রিস

এখনও তিনি অনেকক্ষণ ভাবতে পারেন না। ২৭.৭.৬১

### বোলস, চেষ্টার বিস

নয়া-দিগন্ত নাগালে এসেছে।
দিল্লির চাণক্যপুরীতে রুজ্ঞভেন্ট
ভবনের ঘারোদ্যাটন সম্পূর্ণ। আবার
হার্ভার্ডের পুরানো কাজে ফিরে
ঘাচ্ছেন গলরেও। তাঁর জায়গায়
এবার আসছেন পুরানো ক্রন্টিয়ার্স
ম্যান—বোলস। স্থ্যাত চেষ্টার
রিস বোলস। স্টেট ডিপার্টমেন্টের
হ'নম্ব আসন খালি করে, এক
দশক পরে আবার তিনিই আসছেন
নবয়ুগের চাণক্যপুরী আলো করতে।

কলারে ইন্ত্রী নেই, গলায় টাই নেই।
গায়ে সাধারণ একটা জামা, পরনে
মেডিসন এভিস্থার গ্রে ফ্লানেল স্থাট;
দিলির পথের ধুলোয় তা আরো ধুসর।
ভাই চাপিয়ে ক্রীং ক্রীং দাইকেল
চালিয়ে রাজধানীর পথে পথে ঘুরছেন
ভারতে মার্কিন দৃত। পাশে আর
একটি সাইকেলে স্ত্রী ভরোধি।
আফুষ্ঠানিক পার্টিতে কেউ 'ইওর
এক্সেলেজি' বলে কিছু বলভে চাইলে
ভিনি টেচিয়ে ওঠেন—'নো, নো,
এক্সকিউজ্পমী! ১৮৫৩ সনের পরে

কোন মার্কিন দৃতের এ সম্বোধনে সাড়া দেবার অধিকার নেই!' এও জ্যাকসন নাকি তাই নিয়ম করে গেছেন।

এণ্ড জ্যাক্সন যা বলেননি তিনি তাও করেছিলেন। দিলিতে নেমেই সপরিবারে 'দেশস্থ' হতে সাধনায় মগ্ন হয়েছিলেন। বাবার নির্দেশে মেয়ে সিন্তিয়া প্রেরিড হয়েছিল শাস্তিনিকেতনে। তুই ভাই সালি আর স্থামুয়েল ভর্তি হয়েছিল নয়া-দিল্লির স্থলে। শুধু তাই নয়, ডরোগি তথন ভৃত্যদের হাত থেকে ঝাঁটা কেড়ে নিয়ে নিজেই ঘর ঝাঁট দিতেন, প্রধান রাষ্ট্রদৃত হাতে 'হিন্দি ইন থাটি ডেজ' নামে একখান বই নিয়ে অবসর কাটাভেন।— চেস্টার বোলস সেদিনও সংবাদ।

পুরানো মুখ, পুরানো নাম।

'৫১ থেকে '৫৩—প্রায় তিন
বছর ছিলেন ভারতে। বোলদ
ভারতে স্থপরিচিত ব্যক্তিব।
স্বদেশেও। ঠাকুদা ম্যাসাচুদেটের
বিখ্যাত থবরের কাগজ 'রিপাবলিকান'-এর সম্পাদক ছিলেন।
বাবা ছিলেন কাগজের কলের
মালিক। বালক 'চেট'-এর লেখা-

# বোলস, চেপ্তার জিল

পড়াও .তাই সেরা ছ্লে, কলেছে।
প্রথমে কানেকটিকাট-এর কোট-এ
তারপর ইয়েলে। '২৪ সনে তেইশ
বছর বয়সে বিজ্ঞানে স্নাতক হয়ে
তরুল বোলস কর্মজীবন শুরু করেছিলেন পরিবারের কাগঙ্গে কাজ
নিরে। কিন্তু এক বছরও থাকতে
পারেননি সেখানে। কেননা,
ঠাকুর্দার সঙ্গে তাঁর মত মিল ছিলেন
না। সম্পাদক হিসেবে তিনি ছিলেন
লীগ অব নেশনস-এর বিপক্ষে,—
রিপোটার বোলস পক্ষে।

বেকার তরুণ নিউ ইয়র্কে এসে একটা বিজ্ঞাপন প্রতিষ্ঠানে কাজ নিলেন। 'কপি রাইটারে'র কাজ। দেখতে দেখতে জীবনে নব-অধাায় স্থচিত হল। বিজ্ঞাপনের কাজে বোলস-এর খ্যাতি চারদিকে ছডিয়ে পডল। উৎসাহী এক বন্ধকে নিয়ে তিনি এবার নিজেই একটি কোম্পানি থুলে বসলেন। মার্কিন দেশের বিজ্ঞাপন ষগতে সেই কোম্পানি এবং তার ৰফল পরিচালক বোলস আ**জ**ও প্ৰবাদ। তোঁৰ মাথা থেকে কাছ পরিকল্পনা যে বের হয়েছে তার रेत्रखा (नरे।

'৪১ সনে আমেরিকা বিতীয় ৰহাৰুদ্ধে জড়িয়ে পড়ামাত্র কোটপিডি

বোলস কোম্পানি ছেডে নৌ-বাহিনীর দরভায় গিয়ে লাইন मिर्यिहित्यन । কানে माय डिन. ওঁরা তাই ফিবিয়ে দিতে বাধা হয়েছিলেন। কিন্ধ ডেকে আপন সংসারে দিয়েছিলেন আসন রুজভেণ্ট। বোলদকে তিনি 'প্রাইস আাডমিনিস্ট্রেটার' নিযুক্ত করেছিলেন। যুদ্ধশেষে ট ম্যানের আমলে ভিনি ছিলেন—'ডাইরেক্টার, অফিন অব দি ইকনমিক केंगाविनाडे(जनन।' अ ছাড়াও ডেমক্রাট গভর্ণর হিদেবে তিনি হু' বছর ('৪৮-'৫০) কনাকটিকাট শাসন করেছেন, 'য়নো' থেকে শুক করে নানা দরবারে আমেরিকার প্রতিনিধিত্ব করেছেন.—'ট মরো উইদাউট ফিয়ার' নামক বই লিখে ন্দ্ৰদেশে সংবাদ হয়েছেন। যুদ্ধপর মার্কিন দেশে যে বোলদ সবচেয়ে চাঞ্চলকের সংবাদ ভিনি 'আামাসাভার বোলস'।

সেদিনের বোলস সভ্যিই এক
বিশায়কর রাষ্ট্রদৃত। তিনি বেষন
আমাদের চোথে বিশায়,—তেমনি
অদেশেও। কেননা, তিনি বে তথু
সাইকেল চড়েন তাই নয়,—নেহক
এবং ভারত নিয়ে বাডাবাড়ি করেন,
মার্কিন ভলার নিয়ে 'ছিনিমিনি থেলেন',

# ভ্ৰাণ্ডট, উইলি

এবং ভারতের জতে কী নয়! এমন কি একবার কাশ্মীর বিরোধে পর্বস্থ ভিনি ভারতের পক্ষে কথা বলেছেন। কোন কোন রিপাবলিকান তাই গুঞ্জন তুললেন—বোলস আদৌ কুটনীতিক নন!—বোলস মিনস দি মোর এগু মোর ইন দি বেগিং বাউলস।

তার জবাব দিয়েছিলেন বোলস
পদত্যাগের এক বছর পরে (১৯৫৪)
তাঁর বিখ্যাত জবানবন্দী 'অ্যাম্বাসাডার্স
বিপোর্ট' ছাপিয়ে। নির্দ্বিধায় তিনি
ঘোষণা করেছিলেন—ভারত এবং
এশিয়া-আক্রিকার স্বাধীন দেশগুলো
তাদের নিজেদের পথ ধরেই চলবে।
আমেরিকার একমাত্র কর্তব্য, আমি
মনে করি, সে পথে চলায় তাদের
সাহায্য করা,—আর কিছু নয়।

পাঁচ মাস ধরে 'বেস্ট সেলার' হয়ে
ছিল সেই বই। বিক্রি হয়েছিল ৩৫
ছাজার। তারপর 'দি নিউ ডাইমেনশানস অব পিস' এবং অক্সান্ত রচনা।
কেনেডির স্বপ্র-জগতের অক্ততম
ভাশ্তকার চেস্টার বোলস স্বদেশে আজ
আর প্রশ্নবোধক কোন চিহ্নবিশেষ
নন, হোয়াইট হাউসে প্রভিতি
ব্যক্তিত্ব। রাশ্ব-এর পরেই সেখানে
ভার আসন।

বোলস সেধান থেকেই আজ নেমে
আসছেন ভারতের ধুলোয়। পাক।
দশ বছর পরে একই আসনে তাঁর
এই পুনরাগমন। একই মামুষকে কি
ফিরে পাব আমরা?

সিম্বিয়া এখন 'ডব্লিউ এইচ ও'র স্বেচ্ছাদেবিকা। ক' মাদ আগেও তিনি ভারতেরই কোন ছিলেন। হয়ত এখনও আছেন। ভাই স্থামুয়েল নাইজেরিয়ার এক স্থুলে পডাচ্ছেন। বাবা বাষ্ট্রতে পডলেন। কিন্তু আশ্চৰ্য এই, বোলস এখনও সেই একই মাহুষ। '৬১ সনের আগস্টে ক' দিনের জন্মে এসেছিলেন দিল্লিতে। দর্শকেরা চমকে উঠেছিলেন তাঁকে দেখে। পরনে একটা হাফ প্যান্ট, গায়ে সাদা সার্ট, ছটো বোভাষ নেই তাতে। হেসে আখাস দিয়ে-ছিলেন বোলস—ঘাবড়ে ষেও না বন্ধ. 'আই উইল পুট মাইদেলফ অ্যাট ইওর यार्नि नाहेक **चाहे हे** উष्ण हे छु!'

8, 8, 60

# ভ্রাপ্ডট, উইলি

ক'বছর আগেও শহরের কর-দাতাদের তালিকায় নাম ছিল না লোকটির। তিনি এখন মেয়র। আর কোন শহরে নম্ব,—বার্লিনের। ক'বছর আগেও জার্মান নাগরিক হিসেবে কোন পরিচয়পত্ত ছিল না তাঁর। অথচ ভবিগুতে তিনি হতে চান গোটা পশ্চিম জার্মানীর চ্যান্দেলার। এবং আর কেউ নয়, অয়ং আহাফ্রকে হারিয়ে। অভাবতই লোকটিকে খিরে নানা রোমাঞ্চ, নানা জিজ্ঞাসা।

- —কি নাম আপনার হের **?**
- —উইলি বাওট।
- --বরাবরই কি তাই ছিল ?
- --- আজে না।
- —আপনি কি 'ইললেজিটিমেট' পু
- **আজে** হ্যা !···

উত্তরটা অবগ্রই সাহসিকতাপূর্ণ।
কিছ তার চেয়েও ত্র:সাহসিকতাপূর্ণ
এই আটচল্লিশ বছর বয়স্ক মাহুষ্টির
জীবন কাহিনীটি।

ব্রাগুট তথন ব্রাগুট্নন। নাম ছিল তাঁর ক্রাম। হার্বাট ক্রাম। (Herbert Frahm)

ক্রামের মা ছিলেন এক দরিজ্ঞ শ্রমন্দীবিনী। বাবাকে ছিলেন তিনি তাজানেন না।

তবুও বে তিনি আত্মহত্যা না করে বেঁচেছিলেন সে ভধু মায়ের জল্ঞ।— আর, 'ফাদারল্যাও' নামক জনকটিকে একবার মুখোমুখি দেখবার জল্ঞ। ফলে 'জিমনাসিরাম'-এর গ্রান্ধ্রেট ক্রাম সতের বছর বরসে (জন্ম—১৯১৩) সোম্ভালিস্ট হলেন এবং পিতৃজ্মির নামে ব্রীট ফাইটিং-এ নেমে পড়লেন। প্রতিপক্ষ তাঁর নাৎসীগ্রন।

'৩৩ সন। যুদ্ধের ফলাফল ঘোষিত হল। দেখা গেল-শক্রবা জিতেছেন। রাজতকে হিটলার এসেছেন। তাঁর হাতে পিতৃভূমির প্রগতিবাদী সম্ভানেরা লাঞ্চিত, অপমানিত, কিংবা পরাচ্চিত হয়েও ফ্রাম মরতে বাজী হলেন না। তিনি একটি জেলে ডিক্সিডে উঠে বদলেন। তারপর অজানা সাগরে ভেষে পডলেন।

কুড়ি বছরের পলাতক যুবককে
নিয়ে সে ডিঙ্গি ভিড়ল এসে নরওয়ের
কুলে। আরোহী নৌকা থেকে
নামলেন। তারপর বললেন—আমি
উইলি রাগুট। রাগুট সেই থেকে
রাগুট। বিখ্যাত রাগুট।

উইলি রাঙ্ট নরওয়ের নাগরিক হয়ে গেলেন। তিনি ওসলো বিখ-বিভালয়ে ইতিহাস পড়েন, গোপনে নাংসী-বিরোধী আন্দোলন করেন, থবরের কাগজে প্রবন্ধ লেখেন— আপতত তাঁর প্রধান পরিচয় তিনি জানালিফ, সাংবাদিক।

### জাওট, উইলি

সাংবাদিক হিসেবেই নরওয়ে থেকে স্থদেশ যাত্রা করেছিলেন বাঙ্ট, কিন্তু যুদ্ধের পিতৃভূমি দেথতে হল বার্লিন বিশ্ববিচ্ছালয়ে জনৈক বিদেশী ছাত্র হিসেবে। গোয়েবলস-এর লোকেরা একদিনের জন্মেও জানতে পারেনি—এই ছেলেটি 'থার্ডরাইথ'- এর রাজধানীতে বসে নাৎসী-বিরোধী কাজ করছে, গোপনে সেই তাসের প্রাসাদের ভিত সরাছেছ।

ফিরে আসার বেশ কিছুদিন
পরে '৪০ সনে জার্মান সৈল্লদের হাতে
ধরা পড়লেন ব্রাণ্ড ট। কিন্তু বেশীদিন
তারা রাথতে পারলনা ওঁকে। কেননা,
লোকটির গায়ে নরওয়ের ইউনিফর্ম,
মুখে নরওয়ের ভাষা। নরওয়ের
একজন সাধারণ সৈল্লকে এমন ষত্ন
করে আটকে রাথার দরকার কি পূ

ছাড়া পেয়েই বাও ট পালিয়ে গেলেন হুইডেনে। দেখান থেকে যুদ্ধ শেষে নরওয়ে হয়ে—বার্লিনে। ছরেমবার্গে যথন আদালত বসল তথন খাতা পেন্দিল নিয়ে দেখানে। জার্মানীতে বাওট তথনও একজন বিদেশী সাংবাদিক। পরে জানা গেল, —তিনি বার্লিনস্থ নরওয়ে দ্তাবাসের 'প্রেস জ্যাটাচি'।

অবশ্য থাঁদের জানবার আসল

পরিচয় তাঁরা জানলেন। জার্মানীর
প্রধান সোম্পালিষ্টরা মৃথ দেখেই
ছেলেটিকে চিনলেন। সহকর্মী বন্ধুরা
চিনলেন—কথার ভঙ্গী দেখে। তাঁদের
পরামর্শে রাণ্ড্ট দ্তাবাসের কাজ
ছেড়ে দিলেন। তিনি আবার পিতৃভূমির সস্তান হলেন। সে মাত্র '৪৮
সনের কথা। উইলি রাণ্ড্ট তারপর
থেকেই পশ্চিম জার্মানীতে সংবাদ।
'৪৯ সনে তিনি পার্লামেণ্টে এলেন।
'৫৭ সনে বার্লিনের মেয়রের আসনে।
জনতা তাঁর হাতে।

প্রবা এসেছিল উত্তেজিত হয়ে।

ক্রম ঔদ্ধত্যের জবাবে বার্লিনবাসীদের

একটা কিছু করা চাই,—চাই-ই চাই!

কিন্তু মেয়রের বক্তৃতা শুনে ফিরে

গিয়েছিল প্রবা গান গেয়ে। আপুট

জনতার ষাত্কাঠি। চারিটি ভাষায়
অনর্গল বক্তৃতা করতে পারেন তিনি।

মিসেদ রাগুট বলতে পারেন না বটে, কিন্তু স্থামীর মত লিখতে পারেন। কেননা, '৪৮ সনে রাগুটের সঙ্গে বিয়ে হওয়ার আগে এই নরওয়ে-বাদী তরুণীটি নিজেও ছিলেন দাংবাদিক। জানৈক সাংবাদিকের বিধবা স্থা।

তবে নির্বাচন উপলক্ষে মিসেস কেনেভির ভূমিকা নিডে পারছেন না তিনি। কারণ, আপাতত যা তিনি লিখেছেন সে ছাপা হচ্ছে একটি ফ্যাশান জার্নালে। লোকে বলে কোন সোম্খালিস্ট পত্নীর পক্ষে তা মোটেই আশাপ্রাদ থবর নয়।

তার চেয়েও বাণ্ড্টের পক্ষে
আশাপ্রদ থবর বরং সেইটেই, মিসেস
বাণ্ড্ট—মা হচ্ছেন। এবং কেনেডিপত্নীর মত নির্বাচনের মুথেই। অবশ্য
ইনি তৃতীয় বার। ২৪.৮.৬১

### ব্ল্যাক, ইউজিন রুবার্ট

যাকে বলে 'টাইকুন' ঠিক দে বস্তু
নন। বরং বলা যেতে পারে—
'টেকনোক্র্যাট'। তবে সম্দয়
কারিগরী জারিজুরি তাঁর প্রধানত অর্থ
বিষয়েই।

নাম—ইউজিন রবার্ট ব্ল্যাক।
বর্ষ— চৌষটি। লখা দোহারা চেহারা,
কেশহীন মহুল মাথা,—তীক্ষ চোথ।
ব্ল্যাক এথনও বেদম গলফ থেলেন।
ব্রীজ খেলার টেবিলে এথনও তাঁকে
হারান ছংসাধ্য। ছংসাধ্য, কারণ,
হার-জিতের খেলাগুলো স্তিটে তিনি
জানেন,—মনোখোগ দিয়ে শিথে
ছিলেন।

বাবা অ্যাটলান্টার আইনজীবী ছিলেন। মা সেখানকারই এক বিখ্যাত সাংবাদিক এবং সামাজিক সমান্তবের কন্তা ছিলেন। স্বতরাং তিন সন্তানের জনক-জননী জ্যেষ্টটিকে শ্রেষ্ঠ হিসাবেই গড়তে চেয়েছিলেন।

র্যাক কিন্ধ শ্রেষ্ঠিছের বদলে অধিকতর উৎসাহ অহুভব করলেন বৃহত্ত্বের সাধনায়। ১৯১৮ সনের কথা। অজিয়া বিশ্ববিদ্যালয় থেকে বি. এ. পাশ করেই তিনি বৃহৎ কোন ব্যবসা প্রতিষ্ঠানের সন্ধানে লাগলেন। কিন্ধ তথন মহাযুদ্ধ। ফলে কিছুদিন নৌবাহিনীতে অপব্যয় করতে হল। তবে যুদ্ধের পর আর একটি দিনও নয়।

সেই কোম্পানিটার নাম ছিল 'হারিস-ফরবেস…'। সেথানেই একটানা আঠার বছর। শুক করেছিলেন
সামাত্ত একজন ব্রাঞ্চ ম্যানেজার
হিসেবে। কিন্তু, '৩৩ সনে কোম্পানিটি
হথন উঠে হায় তথন ভিনি ভার ভাইসপ্রেসিভেন্ট। পরিচিতরা বলেন—
র্যাক এমন অবিশাশ্ত উরতি করতে
পেরেছিলেন কারণ, 'হি সোভ রিয়াল
ভাক ফর সেলিং।'

বিক্রির কৌশল জানতেন।
স্তরাং নতুন থদেরের অভাব হল না।
প্রানো কোম্পানির তাইরেক্টাররাই
নতুন করে কোম্পানি গড়ে কেললেন
আর একটা। এ কোম্পানির নাম—

# ब्रामार्कि, शूर्णम् क्यात

'স্টার্কওয়েদার'। তৎসহ নিউইয়র্কের 'চেস ক্যাশনাল ব্যাক'। ব্যাক তাদের তু' নম্বর ভাইস প্রেসিডেণ্ট। কিন্তু ওয়াল স্থাটে তিনি এক নম্বর। কারণ, জনশ্রুতি, বণ্ড মার্কেট ওঁর নথদর্পণে।

এই খ্যাতির কারণেই '৩৬ সনে হোরাইট হাউদের আমন্ত্রণ এসেছিল একবার। ওঁরা র্যাককে অর্থ-দপ্তরে আগ্রার সেক্রেটারীর পদে বসতে অহরোধ জানালেন। ব্র্যাক রাজীও হয়েছিলেন। কিন্তু বেশী দিন তিনি থাকতে পারেননি সেথানে। কারণ, হোরাইট হাউস আর ওয়াল খ্রীটের আগন্তুক আবার নিজের রাজ্যে ফিরে গিয়ে-ছিলেন।

'৪৭ সনে সেথান থেকেই তাঁকে তেকে এনেছিলেন প্রেসিডেন্ট টুম্যান। ব্ল্যাককে তিনি 'ইন্টারফ্রাশানাল ব্যাহ ফর রি-কনস্ট্রাকশান
স্ম্যান্ত ডেভলাপমেন্ট'এর আমেরিকান
স্মংশের এক্সিকিউটিভ ডাইরেক্টার
নিযুক্ত করলেন। ইউজিন ব্ল্যাক
স্মান্ত সেথানেই আছেন। '৪৪
সনে বিটনউডদ সম্মেলনে জাত দেই
ব্যাহটিই এখন বিখ্যাত ওল্লান্ড ব্যাহ
এবং দেই ব্ল্যাক সাহেবই এখন তার
বিখ্যাভ প্রেসিডেন্ট। উল্লেখযোগ্য,

এ পদে তিনি তৃতীয় ব্যক্তি এবং ১৯৪৯ সন থেকে তিনিই একমাত্র ব্যক্তি।

খবর: ওয়ারু ব্যাস্ক-এর এই অধিপতিকে প্রেসিডেন্ট বিখ্যাত কেনেডি সম্প্রতি শ্বরণ করেছিলেন। উপলক্ষ—কাশীর। ব্যাককে তিনি কাশীর সমস্তার একটা ফয়সলা করার জন্মে হ'পক্ষকে নিয়ে বসতে অমুরোধ করেছিলেন। ব্ল্যাক নাকি বাজীও হয়েছিলেন। কিন্তু ভাবতে অবাক লাগছে কি করে তিনি তা হলেন ? কেননা, মার্কিন দেশে সম্ভবত ইউজিন ব্ল্যাক দেই মৃষ্টিমেয় মামুষের অন্তত্ম যিনি জানেন পাকিস্তানের কোন নদীতে কত জল। কারণ থালের জলের মামলাটা তিনিই মিটিয়ে-ছিলেন। অবশ্র, এগার বছরের চেষ্টায়। জলের মত সহজেই যথন অবস্থা এমন, তথন ডাঙায় কি হতে পারে ব্লাক কি তা ভেবেছেন ? না কি সব জেনেও সেলসম্যান রা**জী** ছিলেন সে কারণে যে কারণে চিরকাল ওঁরা রাজী হন,— নতুন কোন মতলব বিক্রির চেষ্টায় !

۶. **২. ৬**২

# व्यानार्कि, शूर्णम् क्यात्र

বয়স খুব বেশী নয়,—চুয়াল্লিশ। স্বতরাং, ওঁর কাছে বাঁরা ক্লাস নিয়েছেন এমন ছাত্ত বেমন কলকাতায় অনেক

### त्वचरम्छ, मिश्रमार्च

আছেন, তেমনি ওঁকে ধাঁরা পড়িয়েছেন তাঁদেরও কেউ কেউ এখনও দীবিত আছেন। হ' দলেই বলেন—কি ছাত্তের ডেস্কে, কি শিক্ষকের টেবিলে কিংবা সেনেটের সভাঘরে—লোকটি সত্যিই একটু অক্সরকম ছিলেন। চোথে পভার মভ।

ভবানীপুরের ঐতিহাসিক ম্থার্জী বাড়ির নিকট আত্মীয়। বিখ্যাত পি. এন ব্যানার্জির পুত্র। নাম—পূর্ণেন্দ্। দিল্লির বৈদেশিক দপ্তরের লোকেরা বলেন—ভক্টর ব্যানার্জি।

লেখাপড়া—কলকাতায়, নিউইয়র্কে এবং হার্ভাডে । শশুরালয়—
বাংলার বাইরে। কাজ করতেন—ল'
কলেজে। আর করতেন শ্রমিক
আন্দোলন। বি. এন. রেল, প্রেস
গুয়ার্কার্স ইউনিয়নের সঙ্গে ঘনিষ্ঠ
বোগাযোগ ছিল তাঁর।

ষাধীনতার পরে ল' কলেজ তথা বিশ্ববিভালয় ছেড়ে যোগ দিলেন—পররাষ্ট্র দপ্তরে। স্থন্দর চেহারা, তরুণ বয়স, বর্ণাঢ্য ছাত্র এবং শিক্ষক-জীবন। তত্পরি প্রণীত পৃস্তকাদি ( যথা: 'ইতিহাসের পাতা,' 'নিরস্ত্রীকরণ…', 'আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ মীমাংসা' ইত্যাদি) থেকে বোঝা যায় আন্তর্জাতিক বিবরে জ্ঞান এবং

উৎসাহও অসাধারণ। স্থভরাং,
অচিরেই কানাভার অস্থায়ী হাইকমিশনার নিযুক্ত হলেন কলকাভার
পূর্ণেন্নুকুমার। তার পর দেখান থেকে
বদলী হয়ে 'য়ুনো'ডে। অদেশের হয়ে
জাতিসজ্জের নানা কাউন্সিলে,
কমিশনে বিবিধ পদে।

' ৫ ৫ সনে দিলিতে ফিরে আসার
পর হ' বছর সেখানেই ছিলেন।
পরবাই দপ্তরের কনফারেন্স বিষয়ক
বিভাগে। তারপর ' ৫৮ সনের জুলাইয়ে
চলে গেলেন ঢাকায়। ' ৫৯ সনের জুন
অবধি পূর্ণেন্দুবাব্ই ছিলেন সেখানে
আমাদের ডেপুটি হাই কমিশনার।

পাকিস্তান থেকে জাপান। সেথানে
দ্তাবাসে নানা পদে কাজ করার পর,
অবশেষে প্রেন্দুকুমার এবার এনেছেন
চীন। উপস্থিত তিনি সেথানে 'চার্জ
অ এফেয়ার্স অব ইণ্ডিয়া'। চীনে
আপাতত আমাদের কোন রাষ্ট্রদ্ত
নেই। থবরটা তাই শোনবার মত।

৫.১০.৬১

#### ত্রেজনেভ, লিওনার্দ

ঘটনাটা আকম্মিক নয়।
অপ্রত্যাশিত নামটা। রাজকার্বে
প্রমোশন এবং ডিমোশন স্বাভাবিক
ঘটনা। বিশেষত, মার্শাল ভরোশিলফ
বে অস্তায়মান ক্লশ-গৌরব বর্ছিগুনিয়ার

### ত্ৰেজনেভ, লিওনাৰ্দ

সোবিয়েত-আবহাওয় বিশারদরা
পূর্বাফ্লেই তার আভাদ পেয়েছিলেন।
এমন কি আমাদের দেশের
প্রোটকল সাবধানী সাংবাদিকেরা
পর্যন্ত। প্রেসিডেন্টের সঙ্গী হয়ে যাঁরা
এসেছিলেন বলা-বাছলা, পদগৌরবে
তাঁরা সকলেই তাঁর অধন্তন। কিন্তু
পাবলিসিটি গৌরবে এদেশে সেই
ব্যবধানটা ততথানি ছিল কি ?

স্থতরাং ক'মাদের মধ্যেই দেখা গেল লেনিনের সহকর্মী, স্ট্যালিনের সহযোদ্ধা এবং বলশেভিক পার্টির প্রবীণতম সেবক মার্শাল ভরোশিলফ স্থপ্রিম সোবিয়েতে তাঁর পদত্যাগ পত্র পেশ করছেন। কারণ, তার শরীর উনআশি বছর ভাল যাচেচ না। বয়দে কৈফিয়তটি থুবই সম্ভব। কিছ ভধুই কি শরীর? পণ্ডিতেরা বলেন,--এর সঙ্গে মনও একটা কারণ। ভরোশিল্ফ মনে স্ট্যালিন যুগের মাহ্র, মেজাজে দৈক্তবাহিনীর বন্ধু এবং কর্ম-জীবনে মোলটভ প্রভৃতির অন্তরঙ্গ সহচর। স্থতরাং ক্রুশ্চফ-পরিবারের শীর্ষে অনেকদিন থাকলেও তাঁর পক্ষে চিরকাল থাকা শোভা পায় না। সম্ভবও হয় না।

স্থতরাং ক্রুশ্চফ পদত্যাগ পত্রথানি হাত পেতে গ্রহণ করলেন। বুদ্ধ মার্শালকে একবাক্যে স্বাই প্রশংসা নিকিতা উঠে দাঁডিয়ে করলেন। বললেন স্থপ্রিম সোভিয়েতের সভা-পতির পদে আমি কমরেড শ্রীলিওনার্দ ব্রেজনেভ-এর নাম প্রস্তাব করচি। তিনি একজন 'আউট্ট্যাণ্ডিং লীভার'। স্তরাং আমি আশা করি—!়প্রেসি-ডিয়ামের চৌদ্দজন সদস্ত একযোগে হাত তুলে সমর্থন জানালেন তাঁকে। উনআশি বছরের বুদ্ধের স্থানে বসলেন তিপ্পান্ন বছরের প্রোট। তার—লিওনার্দ ব্রেজনেভ।

বেজনেভ এথনও বাইরের ছনিয়ায়
প্রায় অপরিচিত দোবিয়েত নায়ক।

য়তদ্র জানা যায় ভরোশিলফের মত
তিনিও ইউক্রেনের লোক। '৪৭ থেকে
'৪৯ অবধি দেখানেই ক্রুক্টফের বিশস্ত
সহচর হিসেবে কাজ করেছেন তিনি।
তাঁর সরকারী কর্মক্ষেত্র অবশু কাজাকিস্থান। শোনা যায়, তাঁর সার্ভিস বুকে
আর যাই থাক, ডি-স্ট্যালিনাইজেশন সম্বন্ধে কোন ছিধা ছিল না
এবং ছিল না মলোটভ বা মেলেনকফএর মত ক্রুক্টফ সম্পর্কে কোন সংশন্ধ।
১৪. ৫. ৬০

[১৯৬৪ সনের অক্টোবরে ক্রুশ্চফের আকস্মিক পতনের পর ব্রেজনভ পার্টির প্রথম সেক্টোরী পদে অধিষ্ঠিত হন।]

### ত্ৰেদ্দেভ, লিওনাৰ্ছ

অস্তের পর উদয় নয়,--্যুগপৎ উদয় এবং অস্ত। মনের আকাশ থেকে ক্রশ্চফ মৃছতে না মৃছতে ক্রশ আকাশ জুড়ে উদিত হয়েছে নতুন মৃথ – ব্ৰেজনভ। আনকোরা নতুন নয়, চেনা চেনা। ছ'দণ্ড ভাবলে সব মনে পডে যাবে,—তথন মনে হবে চেনা চেনা নয়, ইদানীং গীতিমত স্থপরিচিত। কেননা, ক্রশ্চফকে চিনতে হলে তথন লিওনার্দ ব্ৰেজনভকেও চিনতে হত। জন্ম-রুমানিয়া সীমাস্তের মলডাভিয়ায়। বলেন,—আমরা পাঁচ পুরুষ ধরে ইস্পাত শ্রমিক। জন্ম-১: •৬ সনে। কর্মভূমি প্রধানত ইউক্রেন। ব্রেদ্ধনভ এঞ্জিনীয়ার। দল স্থতে ক্রেন্ডফের সঙ্গে বন্ধুত্ব তার ১৯৩৮ সন থেকে। ক্রশ্চফ তথন ইউক্রেনের নেতা, ব্রেঙ্গনভ তাঁর অমুরাগী সহযোগী। যুদ্ধের সময় কুশ্চফ যথন একজন লে: জেনারেল, ব্রেম্বনভ তথনও তাঁর পাশে পাশে। কুশ্চফ মস্কোর পথিক হলেন। পেছনে পেছনে ব্ৰেদ্ধনভণ্ড। ১৯৫২ সনে তিনি প্রেসিডিয়ামে জায়গা পেয়ে গেলেন। '৫৪ সনে ক্রেশ্চফ তাঁকে পাঠালেন কাজাকিস্থান। নির্দেশ-সেথানকার কৃষি সংগঠন নতুন করে গড়ে তুলভে হবে। সফল ব্রেজনভ বিজয়ীর গৌরব নিষে আবার ফিরে এলেন মস্তো।

তারপর থেকে ক্রমেই তিনি উদীয়মান তারকা। '৬০ সনে প্রেসিডিয়ামের সভাপতি, '৬৩ সনের জুনে পার্টির অন্ততম সেকেটারী,—এবং অবশেষে '৬৪র অক্টোবরে পার্টির প্রধান। ব্রেজনভ এখন রুশ দেশের সর্বেসবা। অবশু এ রুশ রকেটটিও যদি 'টু-স্টেজ' বা 'ত্রিস্টেজ' হয় তবে অন্ত কথা।

আজীবন ক্রন্ডফ-বান্ধব ব্রেজনভ চেহারায় এবং আচরণে কোন দিক থেকেই দ্বিতীয় ক্রশ্চফ নন। তিনি স্থপুরুষ, মঞ্জবুত, ধীর, স্থির, হিদেবী। সোখীনতায় তিনি নাকি 'গ্রে ফ্লানেল কমিউনিস্ট',--রীতিমত বাবু। ভিনি দিল্লের জামা পরেন, ইতালীয়ান নেকটাই পছল করেন. পশ্চিমী পোষাকেই তাঁর অধিকতর মন। এমনকি তিনি নাকি **মাঝে** মাঝে মাথায় স্থবাসিত তেল পর্বস্ত মাথেন। নেশা তাঁর পুরানো चिष् এবং গানাদার পাথি সংগ্রহ, ভারপর শিকার আর সাঁতার। ব্রেজনভ বছ দেশ ঘুরেছেন (১৯১৬ সন থেকে ১৪ বার), একবার আমাদের দেশেও এসেছিলেন। আমাদের দেশে তথন গোয়া অভিযান। তবে তার চেম্বেও দরকারী থবর, ত্রেজনভ ক্রুশ্চফ বিরোধী হলেও ক্রন্ডফ-পস্থী। 22, 30, 68

### ভঞ্জ দেও, প্রবীরচন্দ্র

মহারাজাকে রাজধানীতে ভেকে
পাঠান হল। সদার প্যাটেল বললেন,
— 'না, হায়ন্তাবাদের সঙ্গে যোগ
দেওয়া চলবে না আপনার।'

भशात्राका वललन—'क्नि'?

'কারণ, রাজ্যটা আপনার নয়, আমাদের'—গন্ধীরভাবে উত্তর দিলেন ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী। '—বাস্তারে অনেক থনিজ সম্পদ, ভারতের স্বার্থে ভা আমাদের হাতে থাকা প্রয়োজন।'

মহারাজা বললেন—'আজে—'
সর্দার বললেন—'দেখবেন, বেন
তার অক্তথা না হয়।'

অন্তথা হয়নি। মধ্যপ্রদেশের আর চৌদটা ছত্তিশগড় রাজ্যের মতই যথা-সময়ে ভারতীয় ইউনিয়নে যোগ দিয়েছিল পঞ্চশ রাজ্য—বাস্তার।

ষোগ দিয়েছিল বটে কিন্তু সে শুধু থাতার কলমে। মনে মনে বাস্তার চিরকালের সেই সমস্তার দেশ। ভি পি মেনন লিখেছেন—১৮৯১ থেকে ১৯০৮, ১৯২১ থেকে ১৯২৮ এবং ১৯৩৬ থেকে ১৯৪৭—বাস্তার চিরকালের 'গোল- মেলে দেশ।' এবার গোলমাল নাকি প্রায় সংকটের পর্যায়ে। কেননা, মহা-রাজা যেন ক্রমেই আপস্বিরোধী।

মহারাজা। বাস্তারের মহারাজা।
আদিবাসীর দেশে সে এক আশ্চর্য
রাজপুত রাজা। বাস্তারের অরণ্যচারী
মাহ্র্য কোনদিন দেখেনি তাঁকে।
কিন্তু যেদিন দেখেছে, সেদিন খেকেই
তারা তাঁর সঙ্গে সঙ্গে। শক্রুরাও
স্বীকার করেন—মহারাজা জনপ্রিয়।

নাম—প্রবীরচন্দ্র ভঞ্চ দেও। বয়স—
তিরিশের কিছু উপরে। যোগীদের মত
চূল, সন্ন্যাসীর মত সাদাসিধে বেশ।
অথচ, মহারাজা আজীবন 'সাহেব-লোক।' ক'বছর আগেও আদিবাসী
কেন, নিজের মাতৃভাষাটাও জানতেন
না ভঞ্জ দেও। কারণ, বাল্য থেকেই
তিনি বিলেতে মাহুষ। দেশে এসেছেন
স্বাধীন হওয়ার পরে পরেই। এসেই
ভক্ত হয়েছে তাঁর নিজের স্বাধীনতাযুদ্ধ।

প্রথমে হিন্দীটা শিথতে হল।
তারপর রাজ্যটা ঘুরে বেড়ালেন এবং
অবশেষে হায়জাবাদের বৃটিশ পলিটিক্যাল অফিসারের সঙ্গে সলা করতে

বসলেন। সদীর প্যাটেল তা বছ করলেন। মহারাজা মধ্যপ্রদেশ সরকারের সঙ্গে পাঞ্চা করতে শুরু করলেন। রবিশঙ্কর শুরু তথন মুখ্যমন্ত্রী। তিনি মহারাজার সম্পত্তিটা কোট অব ওয়ার্ডসের হাতে তুলে দিলেন। আদেশ রইল—মহারাজাকে মাসে পাঁচ হাজার টাকা করে দেওয়া হবে। সেটা তাঁর মাসোহারা।

হেরে গিয়ে ভঞ্জ দেও শাস্তির নিশান ওড়ালেন। তিনি কংগ্রেসে নাম লেখালেন। ভোট পাওয়া গেল বিস্তর. কিছ ভেটস্বরূপ রাজাটা আর পাওয়া গেল না। স্থতবাং কংগ্রেস টিকিটটা ছিঁডে ফেলাই ভাল। ভঞ্জ দেও পদ-ত্যাগ করলেন। আবার নির্বাচন। এবার তিনি কংগ্রেসের বিরুদ্ধে। তাঁর নতন দল। নাম--আদিবাসী সেবাদল। সেবাদলের কাছে হেরে গেল কংগ্রেস। মহারাজা জয়ী হলেন। সেই থেকে নিভ্য নতুন যুদ্ধ পরিকল্পনা তাঁর মাধায়। পিচনে অগুন্তি ধন্তর্ধারী দৈল-সামস্ত। তারা বলে—মহারাজা স্বামাদের রাজা। কিছ প্রশ্ন: কি করে এমন জনপ্রিয় হলেন তরুণ वाका।

উত্তরটা বিবিধ। একদিকে এক দলের অবোগ্যতা, অন্তদিকে প্রবীর- চল্রের আকর্ষ বোগ্যতা। নানা জাতির আদিবাসীর সঙ্গে তাদের নিজ নিজ ভাষার কথা বলেন—ভঞ্জ দেও। বিভীয়ত—ধর্মপ্রাণ রাজা যাঁকে নিজের গৃহদেবতা করেছেন সেই দাজেখরী আসলে আদিবাসীদের দেবতা। তৃতীয়ত, দরকার হলে প্রবীরচন্দ্র নগদ্ধরে দিতেও জানেন। তিন বছর আগের কথা। রাজবাড়ীতে সেদিন মস্ত জমায়েত। কি ব্যাপার দুনা, দান হবে।

প্রজাদের মধ্যে দাঁড়িয়ে 'একশ টাকার' নোট বিলোলেন ভঞ্জ দেও। প্রত্যেকের ধারণা, সবাই নিশ্চয় একটা করে পেয়েছে। কিন্তু ভঞ্জ দেও জানেন,—বেশী হলে পেতে পারে মাজ উনিশ হাজার! কেননা, তাঁর হাডে তাই ছিল দেদিন। কয়েক লক্ষ মাস্থবের মাথা কেনার পক্ষে দারটা নিশ্চয় বেশী নয়।

₹₹. \$₹. ७०

#### ভঞ্জ দেও, বিজয়চন্দ্র

'He nearly murdered his younger sister before her marriage because she refused to bow to his immoral cravings."

### च्छ (क्छ, विकास

অবিশাস্ত ঘটনা। তা হলেও
বিশাস না করে উপায় নেই। কেননা,
চিঠিটা যিনি লিথেছেন তিনি মেয়েটর
বাবা। এবং যার সম্পর্কে লিথেছেন
—লেও তাঁরই সস্তান! নাম তার—
প্রবীরচক্র ভঞ্জদেও। পরিচয়—
বাস্তারের রাজা!

'ং২ সনের অক্টোবরে রাজ-কাহিনী তথা পুত্রের গুণ-বিবরণী দিয়ে পণ্ডিতজীকে চিঠি লিথেছিলেন বৃদ্ধ বাবা,—পণ্ডিতজী, ও ছেলের হাত থেকে আপনি আমাকে বাঁচান! বাজারকে বাঁচান!—ও উন্মাদ!

শ্বশেষে প্রায় দশ বছর পরে
পিতার সেই গোপন আর্তনাদ দেশের
কানে পৌছাল। 'উন্মাদ' কারাগারে
স্থান পেল। রাষ্ট্রপতির আদেশে
প্রবীরচন্দ্র আজ বাতিল রাজা। তার
সাধের আসনটিতে আজ নতুন
মহারাজ।

ি স্থন্দর চেহারা। চোথে মুথে এখনও তারুণা। প্রবীরচন্দ্রেরই ছোট ভাই। নাম—বিজয়চন্দ্র ভঞ্জ দেও।

ভঞ্জ দেওরা আসলে রাজস্থানের লোক। অবশ্য দক্ষিণও আছে আজ উাদের মধ্যপ্রদেশে প্রবাসী সংসারে। উদের পদবী—কাকভীয়।

বাবা প্রফুলচন্দ্র সম্ভানদের অমুকৃলে

রাজ্য ছেড়েছেন অনেক দিন। তাঁর বড় ছেলে প্রবীরচক্সই ছ' বছর বয়স থেকে দেশের রাজা। '৪৭ সনে ভারও সরকার যথন তাঁকে প্রথম দেথেন তথন তাঁর বয়স মোটে আঠার।

দাদার মত তেমন কম বয়দে বদতে পারলেন না বটে, তবে বিজয়-চন্দ্রের বয়স এথনও রীতিমত কম। তিনি এথনও সাতাশের ঘরে।

তবে বয়দে কম হলেও বৃদ্ধিতে নাকি ছেলেটি কাকতীয়দের মত। সাহসী এবং বিচক্ষণ।

সাহসিকতা মানে যে বেপরোয়া যদৃচ্ছতা নয় নতুন রাজা তা জানেন। কেননা, চোথের সামনে তিনি দাদাকে দেখেছেন।

আর দেখেছেন বাবাকে। রাজ্যহীন প্রফুল্লচন্দ্র এই দেদিন অবধিও
ছিলেন বাস্তারের বিশিষ্ট 'প্রজাতন্ত্রী'।
রাজ্যসভায় বিরোধী দলের আসনে
নিয়মিত ভাবে দেখা যেত তাঁকে! এই
ছেলেটি মনোগড়নে নাকি সেই
পিতারই কাছাকাছি। অবশ্র, এখনও
তাঁর নিজন্ব রাজনৈতিক মভামত নেই
কোন।

স্তরাং আশা করা যায় ছাবিশে বছর আগে প্রবীরকে সিংহাসনে বসিয়ে যে বিভ্রাটের স্থচনা হয়েছিল

## ভট্টাচার্য, পরেশচন্ত্র

এবার ভা শেষ হবে। লোকে বলে—
দে সম্ভাবনাই বেশী। কারণ প্রিভিপার্দের বরাদ্দটা এবার কম। কদিন
আগেও ছিল তা—ছই লক্ষ দশ
হাজার, এখন মোটে—দেড় লক্ষ!

२. ७: ७১

### ভট্টাচার্য, পরেশচন্দ্র

"I promise to pay the bearer on demand the sum of....."

দাদা কাগজে লেখা হ্যাওনোট নয়, হণ্ডি নয়,—চেকও নয়। চমংকার কাগজ, চমৎকার ছাপা, অশোকস্তম্ভ থচিত চমৎকার ডিজাইন। উল্টো পিঠে নানা ভাষায় লেখা রয়েছে টাকার অন্ধটা। আগরতলা থেকে তক করে আমেদাবাদ, যেথানে খুশী চালিয়ে যান, মুদিওয়ালা থেকে শুরু করে ইনকাম ট্যাক্সওয়ালা যাকে খুনী দিয়ে যান: দেখবেন, কাগজ বটে, কিছ কেউ তবুও কিছু বলছে না। কেন বলছে না জানেন ? কারণ ঐ প্রতিশ্রুতিটির নীচে ওঁর নিজের হাতের সই রয়েছে বলে। নজর করবেন, ক'দিন বাদেই দেখতে পাবেন, এই সইটি যাঁব তিনি क्रेंनक-- नि. जि. ज्याहार्य। यनि

পাবেন, এই নোট এক আধথানা বেথে দেবেন। কেননা, বড় নোটের গায়ে বাঙ্গালীর এই প্রথম স্বাক্ষর। 'পি সি' রিজার্ভ ব্যাস্ক অব ইণ্ডিয়ার প্রথম বাঙালী গবর্ণর।

পুরো নাম—পরেশচক্ত ভট্টাচার্ব।
গাঁয়ের নাম—স্থথগারি, মহকুমা—
নেত্রকোণা, জেলা—ময়মনিসিংহ। বাবা
ওকালতি করতেন জেলা শহরে।
ছেলে পড়তেন প্রথমে মৃত্যুঞ্জয় ছুলে,
ভারপর জেলা স্থলে।

সহপাঠীরা ভেবেছিলেন—পরেশ গোমেশ বস্থ হবে, নয়ত আনন্দমোহন। কেননা, অক্ত ছেলেরা প্রশ্নটা পড়তে না পড়তেই তাঁর অক্ষ শেষ !

তন্ও এক বছর বসে থাকতে হল। অপরাধ—'আগ্রার এক'! কর্তৃপক্ষ দে বছর (১৯১৮) ওঁকে পরীক্ষা দিতে অসুমতি দিলেন না। পরেশ এনট্রান্স পাশ করলেন পরের বছর। (জন্ম—১৯০৩)।

ত্' বছর পরে আনন্দমোহন কলেজ থেকে পাশ করলেন এফ. এ। তারপর ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে যথাক্রমে বি. এ এবং এম. এ। গণিত ক্রমেই বেন তাঁর আরও প্রিয়া,বিষয়।

১৯২৮ সন। ঢাকা বিশ্ববিভালদের খ্যাতিমান গণিতের ছাত্র পরেশচক্র

### ভরোশিলফ, যাশাল ক্লিমেন্ডি

ভারতীয় অভিট এবং আ্যাকাউন্ট্রস সার্ভিস-এর পরীক্ষা দিলেন। ইতিমধ্যে কিছুদিন তিনি গণিতের অধ্যাপনাঞ্জ করেছেন। সরকারী চাকুরিছে বাসনা নেই। বাসনা ছিল প্রতি-বোগিতামূলক পরীক্ষাটাই! কিন্তু ফল বের হওয়ার পর মনের সে ইচ্ছার কথা আর প্রকাশ করা গেল না। অভিট সার্ভিস ওঁকে লুফে নিয়ে চলে গেল।

'২৮ থেকে '৩৯ সন অবধি ছিলেন বেলওয়ে একাউণ্টস সার্ভিস-এ। '৩৯ থেকে '৫২ সন পর্যস্ত কেন্দ্রীয় অর্থ দপ্তরের নানা পদে। '৫২ সনে রেল-ওয়ের ফিনান্স কনিশনার নিযুক্ত হলেন তিনি, '৫৫ সনে নিযুক্ত হলেন কেন্দ্রীয় অর্থ দপ্তরের সেক্রেটারী। '৫৭ সন অবধি শ্রীভট্টাচার্য ঐ পদে ছিলেন। তারপর থেকে এতদিন তিনি ছিলেন —স্টেট ব্যাক্ষের চেয়ারম্যান। এবার বিজ্ঞার্ভ ব্যাক্ষের গবর্ণর।

'—কে, পরেশ १—পরেশ রিজার্ড ব্যাক্ষের গবর্ণর হল १' সওদাগরী অপিসের একজন প্রবীণ কেরাণী খবরটা ভনে এত আনন্দিত হয়েছিলেন বে, তাঁর পরিষ্কার চশমার কাচটা মুহুর্তে ঝাপুসা হয়ে উঠেছিল।

> '—আপনি বুঝি ওঁকে চিনতেন ?' '—ক্লাপ ফ্রেণ্ড ছিলাম, স্বভরাং

সেটা বড় কথা নয়;—বিস্ময়কর ঘটনা পরেশ এখনও আমাকে চেনে! কিছু-দিন আগে মেয়ের বিয়ে হল, শুনলে অবাক হয়ে যাবেন, আমাকেও নেমস্কর করে পাঠাল! ভাবছি এত বছর পরে আমাকে ও কি করে খুঁজে বের করল!' পরেশবাবুর আন্তরিকতা এবং বন্ধুত্ব বন্ধুদের কাছেও রহস্ত।

9. 2. 65

### ভরোশিলফ, মার্শাল ক্লিমেন্ডি

ত্ব বছর আগে স্ত্রী মারা গেছেন।
সেই থেকে আশী বছরের রুদ্ধ মার্শাল
একা একা নিজের বাড়ীতেই থাকেন।
বাড়ীতে মানে, মস্থোর উপকর্গে একটি
সরকারী 'ডেকা'য়। শিকার করেন,
মাছ ধরেন, কথনো বা লাল ফৌজের
পুরানো বন্ধুদের সঙ্গে বসে বসে
আডো দেন। কুশ্চফ প্রামর্শ
দিয়েছিলেন—বরং একটা কাজ কর.
—একটা শ্বভিকথা লেখ।

হাত দিয়েছিলেন কিনা জানি
না, হ'চার পাতা লেখা হয়ে থাকলে
তাও বোধ হয় আর কোনদিন
কারও পড়া হবে না। কেননা, মার্শাল
ভরোশিলফ আজ নিজেই 'ইরেজারে'র
মূখে। কখনও শোনা যাছে
লাম্বিত বলশেভিক নিজেই নিজেকে

### ভরোশিলক, মার্শাল ক্লিলেভি

দরিয়ে নিয়েছেন, কখনও বা শোনা 
যাছে নতুনতর অপমান এই পালিতকেশ রুদ্ধের জত্যে অপেকা করছে।

— মভাকার বিজয়ীরা যে করে হক
গতকল্যের এই বীরকে গণমন থেকে
মুছে ফেলতে বন্ধপরিকর!

#### -- কিন্তু তা সম্ভব কি ?

১৮৮১ সনে বাশিয়ায় ভূমিষ্ঠ হয়ে যে শ্রমিক নন্দন ১৮৯৯ সনে কারথানায় ধর্মঘটের হেত হতে পারে, স্থদ্র ১৯০৩ সন থেকে যিনি রেল শ্রমিক হিসেবে পাকাপোক্ত বলশেভিক, যাঁকে বছবার কারা এবং নির্বাসন দণ্ড দেওয়া সত্ত্বেও ১৯০৫, ১৯১৭ সন থেকে ভক করে গেল মহাযুদ্ধ পর্যন্ত প্রতিবারই বড়াইয়ের পুরোভাগে দেখা গেছে लिन-मेग्रानित्तत्र अग्रुठम महकाती, একদা नागरमोरकत প্রধান সেনাধ্যক এবং সোবিয়েত দেশের বাইপতি ( ১৯৫২ মে, ১৯৬০ ) 'क्रिम'कে कि শত্যিই পরিচ্ছন্নভাবে মুছে ফেলা সম্ভব ? কোট, মেডেল এবং বেল্টগুলো হয়ত কৈডে নেওয়া খেতে পারে. বার্ধক্যের স্থযোগে সভায় ডেকে এনে হয়ত কাঁদানোও যেতে পারে, এমন কি ৰুণ বিপ্লবের অক্ততম দেনা-नाग्रकरक ( উल्लंश : ফেব্রুয়ারী

বিপ্লবে 'ইছ মাইলোভেম্বি রেজিমেণ্ট' নামে জারের যে বাহিনীটি শত্রুপক্ষে ষোগ দিয়েছিল—তার সম্পূর্ণ কৃতিত্ব ছিল ভরোশিলফের) হয়ত মঞ্চ থেকেও নামিয়ে দেওয়া চলতে পারে. - किस भागीन ভরোশিলফকে মৃছে ফেলা যায় না। এমন কি ওঁর প্রথম যৌবনের কর্মভূমি লুগানস্ক-এর কারখানাটির সেই বেল ভরোশিলফগ্রাদ থেকে পান্টে আবার লুগানস্ক রাথলেও না। কেননা, রুশ বিপ্লবের ইতিহাসটা যথন একবার ছনিয়ার কাছে পরিবেশিত হয়ে গেছে তথন ভরোশিলফের নামটাও থাকছে।

প্রসঙ্গত এত কাণ্ডের আদি-কাণ্ডটাও উল্লেখযোগ্য। লোকে বলে ভরোশিলফকে এমন ছেনেস্তা তিনি করার একমাত্র কারণ मेंगानित्वत्र नवाशात्त्र कांध त्राथ-ছিলেন। তবুও যে বেরিয়া, ম্যালেনকফ এবং মলোটফের বেশ কিছু দিন পরে তাঁর সম্পর্কে রায়টা ঘোষিত হল-তার কারণ, ওঁদের সঙ্গে কাঁধ মিলালেও ভরোশিলফ গলা মেলাননি। স্ট্রালিনের কবরের পাশে দাঁডিয়ে তিনি কোন বক্ততা করেননি। 00. 33. 43

## ভাবা, ডঃ এইচ. ভে.

### ভাবা, ডঃ এইচ. জে.

ভারতবর্ষ ভেদ্ধির দেশ।
আমরা বলি—বিজ্ঞানের দেশও।
ভরা বলেন—সে 'ওকাল্ট সায়েন্স।'
ভর্ক না করে এটুকু স্বীকার করে
নেওয়া ভাল ধে আমাদের সনাতন
দেশে আধুনিক বিজ্ঞান সেদিনের
ঘটনা। তাতে আজ অস্তত আর
লক্ষার কারণ নেই, কেননা,
আমাদের শুধু টাটা নয়, য়মেও
আছে। এবং এই সর্বশেষ বিজ্ঞান
আমাদের যা আছে এশিয়ার আর
কারও নাকি তা নেই!

এতবড় একটা থবর আমরা
আঞ্চরটাতে পারছি বাদের কারণে
—তাদের অগ্যতম ব্যক্তিটি কিন্ত
নিজের কথা একদম রটাতে ভাল
বাসেন না।

গভীর আয়ত চোথ, প্রশস্ত মুথ। নাম—হোমি জাহাঙ্গীর ভাবা। 'ইণ্ডিয়াস ভাবা' বিদেশে স্থগাত পুরুষ। তিনি 'ইণ্টার গ্রাশগ্রাল কমিশান ফর পিসফুল ইউজ অব জ্যাটমিক এনার্জি' নামক একালের কর্তব্যপরায়ণ বৈজ্ঞানিকদের অন্তত্ম প্রতিষ্ঠানটির সভাপতি এবং 'ইণ্টার ক্যাশগ্রাল আটমিক এনার্জি কমিশন'-

এর একজন সদস্য। আর আর
সদস্যরা বলেন—ভাবা যথন কথা
বলেন তথন অহুমান করাও হুঃসাধ্য
যে শাস্তি ছাড়া আনবিক শক্তির
অন্ত কোন লক্ষ্য থাকতে পারে!
গরীব দেশের বৈজ্ঞানিক ভাবা
সব দেশের মাহুষের বন্ধু।

ছাত্র জীবন কেটেছে বোম্বাই এবং
কৈম্বিজে। 'আইজাক নিউটন বৃত্তি'
সহ ভারতীয় ছাত্র ভাবা অনেক বৃত্তি
ভোগ করেছেন বিদেশে। পরবতীকালে অগুতর সম্মানও ভোগ
করেছেন বছবিধ। রয়েল সোসাইটি
সহ তিনি বহু বিদেশী বিশ্বংসভার
সদস্য। এবার তাতে আবার নৃতন
সম্মান যুক্ত হল।

কর্মজীবন কেটেছে প্রধানত ইণ্ডিয়ান ইনষ্টিটিউট অব সায়েন্স-এ, এবং টাটা ইনষ্টিটিউট অব ফাণ্ডা-মেণ্টাল সায়েন্স-এ। উপস্থিত তিনি টুম্বের ডিরেক্টর, আমাদের অ্যাটমিক এনার্জি ডিপার্টমেন্টের সেকেটারী এবং অ্যাটমিক এনান্সি ক্মিশনের চেয়ারম্যান। একান্স বছর বয়ন্থ বৈজ্ঞানিক ভাবা—এই সব কার্বে আজ আমাদের জাতীয় সম্পদ।

বিজ্ঞানের জগতে একালে আমাদের জিনিস পরিমাণে বড়

### ভাবে, আচার্য বিলোৱা

কম। তব্ও ভারতবর্ধ অশোকের দেশ। সম্নাদী অশোক ভিথারীকে আধথানা আমলকী দিয়েছিলেন। বলেছিলেন—এই আমার দম্বল, এদ ছ'জনে ভাগ করে নিই। বৈজ্ঞানিক জগদীশচক্রও আমলকীকে আদর্শ করেছিলেন। তাঁর বহু বিজ্ঞান মন্দিরের অলংকরণে আমলকী দেওয়া নেওয়ার প্রতীক।

আমাদের ভাবাও তা-ই। তাঁর মারফতে আমরা যেমন নিতে পারি, ভেমনি দিতেও পারি।

8. 5. 90

### ভাবে, আচার্য বিনোবা

শুরু সেই তেলেঙ্গনায়,—
নলকুণ্ডা জেলার পচনপন্নী গাঁরে।
১৯৫১ সনের ১৮ই এপ্রিলের ভোরে।
পদষাত্রী বিনোবা আজও ইাটছেন।
তাঁর পাকাঠির মত শীর্ণ পা ছ'থানির
কাছে শঙ্করাচার্য হেরে গিয়েছেন,
বেলপথ লজ্জায় ছোট হয়ে গেছে
এবং মাছ্রুষ মান্তবের দিকে তাকিয়ে
বলছে তাহলে সভাই আমরা এত
বজু! বিনোবা যুগকে জিজ্ঞানায়
কেলেছেন। ভিথারীর শৃত্য শুলিতে
আজ লক্ষ লক্ষ একর জমি, গোটা
সোটা গাঁ। নি:সঙ্গ পথিকের পেছনে

আজ সহত্র মাহবের পদধ্বনি। বিনোবা বেন এযুগের 'ম্যাজিক পাইপার।'

হাটতে হাঁটতে যাত্ৰকর এসে আজ যেথানে দাঁডিয়েছেন সেথানে তার পদ্যাতার কঠিনতম পরীকা। উত্তর প্রদেশ আর মধ্যপ্রদেশের সীমানায় ঘন বন। বনে ষোড়শ শতক ধরে আইনহীন অন্ধকার। রপা, লক্ষণ, মানসিং, পুতলী আর তাদের স্থগঠিত দহ্যবাহিনীর রাজ্ত সেথানে। তারা আইন মানে না, **कौ**रत्नद्र मृत्रा **का**त्न ना। **कर**छ, পুলিদের স্থদীর্ঘ রেকর্ড তাই বলে। किছ वितावा वलन-एम कथा जुन। তিনি বিশাস করেন-এদের এখনও হৃদয় আছে, সমাজের লোভ আছে, শান্তির বাসনা আছে। ভূমি কুড়ানোর মত তাই তিনি পতিত জনয়কেও মমতার হাতে কুড়াতে চান। চম্বল নদীর ধারে, জনহীন গাঁরের প্রান্তে নি:সঙ্গ অখ্যথের তলে তাই তিনি ছাউনি পেতেছেন। হৃদয় দিয়ে হৃদয় ধরা তাঁর সম্বর।

অভ্ত শহর। দশ বছরের ছেলে প্রতিজ্ঞা করেছিল—বিয়ে করব না, জুতো পরব না, চিনি খাব না। বাবা ছিলেন বরোদার রাজ-সরকারের

# **जूरहे।, जून**किकात जानि

भन् कर्मात्रो। एए लित्र मिलिशि एए अदाना करन प्रति विद्याना करन प्रति विद्याना भागित्र पर्यान विद्याना वार्मार पर्यान वार्मार प्रति वार्मार वार्म वार्म वार्मार वार्म वार्

অঙুত মাহ্ব। বোলটা ভাষা জানেন। কিন্তু বই পড়েন মাত্র তিনটা। গীতা, ঈশপ্স-ফেবল, আর ইউক্লিডের জ্যামিতি। স্বাস্থ্যহীন কর দেহ। উচ্চতা পাঁচ ফুট চার ইঞ্চি, ওজন মাত্র পঁচাশি পাউও। তবুও ঔষধ খান না। খাত্য—হ'বেলা হুই পেয়ালা হুধ। তাও চিনি ছাড়া।

ভারতবর্ধ নাকি ইতিহাসে
রহস্থমর দেশ। চম্বল নদীর তীরে
এই শীর্ণকায় মহুত্ত মৃতিটিকে দেখে
মনে হয়—ভার চেয়েও বহস্থময়
বোধহয় মাহুব নামক জাতিটি। তার
কোলে এখনও বিনোবার মত মাহুবও
জন্ময়! ১৪. ৫. ৬০

## ভুট্টো, জুলফিকার আলি

ওয়াশিংটন-লগুন-দিলিতে এবং
বিশ্বের সর্বত্র কাপ্তজ্ঞানসম্পন্ন মাত্র্ব্ব
মাত্রই যথন বিশ্মিত, বিচলিত এবং
চিস্তিত—তথন লোকলজ্জা তুচ্ছ করে
অভিসারিকার ভঙ্গীতে এইমাত্র
একজন পাকিস্তানী হাসতে হাসতে
পিকিং-এ বাঁশের-চিকের আড়ালে
গিয়ে বসলেন। বাইরে থেকে চিকের
ফাঁকে যতটুকু চোথে পড়ছে, উপস্থিত
তিনি পায়ে ঘুঙুর বাঁধছেন; অচিরেই
পিকিং-অপেরার নয়াবাত্রের তালে
তালে তাঁরে আসল নাচ শুক্ হল বলে!

নাচতেই যথন নেমেছেন তথন ঘোমটাও নিশ্চয় এক সময় থসবে,— হুনজার কতথানি থয়রাতি হল, পানের ভিবেয় গিলগিটের কি কি ছিল তা নিশ্চয় জানা যাবে। কিছু তার আগে, কলকাতার প্রস্তাবিত চতুর্থ দরবারের পূর্বাহে মেহমান জুলফিকার আলি সাহেবকে আর একদফা চিনে রাখা দরকার। কেননা, জনাব ভুটো সেই মেজাজের মাহ্য যাঁর মন-মর্জি তু'চার বৈঠকে জানা যায় না।

জন্ম, অর্থাৎ এই নবপরিচয়ে আবির্ভাব,—মাত্র বছর চারেক আগে,

# ভুট্টো, জুলকিকার আলি

১৯৫৮ সনের আয়ুব-শাহের অক্টোবর-পরে। তার বিপ্লবের আগেও গেকেটে-কাগজে ভট্টো ছিলেন একজন। কিন্তু তিনি জুলফিকার আলি নন, তাঁর পিতা লারকানার (সিন্ধ) বিখ্যাত জমিদার স্থার শাহনাওয়াজ ভুটো। বোমাইয়ের পুরনো বাসিন্দাদের অনেকেই এখনও হয়ত তাঁর কথা মনে রেখেছেন। প্রবীণ ভূটো তাঁর জায়গীরের পুরো টাকাটাই প্রায় দেখানে উড়াতেন। এক সময় বোধাই মন্ত্রিসভায় তিনি মন্ত্রীও হয়েছিলেন।

মন্ত্রী-তনয় হয়েও জুলফিকার কদাপি গদীর কথা ভাবেননি। কেননা, জীবনে তাঁর সভ্যিই কোন প্রয়োজন ছিল না। ভাল ছাত্র ছিলেন। ক্যালিফোর্নিয়া থেকে অনার্স নিয়ে গ্রাজ্যেট হয়েছেন, অক্সফোর্ড থেকে এম. এ। তা ছাড়া লিছন ইন-এর ব্যারিস্টারের ছাড়পত। ভূটো তবুও অনেক দিন দেশে ফেরেননি। সাউদাস্পটন বিশ্ববিত্যালয়ে **আন্তর্জা**তিক আইন পড়াতেন তিনি। দেশে ফিরেছেন মাত্র '৫৩ সনে। তাও কোন বাজনৈতিক বাসনা হেতু নয়,—সম্পূর্ণ পেশাগত কারণে। সিন্ধুর মুসলিম ল' কলেজ তাঁকে টেনে এনেছিল, সেই সঙ্গে বিতীয় আকর্ষণ ছিল—দিকুর সর্বোচ্চ আদালতটি। আয়ুবের হাতে পড়ার আগে তরুণ ভূট্টো দেখানেই ছিলেন। কলেজে পরিচয় ছিল তাঁর অধ্যাপক, কোর্টে ব্যারিস্টার, বাইরে—পশ্চিম পাকিস্তানে অগ্যতম বৃহৎ জমিদারীর মালিক,—জমিদার।

ধেন, জমিদারী উচ্ছেদের ক্ষতিপ্রণ-স্বরপই—আয়ুব ভূটোকে নিজের
দরবারে ভূলে নিলেন। চমৎকার
চেহারা, প্রচুর নেথাপড়া,— তাছাড়া
টাকা-কড়িও ঘেঁটেছেন বিস্তর;
স্থতরাং তৎকণাৎ তার পদ হয়ে গেল
—মিনিন্টার অব কমার্স। সেথান
থেকে দেখতে দেখতে—জাতীয়
পুনর্গঠন দপ্তর, তারপর—জালান্
ইত্যাদি, এবং অবশেষে এই ফেব্রুয়ারী
থেকে—পররাষ্ট্র। মহম্মদ আলির
আক্মিক মৃত্যুর পর ভূটোই এখন
রাওয়ালপিণ্ডিতে পহেলা উজীয়,—
আয়ুবের পরেই তার ইমান।

বিদেশে-মান্থৰ ভূটো ইতিমধ্যে বছ দেশ দেখেছেন,—বছ বৈঠকে বদেছেন। সদার স্বৰ্ণ সিং, কশ তেলের কারবারী দল, মার্কিণী রাষ্ট্র প্রতিনিধিগণ—বাঁদের সঙ্গেই বদেছেন তিনি, সবাই একবাকো

## ভেরউর্ড, ডঃ হেনডিক ফ্রেক্সক

শীকার করেছেন—কথায়-বার্তায়
মাহবটি সত্যিই চোস্ত আদমী। কিন্তু
পিকিং থেকে ফিরে আসার পর যে
ভূট্টোকে পাবে ওয়াশিংটন-লণ্ডন-দিল্লি
—তিনি কি একই মাহব ?

শুনেছি, অবসরে ইতিহাস-পড়া
ভূটোর নেশা। তিনি নিশ্চর জানেন,
—ইতিহাসে এই থেলাগুলোর কি
নাম এবং যারা থেলে বা ক্রীড়নক হয়
—ঐ পুঁথিগুলোর কোন্ অধ্যায়ে
তাঁদের ধাম! ২৮. ২. ৬৩

## ভেরউর্ড, ডঃ হেনড্রিক ফ্রেন্সক

'তোমার ভাষাহীন ক্রন্সনে বাষ্পাকুল অরণ্যপথে

পদ্ধিল হল ধ্লি তোমার রক্তে অশ্রুতে মিশে, দস্থ্য-পায়ের কাঁটা মারা জুতোর তলায় বিভৎস কাদার পিণ্ড

চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে।

অস্তরঙ্গ আত্মীয়তার আফ্রিকার ইতিহাস লিথেছিলেন বাংলাদেশের কবি। আফ্রিকা যে চিরকাল ঘুমিয়ে থাকবে না সে সংবাদও অগোচরে ছিল না তাঁর। তিনি জানতেন 'বনস্পতির নিবিড় পাহারা' এড়িয়ে আফ্রিকার অন্ধকার অস্তঃপুরেও একদিন স্থালোক এদে পৌছাবে। ম্যাকমিলান সাহেবের
মত বনেদী সাম্রাজ্যশাসকক্লের মান্ত্র
বারা তাঁরাও বলেন—আজ সেই দিন।
আজ আফ্রিকার ঘুম ভাঙ্গার দিন।
কিন্তু একজন মান্ত্র কিছুতেই বিশ্বাস
করেননা দে কথা। তিনি ভাঃ
হেনড্রিক ফ্রেন্সক ভেরউর্ড। আজকের
দক্ষিণ আফ্রিকার প্রধানমন্ত্রী।

বিংশ শতকের এই ষষ্ঠদশকে কোন
সমাজবিজ্ঞানী যদি চর্ম-মাহাত্ম্য নিয়ে
গবেষণায় মত্ত হন, তবে অবশিষ্ট
ছিনিয়া তাঁকে নিয়ে হাসবে। কিস্ক বার্লিন বিশ্ববিভালয়ের মনোবিজ্ঞান
এবং সমাজবিজ্ঞানের প্রথ্যাত ভৃতপূর্বঅধ্যাপক ভেরউর্ডকে নিয়ে হাসবার
উপায় নেই। কেননা, তিনি নির্দোষ
গবেষক নন, প্র্যাক্তিক্যাল শাসক।
রবীন্দ্রনাথের কবিতার প্রতিটি ছত্ত
আজও তাঁর কারণেই ইতিহাস নয়।

বয়দ উনবাট। উচ্চতা ছ'ফুট ছ'
ইঞ্চি। গাত্ৰবৰ্ণ দাদা। কালো পিগমীদের দেশে ভেরউর্ড বে বহিরাগত সে
কথা বলাই বাহুল্য। পিতা ছিলেন
ভাচ। জন্ম—নেদারল্যাণ্ডে। দক্ষিণ
আফ্রিকায় তাঁর পদার্পন এই শতকের
গোড়ার দিকে। মাঝখানে লেখাপড়ার
জন্মে কিছু কাল ইউরোপবাদী হয়েছিলেন ভেরউর্ড। কর্মজীবনও অংশত

ইউরোপে। তারপর থেকেই তিনি আবার দক্ষিণ আফ্রিকায়। ভেরউর্ড দেদিন দীর্ঘ এগার বছর একটি দৈনিক কাগজের সম্পাদক ছিলেন। যুদ্ধের সময়ে এই হ:সাহসী কাগজটি ছিল নাৎসীদের সমর্থক। বাস্তহার। ইত্রা-দের দক্ষিণ আফিকায় স্থান দিতে যাঁৱা অসমতি জানিয়েছিলেন তিনি ছিলেন তাঁদের অন্যতম। সিনেটে তাঁব আগমন घटि ১৯৫० मता। मङ मङ ग्रामात-লিণ্ট পার্টির নেতারা তাঁকে নিযুক্ত করেন 'নেটিভ দপ্তরের' মন্ত্রী। গেল আট বছরে আইনের নানাবিধ যাতাকল উদ্ধাবন করার পর অবশেষে '৫৮ সনে তিনি নিবাচিত হয়েছেন श्रधानग्रही।

প্রধানমন্ত্রী হিদাবে ভেরউর্ড আজ দক্ষিণ আফ্রিকায় যা করছেন—তাতে নিঃদন্দেহে জেনারেল স্মাটদণ্ড তাঁর কাছে পরাজিত। আজ তিনি দভ্যতার প্রকাশ্ত লজ্জা, কমনওয়েলথ-এর শহা, এবং গোটা এশিয়া আফ্রিকার দ্বণা। সিংহ আর হাতি কি সহাবস্থানে সক্ষম নয়? ভেরউর্ড দৃঢ় কঠে বলেন—'না।' যদি আফ্রিকানরাপ্ত তাই বলে? তিন লক্ষ সাদা বনাম একশ দশ লক্ষ কালোর দেই লড়াইয়ের পরিণতিটুকুর কথা ভেবেই 'নেকড়ের

চেয়েও তীক্ষ নথওয়ালা' মাছ্যগুলোকে ক্ষমা করেছিলেন রবীন্দ্রনাথ।

S. 8. 60

### ভ্যালেরা, ডি.

'ইউ হাত বাট ওয়ান লাইফ টু
লীভ, আ্যাও বাট ওয়ান ডেথ টু ডাই।
সী ছাট ইউ ডু বোপ লাইক ম্যান!'
—আবেগকম্পিত কঠে সহযোদ্ধাদের
কর্তব্যে আহ্বান জানালেন তরুণ
অধিনায়ক। ওঁরা প্রত্যেকে যেন
অতঃপর এক একটি সিংহ। রটিশ
বাহিনী ভাবতেও পারে নি মাত্র
পঞ্চাশ জন 'সৌথিন' লড়িয়ে এতক্ষণ
ধরে তু' মাইল রেলপথ আগলে রাথতে
পারবে। প্রত্যেকটি বালক যেন এক
একটি হুর্গ। সে আর এক থার্মো-পলিস। অথবা হলদিঘাট।

১৯১৬ সনের কথা। সেদিন 'ইন্টার মনডে'। সাম্রাজ্যের শাস্তিকে বিন্নিত করে হঠাৎ গোটা আয়র্ল্যাণ্ডব্যাপী সশস্ত্র অভ্যথান। আইরিশ ভলান্টিয়াররা বিজ্রোহ করেছে। তারা আয়ার্ল্যাণ্ডকে রিপাবলিক বলে ঘোষণা করেছে। দেশের শিরা, অক্সভম জরুরী রেলপথটি এখন ভাবলিন বিগ্রেভের অধিকারে। একটি ভঙ্গণের নেতৃত্বে পঞ্চাশ জন যোজা তা পাহারা

### ভ্যালেরা, ডি.

দিচ্ছে। বৃটিশবাহিনী দেদিকে এগিয়ে চলল। তথনই উচ্চাবিত হয়েছিল এই ঐতিহাদিক যুদ্ধ-বাণী: মাহুষ এক জীবন-ই বাঁচে, মরলে একেবারেই মরে……!

পঞ্চাশজনের মধ্যে উনপঞ্চাশজনই বীরের মৃত্যু বরণ করেছিলেন সেদিন পিতৃত্মির স্বাধীনতার নামে। বেঁচে-ছিলেন শুধু সেই তরুণ সেনানায়কটি। চমকিত বিশ্ববাদী শুনেছিল, সে ছঃসাহদীর নাম—ইমন ডি ভ্যালেরা।

মাত্র ক'দিন আগে ভাবলিনে যিনি আমাদের রাষ্ট্রপতিকে সাদর সম্বর্ধনা জানিয়েছেন, ভারত আর আয়ার্ল্যাণ্ডের মধ্যে নতুন করে বন্ধুত্বের স্থচনা করেছেন, বিরাশী বছরের প্রবীণ আইরিশ প্রেসিডেন্ট ১৯১৬ সনের সেই বিজ্যোহী নায়ক-ই। ভি ভ্যালেরা আজও বেঁচে আছেন, কেননা মাত্র এক জীবন কেমন করে মাহুষের মত বাঁচা যায়, বাঁচা যেতে পারে—এ পৃথিবীকে যাঁরা তা সত্যিই দেখাতে পারেন তিনি তাঁদের মধ্যে একজন।

জন্ম ১৮৮২ সনের অক্টোবরে।
জন্মস্থান—নিউইয়ক, আমেরিকা।
বাবা ছিলেন এক স্প্যানিশ গায়ক, মা
আইরিশ মেয়ে। ছেলে এডোয়ার্ডের
বয়স যথন মাত্র হু'বছর তথন হঠাৎ

বাবা বিদায় নিলেন। মা আবার বিয়ে করে নতুনভাবে সংসার পাতলেন। শিশু ডি ভ্যালেরাকে দেখাশোনার জন্মে পাঠিয়ে দেওয়া হল আয়ার্ল্যাওে মামার বাড়িতে। এভোয়ার্ড সেথানেই মাহয়।

স্থলে 'এডোয়ার্ড' নাম পান্টে 'ইমন' হল। কলেজে গ্যালিক ভাষাকে ভাল-বাদলেন। এবং য়ুনিভার্সিটি থেকে বের হয়ে পাকা আইরিশ জাতীয়তা-বাদী হয়ে গেলেন। সে ১৯০৪ সনের কথা। য়ুনিভার্সিটিতে অক্টের ছাত্র ছিলেন। ভাল ছাত্র। আগাগোড়া বৃত্তির টাকায় পড়েছেন। স্থতরাং কাজের অভাব হল না। ক' বছর নানা স্থলে কলেজে অধ্যাপনার কাজও করেছিলেন ইমন। কোথাও অফ্ট পড়াতেন, কোথাও লাতিন, কোথাও ফিজিয়া, কোথাও ফেঞ্চ। কিন্তু আসল নেশা ভাঁব স্থানেশী।

১৯১৩ সনে ডি ভ্যালেরা পাকাপাকিভাবে আইরিশ ভলানটিয়ারদের
সঙ্গে যোগ দিলেন। সঙ্গে সঙ্গে শুরু
হল তাঁর ঐতিহাসিক জীবন। ১৯১৬
সনের ইন্টার-অভ্যুত্থানের নায়ক
হিসেবে প্রাণদণ্ডে দণ্ডিত করা হয়েছিল তাঁকে। পরের বছরই শান্তিচুক্তি। স্বতরাং ফাঁসিকাঠে জীবন

### ভ্যালেরা, ডি.

দেওয়ার বদলে বিজোহী বৃটিশ পার্লামেণ্টের সদস্থ নির্বাচিত হয়ে গেলেন।
ডি ভ্যালেরা তথন বিখ্যাত 'সিন
ফেইন' আন্দোলনের নায়ক। 'সিন
ফেইন' মানে—'উই আওয়ারসেলভস্'—'আমরা নিজেরা।' ওঁরা
আয়র্ল্যাণ্ডে বৃটিশ শাসনকে স্বীকার
করেন না।

আইরিশ সদক্তরা বৃটিশ পার্নামেণ্ট ছেড়ে নিজেদের পার্লামেণ্ট গড়লেন। ডি ভ্যালেরা নির্বাচিত হলেন তার সভাপতি। আবার রাজরোষ। ইংরেজরা ওঁকে জেলে দিলেন। ১৯১৯ সনের কথা। ছংসাহসী ডি ভ্যালেরা জেল থেকে পালালেন। তার পর সোজা আমেরিকা। আয়র্ল্যাণ্ডের স্বাধীনতার নামে যোদ্ধা সেখানে সভায় বক্তৃতা করেন, টাকা ভোলেন। আঠার মাসে বাট লক্ষ ভলার সংগ্রহ করেছিলেন তিনি সেদিন মার্কিন জনসাধারণের কাছ থেকে।

'২১ সনে আবার সন্ধি। ডি ভ্যালেরা দেশে ফিরে এসে পার্লা-মেন্টের সভাপতি হলেন। দেশে তথন গৃহযুদ্ধ। একদল থণ্ডিত আয়র্ল্যাণ্ড মেনে নিয়ে চুক্তিতে রাজী, অক্তদল রাজী নয়। ইমন দিতীয় দলের অধিনায়কত্ব বরণ করে নিলেন। তিনি

রিপাবলিকান। ক্রি টেস্টের পরিচালকেরা ওঁকে বন্দী করলেন। ডিভ্যালেরা তথন একটা জনসভায় বক্তৃতা
করছিলেন। কথা অসমাপ্ত রেথেই
তাঁকে জেলে থেতে হল। দশ মাস
পরে ছাড়া পেয়ে একই সভায় জনসমক্ষে আত্মপ্রকাশ করলেন তিনি।
তাঁর সেদিনের বক্তৃতার প্রথম ছত্র—
'এজ আই ওয়াজ সেয়িং হোয়েন আই
ওয়াজ ইন্টারাপটেড……।'

আবার অন্তর্বিরোধ। একদল
বলেন রাজার প্রতি আমুষ্ঠানিক
আমুগতা কিছু নয়। তি ভ্যালেরা
বলেন—আমি তাতেও গররাজি।
'সিনফেইন'দের ছেড়ে নতুন দল গড়লেন তিনি। নাম—'ফিয়ানা ফাইল'
—'সোলজারস অব ডেফিনি। বে
কোন রকমের রাজ-চিহ্ন তাঁরা বরদান্ত
করতে নারাজ! ডি ভ্যালেরা
পার্লামেন্টে সংখ্যালঘিষ্ঠের নেতায়
পরিণত হলেন। তবুও তিনি আপোমে
রাজী নন।

'৩২ সনে সংখ্যালঘিষ্ঠ থেকে
সংখ্যাগরিষ্ঠে পরিণত হল 'ফিয়ানা
ফাইল।' ভ্যালেরা ক্ষমভায় এলেন।
ভারপর শুক্ত হল একের পর এক
সংস্থার। '৩৭ সনে দেশ থেকে ইংরেজ
গভর্নর জেনারেলকে বিদায় নিডে

## ভ্যালেরা, ডি.

হল। তৎসহ ইংলতেখরের প্রতি আহুগত্যের প্রতিজ্ঞাপত্রটিও গেল। '৩৮ সনে নতুন শাসনতন্ত্র। ডি ভ্যালেরা প্রধানমন্ত্রী হলেন। একালে তাঁর বিখ্যাত কীর্তি যুদ্ধে আয়র্ল্যাণ্ডের নিরপেক্ষতা। আটেরিশ व्राहेटन अरम हेश्दब्बानव भागाभागि দাঁড়িয়ে লড়াই করেছে। কিন্তু আয়র্ল্যাও তবুও শেষপর্যন্ত নিরপেক। আমেরিকা প্রতিবাদ জানিয়েছিল— ভাবলিনে জার্মান দৃতাবাস রাথা কি সঙ্গত হচ্ছে ? ডি ভ্যালেরা উত্তর দিয়েছিলেন, আমি ওদের বেতার-প্রেরক যন্ত্রপাতি সব কেডে নিয়েছি। বিশ্ব নিশ্চিম্ব থাকতে আয়ুর্ল্যাণ্ডে বদে কেউ স্বাধীনতার বিক্তমে চক্রাস্ত করতে পারবে না।

'৪৪ দনে পঞ্চমবারের মত
নির্বাচনে বিজয়ী হলেন জি ভ্যালেরা।
'৪৮ সনে ভারত-ভ্রমণ। ভারতের
দে-ই প্রথম স্বপ্রের নায়ককে আপন
চোথে দেখা। ভারতের স্বাধীনতা
সংগ্রামীদের অক্সতম প্রেরণা ছিলেন
তিনি। গান্ধিজী তাঁকে ভালবাসতেন।
গদর পার্টির বিপ্রবীরা ব্যক্তিগতভাবেও
যোগাযোগ স্থাপন করেছিলেন তাঁর
সঙ্গে। স্বাধীন ভারত আপন চোথে
দেখে দেশে ফিরে আপন ধ্যানের

খাধীনতাকে সম্পূর্ণ করলেন সংগ্রামী আইরিশ নায়ক। আয়ুর্ল্যাগুকে তিনি সাৰ্বভৌম রিপাবলিক হিসাবে ঘোষণা করলেন। সেই সঙ্গে কমনওয়েলথ থেকেও বিদায় নিল আয়ল্যাও। ইন্টার অভ্যুত্থানের ৩৩শতম বার্ষিকীতে ডি ভ্যালেরার স্থপ সফল হল। উত্তর আয়ুর্ল্যাণ্ডের বিচ্ছেদটুকু ছাড়া তাঁর স্বাধীনতায় অন্ত কোন অপূর্ণ সাধ নেই। '৪৮ সনে একবার নির্বাচনে পরাজিত হয়েছিলেন ডি ভ্যালেরা। সাময়িক পরাজয়। তিন বছর পরেই আবার আপন আসনে ফিরে এসে-ছিলেন বিস্তোহী নায়ক। '৫৪ সনে আবার পরাজয় এবং 'ং৭ সনে আবার পুনরুখান। পাচ বছর আগে প্রধান-মন্ত্রীর দায়িত্ব অন্তের হাতে তুলে দেওয়ার পর থেকে এখনও তিনি তাঁর আপন হাতে গড়া দেশ আয়ৰ্ল্যাণ্ডের প্রেসিডেন্ট।

অভ্ত জীবন। আশ্চর্য ব্যক্তিত্ব।

ডি ভ্যালেরা বোধহয় পৃথিবীতে একজনই হতে পারেন। তিনি দংগ্রামী,

তিনি গৃহস্থ। সাতটি ছেলেমেয়ের

পিতা। ডি ভ্যালেরা বিয়ে করেছেন
১৯১০ সনে। তিনি যোজা, তিনি
দার্শনিক। এখনও পায়ে হেঁটে বেড়ান

## मण्टेशामात्री, किल्ल्या नि

ছাড়া তাঁর অগ্তম নেশা দর্শন-চর্চা।
তিনি ভাষাবিদ, তিনি আগ্নেয় বক্তা।
ডি ভ্যালেরা বক্তৃতা দেবেন শুনে
কোন রদিক আইরিশ নাকি বলে-

ছিলেন—ডি ভ্যালের। ইন্ধ মার্চিং অন ডাবলিন এট দি হেড অব টুয়েন্টি থাউজেও ওয়ার্ডন।

3. 3 ·. 48

### ম

## মণ্টগোমারী, ফিল্ডমার্শাল

স্থলের অন্ত ছেলেরা ঠাটা করে বলত—'মিছি।' বন্ধুরা বলেন— 'মিটি।' ইউরোপের সমসাময়িক ইতিহাসে তাঁর নাম—ফিল্ড মার্শাল মন্টগোমারী। 'ভাইকাউন্ট মন্টগো-মারী অব আলামিন।'

আমেরিকায়—আইক, রাশিয়ায় যেমন (ছিলেন) জুকভ,—ইংলওে তেমনি মন্টি। ফিল্ড মার্শাল মন্ট-গোমারী আজ অবসরপ্রাপ্ত। তার বয়স এখন বাহাত্তরের ওপর। কিছ এখনও তিনি ছোট বড় নির্বিশেষে ইংরেজদের ভালবাসার মন্টি।

ষিতীয় বিশ্বযুদ্ধের বীর ফিল্ড-মার্শাল মন্টগোমারী আবাল্য লড়িয়ে। তার আত্মজীবনী মতে তাঁর জীবনের প্রথম লড়াই মায়ের সঙ্গে।—from which my mother invariably emerged the victor.' জনৈক এ্যাংলিকান বিশপের নয়টি ছেলেমেয়ের মধ্যে—মন্টিই ছিল সবচেয়ে
ছধর্ষ। মা বলতেন,—দেখত মন্টি
কি করছে ? ওকে তা করতে মানা
কর। তিনি ধরেই নিয়েছিলেন—
মন্টি যা-ই করুক, তা নিশ্চয়ই নিষেধ
করার মত কিছু হবে।

তব্ও মা বাবার কাছ থেকে ফিল্ড
মার্শাল মন্টগোমারী যে স্থাওংগর্ক —
এর চেয়ে কম শিক্ষা পাননি—
একজন অস্তত তা জানেন। তিনি
রাশিয়ার মার্শাল রকোসোভস্কি।
জার্মান সৈক্সরা সেদিন আত্মসমর্পণ
করেছে ফিল্ডমার্শাল মন্টগোমারীর
কাছে। (সেই ঐতিহাসিক দলিলটি
আজও নিজের কাছে রেখেছেন
মন্টি।) জনৈক লেবার সদস্য তা
নিয়ে প্রশ্ন তুলেছিলেন পার্লামেন্টে।
চার্চিল তার জবাবে বলেছিলেন—

"Anybody who takes the surrender of 2,000,000

# মন্রো, স্থার লেস্কি নক্স

of the enemy in the battle is entitled to keep the receipt!"

রকোসোভস্কি ভোজের আয়োজন করেছেন সোবিয়েত শিবিরে। মণ্ট-গোমারীর কাছে তিনি জানতে চাইলেন—কি মদ ভালবাদেন তিনি! মন্টি উত্তর দিলেন—জল ছাড়া অগ্য কিছু পান করিনা আমি!—সিগার? উত্তর হল: আই ডুনট ম্মোক।

ছোটবেলায় মণ্টি দেখেছেন—
হপ্তায় হাতথরচ বাবদে বাবা মাত্র দশ
শিলিং পেতেন মায়ের কাছ থেকে।
বটেনের সবচেয়ে খ্যাতিমান
জেনারেলটির ব্যক্তিগত থরচ কোন
স্থাতেই তার বেশী হয় না।

সাদাসিধে জীবন। সাদাসিদে
কথাবার্তা এবং লেখা তুই-ই।
মন্টগোমারী তিন দিনের জন্ম ভারতে
এসেছেন। চীনেও যাবেন। ভারতচীনের বর্তমান সম্পর্কের কিছু কি
উন্নতি হবে ভার ফলে? '—অস্তত
আরও অবনতি হবে না নিশ্চয়!'
মন্টি এই কৈফিয়তটিই দিয়েছিলেন
গেল বছর প্রবল বিরোধিভার মধ্যে
ভিনি যখন মস্কো যাত্রা করেন
ভখন।

2. 3. 40

## মন্রো, স্থার লেস্কি নক্স

গোয়ার ব্যাপারে ভারতকে ইনি সমর্থন করেননি।

কিন্ত তব্ও সামনে দাঁড়ালে মনে হয়—মাহব কেন এমন হয়না,—ওঁর
মত। বয়স একষটি পার হয়ে গেছে।
মাধাটা তব্ও স্বউচ্চ, ছ'ফুট হ'ইফি।
ঘন জ যুগলে বয়সের ছাপ পড়েছে,
কিন্তু দেহে এখনও হ'ল' দল পাউও
ওজন। কথা যখন বলেন তখন মনে
হয় প্রতিটি শব্দের ওজনও বৃঝি বা
তাই।

স্থাপক, স্থাসক, স্পণ্ডিত, স্থাপক, আইনজ, রাষ্ট্রনীতিবিদ। তিন দফায় নিরাপত্তা পরিষদের সভাপতি হয়েছেন, একবার সাধারণ পরিষদের, তত্পরি—একবার ট্রাষ্টি-শিপ কাউন্দিলের। এখন পরিচয়— দেক্রেটারী জেনারেল ইন্টারক্সাশনাল কমিশন অব জুরিষ্ট্রদ।

নাম—শুর লেসলি নক্স মনরো।
দেশ—নিউজিল্যাণ্ড। উদ্দিষ্ট তিবত,
হাকেরী, ঘানা, অ্যাক্ষোলা—সব;—
ছনিয়া। যেথানেই আইনের শাসন
বিপর্যন্ত সেথানেই চোথে চশমাটা
লাগিয়ে শুর মনরো গালে হাভ দিয়ে
ভাবিত।

## মন্রো, স্থার লেস্কি নস্ক

বিরাট আইনজীবী ছিলেন একদিন নিজের দেশে। মাত্র পঁয়ত্তিশ বছর বরুসে নিউজিল্যাণ্ডের ল' সোসাইটির প্রেসিডেন্ট হয়ে স্বাইকে তাক লাগিয়ে দিয়েছিলেন।

কলেজেও দেই একই অবস্থা।
অকল্যাণ্ডের জনৈক স্থল শিক্ষকের
এই ছেলেটি, সাহিত্য এবং আইনের
সমৃদয় পরীক্ষায় রেকর্ড স্ঠাষ্ট করেছিলেন।

রেকর্ড আয় হচ্ছিল ব্যবসায়ও।
কলেন্দ্রে পড়াতেন, কাগন্ধে লিখতেন,
রেভিওতে বক্তৃতা দিতেন,—তত্তপরি
ছিল স্বাধীন ব্যবসা। কিন্তু একদিন
তাই ছেড়ে দিলেন। কেননা,—সাইন
তথু পুঁথিতে রাখনে মন ভরে না।

মনরে! তৎকালে পার্লামেন্টের বিরোধী দল স্থাশনালিন্ট পার্টিতে ঘোগ দিলেন। সঙ্গে সঙ্গে নিউজি-ল্যাণ্ডের প্রাচীনতম দৈনিক 'নিউজি-ল্যাণ্ড হেরল্ডে'র সহযোগী-সম্পাদকের দায়িত্ব গ্রহণের জন্মেণ্ড একটা আমন্ত্রণ পেরে গেলেন। মনরো সে আমন্ত্রণ গ্রহণ করলেন।

পরের বছরই তিনি হেরক্ডের সম্পাদক। এবং ফলে এবারও রেকর্ড। শোনা যায়, সম্পাদক মনরো সেদিন তথু যে এই কাগজটির প্রচার সংখ্যা পঞ্চাশ হাজার থেকে দেড় লক্ষে তুলেছিলেন তাই নয়,—এই কাগজের
বলেই বিরোধী পক্ষ থেকে নিজের
দলকে তিনি সরকার পক্ষেপরিণত
করেছিলেন।

তারই স্মারক হিসেবে '৫১ সনে প্রধানমন্ত্রী হল্যাও ওঁকে পাঠিয়ে-ছিলেন মার্কিন দেশে রাষ্ট্রদ্ত করে। সেই সঙ্গে মনরো সেদিন নিযুক্ত হয়েছিলেন—য়ুনোয় নিউজিল্যাওেয় প্রধান প্রতিনিধি। কিন্তু কোথায় আজ নিউজিল্যাও ? কথা বললে মনে হয় ভার মনরো এখন স্তিটেই বিশ্বনাগরিক, তিনি বিশ্বের আইনা-ছগত আত্মার প্রতিনিধি।

ব্যক্তিগত জীবনেও যেন বিশেষ কোন দেশের মাহ্য নন। প্রথম স্ত্রী বিয়ের হ'বছর পরেই একটি কন্তাসন্তান রেথে চলে গেলেন। বিভীয় স্ত্রীর সন্তানও একটি কন্তা। হজনেই এখন
মার্কিন দেশে সংসারী মেয়ে। বাবা
তিন মানের জন্তে সদর দপ্তর ছেড়ে
বের হয়েছেন। পনেরটি দেশে
যাবেন। আইনের শারীরিক অবস্থা
সচক্ষে পর্যবেক্ষণ করবেন, আইনের
কথা বলবেন।

সেই স্তেই স্থর মনরো সেদিন কলকাতা হয়ে গেলেন। ৮.২.৬২

### যোলটভ, ভি.

মা বাবার পদবী ছিল—ক্ষায়াবিন।
কাজানে পড়তে গিয়ে স্থলের ছেলে
নতুন পদবী নিল। সে বলল—আমি
—'মোলটভ'। অর্থাৎ—হাতুড়ি।
মোলটভের বয়স তথন মোটে বোল।

ষোল বছর থেকেই—'হাতৃড়ি'।
এখন তাঁর বয়স সত্তর বছর। '৫ সনে
বে বিশ্বব হয়েছিল রাশিয়ায় মোলটভ
সেকালের কমরেড। ইতিমধ্যে '৫৭
সন অবধি, গেল একাল্ল বছরে রাশিয়ায়
তিনি কি ছিলেন তার কিঞ্চিৎ আভাস
পাওয়া যাবে যদি তাঁর পদগুলোর
কথা শোনা যায়। মেডেল এবং
ফারগুলোনা হয় উহাই বইল।

মোলটভ '৬ সনে গ্রেপ্তার হলেন।
তাঁর নির্বাসন হল। '১১ সনে ফিরে
এলেন। সে বছরই সেণ্ট পোসবার্গে
দেখা হল লেনিন এবং ফ্যালিনের
পক্তে। সেই বন্ধুত্ব ওঁদের শেব দিন
পর্বস্ত অটুট ছিল। '১২ সনে জন্ম নিল
বিশ্বথ্যাত 'প্রাভদা' এবং 'ভেজদা'
(zvezda)। মোলটভ তাদের
অক্তম জনক। '১৭ সনে তিনিই
ছিলেন 'প্রাভদা'র সম্পাদক।

'১৭ র আগে এবং পরেও দলে কমরেড মোলটভ বিশিষ্ট ব্যক্তি। '২১ সনে তিনি ছিলেন দলের বিজীয় সেকেটারী। প্রথম-স্ট্যালিন। '৩০ থেকে '৪১ সন অবধি তিনি 'কাউন্সিল অব পিপল্ল কমিশার্দ'এর চেয়ার্ম্যান এর কান্ধ করেছেন। পদটা তৎকালে মর্যাদায় প্রধানমন্ত্রীর সমান। মোলটভ দেশের প্রধানমন্ত্রী হননি বটে, কিন্তু তিনি মন্ত্রিসভার সহ-সভাপতি হয়েছেন এবং বৈদেশিক দপ্তরে মন্ত্রিত্ব করেছেন তুই দফার প্রায় তের বছর। এছাড়াও মোলটভ-এর ক্রতিত্বের ফর্দে রয়েছে—পর ত্র'টি পাঁচদালা-পরিকল্পনা। দেশের প্রথম এবং দ্বিতীয় পাঁচ-**সালা পরিকল্পনায় মোলটভের হাডেই** চিল-কৃষি এবং শিল্পের লক্ষাভেদের মোলটভ সফল হলেন। ফলে মস্কোর একটা এলাকা তাঁর নাবে নামান্ধিত হল। তাঁর নামে নতুন শহর গড়ে উঠল এবং রাস্তা পার্ক—অসংখ্য। তবুও '৫৭ সনের ২২শে জুন সেন্ট্রাল কমিটির সভায় ক্রুশ্চফ ঘোষণা করলেন যোলটভ বিশ্বাসঘাতক। বিক্লম্বে নিয়মিতভাবে কাজ চলেছেন তিনি। সভায় উপস্থিত ছিলেন-একশ' তিবিশন্ধন সদস্য। সকলে হাত তুললেন। নির্বাক রইলেন। কমরেভরা অবাক হরে দেখলেন—তিনি সত্যিই পার্টির বিক্রে। মোলটভ দলের প্রস্তাবকে দমর্থন জানালেন না। সভা থেকে বের হতে হতে লোকেরা কানাকানি করন—লোকটা সত্যিই হাতুড়ি।

কুশ্চফ বললেন—হাতুড়ি নয়, ওঁরা ব্লাক-সীপ। মোলটভ-এর নির্বাদন হল। রাশিয়ার ভৃতপূর্ব পররাষ্ট্রসচিব মঙ্গোলিয়ায় রাষ্ট্রদূত নিযুক্ত হলেন।

এবার শোনা গেল—মোলটভ ঘরে ফিরছেন। ক্রেশ্চফ তাঁকে আণবিক কমিশনে <u> যাস্তর্জাতিক</u> দেশের প্রতিনিধি করে পাঠাচ্ছেন।— পাঠাচ্ছেন ? অথবা—আসছেন ? মহামাক্ত জার বাহাত্র তু'ত্বার নিৰ্বাসনে পাঠিয়ে হাঁকে পারেননি, মঙ্গোলিয়া থেকে জেনেভা পথ করে আসা তাঁর পক্ষে কি একেবারেই অসম্ভব ? ₹6. 5. 400

#### মহতাব, ডঃ হরেকুঞ

একটু বয়স্ক লাংবাদিক থার। তাঁরা এখনও বলেন—হরেক্লফ আসলে শাংবাদিক।—ওঁর মত 'এভিটর' কম হয়।

দেকালে বাংলায় বেমন 'ন্দানন্দ-বান্ধার', উড়িয়ায় তেমনি 'দৈনিক শ্রদাতম্ব'। সাত বছর একটানা তার সম্পাদক ছিলেন মহতাব। কিছুকাল
—'রচনা' নামক ওড়িয়া সাহিত্য পত্রেরও।

সাহিত্যামুরাগীরা বলেন—মহতাব আসলে সাহিত্যিক।

তিনটি প্রথম খেণীর উপস্থাস,
একটি নাটক এবং একটি বিশিষ্ট
ইতিহাসের ('History of Orissa')
বচয়িতা ড: হরেকৃষ্ণ মহতাবের
'ডক্টরেট' পদবীটি আসলে সেই স্ফেই
অর্জিত। দিয়েছেন—অন্ধ্র বিশ্ববিদ্যালয়
('৫০)।

তবে নগদ দানে হরেক্ক নিজে
যেন তাদেরও ছাড়িয়ে। পঁচিশ
হাজার টাকা দান করেছেন তিনি
প্রাচীন ওড়িয়া কবিদের রচনাবলী
প্রকাশার্থে। ছাব্বিশ হাজার টাকা
দিয়েছেন—উড়িয়ার আদিবাসীদের
মধ্যে 'গান্ধীধর্ম' প্রচারার্থে। দানে
মহতাব তাঁর নিজের দেশে রাজা না
হয়েও রাজা।

তুটো দানে বেমন হাজার টাকার স্ক্র ব্যবধান জীবনেও তেসনি। বাসনা ছিল—লেথাপড়া, সাহিত্য, পাণ্ডিত্য। কিন্তু 'গান্তীধর্ম' নতুন মন্ত্র শেথাল। '২১ সনের কথা। মহভাব তথন রাভেন শ কলেজের ছাত্র। একদিন গান্তীজির ভাকাভাকি কানে

### মহভাব, ডঃ হরেকুক

এল। বই ফেলে ছেলে স্বদেশী-গুয়ালাদের দলে মিশে গেল। সেই ষে গেল, গেলই।

'২৪ সনে বালেশ্বর জেলা বোর্ডের চেয়ারম্যান-এর আসনে দেখা গেল তাঁকে। যুগপৎ বিহার এবং উড়িয়ার যুগ্ম-বিধানসভায়ও। কত আর বয়স হবে তথন তাঁর ?—পচিশ বছর!

'৩০ সন। আবার অসহযোগ আন্দোলন, লবণ সত্যাগ্রহ, কারাবাদ। মহতাব তথন উৎকল প্রদেশ কংগ্রেদ কমিটির সভাপতি।

'৩৭ সনে দ্বিতীয়বারের আবার সেখানে বসেছেন তিনি। এবার বন্ধস যেমন একটু বেড়েছে, **অগতটাও বেন** তেমনি বড় হতে চলেছে। '৩৮ সনে কংগ্রেস ওয়ার্কিং কমিটিতে এলেন তিনি। ক' বছর পরে, '৪৬ সনে রাজ্যের মৃথ্যমন্ত্রীর আসনে। '৫০ সনে কেন্দ্রীয় মন্ত্রিসভায় ভাক পড়ল। মহতাব শিল্প ও বাণিজ্যমন্ত্রী মনোনীত হলেন। ছু' বছর পরে—স্থানটা দিলিই থাকল বটে, কিছ কাজটা পাল্টে গেল। মহতাব এবার কংগ্রেস পার্লামেণ্টারি বোর্ডের সেকেটারী জেনারেল নিযুক্ত হলেন ('৫২--'৫৪)। পরের বছর স্থাবার সরকারী কাজ। উডিয়ার মহতাব এবার বোষাইয়ের গভর্র।

ত্' বছর কাটল না। ঘরের ছেলে

ঘরে ফিরলেন। ফেরাটা দরকার হয়ে
পড়ল। নির্বাচনে দল কমজোরী হয়ে
পড়েছে। মহতাবের উপর দায়িও
পড়েছে তাঁকেই মন্ত্রিসভা গড়তে হবে।

১৯৫৭ সনের এপ্রিল। মহতাব আবার উড়িয়ার মুখ্যমন্ত্রী নির্বাচিত হলেন। একটা বছর ভালয় ভালয় কাটল। মে, ১৯৫৮—মহতাব পদত্যাগ করলেন। উডিয়ায় কংগ্রেস বলবান হোক আর তুর্বলই হোক, মহতাব গেল চল্লিশ বছর ধরে দেখানকার মনের মাহুষ। স্বতরাং পদত্যাগপত্তী গৃহীত হল না। এবং যথাবীতি একট বছর কোনমতে কেটে গেল ৷ পরেং বছর মে মাদেই বার্ষিক ঘটনার মত গোলমালটা আবার পাকিয়ে উঠল। বোঝা গেল, ব্যাধিটা গোপন করা হয়েছিল মাত্র, আদলে রোগটা সারেনি। মহতাব এবার আর গোজা-মিলে রাজী নন। তার চেয়ে প্রকাশ্য জোড়াতালিও ভাল। তিনি পদত্যাগ করলেন এবং বিরোধী দল প্রজা-পরিষদের সঙ্গে হাত মিলালেন।

সেই যৌথ পরিবার বেশ চলছিল।
অস্তত বাইরে থেকে দেখে যেন তাই
মনে হচ্ছিল। কিছ মহতাব আভাদ

### बरुक्त, रसी श्लीकाम

দিয়েছেন—আবার সম্ভবত পদত্যাপ করতে হবে তাঁকে। কেননা,— এভাবে কাজ করা অসম্ভব।

२३. ३. ७०

### মহন্মদ, বক্সী গোলাম

ওরা এল।—লুঠেরা, খুনীরা। হাতে তাদের মশাল, ঘাড়ে রাইফেল, চোথে বর্বর ক্ষুধা।

মহারাজা গালে হাত দিলেন।
প্রজারা কপালে। কিন্তু বুক ঠুকে
গামনে এসে দাঁড়াল প্রজা পরিষদ—
গাশনাল কনফারেক্ষ। আগুন জলে
জলুক, ভূম্বর্গকে তারা ছেড়ে দিতে
পারবে না অম্বরদের হাতে।

'৪৭ দনের দেই ছংসহ দিনগুলোর ইতিহাসে অতংপর ভারতীয় সৈল্পদের পাশাপাশি লিখিত হল তাঁদের নামও। নব্যুগের 'রাজতরঙ্গিনী'তে সেই প্রথম যান পেল প্রজাদের বীরত্ব কাহিনী। দমু আর কাশ্মীরে অগুস্তি প্রজা দেদিন 'শের'। গোল টেবিলে দাজালে শৌর্বে তাঁরা দ্বাই দ্মান। কিন্তু ব্যক্তিগত ক্বতিত্বে একজন নিংসন্দেহে তাঁদের মধ্যে প্রথম। তিনি বন্ধী গোলাম মহমদ। পদাধিকার বলে গোলাম মহমদ দেদিন বিভীয়; কিন্তু প্রজারা বলেন, নিজের বলে তিনি পহেলা আদমী। কেননা, গাঁরের পর গাঁ ঘুরে বন্ধীই সেদিন তাঁদের ছেকে এনে হাতে হাতিয়ার তুলে দিয়েছিলেন, সীমাস্তে দাঁড়িয়ে উপত্যকার ফ্ল বাগিচাকে বাঁচাতে শিথিয়ে ছিলেন। কাশ্মীরের 'বর্ডার স্থাউট' তাঁরই কীর্তি। আভ্যন্তরীশ রক্ষীবাহিনী 'পিদ ব্রিগেড'ও তাঁরই হাতে গভা।

জীবন ভক হয়েছিল স্থল মাষ্টারি দিয়ে। তরুণ বন্ধীর কাঞ্চ ছিল— মাহুৰ গড়া। তিনি বদলী নিলেন-জাত গড়ায়। গাঁয়ের মাহবকে নিয়ে স্তা কাটতে বদলেন। কাট্নী সঙ্ঘ গডে উঠল। দে সংঘ নব্য-বিভালয়। স্বাদেশিকতার শিক্ষালয়। স্থতরাং শিক্ষক কারাগারে প্রেরিত হলেন। চার চার বার জেল থেটেছেন বন্ধী। '৩৪ সনে একবার। সেবার মেয়াদ ছিল-এক বছর চার মাস। '৩৮ সনে, ষেবার কাশ্মীর জুড়ে দায়িত্বশীল मदकादाद मावी डेर्गन-स्नवाद आद বন্ধীকে ধরা গেল না। তিনি বে কোথায় পালিয়ে গেলেন, মহারাজার পুলিদ তা হদিদ করতে পারল না। আন্দোলন যথন আরও তীত্র হল. তথন জানা গেল বন্ধী বুটিশ ভারতে। ভারতীয় জাতীয় কংগ্রেস ভার আশ্রয়-

### बर्गागरीय, श्रमास्टब्स

দাতা, ভারতীয় জনগণ তাঁর পূর্চপোষক।

অবশেষে আন্দোলন অন্তে এসে পৌছাল। মহারাজা বশুতা স্বীকার করলেন। পরাজিত হানাদাররা নিশান উড়িয়ে শাস্তি চাইল এবং কাশীরে দায়িত্বশীল শাসন প্রতিষ্ঠিত হল। বন্ধী গোলাম মহমদ সেথানে বিতীয় ব্যক্তি। তিনি সহকারী-প্রধানমন্ত্রী। তাঁব হাতে রাজ্যের পুলিস, রক্ষীবাহিনী, পরিবহন, সরবরাহ এবং পাবলিক ওয়ার্কস।

'ও সনের আগস্টে আরও একটু
এগিয়ে আসতে হল তাঁকে। কেননা,
শেথ সাহেবের মৃথে বড়যন্ত্রের গন্ধ
পাওয়া গেছে। বন্ধী পুলিসের কর্তা।
প্রজাদের অভিভাবক। স্থতরাং প্রিয়
উপত্যকার সোনালী বুকে ছুরিটা
বসাবার আগেই তিনি হাত চেপে
ধরলেন। আজন্ম সহ-কর্মীর হাত।
আবহুলা কি চমকে উঠেছিলেনসেদিন ?
গোটা ছনিয়া চমকে উঠেছিল।
এবং কাশ্মীর চমকে উঠে জেনেছিল—
'শের' মানে যদি বাঘ হয়,—বন্ধী
গোলাম মহন্দৰ-ও তবে বাঘ।

বয়স তিপ্পান্ন। কিন্তু চলনে বলনে উৎসাহে আর আন্তরিকতার গোলাম মহমদ বেন এখনও সেই দুর্ধর্ব তরুন। বদেশ এখন তাঁর স্বপ্ন, জনতা—নেশা।
আবার তাশনাল কনফারেজ-এর
সভাপতি নির্বাচিত হলেন তিনি।
জাতি বার পেছনে 'জাতীয় সম্মেলনের'
তিনি অগ্রে আছেন এটা স্বতঃসিদ্ধ।
তবুও বক্সী আকুষ্ঠানিক আসনে
বসলেন। কারণ বক্সী গোলাম মহমদ
তথু আদর্শবাদী নায়ক দন, তিনি
কাশ্মীরের শ্রেষ্ঠ সংগঠকও। ৮. ৯. ৬৽
[ক্রইব্য: সাদিক, গোলাম মহমদ]

### মহলানবীশ, প্রশান্তচন্দ্র

'প্রশাস্তকে এই সঙ্গে যে হুটো প্রস্তাব করেছিলুম সেটা এর অঙ্গীভূত নয়। অঞ্চলেডির বাংলা কাব্য চয়নিকা অনর্থক আমার সম্বন্ধে বিরুদ্ধ তর্কে দ্বিগুণ আবিল করে দেবে। কী দরকার সেটাকে জাগিয়ে ভোলবার?' কিংবা

'…গেল বাবে বরানগরে time
সম্বন্ধে Donne-এর লিখিত এক
থানা বই সম্ভ কিনে নিয়ে গিয়েছিল্ম।
প্রশাস্তর যদি সেটা পড়া হয়ে থাকে
সঙ্গে এনো—আমি এখনও পড়িনি।

নেই—প্রশান্ত। বরাহনগরের বিখ্যাত মহলানবীশ, জোড়াসাঁকোর কবির আলাপে আলোচনার উপস্থিতি বার প্রায় প্রাত্যহিক।

### मर्गानरीय, थ्रांस्ट्र

পাণ্ডিত্যের পরিচয় অবাস্থর।
কেননা, সংক্ষেপে বললেও তাতে
জায়গা লাগবে অনেক এবং সম্ভবত
তার পরেও বোঝা যাবে অতি অল্প।
কারণ, বিভাবতায় শ্রীমহলানবীশ
স্থিতিই জগতে প্রথম সারির ব্যক্তি।

বাবার নাম—প্রবোধচন্দ্র। মায়ের নাম—নীরদবাদিনী। শ্রীমহলানবীশের জন্ম ১৮৯৩ সনের ২৯ শে জুন। জন্মস্থান—কলকাতা। লেথাপড়া কলকাতা এবং বিলেত।

কেম্বিজ এবং কলকাতার অস্তম প্রতিভাবান ছাত্র শ্রীমহলানবীশ আজ সংখ্যাবৈজ্ঞানিক বিশ্বখ্যাত গাণিতিক। পৃথিবীর এমন কোন উল্লেখ্য বিৰৎসভা নেই যার কোন না কোন শিরোপা তাঁর মাধায় মেই **—ইউরোপ আমেরিকায় এবং এশিয়ায়** এমন কোন বিজ্ঞান সংস্থা নেই যেথানে ভিনি নিজ মুখে বিজ্ঞানের কথা না ভনিয়েছেন। স্বভবাং রয়াল সোসাইটির ফেলো, ভারতের স্থাশনাল ইনষ্টিটিউট অব সায়েন্স-এর প্রতিষ্ঠাতা ফেলো. প্ল্যানিং কমিশনের সদস্ত, ইণ্ডিয়ান স্ট্যাটিষ্টক্যাল ইনষ্টিটিউটের প্রতিষ্ঠাতা পরিচালক শ্রীপ্রশাস্ত মহলানবীশ ষে কেমন বিরল জাতের পণ্ডিত সে পরিচয় যে দিক থেকেই দেওয়া যাক না কেন শুনতে মনে হবে পুনক্ষজ্ঞর
মত। স্থতরাং, সেই পরিচয়গুলোই
শোনাচ্ছি যা কোন বৈজ্ঞানিকের না
থাকলেও চলত।

অনেকেই জানেন না অধ্যাপনা, গবেষণা, বিজ্ঞান-চর্চা এবং বক্তৃতাই খ্রীমহলানবীশের জীবন নয়। ১৯২১-৬১ সন পর্যস্ত তিনিই ছিলেন বিখ্ছারতীর কর্মসচিব। এবং আজ যিনি 'সংখ্যা' নাম দিয়ে তৃক্ত্ স্ট্যাটি স্টিকদের কাগজ চালান এককালে তিনিই, ছিলেন—'বিশ্বভারতী কোয়াটারলি'র সম্পাদক।

বিশ্বময় বিবিধ কর্তব্যে সভত ব্যস্ত থেকেও শ্রীমহলানবীশ বে আজও দেদিনের সেই কবি-সম্পর্ক বিন্দুমাত্র বিশ্বত হননি তাঁর প্রতিমৃহুর্তে চাল-চলন কথাবার্তা ভার সাক্ষা।

পদত্যাগ সংবাদের মাত্র দিনকম আগের থবর। কলকাতার মাঠে ভারতীয় তরুপেরা আগের দিন ইংল্যাগুকে পরাজিত করেছেন,—বরাহনগরের স্টাটিষ্টক্যাল ইনষ্টিটিউট সেদিন সরগরম। কর্মীরা দরখান্ত নিয়ে হাজির হলেন সেক্টোরী ভথা ভিবেক্টরের ঘরে। তাঁরা ছুটি চান। শ্রীমহলানবীশ দরখান্তখানা

#### মহেন্দ্ৰ, নেপাল রাজ

পড়লেন। ভারপর নিঃশ<del>ফে</del> মস্তব্য লিথে গেলেন:

কর্মীরা বেখানে ছুটি চাইছেন সেখানে আমি অমত করতে পারি না। তবে তাঁদের একথা জানান আমি প্রয়োজন বোধকরি যে, গুরুদেব এমনি কোন জাতীয় আনন্দের দিনে আরও বেশী কাল করতেন। এবং ব্যক্তিগতভাবে আমিও ভাই করি।

ভারপরও কি নিজের হাতে গড়া প্রতিষ্ঠান থেকে তাঁর পদত্যাগ সংবাদ কারও সহু হয়!

२६. ১. ७२

#### মহেন্দ্র, নেপাল রাজ

ছবিটা ছিল একটা গ্রুপ ফটো।
মহারাজা বসে আছেন। তাঁর ডাইনে
বাঁয়ে ছ'জন রাণী। পেছনে ছেলেমেয়েরা দাঁড়িয়ে। সবচেয়ে দক্ষিণে
একটি তরুণ। রোগা পটকা চেহারা।
দরীর আন্দাজে মাথাটা বেন একট্
বড়। দেশলাইয়ের কাঠির মত।
মুখটা লজ্জায় নীচু। নীচে, পরিচয়লিপিতে লেখা ছিল—'ক্রাউন
প্রিক্তা..।'

সেদিনের যুবরাজ আজ লক লক মাছযের 'মহারাজাধিরাজ'। স্বভাবতই, আজকের ছবিটা সম্পূর্ণ অক্স রকম। অনেক পরিবর্তন ঘটেছে মহেছের চেহারায়। চলিশে দাঁড়িয়ে নেপালা-ধীশ এতদিনে ধেন এক উচ্ছল তরুণ।

পরিবর্তন ঘটেছে যেন স্বভাবেও।
অস্তত, বাইরে থেকে তাই মনে হয়।
বিশেব, গেল সপ্তাহের পর থেকে।
যেদিন থেকে জনতার প্রতিনিধিরা
রাজার হাতে বন্দী।—কিন্তু সত্যিই
কি তা রাজস্বভাবে পরিবর্তন ?

বাবার মত যুবরাঞ্চও ছিলেন একদিন রাজপ্রাসাদে 'বন্দী'। সব-কিছুর মত লেখাপড়াও ছিল ওঁদের বরাদ্দ মত। বেছে বেছে চাম<mark>চের</mark> তুলে যা দেওয়া হয়েছে তাই। তবুও যে পুরোপুরি ঠকান যায়নি মহারাজার এই রোগা ছেলেটিকে তা জানা গেল একদিন—'৪০ म्या । মহেন্দ্রের বয়স তথন মোটে কুড়ি। নিজের যুবরা**জে**র বিয়ের ক্যার সঙ্গে আয়োজন করলেন রাজ্যের প্রধান-মন্ত্রী। রাজার পক্ষে একস**লে** হ'টি বিয়েই বীতি। চিরকালে ছেলেটা গ্রম হয়ে উঠল: না. আমি একটিই করছি! বোঝা গেল, ছেলেটা বাড়ীর বাইরে পা না বাড়ালেও দক্ষিণের হাওয়া পেয়েছে।

দশ বছর পরে। সহসা বিদার

### মহেন্দ্ৰ, মেপাল শ্বাভ

নিলেন স্থী। মহেক্স তথন পাঁচটি ছেলেমেয়ের পিতা। আবার বিয়ে করতে হল। এবারও সেই প্রধান-মন্ত্রীর কম্মা। লক্ষ্মীর বোন রত্মা। তবে, এবারও একজনই।

'৫০ সনের নভেষরে বিজ্ঞোহ।
মহেন্দ্র বাবার হাত ধরে হাজির হলেন
ভারতীয় দৃতাবাদে। সেথান থেকে
ভারতে। তারপর '৫৫ সনে
সিংহাসনে।

সিংহাসনের মহেন্দ্র এক তৃঃসাহসী রাজা। নেপালের কোন রাজা কোনদিন যা করেননি, মহেন্দ্র তাই করেন। প্রতি বছর গরমের সময় তিনি তাঁর রাজ্য দেখতে বের হন। যানবাহনহীন দেশে সে এক তৃঃসাহসী উচ্ছোগ। কখনও দোলায়, কখনও ঘোড়ায়, কখনও পায়ে হেঁটে। মহেন্দ্র সম্পূর্ণ নেপাল ঘুরে বেড়িয়েছেন।

তথু ঘরে নয়, বাইরেও। '৫৫ সনে
অক্সন্থ ত্রিভূবনকে দেখতে একবার
ইউরোপ গিয়েছিলেন মহেন্দ্র। ফিরে
আসার পর নেপাল সরকার বিজ্ঞপ্তি
প্রচার করেছিলেন একটা। তাতে
নাকি লেখা ছিল:

'His Majesty's first hand knowledge of the west may be said to have been gained during his flying visit to Nice, Cannes and Monte Carlo.'

পড়ে নাকি দেদিন হেসেছিলেন অনেকে। বহু দেশে-দেখা নেপালা-ধীশ নিজেও বোধ হয় আজ হাসেন। কেননা, পশ্চিম সম্বন্ধে তাঁর ধারণা সত্যিই এখন স্পষ্ট।

এবং বলা বাছল্য স্পষ্ট নিজের ক্ষমতা দম্বন্ধ ধারণা। প্রগতিশীল তরুণ রাজা নিজের দেশে জনপ্রিয় কবি। তাঁর লেখা গান প্রজাদের মূথে মূখে। তাঁর লেখা কবিতার বই শিক্ষিতের ঘরে ঘরে। ভাল শাসক ভাল কবি, ভাল শিকারী এবং ভাল থেলোয়াড় (প্রধানত দাবা) মহেজ্রকে ভালবাসেন নেপালের জনসাধারণ। কিছ হায় রাজা বোধ হয় জানেন না, তারা ভালবাদে নিজেদেরও,—নিজেদের হাতে গড়া এই সন্ত-মৃত শিক্ত গণতম্রটিকেও।

'—শিশু? মহেক্স বলেন—শিশু
ঘূর থায় কথনও?—শিশু ফুর্নীতিতে
ডুবে যায় কথনও?' '৫৫ সনে—
সিংহাসনে বসার মাত্র ছ' মাস
আগে তাই বলেছিলেন দেদিনের
ঘূররাজ!

२२. ১२. ७०

#### मरहत्व क्षेत्रांश, ब्राह्म

### মহেন্দ্র প্রভাপ, রাজা

३२३६ मन।

সহসা রুশ সম্রাট চিঠি পেলেন একথানা। সোনার পাতে লেথা অচেনা হরফে লেখা দীর্ঘ চিঠি। দূর দেশের এক দৃত বয়ে এনেছে তা রাজ-ধানীতে। কোখা থেকে এসেছে এ চিঠি?

- —কাবুল থেকে।
- —কে লিখেছে ?
- --- हिन्दृञ्चात्नव मद्रकाव।
- —গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া ?
- ---ই্যা, 'হিন্দ সরকার'।

চিঠিতে শীল মোহর—'গভর্মেণ্ট অব হিন্দ্।' নীচে রাষ্ট্রণতির স্বাক্ষর। নামটাও পড়া হল: রাজা মহেক্র প্রতাপ।

রাজা মহেক্স প্রতাপ। ভারতের বৈপ্লবিক আন্দোলনের ইতিহাসে অবিশাভ একটি মাহুষের নাম। অনেক রোমাঞ্চকর ইতিহাস।

রাজবংশ। মস্ত বড়লোকের ছেলে। ঘর ছিল—উত্তর প্রদেশের আলিগড় জেলায়। লেখাপড়া করতেন — আলিগড় মুসলিম কলেজে। আই. এস এবং আই. ডি পরীকা শেব হল। ছাতরাশ রাজের পুত্র তরুণ মহেন্দ্র-

প্রতাপ চললেন বিদেশে। উদ্দেশ :
মা বাবা সহ সবাই জানেন আরও
লেখা পড়া। সে ১৯১৪ সনের কথা।
মহেক্র প্রতাপের বয়স তথন আটাশ
বচর।

সেই যে গেলেন গেলেনই। পথ
চেয়ে চেয়ে আত্মীয় বন্ধুরা আদ্ধ হয়ে
এলেন। কিন্তু মহেল প্রতাপের আর
ফেরবার নাম নেই। কেননা,—উপায়
নেই। রাজা স্বাধীনতার স্বপ্নে বাঁধা
পড়ে গেছেন।

প্রথমে—ইতালি, তারপর স্থই-জারল্যাণ্ড, ফ্রান্স, জেনেভা। এথানে আলাপ হল গদর এসে দলের প্রতিষ্ঠাতা হরদয়ালের সঙ্গে। তু'জনে মিলে জার্মান কনসালের সঙ্গে বৈঠক। জেনেভা থেকে বার্লিন। বার্লিন থেকে বাঁকা পথে আফগানিস্থান-কাবুল। ওবেছন্লা, বরকতুলা, মহেন্দ্র প্রতাপ। প্রবাসী বিপ্রবীরা মিলে আফগানিস্থানে স্বাধীন ভারত সরকারের প্রতিষ্ঠা। 'রাষ্ট্রপতি' রাজা মহেন্দ্র প্রতাপ। রাজধানী-কাবুল। এসব সনের কথা।

রাজা মহেন্দ্র প্রতাপকে আবার দেখা গেল—১৯৪০ সনে। এবার জাপানে। তিনি এখানেও বিপ্লবীদের সভাপতি। (প্রেসিডেণ্ট অব দি

# मार्डिनेगाइडेम नई गूरे

এম্বিকিউটিভ বোর্ড অফ ইণ্ডিয়া টু ফ্রিইণ্ডিয়া) ঘরে তীর আন্দোলন, বাইরে
যুদ্ধ, আই. এন. এ। অবলেষে স্বাধীন
ভারত এবং মাতৃভূমিতে প্রত্যাবর্তন।
যৌবনে ঘর ছাড়া মহেন্দ্র প্রতাপ যথন
ফিরলেন তথন তিনি বৃদ্ধ। এথন
আরও। আগামী ১লা ডিদেম্বরে
তিনি পঁচাত্তরে পড়বেন।

বৃদ্ধ মহেন্দ্ৰ প্ৰতাপ ভারতীয় যৌবনের কাছে অফুরস্ত প্রেরণা। ১৯১৪ থেকে ১৯৪৬ সনের মধ্যে বভ চোথকে ফাঁকি দিয়ে পাঁচবার বিশ্ব ভ্রমণ করেছেন এই চুর্ধর্য ভারতীয় আমেরিকায় গিয়েছেন— ছয়বার, মস্কোয়—( '৩০ সনের মধ্যে ) জার্মানীতে—দশবার. ---দশবার, আফগানিস্থানে-পাঁচবার। বছর কেটেছে তাঁর জাপানে। কিছু কাল—চীনে, তিব্বতে, তুরম্বে, পারস্তে. মেস্কিকোতে এবং কোথায় নয় ? এখন নিজের ঘরেই নীরবে পড়াশোনায় তাঁর দিন কাটে। ১৯০৬ থেকে '৫২ সন অবধি কংগ্রেসের সদস্ত ছিলেন তিনি। এখনও আছেন লোক-সভায়। তবে কোন দলের পরিচয়ে নয়, স্বতন্ত্ৰ মাহুৰ হিসাবে। বাজনীতি এখন তাঁর নেশা নয়। লক্ষ্য: মামুধের দেবা। নেশা: পড়া এবং লেখা।

নিজের জীবনী সহ মছেন্দ্র-প্রতাপ প্রত্রেশটি বইয়ের লেখক।

সরকারী আদেশে একদিন রাজ-দ্রোহী মহেন্দ্র প্রতাপের যাবতীয় সম্পত্তি বাজেয়াপ্ত হয়েছিল। সম্প্রতি আর এক সরকারী আদেশে 'দেশ প্রেমিক'কে তাঁর সম্পত্তি ফিরিয়ে দেওয়া হয়েছে। খবরটা আমাদের পক্ষে আনন্দের। স্বয়ং মহেন্দ্র প্রতাপের পক্ষেও। কেননা, এমন একটা ঘটনাও আজ্ব সম্ভব হল, কারণ দেশে একদিন মহেন্দ্র প্রতাপেরা ছিলেন।

₹8. >>. ७०

# माउक्वारहेन, नर्ड नूरे

মাউন্টব্যাটেন ভারত পরিদর্শনে আসছেন। লর্ড লুই ফ্রান্সিস অ্যালবার্ট ভিক্টর নিকোলাস মাউন্টব্যাটেন আর্ল অব বার্মা-ন্দিনি ইংল্যাণ্ডের মহামান্ত রানীর পার্যচর এবং যুক্তরাজ্যের ডিফেন্স স্টাফ কমিটির চেয়ারম্যান হিসেবে উপস্থিত যিনি বৃটিশ জল-ত্থল-বিমান বাহিনীর সর্বেশ্বর। নানা দিক থেকে তাঁর এই আগমন তাৎপর্যপূর্ণ। প্রথমত, চীনা আক্রমণের পরে আজকের ভারতের মানসিক পরিবেশ। বিতীয়ত, অন্ত্রদীক্ষার দীক্ষিত জ্ঞাকার ভারতের বিশেষ সামরিক প্রয়োজন

# माउक्ताटका, नर्छ गूरे

ও পরিস্থিতি; তৃতীয়ত, মাউণ্টব্যাটেনের প্রবাদতৃল্য ব্যক্তিত্ব। বিশেষ
করে এই তৃতীয়টি সম্পর্কে বিন্দুমাত্র
ধারণা আছে যাঁদের তাঁরাই জানেন
লও মাউণ্টব্যাটেনের আগমন-নির্গমন
ঘটনা হিসেবে কত গুরুত্বপূর্ণ। মানুষ্টি
আবার যথাস্থানে ফিরে যাওয়ার আগে
কারও সাধ্য নেই ফলাফল সম্পর্কে
কোন ভবিয়ন্ত্বানী করেন।

মহামাত্ত ভাইসরয়ের আসনটির পিছনে দেওয়ালপঞ্চী ঝোলানো থাকত একটা। তাতে লেথা ছিল—'ডেজ লেফট টু প্রিপেয়ার ফর ট্রাষ্পফার অব পাওয়ার।' যাতার আগে আটলি সেই তারিখটি নির্দিষ্ট করে দিয়েছিলেন ७॰ (म क्न. ১৯৪৮। '४৮ म्त्र क्न मारमहे नशानिल्ल (थरक चरनरभव निरक যাত্রা করেছিলেন বটে মাউণ্টব্যাটেন। কিছ দেদিন তিনি আর ভারতে শেষ বুটিশ ভাইসরয় নন, পরিচয় তাঁর— গভর্ণর স্বাধীন ভারতের প্রথম জেনারেল। ওয়াভেলের শৃত্য আসনে মাউণ্টব্যাটেন যেদিন ভাইসরয় হিসেবে দায়িত্ব গ্রহণ করেন সেদিন তাঁর দেওয়াল পঞ্চীতে তারিথ ছিল ২৪শে মার্চ, ১৯৪৭। ছাতে সময় ছিল মন্দ নয়। কিছ তবুও তিনি সময় নিয়েছিলেন মাত্র ক'টি মাস। তারই

মধ্যে বিজোহী কংগ্রেস জয়, তারই
মধ্যে দেশ বিভাগ,—খাধীনতা। সে
যেন কোন ছুর্ধর্ব সেনাপতির যুদ্ধজ্ঞয়,
অথবা কোন পাকা ভাক্তারের হাতে
বড় অপারেশন। যাওয়ার দিনে দিল্লির
গান্ধী ময়দানে ছ'লক মাহুষ সম্বর্ধনা
জানিয়েছিলেন তাঁকে। ময়য়য় নেহক
খীকার করতে বাধ্য হয়েছিলেন বয়ৢ,
আপনি যাছকর।

যাত্রকর রণক্ষেত্রেও।

দেহে প্রকৃত নীলবক্ত। বাবা প্রিন্স লুই ছিলেন অব্রিয়ার বিখ্যাত ব্যাটেনবার্গ বংশের রাজকুমার এবং ইংলণ্ডেশ্বর সম্রাট পঞ্চম জর্জের অন্যতম 'কাজিন'। মা রাজকুমারী ভিক্টোরিয়া ছিলেন হেস-এর গ্রাণ্ড ডিউক চতুর্থ লুইয়ের কন্তা। সম্পর্কে ইংল্যাণ্ডের বিখ্যাত রাজ্ঞী ভিক্টোরিয়ার আপন নাতনী। সতা বটে, ইদানীং অবসর পেলেই মাউণ্টব্যাটেন সেই উজ্জল कुल्पश्लीि नित्य घाँ गिया করেন,—কিন্ত সে গৃহপ্রত্যাগত সৈনিকের অবসর বিনোদন মাত্র,— माউन्টব্যাটেন आवाना कुर्ध रेमिनक, বিখ্যাত যোদ্ধা।

জন্ম—এই শতান্দীর জন্মদিনের ছ-মাস পরে, ১৯০০ সনের জুন মাসে, উইন্সর-এর ফ্রগমোর হাউসে। কিন্তু

# गाउन्हेत्राद्वेन, नर्ज गूरे

রাজকুমার জলে জলে ঘুরছেন সেই তের বছর বয়স থেকে। লকার্স পার্ক, ওদবোর্ণ এবং ভার্থ মাউথ-এর পাঠ সাঙ্গ করে সেই যে তিনি রয়াল নেভিতে এলেন আর ফিরলেন না কোন দিন। প্রথম মহাযুদ্ধ দিনে বাবা हिल्न---(म)-वाहिनौत अधिनाग्रक। জার্মান রক্তের জন্তে জনতার দাবী মেনে পদত্যাগ করতে হয়েছিল তাঁকে। কিন্তু পুত্র নাম বদল করে ঠায় ভেকে (মাউ-টব্যাটেন মানে ব্যাটেন-বার্গ)। দেদিন ষেমন হাতে দূরবীন নিয়ে জনৈক সাব-লেফটেনাণ্টের বেশে জাহাজে জাহাজে ঘুরে বেড়াচ্ছেন তকণ নাবিক, তেমনি দ্বিতীয় মহাযুদ্ধ मित्न । উर्मि वनन श्राह्म वर्छ, কিন্ধ নেশা ঠিক তেমনি আছে। বরং সমরে আকর্ষণ প্রতাক বেড়েছে। কথনও ইংলিশ চ্যানেল. কথনও ভূমধ্য সাগর, কথনও দূর প্রাচ্যের দ্রিয়া—বুটশ নৌ সেনাপতি भाषेने वार्षिन स्मिन स्मान বিশায়কর সংবাদ। কতবার যে জাহাজ ডুবির মুহুর্তে সাবমেরিন এসে শক্রর এলাকা থেকে তুলে নিয়ে গেছে তাঁকে ভার হিসেব নাই। মাউণ্টব্যাটেন একবার বলেছিলেন-মজা সেখানেই.

তুমি নিশ্চিত জান শেব পর্যন্ত তুমি বাঁচবেই। ক্রীটের উপকূলে 'কেলি' তুবে যাওয়ার পর তার সেনাপতি থেদ করে বলেছিলেন—মায়া হচ্ছে ছুটো জিনিসের জন্মে; রাজা-রানীর যুগ্ম ফটো ছিল একটা,—সেটা গেল, আর গেল ডিউক অব উইন্সর-এর দেওয়া রপোর সিগারেট কেনটা। তাতে লেখা ছিল—'টু ডিয়ার ডিকি, উইথ লাভ।'

আচরণে ষাতৃকর চিরকাল থানদানী।

বিয়ে করেছেন থানদানী বংশে। স্ত্রী সিছিয়া অ্যাসলি ছিলেন ইংল্যণ্ডের বিখ্যাত মন্ত্রী লর্ড আাসলির কক্সা। মেয়ে প্যাটিসিয়ম এবং নিজের পামেলারও বিয়ে হয়েছে উপযুক্ত পাত্তে। নৌ-সেনাপতির এককালে বাদ পার্ক লেনের বিখ্যাত 'ক্রকহাউন'-এ। পরবর্তীকালে ঠিকানা বদল করে হাইভ পার্কের যে বাড়ীটকে তিনি আস্তানা করেন তাতে ধর ছিল ৩০টি এবং ১৯৬২ সনেও তার বার্বিক ভাডা ছিল ৩,২০০ পাউও। অক্ততম দ্রষ্টবা- ছিল নাকি তার বৈদ্যুতিক অঙ্গাভরণ। সেগুলো পর-বর্তীকালে কেছি জের ইঞ্জিনীয়ারিংরের পাকা ছাত্র মাউন্টব্যাটেনের আপন

#### মাধোক, বলরাজ

মন্তিক-প্রস্থত। তাঁর উদ্ভাবিত একটি বিশেব বৈত্যতিক প্রক্রিয়া তত্ব হিসেবে নৌ-বিজ্ঞানেও স্থান পেয়েছে।

যুদ্ধ, বিচ্যুৎ এবং জাহাজ ছাড়া মাউন্টব্যাটেনের অন্তাক্ত নেশার মধ্যে ছিল নাকি নাইটক্লাব এবং পোলো। যুদ্ধের মধ্যে স্বচেয়ে মাথা থেলে তাঁর গেরিলা যুদ্ধে, থেলার মধ্যে পোলোতে। একদা পোলো বিষয়ে একথানি প্রামাণ্য বইও লিখেছিলেন তিনি। অবশ্র ছদ্মনামে। লেথকের নাম ছিল তাতে—মার্কো। মাউণ্টব্যাটেন সং লর্ডের মত হাসতেও জানেন। বিতীয় মহাযুদ্ধের সময়ে যথন জল-স্থল-বিমান বাহিনীর অধিনায়ক নিযুক্ত করা হয় তাঁকে তথন তিনি বলেছিলেন—আমি জেৰা হলাম। দেখছ না অত:পর আমার তিন ভাগের একভাগ জল, একভাগ স্থল, একভাগ আকাশ।

33. 8. So

#### মাধোক, বলরাজ

প্রেসটিজ ফাইট। স্থতরাং এহেন সমরে প্রায় দশহাজার ভোটে বিজয় ঘটনা বৈকি!

দিরির উপনির্বাচনে ভারতীর জনসংঘ যে মাতুষ্টির হাত দিয়ে এই সম্মানের পভাকাটি হাতে নিলেন, নাম তাঁর—অধ্যাপক বলরাজ মাধোক।
আমাদের লোকসভায় তিনিই সেই
সভাগত সদস্ত।

জন্ম একচল্লিশ বছর আগে, পশ্চিম পাঞ্চাবের গুজরানওয়ালা জেলায়। কিন্তু ছোটবেলা কেটেছে কাশ্মীরে। কেননা, বাবা সেথানেই কাজ করতেন। তিনি ছিলেন রাজ-সরকারের রাজস্ব বিভাগের কর্মচারী।

লেথা পড়া কিছু কাশ্মীরে, তবে বেশীর ভাগটুকু পাঞ্চাবে। পাঞ্চাব বিশ্ববিদ্যালয়ের কৃতী ছাত্র শ্রীমাধাক ইতিহাসে প্রথম শ্রেণী পেয়েই আবার চলে এলেন কাশ্মীরে, শ্রীনগরের ভি এ ভি কলেজে।

ইতিহাস পড়াতে পড়াতেই 'সমাজ চিস্তা' মাথায় ঢুকল। তরুণ অধ্যাপক রাস্ত্রীয় স্বয়ং সেবক সংঘে নাম লেথালেন। তারপর নিজেই এক আর এস এস বাহিনী গড়ে তুললেন। ভারত যথন ভাগ হচ্ছে, তথন তিনি কাশ্মীর রাজ্য আর এস এস বাহিনীর সংগঠক এবং ভাবছেন কি করে প্রজা পরিষদ নামক প্রতিষ্ঠানটি গড়ে তোলা যায়।

শোনা বায়, হানাদারদের বিক্রছে সৈগুদের সেদিন যাঁরা সক্রিয় সাহাব্য করেছিলেন, শ্রীমাধোক এবং তাঁর

# শালিক, বিযুত্ত্বণ

সহকর্মীরা বিশেষভাবে উল্লেখযোগ্য।
তব্ও রাজ্যে যথন শাস্তি ফিরে এল,
তথন দেখা গেল শ্রীমাধাক আর
কাশ্রীরে নেই।

স্থান: ভারতীয় লোক সভা। কাল: ৪ঠা এপ্রিল, ১৯৬১।

উত্তর দিতে উঠে দাঁড়ালেন পুনর্বাদন মন্ত্রী শ্রীমেহের দাঁদ খারা। '—আমার মাননীয় বন্ধু আজই প্রথম লোক সভায় এসেছেন। আই ক্যান অনলি সে ছাট আই হাড দি মিদ ফরচুন অব নট লীসনিং টু হিজ ইলেকশান স্পীচেদ। আজ সে আশা পূর্ণ হল। একটু আগেই গভীর মনোখোগের সঙ্গে ভাবতে মনে হচ্ছিল খেন ইলেকশান বক্তৃতাই ভনছি!'—খারার কঠে স্পষ্ট ব্যক্তের স্কর।

ইঙ্গিত বোঝা মাত্র তড়াক করে লাফিয়ে উঠলেন দ্বিতীয় পাঞ্চাবী।
একচল্লিশ বছরের তরুণ, প্রবীণ আর এস এস-ম্যান। কিন্তু বেশীদ্র এগোতে হল না। ডেপুটি স্পীকার মৃথ খুললেন।
থান্নার দিকে তাকিয়ে বললেন—'দি অনারএবল মিনিন্টার মান্ট পে হিম সাম রেঙ্গপেষ্ট।'

মৃহুর্তে থারা দ্বিভঙে পড়লেন। মাইজোকোনএর সামনে দাঁড়িরেই তিনি ক্ষা চাইলেন। বিজয়ী বীরের মত নবাগত সদস্য নিজ আসনে বসলেন। আজও তিনি বিজয়ী।

পরপর হুইটি বিজয়। এটি হয়ত
অকিঞ্চিৎকর। কিন্তু ইন্দ্রপ্রছের
থোলা মাঠে মাত্র হ'দিন আগে যে
লড়াই লড়েছেন তিনি, সেটি নিশ্চয়
অবহেলার নয়। একে রাজধানী,
তহপরি গুরুতর আসন। এক কথায়
যাকে বলে তাঁকে নির্বাসনে পাঠিয়েছেন। তিনি এখন দিলিতে আছেন।

রাজধানীতে নতুন দিল্লি ডি এ ভি ইতিহাদের কলেজের অধ্যাপক শ্রীমাধোক-এর অনেক পবিচয়। তিনি দিল্লির বিচ্ঠার্থী পরিবদের প্রতিষ্ঠাতা এবং ভারতীয় জনসংখের অন্যতম উত্যোক্তা। শ্রীমাধোক **এখন** দিল্লিরাজা জনসংঘের সভাপতি এবং পাঞ্জাব-দিল্লি, হিমাচল-কাশ্মীর তথা দলের উত্তর পশ্চিম আঞ্চলিক পরি-যদের সম্পাদক। তবে উপস্থিত **তাঁর** সবচেয়ে বড় পরিচয়—তিনি**ই সেই** विषयी, श्रान २ ता अशिन यात्र कार्फ 'রাজকৃল' পরাজিত। 30, 8, 43

# মালিক, বিধুভূষণ

পটল ভাঙ্গার বস্থমলিকদেরই একটি শাখা। ভদ্রাসন ছিল—বর্ধমানের

# সালিক, বিসুভূবণ

একচক প্রাম। তব্ও মন্ত্রিক নয়,
'মালিক'। কেননা, একদা বেনারস
কেটের বিখ্যাত দেওয়ান এবং
পরবর্তীকালে সেটের প্রধান বিচারপতি বাবা চক্রশেখর মালিক ছিলেন
সন্ধানী পুরুষ। অনেক ঘেঁটে তিনি
দিল্লান্তে এসেছিলেন—'মল্লিক' নয়,
নবাবী থেতাবটা আসলে ছিল—
'মালিক'।

স্তরাং গড়গড় করে বাংলা বললেও ভালভাত-চচ্চড়িতে এখনও লমান মন থাকলেও দেওয়ান সাহেবের একমাত্র জীবিত পুত্র ( আগে ছিলেন ছুই ভাই তিন বোন, এখন ভুধু তিনি আর ছুই বোন) বিধুভ্ষণও তাই লেখেন। এবং বাবার মতই বিশ্বাস সহকারে।

তথু পদবী বদলে নয়, চেহারার দিকে তাকালে জানা যাবে আত্মবিশ্বাস মাছ্রবিটর চোখে, মুখে, নাকে—সর্বত্ত । বরুস সাত্রইতে পৌছেচে—কিন্তু বিধুভূষণ যেন এখনও সেই উনত্তিশেই আছেন। সেদিনের মতই এখনও তাঁর চকচকে মাধা, দৃঢ় পদক্ষেপ। পরিচিত্তরা তখন বলতেন—অল্লবরুসেই চেহারা চালচলনে বুড়ো হয়ে গেল ছেলেটি, এখন বলেন—বার্ধকো কর্মশক্তিতে তক্ষণ রয়ে গেলেন মাছ্রবি।

লেখাপড়াও বাইরে বাইরেই।
প্রথমে বেনারসে, তারপর এলাহাবাদে।
এলাহাবাদ থেকে 'ল' পাশ করার পর
বেনারস স্টেটের বৃত্তি নিয়ে বিলেড
গিয়েছিলেন। ফিরে এসে অনেকদিন
পর্যন্ত এলাহাবাদ হাইকোর্টে ব্যারিস্টার
ছিলেন। তারপর খ্যাতির পুরস্কার
হিসেবে এক সময় মনোনীত হলেন
পিউনি জল্প এবং অবশেষে এলাহাবাদ
হাইকোর্টের প্রধান বিচারপতি,
সম্ভবত বিধৃত্বণই প্রথম বালানী
প্রধান বিচারপতি।

উত্তর প্রদেশে বিখ্যাত বিচারপতি মালিক রাজধানী দিল্লিতেও স্থাত ব্যক্তি। '৫৪ সনে হাইকোর্ট থেকে অবদর নেওয়ার পর থেকে নানা দায়িত্বপূর্ণ কাজে ইতিমধ্যেই সেথানেও তিনি নিজের যোগাতাকে করেছেন। ভারত সরকারের প্রতিনিধি হিসাবে তিনি কেনিয়া এবং মালয়ে শাসনতন্ত্র রচনায় উপদেষ্টার কাজ করেছেন। উপস্থিত একই কাজে কলে আছেন। ভাছাড়া শ্রীমালিকই ছিলেন '৫৮ সনে গঠিত বিখ্যাত সংখ্যালঘু ভাষা সম্পর্কিত কমিটির চেয়ারম্যান। অথচ আশ্চর্য এই, বাইবে প্রমন খ্যাতিমান পুরুষ বিশ্ববিদ্যালয়ের কলকাতা हर्ग ७

নবনিযুক্ত উপাচার্বের ø শহরে **দত্যিকারের আপনজন বলতে শোনা** ষায় মাত্র তু'জন কিংবা তু'টি পরিবার। এক গ্রে স্ট্রীটের বিখ্যাত মিত্র পরিবার। বিধুভূষণ সে বাড়ীরই জামাতা। জাস্টিস সারদাচরণ মিত্রের নাতনী লীলাবতী ছিলেন তাঁর গৃহিণী। কলকাতায় তাঁর দ্বিতীয় চেনা মাহুষ পশ্চিমবঙ্গের রাজ্যপাল। সরোজিনী নাইডুর মৃত্যুর পরে প্রায় ছ'মাদ তিনিই ছিলেন উত্তর প্রদেশের রাজ্যপাল ভবনে। ১৪. ৯. ৬২

### মাসানি, এম. আর.

সঙ্গে পাসপোর্ট ছিল। বুটিশ পাদপোর্ট। কিন্তু মেয়াদ তার ফুরিয়ে ষায় যায়। ভয় ছিল, ভারত সরকার হয়ত আর রিনিউ করবেন না। কোনদিনই যাওয়া হবে না। স্থতরাং, নি:শব্দে বোম্বাই থেকে কলম্বো সরে প্তলেন। সেথান থেকে সোজা লওন। কর্তৃপক্ষ পাসপোর্ট আটক করলেন। শক্রপক্ষের দেশ হলেও বন্ধুর অভাব ছিল না। লেবার পার্টি হৈ চৈ শুরু করলেন, বেপরোয়া ভারতীয় তরুণ **थव**दब्रब কাগজে নিকপায় হাতের কাগদ সরকার আবার হাতে ফিরিয়ে দিলেন। সঙ্গে

সঙ্গে বাত্রী চললেন রাশিয়ায়। কেননা, নিজের চোথে 'বিশ শুমিকের পিতৃ-ভূমি'টা একবার দেখে আসা দরকার। নয়ত, জীবন অসম্পূর্ণ।

এসব ১৯৩৪ সনের আগস্ট মাসের কথা। মাসানির বয়স তথন মাত্র ত্রিশ। কিন্তু এরই মধ্যে তিনি বোঘাইয়ের কলেজের পড়া শেষ করে ফেলেছেন। লণ্ডন স্থল অব ইকনমিকস এবং লিন্কন্স বার-এর ছাড়পত্র সংগ্রহও সারা। ব্যারিস্টারী করেন। কিছু সে নামে মাত্র। তার চেয়েও স্থার রুম্ভম মাসানির এই পুত্রটির বেশী মন যেন বাউণ্ডলেপনায়। আটাশ বছর বয়সে কংগ্রেসে যোগ দিয়েছেন; ইভিমধ্যেই একবার জেল থেটেছেন। উপস্থিত কংগ্রেস সোস্থালিন্ট পার্টি নিয়ে মেভে আছেন। সেই নয়া পার্টির তিনি একজন অন্ততম প্রতিষ্ঠাতা এবং সম্পাদক।

খভাবতই মাসানি তথন সম্পূর্ণ অক্ত ধাতের মাহব। ধরাধরি করে মারের কাছ থেকে গাড়ি আদার করেছেন একখানা। তাই নিয়ে দিন রাত ভোঁ ভোঁ করে ঘুরে বেড়াতেন। যথন ভেল ধাকত না নিজের হাতে ঠেলতেন। ধার করে চা থেতেন। মাসানি তথন জওহরলালের কাছে 'কমরেছ

### ৰাসানি, এন আরু

মানানি।' রাশিয়া দেখতে গিয়ে তিনি মনে মনে চেঁচিয়ে ওঠেন—'হাউ স্থইট টুবি এ ক্রিমিস্থান!'

আজ আর সেদিন নেই। মুথে মুখে চলতে চলতে মিছচার রুস্তম এখন 'মিহু' বটে, কিন্তু তাঁর বয়স रुखरह । **'8**& সনে শকুন্তলা শ্রীবান্ধবকে নিয়ে তিনি সংসার পেতেছেন। মাসানি এখন প্রভৃত সম্পত্তির উত্তরাধিকারী। তাছাড়া, তাঁর নিজেরও একজন উত্তরাধিকারী আছে। তিনি পিতা। তার চেয়েও বড় কথা, শুধু জীবনে নয়, একদা প্রবল **দোলালিফ মাসানির অভিজ্ঞতাও** আজ বেড়েছে। তথু রাশিয়া নয়, ভারপরে তিনি আরও অনেক কিছু দেখেছেন, অনেক কিছু জেনেছেন। 'আওয়ার ইণ্ডিয়া' থেকে বোঘাই পরিকল্পনা, স্বাধীনতা,—বোদাইয়ের মেয়রের আসন থেকে ব্রেজিলে রাষ্ট্র-মৃতের পদ, টাটা কোম্পানি থেকে ছাচে ঢালা পাঁচদলা, 'পারমিট রাজ', তিব্বত, চীন এবং কী নয়!

পুন: পুন: বিচার করে তীক্ষ বৃদ্ধিজীবী মাসানি বহুকাল আগেই জানিয়ে দিয়েছিলেন সোম্মালিজম জচল। চলিশের যুগের চীনের মত দেশে ক্রত পোলারাইজেশন হচ্ছে।

মাসানি বলেন—সেটা শন্ধার কারণ। এর নিবৃত্তি আবেখক। এবং ডার একমাত্র পথ-'স্বতন্ত'। স্বতন্ত মানে "স্বাধীনতা", ভধু মত প্রকাশের স্বাধীনতা নয়, জীবনের স্বাধীনতা, সম্পত্তির স্বাধীনতা। দলের জনক এবং সম্পাদক মাসানির মতে তাঁর আদর্শ— লিছনের একটি বাক্য: সরকার তভটুকুই শাসন করবে যভটুকু না করলে নয়। লকা: ঘরে ঘরে স্বচ্চলতা। পথ: শিল্প বাাপারে পশ্চিম জার্মানী ('লেট দি মেন আ্রাণ্ড মানি লুজ আগত দে উইল মেক দি কানটি द्वेः'— )—कृषि জাপান।

ন্তনে প্রবীণ 'কমরেড' নেহক বলেন—রিম্যাকশানরি!

মাদানি জবাব দেন—স্থ্যভো-কমিউনিস্ট।

—ইয়েদ আই এম! একবার উত্তর দিয়েছিলেন জগুছরলাল,—পথের কথা বাদ দিলে আমি কমিউনিস্টদের দক্ষে প্রায় একমত।

মাসানি হেসে ওঠেন: উনি বলেন, গায়ের দাগগুলো বাদ দিলে চিতা বাঘ অতিশয় উত্তম।

পার্লামেন্ট ইতিপূর্বে তুই ছুইবার দেখে চিনেছে ভুধু কলমে 'কনসিভার'

### निद्यात्राम, जामाजाने

আর 'রিকনসিভার' নয়, আটটি বইয়ের খ্যাতিষান লেথক মিছু মাসানি কথা বলতেও জানেন । ৩০. ৫. ৬৩.

### মিকোয়ান, আনান্তাস

করতে রাত অপেক্ষা করতে এগারটা হল। তবুও সোবিয়েত বাণিজ্যমন্ত্রীর দেখা নেই। মিকোয়ান এলেন বারটায়। বুটিশ প্রতিনিধি হেরল্ড উইলসন রহস্থ করে শুরু উইথ ইউ করলেন—'দি ট্রাবল রাশিয়ান্দ⊷', 'আই অ্যাম নট এ রাশিয়ান।'—সঙ্গে সঙ্গে উইল্সনকে থামিয়ে দিলেন মিকোয়ান। 'প্রিমিয়ার म्ह्यानिन हेक नहें व दानियान।' भिकायान घरताया रुख छेठलन। 'তোমার এথানে সাতটায় কোনদিন আসতে পারি না কেন জান?' 'কেন ?'—কোতৃহলের সঙ্গেই জানতে চাইলেন উইল্সন। '---কারণ, স্ট্যালিন আমাকে ছাডে না। ঐ সময়টায় ওঁর সঙ্গে আমাকে আড্ডা দিতেহয়,— একটু পানাহার করতে হয়।—এও ডু ইউ নো হোয়াট টোস্ট উই ডিক?' মিকোয়ানের চোথে হাসি। উইলসন বিনীতভাবে বললেন—'তা আমি কি করে বলব।' টেবিল থেকে গ্লাসটা তুলে মিকোয়ান বললেন—'আমরা

মাস ঠোকা-ঠুকি করে বলি টু হেল উইও দীজ রাডি রাশিয়ানস!

স্ট্রালিন জ জিয়াব মিকোয়ান আর্মেনিয়ার। বাবা ছিলেন ছতার-মিগ্রী। চেয়েছিলেন ছেলে একটা বড় কিছু হোক। মিকোয়ানকে তিনি ধর্মীয় কলে পাঠিয়েছিলেন পান্ত্রী হতে। কিছ তক্ষণ মিকোয়ান বইয়ের পাতায় যতই ঈশর থোঁজেন ঈশর ততই দূরে চলে যান। স্থতরাং, অনিবার্যভাবেই বলশেভিক হতে হল। এবার আর পুঁথিপত্তে নয়, হাতেকলমে। বছরের নওজোয়ান আনাস্ভাদ ইভান-ভিচ্ মিকোয়ান '১৭ সনের বিপ্লবের সশন্ত্র লডিয়ে।

বিপ্লবের আগুন নিভল, ধোঁয়া কাটল। স্ট্যালিনের চোথে পড়ল এই আরমেনিয়ান ছেলেটি। স্বভাবতই পায়ের সামনেই এবার উপরে গুঠার একথানা মই পেলেন মিকোয়ান। বন্ধুরা অনেকে স্ট্যালিনের হাতে মারা গোলেন, অনেকে হারিয়ে গোলেন, কিন্তু মিকোয়ান ধীর পায়ে উঠে চললেন। ক্রমে পলিট-ব্যুরোতে আসন মিলল এবং মন্ত্রিসভায়ও। মিকোয়ান মনোনীত হলেন রাশিয়ার আভ্যন্তরী। এবং বৈদেশিক বাণিজ্য দপ্তরের মন্ত্রী।

# विद्राप्तिक, जामासाज जारेकात्माकिक

এই পদে মিকোয়ানের ক্তভিছ আছ ইউরোপ আমেরিকায় এক বিশ্বরকর কাহিনী। মিকোয়ান বলেন, 'আমি রাশিয়ান নই এশিয়ান। তারপর আরমেনিয়ানদের ছেলে। স্থতরাং বাবসা আমার রক্তে।'

লোকে বলে মিকোয়ান খোলাখুলি কথার মান্তব। এমন স্পষ্ট কথার মান্তব আর দ্বিতীয়টি নেই। ক্রেয়লিনে জীবিত: স্ট্যালিন তথন এবং মিকোয়ান তথনও ব্লোজ বাতে তাঁর সঙ্গে আড্ডা দেন। দেকালের নন-অফিসিয়াল কথা। বাডিতে ভোল্পভা। তবে অনেক বাঘা বাঘা সরকারী ব্যক্তি উপস্থিত। মিসেস মিকোয়ান কথা প্রসঙ্গে খেদ করে বললেন—'সোবিয়েত দেশে নাইলন নেই। যা আছে, তার কোয়ালিটিও মনে হয় যাচ্ছে-তাই'. সঙ্গে সঙ্গে মিকোয়ান বলে উঠলেন -- 'ইয়েস মাই ডিয়ার ইয়ং লেডি, বাট উই হাভ প্লেনটি অবপোর্টেটিস অব স্ট্যালিন !' প্রসঙ্গত বলা দরকার—এই हेक्स 'लिखि' है भागि मेखारनव जननी এবং এখনও নাচতে পারেন বটে. মিকোয়ানের বয়সও তিন কুড়ি পাঁচ!

ৰা ছক, ৰথাসময়ে স্ট্যালিনের সেই বিখ্যাত ফর্দটিতে একদিন মিকোয়ানের

নামও উঠল। কিন্তু, দেখানে পৌচা-विषाय निष्ठ इन বার আগেই বেচারাকে। এবার মিকোয়ানের প্রতিশোধ নেবার পালা। শোনা যায়. ক্রশ্চফ স্ট্যালিনকে নিয়ে হট্টগোল শুক করার আগে যিনি প্রকার্ট্যে তাঁকে ডি-ভ্যালুয়েশন করিয়েছিলেন তাঁর নাম-আনাস্টাস মিকোয়ান। শুধু এ-কারণেই নয়, ক্রেমলিনের পরবতী নাটকগুলোতেও ক্রুল্ডফের সবচেয়ে নির্ভরযোগ্য ব্যক্তি ছিলেন তিনিই। কিন্তু এবার বোধ হয় স্ত্রিই পট পরিবর্তন হয়ে গেল। শোনা যাছে. মিকোয়ানও নাকি এবার অস্তাচলেব পথ ধরেছেন। বিশ্বাস সংবাদটা করতে মিকোয়ানের দীর্ঘ কর্মায় জীবনটাকে অস্বীকার করতে হয়। কেননা. এ জীবনে উত্থান ছাডা পতনের কোন সংবাদ নেই। 25. 6. 4.

# মিকোয়ান আনান্তাস আইভানোভিচ

পোলিশ দৃতাবাসে সেদিন ভোজসভা। ক্রুশ্চফ বলে চলেছেন— '…প্শিচমীরা আজ যা করছেন তা মূর্থের কাজ। মূর্থের মত তাঁরা…'

'…বেশী বাড়াবাড়ি হয়ে যাচ্ছে!'

—শ্রোতাদের একজন আপত্তি তুললেন,—'বড্ড বাড়াবাড়ি।—ইট ইজ ট স্থাং!'

উক্তির সমর্থনে কুশ্চফ শাস্ত্র থেকে ধার নিলেন—'লেনিন বলে-ছেন···লেনিন বলতেন।'

'—কিন্তু কে বললে আপনিই ঠিক বলছেন ?' প্রতিবাদী সোজা হয়ে বসলেন। জুক্চফ এবার তাঁর চোথের দিকে তাকালেন। পরক্ষণেই দেখা গেল তিনি কথার ধরণ পান্টে ফেলেছেন।

আর একবার!

নিকিতা সবে মুথ খুলেছেন,— 'কমরেডস, ক্ষেণ্ডস, জেণ্টলম্যান !…'

সঙ্গে সঙ্গে উঠে দাঁড়ালেন নির্ভয়
মাহারটি। 'সামটাইমস্ ফ্রেণ্ডস আর
অলসো জেন্টেলম্যান!—ভূলে যাচ্ছ
কেন বন্ধু, কথনও কথনও বন্ধুরাও
ভদ্রলোক হয় বৈ কি!'

বন্ধু এবং ভদ্রলোক তৃই-ই। যদিও
কোন এক পশ্চিমী সাংবাদিক একবার
ওঁর পরিচয় দিতে গিয়ে লিথেছিলেন
—'এ গ্যাংস্টার ইন টু সিম্ব সার্ট্রন' তা
হলেও একথা মনে করার কোন হেতু
নেই যে ক্রেমলিনে ক্রুল্ডফের নিকটতম বন্ধু আনাস্ভাস আইভানোভিচ
মিকোয়ান 'ভদ্রলোক' নন। বরং

## মিকোয়ান, আমান্তাস আইভানোভিচ

সকলে ( একমাত্র চু এন লাই ছাড়া।

ত্র:—-নিউ ইয়র্ক টাইমস; ২রা

জাহুয়ারী ১৯৫৪) একবাক্যে বলেন—
'ভদ্রলোক বটে!' 'উইট্' বোঝেন,
'হিউমার' জানেন, ভাল পোশাক
পরেন, নাচতে পারেন, ইংরেজী
জানেন,—তার চেয়েও বড় কথা,
বাবসা বোঝেন।

শেষোজিটির একটি কারণ যদি আরমেনিয়ান রক্ত হয়, তবে কারণটি নিশ্চয় মিকোয়ানের দীর্ঘ অভিজ্ঞতা। মলটভের পরে বলতে ক্রেমলিনে গেলে আজকের "পুরনো বলশেভিক (বয়স—সাতশট্টি) মিকোয়ান পার্টিতে আছেন স্থানুর সন থেকে। এবং আছেন 2576 সম্পূর্ণ বন্ধবলে नग्र. কোন গৃহ্যুদ্ধের দিনে निष्कत तृष्किरल। আজারবাইজানে তিন তিনবার ইংরেজরা আটক করেছিলেন ওঁকে। একবার প্রাণদণ্ডের আদেশ হয়েছিল পর্যস্ত। কিন্তু মিকোয়ান প্রতিবারই कांकि मिर्प्रिक्तिन भक्करक। अंद्रा তাঁর বড় ভাইকে গুলী করে হত্যা कर्त्विष्ठ, किन्न हाउँ मिरकायानरक চতুর্ধবার হাতে পাননি আর।

বিপ্লবোত্তর রাশিরার মিকোয়ানের প্রধান পরিচয় ব্যবসায়ী। কমরেড

### विक, वीदन

হিসাবেই অনেকদিন ডিনি ছিলেন দেশের আভ্যস্তরীণ বাণিজ্য দপ্তরের পরিচালক। অনেকদিন বৈদেশিক-বাণিজ্যের। সেকালেই (4061) আমেরিকান বিশেষজ্ঞরা প্রথম পা দেন কশ মাটিতে এবং কশ বাণিজা-মন্ত্রী ভিন মাদের জন্ম বের হন আমেরিকা সফরে। ফলে কিছুদিনের মধ্যেই রাশিয়ানরা সরকারী দোকানে দোকানে ক'টি নতুন থাবার পেয়ে-ছিলেন। যথা: কর্ন ফ্লেক, পাফড हरें, हेमारहा क्म, এवर आहेमकीय! এখনও নিজের দেশে ক্রেমলিনের ৰিতীয় মাহুষ, প্ৰথম ডেপুটি প্ৰধান-মন্ত্রী মিকোয়ানের আর এক নাম-'আইসকীমের জনক।'

মিকোয়ান ভারত ঘুরে গেলেন।
কে ঘেন বলেছিলেন, কশ উপগ্রহগুলো
ঘণ্টায় ঘণ্টায় বিশ্বপরিক্রমা করে বটে,
কিন্তু রুশ রাজপুরুষেরা বিদেশের
মাটিতে পা দেন দৈবাং। কিন্তু
মিকোয়ান ভার ব্যতিক্রম। কেননা.
মাত্র কদিনের ব্যবধানে তিনি দিল্লি
দেখেছেন ছ'বার। প্রথমবার ইন্দোনেশিয়া ঘাওয়ার পথে, ঘিতীয়বার—
ফেরার,পথে। বিশ্বের অহ্নমান হওয়া
ঘাভাবিক আরমেনিয়ান ভুধু 'আবছাওয়া নিয়ে আলাপ করতে' পথে

নামেননি। বিশেষ, 'এম আই ক্সি—
২১' নামে যে বিমানটি নিয়ে আদ
চতুর্দিক তোলপাড়, ওঁরা জানেন—
সেই বিমানের মিকোয়ানেরই নামে
নাম। অবস্থা মিগ-এর আবিদ্ধর্ভা
মিকোয়ান আনাস্তাসের ছোট ভাই।

[ মিকোয়ান ১৯৬৪ সনের নামান রাশিয়ার রাষ্ট্রপতির আসনে নির্বাচিত হন।] ২. ৮. ৬২

### মিক্ত, বীরেন

এক টাকার বিনিময়ে যাবতীয়
সম্পত্তি!—মাত্র এক টাকা! শুধু
আমার নয়, আমি এবং আমার স্ত্রী
হ'জনের নামে যা কিছু আছে সব।
অবশ্র, যাবতীয় দায় সহ।—এক
টাকা!—মাত্র এক টাকা!

মনিঅর্ডারের ঢেউ থামতে না থামতেই আবার চাঞ্চল্যকর সংবাদ। উড়িয়ার মৃথ্যমন্ত্রী এবার আবও মৃল্যবান সম্পদ ছেড়ে দিচ্ছেন। তিনি মৃথ্যমন্ত্রীর আসনটিই বিলিয়ে দিতে চলেছেন। মৃল্য—এবার আবও কম, একথানা বাদের টিকিট মাত্র।

—হাঁা, বাদের টিকিট। প্রথমে টিকিট নিয়ে জুনৈক ছাত্র বনাম সরকারী বাদের কর্মীদের ঝগড়া। হাডাহাভি, বচসা। ভারণর— বিধানসভা চলো। এবং অবশেষে ভিনদটা ধরে বিধানসভা ভবনের ভাত্তবের ছাত্ত-আন্দোলন! অপ্রত্যাশিত, অভ্তপূর্ব, অনভিপ্রেত ঘটনা। স্বতরাং, মৃথ্যমন্ত্রী কবুল করলেন—
ভিনি আইনসভার মর্বাদা রাখতে পারেন নি। এরপর পদত্যাগ করাই ভার সকল। দিলির কর্তৃপক্ষ সায় দিয়েছেন।উড়িয়ার মৃথ্যমন্ত্রী অচিরেই নেমে আসছেন।

বিরোধীপক্ষের দাবি মেনে নিতে
নয়, তুনীর্তি প্রসঙ্গে যে সব অভিযোগ
উঠেছিল তাতে সাড়া দিতে নয়,—
একটি টিকিটকে কেন্দ্র করে যে
অবাস্থিত উন্মাদনার ঢেউ বয়ে গিয়েছিল গত ২রা রাজ্য বিধানসভায়
তারই কলক্ষের দায় মাথা পেতে নিয়ে
এই রাজ্যত্যাগ। স্থতরাং, ঘটনাটি
অরণীয় সন্দেহ নেই।

সম্ভবত ভারতের কনিষ্ঠতম
মুখ্যমন্ত্রী। শ্রীবীরেন মিত্র পাদপ্রদীপের
আলোয় এসেছেন অবশু মাত্র
সেদিন। কিন্তু রাজনীতিতে তবুও
তিনি পুরোপুরি নতুন মুখ নন। জন্ম
তাঁর ১৯১৭ সনের ২৬শে নভেম্বর।
কটকের বিখ্যাত অ্যাভভোকেট
বিপিনবিহারী মিত্রের পুত্র এবং কটক
জ্বলা বোর্ডের ভৃতপূর্ব চেয়ারম্যান ও

পুরানো বিহাব-উড়িক্সা আইনসভার অক্সতম বিশিষ্ট সদস্য বিখ্যাত নিমাইচরণ মিত্রের ল্রাতুস্ত্রে শ্রীবীরেন মিত্র রাজনীতিতে দীক্ষা নিমেছিলেন তাঁর ছাত্র জীবনেই। তৎকালে র্যাভেনস' কলেকে তিনি একজন জনপ্রিয় ছাত্র নেতা।

বি. এ ভিগ্রী নিয়ে কলেজ থেকে বের হওয়ার পরও স্বদেশী আন্দোলনই তাঁর একমাত্র নেশা এবং পেশা। প্রথমে কটক মেডিক্যাল স্থল ধর্মঘট। সে বে-আইনী ধর্মঘটের নেভৃত্ব করতে গিয়ে তরুণ নায়ক কারাগার চিনলেন। তারপর তিরিশের য়্গে পরিচিত হলেন স্থভাবচন্দ্রের সঙ্গে স্থতাবতই আর ঘরে ফেরার প্রশ্ন ওঠেনা। শ্রীমিত্র বিয়াল্লিশের আন্দোলনে আরও সামনের দিকে এগিয়ে গেলেন। কারাবাস এবারও এড়ান গেল না।

জেল থেকে ফিরে এসে শ্রমিক আন্দোলন। তীক্ষবৃদ্ধি সংগঠক শ্রমিত্র উড়িছার ইতিহাসে দীর্যতম শ্রমিক ধর্মঘটের নায়ক হিসেবে আজও শ্রমিক মহলে স্থগ্যাত। ব্রত্তিশ দিন শ্রারী চৌদ্রারের বিখ্যাত কাপড়ের কল ধর্মঘটের পেছনে তিনিই ছিলেন নায়ক। স্থতরাং মাত্র ছেচলিশ বছর বন্ধ্যে মৃথ্যমন্ত্রীর শ্রাসনে বসলেও রাজ-

# মুখার্জি, অজয়

নীতিতে বে তিনি বথার্থে নবাগত নন দে কথা উডিয়ার অস্তত অজানা নয়।

উড়িয়া বিধানসভায়ও শ্রীমিত্র রীতিমত পুরানো মৃথ। ১৯৫২ সনের নির্বাচনের পর থেকেই তিনি সেখানে আছেন। প্রতিবারই তাঁর নির্বাচন কেন্দ্র কটক, এবং প্রতিবারই প্রতি-প্রতিযোগীদের সঙ্গে ভোটের ব্যবধান তাঁর বিস্তর। কটকে শ্রীমিত্র সাধারণেরই একজন। তাঁর ঘরের দরজা চবিশঘণ্টা থোলা, যে কেউ যথন তথন সেথানে আসতে পারে, তিনি—'জনভার মাহায়।'

এছাড়া আরও পরিচয় ছিল তাঁর। ১৯৪৭ সনের মে মাসে পরিষদের আক্রমণে কংগ্রেস যেদিন বিপর্যন্ত সেদিন তরুণ কর্মী শ্রীমিত্রই এগিয়ে এসেছিলেন দলের পতাকার মৰ্যাদা করতে। শ্রীবিজু রকা পট্টনায়কের ব্যক্তিগত বন্ধু এবং সহযোদ্ধা শ্ৰীমিত্ৰ সেদিন উড়িয়ায় কংগ্রেদের লুগু গৌরব পুনরুদ্ধারের কালে বিখ্যাত লডিয়ে। ফলে : ১৬১ সনের জুন মাসে পট্টনায়ক মন্ত্রীসভায় ভেপুটি মৃখ্যমন্ত্রীর আসনে উপবিষ্ট দেখে যেমন কেউ বিশ্বিত হননি, তেমনি গভ বছর সেপ্টেম্বরে পরিকল্পনা অন্তথায়ী কামরাজ

শ্রীপট্টনারকের পদত্যাগের পরে
মৃথ্যমন্ত্রী হিসেবে তাঁর নাম ভনেও
উড়িক্সার অন্তত কেউ চমকে ওঠেননি।
শ্রীমিত্র সেথানে ভধু স্থপরিচিত
নাম নন, দিল্লি প্রেরিত পর্ববেক্ষক
হাফিল মোহম্মদ ইব্রাহিম ঘুরে আসার
পর জানা গিয়েছিল আইনসভার
কংগ্রেস দলে ওঁকে সমর্থন করেন না
এমন সদস্ত আছেন মাত্র তেরজন।

শপথ নিয়েছিলেন গত বছর ২রা অক্টোবর। পুরো এক বছরও ঘুরে এল না। উঠতে উঠতে এরই মধ্যে নেমে এলেন উড়িগ্রার নবীন নায়ক। কারণ,—হয়ত একটি বাদের টিকিট-ই, হয়ত তা নয়। কিছু ঘটনাটি তবুও তাৎপর্যপূর্ণ! অতঃপর কি করবেন শ্রীমিত্র ? রাজনীতি অবশ্রুই।

উলেখা: মন্ত্রীপরিচয় হালে পেলেও শ্রীমিত্র আজ বছদিন ধরেই নাকি উড়িয়ায়সর্বজন স্বীকৃত নেপথা নায়ক, তিনি স্থ্যাত 'কিং-মেকার।' ১১. ৯. ৬৪

# মুখার্জি, অজয়

২৮শে সেপ্টেম্বর, ১৯৪২। সঙ্কেতমাত্র 'বিফ্যুৎবাহিনী' কাজ শেব করে ফেললেন। এদিকে শাশকুড়া, ওদিকে নরঘাট অন্তদিকে মহিষাদল; তমলুক ঘিরে যে এই ছোট্ট পৃথিবী দেখানে ইংরেজ-রাজের চিহ্ন মাত্র নেই। ভিরিশটি দেতু উড়ে গেছে, দাতাশ মাইল পর্যস্ত টেলিগ্রাফ-টেলিফোনের তার নেই, একশ' চ্রানকাইটি খুঁটি ইংরেজ-রাজ্যের ভরশেষ হয়ে পথের ছ'ধারে ম্থ থ্বড়ে পড়ে আছে। এ অসাধ্য যারা সাধন করেছেন তাঁরা তমলুকের ছর্জয় 'বিছ্যংবাহিনী' আর তাঁদের অবিশাস্ত অধিনায়ক; নাম যার—অজয়

আহত <u>সামাজাবাদ</u> 7755 প্রতিশোধে নামল। তমনুক শহরে সে যুদ্ধের ফল: ১০ জন নিহত, আহত-২২ জন। মহকুমার যোগফল আরও গৌরবময়। क्षमग्रविमातक, व्यादश्व নিহত—৪০, আহত—৩৪১, নারী নিগ্রহ—৭৩ ; বাড়ি পোড়ান হয়েছে — ১১৭টি, লুট করা হয়েছে--->,০৪৪টি। তার ওপর ডিটেনশান, পাইকারী জরিমানা, সম্পত্তি বাজেয়াপ্ত,—বোমা বর্ষণ। তারই মধ্যে ডিসেম্বরের ১৭ই ভারিখে প্রতিষ্ঠিত হল—ভামনিপ্ত সরকার:--বিয়ালিশের ভাতীয় আগষ্ট বিদ্রোহের অন্ততম কীর্তিদৌধ। এ গৌরবেরও অন্ততম অংশীদার সেই बाह्यि, नाम गाय-अवम म्थार्कि। 'জাতীয় সরকারের' তিনিই ছিলেন— দ্বিতীয় 'সর্বাধিনায়ক।'

সৌম্য দুর্শন, সদা হাসিমুখ। পারে চপ্লল, গায়ে গেৰুয়া বঙের মোটা থাদিব কামিজ। দে জামায় কোনদিন কেউ ইস্ত্রীর চিহ্ন দেখেননি। বোঝা বায়. হাটর নীচে এসেই থেমে গেছে যে আট-হাতি কাপড়টি সেটিও হাডে কাচা। চেয়ার টেবিলের নেই। আসন বলতে একথানি 'ডিভান।' সেখানে বসে ধীরম্বরে কথা বলছেন যে মাছুষ্টি, নিঃশব্দে ফাইলের পাহাড় পার হয়ে চলেছেন, তাঁকে দেখে ভাষাও যায় না---বিয়াল্লিশের তমলুক দেই আগুন, সেই বজ্ঞনির্ঘোষ এই মামুষ্টির কীর্তি।

চিরকাল এমনি স্বর্রাক, এমনি গভীর, এমনি প্রশাস্ত এবং এক আশ্চর্য ধাতৃতে পড়া মাহব। অজয় ম্থার্জি সেই তুর্গভ জাতের মাহ্যব বারা ঠিকানা পান্টাবার সঙ্গে সঙ্গে বাজিছ বল্লান না—আসন বদলের সঙ্গে সঙ্গে বাজের নতুন পরিচয় লাভ হয় না। কি তমলুকের মহকুমা কংগ্রেস অফিসের ছেড়া মাতৃরে, কি গোয়াবাগানের মন্ত্রিনিবাসে, কি রাইটার্স বিভিৎস-এর ওপরের তলার ঘরে, কি চৌরকীর কংগ্রেসভবনে অজয় ম্থার্জি ভিরিশ

## সুখার্জি, অজয়

বছর আগেও যে মাত্রর, এখনও ভেমনি: সেই—'অজয়দা', মেদিনী-পুরের দেই অজয় মুখার্জি।

জন্ম—১৯০১ সনে, মেদিনীপুরের
তমলুক শহরে। লেথাপড়া উত্তরপাড়ার
এবং কলকাতার প্রেসিডেন্সি কলেজে।
কিশোর বয়স থেকে 'স্বদেনী' শ্রীমুথার্জি
বথন প্রেসিডেন্সি কলেজে বি. এস-সি
পড়ছেন ভারতে তথন জাতীয়তার
উদাম তরঙ্গ, প্রথম অসহযোগ
আন্দোলন (১৯২১)। মহাত্মার
আহ্বানে কুড়ি বছরের তরুণ সেই যে
লেবরেটারি ছেড়ে বেরিয়ে এলেন,
আজন্ত তিনি ঘরে ফেরেননি।

অজয় মুথার্জির এই ঘরে না ফেরা একটু স্বতম্ভ ধরনের। আক্ষরিক অর্থেই তিনি রাজনৈতিক সন্নাসী। জীবনের অনেকগুলো বছরই কেটেছে তাঁর জেলে জেলে। প্রথমে বারো বছরে চারবার, তারপর আরও ক্রয়েকবার। অসহযোগের मिदन কংগ্রেস অফিসকে নিবাস করে-ছিলেন তিনি। এখনও সে ই তাঁর স্থায়ী ঠিকানা। নিজের সংসার বলে অকৃতদার শ্রীমৃথাজি किছ नहे। 'एएटम' शिटन स्मर्थात्न रवनी ममन् থাকেন। পৈত্ৰিক বাড়ী আছে। সেখানে ভাই থাকেন। রাজনৈতিক দিক থেকে তিনি বিপরীতপদ্বী।
আদর্শনিষ্ঠ সংগ্রামী মৃথার্জি সেথানে
চরম লাত্বিরোধী,—ভাইয়ের সক্ষে
নির্বাচন লড়তে তিনি বিন্দুমাত্র দিধাগ্রস্ত নন। কিন্তু সে যুদ্ধের পরেই
শক্রপক্ষের ভাই তাঁর 'সহোদর।'

সন্ন্যাসীর এই দৃঢ়তা, মমতা এবং উদারতা নিয়েই বাংলার অন্যতম প্রবীণ রাজনীতিক শ্রীঅন্তয় মুথার্জির একটানা বাজনৈতিক জীবন। তিরিশ বছর ধরে তিনি মহকুমা কংগ্রেসের সম্পাদকের দায়িত্ব পালন করেছেন, কিছুকাল জেলা কংগ্রেসেরও সম্পাদক ছিলেন। তাঁর আমলে কংগ্রেদ ভধু 'স্থাী পরিবার' নয়, ধেন কোন ধর্মীয় প্রাতৃসভ্য। কোন্দল-কলুষের গন্ধমাত্র সেখানে নেই।

পশ্চিমবাংলার কংগ্রেস মন্ত্রিসভায়ও শ্রীমুখার্জি ছিলেন এক স্বতন্ত্র ব্যক্তিত্ব। ১৯৫২ সন থেকে সেদিনের কামরাজ পরিকল্পনা পর্যস্ত একটানা দীর্ঘদিন তিনি পশ্চিমবাংলার সেচমন্ত্রীর দায়িত্ব মেদিনীপুরের পালন করেছেন। জাতীয় সরকারের 'স্বাধিনায়ক' কর্তব্য পালনে বিন্দুমাত্র সেখানে উদাসীস नं1 দেখিয়েই রাইটার্স বিক্রিংস-এর 'প্ৰবাদ' বছ

# मुथार्कि, छात्र वीदनन

প্রেছেন। কোনটি তাঁর পোষাক নিয়ে, কোনটি বাকভন্দী নিয়ে, কোনটি ফাইল कृत्वावाव काञ्चला नित्य। तमनव कथाव দার: অজয় মুথার্জি এবাড়িতে এতদিন বাস করার পরও মেদিনীপুরের সেই 'অজয়দা'ই ছিলেন। সেটা আরও বোঝা গিয়েছিল কামরাজ আবিভূতি হওয়ার পরে। অজয় মুথার্জি যেন দেদিন এক অধৈর্য থাঁচার পাথী. এতদিনে তিনি মুক্তির পথ পেয়েছেন। আবার ট্রাম, আবার মাতুর, আবার অষ্টপ্রহর স্বদেশী-এতদিন সেই মন্ত্রিত্বের পরেও যে কোন মাত্রুষ তার জন্মে এমন উতলা হতে পারেন সেদিনের অজয় মুথার্জিকে না দেখলে হয়ত তা বিশ্বাসই হত না।

সংবাদ: শ্রীমুথার্জি এবার পশ্চিম-বঙ্গ প্রদেশ কংগ্রেসের সভাপতি হতে চলেছেন। বলা নিম্প্রয়োজন, সেটা শুধু কংগ্রেসের পক্ষেই নয়, বাংলা-দেশের পক্ষেও খবরের মত খবর।

₹5, €, ७8

## गूषार्कि, जात वीरतन

হাওড়ার ব্রীজ পার হতে হতে ওঁর কথা মনে পড়ে, মনে পড়ে পলতার জলের কলের কথা ভাবতে, যেতে বেতে ভিকৌবিয়া মেমোবিয়ালের দিকে ভাকাতে। ওঁর মানে বিশেষ কোন ইংরেজের কথা নয়, তাঁদের সামনে এগিয়ে গিয়ে, চেনা দিয়ে তৎকালীন হীনমন্ততা ভূলে রাজাপ্রজার ব্যবধান ঘুচিয়ে বিসরহাটের ভ্যাবলা গাঁয়ের ম্থার্জি বাড়ীর ষে ছেলেটি এই রহৎ কাওওলোর সঙ্গে নিজেছে তাঁর কথা।—স্থার রাজেন্দ্রনার্থ ম্থার্জি, কে সি আই ই, কেসি ভি ও, ভি এস সি নামে একজন বাঙ্গালীর কথা। এক কথায় আজ পরিচয় যার—
'কর্মবীর রাজেন্দ্রনাথ।'

তাঁরই দিতীয় পুত।

রাজেন্দ্রনাথ বলেছিলেন—'আমার ২য় পুত্রের সম্বন্ধে ইহা বলিতে পারি বে, যতদিন সে শিক্ষা সমাপন করিয়া আশাপ্রদ কর্মজীবনে প্রবেশ করে নাই, ততদিন তাহাকে সংসারধর্ম গ্রহণ করিতে কোন পীড়াপীড়িই করা হয় নাই।'

পিতার নিজের অবয়বে তৈরী
ভার বীরেন-এর জন্ম—১৮৯৯ সনে।
লেখাপড়া প্রথমে কলকাতার হেঞ্চংস
হাউদ, তারপর শিবপুর ইঞ্জিনীয়ারিং
কলেজ, এবং অবশেষে ট্রনিটি কলেজ,
কেম্বিজ।

সেথান থেকে পড়া শেষ করে

## দেখিল, রবার্ট গর্ডন

*पारम* किरव ১৯২৪ मत्न वीरवसनार्थ যথন মার্টিন বার্ন কোম্পানীতে যোগ দেন তথন তিনি একজন আাসিস্টেণ্ট মাত্র। পার্টনার হন তার সাত বছর পরে। তার অনেক অনেক পরে— ভাইরেক্টার। য়াানেজিং সংসারধর্ম। স্ত্রী স্থ্যাত লেডি রাণু মুখার্জি। অথচ বার্ন এণ্ড কোং, স্তীল কর্পোরেশন অব বেঙ্গল—বলতে গেলে কোম্পানীর ক্রমবর্ধমান সামাজ্য তাঁরই গড়া। স্তরাং, স্থার রাজেন্দ্রনাথের উত্তরাধিকারী হিসেবে এই বাঙ্গালী শিল্পপতির বিচক্ষণতা এবং কর্মক্ষমতার বিশদ ব্যাখ্যা অবাস্তর। বিশেষ বিশ্বব্যাঙ্কের সঙ্গে আলোচনা করে যে প্রতিনিধি দল ১৫ কোটি টাকা ঋণের ব্যবন্থা করেছেন তিনিই ছিলেন তাঁদের নায়ক।

শিল্পণিত ভার বীরেনের যে পরিচয় অপেকারত স্বল্পপ্রতাত সেটি
কীল ফার্নেসের চেয়েও কঠিন। জনতার হাটে তাঁর স্বচ্ছন্দে চলার ক্ষমতা। দেকালের ভিফেন্স কাউন্সিল বা ইম্পিরিয়াল ব্যান্থ ছাড়াও বহুকাল শিবপুর কলেজের গভর্নিং বভিতে আছেন তিনি, এক সময়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ফেকান্টি অব ইঞ্জিনীয়ারিংয়ে ছিলেন, এবং '৪০-'৪১ সনে

ছিলেন কলকাতার শেরিফ। স্থতরাং সন্থ গঠিত ঔবধ অহুসন্ধান কমিটির প্রধানের আসনে ছুই কক্যা এক পুত্রের জনককে দেখে ভেজালের আতঙ্কে পীড়িত বাংলা দেশের মনে নির্ভরতা আসা স্বাভাবিক। ২, ৮. ৬২

## মেঞ্জিস, রবার্ট গর্ডন

চেহারায়—ছি তী য় চা র্চিল।
ছভাবেও। ভাল-লাগার তালিকায়
আছে—মদ, দিগার, মর্যাদাবোধ,
কমতাগোরব এবং চার্চিলিয়ান
ইংরেজীতে বক্তৃতা। পার্লামেন্টের
একজন সদস্য একদিন আপত্তির স্থরেই
বললেন—'প্রধানমন্ত্রীর আত্মগর্ব যেন
একটু অত্যধিক।'—'কনসিভারিং দি
কম্প্যানি আই কিপ ইন দিস প্লেস ইট
ইজ হার্ডলি সারপ্রাইজিং!'—উত্তর
দিলেন মেঞ্চিদ।

কথাটার মধ্যে গর্ব যেমন আছে, তেমনি সত্যও আছে কিছু কিছু।
আষ্ট্রেলিয়ান পার্লামেন্টে অস্তত বিতীয়
কোন মেঞ্জিদ নেই। এবং তার
চেয়েও বড় কথা রবার্ট গর্ডন মেঞ্জিদ
নামক ঐ বিরাটকায় লোকটির
সেখানে বসবারও কথা নয়।

ঠাকুর্দা শ্রমিক নেডা ছিলেন। বাবা চেয়েছিলেন শিল্পী হডে

## মেঞ্চিস, বুবার্ট গড় ন

মেজিদের সাধনা হল জীবনে প্রতিষ্ঠিত
হতে। ছাত্র ভাল ছিলেন। স্থতরাং
বাবার পয়সা না থাকলেও পড়াঙ্গনা
চলল। এবং একসক্ষে অনেকগুলো
মেডেল ও আইনে ফার্ট্র কাস অনার্স
নিয়ে যথাসময়ে মেলবোর্ণ বিশ্ববিতালয়
থেকে বের হলেন। শুরু হল জমজমাটি
আইন ব্যবসা। ১৯২০ সন। মেজিদের
বয়স তথন মোটে ২৬। অস্ট্রেলিয়ায়
তিনি সবচেয়ে খ্যাতিমান ব্যারিষ্টার।

উদীয়মান তরুণ। স্থতরাং বড়ঘরের সঙ্গে সম্পর্ক স্থাপিত হল।
জনৈক বিখ্যাত সেনেটারের কন্সাকে
বিয়ে করলেন মেঞ্জিদ। '২৯ সনে
ইত্যাদি যোগাযোগের ফলেই সরকারী
মর্যাদাও জুটল একটা। মেঞ্জিদ
দরবারী আইনবিদ হলেন। তিনি—
'কিংস কাউন্সোল।' অষ্ট্রেলিয়ার
ইতিহাসে এত কম বয়সে কেউ
কোনদিন এই সন্মান পায়নি।

ক্থী মাক্ষব। ক্থী পরিবার।

ছই ছেলে, এক মেয়ে। প্রভৃত
রোজগার। কিন্তু ভাগ্য অন্ত রকম।
তদানীস্তন প্রধানমন্ত্রী ষিনি ছিলেন
ভিনি বললেন—রাজনীতিতে এস,
ভোমার আরও উন্নতি হবে। দে
১৯৩৪ সনের কথা। মেঞ্জিস কিছুতেই
রাজী হবেন না। শেষে স্ত্রী অনেক

বলে কয়ে মত করালেন। মেঞ্চিদ
মন্ত্রী হলেন, এবং যুগপৎ অফ্রেলিয়ার
এটর্নি জেনারেল। পাঁচ বছর পরে
সোজা—প্রধানমন্ত্রী।

প্রায় তের বছর ধরে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রিত্ব করেছেন মেঞ্জিদ। মাঝথানে আট বছর ('৪১—) রাজ্রত্ব করেছে বিরোধী দল। কিন্তু ঘুরেফিরে আবার সেই উন্ধৃত মাহুবটির হাতেই আত্মসমর্পণ করেছে অস্ট্রেলিয়া। কেননা—মেঞ্জিদ কাজ্রের লোক। তার অধীনেই অস্ট্রেলিয়া গৌরবের পথে চলেছে।

অস্ট্রেলিয়ার গৌরব মেঞ্চিসের সঙ্গে ভারতের প্রধানমন্ত্রীর একটু বাকযুদ্ধ হয়ে গেছে নিউইয়র্কে। বন্ধু আর বন্ধুতে যুদ্ধ। স্থতরাং কে জিতেছেন সে প্রশ্ন অবাস্তর। আমরা শুধু এইটুকু বলব এখানে যে, মেঞ্জিসও বক্তা।

একবার লগুনে গায়ে একশ তিন
ডিগ্রী জর নিয়ে বক্তৃতা করছেন
মেঞ্জিন। পাশে ডিউক অব মাস্টার
বসে। বক্তৃতা শেষ হল! মেঞ্জিন
জানতে চাইলেন—'সার হোয়াট ডিড
আই সে?'—'মাই ডিয়ার বয়, আই
ডোল্ট নো, বাট ইট্ ওয়াজ ভ্যাম
গুড।' ১৩.১০.৬০.

# মেটিওস, এডওয়ার্ড লোপেজ মেটিওস, এডওয়ার্ড লোপেজ

মাধার মিসমিসে কালো চুল।
টল-টলে কালো চোধ। উচ্চতার
পাঁচ ফুট দশ ইঞ্চি, ওজনে একশ সম্ভর
পাউগু। মেক্সিকোর প্রেসিডেন্ট
এড প্রার্ড লোপেজ মেটিওসকে দেখলে
মনেও হবেনা বয়স তাঁর বাহার।

হঠাৎ তাকালে মনে হবে যেন কোন তরুণ গবেষক, অথবা অভিজাত কোন বিদেশী ক্রিকেট টিমের অধি-নায়ক। কিন্তু মুথ খোলামাত্র ভূল ভেলে যায়। জানা যায় আগের অহমানগুলো পুরোপুরি মিথ্যে না হলেও—মাহ্যটির আদল পরিচয় অন্ত, —তিনি রাইনায়ক।

থওভাবে বললে অবশ্য সবই বলা যেতে পারে। খ্যাতনামা পরিবারের ছেলে। মায়ের দিক থেকে মন্ত্রী-বংশ। লেথাপড়ায় আবালা ছর্ধই। এক সময় পড়ার থরচ চালাবার জন্তে লাই-ব্রেরীতে কাজ নিয়েছিলেন। পাঠ্য-ভালিকা বহিভুভি পাঠ্য সেই সময় খেকে আজও তাঁর এক ছরারোগ্য ব্যাধি। এবং সেই রোগের ফলে লোপেজ আজ ইউরোপীয় ও আমেরিকান নাহিত্যে স্থ্যাত পণ্ডিত। ভিনি বিশ্ববিভালয়ে ইভিহাস এবং সাহিত্য পড়িয়েছেন; আইন ব্যবসা করেছেন: '৫৮ সনে প্রেসিডেণ্ট নিৰ্বাচিত হওয়ার আগে আন্দোলন থেকে মন্ত্রিত্ব এমন কিছু নেই যাতে তিনি অংশীদার না হয়েছেন। এবং সর্বত্ত সমান ষোগ্যতা সহ। লোপেজ যথন দেশের প্রমমন্ত্রী তথন তাঁর আমলে শ্রমিক-মালিক বিরোধ দেখা দেয়—১৩,৩৮২টি, কিন্তু শেষ পর্যস্ত ধর্মঘট হয়েছিল মাত্র তেরটি ক্ষেত্র। কেননা, ছাত্রজীবন থেকেই পোক্ত সোস্থানিস্ট লোপেজ বিশ্বাস করতেন ধর্মঘট জাতীয় অর্থনীতির পক্ষে ক্ষতিকর এবং যথেষ্ট সদিচ্চা থাকলে তা এডান সম্ভব।

প্রগতিপন্থী লোপেজ আজ সবচেয়ে জনপ্রিয় নায়ক। তথু নিজের দল 'দি পার্টি অব রেভলিউশনারি ইনষ্টি-টিউশনক' নয়, গোটা দেশ তাঁর ভক্ত,
—অহুগত।

দলনির্বিশেষে এই আহুগত্যের আর একটি কারণ লোপেন্ধ-এর ব্যক্তিত্ব। থেলার মাঠে, গানের আসরে, বিন্ধি-এর রিং-এর পাশে সর্বত্র তিনি লভ্য। ক্রিকেট মাঠে অধিনায়কত্ব করেননি বটে, কিন্তু এককালে নিজেও ভাল থেলতেন, বক্সিং লড়তেন। ছেলেবেলায় অভ্যেস ছিল চল্লিশ মাইল হেটে মাকে দেখতে ষাওয়া, বড় হয়ে

মেক্সিকোর ভবিশুৎ প্রেসিডেন্ট একবার 'হিচ হাইক' করেছিলেন— ৮৫ নাইল। গুয়াতেমালা অবধি দে পথটুকু ষেতে সময় লেগেছিল তাঁর —৪৫ দিন।

প্রেসিডেন্টের সঙ্গে এসেছেন স্ত্রী ইভা আর ওঁদের একমাত্র কক্সা। উল্লেখযোগ্য এই, প্রেসিডেন্টের মতই মেক্সিকোর 'ফার্ট্য' লেডি' ছিলেন শিক্ষিকা। বিয়ের আগে তিনি স্থলে পড়াতেন। ১১.১০.৬২

## মেপী, বিষ্ণুরাম

এক সময় এই কলকাতাতেই ছাত্র ছিলেন। প্রেসিডেম্পি কলেজে বিজ্ঞান পড়তেন। বি. এস-সি'তে অনার্স পেয়ে ভাল-ছেলে হিসেবে খ্যাতি অর্জন করেছিলেন। স্থতরাং মৃথটি এথনও কারও কারও ভাষাভাষা মনে থাকতে পারে।

তারপর, বেশ কিছুকাল পরে আবার এই কলকাতারই ফিরে এদে-ছিলেন। এবার অবশু অন্থ পরিচয়ে। বি. এদ-দি'র পর এম. এদ-দিও হয়ে-ছিলেন, কিন্তু বিজ্ঞানচর্চাকে জীবিকা করার অবসর পাননি। আইন পড়ে তাই নিজের রাজ্যে ওকালতি শুক করেছিলেন। তারই সফল পরিণতি

হিদেবে প্রেসিডেন্সি কলেন্দের সেই স্থদর্শন তরুণটি সেবার কলকাতা হাইকোটে। গায়ে তাঁর আড-ভোকেটের পোষাক। যদিও প্রায় তেত্রিশ বছর আগেকার তাহলেও সবাই সেই সপ্রতিভ নবীন আইনজীবিটিকে ভূলে গেছেন এমন মনে করার কোন কারণ নেই। কেননা, আইনের আঙ্গিনায় তিনি হারিয়ে যাওয়ার মত মাহুব ছিলেন পরিচয়ে তাভাতা ना । ধে অসম্পূর্ণতাটুকু ছিল সেটুকুও অনতি-বিলম্বেই পূর্ণ হয়ে शिया हिन । কলকাতা হাইকোর্টে থাকতে থাকতেই জানা গিয়েছিল এবিফুরাম মেধী একটি টে কদই নাম। কলকাতা হাইকোট যদিই বা তাঁকে ভূলে যায়, আসাম কোনদিন তা পারবে না।

সম্পন্ন ঘরের ছেলে। জন্ম—
কামরূপ জেলার হাজো গাঁরে। (জন্ম
সন—১৮৯০)। লেখাপড়া গোঁহাটি
এবং কলকাতা। তৎকালে গোঁহাটির
বিখ্যাত উকিল (১৯১৪—) শ্রীমেধী
সামাজিক পরিচয়েও আসামে বিখ্যাত
মাহুব। তিনি উত্তর গোঁহাটির
অক্সতম সম্লাস্ত এবং সম্পন্ন নাগরিক
জ্যে আর ডেকা'র কক্সা শ্রীমতী
নির্মলাকে বিয়ে করেছেন। তাছাভা

## - দেখী, বিষ্ণুৱাম

জাতীয় আন্দোলনেও তিনি ক্রমেই कुक्पुर्व ज्यिका निष्ह्न। একুশে ' আইন অমাশ্র উপলক্ষে ভিনি এক বছর জেল থেটে এসেছেন, ইতিমধ্যেই গোহাটি লোকাল বোর্ডের কংগ্রেদী চেয়ার্য্যানের সম্মান লাভ করেছেন এবং লাহোর কংগ্রেসের পর থেকেই বিনাপ্রতিম্বন্দিতায় প্রাদেশিক কংগ্রেসের সভাপতির আসনে আরুচ '• আছেন। ভাছাভা সনে গৌহাটিতে যে কংগ্রেস বসে সেথানেও এই মেধীই ছিলেন অগতম নায়ক। হুতরাং. '৩১ সনে কলকাতা হাইকোর্টে নবাগত আডভোকেট শ্রীবিষ্ণুরাম মেধী আদালত প্রাঙ্গণের বাইরে ইতিমধ্যেই বীতিমত প্রসিদ্ধ বাকি।

ভারপর আবার আইন অমান্ত
আন্দোলন, ব্যক্তিগত সভ্যাগ্রহ এবং
অবশেষে 'ভারত ছাড়!' বিফুরাম
মেধী প্রতিপদক্ষেপেই কংগ্রেস
আন্দোলনে নিভীক সহচর। ত্ই
দফায় চার বছর জেলে কাটিয়েছেন
ভিনি। তারই মধ্যে এক ফাঁকে '৩৭
সনের নির্বাচনে আইন সভায়
এসেছেন, '৩২ সনে রাজ্য কংগ্রেসের
সভাপতিত্ব ভ্যাগ করেছেন বটে, কিন্ত
নিধিল ভারত কংগ্রেস কমিটিতে

বসছেন এবং শাইতই বোঝা বাছে আসামের রাজনৈতিক জীবনে ক্রমেই তিনি অনিবার্য হয়ে উঠছেন। তারই মধ্যে এল দেশ বিভাগ এবং আধীনতা। '৪৬ সনের ফেব্রুয়ারীতে বিষ্ণুরাম রাজ্যের অর্থ এবং তৃমিরাজম্ব সংক্রান্ত দপ্তরের মন্ত্রী নিযুক্ত হলেন। '৫০ সনের আগস্ট পর্যন্ত তিনি এই শুক্তপূর্ণ দায়িছে ছিলেন। তারপর থেকে পরবর্তী আট বছর আসামের রাজনৈতিক জীবনে তিনি আরও সমানিত, আরও শুকুত্বপূর্ণ নায়ক। শ্রীবিষ্ণুরাম মেধী তথন সীমান্ত-রাজ্য আসামের মুখ্যমন্ত্রী।

১৯৫৮ সনের ২৪শে জাহুয়ারী
থেকে স্থ্র আসামের নায়ক শ্রীবিঞ্রাম মেধী মান্রাজের গভর্নর। ম্থ্যমন্ত্রীর আসন ত্যাগ করে তিনি আপন
রাজ্য থেকে প্রবাসে পাড়ি দিয়েছেন।
অতঃপর মাল্রাজের রাজভবনে রাজ্যপালের ছকবাঁধা জীবনেই তাঁর
অপরাত্নের দিনগুলো কেটে যাছিল।
সংবাদ: এবার তিনি সেখান থেকে
বিদায় নিছেন! খবরটা নিঃসন্দেহে
উল্লেখযোগ্য। কারণ নিয়োগ-বদলীর
বে প্রাজাস প্রকাশিত হয়েছে তাতে
শ্রীমেধীর রাজভবন ত্যাগের কথাটাই
আছে, রাজভবন বদলের কোন খবর

নেই। ভবে কি আসামের গৃহত্যাগী নায়ক আবার আসামেই আসচেন ? আর তা আসলেই কি তিনি গৌহাটিতে তাঁর উদ্ধানবান্ধারের বাড়িতে বদে বিশুদ্ধ অবদর যাপনে বাজী হবেন ? व्यथदा वाजीवन রাজনৈতিক মাহুব শ্রীমেধী রাজধানী শিলংয়ে তাঁর দ্বিভীয় ঠিকানা 'রক দাইড' নামে বাড়িটকেই আন্তানা হিসেবে অধিকতর পছন্দ করবেন ? বয়সের কথা বিবেচনা করলে অবস্থ দে সম্ভাবনার কথা মনে হয় না। কিন্তু শ্রীবিষ্ণুরাম মেধী শুধু রাজনৈতিক পুরুষ নন, আপন রাজ্যে চিরকাল পরিচয় তাঁর 'লৌহমানব'।

#### মেনন, ভি. কে. কুষ্ণ

"জানেন, আপনার আগে একমাত্র জর্জ বার্নার্ড শ'ই এই সম্মান পেয়ে-ছেন!" লগুনের সেন্টপানক্রাস থেকে সেবার যথন ওঁকে 'ফীডাম অব দি বারো' দেওয়া হয় তথন জানৈক অমুরাগা গর্বছেলেই কথাটা বলে-ছিলেন।

"ও, তাই নাকি ?" মেনন হঠাৎ বেন উত্তেজিত হয়ে উঠলেন,— "আফটার অল, ইট ওয়াজ নট সামথিং বেস্টোওড ক্রম এবাভ !\* বেচারা স্থল্প নীরব হল্পে গেলেন।

আর একবার। সেবার ('৫৪) রাষ্ট্রপতি শ্রীকৃষ্ণ মেননকে 'পদ্মবিভূষণ' উপাধিতে ভূষিত করেছেন। প্রধানমন্ত্রীর বাসভবনে বন্ধুরা এসেছেন তাঁকে
অভিনন্দন জানাতে।—কিন্ধ, এ কি ?
গন্তীরম্থে বেরিয়ে এলেন মেনন।
বললেন—'যা বলতে চান এক্ষ্নি।
হাতে আমার এক মিনিটও সময়
নেই।'

নিউইয়র্কে সেবার ঘটনা আরও
মারাত্মক। সাংবাদিকরা প্রশ্ন
করছিলেন। উত্তরে রেগে মেনন
হাতের বেতের ছড়িটা বার করে ভর্
শৃত্মে নাচিয়ে দিলেন। ব্যস, সেই
থেকেই নাম হয়ে গেল—কৃষ্ণ মেনন
রামগরুড়ের ছানা, তিনি হাসতে
জানেন না

মেনন হাসতে জানেন না। তিনি
মাংস থান না, দিগারেট থান না এবং
বলতে গেলে প্রায় রাতই নাকি তিনি
ঘুমান না। থাছের মধ্যে তাঁর
সবচেয়ে প্রিয় চা, চিকিৎসার মধ্যে
শীর্ষাসন তথা যোগাভ্যাস।

বোগী বাল্যকাল থেকেই। স্তরাং, অনিবার্যভাবেই ছাত্রজীবনে একমাত্র তপস্তা ছিল—অধ্যয়নং।

## মেনন, ভি. কে. কুৰু

চার বোনের মধ্যে এক ভাই।
তাতে বড়বরের ছেলে। বাড়ী ছিল
ওঁদের বটে কালিকটে, কিন্তু কোচিন
রাজপরিবারের সঙ্গে সম্পর্ক ছিল
পরিবারটির। বাবা—কোমাথ রুঞ
কুরুপ ছিলেন খ্যাতনামা আইনজীবী।
মা বেনেগলিল লক্ষ্মী কৃটি আম্মাও
ছিলেন বড়বরের মেয়ে। স্থতরাং
বাবার 'রুঞ্জ' আর মায়ের 'বেনগল'
নিয়ে যিনি 'ভি. কে.' তিনিই বা ছোট
থাকবেন কেন ?

বড় হয়েও ছিলেন অস্তত লেখা পভায়। কৃষ্ণ মেনন মান্ত্রাজ এবং লগুন হু' জায়গাই ছিলেন নামকরা ছাত্র। তাছাডা লগুনে মেননের অন্ত একটা পরিচয়ও ছিল। '২১ সনে আানি বেসাস্ত প্রতিষ্ঠিত হোমকুল লীগের (তথন নাম কমন-ওয়েলথ ইণ্ডিয়া লীগ) সম্পাদক হয়েছেন। পরের বছর তাঁর উত্যোগে 'কমন ওয়েলথ' বাদ দিয়ে প্রতিষ্ঠানটি ভাগু ইণ্ডিয়া লীগে পরিণত হয়েছে। মেননের প্রমে সে প্রতিষ্ঠানে তথন প্রায় একশ'জন বুটিশ এম. পি। তাঁদের অধিকাংশই শ্রমিক দলের। ইণ্ডিয়া লীগের সম্পাদক তাঁদের সঙ্গে দল করেন (ডাঙী থেকে তিনি প্রমিক मलात डिकिंड निरत्न टेलकमान छ লড়েছেন), সেন্ট পানকাস-এর বরো কাউন্দিলে বদে লগুনের উন্নতি বিষয়ে পরামর্শ দেন, বিকেলে হাইড পার্কে ভারতের স্বাধীনতার নামে একাকী বক্তৃতা করেন, রাতে 'নিউ স্টেটস-ম্যানে'র জন্মে প্রবন্ধ লেখেন।

ভারতের স্বাধীনতা সংগ্রামের সমর্থনে বিস্তর প্রবন্ধ এবং পুস্তিকা লিখেছেন মেনন। তবে খ্যাতি তাঁর সবচেয়ে বেশী সম্পাদক হিসেবেই। উল্লেখযোগ্য, মেনন বিলেতের বিখ্যাত টুরেনটিয়েথ সেঞ্বী লাইত্রেরীর গ্রন্থ-মালার সম্পাদক। তার চেয়েও উল্লেখযোগ্য, তিনিই বিখ্যাত 'পেলিক্যান' গ্রন্থাবলীর উদ্ভাবক এবং প্রথম সম্পাদক। এছাড়া, প্রধানমন্ত্রীর ব্যক্তিগত বন্ধু মেনন জওহরলাল্জীর একাধিক বইয়ের ভূমিকা-লেখক।

প্রধানমন্ত্রীর ব্যক্তিগত দৃত, লণ্ডনে প্রথম ভারতীয় হাই-কমিশনার, যুনোর ভারতের অন্ততম অবদান,—এক-কালের দপ্তরহীন এবং বর্তমানের প্রতিরক্ষা দপ্তরের মন্ত্রী শ্রীকৃষ্ণ মেননের এ জীবনী বোধাইয়ের আগামী লড়াইয়ে কতথানি কাজে লাগবে বলা যায় না। কেননা, লোকে বলে—মেনন দেশের মেজাজ বোঝেন না. তিনি নিজের মত ছাড়া আর কারও

যুক্তি শোনেন না। অথচ আকর্ষ এই
এম. এ পরীকায় লগুনে মেনন বে
বিলেষ থিসিসটি পেশ করেছিলেন তার
শিরোনামা ছিল—''এন এক্সপারি-মেন্টাল স্টাডি অব দি মেন্টাল
প্রদেদেস ইনভল্ভ উন রিক্সনীং!"

আরও আশ্চর্য মেনন হাসতে জানেননা বলেছেন। কিন্ধু তাঁরই লেখা একথানা বইয়ের নাম কি জানেন?

— 'দি ফিলজফি অব লাভার!'

**२**১. ৯. ৬১

[১৯৬২ সনের অক্টোবরে চীন। হামলার পরে শ্রীভি. কে. কুফমেনন ভারতের প্রতিরক্ষামন্ত্রীর আসন ত্যাগ করেন।]

#### মেহভা, অশোক

চওড়া কপাল, টিকলো নাক! চাপ
চাপ দাড়ি, হাল্কা শরীর। তহপরি ধ্বর
বর্ণের প্যান্টের ওপর হাই-কলার কোট
এবং প্রুক কাচের আড়ালে বড় বড়
ছ'টি চোখ। হঠাৎ দেখলে মনে হবে
বোধ হয় কোন ইচ্ছোশানিট শিল্পী,
অথবা রিটারার্ড 'বিটনীক'। কিন্তু
ছটোর কোনটাই নন। যোজনাভবনে নতুন মান্ত্র এসেছেন। অবশ্র গৃহকর্তা হয়ে নয়—সেই পাঁচমিশেলী
শংসারে অস্ত্রের দায়িত্ব নিয়ে। শ্রী অশোক মেহতা এখন থেকে পরিকল্পনা কমিশনের ভেপুটি চেরারম্যান।

ব্যাপারটা অসবর্ণ হল এমন বলা চলে না। কেননা, পোষাকে-আসাকে এবং চাল-চলনে কথনও কথনও ভেমন মনে হলেও শ্রীমশোক মেহতা আৰ 'ब्याः थि' ७ नन, 'हेबाः म्यान' ७ नन। দাডি রাথছেন অবশ্য '৪০ সালের পর থেকেই। এবং কিউবাওয়ালাদের মত কোন রাজনৈতিক মানত হিসেবে নয়. সম্পূর্ণ ব্যক্তিগত কারণে। অনেকে বলেন সে কারণটি হাপানি। রুশতফু মেহতা এজমা রোগী। সেশাইতেও আজ পাক ধরেছে। '৩০ সনে বোম্বাই স্থূল অব ইকনমিকদ থেকে সন্থ বেরিয়ে আসা উনিশ বছরের যে তরুণটি ছিল কংগ্রেস দরবারে "অ্যাংগ্ৰি ইয়ংম্যান" সেই বালক আজ বাহান্নয় পড়েছেন। সত্য বটে, আদর্শে কংগ্রস সমাজতন্ত্রী দলের অক্সভম প্রতিষ্ঠাতা শ্রীমশোক মেহতা এখনও অন্ত-পদ্ধী। আবাদী-জয়পুরের বছ আগে থেকে, গেল পঁচিশ বছর ধরে তিনি পাকা-সমাজতন্ত্রী। ভাচাডা প্রজাসমাজতন্ত্রী দলের ভৃতপূর্ব চেয়ার-ম্যান এখনও দলের থাতায় নাম রেখেছেন। তহুপরি নিষের লেখা

#### বেহডা, অশোক

বইগুলো ষদি রাজনীতিকের দিতীয় স্বাস্থিত্ব বলে মেনে নেওয়া হয়,—তবে একথা বলা শক্ত—মেহতা মত বদল করেছেন। বরং সস্তবত তুলনায় স্বস্থাই সত্য,—পরিকল্পনা কমিশনের পরিকল্পনা বাদের তাঁরাই পছন্দ পান্টেছেন। 'কমপালশানস অব ব্যাকওয়ার্ড ইকনমি'তে আহ্বাবান কোন 'ডেমক্রাটিক সোদালিন্ট'কেই বোধহয় ওঁরা এই মৃহুর্তে মনে মনে খুঁজছিলেন।

দ্বিতীয়, স্থা-নিষ্পন্ন এই প্রীতি-বন্ধনে প্রধান স্থতটি আদর্শগত হলেও, অনেকে বলেন যোজনা-ভবনে মেহতার এই নতুন করে সংদার পাতার পেছনে একটি ব্যক্তিগত স্ত্রও আছে। সেটি চেয়ারম্যান এবং ডেপুটি চেয়ারম্যানের পারস্পরিক গ্রাহিতা। নেহক সমালোচনায় শ্রীমেহতা কদাচিং আচার্য রূপালনী অথবা রামমনোহর লোহিয়া। নেহরু ভার চোথে চিরকাল অদ্বিতীয় জন-ঠিক তেমনি তৎকালে নেতা। কংগ্রেস সমাজতন্ত্রীদলের অন্যতম প্রেরণা জওহরলালের কাছে মেহতা এখনও আকর্ষণীয় প্রতিভা। হু'জনের চরিত্রেও মিল আছে কিছু কিছু। নেহকর মতই তাঁর নবীন ডেপুটি—

'মৃডি'। কথনও তিনি গন্তীর, কথনও হেদে লুটোপুটি। তার চেয়েও বড় মিল, চিন্তারতস্ত্রীতে ছ'জনই শর্পাকাতর। একজন পুরানো বদ্ধ বলছিলেন—মেহতা?—ও, হি ইজ অলওয়েজ ইনমুয়েজড বাই দি লাফ বৃক হি রীডস! অনেক সময় নেহকজীও তাই। লোকে বলে—সেবছর নেহক চীন ঘুরে এসেছিলেন বলেই—আবাদীতে ঐ প্রস্তাবটি উঠেছিল!

তবে বলা বাছল্য, তৃজনের মধ্যে গরমিলও অনেক। নেহক জনতার মারুষ। কিন্তু যদিও আদিতে শ্রমিক নেতা, তাহলেও মেহতা কোনদিনই তা নন। সীমাবদ্ধ এবং বিশেষ ধরনের বৃদ্ধি-চক্রের বাইরের জগং চিরকাল অরুডদার মেহতার কাছে—সম্ভা রাশি রাশি চা, দিগারেট আর বই—তাঁর সবচেয়ে ঘনিষ্ঠ বাদ্ধব। অভ্যরা কৃড়ি বছর একসঙ্গে চলেও সঠিক বলতে পারেন না—তাঁর সঙ্গে কোনদিন বন্ধুত্ব ছিল, কি ছিল না। মেহতার রাজনৈতিক জীবন চিরকাল তাই অন্ত ধরনের,—বৃদ্ধিজীবীর নিঃসঙ্গতা দিয়ে ঘেরা।

'কংগ্রেস সোদালিন্ট' এবং 'জনতার' সম্পাদক শ্রীষ্ঠানক মেহতা

#### যাকডোনান্ড, ম্যালক্ষ

ক্লেথক। তবে মাতৃভাষায় বলতে গেলে তিনি প্রায় মৃক। তাঁর একটা কারণ গুজরাতের সম্ভান মেহতা মাহ্রষ হয়েছিলেন—মারাঠা প্রধান শোলাপুরে, কাকার কাছে। ফলে ইংরেজী এবং হিন্দীর মত মারাঠাতে তিনি চমৎকার বক্তা। কিন্তু দলের গুজরাতি-দৈনিকের সম্পাদক দিনের পর দিন সম্পাদকীয় লিথতেন ইংরেজীতে ! অহুবাদক ছাড়া সেখানে তাঁর গতি নেই।

যোজনা-ভবনে সন্থাগত ডেপুট চেয়ারম্যানের এ জাতীয় কোন অস্ববিধায় পড়ার আশকা নেই। তার প্রথম কারণ, ভারতীয় রাজনীতিকদের মধ্যে শ্রীমশোক মেহতাই নাকি প্রথম ষাত্র যিনি হুদুর অতীতে প্লানিং পু থি সম্পর্কে একটি মৌলিক লিখেছিলেন। পাণ্ডলিপি হারিয়ে গিয়েছে। অবশ্য মেহতা বলেন হারিয়ে ভালই হয়েছে! আজ নতুন করে নিথতেই হত নিশ্চয়। দ্বিতীয়ত, শক্ররাও স্বীকার করেন মেহতা কাজ করতে জানেন। অর্থাৎ কাজ করাতেও। অ্তাদের যে কাজ করতে পাঁচদিন লাগবে তাঁর পক্ষে দেখানে পাঁচ ঘণ্টাই যথেষ্ট। দশ মিনিটে তিনি কমপক্ষে পঁচিশটি চিঠি লিখতে পারেন। স্থতরাং আশা করব এবার আর কোন বিদেশী
প্রতিষ্ঠানকে 'ইয়েস' অথবা 'নো'
জানতে সাড়ে তিন বছর অপেক্ষা করে
থাকতে হবে না। এবং শ্রীজনাক
মহতার কাছে অন্তত কোন বিদেশী
বলতে পারবেন না—'ইউ ইণ্ডিয়ানস্
আর বিউটিফুল আ্যাট অ্যানালাইনিস
বাট ইওর পারফরমেন্স ডু নট ম্যাচ
ইওর প্রানিং।'
৫.১২.৬৩

#### ম্যাকডোনাল্ড, ম্যালক্ষ

মেকলে আর ম্যাকডোনাল্ড।

হ'জনেই রাজপুরুষ, হ'জনেই ইংরাজ।

কিন্তু আশ্চর্য, ঘটনা হটো তব্ও

কিছুতেই যেন এক হল না।

ভারতে দীর্ঘ প্রবাস কাটিয়ে কলকাতা থেকে মেকলে বেদিন জাহাজে চড়েন চাঁদপাল ঘাটে সেদিন কেউ ছিল না তাঁকে বিদায় অভিনন্দন জানাতে। ইংরেজী কাগজগুলো পর্যন্ত হাঁফ ছেড়ে লিথেছিল,—যাক, লোকটা তবে গেল!

আর ম্যালকম ম্যাকজোনাল্ড?
সাড়ে পাঁচ বছর ভারতে রটিশ
হাইকমিশনারের কাজ করে তিনি
বথন অদেশে চলেছেন তথন বাংলা
কাগজের সাংবাদিকেরও কেন জানি
ইচ্ছে হচ্ছে তাঁকে অভিনন্দন

#### স্থাকডোমাল্ড, ম্যালকম

জানাতে। কারণটা কি তথু কালগত ব্যবধান,—না, মাহব হ'জনের মধ্যে কিছু গুণগত পার্থক্যও ?

এক কথায় অভূত মাহ্ব।
বিলেতের বিথ্যাত ম্যাকডোনাল্ড
পরিবারের সস্তান। রামসে
ম্যাকডোনাল্ডের পুত্র। স্থতরাং, বলা
বাহুল্য, অক্সফোর্ডের বহু আগে
রাজনীতিতে হাতেথড়ি হয়েছে তাঁর।
তবুও মাহুষ্টি কেমন যেন কিছুতেই
চলতি ধারার পলিটিসিয়ান নন।

শ্রমিকদলের সঙ্গে পারিবারিক গোলমাল ঘটল। ফলে, চার চার বার প্রার্থী হয়ে ভোট পাওয়া গেল মাত্র—ছ'বার। একবার ১৯২৯ সনে, শার একবার ১৯৩৬ সনে।

ভবে পার্লামেন্টের পাশাপাশি হাতে-কলমে রাজনীতিটা বহাল রইল স্মাগাগোড়া। '৩১ সনে ভোমিনিয়ান বিভাগে স্মাণ্ডার সেকেটারী হলেন ম্যাকভোনাল্ড, '৩৫ সনে সেকেটারী। ছ' বছর পরে কলোনিয়াল বিভাগের সেক্টোরী। স্বভাবতই ভারত ম্যাকভোনাল্ডের বহুকালের পরিচিত দেশ।

তবুও এথানে আসতে আসতে পথে দেরী হয়ে গেল। '৪০ সনে চার্চিলের মন্ত্রিসভায় বসতে হল। '৪১ থেকে '৪৬—কানাডা, '৪৮ থেকে
'৫৫ মালয় এবং দক্ষিণ-পূর্ব এশিয়া।
মালয়ের বিখ্যাত গভন র জেনারেল
ম্যালকম ম্যাকডোনাল্ড তথন দক্ষিণপূর্ব এশিয়ায় রটিশ কমিশনার তথা
কমাণ্ডার জেনারেল। এই দীর্ঘ সময়ে
তাঁর কাজের মধ্যে উল্লেখযোগ্য:
মালয়ের স্বাধীনতা এবং গোটা
তিনেক বই। একটি পাখী বিষয়ক,
দ্বিতীয়টির নাম—'বোর্নিও পিপল'
('৫৬) এবং তৃতীয়টি বিখ্যাত
'আকোর' ('৫৮)। পাখী, ছবি
এবং লেখা ম্যাকডোনাল্ডের নেশা।
ভারতীয় চিত্রকলা বিষয়ে তাঁর জ্ঞান
এবং সংগ্রহ ঘটোই অতুলনীয়।

তবে সবচেয়ে আকর্ষণীয় হা সে তাঁর ব্যক্তিছ। ম্যাকডোনাল্ড ভারতে এসেছেন '৫৫ সনে। এই কয় বছরে বুটেন এবং ভারত আরও কতথানি কাছাকাছি হল সে হিসেব নেওয়ার দায় আইনত ছই দেশের ফরেন অফিসের। আমরা ভগু এটুকুই বলব—ম্যাকডোনাল্ডের মত মামুবের কাছাকাছি গেলে মাছুষ চিরকাল মামুবের নিকটবর্তী হয়।

উপসংহারে: ম্যালকম ম্যাক-ডোনাল্ড এবার উনবাট-এ পড়লেন। এবং বিখ্যাত বামসে ম্যাকডোনাল্ডের

### ম্যাকমিলান, স্থারভ

ভবিশ্বৎ উত্তরাধিকারী বিনি তিনি ভার ম্যাকডোনাল্ড হচ্ছেন না। ম্যালকম ম্যাকডোনাল্ড একটিমাত্র কক্সা সস্তানের পিতা। ২০.১০.৬০

#### ম্যাক্ষিলান, ছারভ্ড

—ইট'ল ম্যাক, দি বুকি ! চেঁচিয়ে উঠেছিলেন বাকিংহাম প্যালেসের লামনে জমায়েত জনতার একজন। 'বুকি' মানে দেই লোকটি, চ্যান্দেলার অব এক্সনের হয়ে যিনি লটারি বগুবেচতেন। সঙ্গে সঙ্গে আশাভঙ্গের লক্ষণ ফুটে উঠেছিল মৃথে মৃথে। কেউ কেউ ঘরের পথেও পা বাড়িয়েছিলেন। কেননা, দকলেই প্রায় স্থনিশ্চিত ছিলেন আ্যান্টনি ইভেনের শৃত্ত আসন্টিতে যিনি বসবেন তিনি পার্টি চেয়ারম্যান বাটলার। অনেকে তাঁকে নিয়ে বাজী পর্যন্ত ধরে ফেলেছেন।

তব্ও স্থয়েজের পর, ১৯৫৭ সনের জাহুয়ারীতে ম্যাকমিলানেরই ডাক পড়েছিল বাকিংহাম প্যালেসে মহামান্ত ইংলণ্ডেম্বরীর দস্তানা ঢাকা হাতটিতে ওঠ স্পর্শ করতে। কেননা, তদানীস্তন চ্যাজ্গেলার অব এক্সচেকার সাধারণের চোখে বত সাধারণ মাহুব বলেই বিবেচিত হোন না কেন, বুটেনের ইবারা সত্যিকারের গৃহক্তা তাঁদের

দৃষ্টিতে ঠিক তা ছিলেন না। বাষ্ট বছরের (এখন উনসম্ভর) প্রবীণ টোরি ম্যাকমিলান তাঁদের কাছে এক वर्गाण श्रुक्त्य । क्रांतिक स्रव क्रयरकद এই পোত্রটি ভগু বে ইটন এবং অক্সফোর্ডে লেথাপড়া শিথেছেন তাই নয়, বিখ্যাত বই কোম্পানি ম্যাক্মিলান এও ডিরেক্টার---কোং-এর ভূতপূৰ্ব কোটিপতি মাাক মিলান আচরণে খাঁটি খানদানী ব্যক্তি। তাঁর কোটের কাটিং থেকে গোঁফের ছাটে বানী দিতীয় এলিজাবেথের আমলেও তিনি পাকা এছোয়ার্ছিয়ান।

তাছাড়া বুটেনের সমসাময়িক রাজনীতিতেও ম্যাকমিলান অজ্ঞাত-কুলশীল নন। প্রথম মহাযুদ্ধের সময় থেকে তিনি ইংলণ্ডের রাজনীতিতে হাজির আছেন। সাধারণ সৈনিকের কাজ থেকে শুরু করে ( প্রথম মহাযুদ্ধে তিন তিনবার আহত হয়েছিলেন) গভর্মর জেনারেলের কানাডায় পার্যচর, উত্তর-পশ্চিম আফ্রিকার মিত্র-শক্তির দপ্তরে বুটেনের প্রতিনিধিত্ব; পার্লামেন্টারী দেকেটারী চার্চিল এবং ইভেনের সহচর হিসেবে প্রায় সব দপ্তরে মন্ত্রিত্ব—ম্যাক্মিলানের कर्मणीयन नाना माकरमा उन्हम । '०० সনে ইতালীর আবিদিনিয়া আক্রমণ

#### ম্যাক্ষিলান, স্থারন্ড

মেনে নেওয়ার প্রতিবাদে দলত্যাগ করে দেকালেও রীতিমত খ্যাতিমান বাজনীতিক হয়ে উঠেছিলেন তিনি। প্রবর্তীকালে চার্চিলের গ্রহ-মন্ত্রী এবং ইডেনের অর্থমন্ত্রী হিসেবেও ম্যাক-মিলান স্থনামধন্ত পুরুষ। লেবার পার্টির চ্যালেঞ্চ গ্রহণ করে সভ্যিই বছর ঘুরে আসার আগে তিন লক্ষ নতুন বাডি তৈরি করিয়েছিলেন তিনি। অর্থমন্ত্রী ম্যাক্মিলান আরও খ্যাতি-মান। আসনে বদেই তিনি হুকুম দিয়েচিলেন—সরকারী থরচ অন্তত তিরিশ কোটি ভলার কমান চাই। দেই থেকেই নাম হয় তাঁর-ম্যাক দি নাইফ! চলিশের যুগে এই ছুরিই টোরি দলকে চেঁছে ছেঁটে নতুন চেহারা দিয়েছিল আবার। 'দি মিড্ল ওয়ে'র লেথক ম্যাকমিলান তথন নতুন পথপ্রদর্শক,---আদর্শের তকুণ 'কনসারভেটিভ নিউ ডিলার !'

ভার পরও আরও একটি যোগ্যভা ছিল ছারন্ডের। যদিও বৃটেনের প্রকৃত নীল-রক্তধারীদের কুলপঞ্চীতে নিক্ষের নাম ছাপাতে দিতে রাজী হননি স্কচ চাষীর নাতি, আমেরিকান মারের সস্তান (কেননা, 'বারা আমার প্রপুরুষকে শোষণ করে নীলবর্ণ আমি তাঁদের থাতার নাম লেথাতে নারাজ।') তাহলেও হারল্ড ওঁদের অতি নিকটজন। ক্যানাডায় থাক। কালে গভর্নর জেনারেল ডিউক অব **ডেভনশায়ারের রপসী কলা লেডি** ভরোথি ক্যাভেন্ডিস্কে ভালবেসে নিজের ঘরে তুলে এনেছিলেন তরুণ এ. ডি. দি. ম্যাকমিলান। সেই স্থত্তে নতুন করে বর্ণ পরিচয় লেখা হয়েছিল তাঁর। ডরোথির ভাই লর্ড সল্সবেরি বিখ্যাত সিসিলদের ঘরের ছেলে। সল্মবেরি টোরি দলের আদল নায়ক। 'লড' বলে নিজের পকে মন্ত্রী হওয়ার উপায় নেই তাঁর। কিন্তু তাই বলে মন্ত্রী গড়ায় আপত্তি থাকবে কেন ? সিসিলরা রাণী প্রথম এলিজাবেথের আমল থেকেই তা করে আসছেন। স্থতরাং পরমাগ্রীয় ম্যাকমিলানকেই বা বদাতে দোষ কি। বিশেষ এক পুত্র, তিন কন্মা এবং গোটা দশ পনের নাতিনাতনীর বলে প্রবীণ ম্যাক্মিলান ষেথানে সত্যি সত্যিই আজ ওপরতলায় স্প্রতিষ্ঠিত! তথনই হিসেব দেখা গিয়েছিল—পার্লামেন্টের বাড়ি এবং 'এস্টাব্লিসমেন্টের' গুরুত্বপূর্ণ আসনগুলোতে অস্তত হুশ' মাহুৰ তাঁর নিকট-আত্মীয়।

স্থতরাং, চল্লিশ মিনিট পরে বাকিংহাম প্যালেস যখন আবার

### ন্যাক্ষিলান, ভারত্ত

দরজা খুলল তথন প্রতীক্ষায় থেকে থেকে ক্লান্ত বৃটেন জানল—বাটলার নয়, হ্লারল্ড ম্যাকমিলানই 'হার ম্যাজেক্টিদ প্রাইম মিনিস্টার এও ফার্ট লর্ড অব ট্রেজারী!'

—'ইউ নেভার হাড ইট সো গুড।' হু'বছর পরে এই আশ্চর্য বাক্য মুখে নিয়ে অপেকারত স্থ সবল इे:ल्या ७३ मिरक अन्नुनि निर्मि करत মাাকমিলান যথন প্রবল লেবার পার্টিকে নির্বাচনে আহ্বান জানিয়ে-চিলেন তখন কারও মনে স্থয়েজের গ্লানি ছিল না, কোন পুরানো সমর্থকের মুখে টোরি-দলের মৃত্যু কামনা ছিল না। ইংল্যাও জেনেছিল 'ম্যাক দি নাইফ' 'ম্যাক দি ম্যাজিসিয়ানে' রূপাস্তরিত হয়েছেন। তিনি শুধ মিশরের থালে ডুবে মরা টোরি দলকেই টেনে ভোলেন নি। বুটেনকে আবার সামনের দিকে এগিয়ে নিয়ে চলেছেন। যোগ্যভায় 'ম্যাক' চার্চিল নন বটে, কিন্তু তিনিও নায়ক বটেন!

আর আজ ?

কমন্সভায় বিতীয় হারত বলছেন

— তৃমি জুয়াড়ি নায়ক। আপন দলের

জুদ্ধ তরুণ নেহাৎ করুণাপরবশ হয়েই

কমওয়েলের বদলে বাউনিং 'কোট্'
করছেন—'লেট হিম নেভার কাম

ব্যাক টু আস!' ইংল্যাণ্ড,—লচ্ছিড,
অপমানিত, ইংল্যাণ্ড বলছে—'এম.এম.
জি,'—ম্যাক মান্ট গো।—কীলারের
পর রাজনৈতিক মৃত্যুই তাঁর একমাত্র
সঙ্গত, স্বাভাবিক এবং অভিপ্রেড
শান্তি।'

ম্যাক্ষিলান কি স্তািই চলে যাবেন ? হয়ত। কাছাকাছি আজ আর কোন দ্বিতীয় স্থয়েছ নেই ! বরং ছ' বছর আগের নায়ক আজ নিজেই এথানে-ওথানে প্রতিদিন পরাজিত। কমন-মার্কেট, অগল: স্কাই-বোণ্ট নাস্থ ;—ম্যাকমিলান আজ বেশ কিছু-দিন ধরেই ষেন ক্রমশ রুশ। একদা টোরি দলে যিনি বক্তভায় প্রথম ছিলেন—আজ টেলিভিখনে তার মুথ দেখে দর্শক চেঁচিয়ে ওঠেন-এটা স্থলের মেয়েদের আসর নয়: তাঁর কালে অক্সফোর্ডের সেরা তার্কিক ম্যাক্মিলান ক'ছত্ত এগোতে না এগোতেই ছেলেরা আজ টেচিয়ে ওঠে—এটা অক্সফোর্ড. আমরা আরও কিছু 'বক্তব্য' চাই! ক'বছর আগেও পালামেণ্টে ম্যাকমিলান তীক্ষ তাৰ্কিক, মাধা ছিলেন বোঝাই ধারালো ভীর নিয়ে ভিনি বসতেন, তার ' আসনে কথা ভনেও কেউ হাসে হাসির

#### ন্যাকলিওড, আয়ান

না,—শ্রমিক দল বলে—'বুড়ো পঞ্চম শ্রেণীর কমেডিয়ান।'

ম্যাকমিলান নিজেও তা জানতেন।

'৬১ সনের অক্টোবরে ব্রাইটনে দলের
বার্ষিক সম্মেলনে তিনি বলেছিলেন—

সেক্সপিয়ারের সেই হিরোর মত
(সম্ভবত 'অলস্ ওয়েল ছাট এওস
ওয়েল'-এর রাজা) আমি—তেল
ফুরিয়ে যাওয়ার পরও জলতে চাই না।

২০.৬.৬৩.

#### ম্যাকলিওড, আয়ান

বাপ ছিলেন—চিকিৎসক। খণ্ডর
বাজক। স্থতরাং নীল রক্ত কোথাও
নেই। না দেহে, না কুটুম্ব তালিকায়।
তব্ও যে মাত্র সাতচল্লিশ বছর বয়সে
মাহ্যটি টোরি-কুল-তিলক হয়ে গেলেন
সে অল্ল কারণে।

প্রথম কারণ নিশ্চয়ই দলে বিশুদ্ধ নীল-রক্তায়ভা। কিন্তু দিতীয় এবং শেষ কারণ সম্ভবত—মাহ্য়টির সাহসিকভা। লোকে বলে, টোরি-দলে 'ছোট-ম্যাক' সাহসে অন্তুন।

কথাটা সত্য। এককালে নিজের হাতে লড়াই করেছেন আয়ান ম্যাকলিওড। সে বেশীদিন আগের কথা নয়। কেছিজের পর ইনার টেম্পল,—'৬৮ সনে সেথান থেকে বের হতে না হতেই '৩> সনের যুদ্ধ।
মাাকলিওড তাতে যোগ দিলেন এবং
সানন্দে।

'৪৫ দন অবধি তিনি দেখানেই ছিলেন। কথনও থালের ওপারে, ফ্রান্সে—হাসপাতালে; কথনও মেজররপে নরওয়েতে, এবং কথনও বা 'ভি-ভে'তে, ঘাড়ে রাইফেল ঝুলিয়েলড়িয়েদের আগে আগে। ইংলণ্ডের 'সন্থ-মৃক্ত' কলোনিয়াল সেক্রেটারী ম্যাকলিওডের কাছে যুদ্ধটা তাই বইয়ে-পড়া ঘটনা নয়। নয় বলেই ম্যাকলিওড আফ্রিকার ফাইলটা হাতে নিয়ে নির্দ্ধিয় বলতে পারতেন—'আমাদের অস্তে-অনিচ্ছুক-স্র্টার বোধ হয় এথন ডোববারই সময়।
—নয় কি ফ্'

কনজারভেটিভ পাটিতে এসেছিলেন যুদ্ধের পরেই,—'৪৬ সনে।
এসেছিলেন বটে পার্লামেণ্টে জনৈক
পরাজিত প্রার্থী হিসেবে, কিন্তু নরম্যান
ম্যাকলিওড তারপর থেকেই—
একাদিক্রমে 'বিজয়ী নওজোয়ান'।
'৪৬ সনে যে মাহ্য ছিলেন পার্টির
পার্লামেন্টারী দপ্তরে কোন একজন,
'৫২ সনেই শোনা গেল তিনি মন্ত্রী
হরেছেন। স্বাস্থ্যমন্ত্রী। '৫৫ সনে—
শ্রমমন্ত্রী, এবং '৫৯ সনে সেক্রেটারী

#### ব্যাকাপাগল, ডিওসভাজে পি.

কাঁদতে কাঁদতে পুলিশের কাছে গেলেন। পুলিশ বলল—সব শোনাতে হলে কিছু খরচ পড়বে তোমার।

- <u>—কত</u> ?
- —একশ' পিলো!

অর্থাৎ, ত্ব'শ টাকা! সংক্ষেপে ইদানীং এই হচ্ছে ম্যানিলার পুলিশ। সংক্ষেপে—ইহাই আন্তকের ফিলিপাইন নামক দেশ। (আয়তন—১,১৪,৮৩০ বর্গমাইল, লোকসংখ্যা—২ কোটি ২০ লক্ষ।)

'এল. পি'র প্রাথী উঠে দাঁড়ালেন।
বললেন—বন্ধুগণ! আমাকে আপনারা
ইচ্ছে হয় ভোট দেবেন, ইচ্ছে হয়
দেবেন না…কিন্তু দোহাই আপনাদের,
ওম্ককে ভোট দেবেন না যেন!—
কেন একথা বলছি জানেন 
ফাবিণ,
যদিও বিবাহিত কিন্তু খবর নিলেই
দেখতে পাবেন—'

চার বছর পরে ঠিক একই কেন্দ্রে উঠে দাড়ালেন 'এল. পি'র পরাজিত প্রার্থী। তিনি বললেন—'বর্কুগণ গেল নির্বাচনে আপনারা যে কারণে আমাকে ভোট দেননি, থোঁজ নিয়ে দেখুন এবার একই কারণে 'এন. পি'র দেই মাননীয় প্রার্থীটি ভোট পাওয়ার অফুপযুক্ত।—যদিও বিবাহিত কিছ ভিনি কি—।'

শ্বব স্টেট ফর দি কলোনীয়া। এবং শ্ববশ্বে এবার যুগপং হাউদ শ্বব কমন্দের লীভার ও কনজারভেটিভ পাটির প্রধান। হয়ত—ভবিয়তে দল-প্রধান থেকে প্রধানমন্ত্রী। কেননা, বিজ্ঞারা বলেন—মৈ-টা নাকি দেভাবেই পাতা।

বলা নিশ্রয়োজন—ভবিশ্বতে ইংলণ্ডের প্রধানমন্ত্রী হওয়ার সম্ভাবনা বার, ইতিমধ্যে তিনি নিশ্চয়ই কিছু না কিছু অক্সবিধ কৌলিক্সও অর্জন করেছেন তিনি। ইংলণ্ডে আজ সবাই জানেন ম্যাকলিওড ভাল ক্রিকেট খেলতে পারেন।

এক ছেলে এক মেয়ের বাপ আজ তা থেলেন না বটে, কিন্তু সময় পেলে এখনও ব্রীজ থেলেন। হাউস অব কমন্সের সন্থ-নির্বাচিত লীভার কিছুদিন আগেও ছিলেন লগুনের একটি বিখ্যাত কাগজের 'ব্রীজ এডিটার।'

১৯. ১০. ৬১.

## ম্যাকাপাগল, ডিওসজাজে পি.

দিনে তুপুরে শহরের বড় রাস্তা দিয়ে হাঁটছিলেন এক রন্ধা। হঠাৎ পেছন থেকে ছোঁ মেরে তাঁর হাত থেকে থলিটা কেড়ে নিল এক ছোকরা। তারপর—দে ছুট! বুড়ী

#### ম্যাকাপাগল, ডিওসঙ্গাতে পি.

সংক্রেপে এই হচ্ছে আজকের ফিলিপাইনের রাজনীতি, সংক্রেপে ইহাই—নিবাচন !

অনেককে তাক লাগিয়ে ফিলি-পাইনের নির্বাচনে এবার জ্য়ী হয়েছেন —'এল, পি'। অর্থাৎ লিবারেল পার্টি। পুরানো শাসক 'এন. পি' অর্থাৎ স্থাশানালিস্টরা এবার ফেলের ফর্দে। 'এন. পি' গার্দিকার জায়গায় প্রায় আট হাজার দ্বীপপুঞ্জের ८५८भ প্রেসিডেন্টের আসনে এসেছেন এবার 'এল. পি'র নতুন প্রেসিডেন্ট। নাম তার--ডিওদডাডো পি ম্যাকাপাগল। একদা প্রথর তরুণ এবং আজ একাল্লর পরিণত নায়ক ম্যাকাপাগল ক'দিন আগেও ছিলেন রাজ্যের ভাইন-প্রেসিডেন্ট। তারও আগে এক দ্বিত চাষীর ঘরের বালক। ঠাকুদা নাটক লিখতেন। স্থতরাং বাবা থেতে পেতেন না। বালক দাদংকেও ( দাদং ওঁর ভাক নাম) অনেকদিন কাটাতে হত ফেন থেয়ে। তবুও যে লেখাপড়া শিখতে পেরেছিলেন, তার কারণ মন ছিল। সরকারী এবং বেসরকারী আমুকুল্যে দে মনই তাঁকে আইনের শেষ পরীক্ষা পর্যস্ত টেনে নিয়ে গিয়ে-ছিল। পরীকা শেষে কিছুদিন

অধ্যাপনা করেছিলেন, তারপর বিচার

বিভাগে সরকারী চাকরী। সেই স্থেরেই একদা আমেরিকা ভ্রমণ। ম্যাকাপাগল ছিলেন সেথানে লিগাল এটাচি। কাজ করতে করতেই রাজনীতিতে দীক্ষা হল তাঁর। এবং কংগ্রেসে এসেই জানালেন তিনি, একালের লিবাবেল-শিরোমণি ম্যাগস্সেস তথন তাঁর চোথে আদর্শভ্রই। কি করে তাঁকে পরাজিত করা যায় তাই ছিল যুবক ম্যাকাপাগলের স্বপ্ন।

'৫৭ সনের মার্চে বিমান ছর্ঘটনায় 
অকালে প্রাণ হারালেন প্রেসিডেণ্ট 
ম্যাগদেদে। কিন্তু ম্যাকাপাগল 
প্রবেশাধিকার পেলেন না প্রেসিডেণ্ট 
ভবনে। উত্তরাধিকারী নির্বাচিত 
হলেন তৎকালীন ভাইস-প্রেসিডেণ্ট 
গার্সিয়া। ম্যাকাপাগল নির্বাচিত 
হলেন ভাইস-প্রেসিডেণ্ট। তারপর 
দীর্ঘ চার বৎসর প্রতীক্ষা অস্তে 
অবশেষে এই বিজয়।

জনতার নেতা বিজয়ী বীর ম্যাকাপাগল জনতার নেতা হয়েও দৃষ্টিভঙ্গীতে অত্যাধুনিক নন। সংক্ষেপে তাঁর পরিচয়: (১) তিনি (এখন পর্যস্ত) আত্মীয় তোষণের নীতিতে বিশ্বাসী নন (২) তিনি ঘুর্নীতির পৃষ্ঠপোষক নন (৩) তিনি 'ছক' বা কমিউনিস্টপন্থী নন (৪) তিনি

### ম্যাকারিওস, আর্চনিশপ

শিল্পবাণিজ্যে ফ্রি-এন্টারপ্রাইজের সমর্থক এবং (৫) তিনি ফ্রি-ওয়ান্ড-এর বান্ধব। ২৩.১১.৬১

### ন্যাকারিওস, আর্চবিশপ

ক্যাণ্টরবেরীর আর্চ বিশপ ওঁকে একবার নেমস্কল করে পাঠিয়েছিলেন '৫৮ সনের জুলাই মাসে।—ইউরোপীয় বাজকদের সম্মেলনে তোমার উপস্থিতি চাই! থবরটা শোনামাত্র বিক্ষোভে কেটে পড়ল গোটা বৃটিশ ঘীপপুঞ্জ!
—খুনী ম্যাকারিওসকে এখানে নামতে দেব না আমরা!

বৃদ্ধ আর্চবিশপ হেসে বলেছিলেন সে আসছে না। নেমস্তর্মটা নেহাৎই লৌকিকভা রক্ষা।—আই নো এজ ওয়েল এজ এনিবভি হোয়াট এ ব্যাড ক্যার্যাকটার হি ইজ।

১৯২৯ সনের ফেব্রুয়ারী। এথে-ক্সের একটা নামকরা হোটেল থেকে বৃটিশ প্রধানমন্ত্রীর আমন্ত্রণে লণ্ডন যাত্রা করলেন নির্বাসিত আর্চবিশপ ম্যাকা-রিওস। লণ্ডনের নাগরিকেরা বিপুল সম্বর্ধনা জানাল তাঁকে। তিন বছর আগে এথেন্সের পথে সাইপ্রাস নেতা ম্যাকারিওসকে সন্ত্রাসবাদের অজুহাতে আকস্মিকভাবে দীপাস্তরী করেছিলেন বৃটিশরাজ। এবার সেলুইন লয়েড ভেকে এনে ভোজসভার আপ্যায়িত
করলেন তাঁকে। কারণ, ক'বছর
বেপরোয়া শাসনের পর ইংরেজেরা
ব্ঝেছেন—ভূমধ্য সাগরের ব্কে
সাইপ্রাস নামক ছোট্ট ধীপটিকে হাতে
রাথতে হলে—এই ছেচল্লিশ বছরের
যাজক ম্যাকারিওসকেও হাতে রাথতে
হবে। তিনি যতক্ষণ সিনিলিতে,
শান্তি ততক্ষণ স্থপ্ন মাত্র!

ফেব্রুয়ারীতে শাস্তি চুক্তি হল।

'৬০ সনের ফেব্রুয়ারীতে সাইপ্রাস
রিপাবলিক হবে। চার লক্ষ গ্রীক,
এক লক্ষ তুকী—ছইয়েরই স্বার্থরকা

হবে। ইংরেজ বা 'নাটো'রও ক্ষতি

হবে না। কেন না, সাইপ্রাসে
এরপরও বৃটিশ ঘাট থাকবে এবং
প্রজাতন্ত্র হয়েও সাইপ্রাস—তুরস্ক বা
গ্রীসের সঙ্গে সম্পর্কভেদ করবে না।

সম্পর্ক ছেদ নয়, মাতৃত্মি গ্রীসের
সঙ্গে সম্পর্কের পুনরুদ্ধার-ই ছিল—
সাইপ্রাসের গ্রীকদের সংগ্রামের
কারণ। তাঁদের অবিসম্বাদী নেভা
ম্যাকারিওস বলতেন—'এনোসিস',—
মাতৃত্মির সঙ্গে পুনর্মিলন! বছরের
পর বছর এর নামেই লড়াই, মরণপণ
লড়াই করেছে গ্রীভাস এবং তাঁর
'ইয়োকা' (EOKA) অস্কুচরেরা।
তুকীরা অবশ্য বলত—পার্টিশান অর

#### ম্যাকারিওস, আর্চবিলপ

ভেপ। হয় সাইপ্রাস ভাগ হবে—নয়
ভুকীরা জীবন দেবে। গৃহযুদ্ধে তারা
মরেছেও কম নয়।

তৃকীরা মরেছে, গ্রীকরা মরেছে।
মৃত্যুবরণ করেছেন শত শত ইংরেজও।
মৃত্যুবরণ করেছেন শত শত ইংরেজও।
মৃত্যুবরণ করেছেন শত ডেকে পাঠালেন
বিজ্ঞাহী ম্যাকারিওসকে। ক্লাস্ত ম্যাকারিওস সম্মতি দিলেন—তথাকথিত রিপাবলিক পরিকল্পনায়।
শাস্তি সম্পন্ন হল। ম্যাকারিওস অবশেষে নির্বাচিত হলেন—সাইপ্রাস গণতল্পের সভাপতিও।

কিছ সাইপ্রাস সমস্যা কি শেষ হল ? ক্ষমতাশালী গ্রীক অর্থডক্স চার্চের প্রতিনিধি রাজনৈতিক নায়ক ম্যাকারিওস আজও বোধ হয় তার সঠিক উত্তর জানেন না। তিনি সভাপতি হয়েছেন। সহ-সভাপতি নিৰ্বাচিত হবেন জনৈক তুকী। তুকী সেনাবাহিনী আসতে স্ব-জাতির স্বার্থের প্রহরী হয়ে। স্বতরাং ক্র নারক গ্রীভাস বলছেন—ভূল স্বপ্ন দেখেছেন ম্যাকারিওদ।--সভাপতির পদপ্রার্থী ম্যাকারিওস বলেছেন-গ্রীভাগ আমাদের রাজনীতিতে নিজেই একটি ভূল।—একমাত্র স্বাগামী কালই বলতে পারে এ ছ'জনের কে নিভূল। 39. 32. 42 [ আর্চবিশপ ম্যাকারিওস সম্পক্ষে আরও কিছু জ্ঞাতব্যঃ]

১৯৫৫ সনের এপ্রিলে বান্দ্ং-এ এশিয়া---আফ্রিকার নায়কদের দরবারে রবাহুত এক পর্যটক এদে আবিভূত হয়েছিলেন। পরিধানে টকটকে লাল আলথালা, গলায় কুশ-বিদ্ধ যিন্ত, হাতে ভায়দণ্ড, মাথায় উচ্ টুপি—ছ'ফুট দীর্ঘ দেই মাহুবটিকে দেখে এশিয়া-আফ্রিকা সমন্ত্রমে উঠে দাঁডিয়েছিল। কেননা, ভূলের কোন কারণ ছিল না, একবার তাকিয়েই গিয়েছিল আগন্তক---ম্যাকারিওস। বিশ্বথ্যাত আর্চবিশপ ম্যাকারিওস। তাঁর দেশ সাইপ্রাস ভূগোলে এশিয়ায় থেকেও ইউরোপে ফিরে যেতে চাইছে—এ তথ্য মূলতুবী থাকল। আফ্রেশিয়া সমন্বরে ধ্বনি তুলল-আর্চবিশপ জিন্দাবাদ ! লড়িয়ে যাজক সেদিন চু এন লাইয়ের কাছেও প্রগতিশীল সহযোদ্ধা।

আদ্ধ আর নিশ্য তা নন। কেননা,
সীমান্ত যুদ্ধে ভারতের প্রতি প্রকাশ্তে
সহাত্ত্তি নিয়েই স্বাধীনতা যোদ্ধা
ম্যাকারিওদ ভারত-যাত্রায় বেরিরেছেন। পথে পথে ভারতের স্বপক্ষে
নৈতিক সমর্থন ছড়াতে ছড়াতেই
স্বাধীন সাইপ্রাদের প্রথম প্রেদিডেন্ট

এদেশের মাটি স্পর্শ করেছেন। বান্দ্ং ধে তাঁর তীক্ষ কালো চোথে মায়া-কাঙ্গল ব্লাতে পারে নি—এ সময় এ খবরটা সভ্যিই জানবার মত! আর্চ-বিশপ আবার প্রমাণ করলেন গণতন্ত্রী ইংরেজরাও তাঁকে সভ্যিই ভূল ব্রেছিলেন!

'ঙে সনে এই দেশপ্রেমিক বাজককে সিসিলিতে দেশাস্তবী করার मभरत है रेदक्दा कि कियर मिरा हिलान —যাজক হলেও ম্যাকারিওস রক্ত-পথের পথিক। 'ইনোসিস' তথা 'গ্রীদের সঙ্গে মিলন' তার লক্ষ্য বটে. কিছ তিনি 'ইয়োকা' বা সন্নাসবাদীদের তাছাড়া কমিউনিস্টরাও সহচব । তাঁর বান্ধব। ম্যাকরিওস উত্তর দিয়েছিলেন—'উই বিলিভ ইডি ওলজি ক্যান বি ফট অনলি বাই এনাদার,---নট বাই ফোর্স !' আথেরে ১৯৬০ সনে সাইপ্রাসকে স্বাধীনতা দিয়ে ইংরেজকেও তাই মেনে নিতে হয়েছিল বটে, কিছ চীন কী সে পথে পা দেবে ? ম্যাকারিওদ জানেন—তা कथनहे हरव ना। এवः म कांत्रराहे. ভারতের স্বাধীনতার স্বপক্ষে তিনি আরও বাল্ময়।

চমৎকার কথা বলেন। বক্তৃতা করেন আরও চমৎকার। গরীবের ছেলে ছিলেন। চাষীর ঘরের সস্তান।
কিন্তু নিকোসিয়া এথেন্স, বোস্টন—
নানা দেশে লেখাপড়া করেছেন
পরিণত যৌবন পর্যস্ত। '৪৬ সনেও
তিনি ছাত্র ছিলেন। বয়স তথন তাঁর
তেত্রিশ। এখন উনপ্রফাশ। গ্রীক
রক্ষণশীল চার্চের সঙ্গে আছেন '৪৮ সন
থেকে। আর্চবিশপ নির্বাচিত হয়েছেন
'৫০ সনে। দেশের স্বাধীনতা সংগ্রামে
সেদিন থেকেই তিনি নায়ক। তারই
স্বীকৃতি হিসেবে '৫০ সন থেকে তিনি
স্বাধীন সাইপ্রাসের প্রেসিডেন্ট।

প্রেসিডেন্ট ম্যাকারিওস চমংকার
ইংরেজী বলেন। তবে ইংরেজী জানা
অক্তান্ত রাষ্ট্রপ্রধানদের সঙ্গে তাঁর
পার্থক্য এই, যে কোন কাগজে যে
কোন উপলক্ষেই হোক, তিনি সই
করেন সব সময় লাল কালিতে।

১. ১১. ৬২

#### ম্যানেকশ, সাম (লেঃ জেনারেল)

বন্ধুরা বলেন—'দাম'। জওয়ানেরা কেউ বলেন—'মানিকজী,' কেউ বলেন—'জেনারেল শ'। কিছ সব ধাঁধা মিটে ষায় পুরো নামটি ভনলে; তৎক্ষণাৎ ভানা বায় নেফায় বিনি নতুন সৈক্যাধ্যক হয়ে পভাকা হাভে তলে নিয়েছেন ভিনি ভারভীয় এবং

#### ন্যানেকশ, সাম

পার্লি। পুরো নাম তাঁর—লেঃ জেনারেল সাম হরমুজজী ক্রামজী জামদেদজী ম্যানেকশ। বয়স—মাত্র আটচল্লিশ।

শোনা যায় কোরিয়া ফেরড জেনারেল কাউলকে ডেকে জিজেদ করেছিলেন নেহরুজী—'তুমি নাকি লাল হয়ে গিয়েছ কাউল ?'

'—ইয়েদ স্থার, এজ রেড এজ
ইউ আর!' উত্তর দিয়েছিলেন নাকি
প্রাপলভ দেনাপতি। জেনারেল
ম্যানেকশ সম্পর্কে এমন কোন বর্ণাঢ্য
কাহিনী নেই। পুঁধি-পত্র, ছাউনিতে
মেসে তাঁর একমাত্র পরিচয়—তিনি
লভিয়ে।

লেখাপড়া শিথেছেন—নৈনিতালের কলেজে। কমিশনড হয়েছেন
ভাওহার্ট নয়, দেরাছন থেকে, এবং
তাও মাত্র ১৯৩৪ সনে। কিন্তু এই
পাশী সৈনিকটির মত যুদ্ধের অগ্নিদহন
দেখেছেন অতি কম জন। প্রথমে
আমেদজাইয়ের লড়াই ('৩৯-'৪৽),
তারপর ব্রন্ধ, এবং অবশেষে ফরাসী
ইন্দোচীন। ম্যানেকশ সেই ছর্লভভাগ্য সেনানায়কদের অক্সতম—য়ার
সর্বাক্তে আজও জলজলে যুদ্ধের সবচেয়ে
মৃল্যবান পদক—বুলেট চিহ্ন। ব্রন্ধ
রণাকনে ছুই ছুইবার গুরুভরভাবে

আহত হয়েছিলেন ত্র:সাহসী লড়িয়ে ম্যানেকশ। একবার সীভাং নদীর তীরে, পেগু আর রেঙ্গুণের পথে জাপানীদের গভিরোধ করতে গিয়ে, আর একবার জেনারেল স্লিম-এর নেতৃত্বে মান্দালয়ের পথ থেকে জাপানীদের হঠাতে গিয়ে। ইন্দোচীনে তিনি ছিলেন জেনারেল ডেইজীর অন্তত্ম সহচর। সেখানে তাঁর দায়িছ ছিল দশ হাজার যুদ্ধবন্দীর পুনর্বাসন।

স্বাধীনতার পরে ম্যানেকশ'র প্রথম পরিচয় ডিনি-রণগুরু। কাছ ছিল তাঁর প্রধানত অন্ত্রদীকা। ইতি-পূর্বে ( '৪৪ ) কোয়েটা থেকে নিজের শেব পাঠ সাঙ্গ করেছেন। স্থতরাং স্বাধীনতার সঙ্গে সঙ্গে হেড-কোয়ার্টার্ফে মিলিটারী অপারেশনের ডাইরেক্টার নিযুক্ত করা হল তাঁকে। দেকালেই শ্বরণীয় কাশ্মীর অবশ্য মেজর জেনারেল ম্যানেকশ পরবর্তীকালে আপন হাতে কাশ্মীরে একটি ডিভিশনের পরিচালনভারও পেয়েছিলেন কিন্তু দে যুদ্ধের অনেক পরে। কাশ্মীর যুদ্ধের সঙ্গে তার চেয়েও বেশী যোগ ছিল তাঁর ছেড কোয়াটার্সে থাকা কালে।

' e e সনে কোন্নার্টার্সে তৎকালীন ডিরেক্টার অব মিলিটারী ট্রেনিংএর

### রমন স্থার সি. ভি.

পক্ষ থেকে ম্যানেকশ নিযুক্ত হলেন মাউ-এর পদাতিক বাহিনীর স্থলে কমাগুর। দেখান থেকে কাশ্মীর হয়ে, উপস্থিত কর্মভূমি করেছিলেন তিনি নীলগিরির বিখ্যাত ওয়েলিংটন দ্যাফ কলেজ। উল্লেখবোগ্য, ম্যানেকশ ইতিমধ্যে লণ্ডনের ডিফেন্স কলেজও ঘূরে এসেছেন। কলেজ থেকে অন্তগুরু কমাণ্ডেণ্ট এবার লে: জেনারেলের বেশে মাঠে নেমেছেন। জোণাচার্যের পদস্কারে পূর্ব দীমান্তে নতুন প্রাণাশক্ষন দেখা দিয়েছে; নেফার ধর্মক্ষেত্রে নব ইতিহাস এবার অবধারিত।

4. 32. 42

### র

## রমন, স্থার সি. ভি.

ঘুরিয়ে ফিরিয়ে নিজেকে দেখা মামুষ মাত্রেরই বাসনা, নিজেকে জানা বর্ষীয়ান দার্শনিকদের माधना । বৈজ্ঞানিক রমণ যুগপৎ দার্শনিক এবং স্থতরাং মামুষকে তিনি মানবিক। আরও একটি নতুন জিনিস দেখতে শেখালেন। তিনি বল্লেন, 'নিজের চোথ নিজে দেথ।' সেই কাজলটানা স্থ্যমা মাথা চোথ জোড়াটা নয়, বসন-ভূষণহীন সভ্যিকারের **मर्थन**-ই ক্রিয়টা। সে জিনিস তুমি আয়নায় দেখতে হয়ত এই নাও পাবেনা। আভস কাচ।

নাবেল পুরস্কার পাওয়া বাহাত্তর

বছরের রৃদ্ধ পদার্থ বিজ্ঞানীর পক্ষে
আবিষ্কারটা একটু অভুত ঠেকে বটে
কিন্তু স্থার চন্দ্র শেথর ভেরাট রমণ
বরাবরই একটি অভুত প্রকৃতির
মান্থয়। 'অফ দি ট্রাক' আনাগোনা,
তাঁর চিরকালের স্বভাব। সবাই জানেন
তিনি কলকাতা থেকে শুরু করে
ইউরোপ আমেরিকায় বচ বিভাকেন্দ্রে
অধ্যাপনা এবং গবেবণা করেছেন,
কিন্তু অনেকেই জানেন না মান্ত্রাজ্ঞ বিশ্ববিভালয় থেকে বেরিয়েই ভঙ্গণ
রমণ বেখানে তাঁর কর্মজীবন শুরু
করেছিলেন দে ভারতের ফিনান্স
ভিপার্টমেন্ট। পুরো দশবছর (১০০৭'১৭) কাজ করেছেন সেখানে রমণ।

## রহমান, টুছু আবতুল

'ভারত-রত্ব' রামণ আজ 'জাতীয় অধ্যাপক'। তাঁর বাঙ্গালোরস্থ গবেষণাগার আজ ভারতের অক্ততম জাতীয় বিজ্ঞান-পীঠ। খদেশে এবং বিদেশে তাঁর স্থপতিষ্ঠিত খ্যাতি। তিনি নোবেল পুরস্কার ছাড়াও 'লেনিন পুরস্কার' পেয়েছেন। চীন থেকে ভক্ত করে ইউরোপ আমেরিকার নানা বিষৎসভার শ্রেষ্ঠতম সন্মানপত্র তাঁর হাতে। তবুও রমণ এক অডুত উদাদী মাহুব। বেন, 'বিজ্ঞানী' নয়, বোল আনা মাহুষ হওয়াই তাঁর সাধনা। তিনি দিশি পোষাক পরেন. মাতভাষায় কথা বলেন এবং নিরামিষ ভোজন করেন। রমণ পদার্থ বিজ্ঞানের জটিল তত্ত লেখেন, কিন্তু ভাবেন সহস্রতর জিনিস। তাঁর লেথা অক্তম বইটির নাম—'মিউজিক্যাল इनद्वेद्रायक !' >>, ७, ७०

## রহমান, টুস্কু আবতুল

হারি মিলার-এর লেখা ওঁর একটি
জীবনী আছে। বইটির নাম—প্রিশ
আগত প্রিমিয়ার। 'অগাও' না লিথে
'টু' লিথলেও অবশ্য মালয়ের
প্রধানমন্ত্রী টুছু আবহুল রহমান সম্পর্কে
সভ্য বলা হত, কিন্তু সবটুকু বলা হত
না। কেননা, টুছু সভিটই প্রিজ্ঞা—

রাজপুত্র। তথু জন্মে নয়,—আচারে-আচরণে, এমন কি রাজনৈতিক জীবনেও।

পুরো নাম-টুস্কু আবহুল রহমান ইবনি-আল-মার্ছম স্থল্ডান আব্তুল शिमि शिनिम भा। भः किर्पि — हें इ আবহুল রহমান, অথবা আবহুল রহমান পুত্র। জন্ম—থেদার স্থল্তানের ঘরে, স্থলতানের ষষ্ঠ পত্নীর সপ্তম তনয় হয়ে। ভবুও কপোর চামচ নিয়ে টানাটানি ছিল না; কেননা উত্তর মালয়ের ছোট্ট রাজ্য থেদা সেই বিখ্যাত রাজ্য যেখানে হেলায়-ফেলায় পর পর রাজত্ব করে গেছেন নয় জন হিন্দু রাজা এবং কুড়িজন মুসলিম স্থলতান। তাদের একজন আহমদ হালিম শা পেনাঙকে তুলে দিয়েছিলেন ইফ ইণ্ডিয়া কোম্পানির প্রতিনিধি ক্যাপ্টেন লাইট-এর হাতে! স্ত্তরাং অর্থ ছাড়াও ইংরেজের আফুকুল্যের অভাব ছিল না,—ভাড়াটে বাহকের কাধ থেকে নেমে সরকারী বৃত্তি পকেটে পুরে আবত্ল রহমান রওনা হয়েছিলেন বিলেতে। সে ১৯১৯ সনের কথা। টুঙ্কুর বয়স তথন মাজ যোল বছর।

রাজকুমার বলেই টুঙ্গু কেন্দ্রিজ সাধারণ ছাত্র ছিলেন। তাকে সেন্ট

## রহমান, টুকু আবছুল

ক্যাথারিন কলেছে ভর্তি করতে বেমন থোদ কলোনিয়াল অফিসকে আদরে নামতে হয়েছিল, তেমনি দেখান থেকে বের হতেও টুঙ্কুর যারপরনাই একটু বেশী সময় লেগে গেল। কারণ, পড়ার চেয়েও, রাজক্মারের মনে হত বিলেতে মনোযোগ দেওয়ার মত অস্ত জিনিস অনেক।

'৬১ সনে দেশে ফিরে রাজকুমার টুঙ্কু রাজকর্মচারী হলেন। তিনি থেদার সিভিল সার্ভিদে যোগ দিলেন। ক'বছর পরে (১৯৬৮) আবার পড়ার নেশা, মাথায় চাপল। কিন্তু যুদ্ধ এবারও ঘরের ছেলেকে ঘরে ফিরিয়ে দিল। (টুঙ্কু ইনার টেম্পল-এ ছাড়-পত্র পেয়েছেন ১৯৪৯ সনে, ছেচল্লিশ বছর বয়সে)। আবার সিভিল সার্ভিস। টুঙ্কু এথন কুলিন-এর জেলাশাসক।

যুদ্ধ এবং জাপ অধিকারের দিনগুলোতেও টুকু আবহুল রহমানের
তাই ছিল পরিচয়। তিনি রাজকর্মচারী এবং রাজপুত্র। কিন্তু
১৯৫২ সনে দেখা গেল সে-সব
পরিচয় অতীত কাহিনী, রাজকুমার
এখন সম্পূর্ণত রাজনীতিক। তিনি
মালয়ের বৃহত্তম রাজনৈতিক প্রতিষ্ঠান
ইউনাইটেড মালয় ভাশনাল অর্গা-

নাইজেশনের সভাপতি। টুঙ্কু বলেন—ভাই আবহন রেজাক বিন হুদেন
পীড়াপীড়ি করেছিল বলেই আমি
নিবাচনে দাঁড়াতে রাজী হয়েছিলাম।
লোকে বলে টুঙ্কু রাজী হয়েছিলেন
ভানৈক ফকিরের ভবিগ্রখাণী শুনে।
তিনি নাকি বলেছিলেন—তুমি
একদিন মালবের প্রধানমন্ত্রী হবে।

রাজকুমারের রাজকীয় হৃদয়,---অনেক শথ। তিনি বাগান করতে ভালবাদেন, ফটো তুলতে ভালবাদেন, উড়োজাহাজ ভালবাদেন,—ফুটবলের তিনি একজন বিখ্যাত পৃষ্ঠপোৰক। টুঙ্কু তিনবার বিয়ে করেছেন ( বর্তমান স্ত্রী রোজিয়া খানদানী আরবীয় মুদলিমের ঘরের কক্ষা), একটি পুত্র এবং একটি ক্লার স্থী জনক তুইটি চীনা শিশুকে পিতৃত্বেহে লালন করেন, —ভিনি গল্ফ থেলেন, নাটক লেথেন। তাঁর বিখ্যাত নাটক 'মান্ডরী' '৫২ সনে চলচ্চিত্রে রূপান্তরিত হয়েছে। টুস্থ সব দিকে থেকেই বাজকুমার। **সাধুসন্মাদী পীর-ফকিরেও তাঁর অথও** বিশ্বাস। '৫৯ সনের নির্বাচনের সময় একজন ফকির বলেছিলেন-জিতলে থাজা মইফুদীন চিৎশীর দরগায় প্রণাম জানাতে। গত বছর অক্টোবরে টুছু দে সত্য পালন করে

## রহমান, টুকু আবতুল

গেছেন। স্থতরাং এ-হেন মাসুষ ষদি ফকিরের পরামর্শে রাজনীতিতে এসে থাকেন তবে বিশ্বয়ের কিছু নেই। কিন্তু বিশ্বয়কর রাজনৈতিক টুকু।

১৯৫৫ সন থেকে নানা জাতি অধ্যুষিত বহু সমস্থায় পীড়িত মালয়ে টুক্ষু এক বিশায়কর নায়ক। দীর্ঘ বারো বছর এমার্জেন্সি দেখেছে তার দেশ,--কিছ পতন-লক্ষণ দেখা যায়নি একদিনও। বরং সমগ্র এশিয়ায় টুকুই একমাত্র শাসক যাঁর দেশে কমিউনিস্ট বলে আজ কোন সমস্তা নেই। বিখ্যাত 'ব্রিগদ প্ল্যান' কার্যকর করে টুফু আজ ভুধু স্বদেশে নয়, সমগ্র এশিয়ায় **কমিউনি**স্টদের ষাত্তকর। অথচ. নিমূল করেছেন তিনি চিরকালের সেই রাজকুমারের চালেই। প্রধান মন্ত্রীর আসনে বদেই শান্তির সন্ধানে ভিনি গেরিলা নায়ক চিন পেং-এর আন্তানায় হাজির হয়েছিলেন। পেং দাবী তুলেছিলেন কমিউনিস্ট পার্টিকে স্বীকার করতে হবে। প্রিন্স উত্তর দিয়েছিলেন—আমি যতদিন আছি ততদিন মালয়ে বিখাসঘাতকদের কোন স্বীকৃতির প্রশ্ন ওঠে না! চিরকাল नम चलारवत, छेमात मरनत मासूय ऐक् সেই থেকেই কমিউনিজমের বিরুদ্ধে এক আপদ-হীন বোদা।

ব্যক্তিগত উচ্চাকাজ্ঞা নয়, সামাজ্যবাসনাও নয়, টুকুর শ্রেষ্ঠতম রাজনৈতিক কীর্তি সভজাত মালয়েশিয়া
সেই যুদ্ধেরই একটি অধ্যায় মাত্র।
স্বতরাং ইন্দোনেশিয়া বা ফিলিপাইন
যা খুশি বলুক, টুকুকে স্বপ্রচ্যুত করা
অতংপর অসম্ভব। বিপদ কোথায়
এবং কেন—এ বিষয়ে টুকুর সঙ্গে
অস্তত দক্ষিণ-পূর্ব এশিয়ার কোন
গণতন্ত্রী দেশের তর্ক করার অধিকার
নেই। টুকু আগুনে-পোড়া।

তাই গত বছর অক্টোবরে সমগ্র দক্ষিণ-পূর্ব এশিয়া যথন কম-বেশী মৌন এবং দ্বিধাগ্রস্ত তথন মালয়ের প্রধানমন্ত্রী আমাদের সপক্ষে একমাত্র বাজায় বাহ্মব। ভারতের মনে তাঁর সেদিনের ভূমিকা আজও স্মরণীয়। অবশ্য, এদেশের সঙ্গে টুঙ্কুর ব্যক্তিগত সম্পর্কও অনেক দিনের। তিরিশের যুগে অখ্যাত রাজকুমার টুঙ্কু ওপর-ওয়ালাদের জাকৃটি তৃচ্ছ করে কুয়ালা-লামপুরে ছুটে এদেছিলেন—ভারতের বিখ্যাত জাতীয়তাবাদী নায়ক জওহর-লাল নেহককে দেখতে। ওঁদের প্রথম আলাপ হয়েছিল রেল স্টেশনে। দ্বিতীয় আলাপ '৪৬ সনে। নেহক তথন হয় লক প্রবাদী ভারতীয়ের প্রতিনিধি হয়ে মাউণ্টব্যাটেনের সঙ্গে

## রাজগোপালাচারী, চক্রবর্তী

আলোচনা করছেন। দিলিতে টুঙ্ক্
সগর্বে সেই দিনটিকে শ্বরণ করেছিলেন।
আবেগে নেহরু উত্তর দিয়েছিলেন—
আজ সভ্যি-সভ্যিই আমরা বান্ধব।
ত্মী রোজিয়া ভারতীয় জওয়ানদের
জন্যে আপন রক্ত দান করে জানিয়েছিলেন—দে বন্ধত অচ্ছেল।

١٦. ٦. ৬٥

## রাজগোপালাচারী, চক্রবর্তী

'—আপনি চাণক্য, কংগ্রেস রাজদ্বের কোটিল্য !' —উত্তেজিত হরিবিষ্ণু কামাথ ক্রোধে ফেটে পড়লেন ৷ '—আপনি চিরকালের মত খবরের কাগজের সত্য ভাষণের অধিকারকে অপহরণ করতে চান !'

বাজাজী উঠে দাড়ালেন।
'—মাননীয় সদস্য আমাকে গালি
দিয়েছেন। তিনি আমাকে চাণকা
বলেছেন।' 'আমি গালি দেইনি।
চাণকা পদবীটা গালি নয়!' হরিবিঞ্
কামাথ ঘেন সহসা যুক্তিবাদী হয়ে
উঠলেন। রাজাজী বলে চললেন—
'চাণকা, কেউ কেউ থাকে বলেন
বিষ্ণুপ্তপ্ত, ঐতিহাসিকেরা থাকে বলেন
কৌটলা তিনি একজন শ্রবীয় ব্যক্তি!

'—এবং সম্মানিত ব্যক্তিও!'— কামাথ সংশোধন করে দিলেন তাকে। রাজাজী এবার হাসলেন। কিছ থামলেন না। তিনি বললেন— 'আমার মনে হয় না চন্দ্রগুপ্ত মৌর্বের সেই সর্বজনবন্দিত মন্ত্রিবরের মহান নামটির যোগ্য আমি!'

'—দে আপনার বিনয়!' হরিবিষ্ণু কামাথ যেন এবার ক্ষমাপ্রার্থী।
সাম, দান, ভেদ এবং দণ্ড। চাণক্যের
চার নীডি। হতরাং ক্ষমায় রা**জাজীর**আপত্তি নেই। তিনি এবার বিতর্কে
দাডি টানলেন।

'—আমাকে সম্মানিত করা মাননীয় সদ্দোর অভিপ্রায় ছিল না। আমার নিতাস্ত সৌভাগ্যবশতই পুণালোক চাণকোর নামটা আকমিক-ভাবে তাঁর মুথে এসে গেছে। আমার প্রতি এই আফ্রক্লা প্রদর্শনের জন্ত অঘটনের দেবীকে আম্বরিক ধন্তবাদ!'
গোটা লোকগভা একসঙ্গে হেসেউঠল। সেই হাসি যথন থামল তথন দেখা গেল, স্বরাষ্ট্রমী রাজাজী বছ

ইচ্ছে ছিল রাজকর্মে এখানেই ইতি। তালিকাটি যদি ওয়ারেন হেষ্টিংসকে দিয়ে ওক হয়, তবে শেষ চক্রবর্তী শ্রিনাজগোপালাজারীকে দিয়ে। ততুপরি মুলার বল্পভাইয়ের

নিশিত 'প্রেদ বিল'টিকে আইনে

পরিণত করে ফেলেছেন।

## রাধাকুক্তন, ডঃ সর্বপরী

এই শৃশ্য আসনটি পূর্ণ করার সাফল্য। রাজাজী স্থির করলেন-এবার সালেমে নিজ্ঞ বাডির বারান্দায় বেতের চেয়ারটায় 'ভাগবত' নিয়ে বসবেন। স্থবিধে পেলে খ্রীভগবানের ভূল ধরবেন। কিন্তু এবারও অঘটনের দেবী বিপথে টেনে নিয়ে গেলেন তাঁকে। অনিচ্ছা সত্তেও পথে মাদ্রাজে নামতে হল। '৫২ সনের কথা। হাতে পেতে পেতেও মান্তাজ প্রদেশটা হাত ছাড়া হয়ে গেল ক্যানিস্টদের। তারা অবাক হয়ে দেখল—তাদের সামনে দিয়ে বিকা চডে দিব্যি সেক্রেটারিয়েটে যাতায়াত শুরু করে निरम्राह्म, शिक्तमयाक्त अथम गर्जन्त, ভারতের শেষ গভন'র জেনারেল ভূতপূর্ব প্রাদেশিক এবং কেন্দ্রীয় মন্ত্রী চক্রবর্তী শ্রীরাজগোপালচারী। এবং তাঁর সহাস্ত ঘোষণা—'আমার এক নম্ব শক্ত হচ্ছেন ক্যানিস্বা !

এবার শক্রর তালিকার দিতীর নামও বোগ হল। একাশি বছরের বৃদ্ধ রাজাজী যুগপৎ কমিউনিজম এবং কংগ্রেসইজম-এর বিক্লে লড়াইয়ে অবতীর্ণ হলেন।

ইংরেণ্ডী ভাষার সপক্ষে তিনি বথন এমনি লড়াইয়ে মেতেছিলেন শ্রীনেহক্ত তথন তাঁকে আখ্যা দিয়েছিলেন—'ডন কুইকসোট্!' ষডঃ
পার্টির সদস্তসংখ্যা ইতিমধ্যেই তিন
লক্ষ। স্থতরাং চক্রবর্তী শ্রীরাজগোপালচারী জীবনে এই প্রথমবার
হলেও যে, 'জনপ্রিয়' জননেতা সেকথা
নিশ্চয় আর গোপন নেই।

36. 0. 60

### রাধাকুষ্ণন, ডঃ সর্বপল্লী

অভুত মাহ্য।

রাশিয়ানরা থেদিন চাঁদে রকেট
পৌছাল সারা বিশ্ব সেদিন চমকিত,
বিন্মিত। কিন্তু কোয়েলাটোর-এর
দর্শকেরা বিন্ময়ের কোন আভাস খুঁছে
পেল না, ডঃ রাধারুক্ষন-এর চোথেম্থে। তাদের চমকে দিয়ে তিনি
ঘোষণা করলেন—ঘটনাটা আসলে
এক ধরনের 'টেকনলিজক্যাল
এ্যাক্রোবেটিকস!'

অভূত মাহ্য।

'৪৯ সনে তিনি যখন রাষ্ট্রদ্ত নিযুক্ত হয়েছেন রাশিয়া তথন লোহ-ধবনিকার দেশ এবং স্তালিন তথনও জীবিত। লোকে বললে এবং ছনিয়া ভাবল দার্শনিক রাধাক্তঞ্জন-এর পক্ষে স্থানটা উপযুক্ত হল না, পরিবেশটা ত নয়ই। কিন্তু ধ্পাসময়ে দেখা গেল— কদাচ তিনি যা করেন না স্তালিন তাই করছেন। ভারতীয় রাষ্ট্রদ্তকে তিনি ক্রেমলিনে আপ্যায়ন করছেন। এবং '২২ সনে ফেরার পর রাধাক্ষফনও এমন সমাচার জানালেন—যা সমসাময়িক কোন রাজদ্ত কাউকে বলেন নি। ডিপ্রোম্যাট রাধাক্ষ্যন নির্দ্ধিায় ঘোষণা করলেন—রাশিয়ায় এথনও ইশ্বর জীবিত। লোকেরা চার্চে যায় না বটে, কিন্তু ঘর থেকে বেক্তে বুকে ক্রম আকে!

রাধারুঞ্ন ঈশ্বরে বিশাস করেন।
আজীবন জ্ঞানের সাধক সেদিক থেকে
আজও এই বাহাত্তর বছরের পরিণত
জীবনেও তত্তসাধক। দেশ স্বাধীন
হণ্ডয়ার পর দার্শনিক রাধারুক্ষন রাজধানীর লোক হয়েছেন। প্রথমে—
গণ-পরিষদ, তারপর দৌত্য এবং
অবশেষে '৫২ সনে ভারতের সহরাষ্ট্রপতিত্ব। দীর্ঘ রুটিন, অনেক
দায়িত্ব। কিন্তু তব্ও দার্শনিক ষে
প্রায় এক দশকের সংসর্গেও রাজনৈতিক হননি তারও প্রমাণ পাওয়া
গেল। ৫৬-র নির্বাচন শেষে রাধারুক্ষন
জানালেন—আর নয়, এবার তিনি
দিল্লি ছাড়তে চান।

ড: সর্বপল্লী রাধাক্নফনের দিলি ছাড়া হয়নি। '৫৭ সনে আবার ভারতের সহ-রাষ্ট্রপতির আসনে বসতে হল তাঁকে। এবং এবার স্থাপাডত বসতে হল রাষ্ট্রপতির স্থাসনেও।

বাধাকুক্ষন জীবনে অনেক অনেক সম্মান পেয়েছেন. অনেক আসনে বসেছেন। ডিনি মান্তাক অক্সফোর্ড তুই থণ্ডের তুই বিশ্ববিদ্যালয়ের এম এ। ষেস্ব স্থান থেকে ডিনি সম্মান পদবী পেয়েছেন তার মধ্যে षाह-- अनाहाताम, भावना, नक्ती, त्वनावम, नखन, मिश्हन, जार्यानी, मक्तालिया এवः हेलामि हेलामि। যেসব বিছাকেন্দ্রে তিনি অধ্যাপনা বা বক্ততা করেছেন সে তালিকায় আছে মান্তাজ, মহীশুর, কলকাতা (১৯২১-৩১ এবং '৩৭—৪১ সন ), আছে, বেনারদ, অক্সফোর্ড, শিকাগো, হাবার্ট, প্রিষ্ণাটন, কলাম্বিয়া এবং ইত্যাদি।

রাধাক্তঞ্চন '৩১ সন থেকে '৩৯ সন
অবধি ইন্টারন্তাশনাল কমিটি অব
ইনটেলেকচ্যুয়াল কো-অপারেশন-এর
সদস্ত ছিলেন। '৫২ সনে তিনি
ইউনেস্কোর সভাপতি হয়েছিলেন।
এথনও তিনি ভারতীয় 'পি ই এন'-এর
চেয়ার্মান।

রাধারুঞ্জন-এর কলম বিশ্বখ্যাত। তাঁর বাচনভঙ্গীও। পূর্ব ইউরোপ, পূর্ব ও মধ্য আফ্রিকা, দক্ষিণ-পূর্ব এশিয়া—বিশের এই ব্লব্ল-পরিচিত ভিন

#### রাম, জগজীবন

থণ্ড সাম্প্রতিক কালে ভারতকে তিনিই পরিচিত করেছেন। রাধাক্লফন অবশ্য বলেন—এই ভ্রমণে তিনি নিজেকেই জেনেছেন।

মানবভাবাদী ভারতীয় হিন্দু, রাধারুঞ্চন বিশ্বের নাগরিক। কিছুদিন আগে নেহরু বলেছিলেন—তিনি হচ্ছেন 'এ ক্যুয়ার মিকদচার অব ইস্ট এও ওয়েস্ট, আউট অব প্লেম এভরি-ছোয়ার এও এগাট হোম নো হোয়ার'। রাধারুঞ্চন উত্তরে বলেছিলেন—'উই মাস্ট লার্ন টু বি আউট অব প্লেম নো হোয়ার এও এগাট হোম এভরিহোয়ার।' ২৫. ৭. ৬০

#### রাম, জগজীবন

কলকাতার রাজা দীনেন্দ্র খ্রীটে একটি নৈশ বিভালয় আছে। স্কুলটি স্পবৈতনিক এবং দেখানে যারা পড়তে আসে তারা সবাই গরীব ঘরের ছেলে। আজ থেকে প্রায় পঞ্চাশ বছর আগের কথা। একটি গোলগাল কাল ছেলে প্রতিদিন বই শ্লেট বগলে পড়তে আসত এখানে। ছেলেটির দেশ বিহারের আরা জেলা। তার পরে এবং আগে আরও অনেক দরিক্র সন্থান লেখাপড়া করেছে এখানে। কিন্তু এই ছেলেটি যে সেদিনের সেই

অপারক সহপাঠীদের কথা ভূলতে পারেনি তার প্রমাণ এবারের রেল বাজেটের অক্সতম প্রতিশ্রুতি,—রেলকর্মীদের ছেলেমেয়েরা বিনে পয়সায় স্কুলে পড়তে পাবে। কেননা, রেলমন্ত্রী শ্রীজগজীবন রাম নিজেই অবৈতনিক বিভালয়ের ছাত্র। তিনিই রাজা দীনেক্র স্থীটের সেই অথাতে পড়য়া।

কেন্দ্রীয় মন্ত্রিসভায় জগজীবন রাম
আজ সবচেয়ে পুরানো মন্ত্রী। মন্ত্রিসভায় তিনিই একমাত্র প্রীনেহকর
আদি সহচর। '৪৬ সনের সেপ্টেম্বর
থেকে আজ অবধি একটানা মন্ত্রিপে
প্রধান মন্ত্রীর পরে তিনি একক।
শুক্তে ছিলেন শুনমন্ত্রী, '৫২ সনে
যোগাযোগ ও পরিবহন মন্ত্রী এবং
অবশেষে '৫৬ সন থেকে রেলমন্ত্রী।
শুনমন্ত্রী হিসাবে প্রীজগজীবন রামের
নামের সঙ্গে একাধিক শুনকল্যাণমূলক
আইন জড়িত। যোগাযোগ দপ্তরে
তাঁর কালে অন্ততম ঘটনা—আকাশ
পথেব জাতীয়কবন।

মন্ত্রিত্ব-পূর্ব জীবনে জগজীবন রাম অহমত সম্প্রদায়ের নায়ক হিসাবে খ্যাত হলেও আসলে তিনি বিহারের একজন বিশিষ্ট ক্লবক কর্মী। ছাত্র ভাল ছিলেন। তাই অবৈতনিক

## রামলে, আর্থার মাইকেল

বিভালয় থেকে বেনারস এবং কলকাতা বিশ্ববিভালয়ে পড়াগুনার ব্যবস্থা করতে বিশেষ অস্থবিধে হয়নি তাঁর। তৈ সনে কলকাতা থেকে বিজ্ঞানে স্নাতক হওয়ার পরই তরুণ জগজীবনরাম নিজের এলাকায় খ্যাতিমান কর্মী। তৈ৬ সনে তাঁকে বিহার আইনসভায় মনোনীত করা হয়েছিল। কিন্তু পরের বছর নিবাচিত সদস্য হিসাবেই তিনি আসন গ্রহণ করেছিলেন সেখানে।

নিথিল ভারত অন্তরত সম্প্রদার
লীগ-এর সভাপতি কিংবা কেন্দ্রীর
মন্ত্রিসভার আসনটিও তেমনি বহুদিনের
নিষ্ঠার অর্জিত। শ্রীক্ষগজীবন রাম
এখন রেলমন্ত্রী। ওরেলফেয়ার স্টেটের
টানাটানির সংসারে রেল বলতে গেলে
প্রায় একমাত্র রোজগারী দপ্তর।
দায়িত্বশীল দপ্তরও বটে। জগজীবন
রাম সে দায়িত্ব পালনে কখনও পেছনে
পড়েননি বলেই ক্রমবর্ধমান রেলপথের
সাক্ষা। ২০,২,৬০

### রামসে, আর্থার মাইকেল

বয়স মোটে ছাপ্পান। কিন্তু সে হিসেব অন্তথায়ী 'দেখলে মনে হয়, কমসে কম হাজার বছর।' অন্তত অন্তরাগী জনদের তাই অভিমত। প্রকাও চেহারা, বিস্তীর্ণ মুখমওল,
নীল চোথে সমুদ্রের গভীরতা, গলার
দোহল্যমান ছোট্ট একখানা সোনার
কশ। হঠাং তাকালে মনে হয়,
তামাম এস্টান জগং খেন একটি
মানবেই পঞ্চীত্ত।

নাম—অথার মাইকেল রামদে।
পরিচয় বিশ্ববিখ্যাত ক্যাণ্টায়বেরীর
শততম আচ্বিশপ। কেবলমাত্র
'প্রভুর ইচ্ছা' নয়, জাবন-কাহিনী
শুনলেও মনে হয় এই ঐতিহাসিক
আসনটিতে 'হিজ লউসিপ'-এর উত্থান
বোধ হয় অনিবাম। কেননা, মথার্থই
ঈশবেরর অবয়বে ক্টে এমন মানুষ সতাই
এ-জগতে বিরল।

বাবা ছিলেন—কেছু জ-এ থ্যাতিমান গাণিতিক। অক্ষের জগত ছাড়া চাচের সদেও সম্পক ছিল বটে তাঁর, কিন্তু দে চার্চ অব ইংল্যান্ডের সঙ্গেনর। শেষ পর্যন্ত মৃত্যুর মাত্র একবছর আগে, বখাতা মানতে হল তাঁকেও। কেননা, পুত্র তথনই সেই পতাকার নীচে বিথ্যাত যাজক। ফাদার রামদের জীবনে স্বচেয়ে অরণীয় ঘটনা সেই দিনটি; ধেদিন ব্যাপটাইজ হওয়ার জতে তাঁর সামনে এসে দাঁড়িয়ে ছিলেন টার নিজের পিতা।

যাজক হিদেবে যেমন তুলনাহীন,

# রামলে, আর্থার মাইকেল

তেমনি ছাত্র হিসেবেও। রামসে
বিখ্যাত রেপটন স্থলের ছাত্র। সেদিক থেকে তিনি বিদায়ী আর্চবিশপ ফিদার দাহেবের সাক্ষাৎ শিক্ষ। এখনও দেখা হলে ডঃ ফিশার তাঁকে সর্বসমক্ষেই সম্মেহে সম্বোধন করেন—'মাই বয়।'

আফুষ্ঠানিক ভাবে শিক্ষা দীক্ষার শেষ '২৮ সনে। তারপর দীর্ঘ বার বছর শিক্ষানবীদি অস্তে অবশেষে ভারহাম চার্চে মোটামৃটি একটি পদ। বিশ্ববিদ্যালয়ে তৎসকে ভারহাম অধ্যাপনা। (উল্লেখযোগ্য 'দি গাসপেল এণ্ড দি ক্যাথলিক চার্চ', 'দি রেসারেক শান অব ক্রাইস্ট', 'দি গ্লোরি অব গড' ইত্যাদি গ্রন্থের লেথক রে: মাইকেল রামদে যতথানি তাঁর কথা এবং কাজের জন্মে খ্যাত, তার চেয়ে অনেক বেশী বিখ্যাত তাঁর পাণ্ডিত্যের জন্তে ) সেথানেও আবার ঘাদশ বর্ষ। তের বছরের মাথায় ভারহাম-এর যাজক হলেন রামসে। তার পাঁচ বছর পরে ইয়র্ক-এর আর্চবিশপ। এবার সেথান থেকেই এথানে. রাজ্যের দ্বিতীয় থেকে প্রথমের আসনে।

ক্যাণ্টারবেরীর আচবিশপ। কিন্তু এখনও খেন তাঁর সামনে ডারহাম-এর সেই উঠোনটিই। রামসে ড: ফিশারের মত কথায় কথায় বিবৃতি দেওয়ার বিষয় খুঁজে পান না, মতামত জ্ঞাপনের মত গভীর সমস্থা খুঁজে পান না, এবং কমিটি গড়ে ভারাপণি করা যায় এমন কোন আধ্যাত্মিক বিষয় তাঁর নজরে পড়ে না। নিঃসন্তান সাধক আপন মনে তাঁর ঈশবের সঙ্গে দরবার করেন। এজন্মে প্রেদ কনফারেন্স ডাকা কথনই তিনি পছন্দ করেন না।

তাই বলে কি জগতের সমস্তা দম্পর্কে কোন মতামত নেই তাঁর ?—
অবশ্টই আছে। তবে তা শুনতে হলে কাগজ নাখুলে সামনে গিয়ে বসতে হয়, যেমন গেল বছর শুনেছিলেন অক্সফোর্ডের ছেলেমেয়ে এবং অধ্যাপকরা। ইয়র্ক-এর আর্চবিশপ সেদিন তাঁদের চমকিত করে ঘোষণা করেছিলেন: ''ইফ দি চয়েস কেম বিটুইন রোয়িং আপ দি ওয়াল্ড এগু বিয়িং ওভার-রান বাই কম্যনিজম্, আই ফিল ডোল্ট থিক উই ছাভ দি রাইট টু রো আপ দি ওয়াল্ড ৷"

এর চেয়েও বেশী চমক আছে
ক্যাণ্টারবেরীর আর্চবিশপের ভাণ্ডারে।
নিচ্ছে তিনি ধুমপান করেন না, কিন্তু
অতিথি এলেই পকেট থেকে সিগারেট
বের করে সামনে ধরেন। বলেন—'ও
কিছু নয়, জাস্ট এন এ্যাক্ট অব মার্সি!'

3¢. 4. 45

## রাসেল, বাট্র ভি

'থুষ্টপূর্ব ষষ্ঠ শতকের গ্রীক বিজ্ঞানী এনাক্সিমেণ্ডার বলেছেন মানুষ জৈবিক দিক থেকে মাছের আত্মীয়। স্থতরাং মাহবের উচিত মাছ না থাওয়া।'— থবরটা অতান্ত গুরুতের সঙ্গে পরিবেশন কর্লেন রাসেল। কেননা, পশ্চিমের জ্ঞানের ভাণ্ডারে গ্রীক বিজ্ঞানীর এই অনুমানটি একটি স্মরণীয় সম্পদ। কিছ এনাক্মিমেণ্ডারের সিদ্ধান্তটি ভান হো হো করে হেদে উঠলেন পশ্চিমী জ্ঞানের সংগ্রাহক। কেননা. যুক্তিটা হাশ্রকর। অথচ যুক্তিপূর্ণ হওয়ার সাধনাই বাটাও মান্ত্র রাসেল-এর ছিয়াশি বছরের জীবন।

বাবা ছিলেন অভিজাত পুরুষ কিছ সেই পৌক্ষকে চাক্ষ্ম দেখতে পাননি রাসেল। তিন বছর অনাথ হয়েছিলেন তিনি। ভিক্টোরিয়ার দরবারে স্থান হল তাঁর। কিন্তু রাদেলকে দরবারী করা গেল না কিছুতেই। ১৮৯৪ সনে গণিত এবং দর্শনের সর্বোচ্চ সম্মান নিয়ে তিনি ষথন কেম্বিজ থেকে বের হলেন, রাসেল তথন সাধারণ মাসুষ। ভধুই 'মাকুষ'। আজও তিনি তাই। পক্তেশ ব্যায়ান প্রাক্ত রাদেল--আজও 'মুমুয়ু জাতির একটি প্রজাতি মাত্র।' তবে এমন প্রজাতি বাঁর বিতীয় পাওয়া ভার।

উনবিংশ শতকে জাত ইংরেজ সম্ভান হয়েও বার্ট্রাণ্ড বাসেল চার্চে যান না, যুক্তি ছাডা ধর্ম মানেন না। তিনি 'ফ্রি থিংকার'। ইচ্ছে হল তিনি দেশ ছেডে আমেরিকায় কাটিয়ে ছিলেন বছরের পর বছর। ইচ্ছে হল, বিরাশী বছর বয়দে দারপরিগ্রহ করলেন তিনি। চিস্তায় এবং কর্মে রাদেল সত্যিই অসাধারণ 'প্রিন্সিপিয়া ম্যাথামেটিকা' থেকে স্বশেষ 'উইস্ভম অব দি ওয়েস্ট' চল্লিশটিরও বেশী মস্তিম-আলোডন-কারী গ্রন্থের লেখক রাসেলের চিস্তার বিষয় এখন: সভাতার ভবিশ্বৎ। ফলে সাহারায় আণবিক বিস্ফোরণের বিৰুদ্ধে তাই পথে নামতে ইতস্ততঃ করেননি 'এ বি সি অব এাাটম'-এর লেথক।

গেল সপ্তাহে ডেনমার্কের সোনিং
প্রস্কারে সম্মানিত করা হয়েছে
বার্ট্র ত্তরাসেলকে। সম্মানের কারণ:
পশ্চিমী সভ্যতায় তাঁর অপরিমেদ্ধ
দান। '৫০ সনে যথন সাহিত্যে
নোবেল প্রস্কার দেওয়া হয় তাঁকে
তথন কারণ হিসাবে বলা হয়েছিল—
'recognition of his many sided

## রাক্ষ, তীন

and significant authorship in which he has constantly figured as defender of humanity and freedom of thought.' পশ্চিমী সভ্যতাকে পৃষ্টতর করে, গোটা মানব সভ্যতাকেই নিশ্চয় উজ্জ্বতর করেছেন গ্রাপেল।

२०. २. ७०

## রাস্ক, ডীন

বলতে গেলে বাবা গ্রীবই ছিলেন।

জর্জিয়ায় সাধারণ যাজকের কাজ করতেন। তাও গলাটা হঠাৎ থারাপ হয়ে গেল। কলে, গীর্জা ছাড়তে হল। এদিকে ঘরে পাঁচটি ছেলেমেয়ে। এ ছেলেটি চতুর্থ,—তার পরেও আছে একটি। স্থতরাং, বাধ্য হয়েই ঘর ছাড়তে হল। স্থল মাস্টারের কাজ নিয়ে জর্জিয়ায় মায়্য় চলে এলেন আটলান্টায়।পাশেই নিপ্রো এলাকা। পাদ্রী সাহেবের ছেলেরা ওদের মতই চলে, বলে, থেলে। কথনও কথনও রেল লাইনে বসে কয়লা কুড়ায়।

তবুও যে ছেলেগুলোর ভবিয়ৎ আছে তা জানা গেল চার নম্বর ছেলেটিকে দেখে। কত আর বয়স হবে তথন ডেভিড-এর ? বড়জোর বার। স্থলের ছেলে ভীন সে বয়সেই
নিবন্ধ লিথে ছিলেন একটা।
শিরোনামা: আমার জীবনের আগামী
বার বছর। সেই সংকল্প তালিকায়
ছিল—যথাসময়ে স্থলের পড়া শেষ
করব। তারপর হ'বছর চাকরী
করে ডেভিডসন কলেজে ধাব,
তারপর বজি নিয়ে যাব অক্সফোর্ড।

এই স্বপ্নের একটি টুকরোও মিথো
হতে দেননি—ভীন। সেই পরীব
স্থল-শিক্ষকের চতুর্থ ছেলে ভীন রাফ
সত্যিই এলেন একদিন অক্সফোর্ডে!
তিনি 'রোডস স্থলার'। সেণ্ট জন
কলেজে রাজনীতি, অর্থনীতি এবং
দর্শন পড়েন। ছুটির সময়ে পড়তে
হয় তাকে বার্লিনে। এসব '৬২
সনের কথা। ছ'ফুট এক ইঞ্চি উচ্
আমেরিকান তরণটির বয়স তথন
সোটে একুশ।

পড়া শেষ হয়ে এসেছে এমন সময়
হঠাৎ দেশ থেকে—টেলিগ্রাম।
চাকুরী তৈরী। অধ্যাপনার কাজ।
মাইনে বছরে হ'হাজার জলার।
সময়টা '৩৪ সন,—মন্দার বছর।
রাস্ক রাজী হয়ে গেলেন। পরে জানা
গেল নামটা মিলস কলেজ হলেও
যেখানটায় তিনি কাজ নিয়েছেন সেটা
আসলে স্থল এবং মেয়েদের স্থল!

তবুও কাজটা ভালই লাগে। বিশেষ মনের মত বাদ্ধবীও পাওয়া গেছে একটি। মেয়েটির নাম— ভার্জিনিয়া ফোসি। রাস্ক-এর ভূতপূর্বা চাত্রী। এখন তিনি রাস্ক-এর স্ত্রী।

সংসার গোছাতে না গোছাতে 
ক্ষক হয়ে গেল যুদ্ধ। বিতীয় মহাযুদ্ধ।
রাস্ক সৈঞ্চলে নাম লেথাবার জন্মে
তৈরী হলেন। কিন্তু তার আগেই
স্টেট ডিপার্টমেন্টের তলব এসে
হাজির। তুমি কি অক্সকোর্ডে ছিলে?
—হাা। তবে তুমি এথানটায় বস।
আজ থেকে তুমি আমাদের সামরিক
গোয়েন্দা দপ্তরে 'বৃটিশ সাম্রাজ্য'
বিভাগের কর্তা।

সামরিক কাজেই কনেল রাস্ক
'৪৩ সনে ভারতে এসেছিলেন
একবার। দিলি থেকে তথন
নিয়মিতভাবে পূর্ব রণাঙ্গনে ঘুরে
বেড়াতে হত তাঁকে। রাস্ক তথন
ইঙ্গ-মার্কিন খোগাখোগ স্থাপনে
দায়িত্বশীল কমী।

গৃদ্ধ থামল। কিন্তু রাস্ক-এর দায়িত্ব
একটুও কমল না। কথনও স্টেট
ডিপার্টমেন্ট কথনও ওয়ার ডিপার্টমেন্ট
—একের পর এক কান্ধ চাপছে তাার
বাড়ে। '৪৭ সনে মার্শাল-এর নজর
পড়ল তাার উপর। রাস্ককে তিনি

শেশাল পালিটিক্যাল এফেয়াস-এর
অফিসার করে নিলেন। ত্'বছর
পরে জীন এচিসন নিযুক্ত করলেন
তাঁকে নিজের অধীনে ডেপুটি আগুার
সেক্রেটারী। জীন রাস্ক সেই থেকে
স্টেট জিপার্ট মেণ্টে চেনা মুখ। 'ৎ১
সন অবধি ও-বাড়িতে যা কিছু হয়েছে
বা না হয়েছে রাস্ক তার অক্ততম
সান্দী। এবং সক্রিয় সান্দী। তুই চীন
নিয়ে তর্কে তিনি জংশ গ্রহণ করেছেন,
কোরিয়ার যুদ্ধে তিনি কৌন্ধ পাঠাতে
পরামর্শ দিয়েছেন, জাপানের সঙ্গে
সামরিক চুক্তি করার ব্যাপারে তিনি
ভালেসকে সাহায্য করেছেন এবং
ইত্যাদি ইত্যাদি।

'৫২ সনের মাঝমাঝি থেকে ভীন
রাক্ষ আবার বেসরকারী লোক।
তিনি রকফেলার ফাউণ্ডেশানের
কর্তা। আট বছরের কাজ। শেষ
হওয়ার সঙ্গে সক্ষেই আবার স্টেট
তিপার্টমেণ্টে ফিরে আসছেন—প্রানো
কর্মী রাস্ক। আগামী ২০শে জাহুয়ারী
থেকে তিনি তার সেই পরিচিত
প্রানো বিভাগের নতুন কর্তা।
ভীন রাস্ক (৫১) নতুন সেক্টোরী অব
স্টেট। আমেরিকার নতুন পররাষ্ট্রসচিব আণ্ডার সেক্টোরী রাক্ক-এর
ভুয়ারে নাকি সব সময় একটা লাইন-

#### ब्राब, वामिनी

টানা প্যান্ত থাকত। হৃদুদ কাগছের প্যান্ত। কি কি সমস্যা তাঁর সামনে রয়েছে তাই লেখা থাকত তাতে। কথনও কথনও দেখানে সমস্যার সংখ্যা দাঁড়াত সত্তর থেকে আলী। রাহ্ন হেসে বলতেন—আমি একশ' চাই। এতদিনে সেই আশা বৃঝি সফল হল!

२**२.** ১२. ७०

#### রায়, যামিনী

এথন কি নাম হয়েছে জানি না।
তথন রাস্তাটার নাম ছিল ডিহি
শ্রীরামপুর লেন। অথবা—রোড।

যতবার ও পথে যাই ততবার চোথে পড়ে বাড়িটা। অক্ত পাশের কোন বাড়ির দকে মিল নেই। এমন কি, কিছুদিন পর নিজের সঙ্গেও না। প্রতিবারই তার নতুন চেহারা। দেখলে অবাক না হয়ে পারা যায় না।—এমন ক্যাপা বাড়িওয়ালাও হয় কথনও ?— না জানি লোকটি কে?

ক্রমে জানা গেল। জানা গেল এ বাড়িতে সভিত্তই একজন 'ক্যাপা' বাস করেন। তাঁর মাধাময় অবিশুস্ত সাদা চূল, চোথে পুরু চশমার নীচে কেমন বেন ছটি চোথ, গায়ে বোভাম হীন এক হাফ পাঞ্চাবী। মাঝে মাঝে দামী মোটর এসে দাঁড়ায়, দামী পোশাকে মণ্ডিত বিদেশীরা নামেন, কড়া নাড়েন, কিন্তু তিনি কিছুতেই পাঞ্চাবী ছাড়েন না।

শোনা মাজ চেনা হয়ে গেল।
স্থতরাং একদিন বেপরোয়াভাবেই
কড়া নেড়ে বসলাম। কেননা, যে
মাস্ব বাড়িটাকে নিয়েই এমন থেলা
থেলছেন, তাঁর থেলাঘরের ভেতরটা
যেমন করে হক দেখা চাই।

দরজা খুলে সামনে এসে দাঁড়ালেন সেই বৃদ্ধ ক্যাপা। চোথে তাঁর জিজ্ঞাসা। বলা মাত্র মৃত্ স্বরে বললেন, আহন।

তারপর অনেকবার গিয়েছি। অনেক দেখেছি, কাছাকাছি বদে অনেক আলাপ করেছি। কখনও ওঁর নিজের দঙ্গে কখনও ছেলেদের সঙ্গে। কিন্তু স্বীকার করব যামিনী রায় এখনও আমার কাছে শ্রী অস্পষ্ট, আজও সেই প্রথম দিনের মতই মান্ত্রট আমার কাছে সম্পূর্ণ অজ্ঞাত। সম্ভবত, সব কালের সব শিল্পীরাই তাই। ওঁরা চিরকালের রহস্তারত। ব্যক্তিগত টুকিটাকিতে চিরকালই কেমন খেন ওঁদের অনিচ্ছা। অস্তত শিল্পী যামিনী বায় সে সব প্রসঙ্গে মৌন থাকতেই ভালবাদেন। কেননা, সংগতভাবেই তাঁর ধারণা তাঁর বক্তব্য ঘরময় বিবৃত।

#### রায়, সভ্যতিৎ

ভিহি শ্রীরামপুর লেনের সেই বাড়িটা ভর্তি ছবি, আর ছবি। শিল্পী মৌন কথক।

দে কথা থেকে জানা যায়, যামিনী রায় বাংলা দেশের শিল্পী। আদি বাড়ী তাঁর বাকুড়া জেলার কোন এক গ্রামে এ থবরও যদি অতঃপর পেতে হয় তবে অনিবার্যভাবেই অক্স কারও ভারস্থ হতে হয়। হয় ছেলেদের কিংবা অক্স কোন অক্সরাগীর।

তাঁদের মৃথেই শোনা। গাঁ থেকে
শিল্পী কলকাতায় এলেন। সেকালের
কলকাতায়। অবনীন্দ্রনাথ ছাভেলের
হাতে গড়া শহরে। যথারীতি ভর্তিও
হলেন গভর্গমেন্ট আটু কলেজে। কিন্তু
বের হওয়ার পর দেখা গেল—
এই একটি মাহুষের ছবিতে অস্ততঃ
কলেজের ছাপ নেই। যা আছে দে
মাটির। বাঁকুড়া জেলার, কালীঘাটের,
বাংলাদেশের।

দীর্ঘ সাধনায় এ রায় অনেককাল কাটিয়ে উঠেছেন সেই অস্পষ্ট স্বাক্ষর। এখন তিনি আর 'পটো' ত ননই, বোধ হয় সেই ধারার শিল্পীও নন। তিনি শুধু শিল্পী। এমন শিল্পী যিনি সম্পূর্ণত নিজের ভাষায় কথা বলেন। এবং সে কথা দাঁড়িয়ে দেশ দেশান্তরের লোকেরা শোনে। চ্য়ান্তর বছরের বৃদ্ধ, বাংলাদেশের মরের মাক্ষর যামিনী রায় আজ বিশ্ব-থ্যাত শিল্পী। তাঁর প্রতিষ্ঠা আজ প্রশাতীত। স্কতরাং, এমন সময়ে ভারতের ললিতকলা একাডেমি কর্তৃক তাঁকে 'ফেলো' নিবাচন কোন চমকপ্রদ সংবাদ নয়। সেই সংবাদের আড়ালে তার চেয়েন্ড বড় সংবাদ, খেলাঘরের ক্যাপা এখনও তাঁর প্রতিষ্ঠা তাঁর পরশপাথর খুঁজে চলেছেন। ভক্তজনের আসরে নয়, সরকারী মর্যাদায় নয়—ক্যানভাদে। ২০.৪.৬১

#### রায়, সভ্যজিৎ

ম্যানহাটন-এ ছত্রিশটি পিনেমা-বাড়ি। কিন্তু একজন মালিকও বাজী হলেন না 'পথের পাচালী' দেখাতে। কেননা, তাদের মতে—'পথের পাঁচালী' এমন অপেরা যা সমালোচকরা ভাল-বাদেন কিন্তু থদেররা স্বচকে দেখতে পারে না।' তবুও ফিফ থ এভিহ্যুতে ষথন দেখান শুক্ল হল স্থানুর বাংলা দেশের কোন এক অখ্যাত গাঁয়ের জীবন পাঁচালী, তথন দর্শকেরা ভেঙে পড়ল সেখানে ৷ কাগজ-ওয়ালারা করলেন-জনপ্রিয়তায় স্বীকার 'গার্ডেইন'-এর (Gervaise) রেকর্ডও ভেঙ্গে ফেলেছে ইণ্ডিয়ার এই প্লে-টি।

#### বাৰকিবণ

শন্ধান অবশ্য এই প্রথম নয়।
কলকাতা দোনামনা করলেও কেনেদ
থেকে সানক্রান্দিদকো—তিন বছরে
পাঁচটি আন্তর্জাতিক পুরস্কার পেয়ে
ছিল একত্রিশ বছরের তরুণ পরিচালক
সত্যজিৎ রায়। তারপর ক্রমে আরও
অনেক সন্মান যোগ হয়েছে তাতে।
গেল দথাছে 'অপরান্ধিত' তার সঙ্গে
ছুড়ে দিল আরও তুটি। তুটি পুরস্কারই
ছাতিতে আমেরিকান, প্রকৃতিতে
আন্তর্জাতিক এবং ভারতের ভাগ্যে
এই তার প্রথম প্রাপ্তি গৌরব।

শীনতা বিং রায়কে আরও অনেকের
মতই আমরাও প্রথম দেখি বইয়ের
মলাটে। স্কুমার রায়ের একটি
সর্বজনপাঠা ছোটদের বই পড়তে
পড়তে একদিন জেনেছিলাম তার
পাতায় পাতায় আশ্চর্য স্থলর ছবিগুলো
তার প্র সত্যজিং রায়ের আঁকা।
উপেক্রকিশোর রায়চৌধুরীর স্থোগ্য
উত্তরাধিকারীর সঙ্গে সেই প্রথম
পরিচয়। জমে সিনেমা সংক্রান্ত
একদিন সাক্ষাং পেলাম তার। এবং
অবশেষে সে পরিচয় সম্পূর্ণ হল পর্দায়;
—'পথের পাচালীতে!'

'পথের পাঁচালী'র নির্মাণ কাহিনীও একটি অসাধাবণ শিল্পীর জীবন পাঁচালী। স্বপ্নটা জন্মেছিল বিভৃতিভূষণের বইয়ের পাতা আঁকডে
আঁকতে। দিনেমার দৃশ্যগুলোও
এসেছিল ক্যামেরার আগো কলমে।
বাংলা দেশের মাটি থেকে বহুদ্রে।
বিলেত থেকে স্বদেশম্থী একটি
জাহাজের কামরায়। তারপর স্পীর
আলন্ধার বাঁধা দিয়ে ক্যামেরা কেনা...
অপু সংগ্রহ। এবং অবশেষে এক
ছুটির দিনে বন্ধুদের নিয়ে নিশ্চিস্তপুরের দিকে বেরিয়ে পড়া।…

বিজ্ঞাপন থেকে সমাপ্তি—অনেক
নতুন কথা বলেছেন সত্যজিৎ রায়।
অনেক নতুন পথে পা বাড়িয়েছেন
তিনি! সত্যজিৎ রায় নিঃসন্দেহে
ঘুর্লভ জাতের শিল্পী। ছবি আঁকিয়ে
কানে কালা ছলে তাঁর বিরুদ্ধে
আমাদের কিছু বলবার নেই। ধিনি
গান জানেন চিত্রপ্রদর্শনীতে তিনি যদি
ছটফট করেন তাহলেও নির্বাক থাকা
ছাড়া উপায় নেই আমাদের। কিন্তু
সত্যজিৎ রায়ের মত সম্পূর্ণ জাতের শিল্পী
বাঁরা—তাঁদের নিয়ে গর্ববাধ করা
বেকোন দেশের গোঁরব। ১৬. ২. ৬০

#### রামকিষণ

'জ্যোতিষীরা' সম্পূর্ণ পরাস্ত। 'হাওয়া বিশারদ'রা জন্দ। চণ্ডীগড়ের

বাইরে বসে এখানে-ওখানে যারা ঘরোয়া ভাবে বাজি ধরেছিলেন তাঁদের ত'দলই খুশী,—কোন পক্ষকেই হার মানতে হল না। এমন কদাচ হয়। বিশেষত যেথানে নতুন-পুরোনা পরিচিত নাম যথেষ্ট। কামরাজ-শাস্ত্রী-খৰ্ণ দিং, তথা হালের দিলি মানাস্ভেই এ চমকের জন্মে অবশ্রই দ্বিতীয়বার গৌরবের দাবি করতে পারেন বৈ কি ! কাগজের ফটো-দপ্তর খবৱের ঘেঁটে **ঘেঁ**টে হয়বান, कीवनी-লেথকরা বিচলিত। সর্দার প্রতাপ সিং কায়রোঁর উত্তরাধিকারী হয়ে পঞ্চনদীর তীরে অবশেষে যিনি আবিভূতি হলেন, নি:সন্দেহে তিনি চেনাজানা নাম নন। চেহারায়ও অবখাই তাঁকে ক্যামেরা গৌরব বলে অভিহিত করা চলে না। নিভাস্তই সাধারণ চোথ-মুথ, যেন আর পাঁচজন গৃহস্থেরই একজন। কিন্ধ তাই বলে এরামকিষণ 'কালো ঘোড়া' নন। যতটুকু জানা গেছে তিনি ভধু পুরানো লড়িয়ে নন, একটু অন্ত ধরনের জনসেবক। বন্ধু এবং আপন রাজ্যের কাছে পরিচয় নাকি তাঁর 'কমরেড রামকিষণ!' राकार्थ इरल रलवात्र किছू हिल ना। কিছ শন্ধটা যথন যথাৰ্থে ব্যবহৃত, তথন থবরটা অৰ্খ্যই শুনবার মত। প্রজারা 'কমরেড' বলে ভাকতে পারেন এমন মৃথা-মন্ত্রী বোধ হয় সভ্যিই ধ্র স্থাভ নয়।

क्रा--- >>> मन। क्राजान পশ্চিম পাঞ্চাবের ঝান জেলার কোট-ইসা-শা গাঁয়ে। সাধারণ এক মধাবিত্র পরিবারে। সে গ্রাম এখন পাকিস্তান। গাঁয়ের ছেলে রামকিষণ রাজনীভিতে দীকা নিয়েছিলেন শহরে, কলেকে পড়তে পড়তে। পাঞ্চাবে তথন লালা লাজপৎ রায়ের ঝড়। তাঁরই আহ্বানে বই ফেলে বাইরে ছুটে এগেছিলেন রামকিষণ। জীবনে তাঁর প্রথম আন্দোলন গভর্নর মন্টমরেন্সির বিক্লন্ধে আয়োজিত বিখ্যাত ছাত্র-ধর্মঘট। সে ১৯২৯ সনের কথা। সে বছরই তরুণ রামকিষণের জীবনে প্রথম কাবাবাসের অভিজ্ঞতা।

তারপর ১৯৩০, ১৯৩১, ১৯৩২
১৯৪১ এবং '৪২। জ্বমে জেলখানা
রামকিষণের জীবনে বিতীয় ঠিকানার
পরিণত হয়েছে। সাকুল্যে ছ'বছর
জেলে কাটিয়েছেন রামকিবণ।
বিয়ালিশ উপলক্ষে একটানা তিন
বছর কেটেছে তাঁর সেথানে। কখনও
কখনও সকী হয়েছেন স্ত্রী। কখনও
ছোট ছেলেরা পর্যন্ত। রামকিবণের
পত্নী হু হু'বার জেল থেটেছেন যুগল

#### রামকিষণ

পুত্রসহ। এমন কি পরিবারকে সম্পূর্ণ করে রামকিষণের বৃদ্ধ পিতা বামচাঁদও তু'বার যোগ দিয়েছিলেন ওঁদের সঙ্গে। তিন পুরুষ একদঙ্গে তথন কারাবাদী। এদব তৎকালের काहिनी, পाक्षाद्य वथन व्यत्नक तम्भ-বরেণ্য নায়ক, এবং রামকিষণ যথন उारम्य ভोष्ट करेनक 'खरमनी' माज। ভাহলেও কংগ্রেসমহলে অক্সাতকুলনীল ছিলেন না তিনি। দেশ-বিভাগের আগে তিনি ছিলেন লাহোর মিউনিসি-প্যাল কর্পোরেশনের অক্তম সদস্য। ভাছাড়া রামকিষণ নিথিল ভারত কংগ্রেদ কমিটিতে আছেন আজ পনের বছর, এবং সেকালেই একটানা ক'বছর ছিলেন তিনি প্রাদেশিক অফিসের অফিস-সেক্রেটারী।

দেশ বিভাগের পর থেকে ঝান্ জ্বলার মাছ্য রামকিষণ জলদ্ধরের নায়ক। সীমাস্তের এপারে আসার পরও প্রাদেশিক কংগ্রেসের পূর্বতন আসনটি অনড় ছিল তাঁর। ভবে রামকিষণের দে পরিচয়ই তথন এক-মাত্র পরিচয় নয়। রাভারাতি জলদ্ধরে 'কমরেড সাহেব' থ্যাতি অর্জন করেছিলেন তিনি উঘান্ত পুনর্বাসনে হৃদয় এবং মাণার প্রমাণ দিয়ে। ফলে রামকিষণ যে অচিরে জেলা কংগ্রেদের সভাপতির আসনে
অধিষ্ঠিত হলেন তাই নয়—জলদ্ধর
শহর এই উদ্বাস্থ নায়ককেই ক্রমে
একদিন পাঠাল রাজ্য বিধানসভায়
নিজেদের প্রতিনিধি করে। দে
১৯৫২ সনের কথা। প্রদেশ কংগ্রেদের
অফিস-সম্পাদক তথন রাজ্য কংগ্রেদের
সাধারণ সম্পাদক।

দে বিধানসভার মেয়াদ ফুরোডে ফুরোতে 'eঙ সনে কায়রোঁ মঞ্জিসভায় রাজ্যের অক্ততম ডেপুটি মন্ত্রী মনোনীত হয়েছিলেন রামকিষণ। কিন্তু '৫৭ সনের নির্বাচনে জনসংখের কাচে আসন থোয়াতে হল তার। অপরাধ नाकि-तामकियन हिन्दू हरत्र यथहे পরিমাণে হিন্দুভাবাপন্ন নন: স্বা-বস্থায়ই তিনি সেকুলারপন্থী রাজ-নীতিক। '৬২ সনে জলন্ধরের সেই লোভনীয় আসনটি আবার দথলে এল রামকিষণের, এবার তিনি মনোনীত হলেন কায়রোঁ মন্ত্রিসভার অক্ততম বাইমন্ত্রী। দপ্তব—টাউন প্লানিং এবং বস্তী উচ্ছেদ। গত বছর কায়বেঁ। যথন এমার্জেন্সি উপলক্ষে তার একত্রিশ সদস্যের মন্ত্রিসভাকে ছেঁটে ন'জনের পরিণত 'রাজসভায়' করেছেন রামকিষণ তথন 'মৃত'দের তালিকার অন্যতম।

ভাহনেও বে শেষ পর্যস্ত তিনি দকল কাটা তৃচ্ছ করে এভাবে ফুটে বের হলেন, তার স্বটুকু কারণ বোধ তয় 'চাব্দ' বা হস্তরেথা নয়। কি মন্ত্রিসভায়, কি বাইরে—জনতার মানুষ বামকিষণ পাঞ্জাবে নাকি অন্তম জীবস্ত রাজনীতিক। তিনি চবিশ ঘণ্টা 'পলিটিক্যাল।' তার চেয়েও বভ কথা দীর্ঘদিন কায়রোঁ। সাহচর্ষের পরেও তিনি সাদা থানের মত পরিচ্ছয়। আদর্শ ছাডা অক্ত কোন কিছুর প্রতি বিন্দুমাত্র আকর্ষণ বা আহুগত্য নেই তাঁর। রামকিষণ চমৎকার বক্তা। কিন্তু তবুও নাকি চলতি অর্থে 'মেঠো বক্তা' নন। তথা এবং আবেগে মিলে সে বক্তৃতা নাকি সৰ জাতীয় জমায়েতেই বীতিমত আক্ৰ্ণীয়। গত বাজেট অধিবেশনে কায়রোর বাজেটকে সমালোচনা করে যেদব বক্ততা করেছিলেন তিনি, তাতে প্রমাণ হয়েছিল আদর্শ প্রশ্নে বামকিষণ আপোদ-বিরোধী। দেদিন রেডিক্যাল বামকিষণের অভিযোগ—কায়রে 1 ভুবনেশ্বর প্রস্তাবের সঙ্গে সমান তালে চলতে পারছেন না।

এবার নতুন মুখ্যমন্ত্রী রামকিষণ কি তা পারবেন ?

কে জানে, সময়ে প্রতিশ্রুত সহ-

বোগিতার অভাব না হলে একার বছরের এই 'কমরেড'-মৃথ্যমন্ত্রীই হয়ত পাঞ্চাবকে স্বাস্থ্যে এবং চরিত্রে নতুন করে প্রতিষ্ঠিত করবেন। তবে অতঃপর শ্রীরামকিষণকে অবশুই গার্হস্থ্য ব্যাপারে অধিকতর সতর্ক এবং সন্ধাগ থাকতে হবে। কেননা, কাররে'। ছিলেন তুই পুত্রের জনক,—আর পাঞ্চাবের নতুন মৃথ্যমন্ত্রীর ছেলেমেয়ে এগারটি। ১৮. ৭. ৬৪.

রেডিড, কে. সি.

জনৈক চীনা দার্শনিক মাছ্বকে
তাগ করেছেন হই দলে। এক দলে
থাকেন মহত্তর জগতের পথিক
আদর্শবাদীরা, অন্ত দলে অর্থলিব্দ্র্ ভোগীরা,—লিথছেন পাঞ্চাবের বিদায়ী
রাজ্যপাল শ্রীএন, ভি, গ্যাভগিল।
সন্তপ্রকাশিত এক জবানবলীতে
আদর্শবাদী গ্যাভগিল প্রষ্টীতে তাঁর
'মতিভ্রমের' হেতু বর্ণনের চেটা
করেছেন। তিনি বলেছেন—'ঘুর্ভাগ্যবশত: আমি আজও প্রথম দলে।'

তাঁর জায়গায় পাঞ্চাবের রাজ্যপালের আসনে নতুন যিনি এলেন,
বলা নিশুয়োজন, বিখ্যাত দক্ষিণী
নায়ক শ্রীকে. সি. বেডিডও ভার
ব্যতিক্রম নন। সন্দেহ করার

#### ব্লেডিড, কে. সি.

यस्पेष्ठे दर्जू चाह्यः, তিনিও প্রথম एलाइहे।

গাঁরের নামে নাম। গ্রীগ্যাভগিলের তিন বছর পরে (১৯০২ সনে) কে. সি. ওরফে গ্রীকায়াসম্বলী চেঙ্গলারায়া রেডিড ভূমিষ্ঠ হয়েছিলেন মহীশ্রের যে গ্রামটিতে তারও নাম কায়াসম্বলী। শব্দটির সঠিক অর্থ কি জানিনা, কিছ কে. সি. রেডিড মানে যে মহীশ্র সেকথা প্রজা আন্দোলনের যে কোন ইতিহাস পাঠক জানেন।

কায়াসখলীর বালক লেথাপড়া শিথেছিলেন—তথাকথিত দেশীয় রাজ্যে নয়, থাস ইংরেজ প্রেদিডেন্সিতে, —মাজাজে। দেখান থেকেই তিনি বি. এ. পাশ করেছিলেন এবং সেথান থেকেই বি. এল.। কিন্তু কর্মজীবন শুক্ষ করেছিলেন তিনি মহীশ্রেই, তাঁর মাতৃভূমিতে।

শুক হয়েছিল সোনার খনির জেলা কোলারের মাটি অঙ্গে মেথে। '৩৩ সন থেকে সেথানকার জেলা বোর্ডের সভাপতি দেদিন সভ্যিই মাটিতে নেমেছিলেন বলেই হু'বছর পরে '৩৫ সনে মহীশ্রের মাটিতে দেথা দিয়েছিল প্রজা আন্দোলন,—বিখ্যাত পিপলস ফেডারেশন। '৩৭ সনে কংগ্রেসে অস্কর্ণীন হওয়ার দিন পর্যস্ত শ্রীরেডিট ছিলেন তার সভাপতি। এবং তাঁরই উত্তোগে সেদিন সম্পন্ন হয়েছিল চই সমাস্তরাল আন্দোলনের মিলনে মহীশুরের ষথার্থ জাতীয় জাগরণ।

প্রজাপরিষদ এবং কংগ্রেদ এক হওয়ার পরে শ্রীরেডিডই সেদিন নিৰ্বাচিত হয়েছিলেন পুনৰ্গঠিত মহী-শুর কংগ্রে**সের প্রথম সভাপ**তি। ভারপর আরও একবার ('৪৬-৪৭) এই পদ অলঙ্গত করেছেন তিনি এবং স্বাধীনতার পরে তিন তিনবার হয়েছেন **আইনস**ভায় নিৰ্বাচিত কংগ্রেস দলের নেতা। '৪৭ থেকে '৫০ সন পুৰ্যস্ত তিনিই ছিলেন মহীশুরের মুখামন্ত্রী। তারপর রাজা-সভা, লোকসভা এবং ১৯৫१ मन থেকে কেন্দ্রীয় মন্ত্রীত।

তবে শ্রীরেডিরে জীবনে 7513 চেয়েও রোমাঞ্কর স্থৃতি নিশ্চয় মহীশুরের দেই দিনগুলো। চারবার রাজ সরকার অন্তরীণ রেথেছিলেন ওঁকে। তারই রেডিড তথন কাগজ চালান. বিদ্রোহী 'জনবাণী'; তিনি সত্যাগ্রহ করেন, তাঁর প্রজা আন্দোলনের সমর্থন থুঁজতে ইংল্যাণ্ডে ইউরোপে ঘুরে বেডান। প্রজা আন্দোলনে রেডি তথন সত্যিই একটি নাম।

আশা করা যায় নানা দায়িত্বপূর্ণ हश्रद পরিচালনায় ( यथा : উৎপাদন, পূর্ত, গৃহনির্মাণ, সরবরাহ) অভিজ্ঞ কেন্দ্রীয় মন্ত্রী তার নতুন পদেও পূর্ব গৌরব অক্ষর রাথতে সক্ষম হবেন। বিশেষ, ষেথানে নতুন করে কিছু করার প্রশ্ন, কেন্দ্রীয় পূর্তমন্ত্রী সেথানে বরাবরই অগ্রণী। মনে রাখতে হবে, শ্রিডে দিল্লি স্থল অব ইকনমিকা নামক বিখ্যাত বিভাকেন্দ্রটির একজন প্রতিষ্ঠাতা-সদস্ত। তা ছাড়া, তাঁর পূর্বস্থরী শ্রীগ্যাভগিলের পদত্যাগের কারণটা যাঁরা জানেন, তাঁরা নিশ্চিত থাকতে পারেন শ্রীরেডিডর ক্ষেত্রে সে ঘাশকা অমূলক। কেননা, শোনা যায় যেখানে বিরুদ্ধতা ব্রেডিড সেথানেই অধিকতর কর্মঠ। শুনে অবাক হয়ে যাবেন, দক্ষিণী হলেও ১৯৫২ সন থেকে তিনিই ছিলেন দিল্লির রাষ্ট্রভাষা প্রসার কমিটির সভাপতি। ১৪. ৮. ৬২

#### রেডিড, এন. সঞ্জিব

মিথ্যে বলব না। শ্রীইউ এন ডেবর যথন কংগ্রেস সভাপতি নিবাচিত হন—তথন তিনি আমার কাছে যথেষ্ট পরিচিত ছিলেন না। যেমন, প্রায়-অপরিচিত ছিল— গ্রালিনের পর ক্রেশ্চফ-এর নামটি।

এখন এঁদের ছজনকেই আমি চিনি। স্তবাং, শ্রীদঙ্গীব রেড্ডিকে একট কম জানি বলেই-কংগ্রেদ হাই ক্যাত্তের স্থপারিশকে আর অগ্রাহ্য করতে সাহস পাচ্ছি না। কেননা, শ্রীরেডিডও শ্রীডেবরের মত নিজ রাজ্যের বাইরে স্বরপরিচিত বটে, কিন্তু ঘরে মোটেই তা নন। 'রামালু, টি প্রকাশম, রাজাজীদের দেশে তিনি চল্লিশ বছর বয়দেই অন্ধের সহকারী মৃথামন্ত্রীর আসন অলংকত করেছেন। সাধারণ মন্ত্রী তারও আগে থেকে। '৫৬ সালের থেকে তিনি প্রতিবেশি-সমস্তাপীড়িত-বিবোধসংকুল মুখ্যমন্ত্রী। তার দশ বছর আগে থেকেই তিনি বিধানসভার সদস্য এবং আরও দশ বছর আগে থেকে রাজ্য কংগ্রেসের সম্পাদক। শ্রীরেডিডর বয়স এখন ছেচল্লিশ। এই বয়দে জেল্থাটা, মন্ত্রিত, কংগ্রেস-সভাপতিত্ব ছাড়াও নিজ রাজ্যের বাইরে কংগ্রেসকর্মীদের আপন পরিচয় দিয়েছেন তিনি অস্তত ত'বার। একবার গণ-পরিষদে, আর কংগ্রেদ পার্লামেন্টারী একবার বোর্ডে।

স্তরাং, শ্রীদরীব রেডিড কংগ্রেদের দেই প্রানো যুগের দৈত্যদের দমান মাপের মান্তব না হলেও, নবাযুগে

### লউ, এরিক হেমড্রিক

একেবারে বেমানান মনোনয়ন নয়। বিশেব করে আমাদের মনে রাথতে হবে, কংগ্রেদ এথন পার্টি এবং ইদানীংকার কংগ্রেদ সভাপতিদের দায়িত্ব লেবার পার্টির ম্যানেজারের চেয়ে অনেক বেশি কিছু নয়।

23. 33. 62

#### ল

#### লউ, এরিক হেনড্রিক

লগুন এখন জমজমাট। ইংরেজদের ভাগ্য দেখে পুরানো বন্ধদের মনেও হিংসা উঁকি দেয়। লোকে বলে— সামাজ্যের সূর্য অন্ত গেছে। কিন্তু আহা। কি স্থন্দর সন্ধ্যা। ঘরে রাজকুমারীর বিয়ে, অতিথিশালায় গোটা কমনওয়েলথ, দামনে আদর 'সামিট'। ঝাহু জ্যোতিষীরাও বলেন -এমন দিন শতবর্ষেও একবার হয় না। কিছ তবুও বুকে পোস্টার ঝুলিয়ে হাতে ফেস্ট্রন নিয়ে ভোর রান্তিরে রাস্তায় নামল সামাজ্যের উত্তরা-ধিকারীরা, তরুণ লওনাররা। ইাটতে হাটতে থামল এসে হোটেলটার তারপর একসঙ্গে ধ্বনি তুলল—'লউ তুমি খুনি। ইংরেজদের কাছে ভোমার ক্ষমা নেই।'

জানালা দিয়ে উঁকি মেরে ছেলে-মেয়েগুলোকে একনজরে দেখলেন

তারপর গিয়ে বসলেন— भारवानिकान्त्र जाभात्र । तन्भवित्नत्भन একশ' লোক তথন কলম হাতে কান আছে পেতে সেখানে। এদের ত্বচক্ষে দেখতে পারেন না লউ। তাঁর ধারণা, কালোদের বৰ্তমান অনেকথানি মেজাজের কারণ এরাই। যা হক লউ বললেন 'আমি স্পষ্ট কথার লোক। তোমরা ভনে নিশ্চিম্ভ হতে পার, আফ্রিকার সাদা মাহুষগুলোকে আমর: কিছুতেই বাণ্ট ভিক্টোরদের হাতে जुल (पर ना। किছू (उई ना।'

শ্বষ্ট কথা আফ্রিকার খেতাঙ্গদের কালিমাথা মুথে শোনা গেছে অনেক-বার। কিন্তু দক্ষিণ আফ্রিকার পররাট্ট মন্ত্রী এরিক হেনড্রিক লউ তাঁদের সকলের পুরোভাগে। বস্তুত '৫৫ সনে পররাষ্ট্র দপ্তরের ভার নেওয়ার পর থেকে বাইরের তুনিয়ার বেপরোয়া- ভাবে শ্বেত-মাহাত্ম্য প্রচার করার কুতিত্বেই তিনি আজ বিশ্ববিখ্যাত। রাজনীতিতে নামবার আগে আইন-বিদ লউ ছিলেন সরকারী কর্মচারী। দক্ষিণ আফ্রিকার বৈদেশিক দপ্তরে তিনি পুরানো কর্মী। '২৫ সনে আমেরিকায় টেড কমিশনারের কাজ থেকে শুরু করে দেশের হয়ে নানা দেশে নানা কাজ করেছেন তিনি। তার মধ্যে উল্লেখযোগ্য, বার কয় যুনোতে প্রতিনিধিত। ইউ এন ওতে দক্ষিণ আফ্রিকা তথা হেনরি লউকে না চেনে এমন দেশ আজ অন্তত একটিও নেই। স্বাই জানে, লউ উঠে দাঁডিয়েছেন, মনে হয় তিনি তাঁর দেশকে নিয়ে এক্ষুনি হেঁটে বেরিয়ে ষাবেন, নয়ত এমন কিছু কথা বলবেন, যা এই বাড়িটার ছাদের নীচে দাঁডিয়ে না বললেই ভাল হত। যথা: সেবার জাতিপুঞ্জের দশম जनामित वर्षे एएक्टा जानात्वनः যদি (এই প্রতিষ্ঠানটির অগ্যতম জনক) জেনারেল স্মাটস জানতেন একদিন এই জাতিপুত্র অন্য দেশের ঘরোয়া ব্যাপারে হাত দেবে, তা হ'লে আমি নিশ্চিত বলতে পারি, দক্ষিণ শাব্রিকাকে কিছুতেই তিনি এথানে আসতে দিতেন না।'

লগুনে এসে উনসভর বছরের পুরানো মাটস শিগ্র বলছেন: আমি এথানে আসামী হয়ে আসিনি।—
'—নর এজ এ পেনিটেন্ট, নর সাপ্রিয়েন্ট।'

কিছ তব্ও লগুন তাঁকে মনে প্রাণে অভ্যর্থনা জানাতে পারছে না। কারণ, হেনজিক লউ শুধুমাত্র যে কমনওয়েলথ শাস্তির সংসারে 'হুটু ছেলে' তাই নয়, সার্পভিল-এ রক্তের দাগ যে এখনও তাজা। তাছাড়া লিবারেল ইংরেজরা জানে, '৩০ সনে যে লোকটি ছিল. নাংসীদের অস্তরঙ্গ বয়ু '৬০ সনে তাঁয় পক্ষে আর বাই হক, ইংলপ্তের আন্তরিক বয়ুত্ব অর্জন সন্তর নয়।

9. 4. ..

#### नान, भि. मि.

(এরার ভাইদ-মার্শাল ]

কাহিনীটা শুনেছিলাম এমনি আর এক বিষাদাচ্ছর মুহুর্তে। একজন তুর্ধর্য অসামরিক পাইলট আকাশে নিথোজ হয়েছেন। তাঁর থবর করতে গিয়ে শুনলাম শেষ থবর এথনও পাওয়া ষায়নি। তবে আশা করা ষায়—এবার পাওয়া যাবে, কেননা জি এম নিজেই প্লেন নিয়ে উড়ে

#### লাল, পি. সি.

—জি এম মানে ইণ্ডিয়ান এয়ার লাইনস কর্পোরেশনের জেনারেল ম্যানেজার ?

—আজে ইাা, আপনারা থাকে জানেন এয়ার-কমোডোর পি সি লাল। আই এ সিতে ডিনিই প্রথম আই এ এফ অফিসার।

এয়ার ইপ্তিয়ার সেই বিখ্যাত
কোরেল ম্যানেজার এখন আর তাঁর
আগের পদে নেই। এয়ার-কমোডোর
এখন ভাইস মার্শাল। আই এ সি'র
পর নতুন পদ পেয়েছিলেন তিনি
বিমান বহরের সংরক্ষণ বিভাগে।
মেনটেনেজ এর কর্তা এবার সেখান
থেকে উঠে এলেন আরও গুরুতর
কাজে। চিরকালের মত অকালে
হারিয়ে-য়াওয়া এয়ার-ভাইস মার্শাল
পিন্টোর শৃত্য স্থানে তিনিই এখন
ওয়েন্টার্ন কমাণ্ডের বিমানবাহিনীর
অধিনায়ক। এয়ার ভাইস-মার্শাল
পি সি লাল এখন উত্তর-পশ্চিম
আকাশের রক্ষক।

বড় ঘরের ছেলে। লগুনের বিথ্যাত কিংস কলেজের গ্র্যাজুয়েট। ইচ্ছে ছিল ব্যারিস্টার হবেন। সেই বাসনাতেই নামও লিথিয়েছিলেন মিডল টেম্পল-এর থাতায়। কিন্তু পড়া শেষ হতে না হতেই স্থক হল যুদ্ধ। পরিকল্পনা সব তছনছ হয়ে গেল। লাল বিমানবাহিনীতে যোগ দিলেন। তরুণ ভারতীয় যথন কমিশনড হয়ে প্লেনে বসেছেন যুদ্ধ তথন তার চারদিক দিবে।

দ্বিতীয় মহায়দ্ধে, ভারতীয় বিমান বহরের শৈশবের দিনগুলোতে যে সব তরুণ বৈমানিক হু:সাহসিতায় ইতিহাস রচনা করেছেন পি দি লাল তাঁদের তিনি ছিলেন অগ্যতম। স্বোয়াড়নের অধিনায়ক। তাঁব অধিনায়কত্ব এবং সাহসিকতা সেদিন ডেসপ্যাচগুলোতেই সামরিক অন্ততম উল্লেখ্য ছিল তাই নয়,— ১৯৪৫ সনে যে মৃষ্টিমেয় বৈমানিক 'ফ্লাইং ক্রম'-এ সম্মানিত হয়েছেন 'পি সি' তাঁদেবৰ একছন।

দেশ বিভাগের পরে এয়ারকমোভোর লালের বেশ কিছুদিন
কেটেছে দেশের বাইরে, তিনি তথন
প্রতিরক্ষা দপ্তরের সামরিক প্রতিনিধিমণ্ডলের অগুতম সদস্ত। তারপর
কিছুদিনের জগু আবার শিক্ষার্থীর
জীবন। ১৯৫০ সনে পি সি লাল
রয়াল এয়ার ফোর্সের অ্যানডোভারম্থ
বিথ্যাত স্টাফ কলেজ থেকে গ্রাজুয়েট
হয়েছেন। দেশে ফেরার পর কিছুদিন
কেটেছে তাঁর পালাম বন্দরে, লাল

দেখানে ছিলেন অপারেশ্যাল ক্যাণ্ডে অন্তম সিনিয়র অফিসার। সেথান 2260 জাত্যারী থেকে সনের নয়াদিলির প্রতিরক্ষা দপ্তরে। পি সি লাল ভারতীয় বিমান বহরের প্রথম অফিসার যিনি সেক্রেটারিয়েটে ডেপুট ডিরেক্টারের আসন অলক্ষত করেছেন। দেখান থেকে ছাড়া পাওয়ার পরে পদ হয়েছিল তাঁর—এয়ার অফিদার কমাণ্ডিং, ট্রেনিং কমাণ্ড। বাঙ্গালোরের সেই আসন থেকেই লাল এসেছিলেন অসামরিক বিমান বহর আই এ সি'র জেনারেল ম্যানেজারের দায়িত্ব পালন করতে। দে দায়িত্ব যে তিনি যোগ্যতার সঙ্গে পালন করেছিলেন তার প্রমাণ আজকের---আই এ দি। জানেন—তিনি দেদিন বন্ধরা ততোধিক ;---নয়ত 'জি এম' কখনও হারানো বৈমানিকের সন্ধানে টেবিল ছেডে ককপিট-এ গিয়ে বদেন ?

হারানোর দেই বেদনাময় পালা
এখনও চলেছে। কে কে গাঙ্গুলী
(অসামরিক) অতুলনীয় এয়ার মার্শাল
ফ্রত ম্থার্জি, ভাইস-মার্শাল পিন্টো
—প্রায়শ অপঘাত যেন ভারতীয়
বিমান বহরে জন্ম-লিখন। সেই
হৃদয়বিদারক ইতিবৃত্তের মধ্যেও
একমাত্র সান্ধনা আমাদের আকাশে

এখন লাল-এর মত সম্ভানের। আছেন ও হারানো বন্ধুদের থোঁজ করতে নেমেও যারা ইতিহাস তৈরী করতে জানেন।

#### লি, শাউ চি

কমিউনের বাগানে আলু তুলছিল ছেলেটি। বাচনা ছেলে। শিশু কমরেড। হঠাং হাতটা কেটে গেল। পাশে দাঁড়িয়ে ছিলেন আধবুড়ো একজন মাহুষ। বললেন—কাঁদছ কেন ? — রক্ত দেখে কথনও কাঁদতে নেই।

আর একদিন। মস্ত সভা বসেছে
কমিউনের কর্মীদের। সেই মামুরটিই
বসে আছেন সভাপতির আসনে।
একজন কমরেড বললেন—আমাদের
মধ্যে এমন অনেক কমরেডও আছেন
এথনও বয়লার ঘরকে বারা মনে
করেন—নরক।

ফদ করে উঠে দাঁড়িয়ে সভাপতি বললেন—এথানে এই নরক-ই আমি আরও থান কয় চাই!

অভুত মাত্ব। অভুত মেজাজ।
চেহারাটা দেখতে অনেকটা কম-ওঠা
ফটোর মত। কেমন জানি আবছা
আবছা, অম্পট্ট। সমায় যথেষ্ট সমা
(৫ ফু. ১০ ই.), চওড়ায় সে-তুলনায়

### লি, শাউ চি

ষথেষ্ট কম! মাথায় কিছু থাড়া থাড়া, কিছু শায়িত, কিছু পাকা, কিছু কাঁচা চূল। বয়স কত হবে কেউ সঠিক জানে না। কেউ বলে—পঞ্চায়, কেউ কেউ বাষ্টা। তবে এবিষয়ে মোটাম্টি সবাই একমত যে, চেয়ারম্যান লি শাউ চি ভৃতপূর্ব চেয়ারম্যান মাও সেতৃং-এর চেয়ে বছর কয়েকের ছোটই হবেন। কেউ বলেন—চার বছরের, কেউ বলেন—ছ'বছরের।

বয়সে ঘেমন কাছাকাছি, তেমনি জীবনেও। পাশাপাশি গাঁয়ের ছেলে। ছ'জনেরই দেশ হুনান। ছ'জনেরই বাবা সম্পন্ন জোতদার। পড়তেনও শহরের একই ইস্কুলে, চ্যাংশা'র মাধ্যমিক বিভালয়ে। মাও আর লি শাউ চি তথ্যত পলাগলি বন্ধু। ছ'জন একসঙ্গে হাত্ত-আন্দোলন করেন, একসঙ্গে কাগজ বের করেন। সহসা ছাডাছাভি।

সাংহাই থেকে রাশিয়ানরা সহসা একদিন শাউ চি' কে তুলে নিয়ে গেল। তাদের দ্রপ্রাচ্য বিশ্ববিভালয়ে ছাত্র চাই। লি শাউ চি সেই প্রথম সপ্ত 'বিভার্থী'র একজন।

এদিকে ওঁরা ষথন মস্কোর পাঠ নিচ্ছেন থাস চীনে তথন মাও আর তাঁর একাদশ সহচর কমিউনিস্ট পার্টি গড়ে ফেলেছেন। ফিন্সে এসেই শাউ
চি ত্রয়োদশ আসনটি টেনে নিয়ে বসে
গেলেন। দেখতে দেখতে তাঁর নাম
প্রথম দিকে এগুতে লাগল। লি শাউ
চি দলের শ্রমিক বিভাগের কর্তা।

. কুড়ি বছর একটানা শ্রমিক সংগঠন। মাঝে মাঝে কারাবাদ এবং আন্দোলন। 'ও৪ সনে মাও যথন ছ' হাজার মাইলের সেই ঐতিহাসিক অভিযানে বের হলেন লি শাউ চি তথন চিয়াং-এর রাজ্যেই থেকে গেলেন। অবশ্য গোপনে।

চার বছর পরে ইয়েনান-এর সেই
গুহাদপ্তরে তাঁদের মিলন এবং অবশেষ
১৯৪৯ সনে যুগপং পিকিং-এ অবতরণ।
নতুন চীনে পুরানো কমিশার লি
গোড়া থেকেই সম্মানিত নায়ক।
অবশু দলের ভেডরে।

বাইরে জনতার করতালিম্থর
অঙ্গনে এসেছেন তিনি সম্প্রতি,—
১৯৫৯ সনের অক্টোবরে। কিন্ত
ইতিমধ্যেই গণতান্ত্রিক চীনের রাষ্ট্রীর
প্রধান লি শাউ চি আন্তর্জাতিক
আলোচ্য। কেননা, 'সাচ্চা কমিউনিস্ট'
(শাউ চি'র সবচেয়ে জনপ্রিয় বই
—'How to be a Good
Communist') হয়েও তিনি রাশিয়ার
মতের বাইরে চলাফেরা করেন, এমন

কি জুশ্চফের সঙ্গে প্রকাশ্তে তর্ক করারও সাহস রাথেন।

খ্যাতিমান তাত্তিক লি শাউ চি'র পক্ষে দেটা অসম্ভব ঘটনা কিছু নয়। কেননা, একই বই পড়ে অন্তরা যা দেখেন শাউ চি বরাবরই তার চেয়ে বেশী কিছ দেখতে পান। ফলে তাঁর কাছে কমিউনিজম ছাডাও দলের ভেতরে আরও আরও কিছু 'ইজম' থাকা मञ्ज । यथा : कभा निषय, कभा उरेष्य, এ্যাডভ্যাঞ্চারিজ্ম, ওয়ারলড ইজম. माया कि जिल्ला स्वाप्त कि विद्यान हे जय. হিরোইজম। এগুলো হয়ত কমিউনিস্টরাও ভনেছেন। কিয় 'টেইলইজম, 'মাউণ্টেনটপ-ইজম'. 'ক্লোজভ-ভোর-ইজম' ? মস্বোয় সমবেত বিশ্ব-কমিউনিস্ট নায়কদের অনেকেই হয়ত জানেন না-এগুলোও এক এক ধরনের 'ইজম', এবং তার আবিষত্রী আর কেউ নয়, এবার চীনা প্রতিনিধি দলের যিনি নায়কত্ব করছেন—দেই লি শাউ চি নিজে।

শাউ চি বরাবরের হু:সাহসী।
শুধু পার্টিতে নন, ব্যক্তিগত জীবনেও।
আজীবন ক্ষয়রোগের রোগী শাউ চি
—চেইন স্মোকার। এবং আগাগোড়া
ভাঙ্গা সংসার বয়ে বয়েও এখনও তিনি

নিষ্ঠাবান সংসারী। চারটে বিস্নে করেছেন চেয়ারম্যান শাউ চি। সর্ব-শেষটি সম্প্রতি এবং শোনা যায়— কনেটি তাঁর বছর পচিশেক-এর ছোট।

## লী, কুয়ান ইউ

তিন বছর আগেও নিজের মাতৃভাষায় কথা বলতে পারত না ছেলেট।
এখন সে শুধু অনর্গল বলতে পারে
তাই নয়, পনের লক্ষ লোকের হয়ে
বলে। একটি দেশের হয়ে।

নাম—লী কুয়ান ইউ। বন্ধুরা
বলেন—ছারি লী। বয়স—মোটে
তেত্রিশ (জন্ম ১৯২৮) অথচ পরিচয়
একটি রাজ্যের প্রধানমন্ধী। দিঙ্গাপুরের
লী—পরাধীন সিঙ্গাপুরের প্রথম
প্রধানমন্ধী।

অথচ, কি আশ্চর্য, ক'বছর আগেও তিনি নিজেও ভাবতে পারেন নি সেকথা। ভাবতে পারেন নি এমন ভাবে তাঁকেও জড়িয়ে পড়তে হবে রাজনীতির সঙ্গে। কেননা বাণিজ্য ওদের চিরকালের পারিবারিক বাবসা।

বিত্তবান ঘরের ছেলে। সিলা-পুরের অধিকাংশ মাহুবের মত (শতকরা ৮০ ভাগ) পূর্ব পুরুবেরা

# লী, কুয়ান ইউ

কোন পুরুষে চলে এসেছিলেন চীন থেকে। বিস্ত সেই থেকে বাড়ছেই বাড়ছে।

স্থতবাং লী গেলেন স্থলে। ওথানকার সবচেয়ে ভাল বিভালয়ে। অর্থাৎ
র্যাফল ইনষ্টিটিউশনে। দেখান থেকে
র্যাফল কলেজে এবং দেখান থেকে
এণ্ডারসন বৃত্তি নিয়ে কেম্ব্রিজে। দেশে
কেম্ব্রিজের স্থল সার্টিফিকেট পরীক্ষায়
গোটা মালয়ে শীর্ষস্থান অধিকার করে
ছিলেন লী। খাস কেম্ব্রিজে এসেও
আইনের পরীক্ষায় দখল করলেন
প্রথম স্থান। তা ছাড়া অক্যান্ত বিষয়েও
ছেলেটি আদর্শ ছাত্র। সে ভাল
বলতে পারে, ভাল থেলতে (গল্ফ)
পারে।

'৫০ সনে বিলেতেই আইনজীবীর পোশাক গায়ে চড়ালেন লী। কিন্তু কেন জানি মন বদে না। দেশে ফিরে বেতে ইচ্ছা হয়।

অর্থচিন্তা নেই। স্থতরাং বেকার-ভাবে ফিরতেও কোন বাধা নেই। লী ফিরে এলেন সিঙ্গাপুরে। সেই সঙ্গে তাঁর মাথায় চেপে এল আরও একটি অভুত বন্ধ, ইংরেজরা যাকে বলে—'সোভালইজম'।

লী আদর্শে দোর্ভালিষ্ট। স্থতরাং, একশ বিয়াল্লিশ বছরের পুরানো ঘুনে ধরা ইংরেজ কলোনীতে তাঁর বেশীদিন বদে থাকতে হল না। প্রথমেই ভাক বিভাগীয় কর্মচারীদের অবৈতনিক আইন উপদেষ্টার পদটি মিলল। সেই বেতন বৃদ্ধির লড়াইয়ে লী'র দল বিজয়ী হল। সেই থেকে শুরু হল লী'র জয়-জয়কার। অবশ্য, এ যাবং প্রধানত আইনের আফিনায়।

ক' বছরের মধ্যেই জনতার প্রসারিত আঙ্গিনায় নেমে এলেন লী। '৫৪ সন। সে বছর সিঙ্গাপুরে নতুন শাসনতন্ত্র। পরের বছর তদম্যায়ী নতুন নির্বাচন। তারই প্রস্তৃতি হিসেবে তৈরী হল সরকারী দলের (প্রগেসিভ পার্টি) বিরুদ্ধে নতুন দল। তাতে তিন রকমের তিনজন নেতা। তাঁদের একজন লী।

দেখতে দেখতে সে দল ত্রিধা হয়ে
গেল। কেননা, ভ্রা কেউ লী'র মত
র্যাডিকেল নন। স্থতরাং নতুন দল
গড়েছেন। সে দলের নাম 'পিপলস
একশান পাটি'। '৫৫ সনের নির্বাচনে
তারা আসন পেয়েছিল পচিশের মধ্যে
মাত্র তিনটি।

পরের নির্বাচনে ('৫৯) ওলট পালট হয়ে গেল সব। এবার মোট আসন ছিল একায়টা। তার মধ্যে লী একাই কেড়ে নিলেন তেতালিশটা। রাতারাতি এ অঘটন ঘটাতে পেরেছিলেন, কারণ যে নতুন শাসনতন্ত্র
বলে ('৫৭) স্বাধীনভাবে সিঙ্গাপুরের
জীবনে এই প্রথম নির্বাচন, লী
নিজেই প্রথম সেই স্বাধীনতার
দাবী তুলেছিলেন। ভোটাররা তা
ভোলেনি।

এরই মধ্যে তারা তা ভুলে গেছে এমন কথা মনে করারও বোধ হয় কোন কারণ ঘটেনি। কেননা, লী'র সতর্ক প্রহরায় দি**ঙ্গাপুর আ**জ স্প**ষ্টতই অধিকত**র স্বাধীন। সেথানে (মুদলমান ছাড়া) অন্ত কারও একাধিক স্থী গ্রহণের উপায় নেই, মেয়েদের মর্যাদা হানি করার আইনসমত পথ নেই, (চীনাদের ক্ষেত্রে প্রায় তা-ই নাকি ছিল) এবং ইচ্ছে করলেই কারও পক্ষে সিঙ্গাপুরকে আজ আর 'পিনবল মেসিন', 'জুক-বল্ম দেলুন' কিংবা मिछ नीन भुक्षकानि नित्र टिकिस् নেওয়ার উপায় নেই। ( বুটিশ হাই-কমিশনার আজ **সেথানে ७**४ (मणत्रका এवः विश्मव विश्मव ক্ষেত্রে বৈদেশিক-সম্পর্ক রক্ষা ব্যাপারে ক্ষতাবান) তাছাড়া, দিঙ্গাপুরের শ্রেষ্ঠ সম্ভানদের নিয়ে গঠিত লী'র 'ক্যাবিনেট অব ডন্স' যে সাত-সালা

পরিকল্পনা নিয়ে ব্যস্ত, তা সফল হলে এই জনপ্রিয় নায়কের অধিকত্তর জনপ্রিয়তা অবধারিত।

কিন্ত আশ্চর্য তবুও নাকি ওঁকে হত্যার জন্মে বড়মন্ত্র চলেছে দেই বন্দরে। দেশে দেশে দেশপ্রেমিক কাণ্ডারীরা সাবধান! ২২.৬,৬১

#### मी, कः

নই আগস্ট, ১৯৬০।

রাজধানী লুয়াংপ্রাবাং-এ দেদিন স্বৰ্গত লাওদ-বাজের অস্ব্যেষ্টি উৎদব। পাঁচ মাস আগে বৃদ্ধ বাজা দিসোভং বিগত হয়েছেন। বর্তমান **রাজা** ভাথান্না নিষ্ঠা সহকারে পিতৃক্তাের আয়োজন করেছেন। তথন ছপুর। রাজপুত্র ভাথারা উপাসনায় বদেছেন। তাঁর পেছনে নত মস্তকে রাজ্যের মন্ত্রী এবং অমাতারা স্বর্গত রাজাধি-বাজের প্রতি নিবেদনার্থে শ্ৰন্থ ব দুভায়মান। এমন সময় সহসা আকাশবাণী হল: লাওস আমাদের। যে করে হক আমরা স্বাধীনতা ফিরিয়ে আনব।

রাঙ্গা ভাগারা চমকে উঠলেন।
মন্ত্রীরা চমকে উঠলেন। অদ্বে ব্যাহকে 'সিয়াটো'র হেডকোয়াটার। দেখানে বিদেশীরা চমকে উঠলেন।

### লী, কং

কি হয়েছে, কি কর্তব্য কারও জানা নেই। হজন মন্ত্রী পালিয়ে গেলেন। একজন তাঁদের রাজ্যের দেশরকা মন্ত্রী।

ব্যাপারটা স্পষ্ট হল সন্ধ্যায়।
সন্ধ্যায় লাওসের রাজা প্রজা (প্রজা
সংখ্যা মাত্র কৃড়ি লক্ষ) সকলে
জানলেন অঘটন ঘটে গেছে। লাওসে
'কুঁয়' তথা বিপ্লব হয়ে গিয়েছে। এবং
এতদ্দেশের (লাওসের আয়তন মাত্র
নব্ধৃই হাজার বর্গমাইল) ক্ষমতা
এখন যার করতলগত ক'ঘন্টা আগেও
তিনি ছিলেন লাওস বাহিনীর জনৈক
প্যারাট্পার।

চেহারা—অক্যাক্ত লাওসীয়ানদের মত। নাম কংলী (Conglea)। পদবী-ক্যাপ্টেন। তক্ৰ ক্যাপ্টেন करनी এवर তাঁর অহুচরেরা ভিয়েনটাইন দথল করে ফেললেন। বৌদ্ধ ধর্মের দেশ লাওসএ হটো রাজধানী। ভিয়েনটাইন বাজনৈতিক बाजधानी, नुषारशावार धर्मीष्र। बाजा যথন ধর্মীয় রাজধানীতে পিতৃক্তা সারচেন উদ্ধৃত প্রজারা রাজনৈতিক রাজধানীতে রাজকত্য সেরে ফেলেছেন। কংলী বলেন---তা ছাড়া উপায় ছিল না। কেননা, গেল হ' বছরে হ'হাজার লাওস সম্ভান প্রাণ হারিয়েছে, একশ প্রচানব্দুইটি গ্রাম ধ্বংস হয়েছে এবং এগার হাজার লোক কারাবাসী হয়েছে! এর জন্তে দায়ী হারা— সেই বিদেশীদের আমরা হটাতে চাই। আমরা লাওদের স্বাধীনতা ফিরিয়ে আনতে চাই! কংলী আরও জানালেন—ভূতপূর্ব প্রধান মন্ত্রী প্রিম্ম সৌভান্না ফোরুমা তাঁর দলে যোগ দিয়েছেন এবং 'পাথেটলাও' নেতা প্রিক্ষ সৌফানোতং নৌভং তাঁকে সমর্থন করেছেন।

ত্'বছর আগে সৌভান্না
বিদেশীদের চক্রাস্তে ক্ষমতা হারিয়েছিলেন। স্থতরাং স্পত্যিই তাঁকে
স্থপক্ষে পাওয়া গেল। 'পাথেটলাও'
নেতা নৌভং ক'বছর ধরেই দেশত্যাগী। তিনি সৌভান্নার সহোদর।
ভাইয়ে ভাইয়ে লড়াই-এর শেষ
ঘটাতে এগিয়ে এলেন তিনিও।
কংলী বললেন—এবার আমরা রাজার
সঙ্গে আপোষ করব। এবং দাস্থত
ছিঁড়ব।

'সিয়াটো'কে আর বিশুদ্ধ পর্যবেক্ষণ চালালে চলে না। কেননা, এই জেনারেলটা শুধুদেশ-ই চেনে। কমিউনিস্ট এবং অকমিউনিস্ট-এর ফারাক বোঝে না। 'পাথেটলাও'

# লুথুলি, এলবার্ট জন

আর লাওস-এর পার্থক্য জানে না।
স্থতরাং, সকলে দক্রিয় হলেন। ফলে
রাজা বললেন—আপোষে আমি
অমত। ভৃতপূর্ব দেশরক্ষা মন্ত্রী
বলনে—আমিও। এবং দেখতে
দেখতে রেভলিউসনারি কমিটির মত
'আান্টি কুঁয় কমিটি'ও গঠিত হয়ে
গেল। এবং গৃহযুদ্দে ক্ষতবিক্ষত
লাওস আবার নতুন করে গৃহযুদ্দের
মুথোমুখী এসে দাঁড়াল।

চূড়ান্ত ফল যথন ঘোষিত হবে তখন কংলী নামক জেনারেলটিকে **দেখানে কি অবস্থায় দেখা যাবে** আমরা জানি না. কিন্তু লাওসের প্রজাবর্গ জানে তারা চাইলেও রাজাকে সেথানে আবার পাওয়া যাবে। কেননা, ওদের প্রবাদ মতে 'একজন রাজা যথন জন্মগ্রহণ করেন ভার শত শত বংসর আগে তাঁর সেই প্রকাণ্ড কাণ্ড মাটি ফুঁড়ে আঙ্গুলের মত জন্ম নেয়।' এবং লাওদের অরণ্যে দেই অঙ্গলিপ্রতিম শিশু বৃক্টি খুঁজে পাওয়া গেছে জেনেই লাওসরাজ তাঁর পিতৃকত্যে ব্দেছিলেন।

3. 2. 40

# লুথুলি, এলবার্ট জন

ওঁকে যদি যেতে দেওয়া হয়
তাহলে মৃদ্ধিল। মৃদ্ধিল—বেতে না
দিলেও। কেননা, গেলে ইনি ষেমন
মৃথ বন্ধ করে থাকবেন না, না গেলেও
তেমনি বোধ হয় চুপ করে থাকবেন
না। সেক্লেত্রে নিশ্চয়ই কিছু লিথে
পাঠাবেন তিনি। এবং সে লেথা
নিশ্চয়ই ভাইকিংদের বিষয়ে হবে না!
লিথেছিলেন অ্যালান পাটনা। দক্ষিণ
আফ্রিকার সেই বিথ্যাত খেতাল
লেথক, নিজে খেতবর্ণ হয়েও যিনি
লাল কলমে কৃফালদের হৃদয়ের কথা
লেথেন।

ভেরউডকে সাধুবাদ, অবশেষে
লুথ্লিকে তিনি ওসলো বেতে
দিয়েছেন। না দিলে বোধহয় তিনি
আরও ঠকতেন। পাটনের ভাষায়
—নিজের গালে আরও একটা চড়
থেতেন। কেননা,—পুরস্থারটা নোবেল
পুরস্থার,—অর্থাৎ দাতা—পশ্চিম।
তত্পরি,—বিষয় শান্তি, এবং প্রাপক
—আর কেউ নন, লুথ্লি। মোটর
যোগে থবরটা যথন ভারবান থেকে
যাট মাইল দ্রে স্টেঞ্চারের কাছে
নিজের হাতে গড়া সেই টিন আর
কংকিটে গড়া বাড়িটায় পৌছেছিল
নোবেল পুরস্থাব বিজয়ী তেষ্ট বছরের

# मूथूमि, এमवार्ड जन

প্রবীণ জুলু সর্দার লুথ্লি তথন বাড়ি ছিলেন না। তিনি ক্ষেতে আথ কাটছিলেন!

বরাবরই এমনি। কোট-প্যাণ্ট-টাইয়ের আড়ালে চিরকাল তিনি গান্ধী! গান্ধীজী চলে আসার পরে দক্ষিণ আফ্রিকার দিতীয় গান্ধী!

वाश ठीकूमी हात्र शुक्रव धरत जुलुरमत স্বীকৃত দলপতি। বাবা থাকতেন দক্ষিণ রোছেশিয়ার একটা মিশনে। তিনি এটান যাজক ছিলেন। লুথুলির ছোটবেলা দেখানেই কেটেছে। ছাত্রজীবন কেটেছে প্রথমে নাটালে. ভারপর ভারবানে। '২১ থেকে সেথানকার আডমদ কলেজ স্নাতক হওয়ার পর সেথানেই কাজ করতেন। কলেজে জুলুভাষা এবং গান শেখাতেন। কিন্তু ভবিয়তে যিনি গান্ধী হবেন, চিরকাল তিনি সেখানে থাকবেন কেন ? '৩৫ সনে এলবার্ট জন লুথুলি কলেজ ছেড়ে গাঁয়ে ফিরলেন। তিনি দরিক জুলুদের নায়ক হলেন, ব্যস, সেই পুরুষাত্মজমিক দায়িত্ব থেকেই শুরু হল স্বদেশের নায়কত্ব !

গান্ধীবাদী রাজনীতিক এলবার্ট লুথ্লির রাজনৈতিক জীবন অতঃপর গোটা আফ্রিকার অন্ততম জাতীয় সম্পদ। প্রথমে তথাকথিত নেটিভ রিপ্রেজেনটেটিভ কাউন্সিল। অন্যান্ত আফ্রিকানদের চোথে অতি সম্মানস্চক সেই আসন থেকে ত্'দিন বাদেই লুথুলি নেমে এলেন। স্বদেশকে জানালেন—আমাকে ওথানে কেন বসিয়ে ছিলেন ওঁরা জান ?—তোমাদের ধোকা দেবার জন্তে! এমন অকুতোভয়। এবং অকপট রাজনীতিক দৈবাৎ মেলে।

'৫২ সনে আফ্রিকায় স্থাশনাল কংগ্রেসে যোগ দিয়ে তিনিই দেদিন দক্ষিণ আফ্রিকাকে ডাক দিয়েছিলেন থালি হাতে কথে দাঁড়াতে। সেই ঐতিহাসিক আইন-অমান্ত আন্দোলনের ফলম্বরূপ একদিকে যেমন সরকার 'দলপতি' হিসেবে তাঁর অধিকার কেড়ে নিল, অন্তদিকে কংগ্রেস তাঁকে বরণ করল সভাপতি

তারপর কথনও মৌন থাকার আদেশ, কথনও বাড়িতে নাতিদের নিয়ে বসে থাকার নির্দেশ, কথনও বা আদালতের কাঠগড়া, লুথুলির ওপর অত্যাচার আজও অব্যাহতই আছে। '৫৯ সন থেকে তাঁর উপর কড়া আদেশ—পাঁচ বছর তিনি ঘর ছাড়তে পারবেন না, তিনি মুথ খুঁলৈত

পারবেন না, তিনি জেলার বাইরে পা বাডাতে পারবেন না।

কিন্ত বলা নিস্পোয়জন এত শিকল
দিয়েও লৃথ্লিকে আটকে রাথা
দারনি। গেল বছর সাপভিল-এর
পরে ঘুণার বারা পকেটের পাশগুলো
আগুনে ছুঁড়ে দিয়েছিলেন লৃথ্লি
টাদের অন্যতম। স্রকার সাজা
দিয়েছিল তাঁকে ছু'শ আশী ডলার
জরিমানা করে।

—আর, —আর নোবেল কমিটি
কত দিল সেই কৃষ্ণাঙ্গ জুলুকে?
তেরউভ গুনে দেখলে দেখতে পাবেন,
ছলারে তার হিসাব হয় না। বিশেষ
করে পুরস্কারটা ১৯৬০ সনের, অর্থাৎ
দক্ষিণ আফ্রিকায় খে-বছর—সার্পভিল।
১৪. ১২. ৬১

# নুমুখা, প্যাট্রিক

চমৎকার মোটবের পথ। চমৎকার
আমেরিকান গাড়ি। তবুও ড্রাইভার
ত্রেক ক্ষল।—কি ব্যাপার ? না,
সামনে আবার একটা গাছ পড়ে
আছে।

হেসে গাড়ি থেকে নামব্রেন পুম্বা। পথে আরও ক'বার নামতে হরেছে। গাছ গাড়ি থামিরেছে। কেননা, গাঁরের লোকেরা থবর পেরেছে। তারা তাদের সৃম্বাকে
দেখতে চার, তাঁর মূথে ছটো কথা
তনতে চার! সৃম্বার কথা তাদের
কাছে—নেশা।

হ' বছর আগেও দেশের লোক নাম জানত না তাঁর। আজ বিশ্ব জানে। কেননা, প্যাট্টক আজ বেলজিয়ান কঙ্গোর প্রধানমন্ত্রী, এবং আক্রিকার এই কঙ্গো নামক দেশটি শুধু অক্তম সম্পদ্শালী দেশ নয় ( বিশ্বের শতকরা সত্তর ভাগ হীরা, পঁচাত্তর ভাগ কোবাল্ট অ-কমিউনিস্ট তুনিয়ার পঞ্চাশ ভাগ ইউরেনিয়াম তার মাটির নীচে), আকার-আয়তনেও দে বেলজিয়ামের চৈয়ে আটগুণ বড় দেশ। ভদ্পরি সেই দেশে আজ দশ লক বেলজিয়ান তথা ইউরোপীয়ান বিপন্ন। তাঁদের এবং সেই সঙ্গে এক কোটি বিশ লক আফ্রিকানের ভাগ্য আজ একটি মাহুবের হাতে। তাঁর নাম—প্যাট্রক লুমুমা। বয়স—মোটে পঁয়তিশ।

বেলজিয়ান কলোয় দেড়শ উপজাতি, কুড়িটি ভাষা। পুষ্কা জন্মছিলেন স্ট্যানলিভিল-এ। বাভে-ভেলাদের ঘরে। আদিবাসী হলেও ভঁরা ক্যাথলিক খ্টান। স্ক্রাং, ক্যাথলিক ছলে হান পাওয়া গেল।

#### লেমনিৎসায়, জ্যাডনিয়াল লিব্যান

খৃদ্যান,—স্থতবাং প্রটেস্ট্যাণ্টরাও
আপত্তি করলেন না। ত্'তরফে
স্থলের পড়া শেব করে লুমুখা ভতি
হলেন সরকারী টেনিং স্থলে।

পোস্ট্যাল ডিপার্টমেন্টের স্থুল।
স্থতরাং প্যাট্রিক লুম্খা পোস্ট আপিসে
কেরানী হলেন। একটা বছর
কোনমতে কাটল।হঠাৎ স্ট্যানলিভিলএর নতুন কেরানীবাবুর হাতে
হাতকড়া পড়ল। সরকার বললেন—
লুম্খা আড়াই হাজার ভলার এদিক
ওদিক করে ফেলেছে। বন্ধুরা
বললেন—ওসব বাজে কথা। সরকার
আসলে ওর কেরানী ইউনিয়ন দেথে
ভয় থেয়েছে।

' । দিলে ওরা ওঁকে ছেড়ে দিলেন। লুম্মা কিছুদিন দেলসম্যানের কাজ করলেন। কি বেচেছিলেন তিনি সেদিন দেটা জানা গেল
কিছুদিন পরে। ব্রাসেলস-এ বসে
কর্তারা যথন তা জানলেন তথন—
সাদার কালোর গোলটেবিলে না
বসলে আর চলে না এবং কলোর
প্রতিনিধিরা বিনীতভাবে জানালেন—
লুম্মাকে বাদ দিলে কিছুতেই এই
টেবিল ভরে না।

আলোচনা হল। স্বাধীনতা এল। এক মাসও হয়নি কলো স্বাধীন হয়েছে। কিছ একশ' বছর দাসদ্বের পরেও এ স্বাধীনতা অকালে এল কি ? লিওণোক্ডভিল-এর থবর অস্বাস্থ্যকর। গবিতি লুম্মা বলেন—না, আলবং না। —এ সেই শতবর্ষের জের।

কথাটা হয়ত সত্য। কিন্তু বেলজিয়াম ককো বে আজ সম্পূৰ্ণ স্বাধীন
সেটাও ত মিথ্যে নয়। এবং লুম্খা
নিশ্চয় জানেন, দাস দেশের মুখে বে
কৈফিয়ত চলে তিরিশে জুনের পর
বেলজিয়ান ককোর মুখে সে কথা
সম্পূৰ্ণ অচল!

তিরিশে জুন লিওপোল্ডভিনে
দেড়শ জাতের মাহ্ব এক সঙ্গে
স্লোগান তুলেছিল—'যুক!' —'যুক।'
—স্বাধীনতা! —স্বাধীনতা! শুনেছি
কলোয় এই শন্দটারই অন্ত মানে আছে
একটা। —'যুক' মানে সেধানে
শাস্তিও। এই দিতীয় অর্থটাই আজ
সত্য হোক। ২৮. ৭. ৩০

### লেমনিৎসার, এ্যাডমিরাল লিম্যান

সেদিন ২২শে অক্টোবর, ১৯৪২।
নিঃশব্দে আফ্রিকার নির্জন উপকৃলে
এসে মাথা ভাসাল একটি সাবমেরিন।
নিঃশব্দে তার ভেতর থেকে বেরিরে
এলেন একজন সেনানারক। সংব

হৃদ্ধন পার্যচর। অক্সচ কর্পে তাদের বিদায় জানিয়ে আবার জলের তলার ভব দিল সাবমেবিন।

নির্ধারিত সময়ে নির্ধারিত একটি ঘরে সভা হয়ে গেল। আগত্তক দেনানায়ক আবার সাবমেরিনে ফেরার জল্ঞে তৈরী হচ্ছেন। এমন সময় হঠাৎ দরজা ঠেলে ভেতরে চুকলেন তাঁর পার্যচরহয়। এক ছটকায় তাঁর কাপড়চোপড় কাগজপত্ত নিয়ে তাঁরা দে ছুট। যাওয়ার সময় তথু বলে গেল—'ভিকি' অর্থাৎ ভিকি সরকারের প্লিস গন্ধ পেয়েছে! প্যাণ্ট নেই, কোট নেই,—অসম্পূর্ণ পোশাক তব্তু আর ভাববার সময় কোথায়! জেনারেল জানালা দিয়ে লাফিয়ে বাইরে পড়লেন। সেথানে গহন বন, অন্ধকার রাত।

ভোরের আলো ফুটছে। সাবমেরিনে দাঁড়িয়ে চিস্তিত সহচর
জেনারেল মার্ক ক্লার্ক দেখলেন, সর্বাঙ্গে
পোশাক বলতে একটা সাদা সোম্নেটার
চাপিরে পাঁচ ফুট এগার ইঞ্চি উচু
একশ নব্বই পাউণ্ড ওল্পনের মাহ্ম্যটি
ধীরে ধীরে বেরিয়ে আসছেন। ক্লার্ক
আনন্দে হাত নাড়লেন। "—ও কে"!
সাবমেরিনে পা দিতে দিতে জবাব
দিলেন—'লেম'.—বিশ্ববিশ্যাত মার্কিন

### লেমনিৎসার, এ্যাডনিরাল লিয়ান

দেনানায়ক লেমনিংসায়, জেনারেল নরকীভের জারগায় মার্কিন সেনানায়ক হয়ে বিনি 'নাটো'র চললেন। তথন তিনি স্বাধিনায়ক আইদেনহাওয়ারের আ্যাসিস্ট্যান্ট চীফ অব স্টাফ। তার চেয়েও বড় তথা: মিত্রপক্ষের উত্তর আফ্রিকায় অবতরণ, বিতীয় মহাযুক্ষের ইতিহাসে নাম যার "অপারেশন টর্চ" সে তাঁরই ভাবা।

তার দীর্ঘ বত্রিশ বছরের সামরিক জীবনে আরও অনেক ভাবনার পরিচয় দিয়েছেন পেনসিলভানিয়ার এক অখ্যাত জার্মান-লুপেরান পরিবারের এই মার্কিন সন্থান। বাবা জ্ভার কারিগর ছিলেন। তিন ভাইরের মেলো লেমনিংশারও নিজের হাত থরচ চালাতেন অবসরে টুকিটাকি নানা কাজ করে। ফলে বালা থেকেই অভ্যাস তাঁর কথা নয়,--কাজ। একুশ বছর বয়স থেকে ( জয় ১৮৯৯ ) দৈর বাহিনীতে আছেন, এক **পুত্র** এক কলার জনক এখন যুগণৎ প্রতিষ্ঠিত দাদামশাই এবং ঠাকুদা। গায়ে ইউনিফৰ্ম থাকলেও বয়স তাঁৰ ভেষট্ৰতে পৌছেছে। স্বতবাং বন্ধবের কালে "ৰকো" নামে পৰিচিত দৃঢ়ভার পাহাড়-সেই দৈনিকটির দাভিদৰুক এখানে পড়ে শোনাৰ

#### रमारियां, ७: जानगरनारत

ব্দসম্ভব। শুধু এইটুকু উল্লেখ্য বে, এবার ইউরোপে মার্কিন বাহিনীর অধিনায়ক হয়ে যাচ্ছেন যিনি, একদা সেই ইউরোপেই তিনি ছিলেন আইদেনহাওয়ারের দোসর। মহাযুদ্ধের লেমনিৎসার **স্থুপরিচিত** भद ইউরোপে সেনানায়ক। কেননা রকমারী সামরিক পরিকল্পনা থেকে শুক করে কোরিয়ার যুদ্ধ, দূর প্রাচ্যের অধিনায়কত্ব, এমন কোন সামরিক লায়িত নেই যা এই সমবাক দৈনিকটি প্রতিপালন করেন নি। বিশেষ ১৯৫৯ শনের ১লা জ্লাই থেকে তিনিই ছিলেন মার্কিন দৈলবাহিনীর চীফ অব স্টাফ ! এবং তারপর "চেয়ারম্যান, ইউ এদ জয়েণ্ট চীফদ অব দাক।" बादबाछि दम्दभन्न মেডেল তাঁর ৰুকে।

আরও একটি সমান পদক আছে
তাঁর। অবশ্য সেটি ইউনিফর্মে থাকে
না। কেননা সেটি অর্জিত হয়েছিল
বৃহক্তেরে নর, জাপানের একটি ছোট
নদীর জলে। আমেরিকার মংশ্য
শিকারী মাত্রই জানেন এশিরার জলে
নবচেরে বড় ট্রাউট মাছ ধরার কৃতিছ
বার তিনি জেনারেল লেমনিংসার।
মাছটি দৈর্ঘ্যে ছিল নাকি সাতাশ
ইকি। এবং সেটি ধরা পড়েছিল ১৯৫৫

সনের ৪ঠা জুলাই। লেমনিৎসার তথন দ্রপ্রাচ্যে প্রধান মার্কিন সেনাপতি। ২৬. ৭. ৬২

### লোহিয়া, ডঃ রামমনোহর

আবার অপ্রতিরোধ্য ড: লোহিয়া। কে একজন খেদ করে লিখেছিলেন-ভারতে কোন ফেনার ব্রকওয়ে নেই। স্বদেশের এবং বিদেশের তাবৎ মাস্তবের ছোটথাট মামলাগুলো তাই সওয়াল করার লোকের অভাবে মনে মনেই তিনি রয়ে গেল। সম্ভবত রামমনোহর লোহিয়ার কথা ভলে গিয়েছিলেন। সত্য বটে, অভিজ্ঞতায়, কার্যক্রমে, এবং কর্মভঙ্গীতে বুটেনের ব্রকওয়ে আর ভারতের লোহিয়া এক নন :-- কিন্তু তবুও একথা মানতেই হবে—ড: লোহিয়াও বীতিমত এক বর্ণাঢ়া অস্তিত। স্বরাঙ্গের পরে 'বদেশী ওয়ালার' সতের বছরে আঠারো বার কারাবরণ—দেও কি গভান্থগতিক রাজনীতি ? উপলক্ষ্যগুলোও তেমনই। কথনও থাজনা মুকুব, কথনও নেফা প্রবেশ, "কথনও অংরেজি হটাও"। কথনও বা থবরের কাগজের হেডলাইন थ्यंक वस्तृत्व चात्र 'जुष्क्' किছू। এমন কী স্থুদ্র আমেরিকার 'কলার-বার'-এর বিক্তম সভাাগ্রহেও তাঁর

## লোহিয়া, ডঃ বাদৰলোহৰ

ভাপতি নেই। ফলে কয়েকমাস আগে, গত বছর (১৯৬৩) মে মাসে ফারাকাবাদ কেন্দ্র থেকে বিজয়ী লোহিয়া যথন লোকসভায় আসন তথনই সবাই গ্রহণ করেন. জেনেছিলেন ঝড এবার থাস পালামেণ্টকেই ঘর করল: দমকা হাওয়ায় কথন কে কোনদিকে ছিটকে প্রত্বেন ভার ঠিক ঠিকানা নেই। লোহিয়া প্রত্যাশা পূর্ণ করেছেন। 'নেহরুজীর দৈনিক থরচ ২৫ হাজার টাকা' থেকে শুরু করে এদেশের মাত্রবের মাথাপিছ গড় আয় কত নয়া পয়সা.—ইত্যাদি বছতর বিষয়ে বারবার তাঁর স-তথ্য, বিজ্ঞপাত্মক, এবং আবেগ মথিত কণ্ঠ শোনা গেছে। লোকসভায় ইদানিং তিনি ছিলেন— অরিজিনাল বলে অবশ্য শোনার মত। কিন্তু এবার যা ঘটল সেটা বোধহয় সকলের কাছেই অভাবিত। লোহিয়ার মামলা চিল এবার---ক্ষিউনিটি ডেভলাপ্যেণ্ট প্রোজের থেকে 'জীপ হটাও।' তাঁর অভিযোগ প্রধানমন্ত্রী এবিষয়ে কথা দিয়েও কথা রাখছেন না। লোহিয়া সে সম্পর্কে ইতিপূৰ্বেই একটি প্ৰস্তাব পেশ করে রেখেছেন। এথন তিনি আলোচনার স্থযোগ চান। তাই

নিয়েই কথা কাটাকাটি, ভোটাত্টি,
এবং অবশেষে স্পীকারের আদেশ:
ড: লোহিয়াকে চলতি অধিবেশনের
মত সমপেও করা হল। চাঞ্চল্যকর
ঘটনা। হয়ত আরও নাটকীয় হত
যদি লোহিয়া তার শেষ প্রতিজ্ঞাটি
ভূলে না বেতেন। তিনি নাকি
বলেছিলেন—'আই স্থাল নট লীড
দিস চেম্বার অন মাই টু ফিট!'
দেশবাদীর সৌভাগ্য, ড: লোহিয়াকে
মার্শালদের কাঁধে চড়ে লোকসভা
থেকে বেরিয়ে আসার দৃশ্য দেখতে
হরনি।

চিবকাল অন্য ধরণের রাজনৈতিক মানুষ। বাবা হীরালাল লোহিয়া চিলেন গান্ধীজীর মন্ত্রশিকা। ভেলের বাল্পনৈতিক দীকা দেদিক থেকে কৈশোর থেকেই। জন্ম-১৯১০ সনে। '২৪ সনে মাত্রেচীক বছর বয়সে গ্রা কংগ্রেদে হাজির চিলেন রামমনোহর। কিছু রাজনীতি তথনও তাকে সম্পূর্ণভ গ্রাস করতে পারেনি। রাম<mark>মনোহর</mark> তথন প্রথমত এবং প্রধানত ছাতা। ভিনি বোঘাইয়ে স্থলে পড়েন। সেথান থেকে স্ব্যাটিকলেশন পাশ বামমনোহর চলে এলেন কলকাভায়। কলকাতা থেকে কৃতিছের সঙ্গে বি-এ, পাশ করে, কিছুদিন কাশীতে,-

#### লোহিয়া, ডঃ বাসমলোহর

ভারপর আরও পড়ার বাসনা নিয়ে ইউরোপে। '৩৩ সনে বার্লিন বিখ-বিছালয় থেকে অর্থনীতিতে ভক্তরেট নিয়ে যথন তেইশ বছরের কতী তক্ত ফিরেছেন তখন CHCM অসহযোগের জের চলেছে। ইচ্ছে করলে লোহিয়া সেদিন সহজেই ছুম্মাপ্য স্থুথের জীবন হাতে তুলে নিতে পারতেন, কিন্তু পরিবর্তে তিনি কংগ্রেসকেই বেছে নিলেন। কংগ্রেসে তথন নব্য হাওয়া, সমাজতন্ত্রের কথা-বার্তা। লোহিয়া সে আড্ডাতেই সমাজতন্ত্ৰীদল ভিডলেন। কংগ্রেস অবরব লাভ করামাত্র দেখা গেল লোহিয়া সে তরুণগোষ্ঠীর অক্সতম. নবাভন্তীদের 'ত্রেনস্ত্রাস্ট।' ভিনি ওঁদের মুখপত 'কংগ্রেস সোস্থালিন্ট'-এরও সম্পাদক। 'অংবেজি হটাও' আন্দো-লনের বিশিষ্ট নায়ক ড: লোহিয়া ইংরাজীতে চমৎকার লেখক। তাঁর অগণিত বইয়ের মধ্যে কয়েকটির নাম -- 'ক্লাগমেণ্টদ অব এ ওয়ান্ড মাইও' 'ছইল অব হিষ্টি', 'হিমালয়ান পলিসি কর ইণ্ডিয়া' ইত্যাদি।

'৩৬ সনে কংগ্রেস সভাপতির

আসনে একেন আর এক তরুণ,—

অভহরলাল। লোহিয়াকে তিনি
কাছে ডাকলেন। রামমনোহর এ-

আই সি সি-তে এলেন, তারপর সঙ্গে সঙ্গে কংকে কংগ্রেসের সদ্ধর দপ্তরে। সেথানে কাজ তাঁর সভ প্রতিষ্ঠিত 'বৈদেশিক দপ্তর' পরিচালনা। কোধায় তথন স্বাধীনতা, কোধায় পররাষ্ট্র নীতি, পররাষ্ট্র দপ্তর। নেহরুজীর হয়ে তরুণ রামমনোহর তথন দেশে দেশে প্রগতিশীলদের সঙ্গে যোগাযোগরাথেন, বিদেশস্থ ভারতীয় বংশোদ্ভবরাপ্ত তাঁর দায়িত্ব!

'৩৮ সনে রাজফোহের অপরাধে কলকাতায় গ্রেপ্তার হলেন লোহিয়া। আদালতে নিজের হয়ে নিজেই এমন সওয়াল করলেন যে ম্যাজিপ্টেট শেষ পর্যস্ত তাঁকে ছেডে না দিয়ে পারলেন না। '৪২ সনে এই পুঁথির রাজ-নীতিকট আবার লক্ষ্তকণের স্বপ্ন। '৪৪ সনের মে মাসে ধরা পড়ে লাহোর ফোর্টে নিকিপ্ত হওয়ার আগে প্রায় ত্ব'বছর ধরে তিনি ইংরেজের কাছে এক হঃস্থ। লোহিয়া শুগালের মত ধুর্ত, সিংহের মত मारुमी। विश्वाद्धित्म खमःश्र खविचाक কীর্তির মধ্যে অক্সতম একটি—গোপন রেডিও ফেশন পরিচালনা। বোমাইয়ে বসে এই লোহিয়াই তথন দেশবাসীকে चागर्के चारमानरात्र (व-चार्रेनी थवर শোনাতেন '

একই আপসহীন লডাইদ্বের কাহিনী পরবর্তী বছরগুলোও। মমাজভন্তীরা কংগ্রেম ত্যাগ করলেন। সেই দক্ষে ড: লোহিয়াও। ভারপর **এভাসমাজত**ন্ত্রী মততেদ লোহিয়াকে এবারও বিদ্রোহীতে পরিণত করল। '১৬ সনে তিনি নতুন দল গড়লেন—সোস্থালিস্ট পার্টি অব ইণ্ডিয়া। অবশেবে হালে এল নতুন ধ্যান--সংযুক্ত সোম্বালিফ পার্টি। সঙ্গীদের অন্তরা কেউ কেউ কংগ্রেসে ফিরে গেছেন, কেউ কেউ বৰুত্ত,--লোহিয়া এখনও সমাজতন্ত্রী।

মানবভাবাদী সমাজভন্তী ছ: লোহিয়া
'মানকাইণ্ড' নামকও একটি কাগজ
সম্পাদনা করেন। তাঁর অপ্নের পৃথিবী
একটি একটি মাহুষ নিয়ে গড়া এক
অভ্তপূর্ব মানব সমাজের বাসস্থান।
সেথানে একনায়কত্ব নেই, ইলেকশন
নেই, অথচ আধীনতা আছে, এবং
তৎসহ সাম্য। তাই বলে কী ছ:
লোহিয়া ফিকে রংরের সাম্যবাদী?
অবশ্র নয়। কেননা, লোহিয়া বলেন:
কমিউনিজম = সোস্থালইজম – ছেমোক্যোসি + কেন্দ্রীভূত ক্মতা + গৃহযুদ্ধ +
রাশিয়া।
১৪.১২.৬৪

## ×

#### नंदर, जार.

'কমিউনিস্টরা যদি এই নির্বাচনে শংখাগরিষ্ঠতা লাভ না করে ভবে ভা হবে অতিপ্রাকৃত ঘটনা।— 'মিরাকেল!'—মাত্র ক'দিন আগে বোষাইতে সগর্বে ঘোষণা করেছিলেন কেরালার ভূতপূর্ব ম্থ্যমন্ত্রী নাম্ব্রিপাদ। ক'দিন পরে কুইলনে একটা বিরাট অনসভার তাঁর উত্তর দিয়েছিলেন রাজ্য কংগ্রেসের সভাপতি আর. শহর্ব। তিনি বলেছিলেন: 'এটুকুই আমি
বলতে পারি যে কমিউনিস্টরা আজ
কেরালায় একটি আসন সম্পর্কেও
নিশ্চিত নয়।' সমালোচকেরা ওনে
মৌন ছিলেন। তাঁদের মতে—
নামুত্রিপাদ এবং শহর গুজনেই
'অভাধিক আশাবাদী!'

তাঁদের মনে এই অনিশ্বরভার কারণ ছিল না এমন নর। কেননা, '৪৮ সনের পর এই এলাকার এটা চতুর্ব নির্বাচন এবং আগামী মন্ত্রিসভাটি

#### শহর, আরু.

দশম মন্ত্রিসভা। ভাহলেও সমস্ত বিধা,
শকা মিধ্যা প্রতিপদ্ধ করে কেরালার
ছিদ্ধানকাই লক্ষ ভোটদাতা স্পষ্ট
দিব্বাস্তে এদে পৌছেছেন আজ ।
তারা জানিয়ে দিন্নেছেন—ছ' মাস
আগে রাষ্ট্রপতি যে দিব্বাস্ত গ্রহণ
করেছিলেন তা তাদেরই দিব্বাস্ত ।
কেরালায় কমিউনিস্টই শাসন সেদিন
ভগ্ব অচল ছিল না, দক্ষিণে সাম্যবাদের
এই উর্বর ক্ষেত্রটি অন্ত্রের মতই মনে
মনে মক্রভুমি হয়ে গিয়েছিল।

অদ্ধে নির্বাচনী ওলট-পালটের ক্ষতিত্ব যদি এস. কে. পাতিলকে কেউ দিয়ে থাকেন, তবে তিনি কতথানি সঙ্গত কাজ করেছেন বলা কঠিন। কিছ কেরালায় যুক্তক্রণ্টের সংগঠনী ক্ষতিত্ব যদি কারও প্রাণ্য হয়, তবে তিনি কেরালারই একটি তরুণ কর্মী। নি:সন্দেহে তিনি আশাবাদী তরুণ শহর।

কেরালার রাজনীতিতে শহরের অভ্যথান পথটি নাখুত্রিপাদের চেরেও জটিল পথ। স্তরে স্করে অভ্যিকে জানার ক্ষোগ শ্রীশন্ধর যতথানি পেরেছেন তেমন বোধহুর অতিক্য জনই পেরে থাকেন। ছাত্রজীবনে রদারনশাজ্যের রুজী ছাত্র ছিলেন শহর। জীবনে তাঁর প্রথম পেশা

শিক্ষকতা। প্রধানশিক্ষক হিসাবে নাম ভারতের স্বচেনে শিক্ষিতরাজ্য কেরলে সকলের মৃথে মুখে। আইনজীবী হিসাবেও তাঁর ক্ৰতিত্ব সৰ্বজনবিদিত। বৰং ৰাজনীতিক হিসাবেই তাঁর পরিচয় ষদিও দলের অভ্যন্তরে তাঁর গতিবিধি গোড়া থেকেই সকলের কৌতুহলো-ত্রিবাঙ্গর-কোচিন দ্দীপক। কংগ্রেসে যোগ দেওয়ার পর সম্পাদকের পদে উন্নীত হতে শহরের বেশী দিন লাগেনি। কংগ্রেস তাঁকে দায়িত দিয়েছিল একটি সহযোগী প্রতিষ্ঠানে ( এস. এন. ডি. পি. ) দলের স্বার্থের প্রহরী। দেখানেও ব্যক্তিগত দৃষ্টিকোণ থেকে বিফল হননি শহর। তবে সি. পি. রামস্বামী আয়ারকে সমর্থনের অভিযোগ উঠে তাঁর নামে। শহর দল ছেডে সভ্য বলে প্রমাণ করেন সেই অভিযোগ। কিন্তু '৪৯ রামস্বামীর রাজ্য ত্যাগের পর আবার ফিরে আসেন নিজের দলে। সঙ্গে সঙ্গে গণপরিষদের সদস্য নির্বাচিত হন। তিনি '৫২ সনে এবং '৫৭ সনেও রাজ্য বিধানসভায় প্রার্থী ছিলেন। কিছ দেশে তখন উল্টো হাওয়া। শহরকে নির্বাচনে জিতবার জন্মে ভাই অপেকা করতে হল '৬০ সন অবধি।

কেমিপ্লীর ছাত্র শহর বরাবরই রাজনৈতিক মেলামেশায় भहे। এবারের যুক্ত ফ্রণ্টের পেছনে তাঁর জ্ঞান এবং চেষ্টা অনেক থানি। ইতিপূর্বে यन्त्रिय-পরিচালন বোর্ডে কংগ্ৰেস প্রতিনিধি হিদাবে শ্রীমন্নাথ পদানাভনের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেছেন তিনি। আর প্রজা দোস্যালিফরাও চিরপরিচিত। বাকি ছিল মুদলিম नौग। भद्रत वालन-मुमलिम लौगरक তিনি সাক্ষাৎ সম্পূর্কে না জানলেও, কেরালার মাহুষকে তিনি জানেন। একথা যে মিথো নয়, কেরালার রায় তার প্রমাণ। সাত সাতটি মন্ত্রীর পরাজয়কে নিশ্চয় অত:পর আর 'মিরাকেল' বলে চালাতে পারেন না. ই. এম. এস।

#### শাল্লী, লালবাহাত্তর

অবশেষে কোটি মান্থবের আন্তরিক প্রত্যাশাই সত্য হল। ইন্দ্রপ্রস্থের আকাশ থেকে বিল্রান্তির মেঘ কেটে গেল, সেই সঙ্গে ভারতের মনোরাজ্য থেকে তৃশ্ভিত্তার ছারাও। কেননা, জানা গেল, বিগভ নায়কের 'ম্যানটল' অভঃপর ভারিভাবে শাস্ত্রীজীর অঙ্গেই অর্ণিভ হল। …'হু',—কে ? ভর্ক সীমাংসিভ। নেহস্কহীন দিন্তি সীজার- পর রোম হরনি, কাড়াকাড়ি, মারা-মারি শেব পর্যন্ত 'গুজব' হয়েই বইল; নেহরুর ভারত জগতের প্রভ্যাশাকে পূর্ণ করে বচ্ছদে জানাল: উত্তরাধি-কারী শ্রীলালবাহাত্বর শাস্ত্রী।

বস্তত এ সিদ্ধান্ত অভাবিত কিছু
নয়। গত জাহুয়ারীতে কাশ্মীরফেরত লালবাহাত্রকে দেখার পর
থেকেই ভারত মনে মনে জানত লালবাহাত্র নেহরুর কে, উত্তরাধিকারীর
নাতিদীর্ঘ তালিকায় তিনি কোন্থানে। অস্তত, স্বয়ং নায়ক কোধায়
তাঁকে দেখতে চান।

গত জাহুরারীর কথা। ভূবনেখরের আকমিক ছুর্তাবনার জাতি
তথনও আচ্চর। তারই মধ্যে চোথে
পড়েছিল দৃশ্যটা। স্পষ্টই বোঝা
যাচ্ছিল গায়ের ওভারকোটটা ওর
নিজের নয়। ঝুলে অস্তত ইঞ্চি ছয়েক
বেশী লখা, চওড়ায়ও বেশ ক' ইঞ্চি
অতিরিক্ত উদার। আশ্বর্য এই, তব্ধ
কিন্ত চোথে মোটেই বেমানান
ঠেকছে না।

এ বহুক্তের সমাধান করেছিলেন
শাল্লীজী নিজে। হজরত-বালের
ঘটনা উপলক্ষ্যে শ্রীনগরের তথাকথিত
উত্তাপকে মন্ত্রবলে বরুকে পরিণত করে
দিল্লি ফেরত বিজয়ী লালবাহাছুর

## শালী, শালবাহা র

শিতহাক্তে জানিয়েছিলেন—কোটটা সত্যিই তাঁর নিজের নর, নেহরুজীর। যাওয়ার পথে অত্যধিক ঠাগুার ভরে তিনিই গায়ে তলে দিয়েছিলেন।…

তারপরও 'আফটার নেহরু হু', 'নেহকর পরে কে'—এই জিজ্ঞাদা হয়ত কোন সাবালক গণতন্ত্রের পক্ষে অবাস্তর চিন্তা ছিল না, কিন্ধ বিশ্ব নি:সন্দেহে 'লীডাবস-অত:পর ম্যান্টল' নিয়ে বহুলাংশে ভাবনামূক হয়েছিল। সেদিনই সকলে মনে মনে জেনেছিলেন নেহঙ্গহীন ভারতে অত:পর নেহরুজীর বা অবশিষ্ট সে তাঁর জুতোজোড়া; পাকবে. এগিয়ে এদে দেখানে যে কেউই পা ঢোকাবার চেষ্টা কর্মন না কেন.-'ম্যান্টল'—নেহকর নিজের গায়ের কোট থাকবে শান্ত্রীজীরই গায়ে !

অবশ্য অন্ত মাপের, অন্ত থাতের।
কিছ তা হলেও নেহরুর উন্তরাধিকারী নেহরুজীর মতই এক রহক্তময়
পুরুষ, বিশায়কর ব্যক্তিছ। লোকে
বলে লালবাহাত্র একজন নন,
নেহরুর মত তিনিও বৈত। একজন
তাঁদের শিশুর মত সরল, উদার,
শর্শকাতর, প্রাণচঞ্চল। এখনও
তিনি এই বাট বছর ব্যবেও বম্নার
জলে হাত-পা ছুঁড়ে সাঁতার কাটেন,

কাছে গঙ্গা পেলে আপিস পালিছে ডুব দিয়ে আদেন, ব্যাভমিন্টন খেলেন, ক্রিকেটের মাঠে বয়স ভূলে বালকের মত হলা করেন-সময় পেলে গোপনে লুকিয়ে 'স্ত্রোক' রপ্ত করেন। এক লালবাহাত্বর ভারতের ভৃতপূর্ব স্বরা ইমন্ত্রী পরবর্তীকালের এবং ভারতীয় ত্রয়ীর কেন্দ্রমূর্ভি দপ্তরবিহীন লালবাহাত্র। বিশাল ভারতের সহফ্র সমস্থা তার নথদপ্রে। বোলস-গোরবুথ-বেনেডিক্টভরাও এক্তিয়ারের বাইরে নন। চারদিকে ফাইলের পাহাড। ভারই यत्था मिगादाछे न। शूफ़िया, किन:-दिल মৃত্যুভি সংকট-আর্তনাদ না তুলে নি:শব্দে কাব্দ করে চলেছেন ভারতের দপ্তরবিহীন মন্ত্রী। আজ হজরতের পবিত্র কেশ, কাল পেট্রিক ভীন. পরের দিন-ব্যাহ আশনেলাইজেশন। শাস্ত্রীকী সম্ভবত রাজধানীতে তথন সবচেয়ে বাস্ত মন্ত্রী। দিনে তিনি আঠার ঘণ্টা কাজ করেন। কিন্ধ ' তবুও টেলিফোন অপারেটারকে 'গ্লীজ' वा महकाती (कवानी टिंटक 'शाक्यू' বলতে ভূলেন না। শান্ত্ৰীজী সবচেম্বে নির্ভরযোগাও। তিনি অতান্ত শান্ত-ভাবে উত্তেজনার খবর ভনতে পারেন, ধীরভাবে—ঠোটে হাসি বেখেই

### শালী, লালবাহান্তর

রুচ্তম আদেশ দিতে পারেন, এবং তার চেয়েও বড় ক্ষমতা—বে কোন আদেশ প্রতিপালন করাতে পারেন। এই বিপরীত হই লালবাহাত্ত্র মিলেই অনাড়ম্বর নায়ক—লালবাহাত্ত্র শাস্ত্রী। দৃশুত যাঁকে মনে হয় 'ম্যাকবেথ'-এর ডানকান, কার্যত তিনি কথনও সদার প্যাটেলের ম্মতি, কথনও বা পয়জী; এবং আদর্শে ও আস্তরিকভায় প্রায়শ নেহয়জী।

দক্ষিণ ভারতের একটি ব্যবসায়ী শংস্থার দূরদৃষ্টিকে ধন্যবাদ। ভুবনে-খবের পরে অহম্ভ নেহরুজীর শহ্যা ঘিরে যথন নানা জনের ভীড-তথন একান্তে আপন-মনে বদা এই ছোট-খাট ( উচ্চতা—৫'—২", ওজন—১০৫ পাউও) মাহুবটিকেই শ্রদাভরে সম্মানের আসনে ভেকেছিলেন ওঁরা। বিনয়ী লালবাহাত্ব দেদিন দকৌতুকে বলেছিলেন—আমাকে কেন ? আমি ষে অন্তগামী কর্য। ওরা হেসেছিলেন। र्ट्सिहिल्न नान्याहादूत निष्क्र । क्तिना, कामबाष्ट्री-कोशीन धावरभव পরেও সবিনয়ে তিনি স্বীকার করে-(इन-वामि नजामी नहे।

ভাই বলে চারি পুত্র, ছই কন্সার 'গৃহস্ব'জনক কোন গলিপথে মন্ত্রি-

সভায় প্রত্যাবর্তন করেছেন এমন মনে করার কোন হেতু নেই। কেননা, লালবাহাছুরের উপান যে সিঁ ড়িষোগে তার প্রতিটি খাপই কষ্টি-পাথরে বাধাই। উত্তরপ্রদেশ কংগ্রেস, উত্তরপ্রদেশ মন্ত্রিসভা---লালবাহাত্তর বেখানে বসেছেন সেখানেই ভিনি भःताम । **উত্তরপ্রদেশের পুলিশমন্ত্রী** হিসেবে বাষ্ট্রীয় স্বয়ংদেবক সংঘাক ষেভাবে তিনি শাসনে এনেছিলেন আজ তা ইতিহাস। নিখিল ভারত কংগ্রেসের সাধারণ সম্পাদক ভিসেবে তার সংগঠন-প্রতিভা, কেন্দ্রীয় রেল-মন্ত্রী হিসেবে তুর্ঘটনার লায়িজ নিয়ে তাঁর পদভ্যাগ, কিংবা '৫৭ সনের নির্বাচনে কংগ্রেসের সার্থি হিসেবে ষা তিনি দেখিয়েছেন সেও তাই। গত বছর (১৯৬৩) আগস্টে শেরপার ভঙ্গীতে অক্লেশে নেপাল বিজয়ের পর —এবার লালবাহাছরের কুতিছের ভালিকার পরবর্তী বিখ্যাত সংযোজন হজরতবালের বিশেষ দীদার। সেবার বিয়াল্লিশ বছরের রাজনৈতিক জীবনে প্রথম বিদেশযাত্রায় কাঠযাণ্ডর পথে স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গী ছিলেন-স্ত্রী ঞ্রীষ্টী ললিতা দেবী। এবার তিনিও নন-**७**४ त्नरक्षीत काठे। **छाटे वरन** কি লালবাহাত্র সেদিন দিলির 'রাজ-

## नाडी, नानवादां क

নৈতিক ক্যায়াম বোর্ডে' নেহরুদ্ধীর হাতে 'স্টাইকার' মাত্র የ

জনৈক সাংবাদিকের এই বিশেষণ ধরে বাঙ্গচিত্রী চিত্রসিদ্ধান্তে এসে-ছিলেন: শান্ত্ৰীজী আহত ব্যাটসম্যান নেহরুর রানার। কথাটা আপাত-সভা হলেও সম্ভবত সেটাই লালবাহাত্ত্ব শান্তীর একমাত্র পরিচয় নয়। কেননা. লালবাহাত্বের আপন পরিচয় কেবলই সাত বছর জেল খাটার মধ্যে সীমাবদ नय । 四刊--->>・8 সনের সক্টোবর তারিথে। শুধু সন্মতারিথে গাদীজীর সঙ্গে কাকতালীয় এক্য-বশত নয়, সার্ভেন্টস অব ইণ্ডিয়া **লোলাইটির অন্তত্ম প্রবীণ কর্মী** শাস্ত্রীজী তাঁর তরুণ বয়স থেকেই খদেশের জন্মে উৎস্গীরুত প্রাণ। বাবা সারদাপ্রসাদের আর্থিক অবস্থা ভাল ছিল না। বেনারসের হরিশচক্র স্থলের ছাত্র কিশোর লালবাহাত্র পারাণির কডির অভাবে স্থল করতেন প্রতিদিন সাঁতার কেটে গঙ্গা পার হয়ে। এভাবেই তিনি পরবর্তীকালে বিখ্যাত কাশী বিভাপীঠের 'শান্তী' राष्ट्रिलन: 'भाजी' বিষ্ঠাপীঠের 'ডিগ্রী', পারিবারিক উপাধি ওঁদের ( শ্রীবান্তব )। কিন্তু তবুও নিজের ভালবাসা—ভারতীয় দর্শন কিংবা হিন্দি সাহিত্য কিছুই তাঁকে ঘরে ধরে রাথতে পারেনি। হিন্দি সাহিতা-জগতে 'মাদাম কুরী'র বিখ্যাত জীবনী লেথক শাস্ত্ৰীন্দ্ৰী এথনও লেখেন। কামরাজী-হামলার পরেও স্বরাইমন্ত্রীর পরিত্যক্ত ডুয়ারে গোটা হুই পাণ্ডলিপি আবিষ্ণত হয়েছে। একটি ভারতের স্বাধীনতা সংগ্রাম বিষয়ক. অন্তটির বিষয়বন্ধ-প্রাচ্য ও পাশ্চান্তা-प्तर्मन। किन्न ১৯२১ সন সক্রিয় রাজনীতিক শাস্ত্রী সার্ভেণ্টস অব ইণ্ডিয়া সোসাইটির পুরানো সেবক এখনও দেই দীমাস্তহীন দেশপ্রেমেরই পথিক। তাঁর পথে থেকে থেকে ডান বাঁক নেই, বাঁয়ে মোড় নেই, সকলের প্রিয়, এই নি:স্বার্থ নি:শন্দ ভারতীয় থার কোটই গায়ে চাপান. তিনি আপন বলেই ভারত-পথিক।

মহাবীর ত্যাগী দেদিন সহাত্যে পরামর্শ দিয়েছিলেন কোটটা 'মেরে দেওয়ার' জন্ম। শাল্লীজী উত্তরে হেসেছিলেন। কেননা, তিনি জানতেন 'ম্যানটল' বার সেই নায়কও জনতাকেই 'সম্রাট' বলে মেনে নিয়েছিলেন। তারা বখন এই হস্তান্তরের খবরে আনন্দিত তখন আর রোমক ধারায় কাড়াকাড়ি কেন?

আমাদের দোভাগ্য, জাতির

# শান্ত নোহকৰ কৰিব

জীবনে এই গুরুতর ক্ষণে, তদপেকা গুরুতর এই প্রশ্নটিতে আমরা দাবালকের মত আচরণে সক্ষম হলাম। লালবাহাত্বকে নেহরুর স্থলাভিষিক্ত করে বিশ্বকে জানাতে সক্ষম হলাম— কর্তব্য কী নেহরুর ভারতের ভাও অবিদিত নয়। ৩. ৬. ৬৪

#### শাহ, মোহস্মদ জহির

১৯৩৩ দনের ৮ই নভেম্ব। দিনটা ছিল বিশাস্থাতক গোলাম নবীর প্রথম মৃত্যুবার্ষিকী দিন। সৈন্ত বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন করছিলেন আনন্দিত আফগান রাজ, রাজা নাদির শাহ। গেল বছর তাঁর আদেশে হত্যা করা হয়েছে আমান্ত্রার অন্তব নবীকে।

সহসা গর্জন করে উঠল খেন কার হাতের রাইফেল। চকিতে দেহরক্ষীরা থিরে ফেলল ভরুণ আভভায়ীকে। নিব্দেই স্বীকার করল ছেলেটি, সে গোলাম নবীর পুত্র। নাদির শাহকে হত্যা করে সে পিতৃহত্যার প্রতিশোধ নিল মাত্র।

ত্পুরে মারা গেলেন নাদির শাহ।
সন্ধার কাবুল মধিত করে ঘোষিত
হল আহির শা'র রাজত। নাদির
শা'র পুত্ত মোহত্মদ আহির শা।

জাহির শা সেই থেকেই আফগানি-ছানের রাজা,—শাসক।

কি করে বে আফগানিস্থানের সিংহাসনে এলেন তরুণ জাহির তা নিজেও বুঝি তিনি জানেন না। কেননা, এই রাজগুটি খিরে সভিত্রই সেদিন রকমারি বড্বস্থা।

ঠাকুদা ইয়স্থফ থান ভারতে নির্বাসিত হয়েছিলেন। বাবা নাদির শা দেথানেই জাত।

১৯০১ সনে যথন খলেশে ফিরে এলেন ওঁরা, সিংহাসন তথনও শত্রুপক্ষের করতলগত। সেই ঐতিহাসিক শত্রুতা কিঞ্চিৎ প্রশমিভ হল সেদিন যেদিন 'রাজা' উপাধি নিয়ে সিংহাসনে বসলেন শত্রুবংশেরই আমাকুলা। বদ্ধুদের চমকিত করে নাদিরকে রাজ্যের প্রধান সেনাপতি নিযুক্ত করলেন তিনি।

'২৪ সনে সেই ক্ষমতাবানের পদ থেকে নাদির নির্বাসিত হলেন প্যারিস-এ। সেথানে তিনি আমাহরার প্রতিনিধি, আফগানমনী। বাবার সঙ্গে ছেলে আহিরও এলেন প্যারিস-এ। ইতিপূর্বে কাব্লের হাবিবিয়া হাইস্থলে তিন বছর পড়েছেন তিনি। কিছুকাল পড়েছেন ইভিকুইয়াল কলেভেও।

### শাহ, মোহত্তৰ কৰিয়

এবার ভর্তি হলেন ফরাসী রাজধানীর বিখ্যাত 'জন সন ছ সালে'তে। সেখান থেকে 'পান্তর ইনষ্টিডিটে', এবং অবশেষে মন্তেপেলি বিশ্ব-বিদ্যালয়ে।

ইতিমধ্যে '২৮ সনে আমন্ত্ররার বিরুদ্ধে বিজ্ঞাহ হয়ে গেছে এবং পরের বছর শক্র মৃক্ত আফগানিস্থান নাদিরকে রাজা নির্বাচিত করে ফেলেছে।

'৩০ সনে প্যারিস থেকে পুত্রপ্ত এসে যোগ দিলেন বাবার সঙ্গে। এক বছর আবার পড়ান্ডনায় কাটাতে হল। কিছু মাত্র একটি বছর। পরের বছরই রাজ্যের সহকারী দেশরকামন্ত্রী নিযুক্ত হলেন জাহির। তথন তাঁর বয়স মাত আঠার বছর (জন্ম---1 ( 8666 পরের বছর পদোন্নতি। উনিশ বছরের রাজপুত্র ভাহির এবার রাজ্যের শিকামন্ত্রী। বলাবাছল্য, পরের বছর থেকে রাজ্যের সমুদ্য মন্ত্রীরাই তৎকর্তৃক মনোনীত। কেননা. সেদিন থেকে ডিনিই দেখের 'atel' I

রাজা জাহির শা বেমন জনপ্রির রাজা, তেমনি স্থণী গৃহস্থ। সিংহাসনে বসার আগের বছর রাজকুমারী অমিরাকে বিয়ে করেছেন তিনি। সর্দার আহমদ শাহের কলা অমিরা সম্পর্কে তাঁর খুড়তুত বোন। কার্নের রাজগ্রাদাদে রাজপুত্র রাজকলা পাঁচটি। রাজারানী আরও ক্থী, —তাঁদের ঘরে আজ একাধিক নাতি নাতনী!

ত্রথী রাজা, ত্রথী দেশ। কিছ গেল ক' বছর ধরেই যেন আফগানি-ক্ষানে এক অস্থক্তিকর পরিবেশ। বিশেষ, দক্ষিণ পশ্চিমে আছও যেন কীপলিং-এর দেই সাম্রাজ্যবাদী সমর-সঙ্গীতের রেশ। উল্লেখযোগ্য, মানচিত্র এদিকে অকুষায়ী পাকিস্তানের অবস্থান। এবং ভাব CECTS আফগানিস্তান **दित्रशरमा** পাকিস্তানের সীমাস্ত বরাবর যে সত্তর লক পুস্বভাষী উপজাতির বাস, তারা কিছতেই মানতে চায় না তা। '৪৭ সন থেকেই খাইবার পাশ-এ এবং তার আশেপাশে চলেছে দিশি রাইফেল-এর প্রতিবাদ। আজ তা আরও উচ্চকিত। কারণ, পাকিস্তান বলে, এ বিজ্ঞাহ নিরপেক রাজা জাহির শাঁ সমর্থিত।

যদি তা-ই হয় তবে অধিকতর বলবান বলেই বোধ হয় ঘটনাটা আয়ুব খাঁয় অপকে নয়। অস্তত ইতিহাস বেন তাই বলে। ১৮৪৯ থেকে ১৯৪৭,

ইভিহাস বলে এই আটানক্ই বছরে 
এ এলাকায় ইংরেজেরা অভিযান 
চালিরেছিলেন পঞ্চাশটি। তার মধ্যে 
শেষটিতে ছিল বিস্তর ট্যান্ধ, আধুনিক 
বিমান এবং সাঁই জিশ হাজার 
পদাতিক। তবুও বিজয় সম্ভব হয়নি। 
কেননা, ইংরেজ ঐতিহাসিক বলেন— 
'এলোন এমাং দি রেসেস হুইচ 
ইনহেবিট দি এম্পায়ার অনলি দিজ 
পিপল হাজ এ হাবিট অব স্টেয়ারিং 
দি ইংলিশম্যান স্তেইট ইন দি আই!' 
২৭.৬.৬১

#### শাহ, ছবিকেশ

চোথে কালো চশমা, মুথে বাঁকা কালো গোঁফ, গায়ে ছাপা সিঙ্কের চকচকে হাওয়াইন সার্ট, পায়ে স্থামসন প্যাটার্নের জুতো, মাথায় কাউ-বয় চঙে বাঁকা টুপি ওঁর পছন্দের পোবাকে। হঠাৎ দেখলে মনে হবে বোধহুদ্ব কোন পশ্চিমী প্লে-বন্ধ অথবা কোন ফিলমু স্টার।

কিন্ত কাছে আসা মাত্র ভূল ভেকে বার। তৎকণাৎ জানা বার 'থেলোরাড়' বটেন, কিন্ত পশ্চিমী নর, ঠিকানা তাঁর কুরকীর দেশ—নেপাল। এক সন্তানের পিতা। বয়স মাত্র আটিজিশ। চেহারার আরও কম। চালচলনে আরও। চমৎকার বক্কৃতা করেন, তাল লেখেন (নেপাল সম্পর্কে বই আছে), প্রবৈদ খাটেন। সম-বয়সীদের মধ্যে স্কবিকেশ সভাই এক ভর্ধর্ষ মাহব, বিচিত্র 'থেলোয়াড়'।

নেপালের ভাগ্যবস্তদের অনেকেরই

যা থাকে, ত্রিভ্বনের ভ্বনের সঙ্গে
পরিবারের কোন রক্তসম্ম নেই।

বাবা ধুরকোট রাজ জাতিতে ছিলেন
ঠাকুরি; পেশায় 'বড়া হাকিম',—
অর্থাং জেলা ম্যাজিট্রেট। স্বভরাং
আর সব বড় ঘরের নিয়মেই ছেলে
পড়তে এসেছিল ভারতে।

ত্থোড় ছাত্র স্থবিকেশ খদেশে
ফিরেছিলেন পাটনা এবং এলাহাবাদ
ছই জায়গা থেকে ছই ছইটি এম.এ
উপাধি নিয়ে। তৎসহ পাবলিক
আাডমিনিট্রেশনে একটি ডিপ্লোমা।
কিন্তু তবুও দরবারে খাতির পাওয়ার
জল্মে অপেকা করতে হল ১৯৫৬ সন
অবধি। কেননা, ছাত্রজীবনে রেগমীয়
ভক্ত স্থবিকেশ ছিলেন পুরোপুরি
আহিংস। ফলে'৫০-'৫১ সনের বিপ্লবে
তার কোন কড়া ছিল না। এবং
ভারই ফলে রাজকর্ডব্য পাওয়াও তৎকালে সম্ভব ছিল না।

অবশেবে বি.পি কৈরালা একদিন ছেলেটিকে কাছে টানলেন। শ্ববিকেশ

## नेजनाम, अम. जि.

দেশিক জীবনে প্রথম বেন মাঠ দেখলেন। কিছুদিন পরেই দেখা পেল একদা নেপালী কংগ্রেসের সম্পাদক হাবিকেশ শাহ কংগ্রেসহীন দেশে বাজা মহেন্দ্রের জ্ঞাতম বান্ধব। সে ১৯৫৬ সনের কথা।

'ং গ সনে হাবিকেশ ছিলেন আমেবিকায় নেপালী দৃত। দেই সঙ্গে
বাষ্ট্রসংঘে নেপালী দলের নায়ক।
থেলোয়াড় সেখানে যে থেলায়
যোগ্যভার পরিচয় দিয়েছিলেন তার
প্রমাণ—তিনিই সেদিন মনোনীত
হয়েছিলেন হামারশিল্ডের মৃত্যু তদন্ত
কমিটির সন্তাপতি! স্বতরাং, দেশে
ফেরামাত্র হাবিকেশ মনোনীত হলেন
রাজার অর্থমন্ত্রী। তারপর—পররাষ্ট্রমন্ত্রী।

সংবাদ: স্কবিকেশ রাজকোপে
পড়েছেন। তিনি মন্ত্রীপদ থেকে
অপসারিত হরেছেন। অপরাধ:
ভারত-প্রীতি। ধবরটা আর কারও
সম্পর্কে হলে শহার কারণ ছিল।
কিন্ত স্কবিকেশ বাস্তবিকই—'খেলোরাড়'। স্বভবাং এ পরাজয় তাঁর পক্ষে
চরম নাও হতে পারে।

8. 30. 62.

## नैजनवार्ष, अम. जि.

মামলাটা ষেমনি গুরুত্বপূর্ব, তেমনি কৌতৃহলোদীপক। ফরিয়াদি আর আসামী হুই ব্যক্তি নন, ছুইটি দেশ। একটি সালাজারের পতুর্গাল, অন্তটি আমাদের মাতৃভূমি ভারতবর্ধ। '৫৫ সনের ভিদেশ্বরে পতুর্গাল ষ্থন দাদ্রা আর নগরহাভেলির একচল্লিশ হাজার নরনারীর ওপর অষ্ট্রাদশ শতকী সাম্রাজ্যিক অধিকার পুন: প্রতিষ্ঠার জন্মে আন্তর্জাতিক আদালতের মঞ্চরী-য়ানা প্রার্থনা করল, তথন ভারতের পক্ষে বে-আইনি মনোভাব দেখান ঠিক নয়। বিশের দেরা আন্তর্জাতিক আইনবিদেরা পত্রালের দাড়ালেন। অক্সফোর্ড কেম্বিজ মথিত ভারতত্ত ছেকে আনলেন অনেককে। কিন্তু আমরা গর্ববোধ করতে পারি, তাঁরা কেউ ভারতের হয়ে জবাব দিতে আসেন নি। এসে-ছিলেন-সভয়াল করতে। ভারতের বক্রবা সেদিন অভান্ত বোগ্যভার সঙ্গে বিনি উপস্থিত করেছিলেন হেগ-এ, ভিনি ভারতেরই এক প্রবীণ সম্ভান। তার নাম-- 🖹 ষতিলাল চিমনলাল শীভলবাদ।

ভারতের স্যাটর্নি স্পেনারেল

শ্রী শীতলবাদ আজ বিশ্বের দ্ববারে ভারতের গর্ব। শুধু হেগের মোকদ্দমা নয়, স্বদেশে এবং দেশের বাইরেও ইতিমধ্যে এমন অনেক মামলা তিনি লড়েছেন যা আইনজগতে তাঁকে প্রতিষ্ঠিত না করলে বে-আইনি হয়। যথা: কুফ্মাচারি ঘটিত মোকদ্দমাটি কিংবা রাষ্ট্রসংঘে কাশ্মীর নিয়ে দেই বিখ্যাত ('৫২) তর্কের লডাইটি।

বোষাই হাইকোর্টের অ্যাড-ভোকেট শ্রী শীতলবাদ ১৯৩৭ সন থেকে বোষাই রাজ্যের অ্যাডলোকেট দ্বেনারেল। ভারতের অ্যাটর্নি জেনা-রেল '৫০ সন থেকে। তবে রাষ্ট্রপুঞ্জে ভারতের হয়ে তাঁর সওয়াল ভুক হয়েছে সেই '৪৭ সন থেকে। '৪৯ সনে তিনি সেখানে ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব করেছেন।

এছাড়াও শ্রী শীতলবাদ ভারতীয়

মাইন কমিশনের সভাপতি, আস্তর্গাতিক আইন কমিশনের ভারতীয়

শাথার সহ-সভাপতি। সিডনীতে

ভারতীয় আইনবিদদের নিয়ে তিনিই

গিয়েছিলেন কমনওরেলথ আইনবিদ

শনেলনে যোগ দিতে। আফ্রোএশিয়ান আইনবিদ সম্মেলন এবং

দিলিতে অহুষ্ঠিত আন্তর্জাতিক আইন-

বিদ সম্মেলনেও তিনি ছিলেন ভারতীর দলের নেভা।

আইনের শাসন বেদেশে শ্রী শীতল-বাদের মত ছিয়ান্তর বছরের প্রবীণ আইনবিদ সে দেশে সম্পদ। তাছাড়া 'সিভিল লিবারটিজ ইন ইণ্ডিয়া' নামক বিখ্যাত গ্রন্থের রচয়িতা সরকারী কর্মচারী শ্রীশীতলবাদ বে-সরকারী মাহবেরও মন্ত বাদ্ধব।

>4. 8. 4.

#### শোষে, মোসে

হুথী মাহুৰ।

বিরাট প্রাসাদ, কালো রংরের রক্তরতে ক্যাভিলাক। দামী মার্কিনী পোবাক, হামবার্গ! তত্পরি তেভালিশ বছরের যুবকের ঘরে দশটি ছেলেমেয়ের কলকাকলিম্থরিত সংসার। (বাইরেইতস্তত বিক্তিপ্ত বে-আইনিও নাকি প্রায় সমান সংখ্যক।)

হ্রথের জীবন।

ভাইনে বেলজিয়ান পরামর্শদাভা, বায়ে লুঙা দেহরকী, পেছনে একটা আন্ত উপজাতি এবং হাতে একটা মন্ত এলাকা। এমন এলাকা বা প্রকারান্তরে গোটা বেলজিয়াম কলোর হৃদ্পিও-স্বরূপ। স্ক্তরাং, স্বভাবতই অনেক উপস্থা।

#### त्यांदय, त्यांदन

দ্বান্ধনৈতিক উপসর্গগুলো অবশ্যই
আধুনিক। কিন্তু অন্যান্থ স্থপসমাচারগুলো শোম্বের জীবনে বলতে গেলে
পৌরাণিক। কেননা, ওদেশে সচরাচর
যা দেখা যায় না এই একটি মান্থবের
ক্ষেত্রে অস্তত তাই ঘটেছিল। কালো
ঘরের ছেলে হলেও শোম্বে জন্মেছিলেন
কপোর চামচ মুখে নিয়ে।

বাবা ইউরোপীয়ানদের মাপেও
ধনী ব্যক্তি। মোসাম্বায় বিরাট বিরাট
বাগিচা ছিল। আর ছিল এলিজাবেথভিল-এ ইউরোপীয়ানদের জন্তে একটা
বিরাট হালফ্যাসেনের হোটেল।
শশুরও মস্ত বড়লোক। তিনি জনৈক
প্রতিষ্ঠিত উপজাতি-প্রধান। স্থতরাং
কাজের সন্ধানে থনির দিকে পা না
বাড়িয়ে বালক শোম্বে রওনা হল
শহরের দিকে—কুলে।

লেখাপড়া বলতে মেথোডিস্ট মিশনারীদের স্থলে যতদিন পড়া চলে ততদিনই। অর্থাৎ, জুনিয়ার সেকে-গুারি পর্যস্ত। তারপরেও অবশ্য কিছুদিন বিভাভ্যাস করেছিলেন শোষে। কিছু সে ভাকষোগে।

চিঠিপত্তে অ্যাকাউণ্টেন্সি শেখা চলছে এমন সময় হঠাৎ বাবা মারা গেলেন। ফলে চিঠি বন্ধ হয়ে গেল। পরিবর্তে সাক্ষাৎ থাতা নিয়েই বদতে হল। অ্যাকাউণ্টদ-এর থাতা। দে প্রায় দশ বছর আগের কথা। শোষে দেই থেকে ব্যবসায়ী।

ব্যবসায়ী হিসেবে মোদে শোষে
শুক্ত থেকেই এলিজাবেণভিল-এ
বিখ্যাত মাহুষ। বাদাম থেকে বীয়ার
এমন কিছু নেই যা নিয়ে তিনি
কারবার না করেছেন! বাকি ছিল
রাজনীতি। দেখতে দেখতে বেলজিয়ানদের আয়ুকুল্যে তাতেও উৎসাহ
জেগে উঠল।

এলিজাবেথভিল-এর আফ্রিকান বণিকসভার সভাপতি শোহে যখন ১৯৫৬ সনে লুগু। এসোসিয়েশনের সভাপতি হতে চাইলেন—বেলজিয়ানরা তথন তাঁকে সানন্দে উৎসাহিত করলেন। কেননা, প্রতিষ্ঠানটি স্পষ্ট-তই সাম্প্রদায়িক। তারপর স্বাধীনতার সস্থাবনা দেখে তিনি যথন 'কোনাকাত পার্টি' গডতে উদ্বোগী হলেন বেলজিয়ান ব্যবসায়ীরা তখন প্রকাশ্যেই তাঁর সাহায্যে এগিয়ে এলেন। কারণ, রং কালো হলেও ব্যবসায়ীরা জানেন, শোম্বে তাঁদেরই দলের। কেননা, গোটা বেলজিয়ান কঙ্গো যথন জাতীয়তার জিপীর ভোলে, তথন কাভাঙ্গার এই একটি মামুবেই ঘরেই সগর্বে বিতীয় লিওপোল্ড-এর ছবি ঝোলে। স্তরাং, অবশেষে
শোষে যথন সাধীন হলেন তথন
আফ্রিকা আশিহিত হলেও, ওঁরা
আশস্ত হলেন। কারণ, 'লোকটি
সত্যিই ডলার এবং সেন্ট-এর মর্ম
জানে।'

সংবাদ: চৌকদ ব্যবসায়ী কাতাঙ্গরাজ শোষে লুম্ছার রাজ-ধানীতে বন্দী। তাঁর বিচার হবে। সভাবতই এমতাবস্থায় আজ মনে পড়ছে লুম্ছা হত্যার পর শোমের কলেছলেন—'লুম্ছা? ভাববে না,—এ-দব হট্টগোল হ'দিনেই মিটে যাবে। লুম্ছাকে লোকে হ'দিনেই ভূলে যাবে।—পিপল হাজ নো মেমোরিস হিয়ার!'

ব্যবসায়ী আজ নিশ্চয় ব্রুতে পারছেন, হিসেবটা ভূল হয়ে গেছে! বোধ হয়, এমনই হয়। বিশেষ, তাঁদের ক্ষেত্রে, রাজনীতি নামক বিছেটা গাঁদের ডাকঘোগে প্রাপ্ত। ৪.৫.৬১

#### তিন বছর পরে আবার:

আবার মহামহিম শ্রীল শ্রীযুক্ত শোষে। এবং যেহেতু 'খুড়ো লোফে', স্থতরাং আবার নাটক। নমস্তর পাঠান হলেও চিঠিব তলায় লেখা

ছিল, প্রেসিডেন্ট কাসাভুবু স্বয়ং না আসতে পারেন,—যে কেহ: কিছ 'খুড়ো' বেন না আদেন। কে ভানে হয়ত দে কারণেই রোখ চেপে গিয়েছিল। স্থললিড আঙ্গে প্রিয় গ্রে ফ্লানেল স্থাটথানা চাপিয়ে তিনি তৎক্ষণাৎ উড়োজাহাল তলৰ কৰেছি-.লেন। সকলের নিষেধ অমাক্ত করে ভূমধাসাগর পার হয়ে শেব পর্যস্ত কায়রোর ভমিও স্পর্ণ করেছিলেন। কিছ তবুও কৰে পাওয়া গেল না। বিশ্ববিদ্যালয় ভবনে, যেথানে, পুৰিবীর নানা দেশের রাষ্ট্রনেতারা সমবেত তার দরজায় স্থাপ্ত হোষণা—'প্রবেশ নিষেধ।' 'ককো-গৌরব' অভ:পর আবার কায়রো ত্যাগ করেছেন। খুশী মনে নয় নিশ্চয়,—বিশেষত এবার আর 'কাতাঙ্গা-রাজ' হিসেবে নয়; (হোক না শেষ বাত্তিরে) কায়বোর নেমেছিলেন 'ডিনি স্বাধীন কলোর श्रधानमञ्जी हिरमदारे !

অপ্রভিরোধ্য মান্তব। চিরকাল
সমান একরোখা, চিরদিন সমান
নাটকীয়। জন্মেছিলেন রুপোর চাষচ
মূখে নিয়ে। জন্মখান কাভাঙ্গার
মূসাখা। জন্ম সন—১৯১৯। বাবা
জোনেফ কলোর প্রথম দেশজলাখপভি। বোল্থানা নানা ধরনের

#### লোৰে, ৰোলে

দোকান ছিল তার। নিজের চেষ্টাভেই পরিগত তিনি সেগুলোকে ক্রমে করেছিলেন—হোটেল. করাতকল, বাগিচা এবং ট্রান্সপোর্ট বিজনেসে। স্থতরাং থনির বদলে ছেলে প্রেরিড হয়েছিল আমেরিকান মিশনারীদের স্থলে। দেখান থেকে কানে'র কলেজে। কিন্তু তরুণ শোঘে ততদিনে ৰাবার সিন্দকের সন্ধান পেয়ে গেছেন। **करल यहे** टिविटनहें पर् त्रहेन--শৌথিন তরুণ মস্ত গাড়ি নিয়ে বাদ্ধবীর সন্ধানে পাড়ায় পাড়ায় হন বাভিয়ে বেড়াতে লাগল। হাতে যে সময়টুকু অবশিষ্ট থাকল দেটুকু রইল পুরণের বাবার ইচ্ছে प्रत्य । শোষে সে সময়টুকুতে ভাকযোগে স্মাকাউণ্টেসি শেথেন।

কিছুকাল নিজে ব্যবসাও
করেছিলেন। কিন্তু তিন তিনবারই
দেউলের থাতায় নাম লেথাতে হল।
ক্তরাং উচ্চাকাজ্জী ধনিকতনয় এবার
রাজনীতির দিকে ঘ্রলেন। পকেটে
বদৃচ্ছ পয়সা ছাড়াও সে পথে তাঁর
অক্ততম বল শভরকুল। শ্রীলোম্বে বে
পরিবারে বিয়ে করেছেন সে পরিবার
কাতাঙ্গার লুঙা উপজাতির নায়ক।
ক্তরাং প্রথমাবিভাবেই তিনি কঙ্গার

এর সভাপতি হয়ে গেলেন (১৯৫৯)।

অবশ্য তার অগেই প্রাদেশিক

আইনসভায় বেলজিয়ানরা এই খেলার
পুতৃলটিকে একটি আসন ছেড়ে

দিয়েছিল (১৯৫১-'৫৩)। ভাইনে
বাঁয়ে বেলজিয়ান পারমর্শদাতা বেষ্টিড
'গ্রে ফানেল স্থাটে' শোম্বে সেদিন
থেকেই আপন দেশে একজন রীতিমভ
হোমরাচোমরা।

পুরানো রাজনীতিক। শোমে তবুও কোনদিনই কারও চোং প্রকৃত জনতার প্রতিনিধির মুর্যাদা লাভ করতে পারেন নি। '৬০ সনে বেলজিয়ানরা পর্যস্ত ওঁকে স্বাধীনতা সম্পর্কিত আলোচনায় বিশেষ আমল দিতে বাজী হননি। কেননা, শোহে তথন দেশ-বিদেশে সর্বত্র বেলজিয়ান থনি মালিকদের হাতের পুতুল হিসেবে চিহ্নিত। শোম্বে তা করেননি। স্বাধীনতার তু'দপ্তাহের মধ্যেই ১৯৬০ সনের জ্লাইয়ে তিনি তাঁর স্চল্ কাতাঙ্গাকে স্বাধীন বলে ঘোষণা করেছিলেন। তাঁর কথা ছিল-লুমুমার সাপ কাতাঙ্গার হুধ তুইবে এ আমি হতে দিচ্ছি না!

তার পরের কাহিনী স্থবিদিত। পঁচাত্তর বছর পরাধীনতার পর স্বাধীন কলো একালের ইতিহাসে এক নিষ্ঠ্য

টাাভেডি। অনেক রক্ত ঝরেছে আফ্রিকার এই সম্ভাবনাময় দেশটির মাটিতে। অনেক কলম্ব, অনেক काझा। नुमुक्षा, शामात्रशिक्छ।... অনেকেই বলেন.—চার বছর ধরে দেখানে যত বিভীষিকা সকলের পেছনে হেতৃ একজন; তিনি এই কাতাঙ্গা-সম্রাট শোম্বে। '৬১ সনের জানুয়ারীতে লুমুম্বা হত্যার পরে রাষ্ট্রসংঘ একটি অনুসন্ধান কমিটি বসিয়েছিলেন। ছ'মাস পরে ওঁরা রায় দিয়েছিলেন—হত্যাকারী শোম্বের স্বরাষ্ট্রমন্ত্রী মুননগো, কিংবা তাঁর বেলজিয়ান অমুচর রুয়ে, অথবা হিউগ যে-ই হোক না কেন, এই নিষ্ঠুর হত্যাকাণ্ডের অনেকথানি দায়িত্বই 'থডো' শোষের।

আগে. এ বছর ক'মাস জানুয়ারীতে বেলজিয়ামে একটি সা**প্তাহিক কাগজে শো**ম্বে এক বিবৃতি মাধ্যমে জানিয়ে ছিলেন—আমি নই, লুমুম্বাকে হড়াা করেছেন প্রেসিডেন্ট কাসাভুব, প্রধানমন্ত্রী আছুলা আর'এই বেলজিয়ানরা ! শভাবতই বিবৃতিটা চাঞ্চল্য সৃষ্টি করেছিল। কিছু তার **ठाश**ना দেখা দিয়েছিল চেয়েও জুলাইয়ে। বিমৃত গত বিশ্বিত হয়ে ভনেছিল—প্রেসিডেন্ট

কাসাভূব্র আহ্বানে শোদে আবার
দেশে ফিরে আসছেন। কেননা,
রাট্রসংঘ জার করে ওঁকে দেশত্যাগী
করলেও দেশে শাস্তি ফিরছে না।
টৈনিক মন্ত্রণায় তিনটে প্রদেশ বিদ্রোহী
হয়ে গেছে, প্রধানমন্ত্রী আছুলা
পদত্যাগ করেছেন,—'গুড়ো' ছাড়া এ
সময়ে দেশকে বাঁচায় কে! কাতাঙ্গা
হারিয়ে শোদে আজ অনেকদিন
নিজের দেশ ছাড়া। তিনি কথনও
আ্যান্গোলায়, কথনও রোডেশিয়ায়,
কথনও প্যারীতে, কথনও বেলজিয়ামে। আমহণ পেয়ে তৎকণাৎ
সাড়া দিলেন তিনি—চিকাশ ঘণ্টায়ই
আমি সব ঠিক করে দিতে পারি।

এই একটি মান্তবের জন্তে এত
কাণ্ড। রাইদংঘের তহবিল পেকে
থরচ হয়েছে ৪২৩,০৫০,০১৫ ডলার
নগদ এবং ২০৫টি প্রাণ। তত্পরি
হ্যামারশীল্ড, লুমুদা এবং আরও
আনেকে। তা হোক, 'যুনো'র
ফৌল কলো ছাডতে না ছাড়তেই
আবার লিওপোল্ডভিলে জয়ধ্বনি
উঠল—'শোহে জিন্দাবাদ।' শোনা
যায়, দে অকেইয়া এবার যারা
বোগ দিয়েছেন তাদের মধ্যে দক্ষিণবাম, পুবের এবং উত্তরের সব দলই
আছে! সভাবতই শোহে দেদিন

## লোলখক, বিখাইল

মৃষ্টিবোদ্ধার ভঙ্গীতে জনতাকে অভিনন্দন জানিয়েছিলেন। তৎসহ— কিছুক্ষণ নাকি নেচেওছিলেন। অতংপর তিনি কাতাঙ্গা নয়,—কঙ্গোর চার নম্বর প্রধানমন্ত্রী।

খবর শুনে উ থাণ্ট নাকি মস্তব্য করেছিলেন: এ কাণ্ট্রি গেটস এ গবর্নমেণ্ট ইট ডিজার্ভস! কায়রো সম্মেলনের সিদ্ধান্ত জানাল: নিব-পেক্ষরাও লোক বিশেষে পক্ষ নিতে জানেন! ৯.১০.৬৪

### শোলখক, মিখাইল

বিপ্লবে ছিলেন—গোর্কি, বিপ্লবের পরে শোলথফ। গোর্কির রাশিয়ায় তাঁর ডাইনে বাঁরে সাহিত্যিক অনেক ছিলেন, শোলথফ-এর রাশিয়ায়ও অনেকে আছেন। তাঁদের মধ্যে প্রতিভার অভাব নেই। কিন্তু রুশরা বলেন—গোর্কি বেমন অতুলনীয়, শোলথফও তেমনি। কেননা, 'সমাজভাত্তিক বাস্তববাদ' নামক সাহিত্যাদর্শটি এঁদের রচনায় বেমন মৃর্ত তেমন আর কারও হাতে নয়। বাইরের রসিকেরাও তা স্বীকার করেন। তবে, একটু সংশোধনী সহ। তাঁরা বলেন—শোলথফ মহান লেথক। এবং তাঁর এই সাফল্যের কারণ তিনি সমাজ-

তান্ত্রিক বাস্তববাদ নামক তন্ত্রটি সামনে রেথে লিথেননি, বরং দেই অস্পষ্ট ধারণাটি তাঁর লেথায় স্পষ্টতর হয়েছে।

সম্ভবত দিতীয় দল মিথ্যে বলেননি। কেননা, শোনা ষায় বিপ্লবের
সক্রিয় সৈনিক শোলথফ কলম
ধরামাত্র নব বস্থাতায় ভেঙে পড়েননি। তিনি ঝানভ (Zhaanov)
স্ত্রের একজন অন্ততম বিরোধী।
তব্ও যে দফায় দফায় চালুনিষ্ট্রের পরও শোলথফ টিকে
রইলেন তা ভধু প্রতিভার প্রকৃতিতে
তিনি 'রহং' বলেই নয়, লোকে বলে
তাঁর একটি কারণ অস্তত্ত নিকিতার
সঙ্গের গভীর বন্ধুত্ব। স্থতরাং,
ক্রুশ্চক যথন বাঁচলেন ইউক্রেনের বন্ধু
শোলথফ-এর তথন অমর্বাদা হওয়ার
কথা নয়।

শোলথফ ইউক্রেনের মাটির
সস্তান। গৃহষুদ্ধে তিনি লড়েছেন,
মহাযুদ্ধে সাংবাদিকের কাজ করেছেন।
কিন্তু মাটি থেকে । দূরে সরে যাননি
কোনদিন। ক্রুশ্চফের মতই তাঁর
মূথে অনর্গল দেশজ প্রবাদ, লেখার
মাটির সঙ্গে নিত্য-সাহচর্বের সহজ
আন্তরিকভা। তাঁর 'এণ্ড কোরারেট
ক্রোজ দি ভন' বা 'ভার্জিন সরেল

# সাভো, ইসাকু

ৰাণটন্ত' এই আম্বরিকভাতেই দেশে দেশে অভিনদিত বই এবং মিখাইল শোলথফ আন্তর্জাতিক নাম। পঞ্চান্ন বছরের প্রোট রুশ ঔপ-পশ্চিমেও নাসিক আকাজ্জিত আগন্ধক। ৰভিপ্ৰেত শোলথফ দেশভ্ৰমণ ভালবাদেন। বিদেশের वृष्टिकोवीदा (भानथकरक ভानवारमन। তিনি রাশিয়ায় 'রাইটার্স ইউনিয়ন'-এর একজন বটে, কিন্তু সরকারী বিচারকদের কেউ নন। শোনা যায়, যার অদশ্র হাত পাস্তেরনাককে সেদিন দেশে ধরে রেখেছিল তিনি শোলথফ। শোলথফ 'ডা: জিভাগো'র ভক্ত নন, কিন্তু পাঠক হতে আপত্তি ছিল না তাঁর। তবে ব্যক্তিগতভাবে তার ধারণা বইটি আবার লেখা উচিত हिन।

আবার লেখ। আবার লেখ।
'রিরাইটিং' শোলথফ-এর নেশা।
ছাপতে দিয়েই আবার নিয়ে এলেন।
অধ্যায়টা নতুন করে লেখা হল।
দরকার হয় আবার লিখবেন। 'ভার্দিন
সরেল আপটান ভ' আচ্চ তিরিশ বছর
ধরে লিখেছেন তিনি। প্রথম অংশ
বের হয়েছিল পঁচিশ বছর আগো,—
শেষটুকু এই-সম্প্রতি। তাও ছ'বছর
কাটালেন তিনি এটা ওটা কাটাকৃটি
করতে। শেষ হয়েছিল '৫৮ সনেই,
পাঠকের হাতে এল '৬০-এ।

ক্রশ সরকার শোলথফকে লেনিন পুরস্কারে সম্মানিত করলেন। পাঠকের কাছে তার চেয়েও বড় থবর বোধহুর শোলথফ তাহলে সত্যিই বইটা শেষ করলেন।

25. 9. 60

# নাভো, ইনাকু

প্রতিখনী ছিলেন আরও হ'জন। একজন তাঁদের 'ওলিম্পিক খ্যাত' কোনো। বরস ছেবটি। এই বরসেও রীতিমত বেপরোরা এবং মেজাজী। দাধারণ মাহ্ব নাম দিয়েছে তাঁর—
'গুইয়াবান',—মরদের মত মরদ।
তিনিই ছিলেন সভসমাপ্ত সফল
টোকিও ওলিম্পিকের ভারপ্রাপ্ত
মন্ত্রী। অক্তজন কিসি-আমলের বিখ্যাত
পরবাট্রমন্ত্রী ফুজিয়ামা। বয়স

# সাতো, ইসাকু

শাত্র্যটি। বিরাট ব্যবসায়ী এবং প্রসিদ্ধ ভূ-পর্যটক। ক্রুশ্চফের পতনের দশদিন আগে তিনি তাঁর সঙ্গে কথা বলে এসেছেন। কিন্তু তবুও শেষ পর্যন্ত জয়ী হলেন তেবটি বছরের গন্তীর মান্ত্র্য সাতো। ইকেদার পরে তিনিই জাপানের ৩১তম প্রধানমন্ত্রী।

স্থদল লিবারেল ডেমোক্র্যাটিক পার্টির আরও অনেকের মতই ইদাকু সাতো বড় ঘরের ছেলে। বাবা ছিলেন তাঁর প্রতিষ্ঠিত মল্ল-ব্যবসায়ী। পুত্র পেশা আগাগোড়া রাজকর্মচারী। সেই থেকেই ক্রমে একদিন দলীয় রাজনীতিতে জড়িয়ে পড়েচিলেন সাতো। কেননা, যুদ্ধের পর ভাঙ্গা-দিনগুলোতে উচ্চাকাজ্জীর গডার সামনে অন্ত কোন পথ ছিল না। ভাছাড়া বলতে গেলে গোটা পরিবারই তথন রাজনীতিতে মগ্ন। সাতোর পক্ষে অন্তথা আচরণের কোন অর্থ হয় না। তিনি রক্ষণশীল যোশিদার সঙ্গে ভিডে গেলেন। তারপর '৫৬ সনে বড় ভাই কিনি প্রধানমন্ত্রীর আসনে বসে তাঁকে কাছে ডাকলেন। কিসির পর মধ্যে ক'বছরের ষ্ডি,— ভারপর এবার দাদার আসনে বসলেন ছোট ভাই নিজেই। জাপানের ইতিহাদে এই প্রথম এক পরিবার

থেকে ছই ছ'জন প্রধানমন্ত্রী হলেন। অবশু ছ'জনেই স্বস্থ বোগ্যভায়।

ইসাকু সাতো সেদিক থেকে ভ্র অভিজ্ঞ রাজকর্মচারীই নন, পুরানো মন্ত্রীও। যোশিদা এবং কিসি ছ'জনের মন্ত্রিসভায়ই তিনি সাফল্যের সঙ্গে আপন দায়িত্ব পালন করেছেন। ফলে ১৯৬০ সনে কিসির জায়গায় যথন ইকেদা এলেন **সাতো**র আসন তথনও অন্ড্ই द्रश्न । শোনা যায় ইকেদা তাঁকে রাথতে বাধ্য হয়েছিলেন কারণ লিবারেল ডেমোক্র্যাট পার্টিতে এই সাভোই ছিলেন তাঁর প্রধান প্রতিযোগী। গত জুলাইয়ে মাত্র কয়েক ভোটে তিনি ইকেদার কাছে হেরে গিয়েছিলেন। পরাজিত বাধ্য হয়েই ইকেদাকে সাতোর হাতে একটি গুরুত্বপূর্ণ দপ্তর তুলে দিতে হল। ইকেদা মন্ত্রিসভায় সাতো ছিলেন বাণিজ্য বিভাগের মন্ত্রী।

নতুন জাপানী প্রধানমন্ত্রী সাতো তাঁর পূর্বস্থরী ইকেদার মতই ধীর, দিরে, ঠাণ্ডামাধার মাহব। আদর্শে দলের আর সকলের মতই তিনিও পশ্চিম ঘেঁবা, রক্ষণশীল। স্বভাবতই তাঁর নেতৃত্বে জাপানের রাতারাতি মতিগতি পরিবর্তনের কোন সন্তাবনা নেই। তবে এথানে ওথানে নতুন

### সাহিক, গোলাম মহম্মদ

ভঙ্গীর সম্ভাবনা অবশ্রই আছে। মমিদভা গঠনের পর তাঁর প্রথম সাংবাদিক সম্মেলনে সাতো নিজেই ইঙ্গিত দিয়েছেন তার। ইকেদার প্রধান চিস্তা ছিল-ঘর; স্থী ও সমুদ্ধ তাঁর কর্মস্চীর অন্যতম জাপান। একটি লক্ষা ছিল—'ইনকাম ডাবলিং' বা দ্বিগুণ বোজগারের বন্দোবস্ত। দে লক্ষ্যে উপনীত না হলেও জাপান আজ যেখানে পৌছেছে তা ঘটনা হিসেবে রীতিমত চমকপ্রদ। ইতি-পূর্বে দেশের জীবনমান আর কথনও এত উচুতে ওঠেনি—জাপানের বৈষ-বছরের

সাতোও তাই। দেশের ওপর-সবাই জানে—সাতোও তলার আবোল তাবোল বকেন না। সতরাং প্রথম সাংবাদিক সম্মেলনের তাঁর অস্তত একটি কথার ফলাফল কি দাঁডায় তা দেখার জন্মে বিশ্ব অবশ্রই আগ্রহান্বিত বোধ করবে। সাতো

য়িক উন্নয়ন হার আজ বিশ্বে সর্বাধিক।

ইকেদা বলতেন—স্বাধীন বিশ্ব তিন্ট

স্তম্ভের ওপর ভর করে আছে। একটি

তার পশ্চিম ইউরোপ, দ্বিতীয়—

আমেরিকা, তৃতীয়—জাপান। তার

শ্লোগান ছিল—'ইকেদা ডাজ নট नाहे',---हेरकमा वारक कथा वरनन

ना।

वलाइन-इत्क्षाव 'ला भन्नाव' वा পররাষ্ট্র ব্যাপারে ঠাণ্ডানীতির বদলে তিনি এবার 'হাই পসচার' বা সক্রিয় নীতি ব্যবহার করবেন।—জাপানকে ঘর থেকে বারমুথী করবেন।

12. 11. 68

#### সাদিক, গোলাম মহম্মদ

হাতের বেতটা নাচিয়ে মাস্টার-মশাই জিভেন করেচিলেন-বল কোনটা চাই,—বুকের ঐ লকেটটা না এটা একট্ও না কেঁপে বারো ছেলেটি বুকে ঠেকিয়েছিল। বেতের বিনিময়েই দে মহাত্মা গান্ধী এবং মৌলানা মোহমদ সালিকে বুকে রেথেছিল।

আঠার বছর বয়দে ভগতিসং-কীর্তি-কথা মাথায় চাপল। রাত জেগে জেগে পোস্টার সেথেন. অতি সংগোপনে দেওয়ালে আদেন.—দেশের মাত্রুবকে ভগতসিং হতে বলেন। কি করে তা হওয়া বায় সে নির্দেশও দেওয়ালেই পাওয়া যায়। বলা বাহুল্য, ভারও লেখক সেই ছেলেটি।

কলেজে প্রিজিপ্যালের সঙ্গে বেধে গেল। উনি বললেন—হোক সোসাইটি. ডিবেটিং চাত্রদের

#### সাধিক, গোলাম মহস্মদ

প্রেসিভেন্ট কোন অধ্যাপককে করাই
সক্ষত। 'বেয়াড়া' ছাত্র উত্তর দিলেন
—না, তা হচ্ছে না। কর্তৃপক্ষের
সমস্ত চেষ্টা তছনছ করে তিনি নিজেই
প্রেসিডেন্টের আসনে বসে গোলেন।

তারপর ক্রমে আরও ঔদ্ধত্য।
১৯৩০ সনের এপ্রিল মাসের কথা।
শ্রীনগরে সেবার হঠাৎ প্রচণ্ড ছাত্রবিক্ষোভ। ভোগরা মহারাজের
রাজধানীতে এমন ঘটনা কেউ কল্পনাও
করতে পারেন না। তাও উপলক্ষ্য
কি ? না, গান্ধীজীর গ্রেপ্তার ! বিস্মিত
কর্তৃপক্ষ থবর নিয়ে জানলেন এই
জঘটনের পেছনেও নায়ক সেই
ছেলেটি—নাম যার সাদিক।

পুরো নাম—গোলাম মোহমদ সাদিক। মাথায় মুসুণ টাক অথবা কাশ্মিরী টুপি, চোথে কালো চশমা. ফিটফাট পোষাকে নিখুঁত বাবুয়ানা। চুয়াল বছরের প্রবীণ নায়ক গোলাম মোহমদ সাদিককে হঠাৎ দেখলে আজ আর সেদিনের দেই তরুণটির কাহিনী ষেন মন বিখাদ করতে চায় ना । চেহারায় কোথা ও ঠোব কাশ্মিরীস্থলত দৃঢ়তা নেই,—মভিজাত গোলগাল মাহুষ্টি স্বভাবেও ষেন অন্ত কেউ,—শষ্টতই তিনি তৎসত্তেও যে তক্ত্রণ সাদিকের বিস্তোহী পরিচয়ট শেষ পর্যস্ত বিশ্বাস না করে উপায় থাকে না তার কারণ সাদিকের পরবর্তী জীবন। জি. এম. সাদিক স্থদুর ১৯৩১ সন থেকেই কাশ্মীরের উত্থানপতনে জনতার নিত্যসঙ্গী।

ভুধ অভিজাত নয়, 'খদেশী' পরিবারের সন্তান। এনগরের যে পরিবারে সাদিকের জন্ম কাশীরে জাতীয়তার উন্মেষের পেচনে তাঁরা স্চনা থেকেই অন্যতম প্রেরণা। তবে এতকাল তাঁদের অবদান ছিল প্রধানত মুদলিম কনফারেন্দে। আর্থিক তহবিলে দেই ঐতিহাকে রক্ষা করতে গিয়ে সাদিক চাঁদার থাতায় নিজেকেই লিথে দিয়ে দিলেন। তথন তিনি লাহোরে কলেজের ছাত্র। তা সত্তেও কাশ্মীরে যে তথন এই ছাত্রনেতাটিকে পাশ কাটিয়ে এডিয়ে যাওয়ার উপায় ছিলনা তা বোঝা যায় ১৯৩২ সনে তাঁকে দাঙ্গা অনুসন্ধান কমিটির সদস্ত মনোনয়ন থেকে। তারপর আঙ্গিগড। '৩৪ সনে আলিগড় থেকে সাদিক শুধু আইনের ডিগ্রী নিয়েই ঘরে ফিরলেন না, রাজ-নীতিতেও নিজম্ব দৃষ্টিভঙ্গীট গড়ে নিয়ে এলেন। সে বছরই মুদলিম কনফারেন্দ প্রথম রাজ্যের আইনসভায় ষোগ দেন। সেই প্রথম দলে শ্রীনগরের নবীন আইনব্যবসায়ী সাদিকও এম

### সাধিক, গোলাম মহল্ম

এল এ হয়ে প্রজাসভায় বসলেন। সেই
থেকে জি. এম. সাদিক নানা পদে
বরাবর আইন সভায় আছেন। অবশ্র
ছ'টি ছেদ বাদ দিলে। প্রথম ছেদ
১৯৬৮ সনে। প্রতিনিধিমূলক শাসনের
দাবিতে সাদিক সেবার ছ'মাসের জন্ত
জেলে ছিলেন। তিতীয়—১৯৪৬
সনে। মহারাজার বিরুদ্ধে "কাশ্মীর
ছাড়" আন্দোলন নির্বিদ্নে পরিচালনার
বাসনায় সাদিক সেবার ফেরারী হয়েছিলেন। সাদিকের কর্মকেন্দ্র ছিল
তথন—ভারত।

ভারত বিভাগের পরে আবতন্ত্রা যথন কাশ্মীরে মন্ত্রিসভা গঠন করেন জি. এম. সাদিক তথন তাঁর অক্তম সহযোগী। ১৯৫২ সন পর্যন্ত মন্ত্রিসভাষ উন্নয়নমন্ত্রী তিনি তাঁব ছিলেন। আবহুলার সঙ্গে মতভেদের ফলে সে বছর তিনি পদত্যাগ করেন। '৫২ সনের নির্বাচনের পর সাদিক আইনসভার স্পীকার হলেন। কাশ্রীরের সংবিধান প্রণয়নের জন্ত তথন যে গণপরিষদ গঠিত হয় তিনি তারও সভাপতি নির্বাচিত হন। ১৯৫৩ সনে শেথ আবছলার গ্রেপ্তারের পরে আবার মন্ত্রিসভায় ফিরে এলেন विद्यारी महन्त्र माहिक। वसी शालाम মোহমদের মন্ত্রিসভার তিনি মন্ত্রী यतानी ७ रतन। এवात्र अहित्रहे अउट्डा 7 t 9 সনে ন্তাশনাল কনফারেন্স থেকে বেরিয়ে এসে নিজেই এক নতন দলের পত্তন করলেন তিনি। সে দলের নাম ডেমোক্রাটিক ত্যাশনাল ফ্রণ্ট। চার বছর পরে ১৯৬১ সনে সদলবলে আবার পুরানো দলে ফিরে এলেন সাদিক। শোনা যায় তাঁর এই সিদ্ধান্তের পেচনে কারণ ছিলেন যিনি ভিনি নেহয়। তারই প্রামর্শে সাদিক সেদিন সিদ্ধান্ত পরিবর্তন করেছিলেন। ফিরে আসার ১৯৬৩ সনের সেপ্টেম্বর অবধি তিনি বন্ধী মন্ত্রিসভায় অন্ততম সদস্য। কাশ্মীরে কামরাজ প্রস্তাব কার্যকর করতে গিয়ে বন্ধীর সঙ্গে তিনিও পদত্যাগ করেন। ভোরপর ক'মাদের রকমারী বিশ্ববা অবশেষে রাজ্যের প্রধানমন্ত্রী হিসেবে সাদিকের নির্বাচন। দশ বছর আগে আবত্লার গ্রেপ্তাদের পর বন্ধীর দায়িছ গ্রহণের মতই সাদিকের এই কর্মভার গ্রহণত, বলা নিপ্রয়োজন, কাশ্মীরের পক্ষে কার্যকারণে এক ঐতিহাসিক वााभाव।--नामिक कि नमर्थ इत्वन ? मत्मर (नहें, छात्र माकना वहनारम

সন্দেহ নেই, তার সাফল্য বছলাংশে নির্ভর করবে দলের ওপর। সাদিক সেথানে সংখ্যালঘিষ্ঠ। সে অস্থবিধাটুকু

#### সাবরী, আলী

প্রতিবন্ধকতায় পরিণত না হলে আশা করা যায়—কাশ্মীরের নতুন প্রধানমন্ত্রী গোলাম মোহম্মদ সাদিক কাশীরের ভাগ্য পরিবর্তনের অক্যতম নিয়ামক হিসেবে তাঁর কর্তব্য পালন করতে পারবেন। মনে রাখতে হবে সাদিক ভধু মনেপ্রাণে আধুনিক রাজনীতিক নন,--১৯৩৯ সনের জুন মাসে মুসলিম কনফারেন্স যে সভায় ধর্মনির্বিশেষে সকলের জন্ম দরজা খুলে দিয়ে গ্রাশনাল কনফারেন্সে পরিণত হয়েছিল সেই সভাটিতে গোলাম মোহমদ সাদিকই ছিলেন সভাপতি। আজীবন সেকুলার রাজনীতিতে আস্থাবান সাদিক এখন আরও এগিয়ে এসেছেন কাশ্মীরের কোন স্বাতন্ত্রেই বিশাস করেন না। তাছাড়া, জীবনে ও আচারে যদিও জনতা থেকে কিঞ্চিৎ দূরে দূরে থাকেন, সাদিক তবুও জনতারই মাহুষ,--১৯৫৪ সনে রচিত বিখ্যাত "নিউ কাশ্মীর" পরিকল্পনার তিনিই জনক।

### সাবরী, আলী

কথা ছিল যা দরকার মনে কর তাই করবে। অবরোধ, আগুন, গোলাবর্ষণ, খুন—যা তোমার অভিফচি। কিন্তু তবুও অভাবিত একটি বিভীয় পথই বেছে নিয়েছিলেন তব্ৰুণ উইং-কমাণ্ডার। রাত তিনটেয় তিনি বৃটিশ দ্তাবাসের কড়া নেডেছিলেন। দরজা থোলা মাত্র শুধু ধীর স্বরে থবরগুলো বলেছিলেন। প্রথম থবর: ফারুক আর মিশরের সম্রাট নেই। বিতীয়—সৈক্তবাহিনী এখন দেশের সর্বময় অধীশ্বর। তৃতীয় —ডাক-তার, থবরের-কাগজ, বেতার সবই এখন আমাদের হাতে।—ইওর এক্সেলেন্সি, আপনিই বলুন ইজ্জত রক্ষার্থে ইংরেজের এখন কী কর্তব্য।

মধ্যপ্রাচ্যে ওঁরা আপন হাতে আনেক চিনির-পুতৃল গড়েছেন, ভেক্লেছেন। আনেক স্থলতান, অনেক আমীর। তবুও কায়রোর রুটিশ রাজদৃত সেদিন তরুণ সৈনিকটির ম্থের দিকে তাকিয়ে হো হো ক'রে হেসে উঠতে পারেন নি। তিনি ওঁকে বসতে বলেছিলেন। ক'দিন পরে চুক্তিনামায় সই করে ইংরেজরা ঘরে ফিরেছিলেন।

এসব ১৯৬২ সনের ঐতিহাসিক ২২শে জুলাইয়ের শেষ রাত্তির থবর। উইং-কমাণ্ডার আলী সাবরীর বয়স তথন মাত্র বত্তিশ। এখন তেতাল্লিশ। পুরানো লড়িয়ে গেল এগার বছর উর্দি পরেছেন কলাচিৎ,—ইলানীং লড়াইয়ের

অভিজ্ঞতা তাঁর টেবিলেই বেশী। শুকু বিপ্লবের সেই আগ্নেয় হয়েছিল দিনটিতে ঝামু কুটনীতিক বৃটিশ রাজ-সঙ্গে। তারপর দতের ক্যাসাব্ল্যাকা, বেলগ্রেড, কলখো: সুয়েজের পর লওন-সম্মেলন, লওনের পর নিউইয়র্ক,—যুনো। আলী সাবরী অনেক কুটনৈতিক অভিযানে স্বদেশের অধিনায়কত্ব করেছেন। একবারও বিফল হননি। আমেরিকা থেকে অন্ত সংগ্রহ, রাশিয়া থেকে অস্ত্র-কেনা—কোন টেবিলেই না। সম্ভবত তাঁর কুটনৈতিক **জীবনে** প্রথম বাৰ্থতা পিকিং। পিকিং থেকে ভগ্নদৃত भावती मिल्लि रुख अस्मर्भ ফিরে গেলেন। ষাওয়ার আগে অবশ্য বলে গেছেন কলম্বো সম্মেলনের উত্যোক্তাদের হাতে আমিই শেষ তাস নই। কিন্তু সাবরীও **যথন ফিরে গেলেন তথ**ন আশা করার সত্যিই কী কিছু আছে,--থাকে গ

থাকে না। কেননা, পরিচিতরা বলেন, ক্টনীভিতে যদি শেব কথা বলে কিছু থাকে তবে তিনি আলী দাবরী। নাসের নিজে স্বীকার করেন —'আমি অত্যধিক 'দেন্টিমেণ্টাল'। ফিল্ড মার্শাল আমীর একাধিকবার ভার আচরণে নাকি প্রমাণ করেছেন —ভিনি অত্যধিক পর্শকান্তর,—
'টাচি।' কিন্তু ছোটথাট মজবৃত
গড়নের মাহ্য সাবরী তা নন। তিনি
ধীর-স্থির মাহ্য, পাকা গৃহস্থ।
সম্মেলনে একমাত্র তাঁর কঠেই আবেগ
ছিল কম।

হ'টি ছেলেমেয়ের জনক সাববী আবাল্য দৈনিক। স্থূলের পড়া শেষ করে তিনি সামরিক কলেজে যোগ मिर्मिहालन। '७२ मत्न मिथान (थरक বের হয়ে নাম লিখিয়েছিলেন রয়াল এয়ারফোর্সে। উইং-কমাণ্ডার সাবরী দেই স্বত্তেই দ্বিতীয় মহাযুদ্ধ দিনে তাঁৱ কর্মজীবনের কয়েকটি স্থবণীয় মাস কাটিয়েছিলেন ভারতে। প্রতাক্ষরণে তার দিতীয় অভিজ্ঞতা '৪৮ সনের প্যালেন্টাইন যুদ্ধে। তারপর থেকে সাবরী নাদেরের অক্তম সহযোদ্ধা. সহচর। বিপ্লবের আগে ছিলেন তিনি। ন'জনের একজন বিপ্লবের পর-তিনজনের একজন। গেল সেপ্টেম্বরে এক্সিকিউটিভ কাউ-নিলের প্রধান, ওরফে দেশের প্রধান-মন্ত্রী মনোনীত হওয়ার আগে পদ ছিল তার—প্রেসিডেন্সিয়াল এফেয়ার্স দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী। কিন্তু সবাই জানত-জালী সাবরী সর্বমন্ত্রণালয় সার। যিনি তাঁকে এড়িয়ে নাসেরের

### সামস্থন্দীন, খাজা

দক্ষে কথা বলতে চেয়েছেন তাঁকে আবার ফিরতে হয়েছে এই মন্ত্রীটির হ্যারে। নাদের ষথন বাইরে ধান তথনও তাঁর সঙ্গে থাকেন—আলী দাবরী। কেননা, দেশ এবং প্রেসিডেণ্ট হুইয়েরই মনের আয়না তিনি।

অভুত তাড়াতাড়ি ভাবতে পারেন, আশ্চর্য সংক্ষেপে কাজের কথা বলতে পারেন, এবং অবিশ্বাস্ত থাটতে পারেন। चानी मावतीत चातकखन। मित ভিনি গড়ে আঠার ঘন্টা আপিস করেন। তবে, স্বচেয়ে বড় গুণ তাঁর সব কথা তিনি হবছ মনে রাথতে পারেন। স্থলে ইতিহাস ঝাড়া মুথস্ত বলতে পারতেন, বক্তৃতায় স্ট্যাটিষ্টিকস এবং আইনের উপধারা সমানভাবে অনুর্গল বলে ষেতে পারেন। কবে কার দঙ্গে কী কথা হয়েছিল ভাও। মায় তার বলার ভঙ্গীটি পর্যস্ত। কলমো-নায়কদের হাতে সম্ভবত সেইটুকুই (भव प्रतिल। कांग्रदांत जानी गांवती যথন একবার কান পেতে এসেছেন— তথন 'ইয়েদ' অথবা 'নো'গুলো নিভূল বলে ধরে নেওয়াই বোধ হয় সঙ্গত।

সামস্থনীন, খাজা

পকেটে পশ্বসা ছিল না। বন্ধুদের একজন হাতে একটা সিকি তুলে দিলেন। বন্ধী গোলাম মোহমদ— কাশীরের প্রধানমন্ত্রী এবং স্থাশনাল কনফারেন্সের সভাপতি তথা সীমান্ত রাজ্য কাশীরে ইদানীং একমেব অহিতীয় ব্যক্তি বন্ধী চোথের নিমেরে কংগ্রেদের সদস্য হয়ে গেলেন। তিনিও কামরাজপন্থী! সেদিন ১০ই আগস্ট।

চেনারের বনে অচিরেই ঝড়ের ইকিত পাওয়া গেল। ৬ই অক্টোবর দলের সভা বসল। উদ্দেশ্য: নতুন নেতা নির্বাচন। সভা সিদ্ধান্তে পৌছতে বার্থ হল। ৭ই আবার সভা। ৮ই আবার। >ই আবার ডাকতে হল বটে কিন্তু সভা দেদিন জমল না। ১০ই সভাকক থেকে বেরিয়ে এসে বন্ধী ঘোষণা করলেন —অত:পর কাশ্মীরের প্রধানমন্ত্রী হচ্ছেন থাজা সামস্থদীন। তিনি আরও জানালেন এ নির্বাচনে কোন প্রতিষ্দী ছিল না। ज्ञामनान कन-ফারেন্সের জাতীয় পরিষদে সাকুল্যে मन्य बाह्न ১०১ धन। देवर्ठक ৮৬ জন হাজির ছিলেন। সামস্কীন

2. 6. 90

## সামস্থাীন, খাজা

তাঁদের সকলের সমর্থন লাভ করেছেন।
—আর সাদিক ? বন্ধী জানালেন—
ন্তাশনাল কনফারেজ্যের সহ-সভাপতি
এবং রাজ্যের শিক্ষামন্ত্রী সাদিক তাঁর
ন্বাদশ অফ্চর সহ সভায় আসেননি।
তাছাড়া তিনিও কামরাজপন্তী।
নতুন নেতা তাঁর প্রথম ভাষণে
জানালেন তিনি বন্ধীপন্থী। সেটা
বলার প্রয়োজন ছিল না। সভার
বিবরণটুকুই ষথেষ্ট।

অবশ্য সব মাহুষের মত কাশীরের নতুন প্রধানমন্ত্রী থাজা সামস্থদীনের অন্ত পরিচয়ও আছে। বিশেষ, মনে রাথতে হবে কাশ্মীর বিধানসভায় স্থাশনাল কনফারেন্সের দুখলে আছে মোট ৭০টি আসন। তার মধ্যে **५ हि मानिक এবং छात्र वसुरन्त्र ।** वाकी मव कृष्टि जामानद मालिक दाई वकी-পন্থী। (রাজ্য বিধানসভার মোট আসন সংখ্যা ১০০। তার মধ্যে পাক কবলিত কাশ্মীরের জন্মে শৃক্ত রাথা হয়েছে ২৫টি। বাকি ৭৫টিতে পরিস্থিতি: **ন্তা**শান্তাল एम নিৰ্দলীয়—২) স্থতবাং এত অম্বরাগী থাকা সত্ত্বেও সামস্থদীন যে নিৰ্বাচিত হলেন সেটা সম্ভবত বিনা কারণে नय ।

প্রথম কারণ ভারতীয় রাজনীতিক-দের তুলনায় বয়দে নবীন হলেও সামস্দীন জাশনাল কনফারেকে পুরানো কর্মী। তাঁর জন্ম-১৯২৬ সনে। স্বাস্থান কাশ্মীরের অনস্থনাগ জেলায়। গরীব চাষীর ঘরের সম্ভান শামস্দীন বোল বছর বয়স থেকেই রাজনীতিক। তিনি যথন কন-ফারেন্সের অনন্থনাগ ক্লেলার জেলা কমিটির সম্পাদক হয়েছেন তথন তাঁর বয়স মাত্র সভের। তবে সক্রিয় রাজনীতি বলতে যা বোঝায় ভার দক্ষে পরিচয় তাঁর আরও একটু পরে, ১৯৪¢ সনে। সে বছর মহারাজ-বিবোধী আন্দোলনে করেছিলেন এই তরুণ কর্মীটি।

রাজনীতির সঙ্গে সঙ্গে সেই থেকে লেখাপড়াও চলেছে। ১৯৪৮ সনে অর্থাৎ ভারত স্বাধীন হওরার এক বছর পরে সামস্কদীন আই. এস. সি. পাশ করেছেন। ভারপর আদালভের হয়ারে বসে দরখান্ত মুসাবিদা করতে করতে ১৯৫৩ সনে আইনে সাভক হয়েছেন। ভার চার বছর পরে ১৯৫৭ সনে সামস্কদীন রাজ্য বিধান-সভায় এলেন। সে বছরই সাদিক এবং তার বন্ধুরা সরকার থেকে বেরিয়ে এসে নতুন দল গড়ার সিছাভ

#### সালাকার

ঘোষণা করেন। সেই উপদলীয় কোন্দলে নবাগত সামস্থান অপ্রত্যাশিত স্থাবাগ পেয়ে গেলেন। তিনি রাজ্যের ক্রষিমন্ত্রী নিযুক্ত হলেন। সামস্থান সেই থেকে নিষ্ঠাবান বল্পীপন্থী। ক্রষিমন্ত্রী হিসেবে তাঁর একমাত্র এবং উল্লেখ্য কীর্তি—কাশ্মীরের পঞ্চায়েৎ আইন।

मलात अधिकाः म मम्य चर्याका কিছ তবুও কাখীরের নতুন প্রধান-মন্ত্রীর কর্মজীবনের স্থচনার দিনগুলো মনোমত হল না। জম্মতে বিরাগীরা কালো পতাকায় নতুন প্রধানমন্ত্রীকে 'সম্বর্ধ না' জানিয়েছেন। ইষ্টকর্ষ্টিতে তার গাডি জথম হয়েছে-প্রধান মন্ত্রীকে গৃহ প্রবেশের জন্মে পুলিশের সাহায্য নিতে হয়েছে। বিদ্রোহী প্রজাপরিষদ কাশ্মীরে রাষ্টপতির শাসন চান, তাঁরা সংবিধানের ৩৭০ ধারার উচ্চেদ চান। বাইরে পাশাপাশি দাঁড়িয়ে পাকিস্থান এবং চীন, ভেতরে এই আন্দোলন। তত্বরি সাদিক। তিনিও ৩৭০ ধারার বিরোধী। ভাছাড়া সামস্থীন যে এগারজনের মন্ত্রিসভা গঠন করেছেন তাতে তার मरलव कावं अनाम त्नहे। नामस्कीन সম্ভবত এই মৃহুর্তে ভারতে সবচেয়ে বিব্ৰভ ব্ৰাক্সাশাসক। তবে

নয়াদিলি থেকে সিকির বিনিময়ে বক্সী ষা কিনে এনেছিলেন এই রাজ্যে তা চালান সম্ভব নয় ?

38. 30. 50

#### সালাজার

স্চনায় ঠিক আর পাঁচন্দন ভিক্টেটার-এর মত ছিলেন না। লোকেরা তাই বলত—সালাজার নরম ভিক্টেটার। কেননা, রাজতক্তে এসেছিলেন তিনি হাতে রক্তমাথা তলোয়ার নিয়ে নয়, পকেটে নেমস্তল্লের চিঠি নিয়ে। সালাজার সেদিক থেকে একটু অন্ত ধরণের ডিক্টেটার। অর্থাৎ, ভাগাবান। নতুবা পর্তু গালের ইতিহাস সেদিন কেন তাঁর হাতে একতাল মোম?

অত্যন্ত সাধারণ ঘরে জন্ম (১৮৮৯)। ঠাকুদা ছিলেন দরিদ্র কষক। বাবা আরও দরিদ্র। পতু-গালের বেইরা প্রদেশে 'সাস্টা কোষা দাও' নামক গাঁয়ে সামান্ত জোতজ্ঞমা ছিল তার। তাতেই পাচটি সন্তান আর উচ্চাভিলাধী স্ত্রীকে নিয়ে কোন-মতে দিন চলে ধেত।

পরিবারের একমাত্র মূলধন মায়ের ঐ উচ্চাভিলাবটুকু। তারই প্ররোচনায় বাড়ীর একমাত্র ছেলে বই বগলে লেখা-পড়া জানা পড়নীদের বাড়ী বাডায়াত করত। গাঁরে স্থল ছিল না।

স্থল বথন বদল সালাজারের বয়স তথন এগার। তা হোক, তবুও মায়ের বাসনা—পড়তেই হবে। সালাজার স্থলে ভর্তি হলেন। মাতৃ-ভক্ত ছেলেটির ম্থের দিকে তাকিয়ে মা তার নাম দিলেন—'লি্টল প্রিস্ট'। তাঁর ধারণা এ ছেলে একদিন যাজক হবে! (—হায় এলোলা! হায় গোয়া!)

কিন্তু '৮ সনে ত্ব'বছরের জন্যে পারমার্থিক বিভার স্থলে সাধুসঙ্গ নিতে গিয়ে বিরক্ত হয়ে ফিরে এলেন মাতৃ-ভক্ত তরুণ। তাঁর নিজের বিখাস লেখাপড়া ছাড়া তাঁকে দিয়ে আর কিছু হবে না (—হায়! গণতম্র, হায় হায় পতুর্গাল!)

মিথ্যে ভাবেনি ছেলেটি। লেখা-পড়া সতিট্ট ওঁর হল। ১৯১৪ সনে কোয়েমা বিশ্ববিচ্ছালয় থেকে সসমানে মাতক হয়ে বের হলেন সালাজার। এবং পরীক্ষার ফলের বলে সে বছরই সেখানে নিযুক্ত হলেন জর্থনীতির সহকামী লেকচারার। মাত্র ত্'বছর। এরই মধ্যে ছটি গবেষণামূলক প্রবন্ধ লিখে অর্জিত হল 'ভক্টরেট' পদবী এবং অধ্যাপকের পদ। তাছাড়া সেই সক্ষে
মিলল দেশজোড়া খ্যাতি। সালাজার
সেই বয়সেই পর্তুগালের অন্তত্তম
খ্যাতনামা অর্থনীতিবিদ।

ইতিমধ্যে ভুধু অর্থ নৈতিক নর, দেশের রাজনৈতিক জীবনেও পরিবর্তন হয়ে গেছে বিস্তর। সালাজ্ঞার বখন বিশ্ববিদ্যালয়ে পড়ছেন (১৯১১) তথন রাজা বিতীর ম্যাহ্মরেল সিংহাসন হারাছেন। সালাজ্ঞার বখন বিশ্ববিদ্যালয়ে কাজ করছেন, সৈনিকদের পরিচালনাধীনে পড়ুর্গালের শিভ গণতন্ত্র তথন হাঁটব কি বসব—ভাবছে।

ভাবছিলেন সালাজারও। তবে তথনও বৃদ্ধিজীবি হিসেবে। তিনি বললেন—এই ইংরেজী ধরনের গণতক্তে আমাদের চলবে না। পতুর্গালের অক্ত কিছু চাই।

হতবাং, তৈরী হল থ্রীষ্টার আদর্শে নতুন পার্টি। অধ্যাপক সালাজার তাঁর অন্ততম পৃষ্ঠপোষক,—পথ-প্রদর্শক। বলা বাহল্য, তার ফল্ও মিলল। তিনজন ক্যাথলিক ভেপ্টির একজন হিসেবে সালাজার কেন্দ্রীর সভার স্থান পেলেন।

কিন্তু মাত্র একদিনের জন্তে। একটি মাত্র বৈঠকে হাজিরা দিরে-

#### সাসাসার

ছিলেন তিনি। তারপর নি:শঁকে আবার ফিরে এসেছিলেন নিজের কাজে, বিখবিছালয়ের চেরারে। কেননা, সরকারী মতি-গতির সক্ষেতার চিস্তার কোন মিল নেই!

শাবার পাঁচ বছর একটানা পুঁথির জগতে। '২৬-এর সামরিক বিল্রোহ সেই ধ্যানের জগৎ ভেঙ্গে দিল। নতুন সমর নায়ক কারমোনা এবং ডাঃ কোষা স্থাপককে শ্রন করলেন। রাজকোষ দথল করার পর সহসা তাঁরা আবিদ্ধার করেছেন সিন্দুক ফাঁকা! এমতাবস্থায় সালাজারের মত অর্থনীতিবিদ ছাড়া কার সাধ্য তা পূর্ণ করে!

সালান্ধার তাঁদের আমন্ত্রণে সাড়া দিলেন। ওঁরা রান্ধ্যের অর্থমন্ত্রী হিসাবে অধ্যাপককে বরণ করে নিলেন।

আটচল্লিশ ঘণ্টা একটানা ফাইল খেঁটে ডাঃ কোষ্টার মুখের দিকে ডাকালেন রাজ্যের অর্থমন্ত্রী। '—ব্যাধি আমি ধরেছি। যদি সারাই করতে চাও তবে চিকিৎসার ভারও দিভে হবে আমাকেই !—রাজি ?'

'—দে কি করে সম্ভব ?' উত্তর দিলেন বিষয়ী সেনাপভি।

'—ভবে এই বইল ভোমার ফাইল !'—ভংক্ষণাৎ শিবির ত্যাগ করলেন সালাজার। আঙ্গুলে ওবে দেখলেন—মন্ত্রী ছিলেন ভিনি মাত্র পাঁচদিন!

আবার বিশ্ববিভালর। আবার বই। কিন্তু এবার মাত্র করেক মাস-এর জন্তে। মে মাসে সভা ত্যাগ করেছিলেন তিনি। নভেমরেই শোনা গেল পরিত্যক্ত হয়েছেন ডাঃ কোইা। কারমোনা একাই এথন একমাত্র অধীশর। তিনিই রাষ্ট্রপতি, তিনিই প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রীই নেমতরটা পাঠালেন। বললেন—তোমার যা ইচ্ছে তৃমি তাই করতে পার সালাজার। তবে এক-মাত্র সর্ভ অর্থমন্ত্রী হিসেবে আমি তোমাকে পাশে চাই।—চাই-ই চাই।

এবার আর আপত্তি করা যায়
না। সালাজার অর্থমন্ত্রী হলেন।
লোকেদের মাইনে কমল, ট্যাক্স
বাড়ল,—রাজকোষে টাকা এল।
ফলে অর্থমন্ত্রীরও পদোন্নতি হল। তিনি
প্রধানমন্ত্রী হলেন। (সে ১৯৩২ সনের
ঘটনা। সালাজার আজও পতুর্গালের
প্রধানমন্ত্রী।)

প্রধানমন্ত্রী হিসেবে সালাজারের সবচেয়ে বড় কৃতিত্ব একখানা শাসন-তন্ত্র। সে বন্ধটি অন্থ্যারী পতুর্গাল একটি ইউনিটারি অ্যাপ্ত কর্পোরেট টেট', অর্থাৎ একটি মাত্র দল শাসিত কোন দেশ নয়, এমন দেশ বেখানে কোন দল নেই!

দল নেই. কিন্তু বাইপতি **দৈক্তবাহিনী** থাকবে. থাকবে ছেল্থানা থাকবে, এবং থা কবেন দালাজার। বলতে গেলে দেও লেখা আছে শাসনভৱেই। সেথানে সাভ বছরে একবার বাষ্ট্রপতি নির্বাচিত হবেন। ভারপর তিনি মনোনীত করবেন তার প্রধানমন্ত্রী। সে প্রধান মন্ত্রী কথনও কারও কাচে কোন ব্যাপারে দায়ী নন। আজ ত নন-ই। কেননা, '৫১ সনে বন্ধু কারমানার দেহত্যাগের পরে প্রধানমন্ত্রী সালাজার নিজেই রাষ্ট্রপতি। অবশ্য তিনি বলেন —'আাি কুং'।

অতঃপর প্রশ্ন: সালজার কি ডিক্টেটার নন? বিদি চ মাধায় ( অক্স-কোর্ড সহ ) কয়েকটি বিশ্ববিচ্ছালয়ের শিরোপা, হাতে দেশদেশাস্তরের নানা-বিধ প্রশংসাপত্র এবং গায়ে সিবিলিয়ানের পোষাক, বলা বাহুল্য, উত্তরটি বেভাবেই দেওয়া যাক অনিবার্যভাবেই গাঁ-বাচক। কেননা, সালাজারের দেশে নির্বাচন নেই ( '৪৫ সনে একবার ভার প্রহুসন হয়েছিল বটে!) মাসুবের কথা বলার অধিকার নেই.

এবং বা থাকলে গণ্ডয় বলে সে
ধরণের কোন আইনও আজ আর
অবশিষ্ট নেই। তব্ও সালাজার
আছেন। কারণ তাঁর সৈম্ভবাহিনী
আছে, গোপন পুলিশবাহিনী আছে
এবং আছে হিটলারের সেই মানস
সন্তানেরা নাম যার 'ইয়ৢথ মৃভমেন্ট।'

শেব সেই অমীমাংসিত প্রাট: দালাজার কি 'নর্ম ডিক্টেটার' ? বলা-বাহুল্য, তার উত্তর দিতে গিয়েই ইতিহাসের উচ্চিষ্ট থেকে ডিক্টেটার-শিপ-এর এই অবশেষটক কুডিয়ে আনতে হল আজ 'নামভ্মিকায়'। কেননা, এতকাল ছিল গোয়া. গ্যালভাও, ম্যাকাও। আজ মেদিনী কাঁপিয়ে রক্ত-কর্দম তুচ্ছ করে মাথা দাঁডিয়েছে ত্তলে व्याद्याना । সালাজার ইতিমধ্যেই পঁচিশ হাজার মামুষকে নির্দয় হাতে খুন করেছেন সেখানে।—'ভিনি কি ভবুও মোমের পুতৃল ?'

উত্তরে কে একজন একবার সেই খবরটা শুনিয়েছিলেন। 'সালাজার বিয়ে করেন নি। কিছ তব্ও তিনি মমভাময় পিতা। কেননা, ঘটি অনাথা মেরেকে ভিনি পিতৃস্মেহে পালন করেন!'

আর বিনি একহাতে পচিশ

#### সিহাসুক, প্রিকা নরোদম

হাজার মাস্থবের জীবন ছিনিয়ে নিলেন তিনি ? ভক্ত ক্যাথলিক (?) হলেও তিনি নিশ্চর 'মাটির মাস্থব' নন। তবে আখাদের কথা 'লৌহ মানব' নামে ক্থিতরাও দেই আগুনে টে'কে না।

#### সিহাস্ক, প্রিক্ত নরোদম

রাজার ছেলে। কিন্ত তিনি রাজা নন, প্রজা-নির্বাচিত প্রধানমন্ত্রী। রাজতন্ত্রে তাঁর বিশাস অটল। কিন্তু তা হলেও তিনি সমাজতন্ত্রী। দেশের একমাত্র সমাজবাদী প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা।

অভ্ত, আশ্রুষ মান্ত্র কলোডিয়ার রাজকুমার নরোদম দিহাক্তন। রাজপুত্রদের জীবন সচরাচর যা হয় তিনি
ভার সম্পূর্ণ ব্যতিক্রম। পিতামহ
শিশুওয়াথ মনিজং তাঁকে মনোনীত
করেছিলেন কলোডিয়ার দিংহাসনের
ভাবী উত্তরাধিকারী। ১৯৪১ সনে মাত্র
উনিশ বছর বয়সে দিংহাসনে বসলেন
দিহানোক। ক' বছর পরেই, '৪৯
সনে ফরাসীদের সঙ্গে চুক্তি হল তাঁর।
ছির হল অভ্যাপর কলোডিয়া ফরাসী
ইউনিয়নের অভ্যাত একটা স্বাধীন
দেশ বলে গণ্য হবে। তু' বছরও
কাটল না। ফরাসীরা অবাক হয়েই

দৈথল-গোটা কমেডিয়া বিকোজ চঞ্চল। কমেডিয়ানরা পূর্ণ স্বাধীনতা চায়। আরও অবাক কাণ্ড এই— তাদের এই স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব করছেন স্বয়ং কম্বোভিয়ারাচ সিহাত্তক। **শিহামুকে**র ---ভক্লণ ডাক পডল প্যারিদে। আলোচন বার্থ হল। আবার বিকোভে ফেটে পড়ল কম্বোডিয়া। চরম জত্যে তৈরী হল ফ্রান্স। কিছ সিহাত্মককে আর হাতে পেল ন তারা। নাটকীয়ভাবে দেশত্যাগী হলেন সিহাত্তক। একত্রিশ তার মন্ত্রীকে নিয়ে তিনি আগ্রায় নিলেন थाहेनाएः ।

তার পরের ঘটনাটিও কর
নাটকীয় নয়। ১৯৫৩ সনে কম্বোডিয়া
বাধীন হল। দেশত্যাগী কম্বোডিয়া
রাজ ফিরে এলেন নিজের দেশে।
কিন্তু ত্'বছর পরেই স্বেচ্ছায় সিংহাসন
ত্যাগ করলেন তিনি। বললেন:
এ সিংহাসন আসলে আমার পিডার-ই
প্রাপ্য। রাজা আবার রাজকুমার
হলেন। প্রিন্দ নরোদম সিহার্চ্ব
এবার প্রকাশ্যে নেমে এলেন জনতার
রাজনীতিতে। দেশে প্রতিষ্ঠিত হল
কুমোডিয়ার বিখ্যাত রাজনৈতিক দল
'সঙ্কুম বিয়ান্ত নিয়ুম' বা পিপল্য

### সিং এয়ার মার্শাল আর্ছন

দোস্যালিন্ট কমিউনিটি। রাজক্মার দিহাত্মক এর প্রতিষ্ঠাতা এবং অবিসম্বাদী নেতা। তিনি এবং তাঁর দল বিপুল ভোটাধিক্যে আজ কম্যোডিয়ার শাসকশ্রেণী। প্রিক্স দিহাত্মক তাদের নির্বাচিত প্রধানমন্ত্রী।

যুগোখাভিয়া এবং সংযুক্ত আরব বিপাবলিক ভ্রমণাস্তে কছোডিয়ার প্রধান মন্ত্রী দেশের পথে মাত্র একদিন ভারতে কাটিয়ে গেলেন। কমেডিয়ার মঙ্গে ভারতের যোগসূত্র ঐতিহাসিক। দিহান্তক-এর ভারত পদার্প**ণ দেই** প্রাচীন ঘটনার একটি অভিপ্রেড পরিণতি। মনে রাখতে হবে, ভুধু শামাজিক নয়, রাজনৈতিক চালচলনে কংহাডিয়া আজও দক্ষিণ-পূর্ব এশিয়ায় নিকটতয প্রতিবেশী। আমাদের গাঁইত্রিশ বছরের তরুণ প্রিকা দিহাত্তক ধর্মে ষেমন নিষ্ঠাবান বৌদ্ধ, পররাইনীতিতেও তেমনি বেপরোয়া নিরপেক। 5. 5. 60

#### সিং, এয়ার মার্শাল অর্জন

এত উড়োজাহাজ বোধ হয় খুব কম মাজুবই ঘেঁটেছেন। ১৯৩৯ সন থেকে এ পূৰ্বস্ত কমপক্ষে বাট ধরনের এরোপ্নেন চালিয়েছেন তিনি। তার মধ্যে যুদ্ধ-পূর্ব দিনের 'বাট' থেকে শুক্ষ করে আধুনিক স্থপার কনস্টে-লেশান সব আছে।

উপসক্ষ গ্ৰেছাৰ ওডার MA রাথবার মত। ১৯৪৪ সনে বুণাঙ্গনে তথা আবাকানের আকাশে ডানা মেলেছিলেন থোলে বোমা বোঝাই করে। পরের বছর বুকে 'ডিষ্টিকুইসভ ফ্লায়িং ক্রস' ঝুলিয়ে ভারতময় উড়ে বেডিয়েছিলেন বিজয় মহতা দেখিয়ে। তবে তার চেয়েও স্মরণীয় দিন ১৬ই আগস্ট, ১৯৪৭। नानक्तात नीर्य माफिरा प्रवश्वनान যথন ভারতের আকাশে পতাকা ওডাচ্ছেন তথন তাঁর মাধার ওপর দিয়ে অভিবাদনের ভঙ্গীতে থারা উডে গিয়েছিলেন তাঁদের প্রোভাগে ছিলেন তিনিই। প্রজাতর দিবদে একই তুৰ্ভ সমান পেয়েছেন ডিনি সাত বার। একবার তাঁ**র সঙ্গে চিল** একশ' দশটি 'পিফ্টন' এবং 'জেট'। ২৬শে জাত্যারীর দিল্লি আকাশে তার চেয়ে জমাটি থেলা আর কেউ দেখেনি। কিছ ভিনি দেখেছেন। এবং দেখিয়েছেনও। '৫৬ সনে এক ঝাঁক 'তৃফানি' জেট নিয়ে ভিনিই গিয়ে-চিলেন ব্ৰহ্মে ক্ৰীড়াচ্ছলে ভাৰতীয় বিমানবছরের বৌবন দিনের বার্ডা

### সিং, এয়ার নার্শাল অর্জন

জানাতে। গত বছর নবেম্বরে বিখ্যাত
'শিক্ষা' হহড়ায়ও তিনিই ছিলেন
আমাদের তরফের প্রধান শিক্ষক ও
দর্শক। তৃ'বছর আগে চীনা
আক্রমণের দিনগুলোতে তার চেয়েও
দর্শনীয় খেলা দেখিয়েছিলেন তিনি
সীমান্তে। পরিদর্শক হয়ে রণাঙ্গনে
গিয়ে স্বেচ্ছায় সেদিন নাকি হঠাৎ
প্রদর্শক হয়ে গিয়েছিলেন জাতির
তহবিলে অন্যতম ম্ল্যবান অধিনায়ক।
রসদ নিয়ে নিজেই তিনি ঝড়ের
আকাশে তানা মেলেছিলেন।

নাম—অর্জন সিং। বয়স মাত প্রতাল্লিশ। जगहान--- लाग्रालश्व. পাঞ্চাব। পশ্চিম লেখাপডা— মন্টগোমারী. গবর্নমেণ্ট লাহোর কলেজ এবং ক্রমওয়েল-এর বিখ্যাত বৈমানিক শিকা কেন্দ্র। শিকা শেষে দেখান থেকে বের হওয়ার পর থেকেই অর্জন সিং ভারতীয় বিমানবছরে লডিয়ে বৈয়ানিক। ক্মিশন্ড হয়েছেন তিনি ১৯৩৯ সনের জিসেম্বর।

প্রথমে ছিলেন ১নং স্বোয়াড্রনের সঙ্গে উত্তর-পশ্চিম সীমান্তে। তারপর ব্রন্ধ রণাঙ্গনে। তঙ্গণ বৈমানিক অর্জন সিং তথন স্বোয়াড্রন লীভার। সামরিক ডেসপ্যাচে সেদিন তার প্রসঙ্গে লেখা হয়েচিল—্ব ফিয়ারলেস আাত এক্সেপশনাল পাইলট…অ্যান ইনস্পায়ারি: স্বোরাড়ন কমাণ্ডার।' দেশবিভাগের আগে তাঁর জন্ম কর্মস্থল নির্দিষ্ট হয়ে-ছিল প্রথমে কোহাত, তারপর রাইস্ল পুর। দেশবিভাগের সঙ্গে সঙ্গে ভারতীয় বিমানবহরের গর্ব এই ভক্রণ শিখ নিযুক্ত হলেন আমালার অন্যাডভান্স ফ্লাইং স্টেশনের পরিচালক। পরবর্তী-কালে বিষ্যালয়টি ষথন বেগমপেট-এ স্থানাস্তরিত হয় অর্জন সিং তথনও ভাব অধিনায়ক।

তারপর থেকে ক্রমেই আরও ওপরের দিকে। '৪৮ সনে পদ ছিল তার—ভাইরেক্টার অব টেনিং। '৪২ সনে বুটেন থেকে বিশেষ ট্রেনিং নিয়ে ফিরে আসার পর এয়ার-কমোডোর সিং নিযুক্ত হয়েছিলেন— অপারেশকাল কমাথের অফিসার কমাণ্ডিং। চার বছর পরে হেডকোয়াটার্স-এ এয়ার অফিসার हेनहार्क, भार्तातन च्या चर्ल-নাইজেশন। সম্ভবত অর্জন সিং-ই একমাত্র সেনানায়ক যিনি একটানা সাত বছর অপারেশকাল ক্যাও-এর অধিনায়কৰ করেছেন। তিনি এয়ার ভাইস-মার্শাল হয়েছেন-১৯৬০ সনের

#### সিং, নাস্টার ভারা

জুনে। সে বছরই পুরানো বৈমানিক রিটেনের ইম্পিরিয়াল ডিফেল কলেজ থেকে সগৌরবে সাতক হয়েছিলেন। ভারপর আরও এক ধাপ। গত বছর আগস্টে এয়ার ভাইস মার্শাল অর্জন সিং মনোনীত হয়েছিলেন আমাদের বিমান-বহরে বিতীয় প্রধান। পদ ছিল তাঁর—ভাইস-চীফ, এয়ার স্টাফ। এয়ার মার্শাল অর্জন সিং এথন আমাদের বিমানবাহিনীর সর্বেস্বা। গত ১লা আগস্ট থেকে এয়ার মার্শাল এঞ্জনীয়ারের জায়গায় তিনি আমাদের নতুন চীফ অব দি এয়ার স্টাফ।

ষেমন আকাশে, তেমনি জলে এবং মাঠেও। এয়ার মার্শাল অর্জন সিং একজন খাতিনামা স্পোর্টসমানিও বটেন। **ছাত্রজীবনে মাছের** শাঁতাক ছিলেন। লাহোর কলেজের চাত্র অর্জন সিংয়ের হাতে তথন গোটা নর বেকর্ড। চারটে ভার—পাঞ্চাবের মধ্যে ফার্ন্ট, চার্টে—মুনিভারসিটির মধ্যে, এবং একটা-সমগ্র ভারভের যধ্যে। ১৯৩৪ সনে সারা ভারত এক ষাইল সম্ভবন প্রতিযোগিতার বিনি প্রথম হয়েছিলেন তিনি এই অর্জন নিং। ক্রমণবেল-এ ভিনি চিলেন শাঁভার এবং খেলার টিমের ভাইদ-প্রেসিডেন্ট। সে নেশা BAPE

কাটেনি। থেলার মাঠ এই হুর্ধর্থ বৈমানিকের কাছে এথনও বিতীর আকাশ। ১৯৫৬ সনে মেলবোর্ন অলিম্পিকে তিনিই নির্বাচিত হরে-ছিলেন—ভারতীয় দলের 'চীফ ছ-মিশন।'

প্রসঞ্চ উল্লেখবোগ্য, ক'মাস আগে প্রতিকক্ষা দপ্তরের যে প্রতিনিধি দল ওয়াশিংটনে গিল্লেছিলেন সামরিক জিনিসপন্তরের খোঁজে তাঁদের মধ্যেও অর্জন সিং ছিলেন অস্ততম।

w. b. 48

#### লিং, মান্টার ভারা

তুইটি প্রাচীরপত্রের বক্তব্য সম্পূর্ণ বিপরীত। একটিতে দেখা বাচ্চে হু হু বেগে চলেছে একখানা বেল। **এकिन চালাচ্চেন স্**পার মোহন সিং। যাত্রীদের আসনে বসে আছেন---नर्गाद काहेर्द्रा, दार्द्रश्वाना, जानी কর্তার সিং এবং যুক্তক্রণ্টের অক্তান্ত ব্রেলপথের ত্রই ধারে নেতাবা। প্রগতির নানা চিছ। পাঞ্চাব বিশ-বিছালয়, মেডিক্যাল কলেজ, হিন্দু-শিখ ঐকা এবং ইভ্যাদি ইভ্যাদি। কিছু আন্তৰ্য এই, একটি লোক কিছতেই তবু ট্রেনে চড়বে না। একাকী তিনি কোমরে

### সিং, মাস্টার ভারা

তলোয়ার ঝুলিয়ে গাধায় চড়ে চলেছেন প্রগতির উন্টো পথে। গাধাটির গলায় ঝুলছে একটি শৃষ্ঠ বালতি। পথের বাঁকে গন্ধব্যের নিশানা: বিরোধ, রক্তপাত, ধ্বংস!

বিতীয় প্রাচীরপত্তির বক্তব্য আরও সহজ। শিথদের পবিত্র ধর্মমন্দিরকে চারদিক থেকে আক্রমণের উত্তোগ করছে কংগ্রেস, কমিউনিস্ট এবং অস্তাস্ত রাজনৈতিক দলেরা। তারা সিং এবং তাঁর থালসা অন্তচরেরা তাই শক্তিভিক্ষা করতে এসেছেন যুগে যুগে যাঁরা শিথধর্মকে রক্ষা করেছেন সেই প্রাতঃশারণীয় গুরুদের কাছে। ছবিতে দেখা যাছে তাঁরা আশীর্বাদ জানাছেন রণবেশে সজ্জিত খালসা নায়ককে।

কোন্ প্রাচীরপত্রটি বেশী আকর্ষশীর পাঞ্চাবীদের কাছে? প্রথমটি,
অথবা বিতীয়টি? অনেকে অনেক
রকম ভেবেছিলেন। কিন্তু অন্তে
দেখা গেল গুরুলারের নির্বাচনে জয়ী
হয়েছেন দেই গর্দভারোহী নি:সঙ্গ পথিকটিই। প্রগতির এঞ্জিন বিগড়ে গেছে। মান্টার তারা সিংয়ের শৃষ্ট বালতিতে উপচে পড়ছে পাঞ্চাবের আছুগত্য। বোঝা গেল, পঁচাত্তর বছরের বৃদ্ধ থাল্সা নারক তারা সিং পাঞ্চাবে যে এখনও একটি উল্লেখযোগ্য নাম তাই নয়, অবহেলা না করার মত একটি শক্তিও বটে।

শিথ নায়ক তারা সিংহের নাম জানেন না ভারতে এমন মাত্রুষ কম। কিন্তু এ কথা খুব কম লোকই জানেন যে, মাস্টার তারা সিং সভ্যিই ছিলেন একদিন মাস্টার,—শিক্ষক। তাছাড়া এটাও অনেকে জানেন না যে, সর্বজন-শ্রন্থের এই শিথ ধর্ম-নায়কটি জন্মে শিথ নন। তাঁর মা বাবা ছিলেন ছিন্দু। সতের বছর বয়সে স্বেচ্ছায় খালদাদের ধর্ম বরণ করেন হিন্দুর ছেলে ভারা সিং। অত:পর অমৃতস্বের থালসা কলেজের সভ-গ্রাব্ধয়েট তারা সিংয়ের প্রথম কাল হল শিখদের জন্মে একটি বিছালয় প্রতিষ্ঠা করা। ১৯०৮ मत्न লায়ালপুরে প্রতিষ্ঠিত হল দেই বিছালয়। এবং প্রধান শিক্ষকের আসনে বসলেন তার প্রতিষ্ঠাতা স্বয়ং। সেই থেকেই লায়ালপুরের শিক্ষক ভারা সিং গোটা ভারতে মাস্টার ভারা সিং।

জীবনের মত নেতৃত্বেও মাস্টার তারা সিং অভুত মান্ত্ব। পাঞ্জাবে তাঁর প্রথম প্রতিষ্ঠা গুরুষার সংস্কার আন্দোলনে। পুরোহিতদের হাত

# সিং, যুবরাজ করণ

থেকে গুরুষার পরিচালনার ভাব সাধারণের হাতে আনতে গিয়ে মেদিন তিন তিনবার কারাবরণ করেছিলেন তিনি। তারপর সময়ে সব দায়িত্ব ছেড়ে দিয়ে সম্যাসীর মত হিমালয়বাসীও হয়েছিলেন কিছুদিনের জন্যে। '৩০ দনে আইন অমাত্য আন্দোলন যথন শুকু হল— সল্লাসী ভারা সিং তথন আবার জননায়করপে দেখা দিলেন। '৪২-এর আন্দোলনে তিনি ছিলেন সরকার भक्ता थानमारम्ब मरन मरन रेमग्र বাহিনীতে যোগ দেওয়ার আহ্বান জানিয়েছিলেন তিনি। সেনাবাহিনীতে কেননা. নয়ত মুদলমানের সংখ্যাগরিষ্ঠতা লাভের সন্তাবনা।

মান্টার তারা দিং মুসলিম বিরোধী নন। কিন্তু ভারত বিভাগের বিরোধী। ক্রীপস প্রস্তাব তিনি থারিজ করেছিলেন—কারণ তার মতে ওতে ভারত বিভাগের বড়বন্ধ চিল।

রান্ধনৈতিক ব্যাপারে মান্টার তারা সিং বরাবরই আপস বিরোধী। তিনি অনেকবার কংগ্রেসে এসেছেন, অনেকবার তা ছেড়েছেন। তারা-সিং আলোচনায় বসেন, কথা বলেন

কিছু নিজের সংকল্পের কথা ভলেন না। শিরোমণি আকালি দল '৫৬ সন থেকে আর রাজনৈতিক দল নয়। তার সদস্যরা ইচ্ছে করলে কংগ্রেসে যোগ দিতে পারে। মাস্টার ভারা-সিং সমতি দিয়েছেন তাতে। কিছ নিজে তিনি এখনও যতথানি ধর্মীয় মাছৰ, ঠিক ভতথানি রাজনৈতিক। পবিচালনায় আপাতত श्चक्रात সরকারী হস্তক্ষেপ রোধ করার মত একথানা নির্ভেল্পাল পাঞাবী স্থবা গঠনও তাঁব नका । নির্বাচনে মাস্টার ভারা সিংয়ের এবারকার বিজয় তাই পাঞ্চাবের আগামী রাজনীতিতে একটি উল্লেখ-যোগা ঘটনা। ভাৰবার ঘটনাও বটে। 20. 3. 40

### সিং, যুবরাজ করণ

থবরটা ভনে চমকে উঠেছিলেন স্বাই। কেননা, ব্যাপারটা ছিল যুবরাম্বকে নিয়ে।

রাজতরঙ্গিনীর দেশ। কোন কোন রাজা সেথানে বিভোৎসাহী ছিলেন নিশ্চরই। কিছ যুবরাজ বসে বসে 'থিসিদ' লিগছেন,—সে কথনও হর ? অধচ থবরে ভাই ছিল। ধবর ছিল: যুবরাজ করণ

### সিং, বুবরাজ করণ

নিং দিলি বিশ্ববিদ্যালয়ে একটি 'থিসিস' দাখিল করেছেন। বিষয় : শ্রীজরবিন্দের দর্শন।

রাজপুত্রের পক্ষে চমকপ্রদ সংবাদ সন্দেহ নেই, কিন্তু করণসিংকে যারা জানেন তাঁদের কাছে এই যুবরাজটি সম্পর্কে অস্ত যে কোন সংবাদ অভাবনীর। কেননা, পড়ান্তনা মহারাজা হরি সিং-এর এই ছেলেটির বরাবরের নেশা।

বিলাসী পিতার পুর। স্থতরাং ভূমিষ্ট হয়েছিলেন ঘরের ভৃষর্গ ছেড়ে অনেক দূরে, নকল ঘর্গে। ফ্রান্সের কান শহরে। কিন্তু তারপর থেকেই করণ সিং ঘদেশী যুবরাজ।

লেখাপড়ার স্চনা দেরাগ্নের 
ছন ছলে। '৪৫ সনে সেখান থেকে

যথন সিনিয়ার কেছিজ পাশ করে
বের হন তিনি যুবরাজের বয়স তখন

মাত্র চৌক বছর (জন্ম—১৯৩১ সন)।

ইচ্ছে ছিল কলেজ যাওয়ার।
কিন্তু খণরীরে তা আর সন্তব হল না।
কেননা, রাজবাড়ী তখন অন্থির,
রাজ্যে আগুনের ইঙ্গিত। আশুর্ব,
যুবরাজ তবু পড়া ছাড়লেন না।
ফলে, '৪৭ সনে এলাহাবাদ বিশ্ববিভালয়ের আই. এ পরীক্ষার ফল
হখন বের হল তখন দেখা গেল

কাশ্মীরের যুবরাজের নামও আছে কৃতীদের ভালিকায়। যুবরাজ 'প্রাইভেট' পরিকার্থী ছিলেন।

বি. এ পরীক্ষাও দিতে হল
'প্রাইভেট' হিসাবেই। তবে এবার
অবশ্র স্থ-রাজ্যে। কেননা, কাশ্মীরের
স্থিতি এসেছে। রাজ্যে বিশ্ববিদ্যালয়ও
চালু হয়েছে। যারা উদ্যোগী হয়ে
সেদিন তা করেছিলেন বি. এ
পরীক্ষার্থী এই রাজ্যপ্রধানটি তাঁদের
অহাতম। মনে রাথতে হবে যুবরাজ
করণ সিং ১৯৪৯ সনের ২০শে জ্ন
বেকেই রাজ্যের 'রিজেস্ট' তথা আইন
সমত অধিরাজ। অথচ বি.এ পাশ
করেছেন তিনি '৫১ সনে।

এম.এ দিতে আরও ক'বছর দেরী সদর-ই-হয়ে গেল। কেননা, রিয়াসং-এর রাজ্যে অনেক কাজ। '৫২ সনের নভেম্বরে রাজ্যপ্রধানের এই দায়িত্বপূর্ণ পদে নির্বাচিত হয়েছেন তিনি । '¢ 9 সনে আবার.---পুননির্বাচন। অবচ, সে বছরই তাঁর भदीका एम अद्योग है एक ! किलान । কিছ এবার তিনি কাশ্মীরে নয়,— দিল্লিতে। দিলিতে বেতে হল আরও এজন্তে কাশ্মীরে যে তিনি নিজেই **ठाात्मनाद । উत्त्रथर्यागा, कद्रव मिः** সে পরীক্ষারও সম্মানের সঙ্গে উন্তীর্ণ হয়েছিলেন। দেবার তাঁর বিষয় ছিল: রাজনীতি। এবার 'থিসিস' প্ডল ফিলজফির।

বলা বাছল্য, এমন সন্মান, এত কর্তব্যভার থাকা দত্তেও 'ডক্টবেট' পাওরা বাঁর দাধনা, তিনি 'রাজা' উপাধি নিয়ে খুশী হওয়ার মাহুষ নন।

অথচ, গেল এপ্রিলে (২৬শে) পরলোক গমন করেছেন কাশ্মীরের মহারাজা স্থার হরি সিং। আইনগড উত্তরাধিকারের কথা ভাবতে হয়।

অনেক ভেবেই প্রস্তাবটা তুলেছিলেন ভারত সরকার। কিন্তু
যুবরাজ জানিয়েছেন তিনি 'মহরাজা'
হতে রাজী নন। অস্তত যতদিন
'সদর-ই-রিয়াসং' আছেন তিনি
ততদিন কিছুতেই নয়।

বলা নিপ্রােজন, এই থবরটিও যুবরাজােচিত নয়। 'রাজতরঙ্গিণী'তে করণ সিং নিঃসন্দেহে এক নতুন ধরণের যুবরাজ। ১৩.৭.৬১

#### সিং, সন্ত কতে

গলার একটা হারমোনিয়াম ঝুলিয়ে গাঁয়ে গাঁয়ে ঘূরে বেড়াত সেই জোরান ছেলেটি। নয় পত্তনী গাঁয়ে। ধর্মের গান গাইত। শিথরা চারপাশে ঘিরে দাঁডাত তাকে। ওরা তার নাম দিয়েছিল—'উপদেশক' অর্থাং প্রচারক।

নবীন প্রচারক আঞ্চ প্রবীণ নায়ক। বয়স পঞ্চাশে পৌছেচে. युवरकत विनिष्ठ रम्ह वन हातिरम २७० পাউও মাংদে ঠেকেছে, কালো দাড়ি দাদা-কালোর ঘোর কাটিয়ে পুরোপুরি मामा २ए७ हरनाइ. किस मना থেকে আছও তার হারমোনিরামটি নামাননি। কেননা, আঞ্চ ডিনি আরও বড় 'উপদেশক', আরও বড় প্রচারক। সম্ভ ফতে সিং আজ ওধু শিথ সন্থাসী নন, তিনি পাঞ্চাবী স্থবা যোৱচারও অ্যাত্ম নায়ক। আজ অনেক শ্রোতা। 'মানজি দাহেব'-এর (অমৃতদরের স্থবর্ণ মন্দির) মাথায় নি:সঙ্গ লাল আলোটির দিকে আর্ক্ত অনেকের নজর।

এই আলো যতকণ আছে ততকণ ফতে সিংও আছেন। এটি যথন থাকবে না, পাঞ্চাবে তথন আৰুকার। ভক্তরা জানবে সস্ত আর নেই…।

১৮ই ভিদেশর থেকে শুরু হল—
'ব্রত'। মানে—আমরণ অনশন।
উপলক্ষ—পাঞ্জাবী স্থবা। বাট লক্ষ্
শিথের জন্তে একটা স্বতন্ত্র দেশ চান
ভিনি। শিথদের জন্তে আরও স্বাধীন
নভা চান। তাঁর মতে কংগ্রেসরাজ

### जिर, जर्मात्र पर्व

শিথদের পক্ষে 'মোগল-রা**জ'**, জওছর-লাল—'আউরঙ্গজেব'।

স্থের বিষয়, 'আউরঙ্গজেব'-এর পরামর্শ মত অনশন ভক করেছেন ফতে সিং। অবশ্য তেইশ দিন পরে। স্বভাবতই দৈহিক ক্ষতি অনেক। প্রায় পঁচিশ পাউগু। কিন্তু সে তুলনার লাভ বোধ হয় অপরিমিত। কেননা, শোনা যাচ্ছে পাঞ্জাব সমস্তার এবার কিনারা হওয়ার সম্ভাবনা।

প্রসক্ত উল্লেখবোগ্য: শিথদের জন্ম এমন রুবে যিনি লড়লেন সেই সস্ত কিন্তু শিথের ঘরের ছেলে নন। ফতে সিং-এর মা বাবা ছিলেন গুজর মুসলমান। ১২.১.৬১.

### সিং, সর্দার স্বর্ণ

Many bad generals have won battles, but no debating society has ever done so;—
বলেছিলেন মেকলে। অর্থ টা শান্ত।—
বাজে সেনাপতিরাও যুক্তমের গৌরব ভোগ করেছেন, কিছু কোন ভিবেটিং সোসাইটি কদাপি নয়। কথাটা সত্য।
কিছু ভিবেটিং সোসাইটি যা পারে তাও বোধহয় কম নয়। ইতিহাসেই পাওয়া বায় তারা যুক্ত এড়াতে পারে, কথনও কথনও যুক্তে মহাযুক্তের

অনিবার্য পরিণতি থেকে সরিয়ে দেশবন্দী করতে পারে এবং দেশের যুদ্ধকে
অঞ্চল-বন্দী। বিশেষ স্নায়-যুদ্ধ প্রশমনে
তাদের দান অনস্বীকার্য। সেথানে
তর্কসভার সে অবদানটুকু মেনে নিলে,
বলা অনাবশ্রুক, সর্দার স্বর্ণ সিং প্রায়
কেশরী রণজিং সিংয়ের কাছাকাছি
মাপের নায়ক। কেননা, চতুর্থ চন্ধরেও
তিনি তেমনি আছেন, তেমনি তর্ক
চালিয়ে যাচ্ছেন,—তেমনি হাসছেন।

মৃথে স্থায়ী হাসি, চোথে চশমা,
মাথায় পাগড়ি।—একনজর তাকালেই
জানা যায় তাঁর আকর্ষণীয় দীর্ঘ দেহে
যে কোন ভিবেটিং সোসাইটির মধ্যমণির সামর্থ্য ধারণ করেন। আর এক
সেরা তার্কিক চার্চিল বলতেন—যে
কোন তর্কসভায় শ্রোতারা তিনটি
জিনিস চান। প্রথমত কে বলহেন,
ছিতীয়ত—কী ভাবে বলহেন, তৃতীয়
—কী বলহেন। রাজভবনের সভাকক জানে,—স্পারজী একাধারে এই
তিন প্রশ্নেরই যোগ্য উত্তর।

টেবিলের উন্টো দিকে বদা মাছ্য-গুলোর প্রত্যৈকে হয়ত মুখটা চেনেন না, কিছ প্রবীণদের জনেকেই শুধু হাস্থোজ্জল মুখখানা নয়, পাগড়ির নীচে মাথাটিকেও জানেন। এই শতকের ছিতীয় দশকে লাহোর কলেজে—তাবং ভাল-ছেলের আতহ ছিল একটি শিথ বালক। তার দাপটে কারও প্রথম হ্বার উপায় ছিল না দেদিন। আই এস-সি, অনার্স-সহ বি এস-সি;—এম এস-সি'র ফিজিক্স ক্লাস—সর্দার অর্ণ সিং সেদিনের পাঞ্জাবে রীতিমত এক সংবাদ। তাঁর সঙ্গে বন্ধুজের জক্তে গোটা লাহোর বিশ্ববিদ্যালয়ের ছাত্ত মহল তথন চঞ্চল। তাঁদেরই কেউ কেউ আজ টেবিলের উন্টোদিকে।

জেনারেল শেখ-এর মত রাওয়াল-পিণ্ডির শাসক মহলে যাঁরা ওঁর ক্লাস ফ্রেণ্ড চিলেন না—তাঁরাও সর্দারজীকে জানেন। কেননা, বিজ্ঞানের ছাত্র এম এস-সি পাশ করে এক হুজের কারণে ষেমন সহসা এল এল-বি নিয়ে আইন ব্যবসা শুরু করেছিলেন,—তেমনি '১৬ সনে তাও ছেড়ে দিয়ে হঠাং স্ব-বাজনীতিতে ঝাপিয়ে রাজ্যের পড়েছিলেন। ফলে, স্থদুর সেই '৪৬ দন থেকে পাঞ্চাবে তিনি স্থথাত বাজি। অবিভক্ত পাঞ্চাবে মালিক থিজির হায়ত থার মন্ত্রিসভায় তাঁকে কেউ কেউ অনেকে দেখেছেন. দেখেছেন দান্ধার পাঞ্চাবে, দিকিউরিটি কাউন্সিলে উপদেষ্টার আসনে—কেউ কেউ দেশ বিভাগের সময়কার 'পার্টিশান কমিটি'তে। পশ্চিম পাঞ্চার, তথা অন্তকার পশ্চিম পাকিস্তানের পকে দেদিনের স্পার্থীকে ভোলা সম্ভব নয়। অবশ্র দেশবিভাগের পাচ বছরের মধ্যেই পাঞ্চাব মন্ত্রিসভা থেকে विनाय नित्य 'दकक्षय' श्राहन मनाव স্বৰ্ণ সিং। ১৯৫২ সন থেকেই অক্সভয় কেন্দ্রীয় মন্ত্রী হিসাবে (প্রথমে-গৃহ-পূর্ত ... তারপর ইম্পাত-থনি ইত্যাদি এবং '৬২ সনের এপ্রিল থেকে বেল-মন্ত্রী। ) জিনি प्रिविवामी তংগতেও যে পশ্চিম পাকিস্তানে জার বন্ধকুলে বিশ্বতি দেখা দেয়নি ভার হেতু-পাকিস্তানী রাজনীতি। তিন বছর আগে তুই দেশের সীমান্ত বিরোধ ফয়সলা করতে আবার পুরোনোদের ভিডে ফিরতে হয়েছিল তাঁকে। সেদিন **हर्ष्मिलन—स्क्रनार्यन** আবিষ্ণত তারপর গেল তিন মাদে বেরিয়েছেন—আরও অনেকে। স্পার এখন আবার স্থপরিচিত। তাঁকে ८५८वनगः বাজভবনের সভাককে বোধ হয় এমন মাত্ৰ আজ একজনও নেই।

বয়স—ছাপ্পান। কিছ ম্থেব দিকে তাকালে পনের তৎক্ষণাৎ কমে বাবে, ভগু গলাটা কানে বাজবে। কীভাবে কথা বলেন ছাপ্পান বছরের এই তক্ষ

#### সিং, শচীন্দ্রলাল

নায়ক তাও আজ অনেকের মৃথস্থ। ৫৪' সনে জেনেভায় সমবেত 'য়ুনো'র অর্থ নৈতিক পরিষদ তা দেখেছে. দেখেছে—তিন বছর আগে জেনারেল শেখের সঙ্গীরা, ত'বছর আগে ম্যাপ নিয়ে তর্কসভা করতে এসেছিল যে চীনারা ভারা, এবং জাপানীরা,— বাশিয়ানর।। '৫৯ সনে মস্কোয় বসে বাশিয়ার কাছ থেকে ১৫০০ মিলিয়ন কবল আদায় করেছিলেন প্রতিনিধি দল স্পার স্বর্ণ সিং ছিলেন সেই দলেরও পুরোভাগে। সকলে একবাক্যে স্বীকার করেছেন---সর্দার শুধু তর্ক করতে জানেন না, হটো मिक्टे प्रत्थ कथा वन्छ जातन !

কিন্তু তব্ও অহমান সব সময়
নির্ভূল হয় না। গেল তিনটি বৈঠকে
হেলেছেন বলে, এখনও হাসছেন বলে
সর্দারজী কেবলই হাসবেন একথা কেউ
বলতে পাবে না। সেইখানেই চার্চিল
চিহ্নিত তার্কিকের তৃতীয় লক্ষণ।
চারিটি কক্সার জনক সর্দারজী
সংসারীও বটেন, বড় মেয়ে তাঁর
এবছরই ভাজারি পাশ করেছে।
তিনি জানেন কেন নতুন কথাওলো
বলা দরকার, কখন পুরানো ঘ্যান
ঘ্যানগুলো থামাবার সময়।

38. 0. 00

### সিংহ, শচীন্ত্ৰলাল

১৯৩৭ সনের কথা।

কৃমিলা এবং তার চারপাশের এলাকায় একটি বাঙ্গালী যুবক তথন 'আনন্দবাজার' এবং 'হিন্দুখান দটাগুর্ডি' ফিরি করে বেড়াতেন। বিশাল শরীর, একমাথা কালো চূল. মুখভরা হাসি; বয়স বছর তিরিশেক হবে। পরিচিতরা জানতেন—যুবকটি কৃমিল্লার ছেলে নন, এবং আনন্দবাজার বিক্রি তাঁর পেশা হলেও নেশা তাঁর অন্ত । হাতের এই মৃক্তিত আইভিয়াগুলোর সঙ্গে সঙ্গে তিনি তাঁর মাথার আরও কিছু স্বপ্ন বেচতে চান,—তিনি অন্ত ধরনের সেলস্ম্যান।

'কেনা'র সে বাণিজ্য শেষ হয়েছে। ছাবিশ বছর পরে সেই যুবকটিই আজ গণতন্ত্রী ত্রিপুরার প্রথম মুথমন্ত্রী। চওড়া কপালটাকে আরও চওড়া করে দিয়ে চূলের টেউ পেছনে সরে গেছে, গভীর চোথ ছটিতে চশমার ডাক পড়েছে, বয়স ছাপ্পায়র ঠেকেছে,—শচীক্রলাল এখন বাংলার প্রবীণ নায়কদের একজন। কিছ মুথ্যমন্ত্রীর আদনে বসে তবুও প্রথমেই তার মনে পড়ে গিয়েছিল সেই দিন-ভালোর কথা আগরতলার ছেলে

### जिरह, महीतानान

'কেনা' যথন কুমিলার খবরের কাগজ বেচেন!

মহারাজার থাস দপ্তরের কর্মচারী
দীনদ্বাল সিংহের এই ছেলেটির নাম
'কেনা' হয়েছিল কারণ জন্ম তার
রিপুরা রাজাদের বিখ্যাত 'কের'
পুজার দিনে। রাজবাড়ির অন্ততম
অফ্রান 'কের' পুজো। নিয়ম আছে
এ পুজোর সময়ে প্রাসাদের আশেপাশে
—কোন রোগী বা আসম্প্রসবা নারী
থাকতে পারবেনা। কারণ তাতে
সিংহাসনের পক্ষে কল্যাণস্চক এই
উৎসবের অপবিত্র হওয়ার সম্ভাবনা।
চেরা পিটিয়ে তাই প্রজাবর্গকে আগে
থেকেই সাবধান করে দেওয়া হত।

দেবারও (১৯০৭) তার অগ্রথা হয়নি। কিন্ধু তবুও অঘটন ঘটে গেল। 'কের' উৎসবের মধ্যেই দীনদ্যালের ঘরে এল নবজাতক। রাজকোপ এড়াবার জন্তে সে থবর গোপন রাথা হল। অলুক্লে ছেলের নাম রাথা হল—'কেনা'।

সেই বালকই আজ রাজতন্ত্রের বিক্দে বিজয়ী নায়ক—ত্রিপুরার বিখ্যাত 'শচীনদা', ভারতের নবজাত রাজ্যগুলোর অক্ততম ত্রিপুরার মুখ্যমন্ত্রী শচীক্রলাল সিংহ।

আগরতবার উমাকান্ত ইনষ্টিউ-

শনে পড়া শেষ করে শচীক্রলাল
কুমিলার গিরেছিলেন কলেজে পড়তে।
কিন্তু সে পড়া বেশিদ্ব চালিয়ে যাওরা
সম্ভব হলনা। 'কেনা' নাম যার—তার
আর কেনা-গোলাম হওয়ার জল্ঞে
এত সাধনার কোন অর্থ হয় না!
'যুগাস্থর' দলের বিজোহের মন্ত্র কানে
নিয়ে শচীক্রলাল আবার আগরতলায়
ফিরে এলেন। তারপর থেকে তিনি
বরাবর ত্রিপুরার প্রজা সাধারণের সঙ্গে
সঙ্গেই আছেন। অবশ্য জেলের সময়টুকু বাদ দিলে।

সাকুল্যে চৌদ্দ বছর কারাগারে কাটিয়েছন শচীক্রলাল। প্রথম দকা
চট্টগ্রাম অস্ত্রাগার লুঠন উপলক্ষে।
আগরতলা ভাড়সংঘে'র প্রতিষ্ঠাতা এই
যুবকটি যে আথড়ায় আথড়ায় কেন
লাঠি থেলা আর ছোরা থেলা শিপিয়ে
বেড়াচ্ছে মহারাদ্ধার তা বুঝতে
অস্ত্রিধে হয়নি। চট্টগ্রামের পরেই
শচীক্রলালকে তাই তিনি রাদ্ধ্য থেকে
নির্বাসিত করেছিলেন। বিজ্ঞাহীর
দায়িত্ব নিয়েছিল ইংরেজ সরকার।

জেল থেকে ছাড়া পেয়ে শচীক্রলাল আবার বিজ্ঞাহী হলেন। তিনি 'ত্রিপুরা রাজ্য গণপরিষদ' গড়লেন। এই পরিষদই পরবর্তীকালে (১৯৬৬) 'ত্রিপুরা রাজ্য কংগ্রেস'। দশ বছর

### ত্বকর্ব, ডঃ

তার প্রধানের দায়িত্ব বহন করেছেন প্রতিষ্ঠাতা শচীক্রলাল সিংহ। বলা-নিপ্রয়েজন সেটা সহজ কাজ ছিল না। বিশেষত, ত্রিপুরা ইংরাজাধীন ভারতের অংশ নয়, সেথানে মহারাজার ব্যক্তিগত ইচ্ছার শাসন। তিনি শচীক্রলালকে আবার দেশাস্তরী করলেন। এবার অপরাধ ছিল তার ভূমি সংস্কারের আদার!

কারাগারও যে শচীন্দলালের পক্ষে অসম্ভব স্থান নয় তা জানা গেল ১৯৪২ मत्तद जागरे जात्मानत्तद উপनक्त। ত্রিপুরা রাজ্য পুলিশ বাহিনীতে সেবার বিদ্রোহ। তারা কিছুতেই ইংরেন্সের হয়ে লডবেনা। মহারাজা ভেবে পাননা এ ঐদ্ধতা তারা কোথায় পেল। অনেককে শান্তি দেওয়া হল। কিন্তু বিদ্রোহীরা তবুও কিছুতেই বশ মানবে না। উৰিগ্ন মহাবাজা কাবণ অনুসন্ধানে ব্ৰতী হলেন। হাতড়াতে হাতভাতে গুপ্তচরেরা এসে পৌছাল আগরতলা সেণ্ট্রল জেলের একটি निर्फन (मला। (मशान महीसानान। रान,-एकलाव श्रीनिभाषित সারফত তিনিই এ সাগুন ছড়িয়েছেন। গভার কাজেও সমান নিষ্ঠাবান নায়ক শচীন্ত্রলাল। ১৯৫৩ সন থেকে তিনি চীফ কমিশনারের অক্ততম উপদেষ্টা হিসাবে ত্রিপুরাকে গড়ে তুলেছেন, 'ং সন থেকে প্রতিনিধি পরিষদে দলের চেয়ারম্যানের কাল করে আসছেন। 'গ' থেকে ত্রিপুরা দে 'ক'-এ পরিণত হল তার পেছনে অন্ততম কারণ এই শচীক্রলাল। স্বভাবতই দেশবাসীর প্রত্যাশ। 'রাজমালা'র দেশ ত্রিপুরা এবার পুরো-পুরি প্রজার রাজ্য হবে। শচীক্রলালের পক্ষে, যতদ্র জানা যায়, সে বোধহয় তুরহ কত্য নয়। কেননা, ১৯৪৭ সনে যাঁদের প্রাণপণ চেষ্টায় ত্রিপুরা আজ আযুবশাহী সামাজ্যভুক্ত নয় তাঁদের অন্ততম এই শচীনদা। ৫. ৭. ৬০

### স্থকর্ণ, ডঃ

"আমি মার্কসবাদী। কিন্তু আমি
ধর্ম ভালবাসী! আমি বৈজ্ঞানিক।
কিন্তু শিল্পকলা আমার সবচেয়ে প্রির।
আমি শিল্পী। কথনও কথনও আমি
অত্যন্ত সিয়েরিয়াস। কিন্তু আবার
সময় সময় তেমনি পরিহাস তরল।
আমি কমিউনিন্ট, সোন্তালিন্ট—
মুসলমান, খ্টান সকলের সঙ্গে সমানভাবে মিশি। আমার কাছে বিপ্লবী
ভাতীয়ভাবাদীরা ধা, আপোস-পদী
ভাতীয়ভাবাদীরাও তা। আমি
সকলের।"

জওহর্লালের কথা নয়। নিজের ছাপ্পান্তম জন্মদিনে ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি স্কর্নের বাণী। ভারতে জওহরলাল বা, ইন্দোনেশিয়ার তিন হাজার দ্বীপে একশ চৌদ্দটি ভাবাভাষী সাড়ে আট কোটি মান্থবের কাছে আটান্ন বছরের স্কর্নপ্ত তা-ই হয়ত, তারও বেশি।

স্কর্ণের এই জনপ্রিয়তা আজকের
নয়, অনেকদিনের। ছাব্সিশ বছর
বয়স থেকে তিনি ইন্দোনেশিয়ায়
সবচেয়ে জনপ্রিয়। প্রতিষন্দী হিসাবে
আরও অনেকেই তাঁর সামনে এসেছেন,
এখনও কেউ কেউ সামনে আছেন,
কিন্তু স্কর্ণ চিরকালের বিজয়ী।

তিনি বলেন: আমি ইন্দোনেশিয়া। আমার মৃথ দিয়ে যে কথা
বের হয়, জানবে তা ইন্দোনেশিয়ার
জনগণের হৃদয়ের কথা (I am an
extention of the people's tongue) আমি যদি বলি তবে ইন্দোনেশিয়ার মাহুষ পাথর খাবে '

আশ্চর্য আত্মবিশ্বাস! স্থকর্ণের
বাবা ছিলেন জাভার স্থল শিক্ষক। মা,
বালির এক সম্রাস্ত ঘরের কন্সা। ফলে
ম্সলমান হয়েও স্থকর্ণ ধর্মীর সাম্প্রদান
মিকভার সম্পূর্ণ ওপরে। বান্ধং-এর
ভাচ টেকনিক্যাল কলেজের বিদেশী

শিক্ষকেরা জানতেন—তাদের প্রিন্ন ছাত্র স্থকণ হবে ইন্দোনেশিয়ার সেরা সিভিল ইঞ্জিনিয়ার । কিন্তু ডিগ্রীখানা হাতে পাওয়ার পর-ই দেখা গেল স্থকণ ডাচদের বিক্লমে সেরা লডিয়ে।

স্কর্ণের বিরুদ্ধে অনেক অভি-যোগ। তিনি একটির পর একটি করে তিনটি বিয়ে করেছেন। স্থকর্ণ বলেন সে আমার ইচ্ছা। আমার বাক্তিগত জীবন নিশ্চয়ই ইন্দোনেশিয়ার ভাবনা নয়।

কিন্ত ইন্দোনেশিয়ার ভাবনার স্কর্ণ আছেন। সাড়ে তিনশ বছর শাসনের পর ডাচর। বিদায় নেওয়ার দিন থেকে তিনিই ষেন ইন্দোনেশিয়ার সহস্র সমস্তার একমাত্র নিরাময়। ইন্দোনেশিয়াকে পৃথিবীর রহন্তম মৃশলিম রাষ্ট্রের গৌরব (!) পেকে রক্ষা করেছেন স্কর্ণ। কিছুকাল আগে 'গাইডেড ডেমোক্রেসির' প্রবর্তন করে স্কর্ণ গণতত্ত্বের কাছে ভর্ৎ সনার কারণ হয়েছেলেন—এবার তিনি নেমেছেন স্বরুং গাইডের ভূমিকায়।

₹8. 5₹. €≥

স্কর্ণ সম্পর্কে আরও কিছু খবর:—

### স্থকৰ্ব, প্ৰেসিডেণ্ট

## স্থকর্ণ, প্রেসিডেণ্ট

"I belong to that group of people who are bound in spiritual longing by the romanticism of revolution. I am inspired by it. I am fascinated by it, I am completely absorbed by it. I am crazed. I am obsessed...!"

ছাব্দিশ বছরের সেই ত্র্দম
ভাতীয়তাবাদী নেতার মুথে উক্ত নয়,
নিজের উনষাটতম জন্মদিনে প্রবীণ
রাষ্টনায়কের বাণী।

বয়স এবছর আরও একটু বেড়েছে। আমেদ বাট-এ পড়েছেন। কিন্তু গেল ক'দিনে তিনি প্রমাণ করেছেন, করে চলেছেন যে ইন্দো-নেশিয়ার 'বাং কার্নো' আজও তেমনি আছেন। তেমনি থরধার তাঁর জিহ্বা, তেমনি হু:সাহসী তাঁর সাহস এবং তেমনি প্রসন্ধ তাঁর 'ভাগ্য'।

বান্দুং ইঞ্জিনীয়ারিং কলেজের 'বেস্ট বর' হরেও স্থকর্ণ ভাগ্য মানেন। তিনি বলেন—'আমি জন্মগ্রহণ করেছি মিথুন রাশিতে। স্থতরাং, জ্যোতিব শাস্ত্র অহ্বায়ী আমার আয়ু সাধারণ মাহুবের চেয়ে ছিগুণ হতে বাধ্য!' বস্তুত 'ভাই কর্ণ' বেন বেঁচেও আছেন কোন অদৃশ্য শক্তির প্রভাবে। কারাগার, ধীপান্তর বীপে বীপে বিজোহ, প্রেসিডেন্টের প্রাসাদ লক্ষ্য করে আকাশ থেকে মেশিনগানের গর্জন এবং যথন তথন যত্তত্ত্ব বোমা বিক্ষোরণ। গেল সোমবার মাকাসার-এ যেটি ফেটেছিল সোট নিয়ে উল্লেখযোগ্য এই তিনবার হল। স্কর্ণ তব্ও মরেননি। না দেহে, না মনে। তাঁর প্রিয় জ্যোতিষী মাদাম স্থ্রাপতো বলেছিলেন— 'এভাবে তাঁকে মারা যাবেনা, না দেহে, না মনে।'

ষাট বছরে চারটি বিয়ে করেছেন। অবশ্য ত্বারই তালাক দেওয়ার পর। প্রথম স্ত্রী ছিলেন ইন্দোনেশিয়ার জাতীয়তাবাদী জনৈক বিখ্যাত নায়কের কন্সা, বিতীয়া জনৈকা বিধবা, তৃতীয়া কুমারী, চতুর্থ—স্বামীতাকা। **সাতটি সম্ভানের পিতা স্কর্ণের তবুও** হলিউডে গিয়ে আভা গার্ডনারের দেখা না পেলে প্রকাশ্যেই মন থারাপ হয়ে যায়, 'লেলিন প্রাইজ' পাওয়ার পরঙ রাশিয়া থেকে ফেরার পর সোবিয়েত বিমান পরিচারিকাটিকে ফেরত দিতে ভূলে যান এবং এমন পরিস্থিতিও নাকি হয় যথন নিনা ক্র-চফ হাতে পারে ধরে **দোবিয়েত** তরুণীকে কোন 'দৌহার্দ্য' গ্রহণে রাজী করত বাধ্য हन।

# সুরাইয়া, রাণী

হদেশে এসব অভিষোগ ধদি কথনও ওঠে স্থকর্ণ সঙ্গে সঙ্গে তার জবাব দেন—'সে আমার ব্যক্তিগড জীবন!'

বাঙ্গনৈতিক জীবনেও তিনি 'রিচার্ড দি লায়ন হাটেড। মুসলমানের ঘরের সম্ভান। বাবা স্থকেমি ছিলেন জাভার রুল শিক্ষক। কিন্তুমা বালীর মেয়ে. রামায়ণ মহাভারত তাঁর মুখন্ত। ফলে —বিখের বৃহত্তম মুসলিম রাষ্ট্রের কর্ণধার হলেও স্বকর্ণের রাজনৈতিক জীবনে **দাম্প্রদায়িকতার** লেশমাত্র নেই । ভারতের কংগ্রেসের আদর্শে দল করে-ছিলেন, আমেরিকার মত স্বাধীনতার জন্মে যুদ্ধ করেছেন, কমিউনিস্টদের দক্ষে একদক্ষে কারাজীবন যাপন করেছিলেন, খুঁটিয়ে খুঁটিয়ে রাশিয়া দেখেছেন, রুশ টাকা নিয়েছেন। কিন্তু স্কর্ণের হৃদয়ে তবুও কোন মতের দিকেই কোন পক্ষপাতিত্ব নেই। তিনি বলেন'—জনতাই আমার মত। যে পথে জনসাধারণ সে পথই আমার পথ। — আমি জনতার মুথ।' আর জনতা ?

রকমারী দল আছে, বিস্তর সমস্তা আছে কিন্তু ভাচরা এথনও না জানলেও বছ বিপর্যয়ের পরেও ঐ চিরস্থায়ী অটল মুখটি দেখে বিশ্ব আজ নিশ্চিত জানে, ইন্দোনেশিয়ার তিন হাজার দ্বীপে ন' কোটি মাল্লের হৃদয়ে ভাই কর্ণ ই এখনও ঈশ্বর!—ভিনি দিদ দশ দিনের সময় দিয়ে থাকেন ডাচদের, তবে ইন্দোনেশিয়ার ভাই শেষ কথা! ১১.১.৬২

### স্থরাইয়া, রাণী

মাত্র এগার বছর আগের কথা। ১৯৫১ সনের ১১ই ফেব্রুয়ারী।

সেবারও তেত্রিশ পাউও ওজনের গহনা ছিল কনের গায়ে। একুশ তোপের সেলাম ছিল। কিছু বিবাহ বাসরে একমাত্র প্রার্থনা ছিল—"ছে আল্লা, শাহকে ভূমি উত্তরাধিকারী দিও।"

মযুর সিংহাসনে মযুরের মভ কলাপ ছড়িয়ে আঠার বছরের মে**লেট** তবু হাসিমুখে বসেছিল। কেউ বলবে না একবার দে কেঁপেছিল।

খানদানী ঘরের কন্যা। ইরানের বিখ্যাত বর্খতিয়ারী বংশের মেয়ে। বাবা ইসকানদিয়ারী উচ্চ রাজকর্মচারী, জার্মানীতে ইরানী রাজদৃত। তত্পরি রূপসী স্বাইয়া স্থানিকতা আধুনিকা। জীবনের প্রথম ছ বছর কেটেছে তাঁর জার্মানীতে। তারপর ইরানের নানা অভিজাত বিভাগরে এবং শেবে

# স্থুরাইয়া, রাণী

লগুনের হাইড পার্কে। ফলে, তিনি ভিনদেশী বুলি বোঝেন, নাচতে জানেন, বাছ জানেন, সমুদ্রে স্নান করতে জানেন, এমন কি ঘোড়ায় চড়া পর্যস্ত। তাছাড়া—এ বিবাহ দৈবক্রমেনর, তার পাশেবসা বত্রিশ বছরের এই মাহুবটকে তিনি উপস্থিত অহা ধেকান মাহুবের চেয়ে ভাল জানেন!

স্তরাং, মাত্র সাত বছর পরে ১৯৫৮ সনে শাহ বেদিন "স্থেদে" তেহরানের প্রাসাদ থেকে স্থরাইয়াকে বিদায় জানান চোথে জল দেখা গেলেও স্থাইয়ার মুথে সেদিন কোন খেদ শোনা ষায়িন। কেননা, স্বেচ্ছায় রানীর মুক্ট মাথায় তুলে নেওয়ার আগে তিনি জানতেন—তার মাত্র তিন বছর আগে (১৯৪৮) এমনি রিক্ত বেশে আরও একটি মেয়ে এই প্রাসাদ থেকেই নিক্ষিপ্ত হয়েছিলেন। ফারুক ভয়ী ফৈজিয়া তব্ও একটি কন্তা সন্তান উপহার দিতে পেরেছিলেন।

স্থতরাং ১৯৫৯ সনের ডিসেম্বরে তেহরানে আবার যথন বিয়ের বাছ বাজছে—ভবমুরের বেশে ইরানের ভূতপূর্ব সমাজী তথন ইউরোপের বালির চরে চরে পড়াগড়ি যাচ্ছেন! তাঁর মত রিক্ত সেদিন বোধ হয় ছনিয়ার আর কেউ নেই! —হয় না।

কিন্তু তাই কি ? দেখতে দেখতে
বিশ্বময় দেদিন কতকগুলো টুকরে।
টুকরো ছবি আর কথা ছড়িয়ে পড়েছিল। তার মর্ম: স্থরাইয়া অচিরেই
নতুন করে ঘর বাঁধছেন। নতুন গৃহপতি হচ্ছেন হয় প্রথম চিত্রের তরুণটি,
ইতালীর রাজপুত্র ওরদিনি ; না হয়—
জর্মান শিল্পতি হারল্ড হলবেক।
ইরানের ভূতপূব রানীকে নাকি
স্বইজারল্যগুর হোটেলে কাফেঁতে ঘন
ঘন তাঁরই সঙ্গে দেখা যাচ্ছে।

এবার নতুন থবর। স্থরাইয়াকে ইদানীং দেখা ষাচ্ছে বিখ্যাত জর্মান শিল্পতি গাস্থার শ্রাথস সাহেবের সঙ্গে। গুজ্ব—প্রজাপতি নিবন্ধ এবার অথগুনীয়।

হলবেক সেবার বলেছিলেন—
"বাজে কথা। বিয়ের কোন সম্ভাবনা
নেই। কারণ পনের বছর ক\*
কারাগারে বন্দী ছিলাম আমি।
স্থতরাং বন্দীজীবন কাকে বলে আমি
জানি।"

কে জানে হয়ত এবার স্থরাইয়াও তাই বলবেন। বন্দিজীবন তিনিও তো কিছু কিছু জানেন।

> [ ক্সষ্টব্য : পহলেভি মহম্মদ রেজা ৬. ৯. ৬২

# স্তরাবর্দী, হাসাল সহীদ

# সুরাবদী, হাসান সহীদ

"So you have got detained in Calcutta and that to in a quarters which is a veritable shambles and notorious den of gangstars and hooligans. And what a choise company too! It is a terrible risk!"

ছোট্ট একটা চিঠি। তারিথ—
১৩ই আগস্ট, ১৯৪৭। লেখক সদার
বল্লভভাই প্যাটেল। যাকে লিখছেন
তাঁর নাম—মহাত্মা গান্ধী। কলকাতার
বে অঞ্চলটা সম্পর্কে সদারজীর কলমে
এতগুলো বিশেষণ সেটি বেলেঘাটা।
এবং যে ব্যক্তিটির সাহচর্য সম্পর্কে
তিনি এমন খোলাখুলি—তিনি
অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী
শ্রীদহীদ স্করাবদী।

'৪৬-এর ১৬ই আগদ্যের কলকাতা হ্বাবদীকে নাম দিয়াছিল খুনী। সর্লার প্যাটেল-এর সন্দেহ এবং বিরক্তি সত্তেও '৪৭-এর কলকাতায় এক ঘরে বাস করেছেন মহাত্মা গান্ধী এবং জনাব হ্বাবদী। স্থভাবতই প্রভ্যাশা ছিল অটোনোমাস স্থতন্ত্র বাংলা হাতে না পেলেও পশ্চিমবঙ্গের (মেদিনীপুর) সন্থান হ্বাবদী সাহেব থিয়েটার রোভের চল্লিশ নহর বাভাটি ছাভবেন

না। কলকাতায় তাঁর বিস্তর পৈতৃক
সম্পত্তি। দাদার নামে আস্ত একথানা
রাস্তা এবং প্রভৃত স্থনাম। ততৃপত্তি
নানা মহলে পলিটিসিয়ান হিদাবে
নিজের প্রতিষ্ঠিত খ্যাতি। তবৃপ্ত
'১৯ সনে যে তিনি এদেশের মায়া
কাটিয়ে ঢাকায় এডভোকেটগিরি শুক
করলেন—তার কারণ ইনকামটাাক্স
ভিপাটমেন্টের চাপ।

স্ববাবদীকে ঢাকা কোলে তুলে নেয়নি সেদিন। করাচী প্রকাশ্রে जांतक आशा मिखा 'विमसानी চর'। সহীদ উত্তর দেননি। তিনি কাল গুনে চললেন। দেখতে দেখতে বডো হয়ে গেল। মসলিম লীগ থাড়া হয়ে উঠন চোথের সামনে আ এয়ামী লীগ .D₹° করাচীর ফ্যাশানেবল এলাকা ক্লিফটন রোডে গডে উঠল স্থরাবদী দাছেবের প্রাসাদোপম অটালিকা। বোঝা গেল বাজতকের অংশেপাশে স্থায়ীভাবে বাস করাই তাঁর ইচ্ছে। প্রেসিডেণ্ট ইমা-ন্দর মীজা হলপ করলেন: আমি বেচে থাকতে স্বাবদীর প্রধানমন্ত্রী হওয়ার সম্ভাবনা নেই। ভার্মের দেখতে দেখতে '৫৬ দনে গদীতে বদলেন জনাব স্তরাবদী। এবং পাকিস্তান সীকার একবাকো

# স্থরাবর্দী, হাসান সহীদ

প্রধানমন্ত্রী আর হয় না। ঠিক ধেন নেহরুর দোসর।

অবশেষে আয়ুব থা। ক্লিফটন

ক্লীটের দেই বাড়ীটায় বদে রেকর্ড
বাজাচ্ছিলেন আর কাল গুনছিলেন
পদচুতে পাকিস্তানী প্রধানমন্ত্রী। নিজে
বলেছেন: 'ইস্কান্দর যদি জেনারেল হয়
তবে আমি জেনারেলের বাবা।' মনে
মনে তাঁর ধারণা ছিল ফিরোজশাহী
রাজত্ব গেল বলে। কিন্তু তার বদলে
আয়ুব শাহী রাজত্ব গুরু হয়ে যাবে
এটা ছিল তাঁর ধারণারও অতীত।
স্থতরাং, ফৌজ দেথে প্রথমে তিনি
পালাতে চাইলেন। ধরা পড়ে আবার
বাড়ী। আবার দেই রেকর্ড বাজে।

প্রত্যক্ষদশীরা বলেন—স্থরাবর্দীর রেকর্ড সংগ্রহ অনবন্ত। অধিকাংশই বিদেশী নাচের রেকর্ড। বারশ' আমেরিকান। অক্সফোর্ডের ছাত্র স্থরাবর্দী নাচ ভালবাদেন। তাঁর বাড়ীর ছাদটি একটি প্রথম শ্রেণীর নাচের ফোর। বিপত্নীক স্থরাবদী মদ খান না, সিগারেট ছোন না—কিছ্ক মেরেদের নিয়ে নাচতে ভালবাদেন। কথনও কথনও গোটা রাত কাবার ছয়ে বায় তাতে। ফলে, দিবানিস্রা। তাঁর স্থভাব। একা মান্ত্র্য হলেও স্থরাবদীর শোবার ঘরে ভবল খাট।

একটার থাকেন তিনি নিজে, অন্যটার তাঁর গ্রামাফোন, টাইপরায়টার,টেনি-ফোন, থবরের কাগজ ইত্যাদি।

শোনা গিয়েছিল এশয়ায় শুরে
ফিলিম ভাইরেক্টার হওয়ার ম্বপ্র
দেখেছেন তিনি। এবার বোধহয়
সত্যিই কাজে নামতে হয় তাঁকে।
কেননা—আয়ুব খাঁর আদেশ হয় ছ'
বছরের জয়্ম রাজনীতি ছাড় নয় কাঠগড়ায় এম। পাবলিকের কাঠগড়াটিও
স্যত্রে সারাজীবন এড়িয়ে চলেছেন
স্থরাবদী। এটা মিলিটারী কাঠগড়া।
স্থতরাং এবার চিত্র-পরিচালক ছাড়
গতি কি!

অয়্য একটা ঘটনা উপলক্ষে আবার:

ভদ্রলোকের একটি গাড়ী ছিল।

চমৎকার মার্দিডিস। উনসত্তর বছর

বয়সেও টাইয়ের ফাঁস আলগা করে,

জামার আন্তিন গুটিয়ে নিজের হাতে

তিনি সেটা চালাতেন। পাড়ার

পাড়ার হর্ণ বাজিয়ে ঘুরে বেড়াতেন।

হর্ণটার আওয়াজ ছিল ঠিক পটকার

মত।

ভদ্রলোকের একটি বাড়ী ছিল। করাচীর অভিজাত পল্লীতে মস্থ বাড়া। তার মোজাইক-করা ছাদে রাতে-বেরাতে বিলিতি বাছ বাজত, নাচ হত।

# স্থরাবর্দী, হাসাম সহীত্র

শোবার ঘরে হত আজ্ঞা। জোড়া খাটের একটিতে তিনি তাকিয়া হেলান দিয়ে বসতেন, অন্তটিকে টেবিল করতেন। চেয়ার টেনে বস্কুরা সেখানে বসেই আজ্ঞা দিতেন, গান শুনতেন। দেশী-বিদেশী কয়েক হাজার গানের বেকর্ড ছিল তাঁব ঘরে।

সাইন বোর্ড দেখে পাড়ার লোকেরা জানেন—এ বাড়ীর মালিক মিনি নাম তাঁর জনাব এইচ. এস. স্থরাবদী। কেউ কেউ এটাও জানেন একদা তিনি পাকিস্তান-এর প্রধানমন্ত্রী ছিলেন।—কিন্তু সেত কত জনই ছিলেন।

হয়ত কথাটা সত্য। কেননা, গেল চৌদ বছরে কমপক্ষে সাতজন প্রধানমন্ত্রী দেখেছে পাকিস্তান। তহপরি রকমারী গভর্নর জেনারেল, ফেলর জেনারেল, ফিল্ড মার্শাল ইত্যাদি। কিন্তু আমরা জানি না, পাকিস্তানের তহবিলে এমন বিতীয় কোন জীবনী আছে কিনা বেখানে নিম্নলিখিত ঘটনা ও তথ্যসমূহ পাওয়া বেতে পারে।

কলকাতা মাজাসা এবং সেউ-জেভিয়ার্স কলেজের পড়া শেব করে মেদিনীপুরের জনৈক মুসলিম শির-পতির তনম্ম বিলেতে চলে গিয়েছিল। পাঁচ বছরে সে সেখানে যে **ডিগ্রী**-গুলো অর্জন করেছিল ভার মধ্যে আছে অক্সফোর্ডের এম.এ. বি.এস.সি এবং বি. সি. এল। শেষোক্তটি গ্রে'স. ইন থেকে পরিশোধিত।

ফিরে আসার পরেই জনৈক তক্রণ
মুসলিম আইনজীবী হাসান শহীদ
স্থবাবদী সেদিন কলকাতায় ধে
আসনটিতে বিনা বাধায় বসেছিলেন
সেটি কলকাতার ডেপুটি মেয়রের
আসন। থবরটা উল্লেখ্য, কারণ
কলকাতার মেয়র তথন দেশবদ্ধ
চিত্তবঙ্গন দাশ।

'২১ সনে মুসলিম লীগে বোগ দেওয়ার পর এই হাসান সহীদ স্থরাবদীই একমাত্র লীগসেবক বিনি ১৯৪৭ সন পর্যন্ত একাধিকক্রমে বাংলার আইনসভায় অন্ড ছিলেন।

তিনিই আইনসভার একমাত্র সদক্ষ বিনি ১৯৩০ সন থেকে ১৯৪৭ সন পর্যস্ত একাধিকক্রমে বাংলা দেশে মন্ত্রীত্ব করে গেছেন। সেদিন বেসব দপ্তর তিনি চালিয়েছেন ভার মধ্যে আছে—শ্রম, অর্থ, জনস্বাস্থ্য, স্বায়ত্ব-শাসন, গাছ্য এবং অবশেষে প্রধান-মন্ত্রীত্ব।

উল্লেখ্য, ১৩৫০ সনে বাংলা দেশে ষ্থন মধ্যুর—সুরাবর্দী তথন বাংলার

# खुननक विश्वादेन जोह्यादेर

খাভমন্ত্রী এবং ১৯৪৬ সনে ১৬ আগস্ট কলকাতা যথন নাদির শাহের দিলিতে পরিণত, অধুনা করাচীবাসী এই মাছষটিই তথন বাংলার প্রধানমন্ত্রী।

স্বাধীনতার পরে স্থরাবর্দী আরও বহস্তাঘন ব্যক্তিত্ব। সত্যিই তিনি বিচিত্র প্রকৃতির। এখানে তাঁর ক্ষতিখের তালিকায় আছে: কল-কাতায় চার হাজার মাহুষের মৃত্যুর পর গান্ধীজীর পার্যচর হিসেবে শান্তি অভিযান. তিরিশ বছর ভারত বিভাগের জন্ম অবিচ্ছিন্ন সাধনার পর অথণ্ড-বঙ্গ আন্দোলন, কোট-প্যাণ্ট ভ্যাগ করে ধৃতি-চাদরে পূর্ব বাংলার গাঁমে গাঁমে ঘুরে আওয়ামী লীগ গঠন, পূর্ব পাকিস্তানে ক্ষমতা দখল, পশ্চিমে পাঞ্জাবী-পাঠানের সঙ্গে টাগ অব ওয়ার,—মন্ত্রীত্ব, প্রধানমন্ত্রীত্ব, কারাবাস-এক কথায় এক জীবনে সম্ভব-অসম্ভব সব।

আয়ুব ষথন এসেছিলেন ওঁরা তথন বলেছিলেন—স্থরাবদী এবার অক্ত কিছু করবেন। রটে গিয়েছিল—তিনি ফিল্ম তুলবেন।

শুনে অনেকে বিশাসও করে-ছিলেন। কেননা, স্ত্রী নেই। একমাত্র ছেলে বিদেশে। সে অক্সফোর্ডে পড়ে। মেয়ে আক্তার স্থলেমানের বিয়ে হয়ে গেছে অনেক দিন। তার মেয়ে আছে একটি। শাহিদা। গাড়ির মালিক তাকে নিয়েই পাড়ায় ঘোরেন। মদ নয়, সিগারেটটা পর্যন্ত নয়,—নাতনী ছাড়া কোন আকর্ষণ নেই তার। লোকেরা তাই ভেবেছিল—হয়ত তাট সত্য, হয়ত সিনেমাকেই নতুন আকর্ষণ করলেন তিনি।

কিন্তু তাও কি কথনও হয় <sup>7</sup>
সুরাবদী প্রমাণ করলেন জীবন যাব অঙ্কে অঙ্কে নতুন নাটক, সিনেমা বায়স্থোপ তাঁব জ্ঞোনয়।

Se. 2. 62

# স্থসনত, মিখাইন আন্তেভিচ্

যথনই মৃথ থোলেন তথনই থবর। যথনই কলম ধরেন তথনই চাঞ্চল্য।

১৯৪৮: সঙ্গে সেবার বাছা বাছা আরও ত্'জন ছিলেন। ঝানফ এবং মেসেনকফ। কিন্তু কমিনফর্মের সেই সত্য শেবে রটে গিয়েছিল টিটোকে তিনিই তাড়ালেন। কারণ, শোনা যায় আসল থসড়াটা তিনিই লিথেছিলেন।

১৯৫০: একবছরের জন্মে 'প্রাভ-দা'য় প্রধান সম্পাদক করা হয়েছিল ওঁকে। সেবার নাম হয়ে গেল তাঁর— সম্পাদক-আতম্ব। কেননা, কালচার আগু লাইফ' পত্রে রাশিয়ার সমুদ্য সম্পাদককুলকে কাঠগড়ার দাঁড় করিয়েছিলেন তিনি। প্রশ্ন তুলেছিলেন সম্পাদক সমীপেষ্ প্রেরিত চিঠি-গুলো মনোষোগ দিয়ে পড়া হয়না কেন—কেন ?—কেন ?

১৯৫২: সেবার ওঁর যে রচনাটিকে কেন্দ্র করে বিশ্বে চাঞ্চল্য সেটি ছাপা হয়েছিল 'প্রাভদা'য়। তাতে নিথাত রুশ অর্থনীতিবিদ ফেদসেফকে তার ভাষায় আক্রমণ করেছিলেন তিনি। উপলক্ষ্য ছিল একটি বইয়ের ভুল সমালোচনা। বইটির বিষয়বস্থ ছিল যুদ্ধোত্তর রুশ অর্থ নৈতিক পরিকল্পনা। বাইরের জগতের পণ্ডিতেরা সেদিন দেই প্রবন্ধটি থেকেই জেনেছিলেন— ক্রেমলিনের হাল স্থবিধের নয়।

১৯৫৬: রুশ বিপ্লব বার্ষিকী উপলক্ষে সমবেত যুযুৎসবদের উদ্দেশে রাশিয়ার হয়ে তিনিই সেদিন বলেছিলেন—হাঙ্গেরীতে আমরা যা করেছি, তা ঠিকই করেছি। লোকে বলে বুদাপেন্টের পথে সেদিন রুশ দৈশুরা যা করেছিল তা প্রকারান্তরে তারই রচনা। অনেকে তাই নাম দিয়েছে ওঁকে 'বুচার অব বুদাপেন্ট!'

১৯৫৯: সেদিন তিনিই একমাত্র বাশিয়ান, ক্রুশ্চফের আমেরিকা সফরকে যিনি সেদিন প্রকাশ্রে সমালোচনা

# মুসলভ, নিখাইল আন্তেভিচ্

করেছিলেন। বলেছিলেন—চতুরেরা জিতে গেল।

১৯৬২: অবশেষে তাঁরই নৃথে
শোনা গেল কমিউনিজম এবং
ক্যাপিট্যালইজমের সহাবস্থান অসম্ভব।
ভৌগোলিক বা রাজনৈতিক ক্ষেত্রে
নয়, আদর্শ তথ্য মনোজগতে।
কেননা, কশ ছেলেমেয়েরা প্রভাবিত
হচ্ছে— ওরা বথে যাচ্ছে।

নাম মিথাইল আন্ত্রেভিচ্ স্থদলভ।
বয়স—একবটি (জন্ম: ১৯০২)।
হালা অথচ বিরাট চেহারা, চোথে
চশ্মা। কথায় বার্তায় রীতিমত
লাজুক স্থদলভই এখন মঙ্গোর সেরা
তাত্তিক।

পার্টিতে এসেছিলেন '২১ সনে উনিশ বছর বয়সে। কিন্তু এসেই সেই তরুণটি জানিয়েছিলেন তিনি থাকতে এসেছেন। অনেককাল সগৌরবে দল-বাস করতে।

সাত বছর ছিলেন স্টাভরণোদ আঞ্চলিক কমিটির দেকেটারীর আসনে। তারপর '৪১ সনে—ধীরে ধীরে উদিত হয়েছিলেন কেন্দ্রীয় গগনে। কেননা যুদ্ধকালে ককেশাশের পর্বত-কলরে তিনি যে প্রতিরোধ রচনা করেছিলেন সেটা অবহেলা করার মত ছিল না। ওঁরা ওঁকে

# সেন, অশোক কুমার

লিথ্যানিয়ায় পাঠিয়ে দিলেন। লোকে বলে, হাজার হাজার মান্ত্রকে নির্বাসনে পাঠিয়ে স্থসলভ সেথানেও পার্টিকে গৌরবমগুড করেছিলেন।

স্তবাং মস্কোয় ভাক পড়ল।
তরণ স্থানত কেন্দ্রীয় কমিটির একজন
দহকারী সম্পাদক নিযুক্ত হলেন এবং
তাঁরই উপর অর্পিত হল পার্টির প্রচার
দপ্তরের ভার। স্থানত সেই থেকেই
ক্রেমলিনে স্থাপ্ট ব্যক্তিত।

'৫২ সনে কেন্দ্রীয় কমিটির প্রেসিভিয়ামে স্থান হল তাঁর। সদস্থ হিসেবে স্থসলভ তথন দেখানে সর্ব কনিষ্ঠ। তৎসত্ত্বেও স্থসলভ তথন— ক্রশ সরকারের প্রেসিভিয়ামেও সদস্য। সেথানে তিনি তথন মস্কো রাজ্যস্থ 'প্রাভদা'র ছাপাথানা কমীদের প্রতিনিধি।

স্তালিনের মৃত্যুর পরে হঠাৎ
থাতির কমে গেল। কিন্তু দেনের জন্মেই। স্থানত এখন আবার
ক্রম দেশে অক্সতম ক্রমতাবান পুরুষ।
আমেরিকার সেই পদগুলো ছাড়াও
তিনি রাশিয়ার ফরেন এফেয়ার্স
কমিটির চেয়ারম্যান, পার্টির বৈদেশিক
দপ্তরের কর্তা এবং তত্পরি সেই—
সহকারী সম্পাদকগিরি।

তবে-এহো বাহু। আদল কথা

বেথানেই পুঁথি পুস্তক, কাগন্ধ কলমের ব্যাপার দেথানেই আদ স্থানত। তা লি শাউ চি'র উত্তর দেওয়াই হোক, বেক্সওয়াদার থস্ডা পড়াই হোক, স্তালিনের বইয়ের ভূমিকাই হোক, আর পলিসি ব্যাপারে স্থায় ক্রুশ্চম্বের রিপোর্টই হোক। উল্লেথযোগ্য, গেল বছরে মস্কোকংগ্রেমে যে ঐতিহাসিক কার্যস্কীটি গৃহীত হয় স্থানতই ছিলেন তার প্রধান সম্পাদক। ৮.২.৬২

#### সেন, অশোক কুমার

'৫৬ সনের শীতকাল। তথন
সন্ধাা। উত্তর কলকাতায় একটা পথে
দাভিয়ে দাভিয়ে মিছিল দেথছিলাম।
স্থলের ছেলেতে তৈরী অগোছাল
শোভাষাত্রা। ম্থে—ভোট ফর ··!
ভোট ফর···।'

কে একজন হাতে একখানা কাগজ গুঁজে দিয়ে গেল। ল্যাম্প-পোস্ট-এর নীচে দাঁড়িয়ে খুললাম। তার শেষ ছটি লাইন—"সমাজ সেবার ইচ্ছা, শক্তি এবং পরিকল্পনা আর ক'জনের আছে ? লোকসভায় তাঁকে নির্বাচিত করে আমরা নিজেদেরই শক্তিশালী করব, সর্বদা কাছে যাওয়া যায় এমন একজন বন্ধুকেই নির্বাচিত করব।"

ক্তরাং—'ভোট ফর…!' '—ভোট কর…।' এবার আর একটা লরী গেল।
ভারতের বর্তমান আইনমন্ত্রী
তৎকালে বিতীয়বারের মত লোকসভার কংগ্রেসপ্রার্থী শ্রীশ্রশোক সেনের
সেই অন্তপৃষ্ঠাব্যাপী (ভবল ডিমাই,
পাইকা) সচিত্র জীবনীটি এখনও
আমার কাছে আছে। কিন্তু সে
কথাও পরে। তার আগে এবার্ও
কিঞ্চিৎ পূর্বকথা।

অশোক সেন বাঙ্গালী। তাঁর জন্ম—বাংলাদেশে। তবে বঙ্গীয় কলিঙ্গে। অর্থাৎ—পূর্বক্রে। শিক্ষা—ঢাকা, কলকাতা এবং লগুনে। কলকাতা বিশ্ববিচ্চালয়ের ইকনমিক্স্-এর এম-এ ('৩৫) অশোকবার লগুন স্থল অব ইকনমিকস্এর এম-এসসি ('৩৯) এবং গ্রেস ইন-এর ব্যারিস্টার।

কর্মজীবন স্থক হয়েছিল তাঁর
অধ্যাপনা দিয়ে। সিটি কলেজে
কমার্শিয়াল ল' পড়ানোর কাজ দিয়ে।
('৪৩) মাসে মাইনে ছিল একশ'।
শেষ হল,—হাইকোটে ('৫৬)। বছরে
এক লক্ষ টাকা আয়কর দিয়ে।
হাইকোটে যোগ দেন তিনি '৪১ সনে,
ত্যাগ করেন—'৫৬ সনে। স্বাধীন
বাবসা ছাড়াও পশ্চিমবঙ্গ সরকারের
'জ্বনিয়ার স্ট্যাণ্ডিং কৌব্দিল' এবং

'কালিকাটা ল' জার্নাল-এর সম্পাদক হিসেবেও ষথেষ্ট স্থনাম অর্জন করেন তিনি।

উত্তর কলিকাতার ষথন ওরা হাওঁবিল বিলি করছে অশোক দেন তথন স্থাত পুরুষ। মাস্টাররা বলে—ওর মত ছাত্র হয়না। ছাত্ররা বলে—ওর মত মাস্টার হয়না, (দেন কৃত 'হাও বুক অব কমার্সিয়াল ল' এখনও কলেজে কলেজে জনপ্রিয় বই) হাইকোট বলে—ওর মত চৌকশ ব্যারিস্টার হয়না। এবং বোধ হয় দিল্লী বলে—বঙ্গদেশে ওর মত মন্ত্রী পাওয়া হায় না।

শ্রী দেনের বয়স পঞ্চাশের নীচে,
( অর্থাৎ সেদিনের স্থামাপ্রসাদের
অনেক নীচে ) স্বাস্থ্য বাল্যের মুক্তর
ভাজার ফলে ( তিনি নিয়মিত ভাবে
ব্যায়াম করতেন ) মজবুত ভিতে এবং
মতামত প্রগতির দিকে।

ক্র জীবনীটিতেই পড়েছি— অংশাক সেন চৌদ্দ বছর বয়স থেকে— রাজনৈতিক। সেকালের অনেক বিপ্লবীর সঙ্গে সম্পর্ক ছিল তাঁর।

লণ্ডন স্থল অব ইকনমিকস্-এর সোস্থালিস্ট দল একদিন তরুণ ভারতীয় দেনকে তাঁদের সভাপতির আসনে বসিয়েছিলেন। ল্যাফি,

### সেন, প্রকুর চন্দ্র

বেজিয়াও সোরেন দেন এবং কৃষ্ণমেনন—তাঁকে আদর করে কাছে
ডেকেছিলেন রাজনীতি ক্ষেত্রে আজ
তাঁর নৃতন ভূমিকা। কে জানে তা
তাঁকে বাংলা দেশের হৃদয়ের আরও
কাছে টেনে নিচ্ছে, না দূরে ঠেলে
দিচ্ছে ?

#### সেন, প্রফুল্লচন্দ্র

- আরামবাগে আমি কথনও যাই-নি। খুলনার সেনহাটিতে যাওয়ার দৌভাগ্যও আমার হয়নি। কিন্তু রাজধানীর থবর জানি নির্দিধায় তাই বলতে পারি এথানে, এই কলকাতা শহরে প্রতি পল্লীতে কম পক্ষে দশজন করে নানা বয়সের মাতৃষ আছেন, যাঁরা ওঁকে ব্যক্তিগতভাবে চেনেন. এবং দৌজন্ত নয়, আন্তরিকভাবেই নিজেদের 'দাদা' বলে ডাকেন, বিখাস করেন। জানিনা, অগ্য কোন রাজ্যে, অন্ত কোন 'মৃথ্যমন্ত্ৰী' এত মুখে এ ভাক কথনও ভনেছেন কিনা, শোনেন কিনা। শুধু এইটুকুই জানি, রাজ-ধানীতে তিনি স্থচনা থেকেই— 'প্रফুলদা'!

আরামবাগে নাম ছিল তাঁর—
'আরামবাগের গান্ধী'। অথচ আশ্চর্য
এই, জন্ম তাঁর হুগলীর আরামবাগে

নয়, য়ঢ়য় বিহারে শাহাবাদ জেলায়
একটি গাঁয়ে, য়য়তে য়য়তে সেখানেই
এসে ১৮৯৭ সনের একদিন, এ বালকের
জয়দিনে ছাউনি ফেলেছিলেন য়ুলনায়
সেনহাটি গ্রামের বিখ্যাত ইঞ্জিনীয়ায়
য়র্গত নেপালচন্দ্র সেন। লেথাপড়াও
ওঁর প্রধানত সেইদিকেই, বাংলার
বাইরে। শাসারাম, বক্সার এবং
অবশেষে দেওঘরের আর. কে. মিত্র
ইনষ্টিটিউসনে। প্রফুলচন্দ্র সেথান
থেকেই এনট্রান্স পাশ করেছিলেন।
১৯১৮ সনে ফিজিক্সে অনার্স সহ
বি. এস. সি ডিগ্রী নিয়েছিলেন য়টিশ
চার্চ কলেজ থেকে।

ছাত্র তাল ছিলেন,—স্থতরাং কর্মজীবনে অনেক 'প্রত্যাশা' ছিল। সেই
আশাতেই ইনকর্পোরেটেড একাউক্টেন্সির একটি ফার্মে শিক্ষানবীশ হয়ে
চুকেছিলেন। মনে মনে আশা,
আচরেই বিলাত যাব। কেননা,
বিধিব্যবস্থা সব সম্পূর্ণ। এমন কি
পকেটে পাশপোর্টটি পর্যন্ত তৈরী।
কিন্তু আশ্রুর, তবুও যাওরা হল না।
কেননা, সেটা ১৯২১ সন, এবং দেশে
আবিভূতি হয়েছেন গান্ধী, তিনি
তরুণদের ডাকছেন।

স্তরাং, পাশপোর্ট ছুঁড়ে ফেলে দিয়ে ভবিশ্বতের চার্টার্ড একাউণ্টেণ্ট 'আরামবাগের গান্ধী' হলেন। তারকে-খরের বক্সার সেবাকার্য করতে এসে সেই যে তিনি হুগলীতে এলেন আর ঘরে ফেরা হলনা তাঁর। তিনি আরামবাগেই রয়ে গেলেন।

দফায় দফায় জেলে খেতে হয়েছে. দাকুল্যে প্রায় সাড়ে এগার বছরই কাটাতে হয়েছে সেথানে, কিন্তু যথনই তিনি মুক্ত তথনই তিনি হুগলীতে। কথনও তিনি ম্যালেরিয়া আর কালা-জ্বের বিরুদ্ধে সংগ্রামে স্থনামধ্য সমাজ্ঞসেবী এবং চিকিৎসক ডা: আশুতোষ দাদের পার্যচর, কথনও জাতীয় বিস্থালয় 'হুগলী বিস্থামন্দিরের' গুরুমশাই, শিক্ষক; কথনও তিনি বিখ্যাত 'দাগর কৃঠি'র প্রতিষ্ঠাতা (এই বাড়ীটি ইংরেজরা থানায় রূপা-স্থরিত করে একদা ওঁকে জব্দ করতে চেয়েছিলেন।) কথনও বা সেটেলমেণ্ট আন্দোলনের নায়ক। বাংলায় প্রানো নায়ক প্রফুল্লচন্দ্র। জেলা বা প্রাদেশিক কংগ্রেসের কথা অবাস্তর। '৩০ সনে তিনিই ছিলেন বাংলার 'আইন পরিষদের' সভাপতি। সেনগুপ্ত. সতীশ দাশগুপ্ত এবং ডাঃ ইন্দ্রনারায়ণ দেনগুপ্তের পর চতুর্থ সভাপতি। গণ-পরিবদেও সদস্য নির্বাচিত হয়েছিলেন তিনি। তবে 'গান্ধী' হয়েছেন তিনি, বলা নিশ্রয়োজন, অন্য কারণে—চরিত্র বলে। শোনা যায়, প্রফুলচক্র সেদিনের মশার দেশ আরামবাগে রাত কাটা-তেন গায়ে কেরোসিন তেল মেথে। কেননা, গরীবের গাঁ,—'গান্ধী' মশারি খাটাবেন কোনু যুক্তিতে!

রাইটার্স বিল্ডিংস-এ ১৯৪৮ সনের গোড়া থেকে গড়ে চৌদ ঘণ্টার দিন কাটাচ্ছেন যে মাহ্রুষটি তারও সে-ই একই রপ। রাজধানীতে তিনি 'মন্ত্রী' নন,—'দাদা'। ঠিকানা তার—রাজ ভবন। কিন্তু গুপুরে সেগানে ভোজের আসরে রাজ্যের যত 'প্রজা'! উনি অনেককে নিয়ে বদে থেতে ভাল-বাসেন।

বছকাল 'থাদ্যমন্ত্রী' বলেই বলছি।
পশ্চিম বাংলার বিথাতে থাদ্যমন্ত্রী
প্রফুল্ল দেন সভািই ভাত থান কম,
প্রিয় থাদ্য তাঁর ক' টুকরো কটি।
তারপর মাংস হলে উত্তম, না হলেও
ক্ষতি নেই। ফলের মধ্যে সবচেয়ে
প্রিয় তাঁর আম।

এক কথায় অনেকের সংক্রই
জীবনাচারে মিল নেই তার। প্রযুদ্ধচন্দ্র দত্যিই স্বতন্ত্র ব্যক্তিত্ব, ভিন্ন ধরণের
পুরুষ। অনেকেই জানেনা থাদির
আন্তরণের নীচে তার বাঁ হাতটা
ভাঙ্গা। কারণ জিক্তেন করণে—

#### তেন, বিনয়রঞ্জন

হেসে উত্তর দেবেন তিনি—'হকি'।

যদি জিজ্ঞেদ করেন—দবচেয়ে কোন্

বই পড়তে বেশী ভালবাদেন আপনি ?

বিজ্ঞানের ছাত্র অমনি উত্তর দেবেন—
'দর্শন! — তারপরই স্ট্যাটিটিক্য!'

যদি জানতে চান বাংলার পর কোন্
ভাষা সবচেয়ে ভাল বলতে পারেন
আপনি ? উত্তর পাবেন—'হিন্দি!'

৫. ৭. ৬২

#### সেন, বিনয়রঞ্জন

সভান্তল চিল-রোম। শ্রোতার আসনে ছিল পৃথিবীর সাতাত্তরটি দেশ। প্রধান অতিথি হিসাবে সেদিন উপস্থিত ছিলেন হু'জন। একজন তাঁদের অষ্টাদশ শতকের বিথাত যাজক স্থৰ্গত ম্যাল্থাস, স্বয়জন এই শতকের অহাতম জ্ঞানী আর্নক ট্রেন্ব। ম্যাল্থাসের ক্থাটাকেই বললেন টয়েনবি: হোক, কাল হোক আমাদের থাদ্য উৎপাদন প্রচেষ্টা একদিন চরম সীমায় পৌছাবে। এবং মাহ্রষ যদি আজকের হারে বেড়েই চলে, তবে হর্ভিক মহা-মারী এবং যুদ্ধ একধোগে যা একদিন করেছে, সেদিন একা মম্বস্তরকে তাই হবে।' সাভাত্তরটা করতে একসঙ্গে হাততালি দিয়ে সমর্থন জানালেন তাঁকে।

দেশৰ মিলিয়ে বেভে না বেভে
শোনা গেল কে একজন বলছেন—
'আমি বিশ্বাস করি না একথা। আমি
বিশ্বাস করি না ময়স্তর পৃথিবীর
মান্নবের অনিবার্য ভবিশ্বং। আমাদের
সামনে বোধ হয় এথনও অনেক পথ
রয়েছে।'

যিনি সাভাত্তরটি দেশকে চমকিত করে নিশ্চিত গলায় এমন একটি আশাবাদী বাকা উচ্চারণ করলেন তিনি মেদিনীপুরের একজন ভূতপূর্ব জেলাশাসক। বিশ্ব খাদা ও কৃষি সংস্থার সেই বিরাট বাজীটায় সেদিন তিনি যে আসনটি থেকে কথাগুলো বলচিলেন সেটি সকলের <del>ও</del>পরে। তিনি '৫৬ সনের পর দ্বিতীয় দকায় নিৰ্বাচিত এফ. এ. ও-র ডাই-রেক্টার জেনারেল। নাম--- শ্রীবিনয়-রঞ্জন সেন। ডাইরেক্টার **জেনারে**ল ঘোষণা করলেন—'আজ থেকে কুধার বিক্তম আমাদের সংগ্রাম। কতদিন লাগবে বলতে পারি না, কিন্তু একদিন যে আমরা বিজয়ী হব এবিষয়ে আমি নিশ্চিত। আহ্বন, আর কালকেপ না করে আমরা যুদ্ধে নেমে পড়ি।

পৃথিবীকে নিয়ে যুদ্ধে নেমেছেন ভারতের সন্তান শ্রীবিনয়রঞ্জন। ডাঃ কে. এম. সেনের পুত্র বিনয়রঞ্জনের

#### সেনানায়ক, ডাডলে সেলটন

জীবনে স্বাচ্ছন্দ্যের অভাব ছিল না। কলিকাতা এবং অক্সফোর্ডে পড়া তিনি দেকেলে আই. সি. এস। স্বভাবতই চাকুরী জীবনেও প্রথম থেকেই তিনি প্রথম শ্রেণীতে। তবুও কৃধা এবং তাৰ কাৰণ সম্পর্কে তাঁৰ জ্ঞান যত প্রত্যক্ষ তেমন বোধ হয় 'ফাও' এর ঐ বাডীটায় আর কারও নয়। কেননা, বিন্যবঞ্জন বাংলাদেশের মাক্ষ। এবং তার কর্মজীবনের পনের কেটেছে ভারতে। তাও প্রধানত সমস্থাবতল থাদ্যদপরে। ভারতের '৩১ সনে তার কর্মজীবন শুরু হয়েছিল বাংলা সরকারের রাজনৈতিক বিভা-গের সেক্রেটারীর পদে। এবিভাগ দে বিভাগ ছাড়াও কিছুদিন ( '৩৭---<sup>2</sup>৪০) তিনি মেদিনীপুরে শাসকের কাজ করেছেন। পঞ্চাশের মন্তবের সময় বাংলার রিলিফ কমিশনারও করা হয়েছিল তাঁকে। অবশেষে '৪৩ সনে কেন্দ্রীয় দপ্তরে ডাক পড়ল তাঁর। এীযুক্ত দেন ভারতের খাদ্য বিভাগের ডিরেক্টার জেনারেল নিযুক্ত হলেন। '৪৬ সনে তাঁকে করা হয়—কেন্দ্রীয় খাগুদপ্রের সেকেটারী। এর পর ভারত স্বাধীন হল এবং সঙ্গে সঙ্গে শ্রীসেনের দায়িত দপ্তরান্তরিত হল। '৫০ সন অবধি তাঁকে কাটাতে হল ওয়াশিংটনে ভারতীয় দৃতাবাদের মন্ত্রী হিদেবে. পরের বছর ইটালী এবং যুগোলা-ভিয়ায় ভারতের রাষ্ট্রদৃত, তার পরের বছর কিছুদিনের ('৫১-৫২) জন্মে আবার আমেরিকায় রাষ্ট্রদৃত। ক'বছর পরে ('ee-'e৬) জাপানে। এ-ছাড়াও সমিলিত জাতিপুঞ্(নিরাপকা পরিষদ সহ) ভারতীয় প্রতিনিধি হিসাবে---শ্রীদেন বাইরের পৃথিবীডে 'ডিপ্লোম্যাট' হিসাবেই খ্যাত। কিছ '৫৬ সন থেকে 'ফাও'-এর ভাইরেক্টর জেনারেলের অন্য পরিচয়গুলো মামূলী নয় তার পুননিবাচনে তাই প্রমাণিত হল। 90. 8. 90

# সেনানায়ক, ভাতলে সেলটন

বাজার ছেলে রাজা হয়। তাই বলে, মন্ত্রীর ছেলে মন্ত্রী? সেকালে হয়ত তাও হত। কিন্তু একালে এমন পিতৃতাগ্য পুত্র সত্যিই হুর্লন্ড। সিংহলের নবনিষ্ক্ত প্রধানমন্ত্রী দ্রী ডাডলে সেনানায়ক সেদিক থেকে হুর্লন্ডম। কেননা, তিনি প্রধান-মন্ত্রীর পুত্র প্রধানমন্ত্রী।

সিংহলের ভৃতপূর্ব প্রধানমন্ত্রী ক্রর ভন স্ত্রীফেন সেনানায়ক ছিলেন বনেদী রাজনীতিক। সম্পন্নও। পুত্র

#### সোমান, বি. এস.

ভাভলেকে তাই রাজনীতিতে নামাবার আগে তিনি 'কোয়ালিফায়েড' করিয়ে এনেছিলেন বিলেত পাঠিয়ে। ডাডলে কেমিজের ছাত্র এবং মিডল টেম্পল-এর ব্যারিস্টার। স্বদেশে ব্যারিস্টার হিসাবেই তাঁর আদি থাাতি। অত:পর স্বায়ন্তশাসন অধিকারের স্থযোগে প্রথমে '৩৬ সনে রাজ্য কাউন্দিল এবং '৪৭ সনে কেন্দ্রীয় পরিষদ তথা মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী তখন-পিতা। পুত্র কৃষি এবং ভমিমন্ত্রী। ডাডলে নিজেও প্রধানমন্ত্রী হয়েছিলেন আর একবার। সে '৫২ সনের কথা। একটা বছর নিরাপদেই কাটল। '« S সনের নির্বাচনে লকাকাও হয়ে গেল সিংহলে। ইউ-নাইটেড ক্যাশনাল পার্টি তলিয়ে গেল। আসরে দেখা দিলেন নতুন নায়ক। সলোমন বন্দেরনায়ক।

বন্দেরনায়কহীন লক্ষাধীপে এবার জাবার ফিরে এসেছে ইউনাইটেড ক্যাশনাল পার্টি এবং তৎসহ শ্রী ডাডলে সেলটন সেনানায়ক এবং দক্ষিণপস্থা। মধ্যপন্থার পথিক ভারতের পক্ষে সংবাদটা উদ্বেগজনক না হলেও বোধ হয় উৎফুলকর নয়। কেননা, সিংহলে প্রায় সাড়ে আট লক্ষ্

মাতৃভাষা তামিল দম্পর্কে শ্রী ডাডলে ম্পষ্টতই তত উদার নন।

উপসংহারে সিংহলের ভবিয়ৎ প্রধানমন্ত্রী সম্পর্কে একটি ভবিয়্রদাণী। ডন সেনানায়কের পুত্র প্রধানমন্ত্রী হয়েছেন। জেনে রাখুন, ডাডলের উত্তর-পুরুষদের ভাগ্যে এ সম্মান এখানেই শেষ।—কেন ? কারণ, উনপঞ্চাশ বছর বয়য় শ্রী ডাডলে সেনানায়ক এখনও অক্বতদার। এবং তাঁর বরুরা বলেন, ভবিয়তেও তিনি তাই থাকতে বন্ধপরিকর! ২৬.৩.৬৬

[ ১৯৬৫ সনের…মার্চের নির্বাচনে সিংহলে শ্রীমতী বন্দরনায়েকের দল পরাজিত হন এবং সেনানায়ক আবার ক্ষমতায় ফিরে আসেন।]

# সোমান, বি. এস. (ভাইস-এডমিরাল )

দে প্রায় তিরিশ বছর আগের
কথা। সিন্ধিয়ারের একটি জাহাজ
নোঙর করেছে রেগুনে। থোলে মাল
উঠছে। সিঁড়ির মাধায় দাঁড়িয়ে
একটি তরুণ নাবিক তারই তদারকী
করছে। হঠাৎ শ্রমিকদের মধ্যে
সবচেরে বণ্ডামার্কা বেটি সে আদার
ধরে বসল—"সাহেব আমি বিড়ি

'সাহেব' ওরকে ভারতীর নাবিক বেচারা মহা বিপদে পড়ে গেলেন। বিদেশ বিভূঁরে তিনি এই প্রথম কিনা! তত্পরি মনে মনে তুলনা করে দেখা গেল—দানবের মত ঐ বার্মিজ প্রমিকের সামনে ছাটে-কোটে তাঁর এই পাঁচ ফুট শরীরটা একটা কাঠের বাক্সের মতও হবেনা। অথচ এটাও ঠিক লোকটা যা গোঁ ধরেছে সে আইনভঙ্গ না করে ছাড়বে না! স্তর্গাং উপায়?

হঠাৎ একটা বৃদ্ধি এল মাথায়। তরতর করে সিঁডি বেয়ে নীচে নেমে গেলেন নাবিকটি। তারপর এদিক-ওদিক তাকিয়ে সেই প্রমিকটিকেই কানে কানে জিজ্ঞেদ করলেন—ভোমার কাছে দেশলাই আছে কি? থেন থাকলে তু'জনে এক সক্ষেই জাহাজের थाल धूमभान कत्रत्न। भद्रम বিশ্বাদে বেচারা দেশলাইটি বের করে দিল, সঙ্গে সঙ্গে 'সাহেব' উধাও। তরতর করে সিঁডি বেয়ে তিনি আবার ডেকের প্রপরে। নীচে ভভক্ষ। ব্যাপারটা বুঝে ওরা হেসেই **অছির, এবার আর কারও গোঁ নেই!** সেই ভক্ৰ নাবিকটিই **আজ** ভারতের প্রধান নৌ-সেনাপতি।

বিশেষ করে, ভাস্কর সদাশিব সোমান নামে মাহ্যটি চিরকালই ভীক্ষধী, চিরকালই—হাক্তরসিক।

বিখ্যাত হয়েছেন ভিসেশবের সেই
রোববারে রাতে যেদিন মালাবার
উপক্লের দায়িত্ব ছিল 'আই-এন-এশমহীশৃর' নামে জাহাজটির ভেকে
দণ্ডায়মান এই অকুতোভয় নাবিকটির
হাতে। পরদিন সকালে অঞ্জীপে
অবতরণের সঙ্গে সঙ্গেল গোটা ভারত
জেনেছিল—যে 'মহীশৃর' 'আলব্কার্ক'কে ঘায়েল করেছে, যে 'মহীশৃর'
অঞ্জীপে ভারতের পতাকা উভোলন
করেছে তার পরিচালক ছিলেন যিনি
নাম তাঁর রিয়াল-ভ্যাভমিরাল সোমান।

দক্ষিণের সম্ভান। নৌ-বাহিনীতে
আছেন ১৯৩২ সন থেকে, তথন
তিনি বিখ্যাত 'ভাফরিনের' ডেকে
ভেকে হাত পাকিয়েছেন বিলেতে।
তবে 'ক্যাপ্টেন' হয়েছেন জনেক পরে,
খাধীনভার বছরে। ভারপর নানা
গুরুত্বপূর্ণ পদে জনেকদিন নৌ-বাহিনীর
সদর দপ্তরে কাটিয়ে '৪৯ সনে সোমান
আবার ফিরে এসেছিলেন জলে।
ভিনি তথন 'আই এন এস-বম্না'র
কমাগ্রিং অফিসার। গোরার সমরের
কমাভোর-ইন-চার্জ কোচিন এবং
বোধাই।

পদোন্নতি সম্প্রতি হয়েছে বটে, কিন্ত

# লোভয়া কুমা, প্রিক

১৯৫৮ সন থেকে বিয়ার-অ্যাডমিরাল, গোরার বীর সেনানী সোমান
এবার সৈনিকের জীবনের শ্রেষ্ঠতম
পুরস্কারে সম্মানিত হয়েছেন, তিনি
এখন—'ভারতের চীফ অব নেভেল
স্টাফ।'

কিছ লিজ্ঞাস করলে এখনও তিনি হেসে উত্তর দেন,—জীবনে তাঁর সবচেয়ে বড় কামনার ধন— দরিয়া, জল।—তবে সেই জলের নামটি কিছ 'মাতৃড্মি' হওয়া চাই!

٩. ७. ७२

# সোভয়া কুমা, প্রিক

. লক্ষ লক্ষ বছর আগেকার কথা।
দেবরাক্ষ এক দৃত পাঠিয়েছিলেন সেই
দেশে। হাতে ছিল তাঁর অভ্যুত
গড়নের একটি কুমড়ো। টকটকে
লাল একটি গরম শলা দিয়ে সেই
কুমড়ো ভালা হল। তাতেই এই
আতিটি জ্বাল।

আছুত জাতি। অছুত দেশ।
নাম—লাওস। ইদানীংকার পরিচয়
—'ল্যাণ্ড অব কেওল!'

ছোট দেশ। আয়তন ইংলণ্ডের
মত ( > ) হাজার বর্গমাইল )।
আরুতি—ম্যাপের ওপর দেখতে
অনেকটা দাবেকি ধরনের পিতলের

মত। আর লোকসংখ্যা? সঠিক কত কেউ জানে না (অনুমান ২০ লক)। কেননা, যদিও ফরাসীর ওদেশে রাজত্ব করে গেছে একষ্ট্র বছর, তবুও মাধাগুনতির জন্তে সময় পায়নি একটি দিন। স্বভাবতই সুন কলেজ খোলার প্রশ্নই ওঠে না। শোনা যায়, প্রথম পঞ্চাশ বছরের রাজত্বে ওঁরা গ্রাজুয়েট বানিয়েছিলেন মাত্র একষ্টি জন। স্থতরাং যদিও ছ'পা চলতে না চলতে পাহাড় এমে সামনে দাঁড়ায়, তবুও এখনও নাকি শতকরা নক্ষ্ট জন লাওসবাসীর বিখাদ পৃথিবীটা গোল নয়, সমান ;---এবং গোটা ছনিয়াটাই লাওমীয়ানে ভৰ্তি।

শুধু অশিকা আর অহ্থের দেশ
নয়, গরীবের দেশ। সম্পদের মধ্যে
কিছু টিন, বেঞ্জিন আর আফিষ।
বলতে গেলে লাওস-এর বহির্বাণিজ্যে
শেষেরটিই সব। তবে গেল বছর
সবচেয়ে বেশি আয় করেছে বা সে—
লাওস-এর থবর, নিউজ। শোনা
বার, গেল বছর এ বাবদে প্রায় ভিন
লক্ষ ভলার উপার্জন করেছে লাওস-এর
ভার-ঘর!

গরীবের দেশ। খবর বেচে খার। ভাইরে ভাইরে লড়াই করে খবর

# নোজা সুমা, প্রিক

বানার। কিন্তু আশ্চর্য এই, সে ধবরের দীর্ষে শীর্ষে যুবরাজ—প্রিজ। কেননা, লাওস শত শত বছরের পুরানো রাজতন্ত্রের দেশ। এবং এই সেদিন অবধিও ওদেশের রাজারা ছিলেন বিশ্বখ্যাত বহুচারী! স্বভাবতই লাওসের ঘরে ঘরে আজ অগণিত যুবরাজ, প্রিজ। কেউ তাদের আজ দৌবারিক, কেউ গবর্ণর, কেউ কেরানী, কেউ বা আবার সত্যিই প্রিজ।

অস্ততঃ, 'কেওস'-এর লাওস-এ অস্ততম শী<sup>র</sup> সংবাদ প্রিক্স সৌভরা মুমা একদিন তাই ছিলেন।

ঠিক রাজপ্রাসাদে না হলেও জন্ম রাজ পরিবারে। রাজার নিকট-আত্মীর। বাবাও এক ধরনের রাজা, সামস্ক।

স্ত্রাং, টাকার অভাব হল না।
এবং সোভাগ্যবশত: উদ্বোগীও পাওয়া
গেল। ফরাসীদের পরামর্শে সোভয়া
( Souvanna ) আর সোফাছভং
( Souphanouvong ) ছই ভাইকে
একসঙ্গে প্যারিসে পাঠিয়ে দিলেন
বাবা। উদ্দেশ্ত: আধুনিকতা অর্জন।
ব্যাসময়ে ছই তক্ষণ প্যারিসে
এলেন। ছই বৈমাত্রের ভাই।
বিয়সেও ছ' জনের মধ্যে অনেক

ভফাৎ। (একজন এখন উনবাট,
অক্তজন আটচলিশ), কিছ ছ' জনের
মধ্যে ভীষণ মিল। হুডরাং ভর্ডিও
হলেন হ'জন একই ক্লাসে, সিভিল
ইঞ্জনীয়াবিং-এ।

ফিরে আসার পর দেখা গেল ভাল নম্বর পেরে ওঁরা পাকা ইঞ্জিনীয়ার হয়ে এসেছেন বটে, কিন্তু কারও মতিই যেন সেদিকে নয়। ত্'লনেরই নেশা যেন অক্ত কিছু,—রাজনীতি।

বড় ভাই সৌভন্না রাজধানীবাদী হলেন। ভিনি রাজকর্মচারী। ভবে কাজের চেয়ে তাঁর বেশি সমন্ন বান্ন চিস্তায়। ফরাদী দেশ থেকে শিথে আসা অধীনভার ভাবনার।

এই ভাবনাতেই একদিন (১৯৪০)

যুবরাজ সোভরা ফুমা খদেশে গড়ে
তুললেন বিখ্যাত 'লাওইলারাক আন্দোলন'। ভিনি দেশকে ফরাসী কবল থেকে মুক্ত করতে চান। ভাই সোফাহুভং তার অক্সভম সমর্থক,— সহচর।

যুদ্ধ জাপানীদের হাতে চলে গেল ফরাসীদের লাওস। নতুন 'জাতীয় মত্রিসভা' গড়ে উঠল সৌভরার নেতৃত্বে। কিছু দেনের জন্তু।

'৪৬ সনে আবার কিরে এল

# करे, द्वाः महित्कन

ফরাসীরা। সৌভরা দেশত্যাগ করলেন। সঙ্গে সংক্ ভাইও। এবার তাঁদের কর্মক্রে—কংখাডিয়া।

'৪৯ সনে স্বাধীনতা ঘোষণার পর স্বদেশে ফিরে এলেন বড় ভাই সৌভরা। কিছ অফুচরদের নিয়ে পেছনে রয়ে গেলেন কনিষ্ঠ সৌফাফুডং। ডিনি আজ্ঞ অন্য পথের পথিক।

পথিক সেজেছেন সৌভন্নাও।
ঘটনা বিপর্যয়ে লাওস-এর প্রধানমন্ত্রী
আজ আবার দেশত্যাগী। আবার
তিনি কম্বোভিয়ার অতিথি। কেননা,
তাঁর দেশ আজ ফরাসী মৃক্ত হয়েও
নানা বড়বন্ধ কবলিত। যন্ত্রণা ক্রমেই
আরও তীত্র, কারণ রাজ্যহারা হলেও
সৌভন্না এখনও মধ্যপথের পথিক।
তিনি এখনও—নিরপেক।

নিরপেক দেশের রাষ্ট্রনায়ক সোজনা নিরপেক দেশ ভারতে এসেছেন। বলা বাছল্য, শুধু '৫৪ সনের সেই জেনেভা সম্মেলনে অংশীদার হিসেবেই নয়, সহযোগী এবং প্রতিবেশী হিসেবেও তাঁর প্রতি ভারতের কর্তব্য অনেক। ২৩.৩.৬১

# चने. द्यः गारेदकन

পাশগোর্ট আর ভিসা নিরে এত আমেলা বোধহয় আর কেউ কোনদিন পোহান নি। স্থল্য ১৯৪৭ সনের
কথা। সেবার দক্ষিণ-আজিকা
সরকার কিছুতেই ওঁকে দেশের বাইরে
যেতে দেবেন না। ডঃ মালান রাদি
হলেন তো আমেরিকা নারাজ। ওঁরা
এহেন মাছ্মকে সঞ্জানে নিজেদের
দেশে চুকতে দিতে পারেন না। শেবে
আসরে নামলেন ওয়াশিংটনছ ভারতীয়
দ্তাবাস। তাঁরা ধরে পড়লেন।
সগর্বে জানালেন—বিদেশী এবং বাস
দক্ষিণ-আফ্রিকায় বটে, কিছ্ক—উনি
আমাদেরই লোক! স্থতরাং আর
উপায় কি ? ভিসা মঞ্জুর হল—তিনি
'যুনো'য় অবতীর্ণ হলেন।

পরের বছর আবার ঝামেলা।
মালান সরকার সেবার আরও কড়া।
ফতরাং দেবার আর পাশপোর্ট হলনা। তিনি গোপনে রোডেসিয়ার
পালিয়ে গেলেন। দেখান থেকে নিউইয়র্ক, লেক সাকসেন, হেগ,—'য়ৢনো',
ইন্টারক্যাশনাল কোর্ট অব জান্তিন।
দক্ষিণ-আফ্রিকা সরকার ঘোষণা
করলেন—তিনি 'প্রহিবিটেড ইনহেবিট্যান্ট'—দেশে ফেরার আর কোন
অধিকার নেই তার। ফ্তরাং, এবার
তিনি এনে অবতরণ করলেন নিয়াসাল্যাণ্ড। তথন সেন্ট্রাল আফ্রিকা
ফেডারেশন গড়ার ভোড়জোড় চলছে

দেখানে। তিনি তৎক্ষণাৎ তাতে
নিজেকে জড়িরে ফেললেন। কেননা,
তার মনে হচ্ছে ফেডারেশন অণ্ডভ,
অলায়। স্থভরাং বাধ্য হয়ে বৃটিশ
সরকারকেও আপন দেশওয়ালার
ভিসায় হাত দিতে হল। তাঁরা
তিকে পাকড়াও করে তৎক্ষণাৎ দেশে
পাঠিয়ে দিলেন। চতুর্দিকে বিশুর
হট্টগোল হল, কিছু কলোনিয়াল
কর্তৃপক্ষ তা কানে তুললেন না।
কিছুতেই তাঁরা রক্ত আর রাজত্ব এক
বস্তুবলে মানতে রাজী হলেন না।

এসব ১৯৫৩ সনের মে মাসের
কথা। রেভারেও মাইকেল স্কট সেই
থেকে স্বদেশেই আছেন। তাঁর স্থায়ী
ঠিকানা: আফ্রিকান ব্যুরো, লওন।
কিন্তু আশ্চর্য এই, পাল্রী সাহেবের
পাশপোর্ট আর ভিসার ঝামেলা তব্ও
কিন্তু কিছুতেই কমছে না। তার
পেছনে একমাত্র কারণ ওধু নিজের
নয়, ইদানীং তিনি অক্তদের পাশপোর্ট
নিয়েও মাথা ঘামাছেন।

প্রথম ছিল—প্লাতক ফিলো।
তারপর তক্ত অক্চরবর্গ। তাদের
হিল্লে হল্পে যাওয়ার পর রেঃ স্কট এবার
আবার নিজেই এসেছেন ভারতে।
ক'মাস আগেও এসেছিলেন একবার
ইয়াল-পিভার বেশে ফিজোর জন্তে

'সদম্মান অহক শা' ভিক্কা করতে।
সঙ্গে ছিল তাঁর ফিলোর পত্ত। এবার
তথু চিঠি নর, সেইসঙ্গে মান্ত বাজক
মাধার নিয়ে এসেছেন আরও বছতর
মতলব। তার মধ্যে ১নং,—তিনি
ভারত আর চীনের বিবাদটা মিটিয়ে
ফেলতে চান। বঙবেরঙের আরও
বাদশ সঙ্গী নিয়ে তিনি পিকিং যেতে
চান! তবে চার হাজার মাইলের
সেই পায়ে হাটার প্রথটা নাগা-ভূমির
ভেতর দিয়ে বাওয়া চাই!

সভাবতই এবার অনেক ছাড়-পত্রের প্রশ্ন। প্রথমত, নাগাড়মি তথা সরকারের অনুমতিপত্র, ভারত ষিতীয়ত বন্ধ সরকার, তৃতীয়ত,— পিকিংয়ের বর্তমান 'সম্রাটগণ'। তারা যে হং-মিং আমলের সম্রাটদের মত তীর্থযাত্রীদের সম্পর্কে উৎসাহী নন দেকথা ইতিমধ্যেই খোলাখুলিভাবে রটিয়ে দিয়েছেন। এখন ভারত আর ব্রহ্ম কী করে ভাই দেখবার বিষয়। কেননা, রেভারেও স্কটকে চেনেন না—এমন কোন সরকার আজ কোণাও থাকবার কথা নয়। এশিয়া, আফ্রিকা, ইউরোপ---ষেখানেই তিনি, সেখানেই নতুন কোন সমস্তা।

इ'क्ठे इ'हैकि डैठ् विलाल त्नर।

# निर्द्यमम् अडमार्ट ।

একমাথা বাদামী চল, धुमद চোথ। इहे আৰু ছাপ্পারর পড়েছেন। কিন্ধ যৌবন থেকেই ভিনি জটিল মাছব। ঠাকুৰ্দা ৰাজক ছিলেন, বাবা যাজক, ভাইয়েরাও তা-ই। কিছ যা**জ**কের ঘবের **(ছেলে রে: इ.**ট একট অন্ত ধরনের ধর্মীর পুরুষ। কলকাভার দেন্ট পলস-এ চ্যাপলিন হয়ে এসে (১৯৩৭) তিনি গাছী ভক্ত হয়েছিলেন আমাদের স্বাধীনতা নিয়ে তৎকালে তিনি चर्मामंत्र मरक वाक-युक्त करव्रह्म। যুদ্ধের সময়ে তিনি যাজক হয়েও বিষানবাহিনীতে নাম লিখিয়েছিলেন। আফ্রিকার তিনি জেল থেটেছেন. দক্ষিণ-আফ্রিকার বিক্লজে 'য়নো'য় চমকপ্রদ লড়াই করেছেন, লেখা ছড়িরেছেন এবং কী নয়। হালে চীন শাক্রমণ শুরু হওয়ার আগে তাঁর **(क्टान ठनिएन विस्था इटेक्सारखन इटे** সরকারের বিক্লভে। প্রথম শক্ত তাঁর মাাক্ষিলান সরকার। কেননা ওঁবা কিছুভেই বোমাগুলো নিবিদ্ধ কর-ছিলেন না। ফলে স্কট বাদেলের সঙ্গে হাত মিলিয় 'ব্যান দি বম' আন্দোলনে অবতীর্ণ হয়েছিলেন। ৰিতীয় শক্ৰ ভারত সরকার। কারণ, তাঁরাও কিছতেই বেচারা ফিজোকে 'স্বাধীনতা' দিক্সিলেন না।

য়া কমিলান সরকার সেদিন চিহ্নিত করেছিলেন। রাসেলের সঙ্গে মাজ পাজী রে:স্কটকে সেদিন তাঁর। কারাগারে পার্মিত ছিলেন।---আমরা পুরানো ভারত প্রেমিককে দেশে ফিরে যেতে অমুরো করতে পারি বোধহয়! অবশ্য ডা হলেই যে তিনি নাগাভূমি বা পিকি গমনের বাসনা ত্যাগ করবেন এম কথা জোর করে বলা যায় না। হয়: অন্য কোন পথে আবার তিনি উদিং ছবেন। কেননা, আত্মতীবনীয়ে দেখছি তাঁর দেরা নেশা—পায়ে হাঁট আর সাঁতার কাটা। এবং কে ন জানে কোন কোন সাঁতাক ভগু উন্টে দিকে থেকে সাঁতার কাটতে পারবেন বলেই অশাস্ত জল থু জে বেডান।

9. 0. 60

# किट्डनजन, এएनाई

"QUIET, attractive, books chess, kitchen, conginial Stevensonian atmosphere. \$50 monthly. Write—Box..."

আফ্রিকা বা এশিয়ার কোন কাগজের বিজ্ঞাপন নয়, 'কিডেন-সোনিয়ান বাড়ি' ভাড়ার এই বিজ্ঞা-পনটি প্রকাশিত হয়েছিল তার নিজেং দেশেই। এবং খুব বেশী দিন আগে নয়, কেনেভির নির্বাচন সময়ে।

ভেষোক্রাটরা यरबहे পেলেও মানহ্যাটনের সেই বাডিটির শেষ পর্যস্ত ভাড়াটিয়া পাওয়া গিয়েছিল কিনা জানা যায় নি। তবে এটা ঠিক মাহুবটি বাইরে থেকে অস্তত, দেই ঘরটির মতই ;—চওড়া মস্প কণাল, খড়োর মত নাক, গভীর চোখ,—ষ্টিভেনদন স্বায়ত হুটি ব্যক্তিত হিসেবে সভািই আকর্ষণীয় এবং এই বাষ্ট্র বছর বয়সে তিন্ট পুত্র-সম্ভানের পিতা, স্ত্রী-ত্যাপী গৃহস্থ গ্ৰুত 'শাস্ক'ও। 'যুনো'য় যথন থাকতে গ্রু না তথন শিকাগোর শহরতলীতে বাহান্তর একর জমি জুড়ে বিস্তীর্ণ নিজের থামার-বাড়িটিতে সভ্যিই তিনি শান্তিপূর্ণ জীবন যাপন করেন। বই ণডেন, বই লেখেন, গলফ কিংবা দাবা খেলেন, সাঁভার কাটেন, নয়ত রালা-বাল্লার ভতাবধান করেন। কিন্ধ বাইরে ?

গোরা এবং সন্থ-সমাপ্ত কাশীর বিতর্কের পর বলা অনাবশুক অক্তান্ত অনেক শ্রোতার মত এডগাই সম্পর্কে ভারতও আজ ভিরমত।

নানা উপলক্ষে 'রুনোর' ঐ ভেছ থেকে গেল দেড় বছরে অনেকবার

মুথ থুলেছেন এডলাই। কছো, লাওস, নিরন্ধীকরণ, গোয়া…। যভ-বারই তিনি মুখ খুলেছেন ততবারই উনুথ হয়ে কান পেতেছে বিশ। প্রথম कार्यन, निःमस्मर मुधि हिना। '१२ এবং '৫৬ সন-তুই তুইবার মার্কিন প্রেসিডেণ্টের **ମନ୍ଦ**ମାର୍ଥି ষ্টিভেনসন। দেশের লোক থারি**জ** করে দিলেও তাঁকে খিরে, ডেমোক্যাট এই মুখটির দিকে ভাকিয়ে সেদিন বাইরের জগতে অনেক আশা। দ্বিতীয়ত, স্ট্রিভেনসন তথা বলতে জানেন। চৌথশ আইনজীবী এবং প্রথর লেখক (বই: 'হোয়াট আই থিছ', 'ফ্রেণ্ডদ এণ্ড এনিমিজ', 'কল টু গ্ৰেটনেস', 'পুটিং ফাস্ট ৰিংস ফাস্ট', 'হোয়াট আই লারনভ ইন রাশিরা' ইত্যাদি), বলেনও চমৎকার। **এবং এমন করে বলেন-মনে হয় না.** সেটা নির্বাচনী বক্তভার ব্দের মাজ। যথা: গোয়া সম্পর্কে। স্টিভেনসন দেদিন আমেরিকার স্বাধীনতা যুদ্ধের ইতিহাসকে সম্পূর্ণ একপাশে সরিয়ে मिरा काम-काम मृत्य यथन वरलिहरलन - 'छेरे चाव छेरेहेतिनिः पि कार्ये আাই অব এ ডাষা হইচ কৃষ্ট এও উইৰ ছেৰ,' তখন অন্ততপক্ষে একজন লোক ৰে সভািই 'বনো'ৰ ভবিশ্ৰৎ

#### ক্ৰান্ত্ৰত, ভাৰকাৰ

সম্পর্কে আশন্ধিত হয়ে উঠেছিলেন ভার প্রমাণ স্যাটলাটিকের এপারে লর্ড হিউমের তদানীস্থন স্থাচরণ। ভাই বলছিলাম—এভলাই সত্যিই কথা বলতে স্থানেন!

কিছ কার কথা বলেন এই প্রবীণমার্কিন রাজনীতিবিদ ? বলা বাহুল্য,
দক্ষ দেই মাইক্রোফোনটির পেছনে
বিশ্বের স্বচেয়ে শক্তিশালী একটি
দেশের অন্তিত্ব স্বাভাবিকভাবেই
মানশ্চকে ভাগে বটে, কিছ স্বটাই
ভার আমেরিকার মনের কথা নয়।
অনেকথানিই ভার বিফল রাট্রনীতিবিদ ক্লিভেনসনের নিজম্ব ধারণার
কথা। অস্তত কলো প্রসঙ্গে ভাঁর
কাহিনীটি ভনলে ভাই মনে হবে।

গত বছর ফেব্রুয়ারীর কথা।
'য়ুনো'য় জরিনের সঙ্গে প্রবল তর্কশেষে
স্টিভেনসন সবে ঘরে ফিরেছেন।
ছঠাৎ দেখা গেল তিনি টেলিফোনটি
কানে তুলে নিয়ে বলছেন: মিস্টার
প্রেসিডেন্ট, ইট ইজ টাইম ফর ইউ
টু গেট টাফ! আই রিকমাও ছাট।
এট ইওর নিউজ কনফারেন্স দিস
ইজনিং ইউ টেল পিপল এও দি

কেনেডি কথা রেখেছিলেন! কিছ শোনা যায় সভাশেষে ভিনি মন্তব্য করেছিলেন—'মাই গছ, ইন দিস জব হি হ্যাজ গট দি নার্ভ জব এ বার্গলার।"

সে কারণেই কি এডলাই 'য়নো'য় আছেন ?

₹৮. ७. ७२

#### স্থাপ্তস, ডানকান

'—আমাদের কি যথেষ্ট বিমান আছে ? আমাদের হাতে কি যথেষ্ট হাতিয়ার আছে— ? নেই !—নেই ! চবিবশ বছর আগে ১৯৬৮ সনে এক-সঙ্গে এই চাঞ্চল্যকর প্রশ্ন কটি এবং ততোধিক চাঞ্চল্যকর উত্তরটি ছুঁড়তে ছু ডতে কম্ব-সভার পেছনের সারি থেকে ঠেলে সামনে এগিয়ে এসেছিলেন একজন তরুণ কনজারভেটিভ সদস্ত। আপাত মৌন এবং লাজুক, পাকা ছ'ফুট উচু সেই বিশালদেহ যুবকটিব নাম ছিল ভানকান সাাওস। চকিশ বছর পরে আত্তকের ইংল্যাণ্ডের অন্ততম প্রতিষ্ঠিত রাজনীতিক এবং স্বখ্যাত কুটনীতিক স্থাওদ পরও দিন কী বলতে বলতে রাওয়ালপিভিতে নেমেছিলেন তা বলা কটকর, কিছ ইতিহাসের একটা তাৎপর্বপূর্ণ মুহুর্তে তিনি যে জগতের চোখে নিজেদের বিচক্ষণভাকে আবার প্রয়াণ করতে সক্ষ হয়েছেন, তার প্রমাণ পাক-ভারত যুক্ত ইন্তাহার। বুটিশ কমনওয়েলথ সচিব ভানকান স্থাওদ-এর রাজনৈতিক জীবনেও এই ইস্তাহারটি শ্বরণীয়। কেননা মাত্র ক' মাদ আগে, গেল জুন মাদে, ভারত থেকে যেভাবে বিক্ত হস্তে ফিরতে হয়েছিল তাঁকে সে নৈবাশ্যের তুলনায় এ দলিল সভ্যিই সম্পদ। স্থাওস দেদিন ছুটে এসেছিলেন ভারতের মিগ-মোহ কাটাতে: এবার আর ভার দরকার হয়নি: বুটিশ কমন-ওয়েলথ সচিব এবার চিড ধরিয়ে দিয়ে গেলেন রাওয়ালপিতির চীন-প্রেমে! —কে জানে, অস্ত্রচুক্তির পর कानाश्चन-मनाकां ि এবার नग्ना-দিলিই তাঁর হাতে তুলে দিয়েছে কী না।

বয়স মাত্র চুয়ায়। স্তরাং
বিলিতি মাপে বুটিশ কমনওয়েলথ
সচিব ভানকান স্থাওদ 'প্রবীণ' রাজনীতিক নন। কিছু তিনি একালের
ইংল্যাণ্ডে অক্সভম নিষ্ঠাবান রাজনীতিসাধক। বাবা কিংস রাইফেলস-এর
জনৈক ক্যাপ্টেন অর্জ জন স্থাওস
আট বছর পার্লামেন্টে ছিলেন।
স্তরাং অক্সফোর্ড থেকে সর্বোচ্চ
ভিত্রী নিয়ে করেন অফিসে উপযুক্ত

চেয়ার পেয়েও জানকান স্থাওস বেশীদিন চাকরি করতে পারেননি। তিন বছর বার্লিন এবং মন্ত্রোর দ্তাবাদে কাটনোর পর '৩৩ সনে তিনি কাজে ইস্তফা দিয়েছিলেন। সংকল্প—রাজনীতি করেন।

ইনার টেম্পল-এ প্রস্তুতির বছর-গুলে৷ বাদ দিলে ডানকান স্থাওস-এর সেই রাজনীতি শুরু হয়েছে ১৯৩৫ সন থেকে। স্যাওস সে বছরই প্রথম পার্লামেন্টে আদেন। ভার-পর থেকে নিয়মিডভাবে প্রায় প্রতি-বারই আসছেন এবং প্রতিবারই কোন না কোন গুৰুত্বপূৰ্ণ দায়িত হাতে পেয়েছেন। কখনও তিনি ওয়ার-অফিসের ফিনালিয়াল সেকেটারী. কখনও ওয়ার-ক্ষিটির চেয়ার্ম্যান, কথনও মিনিস্টার অব ওয়াক্ষ. কখনও মিনিস্টার অব হাউসিং। আজকের পদে এসেছেন তিনি মাত্র তু' বছর আগে, ১৯৬০ সনে। বিভীয় মহাযুদ্ধে খেচ্ছালৈনিক বয়াল-আর্টি-লারীর ভূতপূর লেফটনেন্ট কর্ণেল দ্যাওস ভার আগের বছর হু'টিভে ছিলেন ইংল্যাণ্ডের প্রতিরক্ষা-সচিব।

ব্যক্তিগত জীবনে রোষাটিক স্যাওস, রাজনৈতিক জীবনে ছঃসাহসী কনজারভেটিত। এক সময় পার্লা-

#### হক, এ. কে. কলবুল

মেন্টে নাম ছিল তাঁর 'চার্চিল্স ভরেস'
এবং 'দি ব্যাকবেঞ্চার'। তাঁর এ
খ্যাভির প্রথম কারণ অবশুই চার্চিলের
প্রতি তাঁর অহ্বরাগ। কিন্তু দিতীর
কারণ— চার্চিল পরিবারের সঙ্গে তাঁর
সম্পর্ক। '৩৫-এর নির্বাচনে অগ্রতম
প্রার্থী ফিনলেকেই তিনি ভুধু পরাজিত
করেননি—তাঁর অগ্রতম সমর্থক
চার্চিল-তনয়া ভায়নাকেও বিজয় করে
দরে তুলেছিলেন।

ন্যাণ্ডদ আজ আর চার্চিন জামাতানন। তু'বছর আগে একটি পুত্র ও ছ'টি কস্তার জননী ভায়নার সঙ্গে বিবাহ বিচ্ছেদ ঘটে গেছে তাঁর, এবং ক' মাস আগে আবার নতুন করে সংসারও পেতেছেন তিনি। কিন্তু আজও তিনি তেমনই চার্চিলভক্ত আছেন। তেমনই প্রথর, তেমনই বিচক্ষণ, এবং দলের প্রতি তেমনই বিশ্বস্ত। কমন-মার্কেট, কমনওয়েলথ, কমিউনিজম—তিন প্রশ্নেই ভানকান স্যাওস বেপরোয়া, যেন আর এক চার্চিল।

#### হক, এ. কে. ফলবুল

গামার কাছে বিস্ণো যথন ছেবে যান ভারও কুড়ি বছর আগের কথা। ১৮৯০ সন। বরিশালের আগর-পুর রোভে এক জোয়ান কাব্লি-ভরালা সেদিন এক অভুভ থেলায় মেভেছে। ভেকে ভেকে সে বাঙ্গালী ভরুণদের কজির জোর প্রথ করছে। আশ্রুর্ব, বে-ই আসছে সে-ই লোকটির কাছে ছেরে যাছে।

ভীড়ের মধ্যে দাঁড়িরে ছিল একটি ভক্কণ। জেলা ছুলের ফার্ল্ড ক্লাদের ছাত্র। দৃষ্টা দেখে আর দাঁড়িয়ে থাকতে পারল না দে। মিশমিশে কালো হাতথানা বাড়িয়ে এগিয়ে গেল। তারপর মৃচকি হেদে কাবুলিওয়ালার হাতে হাত রাখল। কিন্তু দেখা গেল নাকটি প্রাণপণে হাতথানা ছাড়িয়ে নিতে চাইছে। ছেড়ে দেওয়ার পর জানা গেল,—তার হুটো আঙ্গল ভেকে গেছে। বিজয়ী বাঙ্গালীরা আনক্ষে জয়ধননি দিয়ে উঠল। পরাজিত কাবুলিওয়ালা—নাম দিল 'শেব-ই

বঙাল!" জনাব ফজলুল হক সেই থেকে বাংলা দেশে 'শের', ভারতে— 'শের-ই বঙাল!'

ভধু দৈহিক বলে নয়, 'শের' ছিলেন পড়ান্ডনায়ও। গণিত, রসায়নশাস্ত্র এবং পদার্থ বিভা—এক সঙ্গে
তিনটে বিষয়ে ফার্ট ক্লাস অনার্স সহ
প্রেসিডেন্সি কলেজ থেকে বি. এ পাশ
করেছেন। ইচ্ছে এম. এ দেবেন
ইংরেজীতে। পরীক্ষার তথন আর
মাস ছয় মাত্র বাকি। বদ্ধু ঠাটা
করে বললেন—'কি অংছর কথা
ভাবতেও ঘাবড়ে যাচ্ছ বৃঝি ?'

রক্ত মাধার চড়ে গেল। বললেন 'না:, অকট দেব।'

দিয়েছিলেন এবং যথোচিত ভাবে পাশও করেছিলেন (১৮৯৫)। মূর্লমান ছাত্রদের মধ্যে তিনিই কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম গণিতে এম. এ।

এম এ'র পর ল'। তারপর কিছুদিন বরিশালের রাজেন্দ্র কলেজে
অধ্যাপনা এবং সাংবাদিকতা। ১০০১
দনে বাবা মারা গেলেন। বাবা
ওয়াজেদ আলি ছিলেন বরিশালের
থ্যাতনামা উকিল। অনামধন্ত ছেলে
বাবার আসনে বলে ওকালতি শুক
করলেন। হক সাহেব তাঁর জীবনের

প্রথম মোকদমাটির কোন ফি নেন নি। কেন না, তিনি জেনে ফেলেছেন বে, লোকটি তার বাবারও মঞ্চেল ছিল।

হঠাৎ কোট ছেড়ে সরকারী
চাক্রি (১৯৩৬)। প্রথমেই
ডেপ্টিগিরি। ভারপর পদ আরও
বড়, বাংলা, বিহার এবং আদামের
সহকারী কো-আপারেটিভ রেজিস্টার।
কিন্তু ভাহলেও চাকরি ভাল লাগলনা। কেন না, 'কেঁদো বাঘ' হলেও
মাহ্রবটির মনটি ছিল কাদা মাটির
ভৈরি।

বাড়িতে. জন্ম অবশ্র মামার শান্তরিয়া গাঁরে। কিন্ত নিজের গাঁ আরও দুরে ফিরোজপুর মহকুমার চাথার-এ। ১৯০২ সনের কথা। শহর থেকে নিজের গাঁরের দিকে হাঁট-ছিলেন তরুণ আবুল কালেম। প্রে একটা খেয়া পার হতে গিয়ে ভনলেন क रवन कांमरह। डैकि मिरा एप-লেন গ্রীব চাৰীর বাড়িতে কালার त्तान । **अ**भिगात्त्रत लियामा अल्लाह ক্রোক করতে। কিন্তু গেরখের বাচ্চা ছেলে কিছুতেই তার ভাত খাবার थानारि एएरव ना। क्षम्रत्व भरकारे ছিল প্রজিশ টাকা। সে টাকা षित्र छिनि পেরাছা বিদার করলেন।

### হক, এ. কে. কলবুল

তারপর নিজের পথ ধরলেন। কিছ কেন খেন থেকে থেকেই তাঁর কানে আসে সেই কারা। লক্ষ লক্ষ চাবী সম্ভান কাঁদছে।

১৯১২ সন। সরকারী চাকরি
ইক্তফা দিয়ে ফঙ্গল্স হক কলকাতা
হাইকোর্টে যোগ দিলেন। আগুতোষ
বললেন—'ভাবনা নেই, আমার কাছে
থাক, মালে পাঁচশ টাকা আমি
তোমার দেব।'

একদিকে আন্তভোষ, অন্তদিকে দেশবন্ধ। ফজনুন হক রাতারাতি অন্ত · মারুষ হয়ে গেলেন। রাজনৈতিক মাহব। '১৩ সনে তিনি ব্যবস্থাপক সভায় ঢুকলেন। '২৪ সনে মন্ত্রিসভায় এলেন (শিক্ষামন্ত্রী)। ইতিমধ্যে '১৮ দনে প্রজাপার্টি পত্তন করেছেন, মতিলাল নেহৰুকে হারিয়ে কংগ্রেসের সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন এবং দিল্লিতে অমুষ্ঠিত নিখিল ভারত মুসলিম লীগের সভাপতিত্ব করেছেন। (তখন অন্তত একশ' জওহরলাল তিনি পকেটে ৱাখতে পারেন देविक !)।

'৩¢ সনে জনাব ফজপুল হক কলকাতার ষেয়র হলেন, '৩৭ সনে বাংলাদেশের প্রধানমন্ত্রী। '৪১ সনে আবার নতুন করে মন্ত্রীসভা গঠিত रुष। कनना, यहिन '8 मत লাহোরে জনাব ফজলুল হকই প্রথম পাকিস্তানের मावि উত্থাপন করেছিলেন, তবুও ইতিমধ্যে তিনি মুসলিম লীগ ত্যাগ করেছেন। এবার কোয়ালিশন মন্ত্ৰিসভাষ হিসাবে তাঁর লড়াই লীগের বিরুদ্ধে। म्हे न्हाहरा त्यव पर्यक्ष नाषिमुकीन षदी रलन। '80 मन। यखनून रक পদত্যাগ করলেন। উপলক্ষা: ধান সংগ্রহ নীতি সম্পর্কে মতবিরোধ। ঋণ मानिनी বোর্ডের প্রবর্তক, ক্লযক-বন্ধ হক সাহেব চাষীর প্রশ্নে আপোষ জানতেন না।…

আপোষ জানতেন না তিনি বাংলা দেশ সম্পর্কেও। প্রমাণ,—
পূর্ব পাকিস্তানে ফজলুল হকের
কর্মজীবন। অ্যাডভোকেট জেনারেল
করে তাঁকে ভূলিয়ে রাথা ষায়নি।
'৫৩ সনে অশীতিপর রুদ্ধ (জয়—
১৮৭৩) মুসলীম লীগ ছেড়ে আবার
রুষকদল নিয়ে আসরে নামলেন।
'৫৪ সনে লীগের তাসের ঘর ভেলে
গেল সে জোয়ারের সামনে।
এপ্রিলে ইউনাইটেড ক্রন্টের নেভা
হিসেবে দেশের ম্থায়ন্ধী নির্বাচিত
হলেন ফজসুল হক। কিছু পরের
মাসেই জনগণের দেওয়া সে ক্মডা

रगाउन, (स. वि. अत

কেড়ে নেওয়া হল তাঁর হাত থেকে! কেননা, ইস্বান্দার মীর্জা বললেন—হক দেশের পক্ষে বিপজ্জনক!

কথাটা বে পাকিস্তানের ম্থে শোভা পায়নি, দে প্রমাণ পাওয়া গেল পরের বছর। সে বছর ('৫৫) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী নিযুক্ত হলেন ফল্লল্ হক। পরের বছর পূর্ব পাকিস্তানের গভনর।

বাংলা দেশের ভৃতপূর্ব প্রধানমন্ত্রী,
এ কালের অক্সতম অরণীর বালালী,
পূর্ব পাকিস্তানের ভৃতপূর্ব গভন র
জনাব ফজলুল হক এখন হাসপাতালে
আছেন। শোনা যায়, পূর্ববঙ্গের বছ
প্রজার বিশাস তিনি এখনও ম্থ্যমন্ত্রীর
আসনেই আছেন। তাদের যখনই
কোন কট হয় তখনই তারা দরখান্ত
পাঠায় হক সাহেবের নামে।—বলা
বাছল্য, এ ভূল বাংলার চাষীর
একজনের নামেই হয়,—তিনি ফজলুল
হক। ৩১.৮.৬১

[১৯৬২ সনের ২৭শে এপ্রিল তারিখে জনাব ফজলুল হক দেহত্যাগ করেন।]

### হলভেন, জে- বি. এস

সিভিদ ভিফেন্স কমিটিতে উপদেষ্টা ছিমেবে নেওয়া হয়েছিল ওঁকে। ত্ব'দিনেই জানা গেল লোকটি একটু নতুন ধরণের উপদেষ্টা।

বোমা পড়লে কোধার আরার
নেওরা হবে তাই ছিল আলোচা।
উপদেষ্টা পকেট থেকে তাঁর নিজ্ব
ডিজাইন বের করলেন। উপস্থিত
গণ্যমান্ত আর পাঁচজন পরস্পরের মুখ
চাওরা-চাওয়ি করলেন। সন্দেহ, এ
বস্তু কি ধোপে টি কবে ?

—টি কবে না মানে ? সম্ভাব্য স্থানে নম্না তৈরি হল। তারপর তরু হল সাগ্রহ প্রতীক্ষা,—কথন বোমা পড়ে। নিয়মিত ঘটনা। স্তরাং বেশীক্ষণ ধৈর্য ধরতে হল না। সাইরেন বেজে উঠল। তারপর মধা-বীতি অকোরে বর্ষণ।

নাৎসী প্লেনগুলো বথন বিদায়
নিল তথন সকলে ছুটলেন সেইদিকে,
বেথানে সেই পরীক্ষামূলক নতুন
আশ্রয়টি।—কিন্তু একি ্চোথকেও
বিশাস করা যায় না বেন। প্রবল
বর্ধণান্তেও মেই আন্তানাটি অটল।
তার চেয়েও অবিশান্ত, ভেডর থেকে
বেরিয়ে আসছেন একজন জীবস্ত
মান্ত্র। চিনতে অস্থবিধে হয় না।
তিনি সেই বৈজ্ঞানিক।

ভবুও বিলিতি ভচিবাই। ওঁকে নিয়ে চারদিকে তুম্ল ভর্ক। ওঁরা

### হলভেন, জে. বি. এস

চেঁচাতে লাগলেন—ওঁকে হঠাও।— হি ইন্ধ রেড।—হি ইন্ধ রেড।

উত্তরে চার্চিল বললেন—'হি মে বি এক বেড এক দি ডেভিল হিমদেলক। —বাট, স্থাল আই ক্যানট এভয়েড হিম।—বিকল হি ইক হলডেন।'

বিশ্বখ্যাত প্রতিভা। নাম—জে.
বি. এস. হলডেন। বিখ্যাত বৈজ্ঞানিক
জে, এস হলডেন-এর পুত্র জন বার্ডন
ভাগোরদন হলডেন শুধু প্রতিভাবান
বৈজ্ঞানিক নন, একালের অন্তম
শ্বণীয় ব্যক্তিমণ্ড।

জন্ম—১৮৯২ সনের **ংই** নভেম্ব। লেখাপড়া—স্থল, কলেজ, বিশ্ববিছালয় সবই এক থেরের মধ্যে,—স্বস্থাফোর্ডে।

অক্সফোর্ডের শেষ পরীক্ষায় অশেষ কৃতিত্ব দেখিয়ে হলডেন চললেন বিদেশে। ক্যাপ্টেন সেজে 'ব্ল্যাক-ওয়াচ'-এ। কিছুদিন ছিলেন ফ্রাজে, কিছুদিন ইরাকে। সাকুল্যে সেপাচ বছরের (১৯১৪-১৯) অভিজ্ঞতা।

তারপর দেশে •ফিরে নিউ-কলেজের ফেলোশিপ। সে কাজে ছিলেন তিন বছর ('১৯—'২২)। তারপর শুরু হল অধ্যাপনার কাজ। প্রথমে কেছি,জে বায়ো-কেমেট্রর রীজার ('২২—'৩২) এবং প্রান্ন ব্রুপৎ রন্নাল ইনষ্টিটিউটে ফিজিগুলজি ('৩٠'৩২) এবং তারপন্ধ 'থকেই স্থায়ীভাবে
লগুন ইউনিভারসিটি। প্রথম ক'
বছর ('৩৩—'৩৭) লগুন বিশ্ববিদ্যালয়ে
জেনেটিকস পড়াতেন তিনি, তারপর
(কলকাতার বিখ্যাত স্ট্যাটিসটিক্যাল
ইনষ্টিটিউটে আসার আগে অবধি '৫৭)
দেখানে তাঁর বিষয় ছিল—বায়োমেটি।

তবে বলা বাহল্য, অধ্যাপক জে. বি. এদ হলডেন-এর কাছে এমন কোন বিষয় নেই যা সম্পূর্ণত অবাস্তর। কি একাডেমিক, কি লৌকিক—সর্বত্ত তাঁর অবাধ গতায়াত। মনে রাথতে হবে, দেশ-বিদেশের বহু বিশ্ববিভালয় এবং বিশ্বৎ-সভা কর্তৃক বিবিধ সন্মানে ভৃষিত হলডেন এই সেদিন অবধিও ছিলেন বুটিশ দ্বীপপুঞ্জে অক্সতম সক্রিয়, বর্ণাচা নাগরিক। তিনি একাধারে বৈজ্ঞানিক, রাজনীতিক, লেখক এবং माःवानिक। উল্লেখযোগ্য, थवरबब কাগদে নিয়মিতভাবে লেখা ছাড়াও পাকা নয় বছর ('৪০--'৪৯) 'ডেলি ওয়ার্কার'-এর সম্পাদকমণ্ডলীর সভা-পতি ছিলেন তিনি ৷—আর সমাজ-এ ব্যাপারে কিঞ্চিৎ সচেতনতা ? অমুমানের পক্ষে বোধহর হলভেন-এর (त्रथा कग्रिक वहेरग्रव नाम-हे चर्थहे। **मिश्रामा अस्य करमकि: 'मारम** এও ইথিকদ', 'मि ইনইকুয়ালিটি অব

# হাইলে সেলাসি, সম্রাট

ম্যান', 'ফ্যাক্ট এণ্ড ফেইথ,' 'সায়েন্স এণ্ড এভরি ডে লাইফ', 'এ-আর-পি', 'কিপিং কুল' এবং ইত্যাদি ইত্যাদি। জ্ঞানের জগতে এই ব্যাপ্তি জ্ঞানী-দের কাছেণ্ড বিষয়।

দেও এক বিশায়কর ঘটনা। যুদ্ধের সময়ে সেই উপদেষ্টা পরিষদেরই বৈঠক। স্থির হয়েছে ইংরেজর। সশরীরে নর্মাণ্ডিতে নামবেন। কিন্ধ সমস্তা, দেখানে কি ট্যান্থ সহ নামা যাবে ? কেউ সঠিক বলতে পারছেন না। নমাণ্ডির উপকৃলভাগের জমির কি প্রকৃতি। হলডেন বললেন কয়েক বছর আগে আমি একবার ওদিকে গিয়েছিলাম। ষতদুর মনে বোধহুয়—এমন **জ**মিটা পডছে এমন ।। বলেই একটা কাগজে সব লিখে ফেললেন। সে কাগছের ওপর ভর করে বিদেশে যুদ্ধ করতে যাওয়া যায় না। স্থতরাং দে রাত্রিভেই, ভলান্টিয়ার প্রেরিত হল। রাতের অম্বকারে তাঁরা নর্মাণ্ডি থেকে এক মুঠা याणि निष्य अल्लन। आकर्ष। प्रथा গেল, হলডেন ষা বলেছেন ঠিক তাই। লেবরেটারী রিপোর্ট আর ওঁর লেথা কাগজটা প্রায় হবছ এক।

হলডেন সব পারেন। তথু জ্ঞানের ক্ষেত্রে নয়, অন্তর্ভ। বিয়ের কুড়ি বছর পর তিনি চার্লোটিকে ছাড়ভে পেরেছেন, জরের প্রবৃষ্টি বছর পর তিনি নিজের জন্মভূমিকে খেল্লার ত্যাগ করডে পেরেছেন। স্থতরাং, মতবিরোধের প্রশ্নে তাঁর কাছে বরাছনগর ত্যাগ কোন বিশেষ ঘটনা নয়। কিন্তু শেষ পর্যন্ত বাদি আমরা তাঁকে কোথাও না রাখতে পারি তবে সেঘটনা নিশ্চয় হবে ভারতের পক্ষেলজ্ঞাকর।

হলভেন ১৯৬৪ সনের ১লা ভিসেম্বর ভ্বনেশরে শেষ নি:শাস ভ্যাগ করেন। ১৯৬২ সন থেকে ভিনি সেথানেই জেনেটিকস অ্যাও বায়োমেট্র ইনস্টিটিউটে প্রধানের আসনে অধিষ্ঠিত ছিলেন।

# हाहेटन (जनाजि, जवाहे

বিদেশী ওঁকে একখানা ত্রবীণ উপহার দিলেন। সমাট সেটি চোথে লাগিয়ে বললেন—বাং, এবার আর 'হারুণ আল রসীদ' হতে হবে না আমাকে। প্রাসাদের ছাদে দাড়ালেই প্রজাদের খবর পাব। আর এক বিদেশী ওঁকে ক্যামেরা দিলেন একটা। সমাট বললেন—বাং, স্কর্মর জিনিস। আমার রাজ্যে এ জিনিসের একটি একেলী চাই। ওঁরা ওঁকে সিনেমা

# बाहेदन जनानि, नवारे

দেখালেন একটা। সম্রাট বললেন—
বাং, মজার জিনিস। বইরের চেরে
অনেক তাড়াতাড়ি কাজ করে।
আমার রাজ্যে আমি সিনেমা চাই।
বিনেপরসার সিনেমা।

প্রচীন দেশে সে এক অভ্ত নবীন
সম্রাট। নতুন বা-ই দেখেন তাই তাঁর
চাই। আজ তাঁর বয়স উনসত্তর।
চূল পেকে গেছে। সিংহের মত
চেহারাটা বাইজেনটাইন ছবির
সন্ধ্যাসীদের মত উদাসী হয়ে
এসেছে। তব্ও ইথিওপিয়ার সম্রাট
হাইলে সেলাসির নতুনের নেশা
এখনও কাটেনি। কেননা, প্রবল্
উৎসাহ সত্তেও দেশটা তাঁর এখনও
পুরানো। মহাদেশটা প্রগতির মাপে
এখনও ঘুমস্ত যেন।

'হিল হাইনেস এমপারার হাইলে সেলাসি দি ফার্ট'; কিং অব কিংস, লায়ন অব জ্ডা,' রাজা স্থলমন আর রাণী সেবা'র বংশধর। স্বভাবতই আফ্রিকার বখন মধ্যরাত আবিসিনিয়া রাজ সেলাসি তথন জাগ্রত পুরুষ। '৩• সনে মা মারা বাওরার পর তিনি সিংহাসনে বসলেন। ক'বছর কাটতে না কাটতেই '৩৬ সনে এল ফ্যাসিজ সুঠেরা। ইথিওপিয়ার তক্ষণ সম্রাট পালালেন, কিছু পশ্চিমী ইভালীর বশ মানলেন না । '৪ • সনে স্থদান থেকে আবার মাতৃত্মিতে লাফিরে পড়ল রাজকীয় বাহিনী। সেই সিংহ-বাহিনীর পুরোভাগে 'লায়ন অব জুড়া'

—সমাট হাইলে সেলাসি।

সেদিনের বীর লড়িয়ে আজ বিশ্বথ্যাত নরপতি। হাইলে সেলাসি
ইতিমধ্যে অনেক দেশ (ভারত সহ)
ঘুরেছেন, নিজের চোথে আরও
অনেক কিছু দেখেছেন। তার মধ্যে
সবচেয়ে বেশি মনে লেগেছে তাঁর যে
বস্তুটি তার নাম—প্রগতি।

প্রায় চার লক্ষ বর্গমাইলের মন্ত দেশ ইথিওপিরা আজও দরিত্র ক্ববি-জীবী। তবে সমাটের মত প্রজাদের মনেও আজ প্রগতির নেশা। তারা হ' ফোঁটা নেইল-পলিশ পেলে হ' পাউও কফি দিতেও নাকি রাজি। বলা বাহল্য, সেলসি তাতে রাজি নন। তিনি আফ্রিকার অর্থনীতিটা ঘেমন জানেন, তেমনি জানেন আর তিন-থণ্ডের রাজনীতিটাও। তাই নাকের বদলে নক্ষণ নিতে তিনি গররাজি। তাঁর দেশ ইথিওপিরা ভারতের মত নিরপেক্ষ দেশ। সে দেশে তিনি আর্থিক মৃক্তি চান কিন্তু সে কিছুতেই বিবেকের দামে নর।

সম্রাট ছাইলে সেলাসির বিবেক

# হিউস, আলেক ওগলাস

এখন আফ্রিকার ইউরোপীরদের বর্ষরতা দেখে পীড়িত। আবিসিনিরা-সম্রাট সে কথা গোপন করেন নি। আদিস আবাবার আবার তাঁর মুখে শোনা গেছে আফ্রিকার হৃদয়ের কথা। তিনি বলেছেন: আমরা যেন না ভূলি, স্বাধীনতার কামনা ছাড়া আমাদের আর কোন পাশ নেই।

অনেকদিন আগের কথা। আদিসআবাবার লোকেরা দেখেছিল তাদের
সম্রাট হাউ হাউ করে কাঁদতে কাঁদতে
রাজ্পথ দিয়ে চলেছেন। তারা জানত,
সম্রাটের একটি মেয়ে মারা গেছে।
গোটা রাজধানী দেদিন কেঁদেছিল
তাঁর সঙ্গে গলা মিলিয়ে। আজ দক্ষিণ
আফ্রিকার সস্তানদের জন্তে সেলাসি
বথন কাঁদছেন তথন গোটা আফ্রিকা
বোধ হয় সঙ্করে দুঢ়তর হল।

35. W. Wo

### হিউম, অ্যালেক ডগলাস

'I am a victim of my father's virtue!'

কিছুদিন আগে হাউস অফ লর্ডসএ দাঁড়িয়ে সংখদে ঘোষণা করেছিলেন
ভেত্তিশ বছর বরস্ক লেবার এম. পি
একটনি ওরেজউভবেন।—কেননা,
বাবা ভার 'লর্ড'। এবং ভার একমাত্র

উত্তাধিকারী ছিসাবে—বেচারা ওয়েজউভবেন হয়ত কোনকালেই 'কমনার'-এর মর্বাদা পাবেন না!

সন্থাক বৃটিশ ফরেন সেকেটারি
লর্ড হিউম-এর বরস সাতার। এবং
তিনি স্কটল্যাণ্ডের স্বচেয়ে বনেদী
পরিবারের সন্থান। তার চতুর্দশ
পুরুব লর্ড। স্থভরাং এন্টনি ওরেজউডবেন-এর মত তাঁকে যদি আক্ষেপ
জানাতেই হর ভবে কমপক্ষে ১৬০৪
সনে ফিরে বেতে হয়!

বিষয় লর্ড হিউম-এম ক্রথের ( আলেকজাগ্রার ফ্রেডারিক ডগলাস হিউম ) মনে কোনদিন সে বাসনা জাগ্রত হয়নি। তিনি পড়েছেন हेर्ने अवः अञ्चरकार्षः, विरंत्र करवरहरू স্থ-মেলে. রাজনীতিতে এসেছেন বাজকীয় পথে। জেনে রাথা ভাল---এখনও তিনি একজন রাজকীয় তীরন্দাল। আর্ল অব হিউম 'রয়াল কোম্পানি অব আর্চারস'-এর একজন তিনি একাই বিগ্রেডিয়ার এবং 'কুইনস বডিগার্ড ফর স্কটল্যাও !'

'৩১ সন থেকে নর্ড হিউম লগুনে প্রতিষ্ঠিত রাজনীতিক। '৩১—'৪৫ সন অবধি তিনি হাউস অব নর্ডস-এ সাউথ লাগার্ক-এর প্রতিনিধি। সে সময়ে কিছুকান তিনি প্রধানমন্ত্রী নেভিন

#### स्थिम, क्याटनक क्रानाम

চেষারলেন-এর একাছ-সচিব হিসাবে কাল করেছেন (১৯৩৭—'৩৯)। মাদ কর করছেন করেন অফিস-এ জরেণ্ট পার্লামেন্টারি আঞার দেকেটারির কাল। অতঃপর '৫১ সনের নির্বাচনের পর আরও অনেক দায়িত্বপূর্ণ পদে দেখা গেছে তাঁকে। তার মধ্যে উল্লেখবোগ্য: মিনিন্টার অব টেট্, ছটিশ অফিস ('৫১—'৫৫); সেকে-টারি অব ন্টেট, কমনগুরেলথ রিলেশানস ('৫৫); ডেপুটি লীভার, ছাউস অব লর্ডস ('৫৬-'৫৭) এবং ঐ বছরেই লীভার, হাউস অব লর্ডস।

বৃটেনের লর্ড সভার নেভা, কমনভরেলথ রিলেশানদ দপ্তরের সচিব লর্ড
হিউম হার ম্যাজেন্টি এলিজাবেথ দি
সেকেণ্ড-এর পররাষ্ট্র সচিব নিযুক্ত
হরেছেন। ঘটনাটা ইংলণ্ডের ইভিহাসে
অভ্তপূর্ব। কেননা লর্ড সভার সদত্ত
পররাষ্ট্র সচিব 'কমনার'দের সভার
আসতে পারবেন না। তাঁর সেখানে
সম্বীরে আগমন এবং ভাষণ ছই-ই
নিবিদ্ধ। অথচ পররাষ্ট্র ব্যাপারে
কমনসভা আসলে—বাজ্যেশর।

স্থতরাং, টেবিল চাপড়ে, বিরোধী-পক্ষ বলনে,—এটা অস্তায় !

যাকমিদান খবাব দিদেন—খামি ভাষনে কৰি না! লর্ড হিউম বসিক ব্যক্তি। ভিনি হেসে বললেন—তর্কটা চলুক না। লোকে ভাবল—সে কেমন কথা! হিউম বললেন—মনে রাখবে আমি জাতে স্কচ এবং পাবলিসিটিটা বিনে

8. 5. 4.

পয়সায় পাচ্ছি!

পরবর্তীকালে র্টিশ প্রধান মন্ত্রী
লর্ড হিউম সম্পর্কে আরও কিছু খবর।
১৯৬৪ সনের নির্বাচনে কনজারভেটিভরা গদীচ্যুত হন এবং হিউমের
স্থানে নতুন রুটিশ প্রধান মন্ত্রী মনোনীভ
হন হারক্ড উইলসন।

আদেশ হয়েছিল—গো টু ছোম!
দৈল্লরা সেনাপতি আর্ল মহেদেরের
কাছে না গিয়ে যে যার বাড়ি চলে
গিয়েছিল। সেই থেকেই বানানের
যাভাবিক ফলকে বাভিল করে ছটল্যাণ্ডের পরিবারটি 'হোম'কে
উচ্চারণে 'হিউম' করেছিলেন। কিছ
তব্ও শেবরকা হলনা। ১০ নছর
ভাউনিং ব্লীটের বারা কাটিয়ে ল্ড
হিউমকে বাড়িই ফিরতে হল।

নিজের বা পর্যন্ত জবাক হয়ে
গিয়েছিলেন। গত বছর প্রাক্ত্রেনাপ্রমাদের পরে ম্যাক্ষিলন বখন ওঁও
হাতে ছ্রাবের চাবিটি ভূলে দেন,
কাউন্টেস অব হিউম তখন নাকি বলে-

# হিলারী, ল্যার এচনত

ছিলেন—আই উভ নেভার হাভ থট

গ্রালেক উভ ওয়ান ছে বি পি
এম। তবুও স্থার অ্যালেক ভগলাস

চিউম নিঃশব্দে দায়িঘটি হাতে তুলে

নিয়েছিলেন। এবং সকলেই মানেন,

তিনি তা পালনও করেছিলেন।

সেবার ম্যাকমিলানের মূথে ছিল 'ইউ ছাভ নেভার ছাড ইট সো গুড!' গ্রার জ্যালেক তাকেই সম্প্রসারিত করে টোরি দলের 'নিউরিটেন'-এর ব্যাখ্যা-ছত্র জুড়েছিলেন—'প্রসপারিটি উইও এ পারপাস।' বক্তব্যের অভাব ছিল না। নীল স্থাট, নীল সাট, নীল টাই,—এথানে ওথানে অনেক কথা বলেছেন জ্ঞার জ্যালেক। হেসেছেন, দৃঢ়তা দেখিয়েছেন, রসিকতা করেছেন। কিছু তবুও টোরি-জ্মানার চতুর্দশ বর্বে জ্যার থাকা গেলনা।

বদিচ কথা বলেন কম, চারিটি
প্রকল্পার জনক একবটি বছর বয়ৰ
টোরি নায়ক ভগলাস-হিউম স্থরসিক
হিসেবে প্রসিদ্ধ। একবার তিনি নিজেই
নাকি বলেছিলেন—দি ভক্তরস ভিড
ইমণসিবল্ উইথ মি বাই পুটিং সাম
ব্যাকবোন ইন টু এ পলিটিসিয়ান।
ইড়ি বছর আগে টি. বি হয়েছিল ওঁর,
সেই প্রসক্ষেই এই বসিকভা। কিছ
অনেকে বলেন, নির্বাচনে এই পরাজয়ের

পেছনে একটা কারণ মাছুব্টির চাকচিক্যহীনতা। ব্যাক-বোন অব্দ্রট্ট আছে, তব্ও উইল্সনের পাশে মাছুব্টি যেন 'নিভাস্কই অ্যামেচার !'

२२. ३०. ७८

### হিলারী, স্থার এডমগু

১৯৫৩ সনের ২৯শে মে।

আৰই শেব দিন, শেব পরীকা।
নয় নম্ব ক্যাম্প থমথমে, গন্তীর। এমন
কি হাজার হাজার ফুট উচুতে, এই
তাঁবুর মবে অক্সিজেনও যেন আজ
ভারি। কেননা, গতকাল প্রথম দলটি
ফিরে এদেছে।

'বেলা-নাড়ে ছ'টা। বিতীয় দল তাঁবু ছেড়ে বের হলেন। ন'টায়-সাউব পিক। সামনেই মাথার ওপরে অতীর এতারেন্ট,-ত্বর্ণ মুকুট।

বেলা এগারটা বেক্সে ভিরিশ মিনিট। পৃথিরীর সবচরে উচ্, সবচেরে উদ্ধৃত শৃক্ষের শীর্ষে এসে দাঁড়ালেন উরা।

চৰংকার ক্থালোক। মুত্রক বাভাষ। 'শানকে সঙ্গী জড়িয়ে ধর্বেন আমাকে।'

শীর্ষে দে এক আশুর্ব আনন্দের অসুকৃতি, সমতলে চাঞ্চন্যকর সংবাদের প্রস্তৃতি। স্বরিতে পশ্চিমী ভাবে রটে

#### रिमारी, गांव अञ्यक्ष

পেল-এভারেন্ট থাদের কাছে হার মানল তাঁদের একজন-শেরপা, অস্ত-জন 'বী-কীপার'-মোমাছিপালক।

উদ্বেশ্ন, উব্তেজনা সঞ্চার বটে,
কিন্তু সংবাদটা তৎকালে অন্তত,
অবশ্রই নির্ভরবোগ্যহত্তে প্রাপ্ত।
কেননা, ছ'ফুট করেক ইঞ্চিউঁচু ঐ
নিউজিল্যাও-বাদী যুবকটি সত্যিই
তথন পেশার 'বী-কীপার'। সতের
বছর বরুস থেকেই বছরে নয় মাদ তার কাজ—মৌমাছি পোবা। তবে
বাকি তিন মাদ অবশ্রই—পাহাড়ে
চডা।

হিলারী প্রথম ধেবার পাছাড় দেখেন তথন তার বয়স চৌদ্দ বছর। ( জন্ম—১৯১৯ )। সেবার স্থলের ছুটিতে সেই রোগা টিঙ টিঙে লাজুক ছেলেটিও বেড়াতে গিয়েছিল কণে পর্বতে। মা বলেন সেই বে ছেলেকে পর্বতের নেশায় পেল, কিছুতেই আর ভাছান গেল না।

স্থতরাং, লেখাপড়। বিশেষ হলনা। ছেলে মৌমাছির চাব করে এবং
সমর পেলেই পাহাড়ে চড়ে। পর্বতে।
নিউজিল্যাওেও আর্ম আছে। দক্ষিণ
আর্ম। বছরে ছ'বার অস্তত হিলারীর
নেধানে বাওরা চাই—চাই-ই চাই।
অভ্যেসটা রপ্ত হরে গেছে।

আরস সহজ সহজ ঠেকছে। এবার ইচ্ছে হয় অন্ত কোবাও বান। কিছু ভার আগেই ওক হয়ে গেল যুদ্ধ। ভক্ষণ হিলারী এয়ার-ফোর্সে নায় লেথালেন। তিনি এথন বৈষানিক। নিউজিল্যাও আর সাউপ প্যাদিফিক ঘিরে ঘুরে ফিরে বেড়ান। মনে এথনও ভার সেই নেশা। সমৃত্যের ওপর দিরে উড়তে উড়তে সেই পর্বভের

যুদ্ধ যথন থামল ওরা তথন ফিরিয়ে দিয়ে গেল তাঁকে দেই মৌমাছির সংসারে। কিন্তু এ যেন অস্তু কোন হিলারী। দেথে তাঁকে চেনাই যায় না। তাঁর সর্বাক্তে ক্ষত।

ভবুও '৫১ সনে বধন গাড়ওয়াল অভিযানের কথা উঠল—ছিলারীবে তথন আটকান গেল না। সে বছরই এরিক শিপটনের বিধ্যাত অভিযান নিউজিল্যাণ্ডের অ্যালপাইন ক্লাব ওঁবে সঙ্গী করে পাঠালেন। কেননা ছেলেটি সভিয়ই বরফ ভাঙতে জানে ছিলারীর 'আইস-টেকনিক' তথনা প্রবাদ।

তার পরের বছর আরও অভিক্রতা।
এবার ইংরেজদের সঙ্গে। তবে
এবারও হিমালর,—চো-যু শৃঙ্গ। চোযু থেকে পরের বছর—এভারেন্ট।—

ইতিহাস। উলেখবোগ্য, হিলারী কিন্তু দলপতি ছিলেন না!

পরের মাসেই সেই রাজকীয় হাসি গণগোচর হল। নিউজিল্যাণ্ডের নাগরিক এছমণ্ড পার্সিভ্যাল হিলারী 'সার' পদবীতে ভূষিত হলেন।

হু' মাস পরে, সেপ্টেম্বরে আরও একটি বিজয়মাল্য। গোলাপের মালা। এবার যিনি তা দিলেন তিনি—লুসিরোজ। নিউজিল্যাও আ্যালপাইন প্রাবের বিখ্যাত সভাপতি মহোদয়ের কন্যা। এভারেস্ট বিজয়ী সেই গুণ-গ্রাহীতার কাছে পরাজয় মানলেন। তিনি মালাটি গ্রহণ করলেন। মিস রোজ সেই থেকে লেভি হিলারী।

গৌরব, সমান, শাস্তি। বিজয়ের পর বিজয়। কিন্তু ক্সর এডমণ্ড এখনও দেই পাহাড়ী মাছব। তিনি মেরু-বিজয়ীও। তু'দিন চড়াইয়ের পর সপ্তাহবাপী উভরাই, তু'দও বিশ্রাম, ভারপর আবার সেই চড়াই উভরাই। পথিক বেন মেনে নিয়েছন পথ বন্ধর।

এবং সেই বন্ধরতা একমাত্র পর্বতের পথেই কাম্য! ঘূরে ঘূরে তাই হিলারী হিমালয়ের পথিক। স্বতরাং, কিঞ্চিৎ অর্থদণ্ড কিমা দেশাচারের জ্রকৃটি যে এ মাহ্মকে সমতলে বাঁধতে পারবে না দে কথা বলাই বাছল্য। ৬.৪.৬১

# হসেন, ( জর্ডন-রাজ )

চার্চিলের হাতে গড়া দেশ। মক

যুদ্ধে লরেন্দ অব আারাবিয়ার অক্সভম

সহচর ছিলেন হাসেমাইট বংশের

উনচলিশতম পুরুষ আবহরা। অভাবতই

তাকে পুরুষত করতে হয়। অভরাং

মহাযুদ্ধের পরে, '২৩ সনের এক
শনিবারের বিকেলে তৎকালীন বুটিশ

কলোনিয়াল সেক্রেটারি উইনস্টন

চার্চিল আবহুলাকে ডাকলেন। ভারপর

ভালা অটোমান সামাল্যের একটা

টুকরো ভঁলে দিলেন তার হাতে।

বললেন—এই ভোমার রাজ্য! নাম

দিচ্ছি আমি ভার—ট্যাল জর্ডন।

সেই জউনের সিংহাসন, সেই
আবহুলার সাক্ষাৎ পৌতা। নাম
হসেন। বয়স—পচিশা রাজত্বের
বয়স—সাত বছর।

জন্মের ('৩৫) পর থেকেই ঠাকুর্দার ক্ষেহচ্ছায়ায় মাসুষ। চবিবশ ঘণ্টা তাঁর সঙ্গেই কাটাতেন। কথনও

### ভ্ৰেন, ( জড় ন রাজ )

বোড়ার চড়া শিথতেন, কথনও
শিথতেন তলোয়ার হাতে লড়াই
করা। মক্ষভূমির বাদশাদের এর চেরে
বেশি কিছু শেখা দরকার নেই বলেই
ছিল আবতুলার ধারণা।

ভবে হাঁা, এ কারণে নয়, আবছরা লনপ্রিয় ছিলেন না অয় কারণে।
তিনি বে শুধু লবেক্স-এর পার্ষচর
ছিলেন ভাই নয়, বলতে গেলে মাবপাশাই তাঁর অধীশর। আরবীরা
দেই হীনময়ভা ভাল চোথে দেখত
না। ভাছাড়া, আবছরা ইসরাইল
সম্পর্কে উদাসীন। তাঁর নীভির ফলে
অর্ডনের চেহারা পৃষ্ট হয়েছে বটে, কিন্তু
দেই সক্ষে এসেছে লক্ষ ভবান্ত
এবং আরও নানা উপসর্গ।
ক্ষভরাং—

স্তরাং, অনেকে বা ভেবেছিলেন তাই হল। ১৯৫১ সনের জ্লাই। নাতির হাত ধরে জেকুসালেম-এর এক মসজিদের দিকে ঘাছিলেন বৃদ্ধ বাদশা। সহসা তাঁকে লক্ষ্য করে গর্জন করে উঠল ছুশমণের রাইফেল। মুহুর্তে আততারীর বুলেট কেড়ে নিয়ে গেল আবদ্ধলাকে। সেই সঙ্গে কেড়ে নিয়ে গেল, দাছর বাআসঙ্গী পনের বছরের ছেলে হুসেনের বৃক্ থেকে একটা মেডেল। ভবিশ্বতের বাদশার সঙ্গে প্রজাবর্গের সেই প্রথম সাক্ষাৎ পরিচর। তারপর থেকে হসেন বতবার তাদের সামনা-সামনি পড়েছেন ততবার মনে পড়েছে তাঁর সেই মেডেলটির কথা। বিশেষ—নিশ্চয় '৫৭ সনের সেই বিজোহের দিনে এবং তার কিছুদি। পরে নিকট আত্মীর এবং বন্ধু ইরাকে? ফরজনের পতন কলে।

অবশ্য দেই থেকেই বাদশা নন
মাঝখানে এক বছরের জন্ম সিংহাসর
বসেছিলেন বাবা তালাল। কিন্তু তিনি
অক্ষম শাসক এবং বিক্লত মন্তিক্ষপ্র
স্থতরাং, বছর ঘুরে না আসতেই
তালাল নির্বাসিত হলেন (তিনি
এখনও জীবিত) এবং তার আসর
বসলেন পুত্র হলেন। তথন তার
বয়স মোটে বোল।

সিংহাসনে বসেই হসেন চললে বিলেতে। উদ্দেশ্য: শিক্ষা এবং দীকা এক বছর কাটল স্থারোতে, ছ-মা ক্যাণ্ড-হার্ন্ট-এ, তারপর স্থাবার মর বিবাহ, বিজোহ এবং বিষেষপু<sup>6</sup> রাজস্ব।

ৰাদশা হসেন এবার সম্পূর্ণ ছব ধরণের শাসক। তিনি রাব পাশাবে বাতিল করে দিরেছেন, তিনি দেনে নির্বাচন করাছেন, তিনি নিং বোষাক বিষান নিম্নে তেল অলিভ-এর গুণর ঝাঁপিয়ে পড়তে রাজি আছেন !

কিন্তু সে প্রগতিশীল জাতীরতা মাত্র ক'দিনের জন্তে। ক'দিন বেতে না বেতেই দেখা গেল হসেন এক গাঁটছাড়া কেটেছেন বটে, কিন্তু অন্ত একটিতে বাঁধা পড়েছেন। সিরিয়া তাঁর কাছে অসহ, অসহু নাসের এবং মিশরের প্রগতিবাদীরা। এমন কি বদেশের জনপ্রিয় নারকেরা পর্যন্ত!

তবুও জর্ডনে জনতার বিজ্ঞাছ
সফল হয়নি। হসেন এখনও আছেন
এবং ক্রমেই আরও বেন অধিকতর
বলশালী হিসেবে। তাঁর সাহসিকতা
অবশ্রই উল্লেখযোগ্য।

বাস্তবিকই সাহসী শাসক। নেশা,
শেশার্চ স-কার। জর্জনের তরুণ রাজা
গাড়ি নিরে দেশমর খুরে বেড়ান;
রাজস্ব বার পরামর্শেই হক, নিজের
হাতে তিনি এরোগ্নেন চালান,
শিকার করেন, নিজের পারে জাজ
সঞ্চীতের সঙ্গে তাল রেখে নাচেন।
নাইট ক্লাব তার অতিশয় প্রিয়।

বিবাদ সেই আরবা রজনী বাপন নিয়েই। রানী ভিনা ইজিন্ট-কুন্দরী। ভার উপর কেবিজে-পড়া ক্রশিকিতা। আধুনিকা। ভিন বছর ধৈর্ব সহকারে ভিনি বাদশাকে দেখলেন। ভারপর. নি:শব্দে উঠেগেলেন পাশের সিংহাসনটি থালি করে।

চার বছর পরে এবার সেখানে
নতুন রানী আসছেন। তিনি শেভবীপবাসিনী। বাবা তার জনৈক বৃটিশ
লে: কর্ণেল। কুড়ি বছরের এই
মেয়েটিই তার একমাত্র কলা। হসেন
ভালবেসে তার নাম রেখেছেন
মুনা-এল-হসেন।

মধ্যপ্রাচ্যে এবং রাজকীয় বাসনা!
স্থেরাং, সংবাদটা চাঞ্চল্যকর কিছু
নয়। তেমনি অভংপর এতত্বপলক্ষে
ফরেন অফিস যদি হঠাৎ তৎপর হয়
কিংবা হঠাৎ যদি বিচলিত বোধ
করে স্টেট ডিপার্টমেন্ট, তবে তাও
বিচিত্র কিছু নয়। হাজার হক.
স্বেরেটি ইংরেজ তো! ১৮.৫.৬১

### ছো-চি-বিন

নাটকীয় জীবন। উত্তরভিরেৎনাম-এর পুনর্নির্বাচিত সভাপতি
হো-চি-মিনকে দেখে একবারের
জন্তেও মনে হবে না তাঁর এই আটবটি
বছবের জীবন—একখানা রীতিমত
নাটক। বেমনি জটিল, তেমনি
অবিখাত।

হো-চি-মিন আজ বিশ্ববিধ্যাত নাম। এ নামে উত্তর তিরেৎনামেয়

#### ছোজা, আলোৱার

পভাপতি সরকারী কাগদে সই করেন, বাইরের জগতের কাছে পরিচয় দেন, জনতার অভিনন্ধন নেন। কিছ ফরাসী প্লিস জানে, 'ভিরেৎমিন' দলের বিপ্লবীরা জানেন, এটি তাঁর নাম নয়,—ছল্মনাম।

সাদাসিধে মাহুব হো-চি-মিন-এর প্রাাদদে জাঁকজমক হরত নেই, কিন্তু সরকারী ভোজের পরে বাসনমাজার লোক নিশ্চয়ই কেউ না কেউ আছে। অথচ এমন দিনও গেছে উত্তর ভিয়েৎনামের রাষ্ট্রপতির জীবনে যেদিন লগুনের কার্লটন হোটেলে দিনের পর দিন তিনি নীরবে বাসন মেজেছেন। ম্যানেজার বলত: দেখিস, তোকে আমি ছেড সিল্ভার-ক্লীনার বানাব।

বাবা গরীব ছিলেন না। তিনি
ফরাসীদের অধীনে কাজ করতেন।
দেশজোহের অপরাধে বাবারও কাজ
গেল, ছেলেও ভবখুরে সাজল।
কাপ্তেনকে বলে কয়ে—কেবিন-বয়এর কাজ জুটল। সমুস্তে ঘুরতে ঘুরতে
ম্বন্দেবে লওন হয়ে প্যারিস আসা
গেল। ছেলেটা দেশ ছাড়ার সময়
রাজজোহী ছিল, এবার রাজনৈতিক
হল।

প্যারিস থেকে মন্ধো। মন্ধো থেকে প্যারিসে.—প্যারিস থেকে আবার ভিয়েৎনাম। ছায়ার মত সকলের
অপ্সেচরে বিপ্লবী ঘূরে বেড়ালেন।
অরণ্যে অরণ্যে কানাকানি হল।
চাষী গেরিলা সাজল। এবং অবশেষে
অসম্ভবকে সম্ভব করে উত্তর ভিয়েৎনাম
জয় নিল। তার জয়কাল আস্তজাতিক ঠিকুজী অন্থ্যায়ী—১৯৫০,
আর ফরাসী জাহাজের খোলে বলে
হে-চি-মিন-এর সেই নিক্লদেশবাত্রার
কাল—১৯১১।

এমনভাবে আর কি কেউ কথনও রাষ্ট্রপতির আসনে এসেছেন ? ২১. ৭. ৬০

#### হোজা, আনোয়ার

সভাটা আরম্ভ হয়েছিল, গেল গ্রীমে, বুথারেস্টে। একাশিটি দেশের শত শত কমরেড হাজির ছিলেন সে সভায়। এমন কি স্বয়ং কমরেড কুশ্চমণ্ড।

ছোট দেশ (আরতন—সাড়ে দশহাজার বর্গমাইল), ছোট পার্টি, (লোক সংখ্যা—পনের লক্ষের কাছাকাছি), স্থতরাং আলবেনিরার জন্তে সময়ও বরাছ হয়েছিল কম,— মাত্র করেক মিনিট। তারই মধ্যে অঘটন। ছ'ফুট লঘা মাহুবটি সামবিক কার্যার লাক দিরে উঠে

দাভাবেন। ভারপর কোন দিকে না তাকিয়ে বাহার বছরের অভ্যন্ত গলায় वनलन 'कमरद्रक्म, आहे विक मि কান্ট অব পারস্নালিটি ডাজ নট এপ্লাই ष्यति हे मेंगानिन, ... षारे थिइ कम-রেড ক্রেশ্চফ হ্যাব্দ ডিসটরটেড দি থিসিস অব লেলিনইজম ফর হিজ ওন পারপাদেশ ।'...কমরেডস, তোমরা জাননা এই মাহুষ্টি কি ভাবে জন চেয়েছে আলবেনিয়ার করেতে পার্টিকে. আলবেনিয়ার জনতার জনতাকে। · · আমার (मर् হুর্ভিক এই মাহুষ্টি তথন রাশিয়ার আমাকে না দিয়ে **मिरत्र थाहेरत्ररह । . . . . . এ**हे মাহুৰটি আমাকে শাসানি क्रिय हिदि পাঠিয়েছে, আমার পার্টিতে গোপনে ভাজন ধরাবার চেষ্টা করেছে...।' ইত্যাদি।

বক্তৃতা থামল। একাশিটি দেশ আতহিত চোথে একসদে সেই ছ:সাহসীর মুখের দিকে তাকাল। সম্ভবত তাকিরেছিলেন কমরেড কুশ্চমণ্ড। কেননা, তাঁর মুখের গুণর সেই প্রথম প্রতিরোধ।

এ প্রতিরোধ আজ আরও কঠিন। আলবেনিয়া আজ আরও ছঃসাহসী। কারণ,—নায়ক তার চিরকালের হু:সাহসী সেই মাহুৰটি, নাম বার---হোজা।

পুরো নাম—আনোয়ার হোজা।
জন্ম —১৯০৮ সন। বাবা ছিলেন—
এক দরিক্র মৃদলমান কাপড় বিক্রেডা।
ছেলের লেথা পড়া ডাই বাবার
টাকায় নয়,—বুডির প্রসায়।

ফরাসীরা একটা বৃদ্ধি দিয়েছিল, তার বলেই তরুণ হোজা ভর্তি হয়ে-ছিলেন করিৎজার একটা নাম করা ফরাসী স্থলে। সেথান থেকে তিরানার আমেরিকান মিশনে।

'২২ সনে আরও একটা বৃত্তি পেলেন তরুণ হোজা। ঠিক করলেন সে টাকায় বিদেশে পড়বেন,—ফ্রান্সে। ফরাসী দেশে একটা বিশ্ববিদ্যালয়ে ভর্তিও হলেন তিনি প্রকৃতি বিজ্ঞানের ক্লাসে। কিছু এক বছর পরেই সরকারী বৃত্তি বাতিল হয়ে গেল। কেননা, সরকার জানতে পেরেছেন বিদেশে গিয়ে হোজা প্রগতিশীল হয়ে উঠেছেন!

ইভিমধ্যে বতথানি না হরেছিলেন এবার তাই হতে হল। সহসা বিপাকে পড়ে হোজা প্যারিসের বিখ্যাত কমিউনিন্ট কাপজ 'এল হিউম্যানাইট'-এর সম্পাদকের শরণা-পর হলেন। তিনি তরুণ হোজাকে

#### হোজা, জালোয়ার

আলবেনিয়া সম্পর্কে তাঁর কাগজে লিখতে বললেন। সেই লেখাঁই দীক্ষা!

'৩৪ সনে ভাগ্যবলে হঠাৎ একটা সরকারী কাল পেরে গেলেন হোলা। তিনি আসেলসে আলবেনিয়ান দ্তাবাসে সেক্রেটারি নিযুক্ত হলেন। চাকরি করতে করতেই হোলা আসেলস বিশ্ববিদ্যালয় থেকে আইনের ভিশ্রী নিয়ে এলেন। লেখা তাঁর তথনও চলচে।

রাজা জোগ-এর শুগুচরেরা সে থবর পেলেন ত্'বছর পরে,—'৬৬ লনে। সঙ্গে লকে হোজা চাকরি থেকে বিভাড়িত ছলেন।

কিন্ত হঃসাহসী হোজা স্থানিকত ভরণ। স্থতরাং, সরকারী চাকরি চলে গেলেও দেশে তাঁর কাজের অভাব হল না। ভিনি তাঁর ছোট-বেলার সেই স্থলেই ফরাসী ভাষার অধ্যাপক নিয়ক্ত হলেন।

একদিন পুলিস সেখান থেকেও ধরে নিরে গেল তাঁকে। অভিযোগ গুরুতর,—রাজার বিক্রজে বড়বত্র! কিছুদিন জেলে কাটাতে হল। কিন্তু প্রমাণাভাবে শেব পর্যন্ত ছাড়া পেলেন হোজা। এবার সভ্যিই তিনি রাজজোহী। কারণ, রাজা দেশভ্যাপী, দেশে পুতৃলের সরকার,—ছয়ারে শক্র, ইতালীর ফ্যাসিস্ত ফোজ।

ইতালীয়ানরা গুছিরে বসা মাত্র
অধ্যাপক হোজার কলেজের চাকরি
গেল। তিনি ভবঘুরে সাজলেন।
তবে উদ্দেশ্রহীন ভবঘুরে নয়,—
আনোয়ার হোজার সয়য় যে করে
হক, তিনি পিতৃত্মি শক্র কবলম্জ
করবেন।

ভিরানার পথের বাঁকে একটা 
তামাকের দোকান ছিল তথন।
ইতালীয়ান সৈক্তরা সেখান খেকে
সিগারেট কিনত। দোকানির সঙ্গে
দাঁড়িয়ে দাঁড়িয়ে গল্প গুজব করত,—
হোলা লোকটি বড ভাল।

ওরা জানতনা এই তামাকের দোকানের মালিকটির ঘরেই রাভের জ্বকারে বসে বড়বত্ত সভা। এবং এই হোজাই সে গুপু সভার সভাপতি। তিনিই সন্থ গঠিত ('৪১) কমিউনিন্ট পার্টির নায়ক, তিনিই সন্থ প্রকাশিত 'দি ভয়েস অব দি পিপল' নামক কাগজটির সম্পাদক!

সে থবর বখন জানা গেল হোজা তখন নিক্ষিট। তিনি পর্বতবাসী মৃক্তিবোদা। ওঁর অন্থপহিতিতেই ইতালীয়ানবা দেদিন ফাঁসি দিয়েছিল ওঁকে, মোটা মূল্য ধার্ব হয়েছিল ওাঁর

# হোলেন, ড: লাক্রি

মাধার নামে। কিন্ত হোজা তবুও
ধরা পড়েননি। বরং, উন্টে দেশ
ছাড়তে হরেছিল—ফ্যাসিস্তদের;
তারপর নাৎসীদের—এবং কে জানে,
শেষ পর্যন্ত হয় পিছু হটতে হবে
কমরেড ক্রুশ্চফকেও। কেননা, বহু
উপলক্ষে বছবার প্রমাণিত হয়েছে
হোজা সভিটই হুধর্ষ।

এমন কি ছুধ্ব তাঁর স্থীও।

যুক্রের মধ্যে দেখা। মেয়েটি ছিলেন স্থল

শিক্ষিকা, দেনাপতি হোজার পাশে

তথন গেরিলা ঘোড়া। এখনও তিনি

স্থামীর পাশেই আছেন। হোজার

নিজের হাতে গড়া পার্টির কেন্দ্রীয়

কমিটিতে তিনি অক্সভমা। ১৬.১১.৬১

#### হোসেন, ড: জাকির

আটচরিশের সেই অবিখাস্য ভারত। রাজধানী বড়বন্ত কেন্দ্র। দিরি অক্কার। সেদিন বেন আবও বেশি।

তথন প্রায় মাঝবাত্রি। ঝড়ের বেগে রাজপথ দিয়ে ছুটে চলেছে একটা গাড়ি। গাড়িতে একজন মাত্র সোরারী। শহর যতই পেছনে পড়ছে ততই বেন চঞ্চল হয়ে উঠছেন তিনি। —দেরি হয়ে বায়নি ত? —এখনও সময় আছে ত? গাড়িটা থামল এলে একটা
বিরাট পুরানো বাড়ির লামনে।
বিরাট গেটটার মাথার ওপরে উচ্ তৈ
লেখা 'জামিরা মিলিরা', দিলি। এক
লাফে গাড়ি থেকে নেমে পড়লেন
আগস্কক। ভারতের প্রধানমন্ত্রীকে
দেখে একপাশে সরে দাঁড়াল প্রহরীরা। নেহক জানতে চাইলেন—
ভাক্তার কোথা 

শিক্তাক্তার 
?

ছুটে এসে পুরানো বন্ধুকে অভিয়ে ধরলেন জাকির হোসেন।—আমার জন্মে ভোমার এ ভাবে ছুটে আসা ঠিক হয়নি। নেহক বললেন—ভাই, ভুমি বে আমাদের ইক্ষত।

কাছাকাছি থেকে বারা চেনেন তাঁদের কাছেই ভধুনয়, ডঃ জাকির হোদেনের মত মাহ্ন্য গোটা দেশেরই ইক্ষত।

জন্ম—১৮৯৭ দনে, উত্তর প্রবেশের ফরাকাবাদ জেলার। লেখাপড়া, আলিগড় এবং বার্লিন বিশ্ববিদ্যালরে। জাকির হোসেন বার্লিনের পি. এইচ. ডি। খদেশের ভিনটি বিশ্ববিদ্যালরের সন্মান শিরোপা ভাঁর যাধার।

আজীবন পড়ান্তনার রাছৰ তঃ জাকির হোসেনের জীবনে অনেক কীর্তি। তার মধ্যে সবচেরে অর্থীর বোধ হয় দিনির 'জামিরা নিলিরা'।

#### सामात्रमिन्छ, शांश

'২৬ থেকে '৪৮ সন অবধি এই
বিখ্যাত ব্নিয়াদি বিভালয়টি ছিল
তাঁবই পরিচালনাধীনে। সে বছর
থেকে '৫৬ সন কেটেছে তাঁর আলিগড়ে। ভাইস চ্যান্সেলারের চেয়ারে।
তারপর কিছুকাল রাজ্য-সভায় এবং
অবশেষে '৫৭ সনের জুলাই থেকে
বিহারের রাজ্যপালের আসনে।

ৰদিচ আজীবন গানীজীর অফু-রাগী, কংগ্রেদের সহযোগী, ভাকির হোদেন তবুও কোনদিনই পুরো রাজ-নৈতিক মাছৰ নন। তিনি প্ৰথমত— শিক্ষাবিদ। এই শতকের ততীয় দশক থেকে শুকু করে আজ পর্বস্ত ভারতে যত উল্লেখযোগ্য শিকা সংস্থার হয়েছে তার প্রায় সব কিছ-তেই ড: জাকির হোসেনের কিছু না কিছু হাতের ছাপ আছে। গাদীলী প্রতিষ্ঠিত হিন্দুস্থানী ভালিমী সঙ্ঘ ত বলভে গেলে আগাগোডা তাঁবই নেতত্তে পরিচালিত। এছাড়াও বুনিয়াদি শিক্ষা কমিটি, বিভিন্ন রাজ্যের শিকা সংস্থার কমিটি, বিশ্ববিভালয় **मिका किमन, इंडे**(नर्स)—इंडािम অনেক গুরুতর কমিটি এবং কমিশনে ড: জাকির ছোলেন বরাবরই একটি উল্লেখযোগ্য নাম। এবং সেই নামটির সঙ্গে বে একটি অভিজ্ঞ এবং চিম্বা- শীল মাহুৰ ছড়িত, এবারকার বিশ্ব-ভারতীর সমাবর্তন বক্তৃতাটিই তার একটা প্রমাণ।

ভ: হোদেন ভাল বক্তা, ভাল প্রোতা এবং ভাল লেখকও। ধনতত্র সম্পর্কে তাঁর একটি বই আজও বিখ্যাত। তাছাড়া জাকির হোদেন উদ্ ভাষায় ভাল অম্বাদকও। অনেক বিদেশী বই তর্জমা করছেন তিনি। রাজকার্য এবং বাগানের কাজে অবসর পেলে এখনও করেন। ইতিমধ্যে বেগুলো করেছেন ভার মধ্যে সবিশেষ উল্লেখযোগ্য 'প্রেটোর রিপাবলিক'। ২৯.১২.৬০

[ ১৯৬২ সনের ১১ই মে থেকে ড: জাকির হোসেন ভারতের উপ-রাষ্ট্রপতি।]

#### ভাষারশিল্ড, দাগ

'—ক্লফ উবাচ !—স্ব্যাপ্ত দাদ দে'ড ক্লফ—'

ফুল স্থাট-এ পুরো সাহেব।—
অর্থাৎ পশ্চিমী। ইয়া উচু, ইয়া
চওড়া। ছধের রং, কটা চুল, নীল
চোধ। কথা বলেন কখনও ইংরেজীতে, কখনও ক্রেঞ্চ-এ, কখনও
জর্মানে। আবার কখনও বা
কেণ্ডানেভিয়ার কোন ভাষায়।

### कावादनिक, श्राप

লোকটা জাতে কি ধরা মৃশকিল।
কথার কথার তাঁর 'ভাগবত-পীতার'
উদ্ধৃতি, পকেটে তাঁর মনিবাাগের
জারগার জয়েস কিংবা এলিয়ট;
মূথে পাইপ, সিগারেট, অথবা সিগার।
তবে বা-ই থাক, ঠোটের কোণে
হাসিটি লেগেই আছে।

'য়ুনো'র মস্ত বাড়ীটায় নানা দেশের অসংখ্য কর্মী। কিন্তু এ হাদিটা তারা প্রভ্যেকে চেনে। ফটো দেখে নয়,—চেনা হয়েছে এক গজ কিংবা এক ফুট দূর থেকে। দেবার যা হল।

কমন ক্যান্টিনে খেতে বদেছে
সমিলিত জাতিপুঞ্চের ছোট বড়
কর্মীরা। সহসা পাশের মেরেটা
নড়ে চড়ে বসল। বন্ধু বন্ধুর কাণে
কানে বলল—এশ. জি! গোটা হলটা
এক সঙ্গে দরজার দিকে ভাকাল।
স্বাই এক সঙ্গে উঠে দাড়ালেন।
সেক্রেটারি জেনারেল তাঁদের ইঞ্চিত
করলেন বসতে। ওঁরা বসলেন।
স্থামারশিন্ড নীরবে একখানা চেয়ার
টেনে নিম্নে নিজেও বসে পড়লেন।
সকলের শেষে, হলের এক প্রাস্তে।

পরদিন জানা গেল—সেকেটারি জেনারেল তাঁর থাওয়ার ঘরে তালা ঝুলিয়ে দিয়েছেন। এখন থেকে তিনি ক্যান্টিনেই থাবেন। ক'দিন পরে আরও একটা ধবর
পাওরা গেল। 'র্নো'র বাড়িতে
সেক্রেটারি জেনাবেল সবচেরে পদস্থ
এক্সিকিউটিভ। তার ঘরের মত
বাতারাতের সিঁড়িও আলাদা।
হামারশিক্ত জানালেন—তিনি ওটি
ব্যবহারে অক্ষম! আল থেকে তিনি
আর পাঁচ জনের পথেই উঠা-নামা
করবেন।

অডুত লোক! মাইনে পান বছরে পঞ্চার হাজার ভলার। ট্যাক্স লাগে না। অৰচ ঘরধানা দেখলে মনে হবে--বিধ চাকরের প্রসাও ধেন নেই তার ! দেওয়ালমর প্রাচীন এবং আধুনিক ছবি, মরময় বই। তার মধ্যে খুঁজলে তেনজিং-এর দেওয়া দেই বরফ কাটবার কুড়ালটিও পাওয়া যাবে নিশ্চয়। ফটো তোলার মত পাহাড চড়া-ও হামারশিল্ড-এর নেশা। তবে তাঁর এক নম্বর নেশাটির নাম-কাল। প্রীকৃষ্ণ যাকে বলেছেন-কর্ম। পঞ্চার বছর বয়দেও রাষ্ট্রপুঞ্জের সেক্রেটারি-জেনাবেদ অকুতদার। তবে তিনি বলেন—দেটা মিথা কথা। স্বাসলে তার গৃহিণী আছেন এবং তার নাম-कर्भ ;-- चत्र, च्यांक त्य वि त्यच--कर्मावरी।

#### ভাষারশিক্ত, দাগ

কাজ! কাজ! কাজ! হাষার-শিল্ভ আবাল্য কর্মী। জন্ম দক্ষিণ স্থুট্ডেনের জনকোপিং-এ (jonkoping) এক অভিজাত পরিবারে। প্রথম মহাযুদ্ধের সময়ে বাবা ছিলেন-च्रहेरफरनद अधानमञ्जी। মধ্যযুগে পূর্বপুরুষেরা ছিলেন-অভিযাত্রী,-নাইট। তরুণ হামারশিল্ড যথন স্টক্ছলম যুনিভারসিটি থেকে অর্থ-নীতিতে 'ড্কুরেট' হয়ে ঘরে এলেন তখন সুইডেন জানত না-এই ছেলেটিও ভবিশ্বতে পূর্বপুরুষদের এডিহ্য বক্ষা করবে,—'নাইট' হবে। কর্মজীবন শুরু হল অধ্যাপনার। ন্থান থেকে ব্যাহ অব হুইডেন-এ। প্রথমে সেকেটারি, ভারপর চেয়ার-ম্যান, মাঝখানে কিছুকাল ফিনান্স ভিপার্টমেণ্টে আপ্তার সেক্রেটারির কাজও ৰৱেছেন তিনি। যা হক, শেষ পর্যন্ত ডিপার্টমেণ্ট বদল করতে ছল। স্ইডেনের 'অর্থনীতির যাত্তকর' হ্বামারশিল্ড এবার এলেন বৈদেশিক দপ্তরে। তবে এবারও তিনি অর্থ-নীভিক। বৈদেশিক দপ্তরে তার প্রচীর নাম-ফিনাজিরাল আচ-ভ্যাইসার। '৫> সনে মন্ত্রীর উপদেটা মন্ত্রী হয়ে গেলেন। তিনি স্থইডেনের महकाती भवताद्वेमिव निवृक्त हरनन। জাভিপুঞ্জের সজে তাঁর পরিচয় হল। লোকটির কথাবার্তা, চালচলন ইউ-নাইটেড নেশানস-এর মনে ধরে গেল। তিনি সেক্রেটারি জেনারেল নিযুক্ত হলেন।

কোরিয়া থেকে কাভালা, '৫৩
সন থেকে '৬০—ছামারশিল্ড জাতিপুঞ্জের খ্যাতি ষত বাড়িয়েছেন, তেমন
বোধ হর আর কেউ নয়। কাশ্মীর,
হালেরী, স্থয়েজ—কর্তব্যে তাঁরে
সার্ভিস বুক আল বোঝাই। তাতে
মনে মনে অনেকে হয়ত অনেক কথা
লিথেছেন,—কিছ দাগ হামারশিল্ড
নিজে জানেন তিনি তাঁর নামের
মর্বাদা রেথেছেন!

হ্থামারশিক্ত—নামটির অর্থ 'হ্থামার'
এবং 'শিক্ত'। অর্থাৎ, হাতৃড়ী এবং ¾
ঢাল। শাস্তিযোদ্ধাদের লোকে ঢালভলোয়ারহীন দেখতেই নাকি
ভালবাদে। কিছ হ্থামারশিক্ত-এর
মতে—নিধিরাম স্পারকে কেউ
মানতে চার না!

33. 34. 44

[১৯৬১ গনের ১৮ই সেপ্টেম্বর উত্তর রোভেদিরার নাভোলার কাছে এক বিষান ছুর্ঘটনার (१) ভাষারশিক্ত নিহত হন।]